ন্যাশনালিন্টের মত আমরাও ভাবি আমাদের কাজ দাবি আদায়, আর গভর্ণমেন্টের কাজ সংকট দূর করা। সূতরাং সংকট
যতটা ওরা দূর করতে এগুবে আমরা ততটা সহযোগিতা করব আর দাবি যতটা দেবে না ততটা Exposure campaign
চালাব। মজুত ধরতে বলেছ, বেশ, সহযোগিতা করছি; রপ্তানি বদ্ধ করনি, সূতরাং Expose করছি। যাদের মজুত ধরতে
বলেছ তারা ছোট মজুতদার আর যাদের মজুত ধরতে বলনি বা যাদের রপ্তানি বদ্ধ করনি তারা বড় মজুতদার সূতরাং
সহযোগিতা যতটা করব তার চেয়ে বেশী করব Exposure, এই ভাবে চিন্তা করা মানেই হল ঃ দাবি আমাদের কাজ
ওদের। আমরাই খাদ্য সংকট সমাধান করব এই মনোভাব না থাকলেই ওরকম চিন্তা আসে।

অবশ্য খাদ্য সংকট সমাধানের জন্য সব ব্যবস্থা হয় নি। আমরা রেশনিং চাই, কলকাতাতেও বড় বড় মজুতকারীদের মজুত বের করা হোক তা চাই এবং মূল্য নিয়ন্ত্রণ ও রপ্তানি নিয়ন্ত্রণ চাই। এগুলো পাবার জন্য আমরা আন্দোলন করছি এবং করব। হক-শ্যামাপ্রসাদেরাও এনিয়ে আন্দোলন করছেন। তাঁদের আন্দোলনে আমাদের আন্দোলনে তফাৎ কি? তাঁরা এই আন্দোলনকে Exposure campaign আকারে চালাচ্ছেন অর্থাৎ এই মন্ত্রীমগুলী অপদার্থ, এই দাবিগুলি আদায় করবার জন্য মন্ত্রীমগুলীকে জব্দ কর, পারলে তাড়াও। আমাদের আন্দোলন চলছে প্রত্যক্ষ কাজের ভিতর দিয়ে জনগণের ঐক্য গড়ে তুলে, ঐক্যের জ্যোর সংকট সমাধানের ব্যবস্থা প্রচলন করবার জন্য। এর জন্য আমাদের জ্যোর ততই বাড়বে যতই আমরা কাজের কাজগুলো ক'রে যাব। মজুত বিরোধী অভিযান যে আরম্ভ হয়েছে, সরকার যে খাদ্য কমিটি আজ গড়ছে, আংশিকভাবে হলেও আমাদেরই প্রোগ্রাম যে আজ সরকারি ব্যবস্থায় স্থান পেয়েছে তা থেকেই প্রমাণিত হয় যে আমাদের পন্থা নির্ভুল।

কলিকাতা, ২৯-৬-৪৩ ভবানী সেন

#### খাদ্য-সমস্যা সম্বন্ধে প্রাদেশিক কমিটির প্রস্তাব

বাংলাদেশের খাদ্য সমস্যা দিন দিন ভীষণ আকার ধারণ করিতেছে। চাউলের দাম দিন দিন বৃদ্ধি পাইতেছে। অনেক স্থানে দুর্ভিক্ষের মত অবস্থা প্রাপ্ত হইয়াছে। পঞ্চমবাহিনী কোন কোন স্থানে জনগণকে লুঠতরাজের পথে উস্কানি দিতেছে।

এই পরিস্থিতিতে আজ খাদ্য সমস্যা সমাধানের জন্য আমাদের আরও অধিক পরিমাণে সক্রিয় হইয়া উঠিতে হইবে। গত কয়েক মাসের আমাদের কাজের অভিজ্ঞতা হইতে আমরা দেখিয়াছি যে, সে-সব স্থানে আমরা কিছুটা মাত্রও জনসমাবেশ করিতে পারিয়াছি সেই সব স্থানে কিছুটা সাফল্যও আমরা অর্জন করিয়াছি। আমরা আজ সব জায়গায় চূড়ান্ত সমাবেশ করিতে পারি নাই বলিয়াই, খাদ্য সমস্যা সমাধানেও বিরাট সাফল্য অর্জন করিতে পারি নাই।

বর্তমান খাদ্য আন্দোলনে পার্টির সাধারণ শ্লোগান হইল:

- —খাদ্য সমস্যা আন্দোলনের জন্য আরও ব্যাপক গণ-সমাবেশ গড়িয়া তোল।
- —প্রত্যেক ইউনিট ও প্রত্যেক গণপ্রতিষ্ঠানকে খাদ্য সমস্যা সমাধানের জন্য সক্রিয় কর।
- —খাদ্য কমিটিগুলিকে ব্যাপক করিয়া তুলিতে হইবে, জনগণের মধ্যে উহার শিকর ভাল করিয়া ছড়াইয়া দিতে হইবে।
- —খাদ্য আন্দোলনের মধ্য দিয়া পার্টিকে বাড়াইতে হইবে।
- —পঞ্চমবাহিনীকে কোণঠাসা করিতে হইবে, তাহার মুখোস খুলিয়া ধরিতে হইবে। লুঠতরাজ ও দাঙ্গাহাঙ্গামা বন্ধ করিতে হইবে।
  - —খাদ্য কমিটির মারফত দেশপ্রেমিক মজুতদারদের টানিতে হইবে।

উপরকার শ্লোগানগুলি কাজে পরিণত করার জন্য নীচেকার জরুরী কাজগুলি করিতে হইবে।

প্রথমতঃ, আগামী জুন মাস একটি নিষি**ল বঙ্গ খাদ্য সন্মেলন** আহ্বানের জন্য পার্টিকে অগ্রণী হইতে হইবে। ঐ সন্মেলনে সকল দল, সকল শ্রেণী এবং জনগণের প্রত্যেকটি অংশকে টানিতে হইবে।

ঐ সম্মেলনকে সফল করিতে হইলে তাহার আগে প্রত্যেক জেলায় জেলা খাদ্য সম্মেলন ডাকা দরকার এবং যাহাতে উহাতে সকল দল ও সকল শ্রেণীর জনগণ যোগদান করে তাহার জন্য চেষ্টা করা দরকার। এই সকল জেলা সম্মেলন যাহাতে কেবল আন্দোলনে পরিণত না হয় তাহা লক্ষ্য রাখিতে হইবে। সম্মেলন ডাকার আগে ব্যাপক সাংগঠনিক কাজের মধ্য দিয়া প্রস্তুত হইতে হইবে। তাহার জন্যই এক মুহূর্ত বিলম্ব না করিয়া আমাদিগকে পল্লী, থানা এবং জেলা খাদ্য কমিটি গড়িয়া তুলিতে হইবে।

এই সকল খাদ্য কমিটি গঠনের পথ নিম্নরূপ ঃ

- (১) সকল দল, সকল গণসংগঠন এবং মহাজন, ব্যবসায়ী, জননেতা প্রভৃতি স্থানীয় জনসাধারণের প্রত্যেকটি অংশকে বুঝাইতে হুইবে, খাদ্য কমিটিতে টানিতে হুইবে। স্থানীয় লীগ সমর্থকদের টানিবার উপর বিশেষ জ্ঞার দিতে হুইবে। কারণ তাহা হুইলে উহা বর্তমান লীগ মন্ত্রীমণ্ডলীর উপর প্রত্যক্ষ চাপ হিসাবে কাজ করিবে।
- (২) দাদাহাদামা ও অরাজকতা বন্ধ করিতে ইইবে। উহার বিরুদ্ধে প্রচার কার্য, বৈঠক ইত্যাদি চালাইতে হইবে এবং যেখানেই উহার সম্ভাবনা দেখা যাইবে দ্রুত উহাতে প্রত্যক্ষভাবে হস্তক্ষেপ করিতে হইবে।

- (৩) বছ এলাকায় দুর্ভিক্ষের অবস্থা দেখা দিয়াছে। যেখানে সম্ভব আশু সাহায্য দানের কাজ সুরু করিতে হইবে। স্রকারের উপর চাপ দেওয়া ব্যতীতও আমরা স্থানীয় ব্যবসায়ীদের বুঝাইয়া ন্যায্য মত কম দামে চাউল বিক্রয়ের ব্যবস্থা এবং অন্যান্য শ্রেণীর নিকট আবেদন করিয়া দুঃস্থ জনগণকে সাহায্যের ব্যবস্থা করিতে হইবে।
- (৪) সমবায় খাদ্যভাণ্ডার গঠন করিয়াও ঐ কাজ করা যায়। ভালভাবে চালাইতে পারিলে ইহা একটা বাস্তব সাফল্য বলিয়া গণ্য হইবে এবং তাহাতে জনগণ খাদ্যের জন্য সম্মিলিতভাবে কাজ করিতে উৎসাহিত হইবে।
- (৫) সভাসমিতি, বৈঠক, পোষ্টার, দরখান্ত, আন্দোলন প্রভৃতির মধ্য দিয়া আমাদের এই দাবিসমূহ ব্যাপকভাবে প্রচার করিতে হইবে।
- (ক) খাদ্যের দর বাঁধিয়া দাও। (খ) সন্তা দরের দোকান খোল, যেখানে এখন দোকান আছে সেখানে আরও দোকান চাই। (গ) লাইসেন্স-প্রাপ্ত খাদ্য ব্যবসায়ী চাই। (ঘ) খাদ্য কমিটি মানিয়া লও। (ঙ) খাদ্য ফসল বাড়াও।
- (৬) এই সকল দাবি এবং অন্যান্য স্থানীয় দাবি আদায়ের জন্য কর্তৃপক্ষের নিকট সকল দলের ও সকল শ্রেণীর প্রতিনিধিত্বমূলক ডেপ্টেশন পাঠাইতে হইবে। ডেপ্টেশন খাদ্য সমস্যা ও তাহার প্রতিকার সম্বন্ধে সুস্পষ্ট ও তথ্যমূলক দাবি নিয়া সরকারি কর্মচারীদের নিকট উপস্থিত হইবে এবং যে সকল সরকারি কর্মচারী প্রকৃতপক্ষে খাদ্য সমস্যা সমাধানের জন্য কাজ করিতে ইচ্ছুক তাহাদিগকে সাহায্য করিতে হইবে।
- (৭) জেলাগুলিতে খাদ্য ফসল বাড়াইবার আন্দোলন গড়িয়া তুলিতে হইবে। কৃষক ও অন্যান্য শ্রেণীর মধ্যে এই আন্দোলনের শ্লোগানগুলি জনপ্রিয় করিয়া তুলিতে হইবে। স্থানীয় জমিদারগণ যাহাতে অনাবাদী জমিগুলি খাদ্য ফসল বাড়াইবার জন্য কৃষকদিগকে বন্দোবস্ত করিয়া দিতে রাজী হয় এবং বাকি বকেয়া আদায় আপাততঃ স্থগিত রাখে তাহার জন্য তাহাদের বুঝাইতে হইবে।
- (৮)খাদ্যফসল বাড়াইবার আন্দোলন এবং সাহায্যদানের কাজের জন্য তথ্য সংগ্রহের কাজ নিয়মিতভাবে হাতে লইতে হইবে।
- (৯) স্থানীয়ভাবে আদায় করা যায় এমন দাবির উপর স্থানীয় আন্দোলন গড়িয়া তোল। ঐ আন্দোলনকে এমনভাবে গড়িয়া তুলিতে হইবে এবং এমনভাবে মজবুত করিতে হইবে যে উহা স্থানীয় জনসাধারণের ব্যাপকভাবে ঐক্যে পরিণত হয়। ঐ আন্দোলনকে স্বতঃস্ফূর্তির উপর ছাড়িয়া দেওয়া অথবা উহা একবার গড়িয়া উঠিয়া সঙ্গে নস্ট হইতে দেওয়া কোন রকমেই উচিত হইবে না।
- (১০) উপরের সব কাজগুলি করিতে হইলে অবিলম্বে একটি নিয়মিত ভলান্টিয়ারবাহিনী গড়িয়া তোলা দরকার। এই কাজে স্বতঃস্ফূর্তির উপর গা ঢালিয়া দিলে চলিবে না, খামখেয়ালী মত হাত দিলেই চলিবে না। সুসংগঠিত ভলান্টিয়ার দল গড়িতে হইবে, রীতিমতভাবে তাহাতে ভলান্টিয়ার সংগ্রহ করিতে হইবে, নিয়মিত ভাবে তাহাদিগকে কাজ করাইতে হইবে।

দ্বিতীয়তঃ, খাদ্য আন্দোলনকেই অন্য প্রত্যে**কটি কান্ধের ভিত্তি** হিসাবে গ্রহণ করিতে হইবে।প্রত্যে**কটি** পার্টিকন্মীকে খাদ্যফ্রন্টে নিযুক্ত করিতে হইবে। তাহার জন্যই ঃ

- (১) জেলা কমিটি সমগ্রভাবে এই আন্দোলন পরিচালনা করিবে।
- (২) খাদ্য আন্দোলনের জন্য কোন ভিন্ন ফ্র্যাক্সন্ বা সেল গঠিত হইবে না।
- (৩) খাদ্য আন্দোলনের প্রকৃত তাৎপর্য্য সম্পর্কে সমগ্র পার্টিকে সচেতন করিয়া তুলিতে হইবে। আমাদের এখনকার প্রধান রাজনৈতিক কর্ত্তব্য জাতীয় ঐক্য গড়িবার কাজে উহার গুরুত্ব বুঝাইতে হইবে। খাদ্য আন্দোলনের কাজে পার্টিকর্মিদের উৎসাহিত করিতে হইবে। খাদ্য আন্দোলন পার্টির অন্যান্য ফ্রন্টের মতই একটা ফ্রন্ট ইহা মনে করা চলিবে না।
- (৪) ট্রেড ইউনিয়ন, কৃষক সমিতি, ছাত্র ফেডারেশন, মহিলা আত্মরক্ষা সমিতি প্রভৃতি গণ-প্রতিষ্ঠানগুলিকে খাদ্য সমস্যা সমাধানের জন্য কাজ করা বর্ত্তমানে গণ-প্রতিষ্ঠানগুলির একটি প্রধান কাজ। এই কাজের মধ্য দিয়াই আমরা গণ-প্রতিষ্ঠানগুলিকে শক্তিশালী করিতে পারিব।

তৃতীয়তঃ, বিশেষ বিশেষ খাদ্য আন্দোলনের মধ্য দিয়া যে সকল সাফল্যলাভ সম্ভব হইয়াছে তাহার রিপোর্ট জ্বেলা কমিটিগুলিকে প্রাদেশিক কমিটির নিকট পাঠাইতে হইবে।

চতুর্থতঃ, প্রাদেশিক কংগ্রেস নেতৃবর্গ, মুসলীম লীগ এবং হিন্দু মহাসভার সহিত আলাপ আলোচনার পর নিখিল বঙ্গ খাদ্য সম্মেলন আহান করা হইবে।

# খাদ্য সংকটে আমাদের কাজ (২)

[ প্রাদেশিক চিঠি, ৩রা অক্টোবর ১৯৪৩, কলকাতা, বংগীয় প্রাদেশিক কমিটি, ভারতের কমিউনিষ্ট পার্টি ]

# খাদ্য সংকটের পরিণতি

বাংলাদেশে বছরে প্রায় ২৭ কোটি মন চাউল দরকার হয়। অতিরিক্ত আউসের হিসাব বাদ দিলে এ বছর প্রায় ৪ কোটি মন চাউলের ঘাটতি আছে। অন্যান্য প্রদেশের গভর্ণমেন্ট যদি বাংলাকে বয়কট না করিত তাহা হইলে সংকট এত তীব্র হইত না।

8 কোটি মন ঘাটতি হইয়া থাকিলে এখন দেশে এক কণা চাউল থাকিবারও কথা নয়। কিন্তু অনুমান করা যাইতে পারে যে গত ছয় মাস ধরিয়া বাংলার এক দশমাংস লোক উপবাসী রহিয়াছে, গত ৩ মাস ধরিয়া উপবাসী রহিয়াছে অন্ততঃ এক-পঞ্চমাংশ লোক। ইহারা সম্পূর্ণ উপবাসী না থাকিলেও ভাত খায় নাই। সুতরাং এইভাবে আড়াই কোটি মন চাউল বাঁচিয়াছে, উহা মজুতদারদের নিকট নিশ্চয়ই আছে। তাহার উপর এবার প্রায় ৬ কোটি মন আউস ধান হইয়াছে। কাজেই মজুতদারদের কাছে চাল এখনও নিশ্চয়ই আছে। এই চাউল ও ধান বাহির হইলে বাঙালীর উপবাসী থাকিবার কথা নয়।

খাদ্য সংকটে আজ যে শুধু হাজার হাজার লোক মরিতেছে তাহাই নয়। মৃত্যু ও মহামারীর ভিতর দিয়া বাংলার সামাজিক জীবন ছিন্ন ভিন্ন হইয়া যাইতেছে। যাহারা কয়েকমাস আগেও স্বাভাবিক গৃহস্থ ছিল আজ তাহারা সহায় আশ্রয়হীন ভিক্ষুক হইয়া বাহির হইয়াছে। ইহাদের অধিকাংশই গ্রাম্য মজুর ও গরীব চাষী। খাদ্য সংকটে বাংলার অমৃল্য শ্রমসম্পদ ধ্বংস হইয়া যাইতেছে, এই শ্রমসম্পদ যদি বাঁচাইতে না পারি তবে আগামী বৎসর মেহনতী মজুরের অভাবে জমিজমা পড়িয়া থাকিবে, খাদ্য সংকট আর এক বিভীষিকা হাজির করিবে।

এই সম্পদ বাঁচাইবার জন্যই রিলিফ চাই। সত্যাগ্রহের মনোভাবসম্পন্ন ভদ্রলোকেরা বলিয়া থাকেন—"রিলিফ দিয়া কি হইবে, রিলিফ দিয়া ভিক্ষুক সৃষ্টি করিলে নরনারায়ণের অপমান করা হয়, যাহারা মরিতেছে, তাহাদের মরিতে দাও।" যাহারা মরিতেছে তাহাদের মরিতে দেওয়ার অর্থ—বাঙালী জাতিকে শেষ করিয়া দেওয়া। পৃথিবীর অনেক আদিম জাতি নিঃশেষ হইয়া গিয়াছে, রবীন্দ্রনাথের বাঙালীকে সেভাবে নিঃশেষ হইতে দেওয়া কোন জাতীয়তাবাদীর গৌরবের কথা নয়। এ জাতিকে বাঁচাইতেই হইবে। এ জাতিকে বাঁচানোই এ মুহুর্তের স্বাধীনতা সংগ্রাম। আজিকার রিলিফ দেওয়ার ভিতর দিয়াই জাতির শক্তি গড়িয়া তুলিতে হইবে।

আগামী দুই তিন মাসের জন্য এখনও প্রায় ৩ কোটি মন চাউল চাই। সেই তুলনায় বিদেশ হইতে আসিয়াছে খুব অল্প। বাংলা হইতে এবং ভারতের বাহির হইতে চাউল ও গম আমদানীর জন্য দেশময় আন্দোলন চালাইতে হইবে। বিভিন্ন দলের রাজনৈতিক নেতাদের ধারণা যে আর দুই তিন মাস কাটিয়া গেলেই খাদ্য সংকট দূর হইবে। তাঁহাদের ধারণা যে প্রয়োজনের তুলনায় খাদ্যশস্যও কম আছে বলিয়াই দুর্ভিক্ষ, আমন ফসল উঠিলে আর দুর্ভিক্ষ থাকিবে না।

এই ধারণা লইয়া বসিয়া থাকিলে সর্বনাশ হইবে। গত বৎসর সেপ্টেম্বর মাসে যখন খাদ্য সংকটের সূচনা দেখা দেয় তখনও বিভিন্ন দলের নেতারা বলিয়াছেন যে এই সংকট মাত্র দুই তিন মাসের জন্য। কিন্তু সংকট তাহার পর কাটে নাই। মাসের পর মাস বাড়িয়াছে।

এবারও মন্ত্রীমণ্ডলী মনে করিয়াছেন যে, বোরো ধান ও আউস ধান উঠিলে সংকটের তীব্রতা কমিয়া যাইবে। বোরো ধান আর আউস ধান সময় মতো উঠিল আর উধাও হইয়া গেল, সংকটের তীব্রতা কিছুমাত্র কমে নাই। শীতকালে আমন ফসল উঠিলে তাহার ভাগ্যে এইরূপ ঘটিবে।

#### মজুতদারের ষড়যন্ত্র

এই খাদ্য সংকটের পিছনে রহিয়াছে অতিরিক্ত মুনাফাখোর মজুতদারের ষড়যন্ত্র। এই ষড়যন্ত্র যাঁহারা দেখিতে পান না বা দেখাইতে চান না তাঁহারাই মনে করেন যে উৎপাদনের ঘাটতির জন্য দুর্ভিক্ষ দেখা দিয়াছে, নতুন ফসল ফলিলেই সংকট দূর হইবে। উৎপাদনের ঘাটতি যে রহিয়াছে সে বিষয়ে কোনই সন্দেহ নাই। কিন্তু সেই সঙ্গে যোগ দিয়াছে মজুতদারের ষড়যন্ত্র। মজুতদারের ষড়যন্ত্র। মজুতদারের ষড়যন্ত্র সংকট সমাধানের বিদ্ন।

মজুতদার কৃষকদের নিকট হইতে ধান চাউল কিনিয়া আটক করিয়া রাখে, সরকারি সরবরাহ বিভাগ তাহাদের সঙ্গে পাল্লা দিয়া শস্য সংগ্রহ করিতে পারে না। মজুতদার বাজার হইতে ধান চাউল সরাইয়া দিয়া মূল্য নিয়ন্ত্রণ ব্যর্থ করে।

হক মন্ত্রীসভার আমলে চাউলের দাম বাঁধিয়া দেওয়া হয় প্রতি মন ১১ টাকা ৪ আনা। মার্চ মাসে মজুতদারেরা ধান চাউল আটকাইয়া ফেলিয়া দাবি করে স্বাধীন বাণিজ্য চালু কর তাহা হইলেই বাজারের অবস্থা সহজ হইবে। হক মন্ত্রীমগুলী শেষ পর্যন্ত মজুতদারদের কাছে আত্মসমর্পন করেন। মূল্য নিয়ন্ত্রন তুলিয়া দেওয়া হয়। চাউলের দাম তখন উঠিল মন প্রতি ২০ টাকা। এই দাম আর কমে নাই। ক্রমাগত বাড়িয়াছে। তাহার পর আসিলেন লীগ মন্ত্রীমগুলী। তাঁহারা মফস্বল জেলায় মজুত বিরোধী অভিযান আরম্ভ করেন। এই অভিযান ব্যর্থ করিবার জন্য মজুতদারেরা হাজার হাজার মন চাউল মফস্বল হইতে সরাইয়া আনিয়া কলিকাতা ও হাওড়ায় মজুত করে। কলিকাতার মজুত বিরোধী অভিযানেও তারা ধরা পড়ে নাই। মে মাসে চাউলের দাম বাড়িয়া ৩০/৩২ টাকা হয়।

আগস্ট মাসে মন্ত্রীমণ্ডলী চাউলের দাম বাঁধিয়া দেন। সঙ্গে সঙ্গে বাজার হইতে ধান চাউল একেবারে উধাও হইয়া গিয়াছে। দাম বাঁধিবার সঙ্গে সঙ্গে চাউলের মন ৪০ টাকায় উঠে, কোন কোন জেলায় ৭০/৮০ টাকা পর্যন্ত বাড়ে।

মন্ত্রীমগুলী এই সময় আউস ধান কিনিবার সংকল্প করেন। কিন্তু মজুতদারেরা আগে হইতেই কিনিয়া ফেলে।

যদি ধনী মজুতদারদের ষড়যন্ত্র ব্যর্থ না করা যায় তাহা হইলে আমন ধানও এইরকমভাবেই তাহারা সরাইয়া ফেলিতে পারিবে।

মজুতদারের ক্ষমতা ও ষড়যন্ত্র সম্বন্ধে যাহারা অন্ধ তাহারাই ভাবিতে পারে যে আমন ধান উঠিলে আর খাদ্য সংকট থাকিবে না।

# সরকারি নীতি মজুতদারকেই সুযোগ দেয়

১১ই মার্চ পর্যন্ত সরকারি নীতি ছিল সরবরাহ নিয়ন্ত্রন না করিয়া শুধু মূল্য নিয়ন্ত্রন করা। সরকার হইতে সরবরাহের ব্যবস্থা ছিল না বলিয়া মজুতদার মূল্য নিয়ন্ত্রন ব্যর্থ করিতে পারিয়াছে। তাহার পর আরম্ভ হইল "স্বাধীন বাণিজ্য"—এই সুযোগে মজুতদার চাউলের মন ৩০ টাকা পর্যন্ত তুলিয়াছে। লীগ মন্ত্রীমণ্ডলী মজুতদার বিরোধী অভিযান করিবার সময় দামও বাঁধেন নাই, আমদানি-রপ্তানীর উপরও নিষেধাজ্ঞা আরোপ করেন নাই, উপরস্ক বাণিজ্যের প্রধান কেন্দ্র কলিকাতা ও হাওড়াকে অভিযান হইতে বাদ রাখিয়া দেন। স্বভাবতই মজুতদারেরা ওই সুযোগ গ্রহণ করিবে। তাহার পর আমদানি রপ্তানীর উপর নিষেধাজ্ঞা জারী করিয়া কলিকাতা ও হাওড়ায় মজুত বিরোধী অভিযান হইল বটে, কিন্তু মফস্বলের ছোট মজুতদারদের উপর চড়াও হইবার জন্য জনগণের খাদ্য কমিটির সহযোগিতা গ্রহণ করা হইয়াছিল। আর কলিকাতা ও হাওড়ার বড় বড় মজুতদারের আড়তে খানা তল্লাশী করিবার জন্য পুলিশ ছাড়া অপর কাহাকেও লওয়া হয় নাই। ইহার অনিবার্য ফল যাহা তাহাই হইয়াছে। বড় বড় আড়তদারদের মজুত ধরা পড়ে নাই। শুনা যায় মাত্র সাত আট লক্ষ মন চাউল কলিকাতা ও হাওড়ার অভিযানে ধরা পড়িয়াছে।

আমলাতদ্রের নীতি হইল জনগণের সহযোগিতা না নেওয়া, সংকট সমাধানের জন্য কর্মচারী ও ব্যবসাদারদের উপর নির্ভর করা। এই নীতির ফলে আজ সংকট চরম সীমায় আসিয়াছে। হক মন্ত্রীমণ্ডলী এই নীতির কাছে সম্পূর্ণভাবে আত্মসমর্পন করিয়াছিল। তাই হক মন্ত্রীমণ্ডলী খাদ্যের জন্য সকল দলকে একতাবদ্ধ করিতে পারে নাই। বরং জনগণ হইতে একেবারে বিচ্ছিন্ন হইয়া পড়িয়াছিল। তাহার নিজের দলেও ভাঙন ধরিয়াছিল। শেষ পর্যন্ত আমলাতন্ত্র তাহাকে অকর্মন্য মনে করিয়া তাড়াইয়া দেয়।

#### খাদ্য সংকটে আমাদের কাজ (২)

আমলাতন্ত্র খাদ্য সমস্যা সমাধানের জন্য জনগণের সহযোগিতা গ্রহণ করিবার পথে অনবরত বাধা সৃষ্টি করিয়াছে। আমলাতন্ত্র বড় মজুতদারদের বিরুদ্ধে জোর ব্যবস্থা অবলম্বন করে নাই। অমনকি দেশে কি পরিমাণ অভাব আছে তাহার হিসাবটা পর্যন্ত করে নাই, অন্ততঃ কখনোও দেশবাসীর সম্মুখে উপস্থিত করে নাই। কেন্দ্রীয় সরকার বাংলাদেশকে উপযুক্ত পরিমাণে খাদ্য সরবরাহ করে নাই। অন্যান্য প্রদেশ যখন বাংলাকে খাদ্য সরবরাহের পথ বন্ধ করে কেন্দ্রীয় সরকার তাহা অনুমোদন করিয়াছে। আজ সেই কেন্দ্রীয় সরকার ও প্রাদেশিক আমলাতন্ত্রের একটি দল লীগ মন্ত্রীমণ্ডলীর ঘাড়ে দোষ চাপাইয়া নিজেদের দোব স্থালন করিতে ব্যস্ত।

লীগ মন্ত্রীমণ্ডলী শুরুতে জনগণের খাদ্য কমিটি গঠন করিয়া বাংলার রাজনীতি জগতে নুতন আবহাওয়া সৃষ্টি করে। কিন্তু তাহারাও ক্রমে ক্রমে আমলাতন্ত্রের কাছে, মজুতদারদের কাছে দুর্বলতা দেখাইতে শুরু করে। এই দুর্বলতার জন্যই লীগমন্ত্রীমণ্ডলী পরিষদের সকল দলগুলিকে একতাবদ্ধ করিতে পারে নাই। আমলাতন্ত্রও তাহাকে বরখান্ত করিবার কথা চিন্তা করিতে শুরু করিয়াছে। হক সাহেবের যে পরিণতি হইয়াছিল, সেই পরিণতি হইতে যদি লীগকে বাঁচিতে হয় তাহা হইলে সাহসের সঙ্গে জনগণের খাদ্য কমিটি, গনসংগঠন ও বিভিন্ন দলের সহযোগিতা ছাড়া মজুতদারদের প্রতিরোধ পরান্ত করা অসম্ভব, রেশনিং চালু করার কথা স্বপ্ন মাত্র।

#### লীগ বিরোধী দলগুলি কোন পথে?

হক ও শ্যামাপ্রসাদের একমাত্র উদ্দেশ্য লীগ মন্ত্রীমণ্ডলীকে তাড়ানো। আইনসভায় ভোটের জোরে তাড়ানো সম্ভব নয় বলিয়াই তাঁহারা আমলাতন্ত্রের কাছে আবেদন জানাইতেছেন মন্ত্রীমণ্ডলীকে তাড়াইয়া দিতে। এমনকি নতুন গভর্নরকে সম্পূর্ণ ক্ষমতাও গ্রহণ করিতে অনুরোধ করিতেছেন। দলগত স্বার্থের জন্য তাঁহারা সূর তুলিয়াছেন ৯৩ ধারা চালু করা হউক।

তাঁহাদের শ্লোগান—মূল্য নিয়ন্ত্রন চালু করা যায় না। কৃষকদিগকে তাঁহারা বলিতেছেন সরকারের কাছে ফসল বিক্রয় না করিতে। কার্যতঃ মজুতদারের স্বার্থই তাঁহারা রক্ষা করিতেছেন। মন্ত্রীমণ্ডলী যদিও আমলাতন্ত্রের চাপে মজুতদারদের স্বার্থের উপর ততটা আঘাত করিতেছে না তথাপি লীগের উপর জনগণেরও চাপ রহিয়াছে। কাজেই মজুতদারেরা চায় লীগ মন্ত্রীমণ্ডলীকে স্বাইতে। এইজন্য হক-শ্যামাপ্রসাদের সঙ্গে তাহাদের স্বার্থের যোগাযোগ রহিয়াছে।

কংগ্রেসও হক-শ্যামাপ্রসাদের সঙ্গে একত্র হইয়া ৯৩ ধারার সুর তুলিয়াছে। কংগ্রেস ঠিক হক-শ্যামাপ্রসাদের মতো রাদারফোর্ডের হাতে ক্ষমতা তুলিয়া দেওয়া উচিৎ—এরকম কোন শ্লোগান দেয় না। কিন্তু কংগ্রেস লীগ মন্ত্রীসভাকে তাড়াইতে উৎসাহী এবং রাজনৈতিক অচলাবস্থা সৃষ্টি করিয়া আমলাতন্ত্রকে জব্দ করিবার মনোভাব লইয়া অগ্রসর হইতেছে।

মোটের উপর লীগ বিরোধী সমস্ত দলগুলিরই এক সুর—রাজনৈতিক অচলাবস্থা সৃষ্টি করো, এই শ্লোগান লইয়া তাহারা আইনসভার ভিতরে ও বাহিরে সত্যাগ্রহ পরিচালনা করিয়াছে। "খাদ্য সংকটের" দোহাই পাড়িয়া তাহারা এই কাশু করিতেছে, কিন্তু এপথে খাদ্য সংকট আরো বাড়িতে বাধ্য। সকল দলের ঐক্য ও রাজনৈতিক অচলাবস্থার অবসানই খাদ্য সংকট দুর করিবার পথ। ভেদ এবং রাজনৈতিক অচলাবস্থাই মজুতদারদের প্রতিরোধ বাড়াইতেছে, আমলাতশ্রের হাতে চাবিকাঠি রাখিয়া দিতেছে, অথচ লীগ-বিরোধী দলগুলি নতুন করিয়া রাজনৈতিক অচলাবস্থা সৃষ্টির চেষ্টায় নিযুক্ত।

কংগ্রেসভক্তরা বলিতেছেন—এই গভর্নমেন্ট থাকিতে আমাদের কিছুই করিবার নাই। কিন্তু তাহা সত্ত্বেও জেলায় জেলায় মিলিত খাদ্য কমিটি ও মিলিত রিলিফ কমিটি তৈরি হইতেছে, এই ঐক্যবদ্ধ কমিটিগুলি স্থানীয়ভাবে কিছুকালের জন্য খাদ্য সংকটের মাত্রা হ্রাস করিতেও পারিয়াছে। ইহা হইতেও প্রমাণিত হয় যে, নেতাদের মধ্যে ভেদনীতি চালু হইলেও বিভিন্ন স্থানে জনগণের মধ্যে, দেশ সেবকদের মধ্যে একতার জন্য, সংকট সমাধানের জন্য প্রেরণা জন্মিয়াছে। এইজন্যই ডঃ শ্যামাপ্রসাদও স্থানীয় খাদ্য কমিটিগুলির ঐক্য ভাঙ্গিতে পারেন নাই।

আমলাতদ্রের নীতির দোষে সংকট আজ এত তীব্র হইয়াছে। মজুতদার ও পঞ্চম বাহিনী তাহাকে আরো ঘোরতর করিয়া তুলিতেছে। কিন্তু কংগ্রেস, লীগ প্রভৃতি স্বদেশপ্রেমী দলগুলি খাদ্য সংকট সমাধানের জন্য জনগণের সমবেত প্রচেষ্টা গড়িয়া তোলেন নাই বলিয়াই দেশবাসী সংকট দূর করিতে পারিতেছে না, মাসের পর মাস তাহা গুরুতর হইয়া উঠিতেছে। কংগ্রেস, লীগ প্রভৃতি দলগুলির ইহা মারাত্মক অপরাধ।

#### পঞ্চম বাহিনী

লীগের বিরুদ্ধে যে ঘোরতর আন্দোলন চলিতেছে তাহার ফলে পঞ্চমবাহিনীরই রাজনৈতিক শক্তি বাড়িবে। রাজনৈতিক আচলাবস্থা সৃষ্টি করিয়া সত্যাগ্রহের ভিতর দিয়া গোলযোগ আরম্ভ করা পঞ্চমবাহিনীরই রাজনৈতিক কৌশল। এই কৌশলই এখন লীগ-বিরোধী দলগুলির কাছে সমাদর লাভ করিয়াছে। এই সুযোগে পঞ্চম বাহিনী আমাদের বিরুদ্ধে নৃতন উদ্যমে কুৎসা আরম্ভ করিয়াছে, ছাত্র ফ্রন্টে, মহিলা ফ্রন্টে আমাদের সংগঠনের প্রতিদ্বন্দ্বী সংগঠন গড়িতে আরম্ভ করিয়াছে।

ভীষণ দুর্ভিক্ষে যখন হাজার হাজার লোক মরিতেছে, জাপানী আক্রমণ ও বোমা বর্ষণের সময় যখন নিকটবর্তী সেই সময় দেশের ভিতর এইরকম দারুন ভেদাভেদ এবং অচলাবস্থা সৃষ্টির মনোবৃত্তি পঞ্চম বাহিনীকেই সবল করিয়া তুলিবে।

এই সংকটের মধ্যে পঞ্চমবাহিনী অতি সুক্ষ্মভাবে ও সুকৌশলে তাহার কাজ হাসিল করিতেছে। আজ আর তাহারা খোলাখুলি সোজাসুজিভাবে বলে না যে খাদ্যের জন্য লুঠতরাজ কর কিংবা রিলিফ ছাড়িয়া বিদ্রোহ কর। গোপনে গোপনে সুযোগ বুঝিয়া তাহারা বিদ্রোহ করিয়া থাকে। কিন্তু সাধারণভাবে তাহাদের কৌশল হইল ক্ষুধার্ত জনগণকে ভূখামিছিলের জন্য উত্তেজিত করা। তাহারা জানে যে, আইনসভায় কিংবা সরকারি দপ্তরখানায় ভূখামিছিল লইতে পারিলে অনায়াসে দাঙ্গা-হাঙ্গামা ও লুঠতরাজ সৃষ্টি করিতে পারিবে। খাদ্য আন্দোলনের ভিতর তাহারা শুধ্ (শুধু পঞ্চমবাহিনী নয়, হিন্দু মহাসভাপদ্বীরাও) কমিউনিউদিগকে এই বলিয়া আক্রমণ করে যে, 'হকমদ্বিমগুলীর সময় যখন চাউলের দর পনের ধোল টাকা ছিল তখন তাহারা ভূখামিছিল চালাইত কিন্তু আজ তাহারা লীগের কাছে আত্মসমর্পণ করিয়াছে, এইজন্য আজ যখন চাউলের মন ৪০ টাকা তখন আর ভূখামিছিল করে না বরং ভূখামিছিলের বিরোধিতা করে।' রিলিফের কাজে তাহারাও যোগ দিতেছে, রিলিফের ব্যবস্থা করিয়া ক্ষুধার্তদের বুঝাইতেছে সরকারের বিরুদ্ধে অভিযান কর। ধ্বংসকারী অভিযান সফল করিবার জন্য তাহারা নানা চাতুরীর সুযোগ নেয়। কলিকাতায় আইন সভার অধিবেশনের সময় তাহারা ক্ষুধার্তদের মধ্যে খাওয়াইবার নাম করিয়া এসেম্বলী হাউসের ঠিকানা দিয়া জাল টিকিট বিতরন করিয়াছিল। ছলে বলে কৌশলে গোলযোগ সৃষ্টি করা তাহাদের উদ্দেশ্য।

রাজনীতির ক্ষেত্রে অচলাবস্থা সৃষ্টির জন্য প্রচারকার্য চালানো, কার্যক্ষেত্রে সত্যাগ্রহী অভিযান পরিচালনা করা, সংগঠনের ক্ষেত্রে খাদ্যকিমিটি, রিলিফ কমিটি প্রভৃতির ভিতর ভেদ এবং ভাঙন সৃষ্টি করা ইহাই পঞ্চমবাহিনীর এখনকার কাজের ধারা। তাহারা আশা করে যে এই চক্রান্তের ভিতর দিয়া রিলিফ পন্ড করা যাইবে, খাদ্য সংকট ঘোরতর করা যাইবে, ভেদ বাড়াইয়া অরাজকতা সৃষ্টি করা যাইবে।

#### আমাদের ত্রুটি

খাদ্য সংকট দূর করিবার জন্য ঐক্য ও জমায়েত সৃষ্টি করা আমাদের কাজ। আমাদের কাজ যদি আমরা ঠিক করিতাম তাহা হইলে আজ রাজনৈতিক অবস্থা এমন সংকটময় হইয়া উঠিতে পারিত না।

মজুতবিরোধী অভিযানের সময় যখন মফস্বল হইতে হাজার হাজার মন চাউল বাহির হইয়া আসে তখন আমরা তাহা সংগঠন তৈরি করিয়া ধরিয়া রাখিতে পারি নাই। গত এক বংসর ধরিয়া আমরা খাদ্য কমিটি গড়িতেছি, খাদ্য আন্দোলন চালাইতেছি, মজুতদারের বিরুদ্ধে প্রচার কার্য চালাইতেছি অথচ ঠিক সঙ্গীন মুহুর্তে আমরা ধান চাউল ধরিয়া রাখিতে পারিলাম না।

মূল্য নিয়ন্ত্রণের পর আবার ধান চাউল বাজার হইতে উধাও হইয়া গিয়াছে, আড়তদারেরা আবার শস্য লুকাইয়া ফেলিয়াছে, আমরা মজুতদারের বিরুদ্ধে শক্তিশালী জনমত গঠন করিতে পারি নাই।

আউস ধান উঠিবার সঙ্গে ফড়িয়ারা অনেক জায়গায় তাহা কিনিয়া ফেলিয়াছে, আবার অনেক জায়গায় কৃষকেরা সরকারি এজেন্টের কাছে বেচিতে চায় না।

বারবার এইভাবে ফসল আমদানি-রপ্তানি বানচাল হইয়া যাইতেছে অথচ আমরাও সরকারের মতই অসহায় বোধ করিতেছি। সাধারণ দেশপ্রেমিকেরা কিছুই করিতে চাহেন না। সরকার জনগন হইতে বিচ্ছিন্ন বলিয়া কিছুই করিয়া উঠিতে পারে না। মন্ত্রীমণ্ডলীর নিজস্ব সংগঠন এত দুর্বল যে তাহারাও আমলাতন্ত্রের উপর নির্ভর করিয়া থাকে। এ অবস্থায় আমরাও যদি সংগঠন শক্তির পরিচয় দিতে না পারি তাহা হইলে খাদ্য সংকট স্বভাবতই দিন দিন গুরুতর হইবে। আমরা কিছু করিতে না পারিলে মন্ত্রীমগুলী আমলাতদ্ধের উপর নির্ভরশীল হইবে এবং লীগ বিরোধীরা ভেদের বিষ ছড়াইবার সুযোগ পাইবে। কংগ্রেসসেবীরা হতাশ হইয়া সত্যাগ্রহের দিকে ঝুঁকিবে।

গত বছর সেপ্টেম্বর মাস হইতে খাদ্য কমিটির জন্য আমরা যে আন্দোলন করিয়াছি, তাহারই ফলে জুন মাসে মন্ত্রীমণ্ডলী খাদ্য কমিটির সহযোগিতায় মজুত বিরোধী অভিযান আরম্ভ করে। কিন্তু মজুত বিরোধী সপ্তাহ চলিয়া গেলে আমরা আর জনগণের মধ্যে মজুত বিরোধী আন্দোলন চালাই নাই। মজুত বিরোধী অভিযানের সময় হাজার হাজার মন চাউল বাহির হইয়া গিয়াছিল তাহা আমরা জানি, কিন্তু সেই অভিজ্ঞতা হইতে আমরা কিছুই শিখিলাম না। জেলার ভিন্ন ভিন্ন স্থানে খাদ্য কমিটি বা কৃষক সমিতির উদ্যোগে খাদ্য ভাণ্ডার তৈরি করিবার ব্যবস্থা করিলাম না, অর্থাৎ টাকা তুলিয়া ধান চাউল কিনিয়া মজুত করিয়া সস্তা দামে বিক্রয় করিবার ব্যবস্থা হইল না। তাহা যদি আমরা করিতাম তাহা হইলে মূল্য নিয়ন্ত্রণের পর ধান চাউল বাজার হইতে উধাও হইত না, আউস ধানও আমাদের হাতে আসিত, সরকারকে আমরা বাধ্য করিতে গারিতাম খাদ্য কমিটি ও কৃষক সমিতির সহযোগিতায় খাদ্য শস্য কিনিয়া বিক্রী করিবার ব্যবস্থা করিতে। এইভাবে কাজ করিলে ও এই কাজের জন্য দেশময় আন্দোলন ও প্রচারকার্য চালাইলে আজ মন্ত্রীমণ্ডলী আমলাতন্ত্রের কবলে পড়িত না আবার লীগ বিরোধী দলগুলিও ঐক্যের পথে আসিতে বাধ্য হইত।

জলপাইগুড়িতে খাদ্য কমিটি টাকা সংগ্রহ করিয়া রেশনিং-এর ব্যবস্থা করায় জলপাইগুড়ির খাদ্য কমিটি আজ এত ঐক্যবদ্ধ হইয়াছে যে সহজে তাহা ভাঙিবার নয়। রংপুর জেলায় ডোমারে, ফরিদপুর জেলায়, চট্টগ্রামে, কৃষ্ণনগরে এবং আরও কোন কোন স্থানে আমাদের পার্টি খাদ্য কমিটি বা কৃষক সমিতির ভিতর দিয়া রিলিফের জন্য, সস্তাদরে খাদ্য বিক্রয়ের জন্য যে ব্যবস্থা অবলম্বন করিয়াছে তাহারই ফলে ঐসমস্ত জেলার ভেদপন্থীরা ভেদসৃষ্টি করিতে অক্ষম হইতেছে; কিন্তু সারা বাংলায় জেলায় জেলায় (এমন কি উল্লিখিত জেলাগুলিতেও) আমরা মজুতের বিরুদ্ধে গণ আন্দোলন সৃষ্টি করিতে পারি নাই, টাকা তুলিয়া শস্য কিনিয়া শস্যভাণ্ডার তৈরি করি নাই। সংকট সমাধানের জন্য এই প্রত্যক্ষ কাজ করি নাই বিলায়ই আজ ভেদ প্রবল হইয়াছে, ইনিসিয়েটিভ গিয়াছে আমলাতন্ত্রের হাতে, অন্যদিকে ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জীর হাতে, এইভাবে চলিতে থাকিলে শেষ পর্যন্ত ইনিসিয়েটিভ যাইয়া পড়িবে পঞ্চম বাহিনীর হাতে।

#### আমাদের কাজ

সংকটের অবস্থা কি তাহা বিচার করিলে আমাদের কাজ কি তাহাও স্পষ্ট হইয়া উঠে। ভুখামিছিল বা সত্যাগ্রহ করিয়া খাদ্য সংকট দূর করা যায় না। সমস্যা এই যে সরকারের হেফাজতে যে ধান চাউল আসিতেছে তাহা ন্যায্যভাবে বন্টন করিতে হইবে, মজুতদারদের ঘরে যাহা লুকানো আছে তাহা টানিয়া বাহির করিতে হইবে, কৃষকদের কাছে বা জোতদারদের কাছে যাহা আছে তাহা খাদ্য কমিটি বা কৃষক সমিতির সহযোগিতায় সরকার কর্তৃক বিক্রয় বন্টনের ব্যবস্থা করিতে হইবে।

সরকারি এজেন্টরা খাদ্য কমিটি ও কৃষক সমিতির সহযোগিতায় প্রত্যেক উদ্বৃত্ত অঞ্চলে ধান চাউল কিনুক। যাহা কিনিবে তাহাই সরাইয়া না লইয়া সেই অঞ্চলের জন্য তৎক্ষণাৎ দোকান খুলিয়া বিক্রয় আরম্ভ করুক। উদ্বৃত্ত অংশ লইয়া গিয়া ঘাটতি অঞ্চলে বিক্রি করুক। কিনিবার সময় সরকারি এজেন্ট সেই অঞ্চলে ঘোষণা করুক কত সেখান হইতে কিনিল, কোন্ এলাকায় তাহা লইয়া গিয়া বিক্রয় করা হইবে। জনগণের কাছে এই ঘোষণার দাম আছে। ইহাতে জনগণ আশ্বন্ত হইয়া সরকারের কাছে ফসল বেচিবে। এইজন্য সরকারের কাছে জনগণের পক্ষ হইতে এই দাবি করিতে হইবে। সেই সঙ্গে সঙ্গে দাবি করিতে হইবে সরকার খাদ্য কমিটিগুলি পূণগঠিত করুক এবং তাহাদের সহযোগিতায় মজুত খাদ্যশস্য বাহির করিয়া আনুক।

কৃষক সমিতি এবং খাদ্য কমিটি সাধু ব্যবসাদার বাছিয়া ঠিক করিয়া দিবে। কৃষকেরা যদি সরকারি ক্রেডার কাছে না বেচিতে চায় তবে ঐ অনুমোদিত ব্যবসাদারদের কাছে বেচিতে বলা হউক। এই ব্যবসাদারেরা কৃষক সমিতি বা খাদ্য কমিটির তত্ত্বাবধানে কন্ট্রোল দামে স্থানীয় জনগণের কাছে বেচিতে বাধ্য থাকিবে।

মজুতের বিরুদ্ধে দেশময় আন্দোলন চালাও। দেশে ঘাটতি আছে ঠিকই, কিন্তু যাহা আছে অন্ততঃ তাহার ন্যায্য বন্টন হওয়া চাই। রেশনিং-এর জন্য আন্দোলন কর। শহরে শহরে রেশনিং সন্মেলন কর। রেশনিং-এর জন্য সকল দলের ঐক্য এবং জুমায়েত সৃষ্টি কর। আমরা প্রত্যেক শহরে রেশনিং চাই, প্রত্যেক বন্দরে ও বাজারে নিয়ন্ত্রিত মূল্যে দোকান চাই।

প্রত্যেক গ্রামে বা ইউনিয়নে খাদ্য সমাবেশ কর। এই খাদ্য সমাবেশের ভিতর কৃষকদের উৎসাহিত কর সরকারি এজেন্টের নিকট অথবা কৃষক সমিতির অনুমোদিত ব্যবসায়ীর নিকট (যদি তেমন কেউ থাকে) ফসল বেচিতে। সেই অঞ্চলের সর্বসাধারণকে উৎসাহিত কর নিজেদের ঐক্যদ্বারা স্থানীয় সংকট দূর করিতে, যাহার যাহা কিছু খাদ্য আছে তাহা সকলের মধ্যে বন্টন করিয়া খাইতে প্রত্যেকের জন্য প্রত্যেকে দাঁড়াইতে।

উদ্বৃত্ত অঞ্চলের কৃষকদের ভিতর সভা সমিতি করিয়া বুঝাও তোমরা যদি সরকারের ঘাটতি অঞ্চলে কিছু না বেচ তাহা হইলে আমাদের প্রতিবেশীরা খাইবে কি? বাঙ্গালী যদি বাঙ্গালীর জন্য ত্যাগ স্বীকার না করে তাহা হইলে পাঞ্জাবী বাংলাকে বাঁচাইবার জন্য ফসল পাঠাইবে কেন? তাহাদের আরো বুঝাও যে মজুতদারের কাছে বেচিলে সে চাল কেহ পাইবে না, কিন্তু সরকারের কাছে বেচিলে তাহা আমরাই পাইব নিশ্চয়; আমাদের ঐক্যবদ্ধ সমাবেশের চাপ সফল হইবেই।

রিলিফের কাজ বিস্তৃত কর, রিলিফের জন্য ঐক্য প্রতিষ্ঠিত কর, রিলিফের ভিতর দিয়া প্রচার কর খাদ্যের জন্য ঐক্য চাই। ঐক্য ছাড়া খাদ্য সংকট দূর হইবে না।

মজুত আবিষ্কার কর। মজুত আবিষ্কার করিবার জন্য স্থানীয় লোকদের ভিতর উৎসাহ সৃষ্টি কর। থেট দোকানদারদের সঙ্গে সহযোগিতা করিয়া বড় মজুতদারদের ধরাইয়া দাও।

মজুতদার ও পঞ্চমবাহিনী কোথায় কী শ্লোগান দেয় তাহা কান পাতিয়া শোন এবং জনগণের মধ্যে তাহার স্বরূপ নগ্ন করিয়া দও। মজুতদারকেও পঞ্চমবাহিনী বলিয়া অভিহিত করিও না। দুয়ের ভিতর পার্থক্য আছে সেকথা যেন মনে থাকে: কিন্তু উভয়েই যে সমাজের শত্রু তাহা প্রচার করিতে হইবে।

এইভাবে কাজ করিবার বিপুল সম্ভাবনা রহিয়াছে। দেশভক্তরা আজ খাদ্যের জন্য একটা কিছু করিতে ব্যস্ত। পঞ্চমবাহিনী দেশভক্তদের একটা কিছু করিবার ইচ্ছাকে সত্যাগ্রহের দিকে লইয়া যাইতেছে। আমাদের কাজ খাদ্য সমস্যা সমাধানের দিকে লইয়া যাওয়া।

খাদ্যের ভিতর দিয়া যেমন চরম ভেদাভেদ আসিয়াছে, খাদ্যের ভিতর দিয়াই তেমন জাতীয় ঐক্য গড়িয়া উঠিবে। স্থানীয় খাদ্য সমাবেশের ভিতর দিয়া নীচু হইতে এই ঐক্য গড়িতে হইবে।

আমলাতন্ত্র, পঞ্চমবাহিনী, মজুতদার এবং ভেদপন্থী সকলে মিলিয়া বাংলাদেশের সর্বনাশ করিতে বসিয়াছে।

আজ বাংলা উজাড় হইতে চলিল। এই সর্বনাশকে লইয়া যাহারা সত্যাগ্রহ কিংবা সংগ্রামের খেলা খেলে তাহারা স্বাধীনতার জন্য লড়ে না, তাহারা স্বাধীনতা সংগ্রামের শেষ শক্তিটুকুও নস্ট করে। জনগণের সমবেত ও ঐক্যবদ্ধ চেষ্টায় খাদ্য সংকট দূর করিতে পারিলেই জাতির স্বাধীনতালাভের শক্তি বাড়িবে।

#### খাদা আন্দোলন চালাও

বাংলায় আজ চাউলের সমস্যাই প্রধান সমস্যা। চাউল লইয়াই আজ বিভিন্ন রাজনৈতিক দলগুলি তাহাদের নীতি ও কাজ ঠিক করিতেছে। চাউল লইয়াই দলাদলি, চাউল লইয়াই মারামারি। সরকার হইতে আরম্ভ করিয়া প্রত্যেকটি রাস্তার লোক আমন ধানের দিকে তাকাইয়া আছে।

# সংকটের চেহারা

বালোয় মোট ৬ কোটি লোকের বাস। তাহার মধ্যে ১ কোটি লোক গ্রামের মজুর ও কামার, কুমার প্রভৃতি। আর দেড় কোটি লোক ভাগচাবী। গত ছয়মাস ধরিয়া এই আড়াই কোটি লোকের ঘরে চাউল নাই, এই আড়াই কোটি লোক গত ছয়মাস ধরিয়া তিলে তিলে মরিতেছে। তাহারাই আজ শহরে শহরে লঙ্গরখানার দ্বারম্থ হইয়াছে। গ্রামের পর গ্রাম উজাড় ও গ্রামের কৃষিশিল্প লুপ্ত হইবার উপক্রম। বাংলার ১০০০০ গ্রাম এইভাবে ধ্বংসের পথে চলিয়াছে।

মফস্বলের অধিকাংশ শহরেই মধ্যবিত্তকে চোরাবাজ্ঞারের উপর নির্ভর করিতে হয়। এই চোরাবাজ্ঞারেও গত একমাস ধরিয়া চাউল একেবারে অমিল। শহরে প্রতি ২৫ জনের মধ্যে ১ জন দৃষ্ণ ও নিরাশ্রয়। ইহাদের পরিবার ভাঙিয়া গিয়াছে। ক্ষুধায় ও ব্যধিতে মাসে সারা বাংলায় অনুমান ১ লাখ লোক মরিতেছে। ইহাদের মধ্যে বেশির ভাগই স্ত্রীলোক ও শিশু। গরীবেরা মরিতেছে না খাইয়া, ধনীরা যাহারা খাইয়া বাঁচিয়া আছে তাহারাও মরিতেছে সংক্রোমক ব্যধিতে; নিস্তার নাই কাহারো।

এ সংকট যেমন, তেমন ধরনের দুর্ভিক্ষ নয়। বাঙালী জাতি একেবারে লুপ্ত হইতে বসিয়াছে, বাংলার সমাজ, জাতি ও পরিবার আজ ধ্বংসের পথে। শত শত বৎসরের সভ্যতার মৃত্যুকালীন নাভিশ্বাস উঠিয়াছে।

#### সাম্রাজ্ঞাবাদের নীতি

এই অবস্থার জন্য দায়ী সাম্রাজ্যবাদই। সাম্রাজ্যবাদী সরকার জনসাধারণের স্বার্থের দিকে না চাহিয়া এবং জনসাধারণের সহযোগিতা না লইয়া অর্থনীতিক ব্যবস্থা পরিচালনা করে। ইহারই ফলে মজুতদার ও চোরাবাজারের উৎপত্তি হইয়াছে, সরকারি নীতি কিভাবে মজুতদার ও চোরাবাজার সৃষ্টি করে কয়েকটি উদাহরণ দিলেই তাহা বুঝা যাইবে:

- (১) গত বৎসর যখন সংকটের সূত্রপাত হয় তখন বাংলা সরকার ব্যবসায় নিয়ন্ত্রণ করিবার কোন চেষ্টা করেন নাই। চাউলের দর বাঁধিয়া দেওয়া হয় অথচ সরবরাহের কোন ব্যবস্থা হয় না। অথচ সরকার ব্যবসায়ীদের সঙ্গে প্রতিযোগিতা করিয়া যে কোন দামে চাউল কিনিয়া মজুত করিতে আরম্ভ করে। ব্যবসায়ীরাও তখন সরকারের সঙ্গে প্রতিযোগিতা করিয়া চাউল কিনিয়া মজুত করিতে আরম্ভ করে। এইভাবে চাউলের উপর অতিরিক্ত মুনাফা ও মজুত শুরু হয়। চাউলের দর বাড়িতে থাকে, অভাব বাড়িতে থাকে। সরকারের সাথে পাল্লা দিয়া বেশ কিছু মজুত করিয়া বড় বড় ব্যবসায়ীরা বাহানা ধরিল মূল্য নিয়ন্ত্রণ তুলিয়া দাও, স্বাধীন বাণিজ্য শুরু কর; স্বচ্ছদে বেচাকেনা চলিলে সংকট দূর হইবে।
- (২) এ বংসর মার্চ মাসে মজুতকারী ব্যবসায়ীদের দাবি অনুসারে সরকার মূল্য নিয়ন্ত্রণ তুলিয়া দেয় ; স্বাধীন বাণিজ্য চালু করে। ব্যবসায়ীরা সেই সুযোগে যথেষ্ট দাম হাঁকিতে আরম্ভ করে। মার্চ মাস হইতে আগস্ট মাসের মধ্যে চাউলের দর ২০ টাকা হইতে বাড়িয়া ৩৫ টাকায় উঠে। অথচ সরকার রেশনিং-এর জন্য কোন আয়োজন করে না ; চাউল কিনিয়া সর্বত্র সরকারি দোকান খুলিবার ব্যবস্থা করে না।
- (৩) আগস্ট মাসে আবার চাউলের দর বাঁধিয়া দেওয়া হয়, অথচ তখন সরবরাহ করিবার মতো মজুত চাউল সরকারের হাতে নাই। এই সুযোগে মজুতদারেরা ধান চাউল একেবারে সরাইয়া ফেলিয়াছে।
- (৪) সরবরাহ করিবার মতো ধান-চাউল সংগ্রহ করিবার জন্য সরকার কলিকাতা ও হাওড়া বাকি রাখিয়া অন্যত্র মজুত বিরোধী অভিযান করে না। ফলে মফঃস্বলের ধান চাউল আসিয়া কলিকাতার বড় বড় গোলায় জমা হয়। কিন্তু কলিকাতা ও হাওড়ায় যখন মজুত বিরোধী অভিযান শুরু হয় তখন জনগণের খাদ্য কমিটির সঙ্গে কোন যোগাযোগ করা হয় না। কাজেই বড় বড় কোম্পানীর মজুত ধরা পড়ে নাই।
- (৫) ধান চাউল কিনিবার জন্য সরকার এজেন্ট ঠিক করিয়া দিয়াছে; জনগণের খাদ্য কমিটির সঙ্গে সহযোগিতা করিয়া কিনিবার কোন বন্দোবস্ত করে নাই। জনসাধারণের মনে সরকারের উপর কোন আস্থা নাই। কাজেই সরকারি এজেন্টরা যথেষ্ট মাল পায় না, সরবরাহের ব্যবস্থা করা সম্ভব হয় না। কাজেই মজুতদার মাল আটকাইয়া দর বাড়াইবার জন্য অনবরত খরিদ্দারদের মোচড় দিতে পারে। মজুতদার এখন ধান চাউল শুধু মুনাফার জন্য মজুত করে না, ধান চাউল মজুত করা এখন লীগের বিরুদ্ধে হিন্দু ব্যবসায়ীদের রাজনীতিক অস্ত্র হইয়াছে।
- (৬) অবস্থা সাংঘাতিক হইয়া উঠিবার আগে (সেপ্টেম্বর মাস) কেন্দ্রীয় সরকার বাংলায় খাদ্য সরবরাহ করিবার জন্য কোন চেষ্টাই করে নাই।

এইভাবে সরকারি নীতিই মজুতদারের প্রভাব সৃষ্টি করিয়াছে, তাহার শক্তি বাড়াইয়াছে।

# মুসলীম লীগ

মুসলীম লীগ মন্ত্রীত্ব গ্রহণ করিবার পর জনগণের খাদ্য কমিটি গড়িয়া মজুত বিরোধী অভিযান আরম্ভ করে, মুসলীম লীগের

নীতি হইল মূল্যনিয়ন্ত্রণ করিয়া খাদ্য সরবরাহের ব্যবস্থা করা। কিন্তু লীগ মন্ত্রীসভা এই নীতি কাজে পরিণত করিতে অক্ষম। তাহার কারণ কি?

- (১) লীগ মন্ত্রীসভা মাত্র একটি দলের মন্ত্রীসভা। একদলীয় মন্ত্রীসভা মজুতদারদের প্রভাব নস্ট করিতে পারে না। জনগণের সহযোগিতা পাওয়াও তাহার পক্ষে সম্ভব নয়। কংগ্রেস, মহাসভা প্রভৃতি বিরোধী দলগুলি তাহার সঙ্গে সহযোগিতা করে না এবং ঘারতর বিরোধ সৃষ্টি করিয়া মজুতদারদের প্রভাব বাড়ায়। ব্যবসায়ীদের অধিকাংশই এই বিরোধীদলগুলির অধীনে। সর্বদলীয় ঐক্য ছাড়া তাহাদের প্রতিরোধ করা অসম্ভব।লীগ মন্ত্রীমগুলী বলেন আমরা সকল দলকেই সহযোগিতার জন্য ডাকিয়াছি কিন্তু তাহারা যদি বিরোধীতা করে আমরা কি করিয়া সর্বদলীয় ঐক্য প্রতিষ্ঠা করিতে পারি? দেশে যে সাংঘাতিক সংকট দেখা দিয়াছে তাহার সমাধান করিতে হইলে যেমন করিয়া হউক সর্বদলীয় ঐক্য প্রতিষ্ঠা করিতে হইবে। একথা তাঁহারা বুঝিতে অক্ষম। সংকটের গুরুত্ব সম্পর্কে তাঁহারা অচেতন, কাজেই সেভাবে ঐক্য প্রতিষ্ঠার চেষ্টা তাঁহারা করেন নাই।
- (২) লীগ মন্ত্রীমণ্ডলীর একটি অংশের উপর মজুতদারদের প্রভাব রহিয়াছে। ইহারা প্রধানতঃ ইউরোপীয় মজুতদার, এক শ্রেণীর মুসলমান মজুতদারও সেই সঙ্গে আছে। চাউলের বাণিজ্যে তাহারা সংখ্যালঘিষ্ঠ হইলেও মজুতের একটা মোটা অংশ ইহাদের হাতে, ইহাদের মজুত রহিয়াছে কলিকাতায় ও হাওড়ায়। এইজন্যই কলিকাতা ও হাওড়ায় মজুত বিরোধী অভিযান হয় নাই, হইলেও নামমাত্র হইয়াছে।
- (৩) খাদ্য সংকট দূর করিবার জন্য লীগ মন্ত্রীমণ্ডলী খাদ্য কমিটির উপর যতটা নির্ভর করে তাহার চেয়ে বেশি নির্ভর করে আমলাতন্ত্রের উপর।

#### ফজলুল হক ও কৃষক প্রজাদল

ইহাদের সঙ্গে যেমন মজুতদারদের যোগ রহিয়াছে তেমনি পঞ্চম বাহিনীরও যোগ রহিয়াছে। ইহারাই কংগ্রেস লীগ ঐক্যের পক্ষে প্রধান বাধা। ইহারাই মজুত বিরোধী অভিযান এবং মূল্য নিয়ন্ত্রণের বিরোধীতায় সর্বাপেক্ষা উৎসাহী।

# হিন্দু মহাসভা

হিন্দু মহাসভার লক্ষ্য হইল যেমন করিয়া হউক মন্ত্রীত্ব হইতে লীগকে সরানো। সরকার যাহাতে কোন রকমে খাদ্যশস্য কিনিতে না পারে, মূল্য নিয়ন্ত্রন যাহাতে চালু হইতে না পারে, মজুত বিরোধী অভিযান যাহাতে সফল না হয় মন্ত্রীমণ্ডলী যাহাতে অপদস্থ হয় সেই পথই মহাসভা অনুসরণ করে। শ্যামাপ্রসাদবাবুর প্রধান আওয়াজ হইল—সরকারি এজেন্টের কাছে ধান বেচিও না। এই নীতির ফলে সরকারি এজেন্টেরা ধান চাউল কিনিতে পায় না, মজুতদারেরা তাহা কিনিয়া লইয়া যায় ও দর বাড়ায়। মহাসভার রাজনৈতিক আন্দোলনের আড়ালে দাঁড়াইয়া মজুতদারেরা বাংলার পল্লীর হাট হইতে কলিকাতার বাজার পর্যন্ত সমস্ত জায়গাতে ধান চাউল মুঠোর মধ্যে আনিয়া ফেলিয়াছে। মজুতদারদের এই কারসাজির ফলে দেশে প্রচুর আউস ধান হওয়া সত্ত্বেও দেশের কোথাও একটি চাউলের দানা পাওয়া যায় না। খাদ্যের জন্য ঐক্য না গড়িয়া খাদ্য কমিটির মধ্যে ভেদ সৃষ্টি করাই শ্যামাপ্রসাদবাবুর নীতি। এমনকি দুস্থদের রিলিফ দেওয়ার কাজকেও তিনি দলগত ব্যাপারে পরিণত করিয়াছেন। মুখে তিনি সর্বদলীয় মন্ত্রীত্ব চান, কিন্তু কার্যতঃ তিনি লীগ বিরোধীদেরই ঐক্যবদ্ধ করিতেছেন এবং দেশময় আন্দোলন চালাইতেছেন লীগমন্ত্রীত্ব বরবাদ করিবার জন্য।

#### কংগ্ৰেস

লীগ মন্ত্রীত্ব যখন প্রতিষ্ঠিত হয় তখন কংগ্রেস ছিল নিরপেক্ষ। কংগ্রেস যদি তখন খাদ্য সংকট সমাধানের জন্য একটি নীতি লইয়া লীগের সঙ্গে একতাবদ্ধ হইত তাহা হইলে আজ বাংলার সর্বনাশ ঘটিত না। কংগ্রেস তখন নিরপেক্ষ থাকায় দুইটি ফল ফলিয়াছে; প্রথমতঃ লীগ মন্ত্রীসভা আমলাতন্ত্রের উপর আরও বেশি নির্ভরশীল হইয়াছে। যাহার ফলে সে মজুত ধরিতে পারে না, ধান চাউল সংগ্রহ করিতে পারে না, সরবরাহের ব্যবস্থা করিতে অক্ষম। দ্বিতীয়তঃ কংগ্রেসের নিরপেক্ষতা

ও নিস্কেন্ততা মহাসভাকেই শক্তিশালী করিয়াছে। বাংলার কংগ্রেসপন্থী হিন্দু মধ্যবিত্তদেরও মহাসভার প্রভাবের মধ্যে ঠেলিয়া দিয়াছে। মহাসভার প্রভাব বাড়িতেছে দেখিয়া কংগ্রেস শ্যামাপ্রসাদ মুখাজীর কোন আওয়াজের বিরোধিতা করিতে সাহস করে না, বরং সম্পূর্ণভাবে মহাসভার সহিত লীগবিরোধী কার্যকলাপে যোগদান করিতেছে। তাহার প্রধান রাজনৈতিক ফল হইল কংগ্রেসের স্বতন্ত্র রাজনৈতিক সন্থার মৃত্যু। কংগ্রেসপন্থীরা বলেন, "আমরা আবার কোথায় মহাসভার সাথে মিলিয়া গোলাম? আমরা আইনসভায় স্বতন্ত্র প্রস্তাব আনি, আমরা শ্যামাপ্রসাদবাবুর রিলিফ কমিটিতে না যাইয়া স্বতন্ত্র রিলিফ কমিটি গড়িয়াছি।" ইহা শুধু নামকাওয়ান্তে স্বাতন্ত্র্য রাখা। তাঁহারা লীগের বিরুদ্ধে শ্যামাপ্রসাদের প্রত্যেকটি আওয়াজের সঙ্গে সূর্ব মেলান এবং প্রত্যেকটি আন্দোলনে যোগ দেন। আজ পর্যন্ত তাঁহারা শ্যামাপ্রসাদের একটি আওয়াজেরও বিরোধিতা করেন নাই। শ্যামাপ্রসাদের পন্থা অনুযায়ী কংগ্রেসপন্থীরা কোন কোন স্থানে স্বর্বদলীয় খাদ্য কমিটিরও বিরোধিতা করেন। কংগ্রেস মহাসভার লেজুড় বনিয়া যাইবার জন্যই বাংলায় খাদ্যের জন্য—জাতীয় ঐক্য গড়া দুঃসাধ্য হইয়া উঠিয়াছে।

### কমিউনিষ্ট পার্টি

আমাদের পার্টিই সঠিক খাদ্য নীতি প্রচার করিয়াছে। মজুত বিরোধী অভিযান করা, মজুত ধরিয়া জনগণের খাদ্য কমিটির মারফং বিতরণ করা, খাদ্যের জন্য সমস্ত দলগুলিকে একতাবদ্ধ করা, দৃস্থদের জন্য খাদ্য বিতরনের ব্যবস্থা করা—এই নীতি একমাত্র আমাদের পার্টিরেই নীতি। এই নীতি লইয়া আমরা বহু জেলায় জনগণের খাদ্য কমিটি গঠন করিয়া তাহার ভিতর সকল দলকে একতাবদ্ধ করিয়াছি। এই পথই যে খাদ্য সংকট দূর করিবার একমাত্র পথ লীগ মন্ত্রীমণ্ডলীও তাহা মানিয়া লইয়াছেন, কিন্তু কার্যক্ষেত্রে তাঁহারা এই নীতি প্রয়োগ করিতে পারেন নাই। আমরা আমাদের খাদ্যের কাজের ভিতর দিয়া জনগণের কাছে সাচ্চা সমাজ সেবক বলিয়া গৃহীত হইয়াছি। কিন্তু সংকটের তাঁব্রতা আমরা কমাইতে পারি নাই। সংকট দিন দিন ঘোরতর হইয়াছে। আমাদের অক্লান্ত পরিশ্রম ও সঠিক নীতি সত্ত্বেও সংকট না কমিয়া এমন সাংঘাতিকভাবে বাডিল কেন ও আমাদের গলদ কোথায় ও

আমরা লীগ ও লীগ বিরোধীদের ভিতর ঐক্য প্রতিষ্ঠা করিতে পারি নাই, বরং তাহাদের সংঘর্ষ আমাদের চেষ্টা সত্ত্বেও প্রবল হইয়াছে। ইহার প্রধান কারণ আমাদের খাদ্য আন্দোলনের মধ্যে রাজনৈতিক প্রচার কার্য নাই, আছে শুধু অন্ধ সমাজসেবা। খাদ্য কমিটির মধ্যে যে একতা প্রতিষ্ঠিত হইয়াছে তাহাও এত দুর্বল যে শ্যামাপ্রসাদের রাজনীতিই হিন্দু মধ্যবিত্তের মধ্যে জনপ্রিয়। আমাদের অন্নসত্র বা লঙ্গরখানাগুলিতেও কোন রাজনীতি নাই, সেখানে আমরা শুধু অন্নই বিতরণ করি ; সভা করিয়া, গান গাহিয়া, পোষ্টার বা ফেস্টুন লইয়া অন্নসত্রের মধ্যে আমরা রাজনীতি প্রচার করি না একেবারেই। আমরা ছাডা আর সমস্ত রাজনৈতিক দলই তাহাদের অন্নসত্রের ভিতরও প্রাণপণে দিনরাত তাহাদের রাজনৈতিক শ্লোগানগুলি প্রচার করিয়া থাকে। চাউল আজ সকল দলের কাছেই রাজনৈতিক অস্ত্র হইয়া দাঁড়াইয়াছে। শুধু আমরাই চাউলকে রাজনীতি হইতে স্বতন্ত্র করিয়াছি। আমাদের নেতৃত্ব যাহাদের উপর আছে তাহাদেরও আমরা আমাদের খাদ্যনীতি অনুযায়ী পরিচালনা করি না। আমরা এমনই অন্ধভাবে খাদ্যের কাজ করিয়াছি যে "মূল্য নিয়ন্ত্রণ চালু কর" শ্লোগান থাকা সত্ত্বেও আমরা কৃষকসভার অন্তর্গত কৃষকদের বলি নাই নিয়ন্ত্রিত দামে ধান বেচিতে। আজ যদি বঙ্গীয় প্রাদেশিক কৃষক সভার নেতৃত্বে কৃষকরা নিয়ন্ত্রিত দামে ধান বেচিত তাহা হইলে খাদ্য সমস্যার সমাধানে আমরা কত বড় স্থান গ্রহণ করিতে পারিতাম। আমরা আমাদের পরিচালিত শ্রমিকদেরও খাদ্যের জন্য ত্যাগ স্বীকার করিতে বলি নাই। বহু শ্রমিক তাহাদের কারখানা-মালিকদের নিকট হইতে খুব কম দামে চাউল ও আটা পায়। অথচ আমরা তাহাদের কখনো ডাকি নাই রিলিফ কিচেনে তাহাদের খাদ্যের অংশ দান করিবার জন্য। খাদ্যের কাজকে আমরা নিছক সেবা সমিতির কাজের মতোই চালাই। জনগণের মধ্যে দেশাত্মবোধ জাগাইবার জন্য আন্দোলন পরিচালনা করি না। আমাদের এই ত্রুটির মূলে রহিয়াছে আমাদের রাজনৈতিক চেতনায় দুর্বলতা। শ্যামপ্রসাদের যুক্তি লইয়া লোকে যখন আমাদের আক্রমণ করে তখন আমরা থতমত খাইয়া যাই। সংকটের সম্পূর্ণ চেহারা আমাদের কাছেই স্পষ্ট নয়; তাই ভেদপন্থীদের সমস্ত যুক্তি জোরের সাথে খণ্ডন করিতে পারি না।

#### আসন্ন বিপদ

আমরা খাদ্যের জন্য ঐক্য গড়িয়া তুলিতে পারি নাই বলিয়া অবস্থা দিন দিন ৯ই আগস্টের চেয়েও ভয়ঙ্কর আর একটা দুর্যোগের দিকে চলিয়াছে। লীগ ও লীগ বিরোধীদের সংঘর্ষ চরমে উঠিয়াছে। লীগ মন্ত্রীসভাকে উৎপাটিত কর—ইহাই হইল বিক্ষুব্ধ দেশভক্তদের আওয়াজ। ক্ষুধা, হতাশা ও বিক্ষোভের আগুনে দেশের সমস্ত মানুষের মন এমন আগুন হইয়া আছে যে কোন মুহুর্তে ৯ই আগস্টের চেয়েও বড় রকমের ঝড় উঠিতে পারে।

#### আত্মরক্ষার আন্দোলন চালাও

প্রত্যেক বাঙালীর সামনে একটি সরল প্রশ্ন—'বাংলাকে যতটা পার বাঁচাইবার চেষ্টা করিবে, না প্রত্যেকেই অপর সকলের মৃত্যু দেখিবে?' আমাদের কাজ এই সরল প্রশ্ন সকলের সামনে উপস্থিত করিয়া দেশময় আত্মরক্ষার আন্দোলন চলানো। লীগ, কংগ্রেস ও মহাসভা আজ দলগত ঘংঘর্ষে উন্মন্ত, উপর হইতে এখনই ঐক্য হওয়া সম্ভব নয়। আজ গ্রামে গ্রামে, শহরে শহরে জনগণের ভিতর স্থানীয় ঐক্য গড়িয়া তুলিয়া জাতীয় ঐক্যের সম্ভাবনা সৃষ্টি করিতে হইবে। ক্ষুধিত প্রতিবেশীকে বাঁচাইবার জন্য অগ্রসর হও—ইহাই হইল আমাদের আত্মরক্ষার আন্দেলনের মূল গ্লোগান।

- —মজুতদারদের বিরুদ্ধে অভিযান কর, মজুত ধর। ধরা মজুত খাদ্য কমিটির কাছে সস্তাদরে বিক্রী কর।
- —গ্রামে গ্রামে ধর্মগোলা তৈরী কর। সমবায় সমিতি গঠন কর। কৃষকদের ভিতর প্রচার কর নিয়ন্ত্রিত দামে খাদ্য কমিটির কাছে, ধর্মগোলার কাছে, সমবায় সমিতির কাছে ধান বিক্রী করিতে। অবস্থাপন্ন ব্যক্তিদের জড়ো করিয়া ধর্মগোলা তৈরি করিতে হইবে। এইভাবে আমন ধান রক্ষা কর।
- —গ্রামের প্রয়োজনীয় ধান গ্রামে রাখিয়া বাকী ধান সরকারি এজেন্টের কাছে বা অন্যত্র খাদ্যকমিটির কাছে বিক্রী কর।
  - —আমন ধান রক্ষা করিবার জন্য গ্রামের জমিদার, জোতদার, ব্যবসায়ী সকলকেই ঐক্যবদ্ধ কর।
  - —কৃষকদের মধ্যে ব্যাপকভাবে প্রচার কর মজুতদারের কাছে ধান বেচিও না।

  - —গ্রামে গ্রামে রিলিফ কিচেন খোল ; রিলিফ কিচেনগুলিকে দেশাত্মবোধ প্রচারের কেন্দ্র কর।

রিলিফ কিচেনের ভিতর সভা কর ; গানের আসর কর, বক্তৃতা দাও, আত্মরক্ষার জন্য সকলকে ঐক্যের পথে আহ্বান কর। গ্রামে গ্রামে রিলিফ কিচেন খুলিয়া গ্রামত্যাগী দুস্থদের ফিরাইয়া আন।

- —গ্রামে গ্রামে খাদ্য কমিটির চেষ্টায় বাঁধাদরের দোকান খুলিবার জন্য আন্দোলন কর, গ্রামবাসীদের বাঁচাও।
- —শহরের দুস্থদের গ্রামে পাঠাও, তাহারা শহরে থাকিলে বোমার আঘাতে মরিবে, সংক্রামক ব্যাধিতে শহরের সকলে মরিবে। তাহাদের গ্রামে না পাঠাইলে গ্রামের চাষ ও শিক্স বন্ধ হইবে। তাহাদের গার্হস্থ্য জীবনে পুনরায় প্রতিষ্ঠিত কর।
  - —শ্রমিকদের মধ্যে দেশাদ্মবোধ জাগাও। তাহাদের বল রেশনের ভাতা রিলিফ কিচেনে দান করিতে।

শহরে রেশনিং হইলে শিক্ষ অঞ্চলের শ্রমিকদের জন্যও রেশনিং হইবে। এখন অনেক কারখানার শ্রমিক মাগ্গীভাতার পরিবর্তে কোম্পানীর নিকট হইতে বাঁধাদরেরও কম দামে রেশন পায়।

সারা শহরে রেশনিং ইইলে তাহাদেরও বাঁধা দরে রেশন দেওয়া হউক। কেননা শ্রমিকদের জন্য একদাম আর অন্যত্র তাহার বেশি দাম থাকিলে কোম্পানীর পক্ষে শ্রমিকদের রেশন চুরি করিয়া বাহিরে চোরাকারবার করিবার প্রবৃত্তি জাগিবে। যে শ্রমিকরা এখন বাঁধা দরের কমে রেশন পায় তাহাদের বাঁধা দরে কিনিতে হইলে বেশি দাম দিতে হইবে। এই অতিরিক্ত টাকা কোম্পানী তাহাদের মাণ্গী ভাতা হিসাবে দিক।

এই সমস্ত শ্লোগান ও এই সমস্ত কাজ লইয়া গ্রামে গ্রামে ও শহরে শহরে প্রচার ও আন্দোলনে বাহির হউন। হিন্দুদের বুঝান লীগ মন্ত্রীসভাকে উৎখাত করিবার উত্তেজনা বর্জন করিতে। লীগ বিরোধী আন্দোলনে হিন্দু মধ্যবিত্তরা খাদ্য পাইবে না। লীগ বিরোধী আন্দোলনের ফল হইবে আমলাতন্ত্রের পূর্ণ ক্ষমতা; আমলাতন্ত্রই এই সংকটের জন্য দায়ী, তাহার হাতে ক্ষমতা গেলে কেহই খাদ্য পাইবে না। হিন্দু মধ্যবিশুকে যদি বাঁচাইতে হয়, তাহা হইলে লীগ বিরোধী আন্দোলন ছাড়িয়া

ঐক্যবদ্ধ খাদ্যকমিটি গড়ন। মজুত বিরোধী অভিযান চালাইয়া মজুত ধরুন। হিন্দু মহাসভা আজ বাংলাকে বাঁচাইতে পারে, এই সব কাজে অগ্রণী হইয়া লীগের সঙ্গে ঐক্য প্রতিষ্ঠায় উদ্যোগী হইয়া। মজুতদারদের বিরুদ্ধে লীগের সঙ্গে ঐক্যবদ্ধ হইলে বাংলা বাঁচিবে। ফজলুল হককে বর্জন না করিলে যদি লীগের সঙ্গে ঐক্য সন্তব না হয়, তাহা হইলে ফজলুল হককে বর্জন করিয়া লীগকেই গ্রহণ করুন, বাংলাকে বাঁচাইবার জন্য এই ত্যাগ নিশ্চয় করিতে হইবে। হকের সঙ্গে মহাসভার ঐক্য বাংলাকে বাঁচাইতে পারে নাই, লীগের সঙ্গে কংগ্রেস ও মহাসভার ঐক্যই বাংলাকে বাঁচাইতে পারে। লীগের বিরুদ্ধে হকের সঙ্গে ঐক্য রাখার অর্থ বাংলার মধ্যবিত্তদের হত্যা করা। লীগ বিরোধী আন্দোলনের আর এক ফল হইবে সাম্প্রদায়িক সংঘর্ষ। সাম্প্রদায়িক সংঘর্ষ হিন্দু মধ্যবিত্তই ক্ষতিগ্রস্ত হইবে সবচেয়ে বেশি।

লীগপন্থী মুসলমানদের বুঝান যে পূর্ব-পাকিস্তান আজ বিপদাপন্ন, একদলীয় মন্ত্রীসভা পূর্ব-পাকিস্তানকে বাঁচাইতে পারিবে না। লীগ আজ অগুণী হউক সর্বদলীয় মন্ত্রীসভা গঠনের জন্য। বাংলার মুসলমানদের বাঁচাইবার জন্য লীগকে দলগত স্বার্থ ত্যাগ করিয়া সর্বদলীয় মন্ত্রীসভা গঠন করিতেই হইবে। দলগত স্বার্থে সর্বদলীয় মন্ত্রীসভা গঠন না করার অর্থ বাংলার লক্ষ লক্ষ মুসলমানকে না খাওয়াইয়া মারা। একদলীয় মন্ত্রীসভা মজুতদারদের প্রভাব নম্ভ করিতে অক্ষম, একদলীয় মন্ত্রীসভা আউস ধানের মতো আমন ধানও পাইবে না।

পার্টির প্রত্যেক ইউনিট, এই রণধ্বনি লইয় জনগণের মধ্যে যান, দিন রাত প্রচার করুন, দিনরাত কাজ করুন। আমন ধানের উপর দেশের ভাগ্য নির্ভর করিতেছে। আমাদের এই ঐক্য আন্দোলন অনবরত চালাইতে হইবে, যাহাতে আমন ধান রক্ষা করা যায়। সেই সঙ্গে আগামী বৎসরের ফসল বাড়াইবার আয়োজন এবং প্রচার এখন হইতেই আরম্ভ করুন। ফসল রক্ষা কর, ফসল বাড়াও এই দুই শ্লোগান একসঙ্গে লইয়া অগ্রসর হউন। কৃষকদের মধ্যে এ আন্দোলন কৃষক সভার মারফং চালাইতে হইবে, কৃষক সভাকে কৃষক জনতার প্রকৃত নেতায় পরিণত করিতে হইবে।

আমরা এইভাবে প্রচার, আন্দোলন এবং সংগঠনের কাজে নামিলে সাফল্য নিশ্চিত। বাংলার দুর্যোগ যেমন বাড়িয়াছে, তেমনি সুযোগও আসিয়াছে। বাংলাকে বাঁচাইবার জন্য শুধু ভারতের নয়, পৃথিবীর জনগন আজ জাগিয়া উঠিয়াছে, দেড় বংসর আগে পৃথিবীর জনগন যেভাবে আন্দোলন করিয়া ভারতে ক্রীপস্ মিশন পাঠাইয়াছিল, এখন আবার দুনিয়ার দেশে দেশে সেইরকম আন্দোলন আরম্ভ হইয়াছে। এই দেড় বংসরে জনগণের অভিজ্ঞতা বাড়িয়াছে, আমাদেরও শক্তি বাড়িয়াছে। আমরাও খাদ্যের জন্য আন্দোলন ও কাজের ভিতর দিয়া অনেক বেশি সংগঠিত হইয়াছি। আমাদের কমরেজরা যদি মুখ খুলিয়া জনগণের মধ্যে, স্বদেশ সেবকদের মধ্যে সর্বশ্রেণীর মধ্যে প্রচার আন্দোলনের অন্ধ্র লইয়া অগ্রসর হন ও গ্রামে, শহরে শহরে স্থানীয় একতা গড়িয়া আমন ধান রক্ষা করেন, তাহা হইলে বাংলার রাজনীতির মোড় ফিরিয়া যাইবে। বাংলা হইতেই ভারতের দুর্যোগ আরম্ভ হইবে।

# আবার আকাল

[১৯৪৬ সালের ২৬ জুন বাংলার লীগ মন্ত্রিসভার কাছে পেশ করা যৌথ স্মারকলিপি। শ্যামল চক্রবতী ও অ**ঞ্জ**ন বেরা সম্পাদিত, জ্যোতি বসুর নির্বাচিত রচনা সংগ্রহ, প্রথম খণ্ড, কলকাতা ২০০২, পৃ. ১৮-৩৫]

# আবার দুর্ভিক্ষের কালোছায়া

১৯৪৩ সালের মর্মদন্ত ঘটনার স্মৃতি মিলাইতে না মিলাইতে তিন বৎসরের ভিতরেই আবার আর একটি দুর্ভিক্ষ বাংলা দেশকে গ্রাস করিতে বসিয়াছে। ধান চাউলের দর ছ-ছ করিয়া চড়িতেছে। বাজারে চাউল মিলে না। কোথাও অনাহারে আত্মহত্যা, কোথাও বা মৃত্যু। দলে দলে বৃভূক্ষু নরনারী গ্রাম ছাড়িয়া যাইতেছে, শহরে দুঃস্থদের ভিড় এ সমস্তই আসন্ন দুর্যোগের ইঙ্গিত মাত্র।

# (১) ধান চাউলের উঠতি দর

ঘাটতি অঞ্চলের চাউলের সর্বোচ্চ কন্ট্রোল দর মণকরা ১৫ টাকা, বাড়তি অঞ্চলে মণকরা ১৩ টাকা ১২ আনা। এই কন্ট্রোল দরগুলিই এত চড়া যে সেগুলি গ্রামের গরিবদের নাগালের বাহিরে। তাহার উপর দর ৬-ছ করিয়া বাড়িতে আরম্ভ করিয়াছে—এমনকি কোনো কোনো অঞ্চলে ৪৫ টাকায় উঠিয়াছে। ৮ই জুন স্টেটসম্যানে অ্যাসোসিয়েটেড প্রেসের সংবাদ, ঢাকা জেলার কালিগঞ্জ থানার এক বাজারে চাউল ৪৫ টাকা মণ করে বিক্রি হইয়াছে। ঐ তারিখেরই স্টেটসম্যানে অ্যাসোসিয়েটেড প্রেসের আর একটি সংবাদ—ত্রিপুরা জেলার বিভিন্ন জায়গায় চাউলের মণকরা দর ৩০-৪০ টাকা। ৭ই জুনের স্টেটসম্যানে অ্যাসোসিয়েটেড প্রেসের নোয়াখালির খবর, চাউলের দর ওই জেলায় ৩০ টাকা হইতে ৩৫ টাকার ভিতর ওঠানামা করিতেছে। ৩১শে মে-র স্টেটসম্যানে অ্যাসোসিয়েটেড প্রেসের আর একটি খবর—ফরিদপুর জেলার কোনো কোনো জায়গায় চাউলের দর হঠাৎ বাড়িয়া ৩৫ টাকায় উঠিয়াছে। ১১ই জুনের 'আজাদ' পত্রিকায় ঢাকা এবং নোয়াখালির সংবাদে দেখা যায় ঃ ঢাকা জেলার শিবপুরে চাউলের দর ৪০ টাকা, চরসিন্দুরে ৩৫-৪০ টাকা এবং নোয়াখালিতেও ৩৫-৪০ টাকা। ৭ই জুনের 'আজাদে' নেত্রকোণার সংবাদে দেখা যায়, চাউলের দর নাগালের এত বাহিরে বাড়িয়াছে যে অসহায় গরিবেরা অনাহারে দিন কাটাইতেছে। ওই তারিখেরই 'আজাদে' সিরাজগঞ্জের সংবাদ ঃ চাউলের দর চড়িয়া মণকরা ৩৫ টাকায় উঠিয়াছে। ৮ই জুনের 'আজাদে' লীগ এম-এল-এ মিঃ মহম্মদ ইসরাইলের এক বিবৃতিতে পাওয়া যায়, কিশোরণঞ্জে চাউলের দর ৩০ টাকা, জগন্নাথগঞ্জে (ময়মনসিংহ) ৩২ টাকা (২৫.৫.৪৬) এবং সিরাজগঞ্জে ৪০ টাকা (১.৬.৪৬)। এই সব দরের চাউল বিক্রি হইতে তিনি নিজ চোখে দেখিয়াছেন। অন্যান্য জেলা হইতে যে সব সংবাদ আসিয়াছে তাহাতে দেখা যায় ঃ চাউলের দর ক্রমেই চড়তির মুখে, মণকরা ২০ টাকার কম কোথাও নাই। সারা বাংলা দেশ জুড়িয়া আজ ধান চাউল খোলাখুলি চোরাবাজারে বিক্রি হইতেছে।

## (২) বাজারে আর ধান চাউল মিলিতেছে না

কোনো কোনো জায়গায় যে-কোন চড়া দামেও ধান চাউল মিলে না। অ্যাসোসিয়েটেড প্রেস মারফত ২রা জুনের ঢাকার খবর ঃ বছ জায়গায় ধান চাউল একেবারে মিলিতেছে না। ফলে বছ পরিবার খাদ্যাভাবে অনাহারে দিন কাটাইতেছে (৬ই জুনের 'অমৃতবাজার পত্রিকা')। ওই তারিখেরই 'অমৃতবাজারে' উক্ত প্রেস মারফত ৩রা জুনের শিলিগুড়ির খবর ঃ স্থানীয় হাটে বিক্রির জন্য ধান চাউল একরকম ছিল না বলিলেই চলে। ৮ই জুনের 'আজাদে' ইউনাইটেড প্রেস মারফত ৭ই জুনের নােয়াখালির এক সংবাদে দেখা যায় ঃ চাউলের একান্ত অভাবে আগের দিন হইতে শহরের হােটেলগুলি বন্ধ, ফলে মামলার জন্য বা অন্য কাজে যাঁহারা মফঃস্বল হইতে আসিয়াছিলেন তাঁহাদের না খাইয়া থাকিতে হইল। ফরিদপুর হইতে

অ্যাসোসিয়েটেড প্রেস মারফত ২রা জুনের সংবাদ 'আজ্ঞাদে' বাহির হইয়াছে ঃ ৭ই জুন তারিখে শহরের বাজ্ঞারে সদরে কোনো চাউল বিক্রি হইতেছেনা। ওই তারিখেরই 'আজ্ঞাদের' খবর, ব্রিপুরা জ্ঞেলার গোয়ালমারি বাজ্ঞারে ২৭শে মে হইতে কোনো চাউল মিলিতেছে না, ফলে বছ পরিবার অনাহারে দিন কাটাইতেছে। ওই তারিখেরই 'আজ্ঞাদের' আর একটি খবর বগুড়া জ্ঞেলার চন্দরবাইসা হাটে ৩০ টাকা মণেও চাউল মিলিতেছে না। এই রকম ভুরি ভুরি সংবাদ উদ্ধৃত করা যায়।

#### (৩) অনাহারে আত্মহত্যা ও মৃত্যু

চাউলের দর বাড়িবার সঙ্গে সঙ্গেই হাজারে হাজারে লোকের অনাহার আরম্ভ হইয়া যায়। ইতিমধ্যেই অনাহারে আদ্মহত্যা ও মৃত্যুর অনেকগুলি সংবাদ প্রকাশিত হইয়াছে। কয়েকটি সংবাদ এখানে দেওয়া হইল। ইউনাইটেড প্রেসের নেত্রকোণার ৭ই জুনের সংবাদ বাহির হইয়াছে ৯ই জুনের সেটসম্যান পত্রিকায়, তাহাতে আছে যে ময়মনসিং জেলার পাথারিয়াপাড়া গ্রামের দিনমজুর পাঁচু শেখ ৩১শে মে তারিখে না খাইতে পাইয়া মারা গিয়াছে। ১৬ই মে তারিখের 'স্বাধীনতা'র খবর, ইডেনগার্ডেনের রেশন অফিসের নিকটে একটি মৃতদেহ পাওয়া যায়। পুলিশ সার্টিফিকেটে প্রকাশিত হয় যে তাহার মৃত্যুর কারণ অনাহার। ময়মনসিংহে তেলিচরার রামনাথ শীল ছিলেন বৃদ্ধ গ্রাম্য কবি, ওই অঞ্চলের সকলেই তাঁহাকে ভালোবাসিত ও শ্রদ্ধা করিত। অভাবের তাড়নায় তিনি জলে ডুবিয়া আত্মহত্যা করেন। এই সংবাদ বাহির হইয়াছে ২২শে মের 'স্বাধীনতা'য়।

শ্রীরজনীকান্ত প্রামাণিক এম-এল-এ মেদিনীপুরের পার্বতীপুর গ্রামের বিপিন দাসের মৃত্যু সম্পর্কে এক বিবৃতি দিয়াছেন ঃ অনাহারের জ্বালা সহ্য করিতে না পারিয়া তিনি গলায় দড়ি দিয়া আত্মহত্যা করিয়াছেন। ভদ্রলোকের অবস্থা পূর্বে বেশ সছেলই ছিল। কিন্তু উপর্যুপরি শস্যহানি হওয়াতে তাঁহার অবস্থা একেবারে পড়িয়া যায়। ১৯৪২ সালে তাঁহার মাত্র বারো বিঘা জমি অবশিষ্ট থাকে। বন্যার পরে পরিবারের আহার যোগাইতে তিনি সেই বারো বিঘা থেকে সাত বিঘা জমি বিক্রয় করেন। পরবর্তী দুই বৎসরে তমলুক লোন কোম্পানিতে বাকি পাঁচ বিঘা জমি বন্ধক রাখিয়া তিনি পরিবারের আহার জোগান। কিন্তু এই বৎসর বন্ধক বা বিক্রি করিবার তাঁহার কিছুই অবশিষ্ট ছিল না। তাঁহার পরিবারে পোষ্য ছিল, একজন পূর্ণ বয়স্ক, দুইজন মহিলা আর পাঁচটি বালকবালিকা—ইহাদের সকলকে লইয়া তিনি তিনদিন না খাইয়া দিন কাটান। যন্ত্রণা আর সহ্য করিতে না পারিয়া তিনি গলায় দড়ি দিয়া আত্মহত্যা করেন। ২৬শে মে এই সংবাদটি প্রকাশিত হয়। বাঁকুড়ার বিজয়লাল মুখার্জিও অনাহারে মারা গিয়াছেন বিলয়া প্রকাশ। বরিশাল, যশোহর এবং আরো অনেক জায়গা হইতেও অনাহারে আত্মহত্যা ও মৃত্যুর সংবাদ আসিয়াছে।

#### (৪) দলে দলে গ্রাম ত্যাগ

স্বভাবতই লোকে আবার খাদ্যাদ্বেষণে ঘর ছাড়িয়া রাস্তায় বাহির হইতেছে। অর্থাৎ আবার আরম্ভ হইল ১৯৪৩ সালের মতো মর্মান্তিক অভিযান। বাঁকুড়া, হাওড়ার দক্ষিণ এবং ২৪ পরগনার ক্যানিং অঞ্চল হইতে লোকে খাদ্যদ্বেষণে দলে দলে গ্রাম ছাড়িয়াছে।

মাত্র সেদিনকার খবরের কাগজের সংবাদ, ঢাকা এবং মাদারিপুর হইতে লোকে বহুসংখ্যায় ঘর ছাড়িতেছে। ২৪ পরগনার হাড়োয়া অঞ্চল হইতে মেয়েরা দলে দলে ভিক্ষা করিতে বাহির হইয়াছেন। নেত্রকোণা, সিরাজগঞ্জ এবং অন্যান্য জায়গা হইতে স্বতঃস্ফূর্ত ভূখমিছিলের সংবাদ আসিয়াছে।

# (৫) দুঃস্থদের ভিড়

মে মাসের প্রথমদিকে মেডিকেল কলেজের সম্মুখে রাস্তায় একটি লোককে পড়িয়া থাকিতে দেখা যায়। প্রথমে মনে হইল সে মৃত, কিন্তু ভালো করিয়া পরীক্ষা করিয়া দেখা গেল তাহা নয়। সে মরে নাই বটে, কিন্তু তাহার জন্য করিবারও আর কিছু নাই, তাহার মৃত্যু আসন্ন। একজন পথচারী মন্তব্য করিলেন, "আবার দুঃস্থদের ভিড় জমিয়া উঠিতেছে"। বাস্তবিকই এমন নয় যে ইহারা ১৯৪৩ সালে দুঃস্থ হইয়াছিল আজ মরিতে বসিয়াছে। যে সমস্ত নৃতন নৃতন পরিবার দুঃস্থ হইয়া কলিকাতার রাস্তায় উঠিয়াছে ইহারা সেই সব পরিবারেরই লোক। আজ যে ইহাদের আমরা বছসংখ্যায়

দেখিতে পাই না, তাহার কারণ কলিকাতার রাস্তায় যাহাতে দুঃস্থদের ভিড় না জমে সরকার সে দিকে যথাসম্ভব ব্যবস্থা করিতেছে। শহরে ঢুকিবার আগেই ইহাদের ধরিয়া লইয়া যাওয়া হয়। তথাপি ১৬ই মে'র সরকারি বিজ্ঞপ্তিতে দেখা যায় যে ১লা মার্চ হইতে ১৫ই মে'র ভিতর কলিকাতার রাস্তা হইতে ১৯৭০ জন দুঃস্থকে কুড়াইয়া লওয়া হয়। ইহাদের মধ্যে ৮৭০ জন বাঙালী বাকি ১১০০ জন অ-বাঙালী। অন্যান্য শহরেও এইরূপ দুঃস্থদের ভিড় আরম্ভ হইয়াছে। এ জায়গায় আমাদের স্মরণ করা উচিত যে, এমনকি ১৯৪৩ সালেও মার্চ বা এপ্রিল মাসে শহরে দুঃস্থদের ভিড় জমিতে আরম্ভ করে নাই, করিয়াছিল আগস্ট মাসে।

অতএব বাংলাদেশের সমস্ত ঘাটতি অঞ্চলে যে দুর্ভিক্ষের অবস্থা দেখা দিয়াছে, বিশেষ করিয়া পূর্ব বাংলার জেলা সমূহে অবস্থা অত্যন্ত ভীতিপ্রদ—এই সিদ্ধান্ত আর ঠেকাইয়া রাখা চলে না। উপরে যে সমস্ত ঘটনার বর্ণনা করা হইয়াছে তাহা হইতে যে কোনো অন্ধ ব্যক্তিও বুঝিবেন একটি সাংঘাতিক দুর্ভিক্ষ বাংলা দেশকে গ্রাস করিতে বসিয়াছে। এমনকি ব্রিটিশ মন্ত্রিসভার মিঃ হার্বার্ট মরিসন মে মাসের মাঝামাঝি ওয়াশিংটনে ঘোষণা করিয়াছিলেন যে সাগর পার হইতে খাদ্য শস্যের আমদানি যদি না হয় তাহা হইলে বাংলা দেশকে আর একটি দুর্ভিক্ষের হাত হইতে বাঁচানো যাইবে না। কিন্তু বাংলার আমলাতন্ত্র কিছু বুঝিবেও না শিখিবেও না। তাহাদের মুখে একই বাঁধা বুলি "বাংলা দেশের অবস্থা খারাপ নয়।"

### বাংলা ও বাহিরে খাদ্যের অনটন

এবার খাদ্যের সাধারণ অবস্থা ১৯৪৩ সালের তুলনায় অনেক বেশি খারাপ। এখানে সেই বাস্তব সত্য পুনরায় দেখাইয়া দেওয়া প্রয়োজন।

(১) আজ সারা পৃথিবীতে খাদ্য সংকট অত্যন্ত তীব্র এবং শেষ পর্যন্ত যে সরকারি হিসাব পাওয়া গিয়াছে তাহাতে জানা যায় ঃ সমগ্র ভাবে ভারতবর্ষে ৬০ লক্ষ টন খাদ্যশস্যের ঘাটতি। কিন্তু ১৯৪৩ সালের চিত্র ছিল সম্পূর্ণ অন্য রকমের। ওই বংসর বাংলাদেশে বাহির হইতে খাদ্যশস্যের মোট আমদানি হইয়াছিল ছয় লক্ষ তিন হাজার টন। তাহাদের হিসাব—

বিদেশ হইতে আমদানি গম	৯৩,০০০ টান
অন্যান্য প্রদেশ হইতে আমদানি গম	২,৪৬,০০০ টন
মোট	৩,৩৯,০০০ টন
অন্যান্য প্রদেশ হইতে আমদানি চাউল—	
প্রথম তিন মাসে	· ১৭,০০০ টন
দ্বিতীয় তিন মাসে	৭৮,০০০ টন
তৃতীয় তিন মাসে	৬৯,০০০ টন
চতুর্থ তিন মাসে	১,০০,০০০ টন
মোট	২,৬৪,০০০ টন
মোট আমদানি চাউল ও গম—	৬,০৩,০০০ টন

(বাংলা সম্পর্কে দুর্ভিক্ষ তদন্ত কমিশনের প্রদন্ত রিপোর্টের ৫৪ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

অন্যদিকে, এই বৎসরে ভারতবর্ষের ঘাটতির পরিমাণ হইল ৬০ লক্ষ টন। স্বভাবতই ভারত সরকারের খাদ্য বিভাগের সেক্রেটারী স্যর রবার্ট হাচিন্স তাঁহার সাধু ইচ্ছা প্রকাশ করিয়াছেন যে বাংলাদেশ তাহার নিজের খাদ্যশস্যেই এবার কাজ চালাইয়া লইবে। আমদানির কথা ছাড়িয়া দিলেও, বাংলার সিভিল সাপ্পাই বিভাগের মন্ত্রী মহাশয় প্রকাশ করিয়া দিয়াছেন, কেন্দ্রীয় সরকার যে ৩৫,০০০ টন ধার নিয়াছিল তাহা সে পরিশোধ করিতে পারিবে না বলিয়া জানাইয়াছে। কলিকাতার রেশনিং বাবদ ৮৩,০০০ টন চাউলের প্রতিশ্রুত কোটা পাঠাইতেও অস্বীকার করিয়াছে এবং প্রতিশ্রুত গমের কোটা সম্পর্কেও সম্ভবত এরূপই বলিবে। এখানেই শেষ নয়। আবার কুচবিহার হইতে চাউল অন্যান্য প্রদেশে পাঠানো হইতেছে। মে মাসে বিদেশ হইতে এক দানাও খাদ্যশস্যের আমদানি হয় নাই, সামান্য কিছু বিদেশ হইতে আসিতেছে বলিয়া প্রকাশ।

সারা ভারতবর্ষে ঘাটতি এত বেশি এবং তাহা এত রূঢ় সত্য যে, বাংলা দেশ যদি নিজের পায়ে দাঁড়াইতে পারে তবেই সে বাঁচিতে পারে নতুবা তাহার ধ্বংস নিশ্চিত।

- (২) খাদ্যশস্যের ঘাটতি গোটা পৃথিবীব্যাপী। এই অবস্থার মাঝে সর্বাপেক্ষা সংকটময় সময় আগামী ছয় মাস আমাদের সম্মুখে পড়িয়া রহিয়াছে। কৃষিমজুর, আধিয়ার, গরিব-কৃষক—আজ ইহাদের সকলেরই খাদ্যভাণ্ডার নিঃশেষ। বোরো এবং আউস ধানের ভালো ফলন হইলে ইহাদের কিছুটা সুরাহা হইত। কিন্তু যে সমস্ত অঞ্চলে আউস এবং বোরো ধানের ফলন হয়, সে সমস্ত অঞ্চল হইত ক্রমাগত যে সব ভয়াবহ সংবাদ আসিতেছে তাহাতে বোরো এবং আউস ধান যে ভালো ফলিবে তাহার কোনো ভরসাই করা চলে না। ২৮.৫.৪৬ তারিখের বগুড়া হইতে ইউনাইটেড প্রেসের সংবাদে প্রকাশ : অবিশ্রান্ত বর্ষণের ফলে, জেলার পূর্বদিকে অর্ধেক অংশে আউস ধানের অধিকাংশই নম্ভ হইয়া গিয়াছে। ফরিদপুর গোপালগঞ্জ হইতে ইউনাইটেড প্রেসের আর একটি সংবাদে জানা যায় ঃ ওই অঞ্চলে সর্ব্বত্র প্রবল ঝড়-বৃষ্টি হইয়া গিয়াছে, ফলে ভালো আউস ধান পাওয়ার আশা খুব কম ; গাইবান্ধা হইতেও আউস ধান নষ্ট হইয়া যাইবার সংবাদ আসিয়াছে (৩১শে মে তারিখের অমৃতবাজার পত্রিকার সংবাদ) ৩রা জুন তারিখে হিন্দুস্থান স্ট্যান্ডার্ড কাগজে প্রকাশ (সংবাদটি ইউনাইটেড প্রেসের) টাঙ্গাইলে আউস ধানের অবস্থা মোটেই সুবিধার নয়। ১০ই জুনের অ্যাসেসিয়েটেড প্রেসের সংবাদ, বাহির হইয়াছে স্টেটসম্যানে ১১ই জুন তারিখেঃ ৭ই জুন ২৪ ঘণ্টাব্যাপী প্রবল বর্ষায় গাইবান্ধা মহকুমার অবশিষ্ট আউস ধান সম্পূর্ণ জলের তলায়। মিঃ মহম্মদ ইসরাইল এম-এল-এ ৮ই জনের 'আজাদে' এক বিবৃতি দিয়াছেন। তিনি বলিয়াছেন, সাধারণত ত্রিপুরা জেলার এবং ময়মনসিংহ জেলার কিশোরগঞ্জ এবং নেত্রকোণা মহকুমার কতক কতক অংশে যে বোরো ধান ফলিয়া থাকে তাহার আধাআধি এবং নেত্রকোণায় আউস ধানের চারভাগের তিন ভাগ অত্যধিক বৃষ্টি হওয়াতে নষ্ট হইয়া গিয়াছে। বাঁকুড়ায় মাঠের পর মাঠে কোনো চাষই নাই, আউস ধান একরকম উঠিবেই না। হুগলী জেলায় জানুয়ারি মাস থেকেই বিস্তৃত ভাবে সাহায্যদান আরম্ভ করিতে হইয়াছে এ জেলায় আউসের কোনো ভরসা নাই। নদীয়া জেলায় আউস ধানই বেশি ফলে, কিন্তু ১৯৪৫ সালে এ জেলা হইতে আউস খুব কমই পাওয়া গিয়াছিল, এ বৎসরও অবস্থা তাহার চেয়ে যে বেশি কিছু ভালো হইবে তাহার কোনো আশা নাই। এই সব সংবাদ হইতে স্পষ্টই বুঝা যায় সাধারণত বৎসরে যে পরিমাণ আউস ধান পাওয়া যায় এ বৎসর তাহার আধাআধি ফলিতে পারে।
- (৩) অথচ অবস্থা এমন যে, নিজের খাদ্যশস্যের উপর নির্ভর করা ছাড়া বাংলার আর এবার কোনো উপায় নাই। বৎসরে সর্বসাকুল্যে বাংলার খাদ্যশস্যের প্রয়োজন ১০৫ লক্ষ টন চাউলের, অর্থাৎ প্রতি সপ্তাহের প্রয়োজন দুই লক্ষ টন। দুর্ভিক্ষ তদন্ত কমিশনের রিপোর্টে আছেঃ ১৯৪৩ সালে খাদ্যশস্যের উৎপাদনে ঘাটতি ছিল ৯ সপ্তাহের প্রয়োজনীয় খাদ্য। কিন্তু সেবার আগেকার বৎসরে উদ্বত্ত ছিল ৬ সপ্তাহের খাদ্য। সুতরাং ১৯৪৩ সালে আসল ঘাটতি ছিল ৩ সপ্তাহের খাদ্যের. অর্থাৎ ৫ লক্ষ ৮৫ হাজার টনের ঘাটতি। এ বৎসরের ঘাটতি তাহার চেয়ে অনেক বেশি। খাদ্য বিভাগের ডিরেক্টর জেনারেলের স্বীকৃতিতে আছে: এ বংসরের ঘাটতি সাড়ে সাত লক্ষ টন। কিন্তু যে ভিত্তির উপর তিনি তাঁহার হিসাব খাড়া করিয়াছেন তাহাতেই ধরা পড়িবে ঘাটতি আরো কত বেশি। ১৯৪৩ সালের শেষে ৮৫৩ লক্ষ টন আমন ধান হইয়াছিল, কিন্তু ১৯৪৪ সালের শেষে আমন ধানের পরিমাণ ছিল ৭০৯ লক্ষ টন। (দূর্ভিক্ষ তদন্ত কমিশনারের রিপোর্ট—১৪৭ পৃষ্ঠায় দ্রষ্টব্য) আর বাংলা সরকারের খাদ্য বিভাগের ডিরেক্টরজেনারেল মিঃ এস. কে চ্যাটার্জির ১০/৪/৪৬-এর বিবৃতি অনুসারে ১৯৪৫ সালের শেষে আমন ধানের পরিমাণ দাঁড়াইয়াছে ১৯৪৪ সালের শতকরা ৯৪ ভাগ। সূতরাং এ বৎসরের আমন ধানের পরিমাণ নিশ্চয়ই ৬৬.৬ লক্ষ টন। ১৯৪৩ সালে আউস এবং বোরো ধান হইয়াছিল ১৯ লক্ষ টন। ইহার আগের পাঁচ বৎসরের আউস এবং বোরো ধানের গড় ফলন ছিল ১০ সপ্তাহের প্রয়োজনীয় খাদ্য অর্থাৎ ২০ লক্ষ টন। সূতরাং এ বংসর আউস এবং বোরো ধান যদি স্বাভাবিক নিয়মেও উঠিত তাহা হইলেও সব শুদ্ধ ৮৬ লক্ষ টনের বেশি চাউল মিলিত না। খাদ্য বিভাগের তদানীন্তন ডিরেক্টর জেলারেল মিঃ হাটলির ২৬শে ফেব্রুয়ারির বিবৃতি অনুসারে ১৯৪৬ সালের জানুয়ারি মাসে বাংলা সরকারের হাতে যে মজুত খাদ্য ছিল তাহার পরিমাণ ৩ লক্ষ ৬৭ হাজার টন। কিন্তু মিঃ চ্যাটার্জি বলিয়াছেন ওই সময়ে মজুত খাদ্যের পরিমাণ ৪ লক্ষ ২৭ হাজার টন।

এ বংসর আউস এবং বোরো ধানের পরিমাণ কোনোক্রমেই ১৫ লক্ষ টনের বেশি ধরা যাইতে পারে না। সূতরাং এই বংসরের মোট ঘাটতি হইল—

	১৯৪৬ সাব্দের মোট খাদ্যের উৎপাদন	সমগ্রভাবে প্রয়োজনীয় খাদ্যের পরিমাণ	১৯৪৬ সালে মোট ঘাটতির পরিমাণ
আমন	৬৬ লক্ষ টন		
আউস	১৫ लक টন		
বৎসরের প্রথমে			
সরকারের হাতে			
মজুত ছিল	8.২৭ লক্ষ টন		
মোট	৮৫.২৭ লক্ষ টন	১০৫ লক্ষ টন	১৯.৭৩ লক্ষ টন চাউল

১৯৪৩ সালে মোট ঘাটতির পরিমাণ ছিল ৬ লক্ষ টন চাউলের। এবার ঘাটতি ১৯.৭৩ লক্ষ টনের। সূতরাং ১৯৪৩ সালের তুলনায় এবারকার অভান্তরীণ ঘাটতি তিন গুণ বেশি।

# দুর্ভিক্ষ ঠেকাইয়া রাখা যাইত

তথাপি দুর্ভিক্ষ ঠেকাইয়া রাখা অসম্ভব ছিল না। এখন কলিকাতা এবং অন্যান্য কয়েকটি জেলায় ৫৫ লক্ষ লোকের জন্য রেশনিং চালু আছে। ধান-চাউল সংগ্রহের একটা ব্যবস্থা আজ খাড়া করা হইয়াছে,—যদিও ইহা দুর্নীতিগ্রস্ত এবং বিশেষ কার্যকরী নয়। ফলে সরকারের পক্ষে সাড়ে তিন লক্ষ টনের মতো খাদ্য মজুত করা সম্ভব হইয়াছে অবশ্য এই মজুতও প্রয়োজনের তুলনায় ভীষণ কম। বিজ্ঞান-সম্মত উপায়ে পরিকল্পিত কতকগুলি গুদামঘরও এখন তৈরি হইয়াছে। যুদ্ধ শেষ হইবার পর জিনিসপত্র চলাচলের ব্যবস্থা নিশ্চয়ই অনেক বেশি সহজ হইয়াছে। যদি সত্যসত্যই কোনো সরকারের গত দুর্ভিক্ষের ভীষণ অভিজ্ঞতা হইতে শিক্ষা লাভ করিবার আগ্রহ থাকিত, যদি ইহা দুর্ভিক্ষ তদস্ত কমিশনের পরামর্শগুলি বিশেষ মনোাযোগের সহিত আলোচনা করিত, এবং রীতিমত একটি খাদ্যনীতি খাড়া করিয়া একদল সৎ সরকারি কর্মচারীর সাহায্যে সেই খাদ্যনীতি কাজে পরিণত করিতে দৃড়প্রতিজ্ঞ হইত, তাহা হইলে সেই সরকার জনসাধারণের সহযোগিতায় আসম দুর্যোগকে ঠেকাইয়া রাখিতে সক্ষম হইত।

#### ৯৩ ধারার শাসনে

কিন্তু তাহা হইবার নহে। গত একবৎসর ধরিয়া বাংলার উপর ৯৩ ধারার শাসন কাল কায়েম ছিল। আমলাতান্ত্রিক ইস্পাতকাঠামো না কিছু শিখিবে, না নতি স্বীকার করিবে। ১৯৪৩ সালের চরম অপরাধমূলক অব্যবস্থার জন্য দুর্ভিক্ষ তদন্ত কমিশন
প্রাদেশিক এবং কেন্দ্রীয় সরকারকে ভর্ৎসনা করে। কমিশন অবিলম্বে কার্যে পরিণত করিবার জন্য সরকারকে কতকগুলি
পরামর্শ দেয়। কেসী রাজত্ব সেই সব পরামর্শের জবাব এক কথায় দিল—"সরকারি কর্মচারী এবং কায়েমী স্বার্থের হাতে
সমস্ত ক্ষমতা অর্পিত রহিল।" তাহাদের নিজেদের কমিশনেরই পরামর্শগুলিকে অসংকোচে অবহেলা করা হইল কি ভাবে?
— কয়েকটির আলোচনা করিয়া দেখা যাউক।

# (১) রেশনিং বা বরাদ্ধপ্রথা

কমিশনের সুপারিশ ছিল ঃ ২৫,০০০-এর বেশি লোক যে শহরেই বাস করে সেই শহরে অবিলম্বে রেশনিং প্রথা চালু করা প্রয়োজন। কলিকাতা, ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, কার্সিয়াং, কুমিল্লা, দার্জিলিং, কালিম্পং এবং হাওড়া এই কয়টি শহরে রেশনিং চালু আছে। কিন্তু এতো সবেমাত্র ৯টি শহর, মোট ৭৭টি শহরের অবশিষ্ট ৬৮-টিতেই রেশনিং প্রবর্তিত হয় নাই। অথচ খাদ্য বিভাগের কর্মচারীরা বিন্দুমাত্র লক্ষা বোধ না করিয়া গর্ব করেন যে তাঁহারা ১৩০ লক্ষ রেশন কার্ড তৈরি করিয়াছেন। অর্থাৎ রেশনের দেখা নাই, রেশন কার্ড তৈরি করিয়াই তাঁহারা গর্বিত। এ যেন বেশি মাহিনা দিবার প্রতিশ্রুতিতে লোক নিযুক্ত করিলাম, অথচ মাহিনা দিবার নামটি নাই।

আবার আকাল 21

### (২) এন্ফোর্সমেন্ট এবং এমবারগো (বাণিজ্য বিধি নিষেধ)

কমিশনের আর একটি সুপারিশ হইল। ব্যবসার ক্ষেত্রে বিধি-নিষেধ জারি করার এবং যে সমস্ত বিধি নিষেধ জারি ইইয়াছে সেইগুলি যাহাতে রীতিমত কাজে পরিণত হয় তাহার আইন-সঙ্গত ব্যবস্থা করা। এগুলি কেতাদুরক্তই রহিয়া গিয়াছে, এগুলির প্রয়োগ অধিকাংশ স্থলেই গ্রামের গরিবদের বিরুদ্ধেই হইয়া থাকে, তাহারা হয় হয়রান, কিন্তু মজুতদার এবং মুনাফাখোরদের চোরাবাজারের কাজকর্ম চলিতে থাকে।

#### (৩) খাদ্য-সংগ্ৰহ

কমিশন বাড়তি খাদ্য দখল করিতে পরামর্শ দিয়াছিল। কিন্তু খাদ্যবিভাগের বড়কর্তারা তাহা কাজে পরিণত করিতে অস্বীকার করিলেন।

### (৪) খাদ্যশস্য ক্রয় করিবার ব্যবস্থা

কমিশন দেখাইয়াছে যে, স্বেচ্ছামূলক খাদ্যসংগ্রহের প্রচেষ্টা বোম্বাই প্রদেশে বানচাল হইয়াছে, এবং পরামর্শ দিল যে উড়িষ্যা এবং মধ্যপ্রদেশে তখন যে রকম ব্যবস্থা ছিল বাংলাদেশেও অন্তত পরীক্ষামূলক ভাবে, সেই ব্যবস্থা চালু করা দরকার। কমিশন জোর দিয়া বলে, চীফ এজেন্সি মারফত খাদ্য সংগ্রহের ব্যবস্থা বন্ধ করিয়া তাহার পরিবর্তে সরকারি ক্রয় ব্যবস্থা অবিলম্বে চালু করা উচিত এবং চাউলের কল হইতে চাউল সংগ্রহের ব্যবস্থা একটি সরকারি এজেন্দির হাতে ছাড়িয়া দেওয়া দরকার। কমিশন বলে যে, খাদ্যসংগ্রহের এজেন্সি এমন হওয়া উচিত যেন তাহা 'সাধারণত জনমতের পূর্ণ সমর্থন ও সহযোগিতা লাভ করে'। আমলাতান্ত্রিক খাদ্যসম্রাটরা সূপারিশগুলি আদৌ মনোযোগ দিয়া পড়িতে বা অন্যপ্রদেশে খাদ্য পরিকল্পনা কী ভাবে কাজে পরিণত হইতেছে সে সমস্ত তথ্যের অনুসন্ধান করিতে সময় পাইয়াছেন কিনা সে বিষয়ে যথেষ্ট সন্দেহ রহিয়াছে। আজও চীফ এজেন্দির মারফত খাদ্য-সংগ্রহের ব্যবস্থা চলিয়াছে। জনসাধারণের সহযোগিতা লাভ করিবার চিন্তা খাদ্যসংগ্রহ-বিভাগের ত্রিসীমানার মধ্যে পৌঁছিতে পারে না। স্বভাবতই খাদ্যসংগ্রহ ব্যবস্থা বিফল হইয়াছে। খাদ্যশস্যের বেশি অংশ মজ্রতদারের হাতে গিয়া পড়িয়াছে। কী ভাবে ইহা ঘটিল তাহা জানিতে গেলে বিশ্বিত হইতে হয়। আমলাতস্ত্র খাদ্যসংগ্রহ ব্যবস্থা লইয়া ছিনিমিনি খেলিতেছিল। এদিকে সমাজবিরোধী জীবেরা ওৎ পাতিয়া বসিয়াছিল। ফেব্রুয়ারি মাসে তাহারা বাজারে নামিয়া পড়িয়া দর বাড়াইয়া দিল এবং প্রচুর খাদ্য ক্রয় করিল। ধান-চাউলের দর কেন বাড়িয়া গিয়াছে তাহার আলোচনা করিতে গিয়া ২৬শে ফেব্রুয়ারি তারিখে খাদ্য বিভাগের তদানীন্তন ডিরেক্টর জেনারেল হাটলি সাহেব বলেন : 'আমরা যতদূর জানি এই মৃহুর্তে ধান-চাউলের দর যে এত বাড়িয়াছে, তাহার কারণ কোনো কোনো অঞ্চলে ব্যবসায়ীরা প্রচুর ধান চাউল কিনিয়াছে, এবং আমাদের বিশ্বাস তাহারা মজুত করিবার জন্যই কিনিয়াছে'। এনফোর্সমেন্ট বিভাগ তখন কি করিতেছিল? মজুত বিরোধী আইনগুলি তখন কোথায় ছিল? সে সব কথার জবাব আজও কেহ দেয় নাই। ফলে বৎসরের প্রথম পাঁচ মাসে সংগ্রহ হইয়াছে মাত্র ৩ লক্ষ ৪৬ হাজার টন। অথচ বাজারে উঠিবার পক্ষে বাড়তি খাদ্যের পরিমাণ ৪০ লক্ষ টন, এবং এই পাঁচ মাসে অন্তত কৃডি লক্ষ টন চাউল বাজারে উঠিয়াছে।

#### (৫) খাদ্য সংরক্ষণ ও অপচয়

খাদ্য বিভাগের কর্মচারীরা ঘোষণা করিয়াছে: যে গুদামগুলি তৈরি হইয়াছে সেগুলিতে ৩ লক্ষ টনের বেশি খাদ্য রাখিবার জায়গা আছে। কিন্তু খাদ্য গুদামজাত করিবার জন্য যে এজেলি প্রথা করা হইয়াছে তাহাতে একদিকে ব্যবসায়ীদের প্রচুর মুনাফা আসিতেছে অন্যদিকে খাদ্য অপচয়ের পথ খুলিয়া গিয়াছে। বাংলা দেশের বিভিন্ন জায়গায় এই সব গুদামের খাদ্য এখনও উধাও হইতেছে বন্ধত খাদ্য অপচয়ের পর্বত প্রমাণ পরিমাণ হইতেই ধারণা করা যায় যে, খাদ্য গুদামজাত করা বিষয়ে কি দারুণ বিশৃষ্ণলা। বিভিন্ন সংবাদপত্রে খাদ্য অপচয়ের যে রিপোর্ট বাহির হইয়াছে আমরা নিম্নে তাহার একটি তালিকা দিতেছি। সরকার হইতে আজও এগুলির কোন প্রতিবাদ বাহির হয় নাই।

সংবাদপত্রের নাম	স্থানের নাম	ধান	চাল	গম	কোন্ তারিখে
		(সমভ	ই মণের হিসাবে ধ	রিতে হইবে)	বাহির হইয়াছে
১। অমৃতবাজার	চৌমোহানী	_	<del></del>	<b>७</b> ०,०००	<b>&gt;</b> ७-१-8৫
२। न्याननामिञ्चे	শিলিগুড়ি			৬,০০০	<b>১৬-</b> ৭-৪৫
৩। আজ্ঞাদ	ঢাকা	_		৪৩,৩৬৮	<b>ን</b> 8-የ- <b>8</b> ረ
৪। নবযুগ	চাঁদপুর			৩,৫০০	<b>२</b> 8-१-8 <i>৫</i>
৫। যুগান্তর	মাদারিপুর			\$8,000	<b>२</b> 8-१-8 <i>৫</i>
৬। যুগান্তর	গোপালগঞ্জ			<b>৫,</b> ٩ <b>৫</b> 0	<b>२</b> 8-१-8 <i>৫</i>
৭। অমৃতবাজার	বর্ধমান	_		\$0,000	<b>১৩-৮-</b> ৪৫
৮। न्यागनानिञ्च	<u>তেজপুর</u>	· —	<b>২৫,०००</b>		<b>১৬-৮-</b> 8৫
৯। আজাদ	বসিরহাট		_	<b>২,</b> ०००	<b>&gt;</b> b-b-8¢
১০। আনন্দবাজার	ফরিদপুর	_		৩,০০০	৩১-৮-৪৫
১১। যুগান্তর	বসিরহাট	_		২,০০০	<b>90-</b> 8-86
১২। न्যामनालिञ्चे	ঢাকা		৪৩,৪২৮		২৬-৮-৪৫
১৩। আজাদ	<b>চাঁদপু</b> র	-		<b>২</b> ०,०००	৯-৯-৪৫
<b>১</b> ৪। न्যामनानिञ्चे	শিলং	<b>૭,</b> ૦૦,૦૦૦	5,00,000		9-৯-8৫
১৫। হিন্দুস্থান স্ট্যাণ্ডার্ড	কিশোরগঞ্জ	_		5,800	২৯-৯-৪৫
১৬। "	<b>पार्जिनिः</b>		১৮,৮৮২		<b>७-</b> ১०-8 <i>৫</i>
591 "	মাণিকগঞ্জ		>0,000	_	৯-১০-৪৫
১৮। আজাদ	শিলিগুড়ি			\$0,000	\$\$-\$o-8¢
১৯। হিন্দুস্থান স্ট্যাণ্ডার্ড	টাঙ্গাইল	_	_	৯,০০০	২৩-১০-৪৫
২০। অমৃতবাজার	বর্ধমান	_		<b>%,</b> 000	98-06-60
২১। হিন্দুস্থান স্ট্যাণ্ডার্ড	ফরিদপুর			৩,৫২৭	<b>২৫-১১-</b> 8৫
২২। অমৃতবাজার	নোয়াখালি		<b>২,</b> ०००		<b>২১-১১-</b> 8৫
২৩। নবযুগ	মাণিকগঞ্জ		<b>৮,৫</b> 00		<b>২৫-১১-8</b> ৫
২৪। স্বাধীনতা	চেতলা (কলিকাতা)	_	১,৪০০		<b>&gt;-&gt;-8</b>
২৫। আনন্দবাজার	দিনাজ <b>পু</b> র	-	<b>७</b> ०,०००		২৮-২-৪৬
২৬। স্বাধীনতা	বিবেকানন্দ রোড				
	(কলিকাতা)		85,000		২৮-২-৪৬
২৭। ভারত	নাটোর		_	২০০	৩-৩-৪৬
২৮। ভারত	<i>निन्</i> या			২,০০,০০০	৩-৩-৪৬
২৯। আনন্দবাজার	বনমালী সরকার				
	ষ্ট্ৰীট (কলিঃ)			\$0,000	৯-৩-৪৬
০০। যুগান্তর	বাঁকুড়া		<b>১,৬</b> 0,000		<b>১০-৩-</b> 8৬
০১। আজাদ	মেহেরপুর		¢,000	_	১৪-৩-৪৬
০২। স্টেটসম্যান	হাওড়া	_	_	3,00,000	২৩-৩-৪৬
<b>०७। न्যामनानिস্ট</b>	নেত্ৰকোণা	_	_	>80	১২-৪-৪৬
০৪। যুগান্তর	বাগেরহাট	४०,०००		_	২৯-৫-৪৬
০৫। আজাদ	ঢাকা	_	90,000		৩-৫-৪৬

continue

***************************************	মোট	<b>७৮</b> ०,०००	०८४,८४७	৬৫৭,১৩৮	
৪২। যুগান্তর	মাণিকগঞ্জ	_	>,00,000	_	<b>२৯-৫-</b> 8७
৪১। যুগান্তর	খুলনা	-		<b>১,8৬,</b> ०००	২৯-৫-৪৬
	শিবপুর, হাওড়া			<b>¢,</b> 000	২৯-৫-৪৬
৪০। যুগান্তর	বোটানিকাল গার্ডে	নস			
৩৯। যুগান্তর	কলিকাতা			\$4,000	২৯-৫-৪৬
৩৮। যুগান্তর	জলপাইগুড়ি			২,০০০	<b>২৯-৫-</b> ৪৬
৩৭। যুগান্তর	কলিকাতা			৩,০০০	২৯-৫-৪৬
৩৬। যুগা <del>ত্</del> তর	<i>নো</i> য়াখালি			४६०	২৯-৫-৪৬

সবশুদ্ধ মোট অপচয়ের পরিমাণ ঃ ১৭,২৮,৯৪৮ মণ

উপরিউক্ত শেষ তারিখের পরে আরো খাদ্য অপচয়ের খবর সংবাদপত্রে বাহির হইয়াছে, কিন্তু সেগুলির হিসাব এখানে ধরা হয় নাই। এই ভাবেই খাদ্য বিভাগের সরকারি কর্মচারীরা তাহাদের মোটা মাহিনা পাইবার সার্থকতা প্রমাণ করিতেছেন। এইখানে উল্লেখ করা প্রয়োজন ১৯৪৪ সাল হইতে ১৯৪৬ সাল পর্যন্ত মোট সরকারি স্টকের পরিমাণ ২০ লক্ষ টন অর্থাৎ ৫৪০ লক্ষ মণও হইয়াছে কিনা সন্দেহ। অর্থাৎ প্রতি তিরিশ মণে এক মণ খাদ্যশস্য নম্ভ হইয়াছে, আর এই রকমটাই নাকি স্বাভাবিক এবং ইহাই আমাদের মানিয়া লইতে বলা হইয়াছে।

আউস এবং বোরো ধানের ফলন খুব খারাপ হওয়ায় গত বৎসরও বিশেষ গুরুত্ব আরোপ করা হয় নাই। এবারও এ সমস্যার গুরুত্ব দেওয়া হইতেছে না। স্বাভাবিক ভাবে, আউস এবং বোরো ধান বাংলাদেশকে দশ সপ্তাহের খোরাক জোগায়, কিন্তু আমলাতন্ত্র গত বৎসরের অভিজ্ঞতা সত্ত্বেও এবছর আউস এবং বোরো ধান রক্ষা করিতে চেষ্টা করে নাই।

### (৬) অধিক খাদ্য উৎপাদনে অবহেলা

খাদ্যের উৎপাদন যাহাতে বেশি হয় সেদিকেও ওই একই ব্যাপারে কোনো মাথা ব্যথা নাই। দুর্ভিক্ষ তদন্ত কমিশন কৃষিকার্য সম্পর্কে একটি নৃতন নীতির বিশদ প্রস্তাব আনিয়াছে। সেটা কাজে পরিণত করিতে পারিলে আমাদের খাদ্যের ঘাটতি অনেকটা পূরণ হইতে পারে। কিন্তু তাহা বেমালুম চাপা দেওয়া হইয়াছে। বাংলা সরকারের ১৯৪৬ সালে অধিকতর খাদ্য উৎপাদনের পরিকল্পনার একটি নমুনা দেওয়া যাক। 'অমৃতবাজার পত্রিকা'য় ১৯শে মার্চের খবর ঃ বাংলা সরকারের কৃষি-বিভাগের সেক্রেটারি মিঃ এস বসু ১৮.৩.৪৬ তারিখে এক প্রেস কনফারেদে বলিয়াছেন, কর্ষণযোগ্য বলিয়া বিবেচিত ৪২ লক্ষ একর পতিত জমির মধ্যে একলক্ষ একর জমি নিশ্চিতরূপে চাষ আবাদের যোগ্য, কিন্তু এই জমি সংস্কার করিয়া তুলিতে এত সময় এবং অর্থের প্রয়োজন যে এদিকে এখনি কিছু করা চলিবে এরূপ ভরসা নাই। অধিকতর খাদ্য উৎপাদনের সরকারি পরিকল্পনায় আরো রহিয়াছেঃ শাক-সবজি উৎপাদনের দিকে দৃষ্টি দেওয়া হইতেছে এবং কলিকাতার বাসিন্দাগণকে প্রতি ইউনিট প্রতি দিন তিন টাকা খরচায় সরকার পক্ষ হইতে লাঙ্গল, চাষী এবং বলদ ভাড়া দিবার বন্দোবস্ত হইতেছে। যাহারা ধান্য উৎপাদন করে সেই সমস্ত চাষীকে লাঙ্গল এবং বলদ যোগাইবার কোন বন্দোবস্ত অবশ্য রাইটার্স বিন্ডিং-এর পরিকল্পনায় নাই। (৩রা মার্চ তারিখে স্টেটসম্যান দ্রন্থব্য)

ইহাই হইল আমলাতদ্রের খাদ্য পরিকল্পনা এবং এইভাবেই সে ইহা কার্যে পরিণত করিতেছে। বাংলায় যে এই বিশৃষ্খল অবস্থা হইবে তাহাতে আশ্চর্যের কি আছে? আমরা এই প্রশ্নই জনসাধারণ এবং মন্ত্রীমণ্ডলীর সম্মুখে পেশ করিতেছি।

### শীগ মন্ত্রিমণ্ডশীর নিজের কোন খাদ্য-পরিকল্পনা নাই

প্রায় দুই মাস হইল লীগ মন্ত্রিমণ্ডলী গঠিত হইয়াছে। একদিকে খাদ্যের ঘাটতি অন্যদিকে ৯৩ ধারা শাসনতন্ত্রের গাফিলতি এবং অকর্মণ্যতা দুর্ভিক্ষকে নিকটতর করিয়াছে। সকল দলের এবং সকল রকম মতের লোকই আশা করিয়াছিল যে এই দুর্ভিক্ষকে ঠেকাইতে লীগ মন্ত্রিমণ্ডলী তাঁহাদের খাদ্যনীতি ঘোষণা করিয়া তাহা কাজে পরিণত করিতে জোর চেষ্টা করিবেন। কিন্তু খাদ্যনীতি বিশ্লেষণ করিয়া লীগ মন্ত্রিমণ্ডলীর কোন পরিষ্কার নির্দিষ্ট বিবৃতি এখনো বাহির হয় নাই। প্রধানমন্ত্রী সুরাবর্দি সাহেব সফরে বাহির হইয়া কখনো কখনো খাদ্যের অবস্থার উপর বক্তৃতা দিয়াছেন। আতংকগ্রস্ত দুর্গত জনসাধারণের নিকট সেগুলি মামুলী ধরনের স্তোকবাক্য মনে হয়—আতংকের বিরুদ্ধে সেই একই উপদেশ, ধান চাউলে দেশ "ভাসাইয়া" দিবার প্রতিশ্রুতিমূলক সেই একই ধরনের ভাষা। খাদ্যের অবস্থা সম্পর্কে নিরুদ্ধেগ ভাব সৃষ্টির সেই পুরাতন রাস্তা।

কিন্তু এগুলি অন্তঃসারশূন্য আমলাতন্ত্রের পক্ষে বেশ মানায়, কিন্তু কোনো জনপ্রিয় মন্ত্রিমণ্ডলীর পক্ষে ইহা একেবারে বেমানান। বাংলাদেশে ৩ কোটি মুসলমানের মধ্যে যাঁহারা ভোটার ছিলেন, তাঁহাদের অধিকাংশ পূর্ব বাংলার জেলাসমূহের বাসিন্দা—সংখ্যায় তাঁহারা বিরাট। তাঁহারা ভোট দিয়া ১১৫ জনকে ব্যবস্থা পরিষদের সদস্য করিয়া পাঠাইয়াছেন এবং তাঁহারাই মন্ত্রীত্ব গঠন করিয়াছেন। ভোটের সময়ে তাঁহাদের প্রতিশ্রুতি দেওয়া ইইয়াছিল তাঁহাদের "রাজত্ব" আসিবে। আজ তাঁহারা খাদ্যও পাইতেছে না। সুদিন আসিবে এই ভরসায় সমগ্র পল্লীঅঞ্চলের জনসঙ্খকে উৎসাহিত করা ইইয়াছিল। কিন্তু আজ তাঁহারা অনাহারে তিল তিল করিয়া মরিতেছেন, আর সরকারি আইনকানুন থাকা সত্বেও খাদ্য চলিয়া যাইতেছে মজুতদারদের কবলে। আপনারা কি এক মুহুর্তও ভাবিয়া দেখিবেন, ইহাতে আপনাদের সম্পর্কে দেশের বিরাট জনসাধারণের ভুল ধারণা ভাঙিয়া যাইতেছে?

১৯৪৩ সালে যে ভবিষ্যৎ সমাজধ্বংসী দুর্ঘটনা ঘটিয়াছিল, সেই রকমের আর একটি দুর্ভিক্ষ হইতে মন্ত্রিমণ্ডলী দেশকে এখনও বাঁচাইতে পারেন। এজন্য তাঁহাদের এই সব উপায় অবলম্বন করিতে হইবে—(১) রাইটার্স বিন্ডিং-এ এখনো যে আত্মপ্রসাদ বিরাজমান মন্ত্রিমণ্ডলীর তাহা ঝাড়িয়া ফেলিতে হইবে, (২) সরকারি দুর্নীতি এবং অকর্মন্যতা একেবারে উৎখাত করিতে হইবে, (৩) সমস্ত রকম যুক্তিসঙ্গত উপায়ে সব রাজনৈতিক পার্টি, কিষাণ সভা, এবং ট্রেড ইউনিয়ন কংগ্রেসের সহযোগিতা লাভ করিবার একান্ত প্রয়োজনীয়তা উপলব্ধি করিতে হইবে এবং (৪) খাদ্যের একটি পরিকল্পনা খাড়া করিয়া একমুহূর্তও দেরি না করিয়া তাহা কার্যে পরিণত করিতে হইবে।

# দুর্ভিক্ষের বিরুদ্ধে সংগ্রাম এবং বাংলাকে রক্ষার জন্য আমাদের পরিকল্পনা

১৯৪৩ সালের দান হিসাবে বাংলাদেশ পাইয়াছে ৬০ লক্ষ দুঃস্থ নরনারী। ইহাদের উপরেও রহিয়া গিয়াছে একটি বিরাট জনসংখ্যা যাহাদের সমস্ত সঙ্গতি ফুরাইয়াছে এবং যাহারা সহনশীলতার শেষ সীমায় আসিয়া পৌছিয়াছে। দুঃস্থের সংখ্যার ভিতরে তাহাদের এখনও ধরা হয় নাই সত্য, কিন্তু তাহারাও আজ নিঃসম্বল। তিন বছর আগে জনসাধারণ যাহা সহ্য করিয়াছে আজ আর তাহাদের সে ক্ষমতা নাই। ক্ষ্পার্ত জনগণের আর্তনাদ এবং মুমূর্ব্র কাতরানি আজ বাংলার দিকে দিকে প্রতিধ্বনিত। আমরা, কমিউনিষ্ট পার্টি বঙ্গীয় ব্যবস্থা পরিষদে নৃতন। আমরা বিশ্বাস করি, এখনই খাদ্য সম্পর্কে একটি নীতি নির্ধারণ করা মন্ত্রিমণ্ডলীর পক্ষে অবশ্য কর্তব্য হইয়া দাঁড়াইয়াছে। তাহা কি ধরনের হইবে সে সম্পর্কে আমাদের প্রস্তাব আমরা নিম্নে দিতেছি। মন্ত্রিমণ্ডলী, ব্যবস্থা পরিষদের মাননীয় সদস্যগণ এবং পল্লী ও নগর বাংলার দেশভক্ত জনসাধারণের কাছেও আমরা তাহা পেশ করিতেছি।

### (১) খাদ্যশস্য সংগ্ৰহ—প্ৰধানতম কাজ

এই বৎসর খাদ্যশস্য সংগ্রহের কাজ মারাত্মকভাবে বিফল হইয়াছে। চাষী, ফড়িয়া বা ব্যাপারীরা চৈত্রের শেষ অবধি বাজারে ধান চাউল আনে ইহা সাধারণ অভিজ্ঞতা। এর পর শতকরা নক্ষই জন পল্লীবাসীর নিকটে আর এক দানাও ধান চাউল থাকে না। দুর্ভিক্ষ তদন্ত কমিশন তাহার বাংলা সম্পর্কে রিপোর্টের এগার পাতায় বলিয়াছেঃ মোট ধান চাউলের শতকরা ৫৪ ভাগ চাষীর ঘরে থাকিয়া যায়, অর্থাৎ বাকি ৪৬ ভাগ বিক্রির জন্য বাজারে আসে। কমিশন 'ভারতবর্ষে এবং বর্মায় চাউলের বাণিজ্য সম্পর্কীয় রিপোর্ট' হইতে উদ্ভূত করিয়াছেঃ "বংসরে যত ধান চাউল বাজারে আসে তাহার শতকরা ৫০ ভাগ জানুয়ারী হইতে এপ্রিল এই চার মাসের মধ্যেই আসিয়া গিয়াছিল....জুলাই এবং আগস্ট মাস ধানের বাজার এবং সেপ্টেম্বর হইতে নভেম্বর পর্যন্ত চাউলের বাজার মন্দা থাকে।" বংসরের প্রথম পাঁচ মাসের ভিতরেই ৩,৪৬,০০০ টন খাদ্য সংগ্রহ করিয়া খাদ্য বিভাগের সরকারি আমলারা পরম খুশি হইয়া গিয়াছে। ঘোষণা করা হইয়াছে সরকারের

বর্তমান স্টক ৩,২৫,০০০ টন। পরবর্তী আমন শস্য উঠিতে আর ২৮ সপ্তাহ বাকি আছে, এই ২৮ সপ্তাহের দুর্যোগ পার হইতে সরকারের হাতে যে পরিমাণ ন্যুনতম খাদ্য থাকা দরকার তাহা এই ঃ

(আটাশ সপ্তাহের প্রয়োজনীয় খাদ্যের পরিমাণের আনুমানিক হিসাব দেওয়া হইল)

 ১। কলিকাতা এবং অন্যান্য ৮টি শহর যেখানে যেখানে রেশনিং প্রথা চালু আছে—সেখানকার ৫৫ লক্ষ লোকের জন্য—

২,১০,০০০ টন

২। আরো ৩৫ লক্ষ লোক যাহাদের সম্পর্কে পুরা রেশনিং চালু করার প্রস্তাব হইয়াছে, তাহাদের জন্য---

১,৩০,০০০ টন

 য সমস্ত পারী অঞ্চলের ২ কোটি লোকের ন্যুনতম খাদ্য যোগাইবার প্রয়োজন তাহাদের তিন মাসের জন্য আংশিক রেশনিং বাবদ—

৮,০০,০০০ টন মোট—১১,৪০,০০০ টন

বাংলা সম্পর্কে দুর্ভিক্ষ তদন্ত কমিশনের রিপোর্টের ৯৬ পাতায় আছে: "বাংলা সরকারের হিসাব মত ২৯টি মহকুমার দুর্দশার জীব্রতা চরমে উঠিয়াছিল….এই ২৯টি মহকুমায় ২ কোটি লোকের বাস।" তখনকার মতো এখনও ঘাটতি অঞ্চলের পরিমাণ অনেক বেশি। ১৯৪৩ সালে ময়মনসিংহ বাড়তি জেলা ছিল, আজ সেখানে অত্যন্ত বেশি রকমের ঘাটতি। তখন নদীয়া জেলা বাড়তি অঞ্চল ছিল। এই বৎসর নদীয়াকে ঘাটতি বলিয়া ঘোষণা করা হইয়াছে। সরকারি তথ্যের অভাবে ঠিক ঠিক হিসাব করা সম্ভব নয়। কিন্তু ১৯৪৩

সালের অত্যন্ত দুর্দশাগ্রন্ত ২৯টি মহকুমার এবং আজ যে সমস্ত অঞ্চলে দুর্ভিক ঘনাইয়া আসিতেছে সেই সমস্ত অঞ্চলের প্রয়োজনীয়

ন্যনতম খাদ্যের আমরা যে হিসাব ধরিয়াছি, কোনোক্রমেই তাহার প্রতিবাদ করা চলে না।

সুতরাং ইহা খুবই পরিষ্কার যে, অবস্থা আয়তে আনিতে হইলে সরকারকে ১১,৪০,০০০ টন খাদ্য অবশ্যই সংগ্রহ করিতে হইবে। কিন্তু স্বেচ্ছামূলক ভিন্তিতে বাজার হইতে যথেষ্ট পরিমাণে খাদ্য সংগ্রহ হইবার আর কোনো সম্ভাবনা নাই। বাধ্যতামূলক ভিন্তিতে খাদ্য সংগ্রহ করাই একমাত্র উপায় রহিয়াছে। আমরা ইহা বিশেষভাবে বলিতে চাই যে, বাংলা দেশের মতো ঘাটতি প্রদেশের পক্ষে যুদ্ধোন্তর পরিবর্তনের যুগে সরকার কর্তৃক একচেটিয়া সংগ্রহ এবং সর্বজনীন পুরা রেশনিং একমাত্র সমাধানের পথ। কিন্তু অন্তর্বতীকালীন ব্যবস্থা হিসাবে, বর্তমান বৎসরের বাকি কয়েক মাসের জন্য নিম্নোক্ত পরিকল্পনা গ্রহণ করিয়া তাহা কার্যে পরিণত করিতে হইবে।

### (ক) প্রদেশের ভিতর খাদ্য-ক্রয়

খাদ্য বিভাগ এ পর্যন্ত যে পরিকল্পনা অনুসরণ করিয়া আসিতেছে তাহা এই মুহুর্তে ত্যাগ করিয়া অবিলম্বে নিম্নলিখিত ব্যবস্থা অবলম্বন করিতে হইবে। যথা—

- (১) চীফ এজেন্দি মারফত খাদ্য-ক্রয়ের ব্যবস্থা অবিলম্বে উঠাইয়া দিয়া তাহার পরিবর্তে গোটা প্রদেশে সরকারের নিজের তরফ হইতে খাদ্য সংগ্রহের ব্যবস্থা চালু করা হউক।
- (২) কন্ট্রোলদরে দাম দিয়া ব্যবসায়ী, মজুতদার, স্টকিস্ট (যাহারা খাদ্য ভাণ্ডারজাত করিয়াছে), চাউলের কলওয়ালা এবং বড় বড় জোতদার—ইহাদের সমস্ত স্টকের উপরেই অবিলম্বে সরকারের দখলে আনিতে হইবে। চাউলের কলওয়ালা এবং ব্যবসায়ীদের ধান চাউল কিনিবার যে লাইসেল দেওয়া হইয়াছে তাহা বাতিল করিতে হইবে। কলগুলি ছাঁটাই-এর ধান সরকারি গুদাম হইতে পাইবে এবং ছাঁটাই-এর মজুরি দিয়া কল হইতে চাউল আবার সরকারি গুদামে ফিরিবে। মজুত বিরোধী এবং চাউলের ব্যবসায় বিধিনিষেধমূলক যে সমস্ত আইন-কানুন আছে সেগুলিকে কঠোরভাবে কার্যকরী করিতে হইবে।
- (৩) মাথা পিছু প্রতিমাসে এক মণ ধান অথবা ২৬ সের চাউল হিসাবে ৬ মাসের খোরাক রাখিয়া প্রতিটি পরিবারের যে ধান-চাউল উদ্বৃত্ত থাকিবে তাহা অবিলম্বে দখল করিয়া লইতে হইবে। যদিও আমাদের দাবি সরকারের তরফ হইতে একচেটিয়া খাদ্য-সংগ্রহ এবং সর্বজ্ঞনীন রেশনিং, তবুও আমরা সঙ্গে সঙ্গে মনে করি সরকার যত দিন না জনসাধারণকে খাওয়াইবার দায়িত্ব নেয় ততদিন সরকারের নিকট স্বেচ্ছা-প্রণোদিত বিক্রয়ের সুবিধা থাকা উচিত। জনপ্রিয় কমিটিগুলির সহযোতিায় উপরিউক্ত উদ্বৃত্ত খাদ্যের স্বেচ্ছামূলক ভিত্তিতে খাদ্য-সংগ্রহের ব্যবস্থা করিতে হইবে।
  - (৪) আউস এবং বোরো ধান সংগ্রহের ব্যবস্থা করিতে হইবে।

- (৫) ভাগের ভাগ কাপড় এবং অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্র যাহাতে চাষীরা পায় সেদিকে সরকারের তরফ হইতে বিশেষ চেষ্টা করা উচিত ; ইহাতে সরকারের নিকট স্বেচ্ছা প্রণোদিত ধান-চাউল বিক্রয়ে চাষীরা উৎসাহ পাইবে।
- (৬) ধান চাউল সংগ্রহের পরিকল্পনার সাফল্যের জন্য যাহাতে বেসরকারি প্রচেষ্টা ও জনসাধারণের পূর্ণ সহযোগিতা লাভের চেষ্টা করা হয় সে বিষয়ে খাদ্য-ক্রয় ব্যবস্থার ভারপ্রাপ্ত কর্মচারীদের নির্দেশ দিতে হইবে।
- (৭) জনসাধারণের কমিটিগুলি সরকারি স্টক এবং গুদামগুলি ইচ্ছামত পরীক্ষা ও তদারক করিতে পারিবে—এইরূপ ব্যবস্থা থাকিবে। ইহাতে জনসাধারণের বিশ্বাস বাড়িবে।
- (৮) খাদ্যশস্য গুদামজাত করিবার ব্যবস্থা বাড়াইতে হইবে এবং এজেন্সি মারফত গুদামের ব্যবস্থা উঠাইয়া দিতে হইবে। যাহাতে খাদ্যের অপচয় না হয় সেজন্য যথাযোগ্য ব্যবস্থা অবলম্বন করিতে হইবে।

#### (খ) খাদ্যশস্যের আমদানি

প্রদেশের ভিতর খাদ্য-সংগ্রহের এই সব ব্যবস্থার সঙ্গে সঙ্গে যথাসম্ভব চাউল এবং আটা আমদানি করিবার চেষ্টা করিতে হইবে। খাদ্যের প্রকৃত অবস্থা বিষয়ে সরকারি আমলাদের লুকোচুরির নীতি ত্যাগ করিতে হইবে, এবং বাংলাদেশে প্রকৃত অবস্থা কি তাহা জনসাধারণকে জানাইতে হইবে। এদিকে চাউলের দর মণকরা ৪৫ টাকা পর্যন্ত উঠিয়াছে অথচ বাংলা সরকার কেন্দ্রীয় সরকারকে জানাইয়াছেন যে চাউলের দর কোথাও ২৬ টাকার উপরে উঠে নাই (ভারত সরকারের খাদ্য বিভাগের সেক্রেটারী হাচিন্স সাহেবের বিবৃত্তি দ্রষ্টব্য)। ভারত সরকার এবং বাইরের জগতের নিকট ক্রমাগত যে ধারণা বিস্তার করা হইতেছে তাহা হইল বাংলা সম্পর্কে কাহারো মাথাব্যথার প্রয়োজন নাই। ভারতের অন্যান্য প্রদেশগুলি এবং সাগর পারের দেশের লোকেরা যদি জানিতে পারেন বাংলার অবস্থা কত গুরুতর, তাহা হইলে যত কমই হউক বাইরে থেকে কিছু আমদানি আসিবার সম্ভাবনা।

#### (২) রেশনিং বা বরাদ্দ প্রথা

আমরা পুনরায় বলিতে চাই সর্বজনীন রেশনিংই বাংলার খাদ্য-সমস্যা সমাধানের প্রকৃত উপায়। কিন্তু ইহাই অমার্জনীয়রূপে অবহেলা করা হইয়াছে, এবং বর্তমানে সরকারের হাতে যে স্টক আছে তাহা দ্বারা সারা প্রদেশ-ব্যাপী রেশনিং প্রবর্তন করা সম্ভব নহে।

- (ক) ২৫ হাজারের বেশি লোক যে যে শহরে বাস করে, সেই সমস্ত শহরেই অবিলম্বে পুরা রেশনিং প্রবর্তন করিতে হইবে।
- (খ) অপেক্ষাকৃত ছোট শহর এবং অন্যান্য ঘাটতি অঞ্চলগুলিতেও আধা রেশনিং এখনই চালু করিতে হইবে। ২ লাখ টন চাউল এখনই ঘাটতি থানাগুলিতে পাঠাইতে হইবে যাহাতে একমাসের মধ্যেই চাউল সমস্ত গ্রামে গিয়া পৌঁছিতে পারে।
- (গ) প্রত্যেক ইউনিয়নে কন্ট্রোল খাদ্যের দোকান খুলিতে হইবে। চাউলের দাম কন্ট্রোল দরের পর্যায়ে নামাইতে এবং চোরাবাঞ্জার দমন করিতে এই সমস্ত দোকান হইতে কন্ট্রোল দরে চাউল ছাড়িতে হইবে।
- (ঘ) যে সমস্ত অঞ্চলে পুরা রেশনিং চালু আছে সেখানে অ-শ্রমজীবী লোকদের জন্য মাথা পিছু সপ্তাহে দুই সের দশ ছটাক রেশন বরাদ্দ আছে। স্বাস্থ্য বজায় রাখিবার জন্য ন্যুনপক্ষে যত ক্যালরির দরকার এই পরিমাণ খাদ্য শরীরে তাহার চেয়ে কম ক্যালরি উৎপাদন করে, ফলে শরীর ভাঙিয়া পড়িবার সন্তাবনা। রেশনের বরাদ্দ আরো কমাইবার কথাবার্তা চলিতেছে। কিছুদিন আগে খাদ্যের ডিরেক্টর জেনারেল বলিয়াছিলেন যে, সে বিষয়ে এখনো কোনো সিদ্ধান্ত নেওয়া হয় নাই। তিনি প্রকৃত জবাব এড়াইয়া গেলেন, তাহার দ্ব্যর্থহীন ভাষায় বলা উচিত ছিল যে রেশনের বরাদ্দ আর কাটা হইবে না।
- (ঙ) খাদ্যের গুদাম জনসাধারণের তদারকে থাকিবে, জনসাধারণের তদারকে রেশনিং এলাকায় চাউল বিতরণ করিতে হইবে।

### (৩) রিলিফ এবং দুর্ভিক্ষ প্রতিরোধের পদ্ম

দূর্ভিক্ষ আইন (ফেমিন কোড), পল্লী বেকার রিলিফ আইন (রুরাল আন এম্প্রয়েড রিলিফ অ্যাষ্ট্র) বাতিল করিয়া তাহাদের

পরিবর্তে এমন আইন পাশ করিতে হইবে যেগুলি মানুষের জীবন, তাহার আর্থিক সাচ্ছল্য, তাহার সমাজের নিরাপত্তা নিশ্চিত করিতে সহায়তা করিবে। কিন্তু সে জন্য কিছুটা সময় লাগিবে। অথচ আজিকার অবস্থায় এক মুহূর্তও বিলম্ব করিবার উপায় নাই। সুতরাং নিম্নলিখিত পদ্বাগুলি অবিলম্বে অবলম্বন করিতে হইবে—

- (ক) জনসাধারণের সংগঠনগুলির উপদেশ, তাহাদের পরামর্শ লইয়া ফেমিন কোডের ধারা অনুযায়ী সমস্ত দুর্দশাপ্রস্ত অঞ্চলকে দুর্ভিক্ষ অঞ্চল বলিয়া ঘোষণা করিতে হইবে।
- (খ) সরকারকে এখনই ঘোষণা করিতে হইবে ঃ সমস্ত খাজনা এবং ঋণ-শোধ স্থগিত রহিল, এবং জমি বিক্রয়, জমি বেদখল এবং অনুরূপ পরোয়ানা বাতিল করা হইল।
  - (গ) যাহাদের জীবিকার কোনো উপায় নাই তাহাদিগকে বিনামূল্যে খাদ্য দান (ডোল) দিতে হইবে।
- (ঘ) পল্লী-অঞ্চলের যে সমস্ত পরিবারের মাথা পিছু মাসিক আয় দশ টাকার কম, তাহাদের সাড়ে সাত টাকা মণ দরে সন্তায় চাউল দিবার ব্যবস্থা করিতে হইবে।
- (ঙ) যেখানেই প্রয়োজন সেখানেই রিলিফ কিচেন খুলিতে হইবে। কর্ম-কেন্দ্রের (ওয়ার্ক সেন্টার) সংখ্যা বাড়াইতে হইবে। আম্যমান মেডিকেল ইউনিটগুলিকে ভাঙিয়া দেওয়া চলিবে না। বর্তমানে যে সমস্ত এফ-আর-ই হাসপাতাল আছে সেগুলিতো থাকিবেই তাহার উপর এমার্জেনির জন্য অতিরিক্ত চিকিৎসা ব্যবস্থা করিয়া রাখিতে হইবে।
- (চ) টেস্ট রিলিফের কাজের বিস্তৃত ব্যবস্থা করিতে হইবে, এবং স্থানীয়ভাবে মজুরির হার যুদ্ধের পূর্বে যাহা ছিল এখন তাহার এক চতুর্থাংশ বাড়াইতে হইবে।

### (৪) খাদ্যের উৎপাদন

উৎপাদন বাড়ানোর জন্য সংগঠিত চেষ্টা করিলে গ্রামস্থ বেকার, ভূমিহীন এবং দুর্ভিক্ষপ্রস্তদের কাজের ব্যবস্থা হইবে, খাদ্যের অবস্থা সম্পর্কে জনসাধারণের মধ্যে বিশ্বাস ফিরিয়া আসিবে এবং স্থায়ীভাবে ঘাটতি সমস্যার সমাধান হইবে। জমি পতিত পড়িয়া থাকা, জল সেচের পুঙ্করিণী সমূহ পরিত্যক্ত অবস্থায় ফেলিয়া রাখা, জমির উর্বরতা ক্রমাগত হ্রাস প্রাপ্ত হওয়া, আধিয়ার এবং ক্ষেতমজুর, যাহারা সত্যিসত্যিই জমি চাষ করে, তাহাদের শোষণ করা—এইগুলিই হইল দুর্ভিক্ষের মূল কারণ।ইহাদের কতকগুলি অবশ্য এমনই সমস্যা যাহাদের সমাধান দীর্ঘমেয়াদী কৃষিনীতি সাপেক্ষ, কিন্তু অবিলম্বে নিম্নোক্ত ব্যবস্থাগুলি করিতে হইবে—

- (ক) সরকারেরই হউক আর জমিদারেরই হউক সমস্ত পতিত জমি নামমাত্র খাজনায় চাব করিতে ইচ্ছুক এমন সব ভূমিহীন ক্ষেতমজুরদের হাতে বন্দোবন্ত করিয়া দিতে হইবে। শুধু তাহাই নয়, তাহারা যাহাতে সেই জমিগুলি উঠাইতে পারে সেজন্য তাহাদের অর্থসাহায্য মঞ্জুর করিতে হইবে। প্রয়োজনের সম্পূর্ণ উপযোগী না হইলেও একটি পতিত জমি সম্পর্কে অর্ডিন্যান্স যুদ্ধের সময়ে জারি করা হইয়াছিল। দুর্ভিক্ষ প্রতিরোধ করিতে আজ কেন সেই রকম অর্ডিন্যান্স পাশ করা হইবে না তাহার কোনো যুক্তি নাই। একটি জরুরী অর্ডিন্যান্স জারি করা উচিত যাহার বলে সমস্ত পতিত জমি চাষ করিতে বাধ্য করা হইবে। মাদ্রাজ সরকার এ দিকে পথ দেখাইয়াছেন, বাংলা সরকারেরও এ বিষয়ে কোনোরূপ দেরি করা উচিত নহে।
- ্খ) ছোটখাটো জ্লসেচ এবং জলনিকাশের পরিকল্পনা বাড়াইতে হইবে, জনসাধারণের সহযোগিতায় সেগুলি কার্যে পরিণত করিতে হইবে।
- (গ) 'দামোদর ভ্যালি পরিকল্পনা' ও 'মোর স্কিম' প্রভৃতি বড় বড় পরিকল্পনা এখনই হাতে লইয়া কাজ আরম্ভ করিতে হইবে।
- (ঘ) বাংলাদেশের জমির একটি বড় অংশে বর্গাদার এবং আধিয়ারেরা শস্য উৎপাদন করে। এই চাষের কাজে লাঙ্গল ও বলদ তাহাদের নিজের, কিন্তু তাহারা ফলিত শস্যের মাত্র অর্থেক পায়। অধিকাংশ জায়গায় বলদের জন্য তাহারা খড় বিচালি পর্যন্ত পায় না। এই সমস্যাগুলির সমাধানে আরো কিছুদিন দেরি করা চলিতে পারে। কিন্তু বর্গাদার এবং আধিয়ারদের কতকগুলি সমস্যা এই বৎসরের শস্য উৎপাদনে গুরুতরভাবে বাধা জন্মাইতেছে এবং অনাহারের সমস্যা প্রবল করিয়া ভূলিতেছে। সেগুলি ইইতেছে:

- (১) জমিদারেরা চাষের জমি হইতে আধিয়ারদের দলে দলে উচ্ছেদ করিতেছে।
- (২) আধিয়ারেরা জমির মালিকদের নিকট হইতে যে ধান কর্জ লইয়াছে তাহার এক বৎসরের সুদ কর্জর পরিমাণের সমান (অর্থাৎ শতকরা এক শত ভাগ)। ইহাকে সাধারণত "দেড়াবাড়ি" বলে—জুলাই মাসে যে পরিমাণ কর্জ লওয়া হইয়াছে তাহার অর্থেক পরিমাণ সুদসহ ডিসেম্বরে শোধ করিতে হইবে। আধিয়ারদের পক্ষে এই হারে সুদ দেওয়া অসম্ভব।
- (৩) আধিয়ারদের ধান কর্জ দিতে অস্বীকার করা হইতেছে এবং তাহাদিগকে জমি হইতে জোর করিয়া উৎখাত করা হইতেছে।

জরুরী অর্ডিন্যান্সের সাহায্যে ইহা বন্ধ করিতে হইবে। ইহাতে নির্দেশ থাকিবে ঃ

- (ক) গ্রাম্য খাদ্যশস্যের ব্যাঙ্ক (পল্লী গ্রেন ব্যাঙ্ক) প্রতিষ্ঠা করিতে হইবে, সেখান হইতে নামমাত্র সুদে আধিয়ার এবং অন্যান্য গরিব লোকদের শস্য কর্জ দিতে হইবে।
- (খ) জমি গত বৎসর যে চাষ করিয়াছিল এবার যদি সে-ই জমি চাষ করিতে চায়, তাহা হইলে আধিয়ারদের সেই সব জমি হইতে উচ্ছেদ করা বন্ধ করিতে হইবে।
- (গ) যে সমস্ত জমিদার বাৎসরিক সর্বোচ্চ সূদ শতকরা সওয়া ছয় টাকা হারে আধিয়ারদের কর্জ দিতে অস্বীকার করিবে তাহাদের শাস্তির বিধান থাকিবে।
- (च) উৎপাদন বাড়াইবার কাজে উৎসাহ দিবার জন্য সরকারের তরফ হইতে বিশেষ চেষ্টা করিতে হইবে যাহাতে অধিকতর খাদ্যশস্য উৎপাদনরত চাষীরা একদিকে সার এবং অর্থসাহায্য পায়, অন্যদিকে কাপড় এবং অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্রের সরবরাহ পায়।
- (%) 'ফসল বাড়াও' প্রচেষ্টায় সাহায্যের জন্য কিষাণদের প্রতিনিধি লইয়া জনসাধারণের বিশেষ কমিটি গঠন করিতে ইইবে।

#### (৫) জনসাধারণের সহযোগিতা

উপরিউক্ত প্রস্তাব কার্যে পরিণত করা জনসাধারণের উদ্যম ও সহযোগিতা ছাড়া অসম্ভব। জনসাধারণকে বাদ দিয়া যে কোন খাদ্যনীতিই নিরর্থক। জনসাধারণের উদ্যম যাহাতে প্রযুক্ত হয়, তাহাদের সহযোগিতা যাহাতে নিশ্চিতরূপে পাওয়া যায় সে জন্য নিম্নলিখিত ব্যবস্থাগুলি অবলম্বন করিতে হইবে ঃ

- (১) একটি সর্বদলীয় প্রাদেশিক খাদ্য পরামর্শদাতা কাউন্সিল অবিলম্বে গঠন করিতে হইবে। ইহার গঠন প্রধানত বে-সরকারি হইবে। ইহাকে এই ভাবে গঠিত করা যাইতে পারে ঃ •
  - (ক) ইহাতে সমস্ত রাজনৈতিক পার্টি, প্রাদেশিক কিষাণ সভা এবং প্রাদেশিক ট্রেড ইউনিয়ন কংগ্রেসের প্রতিনিধি থাকিবে।
  - (খ) ইহাতে মনোনীত সদস্যের কোনো জায়গা থাকিবে না।
- (গ) সিভিল-সাপ্লাই এবং খাদ্যবিভাগের মন্ত্রী ইহার সভাপতি হইতে পারেন। এই কাউন্সিল খাদ্যসংগ্রহ এবং বিতরণের দায়িত্ব হইতে সরকার এবং তাহার কর্মচারীদের মুক্ত করিবে না। কাউন্সিলের কাজ হইবে—
  - ১. প্রদেশের খাদ্যনীতি গঠন করিতে কার্যকরী ভাবে সাহায্য করা।
  - ২. খাদ্য সংকট এবং দুর্ভিক্ষ প্রতিরোধ মজুতদারী, চোরাবাজারি এবং দুর্নীতির বিরুদ্ধে সংগ্রামের পন্থা উদ্ভাবন করা।
  - ৩. এই সমস্ত ব্যবস্থা কি ভাবে কার্যে পরিণত হইতেছে, খাদ্য সংগ্রহের কাজ, রেশনিং গুদামের ব্যবস্থা, খাদ্য চলাচল এবং বিতরণের ব্যবস্থা কি ভাবে চলিতেছে তাহা পরীক্ষা করা তাহার দোষ-গুণ বিচার করা
  - 8. জনসাধারণের খাদ্যের প্রশ্ন দলীয় স্বার্থের উর্ধ্বে রাখিতে সাহায্য করা।
- (২) প্রত্যেক গ্রামেই অনুরূপ ফুড কমিটি গঠন করিতে হইবে, গ্রামস্থ পূর্ণবয়স্ক সকলের ভোট দ্বারা এই কমিটিগুলি গঠিত হইবে, কোনোরূপ সরকারি মনোনয়ন বা হস্তক্ষেপের কোনো ব্যবস্থা থাকিবে না। এই কমিটিগুলির প্রতিনিধিদের

আবার আকাশ 29

লইয়া উচ্চতর কমিটিগুলি গঠিত হইবে—যেমন জেলা, মহকুমা, ইউনিয়ন কমিটি এবং দরকার মতো থানা কমিটিও। এই কমিটিগুলির কাজ নিজ নিজ এলাকার মধ্যে যতদুর প্রযোজ্য প্রাদেশিক কাউন্সিলেরই অনুরূপ হইবে। এই খাদ্য কমিটিগুলি নিজ নিজ অঞ্চলে খাদ্য পরিকল্পনাকে কার্যে পরিণত করিবে।

আমরা আশা করি—সমস্ত প্রদেশের জনগণের জীবন মরণের এই সন্ধিক্ষণে আত্মসন্তুষ্টি, উপদলীয় চক্রান্ত এবং দলগত রাজনীতি যেন আমাদের দেশের জনগণের প্রতি যে আমাদের সর্বপ্রধান আনুগত্য রহিয়া গিয়াছে তাহাকে মসীলিগু করিয়া না দিতে পারে। আমাদের দেশের শ্রমজীবী জনসাধারণ অবিশ্রান্তভাবে এই সবের জন্য আন্দোলন করিয়া যাইবে—(১) খাদ্যের জন্য সর্বদলীয় ঐক্য, ঐক্যবদ্ধ খাদ্যনীতি এবং কোনোক্রমেই মনোনয়ন চলিবে না, এমনভাবে প্রতিনিধিমূলক প্রাদেশিক ফুড কাউন্দিল এবং স্থানীয় খাদ্য কমিটিগুলির গঠনের জন্য আন্দোলন করিবে। (২) হাজার হাজার সভা-সমিতি ও সংগঠন হইতে মজুত বিরোধী আন্দোলন প্রবল করিয়া তুলিবে। মজুতদারের হাতে এক একটি খাদ্যকণা যাওয়ার অর্থ এক একটি ভাইয়ের মৃত্যু—এই আওয়াজে দেশের সর্বত্র প্রতিধ্বনিত করিয়া তুলিবে, (৩) রিলিফ এবং স্বাবলম্বন আন্দোলন গড়িয়া তুলিবে, (৪) ফসল বাড়াইবার জন্য স্বাবলম্বী পরিকল্পনা নিজেদের উদ্যোগেই কার্যে পরিণত করিতে চেন্টা করিবে, (৫) নিজেদের ঝঞ্জি ও দায়িছে মজুত বিরোধী অভিযান চালাইবে, এবং (৬) বিদেশ হইতে খাদ্য-শস্য আমদানির জন্য সংঘবদ্ধ দাবি তুলিবে।

্রিকার আকাল' শিরোনামে একত্রিশ পাতার পুস্তিকা হিসেবে ১৯৪৬ সালে প্রথম প্রকাশিত হয়। ভারতের কমিউনিষ্ট পার্টির বঙ্গীয় প্রাদেশিক কমিটির পক্ষে প্রকাশক ছিলেন কানাই রায়। মুদ্রক কালীপদ চৌধুরী, গণশক্তি প্রিন্টার্স, ৮ই ডেকার্স লেন, কলিকাতা। দাম-তিন আনা। এটি জ্যোতি বসুর একক রচনা নয়। বসু, রতনলাল ব্রাহ্মণ এবং রূপনারায়ণ রায়, তৎকালীন অবিভক্ত বাংলার বিধানসভার এই তিন সি পি আই সদস্য, বাংলার খাদ্য সংকট সম্পর্কে ১৯৪৫-র ২৬ জুন প্রাদেশিক মন্ত্রিসভার কাছে স্মারকলিপি হিসেবে মূল লেখাটি পেশ করেছিলেন। মূল স্মারকলিপি ছিল ইংরাজীতে। তারই বঙ্গানুবাদ প্রকাশ করা হয়েছিল 'আবার আকাল' শিরোনাম দিয়ে। উল্লেখ্য, ১৯৪৬-র মার্চে (১৯ থেকে ২২ তারিখ) অনুষ্ঠিত নির্বাচনে বাংলা প্রদেশে মুসলিম লীগ ১১৪টি আসনে। জতলেও একক গরিষ্ঠতা পায়নি। কংগ্রেস জিতেছিল ৮৬টি আসনে। তবে ২৩ এপ্রিল হোসেন শহীদ সুরাবর্দির নেতৃত্বে গঠিত হয় মুসলিম লীগ মন্ত্রিসভা। এই সরকারে অসামরিক সরবরাহ মন্ত্রী ছিলেন আব্দুল গোফরান। মন্ত্রিসভা গঠনের প্রায় দু'মাসের মধ্যেই স্মারকলিপি পেশ করার ঘটনা তাৎপর্যপূর্ণ।

# খাদ্য সংকটের গোড়ার কথা ঃ খাদ্য সংকট ও কিদোয়াই নীতি

[ আজকের রাজনীতি-৩, আগস্ট ১৯৫২, কলকাতা ]

# বিভৃতি গুহ

# দুর্ভিক্ষ কায়েম

আজ সারা পশ্চিমবংগ জুড়িয়া খাদ্য সংকট চলিতেছে। সুন্দরবনের বুকে মম্বন্তর নামিয়াছে। জিলায় জিলায় চলিয়াছে বুভূকুর আর্তনাদ। এই ব্যাপক খাদ্য সংকট শুধু এই বছরের একটা বিশেষ ঘটনা নয়। খাদ্য সংকট গত বছরও বীভৎসরূপেই দেখা দিয়াছিল। কোচবিহারে চালের দর উঠিয়াছিল ৮০ টাকা। খাদ্য সংকট আজ আর এক বছর দুই বছরের ব্যাপার নয়, খাদ্য সংকট আজ পশ্চিমবাংলার মানুষের জীবনে কায়েম হইয়া বসিয়াছে।

প্রায় দুইশত বছর আগে যখন এই সুজলা সৃফলা শস্যশ্যামলা ভারতে বৃটিশ সাম্রাজ্যবাদের লুগুন সুরু হইল, সাম্রাজ্যবাদী শাসকরা জমিদারী প্রথা কায়েম করিয়া ভারতকে পশ্চাৎপদ কৃষি-প্রধান দেশে পরিণত করিয়া রাখিবার নীতি গ্রহণ করিল, তখন হইতেই শুরু হইল, ভারতের সংকট।

দেড়শত বছর আগে, তখনও দেশে খাদ্য ছিল, কৃষকসমাজ তখনও নিঃস্বে পরিণত হয় নাই, কিন্তু তখন হইতেই ধীরে ধীরে দুর্ভিক্ষ ভারতকে গ্রাস করিয়া চলিল। ১৮০০ হইতে ১৮৫০ সাল পর্যন্ত—এই ৫০ বছরে ভারতে ৭ বার বড় রকমের দুর্ভিক্ষ হইল। আর তাহাতে প্রাণ হারাইল ১৫ লাখ মানুষ। কিন্তু ইহা সবে শুরু। পরবর্তী ৫০ বছরে দুর্ভিক্ষের হার বাড়িয়া চলিল। ১৮৫০ হইতে ১৯০০ সালের ভিতর দুর্ভিক্ষ হইল ২৪ বার এবং ক্ষুধায় আর্তনাদ করিতে করিতে প্রাণ দিল দুই কোটি মানুষ।

বিংশ শতাব্দীতে অর্ধাহার, অনাহার ও দুর্ভিক্ষ ভারতের বুকে পাকাপাকি বাসা বাঁধিল। পঞ্চাশের মন্বস্তরে নামিল মৃত্যুর বন্যা। গত উনবিংশ শতাব্দীর প্রথম ৫০ বছরে সারা ভারতে দুর্ভিক্ষে যত লোক প্রাণ হারাইয়াছিল তাহার আড়াই গুণ মানুষ (৩৫ লাখ) প্রাণ হারাইল শুধু বাংলাদেশেই। ইহার পর হইতে অনাহার ও মৃত্যুর সিংহদুয়ার খুলিয়া গেল। এখন আর দুই তিন বছর পর পর খাদ্য সংকট নয়। খাদ্য সংকট এখন চিরসংকটে পরিণত হইল।

### মিথ্যা প্রচার

বৃটিশ সাম্রাজ্যবাদের শিখানো বুলি কপচাইয়া কংগ্রেসী শাসকরা বলিয়া থাকেন, অতিবৃষ্টি, অনাবৃষ্টি, প্রাকৃতিক দুর্যোগ এবং লোকবৃদ্ধিই নাকি খাদ্য সংকটের জন্য দায়ী। দুনিয়ার ইতিহাস সে ভাঁওতাবাজীর মুখোস টানিয়া ছিঁড়িয়া দিয়াছে।

লোকবৃদ্ধির প্রচার যে কত বড় মিথ্যা কথা, দুনিয়ার বিভিন্ন দেশের লোকবৃদ্ধির সাথে ভারতের তুলনা করিলে তাহা প্রমাণ হইবে।

# লোকবৃদ্ধি (১৮৭০-১৯১৪) (৪৪ বছরে শতকরা বৃদ্ধি)

রুশিয়া	৭৩.৯	বেলজিয়াম—	89.৮
হল্যাণ্ড	<b>७</b> ২.०	ইয়োরোপ (গড়ে)—	84.8
জার্মানী	0.69	ভারত—	<b>۵.</b> ۳۵
ইংলগু ও ওয়েলস—	<b>৫৮.</b> 0		

আর, গত ৪০ বছরে ভারতের লোকসংখ্যা বাড়িয়াছে শতকরা ২২ ভাগ মাত্র।

আজ বিজ্ঞানের অগ্রগতির যুগে প্রকৃতিকে জয় করিবার নব নব পছা মানুষ আবিষ্কার করিয়াছে। সোবিয়েৎ রূশিয়াতে ডন-ভল্গা খাল প্রভৃতির রূপান্তর ঘটাইতেছে। চীন জনগণতন্ত্রে হয়াই নদীর বাঁধ ফসল বৃদ্ধির অপূর্ব সুযোগ খুলিয়া দিয়াছে। ঠিক তখন সাম্রাজ্যবাদ ও কংগ্রেসী শাসকদের কৃপায় ভারতের মানুষকে আজও আদিম মানুষের মতই আকাশের দিকে চাহিয়া চাষ আবাদ করিতে হয়।

### কৃষি সংকট

সাম্রাজ্যবাদী শোষণ ও সামন্ত জমিদারী-জ্যোতদারী প্রথার কল্যাণে কৃষিতে উন্নতি তো দূরের কথা কৃষিব্যবস্থা ধ্বংসের শেব সীমায় নামিয়া চলিয়াছে। উন্নত ধরনের বীজ, সার, যন্ত্রপাতি ও বিজ্ঞান সম্মত চাষের কথা তো উঠেই না, সামান্য সেচ-সারের ব্যবস্থাও নাই।

পশ্চিমবংগ সরকার প্রকাশিত "অধিক খাদ্য উৎপাদনে পশ্চিমবংগ" নামক পুস্তকে সরকারি কর্তারাও ইহা স্বীকার করিতে বাধ্য হইয়াছেন। ঐ পুস্তকে বলা হইয়াছে —

"এই রাজ্যে শতকরা ১৩.১ ভাগ আবাদী জমিতে মাত্র জলসেচ হইয়া থাকে। বাকী সমুদয় জমিতে কৃষি চলে শুধু বৃষ্টির উপর নির্ভর করিয়া। প্রকৃতির খেয়ালে অনিশ্চিত চাষ-আবাদ তাই জুয়াখেলার সামিল হইয়া দাঁড়ায়।"

যে দেশের শাসক ও জমিদার-জোতদারদের কল্যাণে আবাদী জমির শতকরা ৮৭ ভাগ জমিতেই জল সেচের ব্যবস্থা হয় না, সে দেশের চাষ আবাদ যে "জুয়াখেলার সামিল" হইয়া দাঁড়াইবেই, তাহাতে অবাক হইবার কিছু নাই।

শুধুই কি সেচের ব্যবস্থা? সারের ব্যবস্থাও একই রকম। সরকারি পৃস্তিকাটিতেই বলা হইয়াছে —

"বর্তমানে যে পরিমাণে রাসায়নিক সার পাওয়া যাইতেছে, তাহাতে মোট আবাদী জমির শতকরা মাত্র ৫ ভাগের চাহিদা মিটানো যায়।"

সূতরাং আবাদী জমির শতকরা ৯৫ ভাগই উন্নত সারের মুখও দেখিতে পায় না।

ইহারই অবশ্যম্ভাবী পরিণতি হিসাবে খাদ্যের উৎপাদন দ্রুত গতিতে নীচের দিকে নামিয়া চলিয়াছে। গত ৪০ বছরে ভারতে চালের উৎপাদন প্রতি একরে কত কমিয়াছে নীচের হিসাবে তাহা দেখা যাইবে —

#### প্রতি একরে চালের উৎপাদন

१०-५०६८	 ৬০০ সের
?&>७- <b>&gt;</b> १	 ৫০৩ "
<b>১৯</b> ২७-২৭	 ., <i>७</i> ४८
१७-५०६८	 ৩৮৫ "
১৯৪৬-৪৭	 ৩৩৯ "

অবিভক্ত বাংলার প্রাদেশিক ব্যাঙ্কিং এনকোয়ারী কমিটির রিপোর্টে প্রকাশ, ১৯০৬ হইতে ১৯২৭—এই ২০ বছরে বাংলাদেশে প্রতি একরে চালের উৎপাদন আড়াই মণ করিয়া কমিয়া গিয়াছে।

দুনিয়ার অন্যান্য দেশের তুলনায় ভারতের প্রতি একরে চালের উৎপাদন কত নিম্নস্তরের তাহার প্রমাণ নীচের হিসাবটি:

# প্রতি একরে গড় উৎপাদন

(মণ হিসাবে) ১৯৪৬-৪৭

ইতালী—৪৭ মণ চীন (পূর্বেকার)—২৭ মণ জাপান—৩৯ মণ আমেরিকা—২৫ মণ মিশর—৩৮ মণ কোরিয়া—২২ মণ

ভারত-->৪ মণ

একদিকে যেমন প্রতি একরে ফলন কমিয়াছে, তেমনি কমিয়াছে মোট খাদ্য শস্য উৎপাদন। ১৯১৯-২০ হইতে ১৯৪১-৪২ সাল—এই ২০ বছরে ভারতে সমস্ত খাদ্য শস্য মিলিয়া উৎপাদন হ্রাস পাইয়াছে ৫০ লাখ টন।

সারা ভারতের অবনতির সাথে তাল ফেলিয়া চলিয়াছে পশ্চিমবাংলার উৎপাদনও। প্রচুর ঢাক ঢোল পিটাইয়া ও বিপুল অর্থব্যয় করিয়া পশ্চিমবংগ সরকার "ফসল বাড়াও" আন্দোলন চালাইতেছেন। ইহার পিছনে প্রতি বছর টাকা ঢালা হইতেছে প্রায় দেড় কোটি করিয়া। এই অজস্র অর্থব্যয়ে চালের উৎপাদন কিঞ্চিৎ বাড়িয়াছে সত্য। কিন্তু ইহাতে মোট উৎপাদন হ্রাসের গতি এতটুকু রোধ হয় নাই। বরং মোট উৎপাদন বছরের পর বছর কমিয়াই চলিয়াছে। সরকারি হিসাব মতেই মোট উৎপাদন হ্রাসের পরিমাণ ঃ

১৯৪৮ সালে—১ লাখ ১০ হাজার টন। ১৯৪৯ সালে—১ লাখ ৭০ হাজার টন। ১৯৫০-৫১ সালে কিছু বাড়িলেও ১৯৫২ সালে উৎপাদন কমিয়াছে ৪ লাখ ৬৮ হাজার টন।

এই চরম কৃষি সংকটের ফলে ভারতে খাদ্যের ঘাটতি প্রায় ৭০ লাখ টন এবং পশ্চিমবংগে ঘাটতি সরকারি মতে ৯ লাখ টন।

যেখানে খাদ্যের উৎপাদনের অবস্থা এত সঙ্গীন, সেখানে জমিদার জোতদাররা বিপুল পরিমাণ জমি পতিত ফেলিয়া রাখিয়াছে। সরকারি হিসাব মতে পশ্চিমবংগে মোট জমির শতকরা ১১.৬ ভাগ অর্থাৎ প্রায় ২০ লাখ একর আবাদযোগ্য জমি আজও পতিত পড়িয়া আছে। এই জমি কৃষকদের ভিতর বিলি করিয়া চাষযোগ্য করিবার ব্যবস্থা করিতে জমিদার বন্ধু কংগ্রেসী সরকার আদৌ রাজী নয়। ফলে কংগ্রেসী শাসকরা পশ্চিমবংগের মানুষকে দুই কোটি মণ খাদ্য হইতে বঞ্চিত করিতেছে।

### ধবংসের শেষ সীমায় কৃষক

কৃষিতে সামস্ত জমিদারী-জোতদারী প্রথা থাকার ফলে একদিকে যেমন উৎপাদনের অবনতি ঘটিয়াছে, তেমনি অবনতি ঘটিয়াছে কৃষকের জীবনযাত্রার। কৃষকের জীবন ভাঙ্গিয়া চুরমার হইয়া যাইতেছে। বিরাট কৃষক সমাজ নিঃস্ব সর্বহারায় পরিণত হইয়া চলিয়াছে।

সম্প্রতি প্রকাশিত ১৯৫১ সালের লোকগণনাভিত্তির হিসাবে দেখা যায়, বর্তমানে পশ্চিমবংগে কৃষিতে নিযুক্ত ব্যক্তির সংখ্যা প্রায় ১ কোটি ৪২ লাখ। ইহার ভিতর ক্ষেতমজুর ৩০ লাখ ৪১ হাজার এবং ভাগচাষী ২৯ লাখ ৮০ হাজার। অর্থাৎ ক্ষেতমজুর ও ভাগচাষী মিলিয়া ৬০ লাখেরও উপর। কৃষকদের শতকরা ৪৩ জনই আজ জমিহারা আধা-সর্বহারায় পরিণত। অথচ ফ্লাউড কমিশনের হিসাব মতে ১৯৪০ সালে ক্ষেতমজুর ও ভাগচাষী মিলিয়া ছিল মোট কৃষকের শতকরা ৩৫ ভাগেরও কম। গত ১০ বছরে বিপুল সংখ্যক কৃষক নিঃস্বের শেষ স্তরে নামিয়া আসিয়াছে।

গ্রামে বেকারের সংখ্যাও ভয়াবহ। বর্তমান লোকগণনার হিসাবে দেখা যায়, পশ্চিমবংগের শতকরা ৭৫ জন মানুষ গ্রামে বাস করে এবং মোট জনংখ্যার শতকরা ৫৭ জন কৃষিতে নিযুক্ত। সূতরাং মোট জনসংখ্যার শতকরা ১৮ জন গ্রামবাসী হইয়াও কৃষিতে নিযুক্ত নন। ইহাদের মধ্যে খুব নগণ্য সংখ্যক শিক্ষক, কারিগর প্রভৃতি। ইহারা মোট জনসংখ্যার যদি শতকরা ৫ ভাগও হয়, তাহা হইলেও পশ্চিমবংগের মোট জনসংখ্যার শতকরা ১৩ জনই অর্থাৎ ৩২ লাখ লোকই গ্রাম্য বেকার।

যে ৮০ লাখ কৃষকের জমি আছে বলিয়া লোক গণতির হিসাবে বলা হইয়াছে, তাহাদের সব চেয়ে বড় অংশেরই জীবন ধারণের উপযোগী নিম্নতম পরিমাণ জমিও নাই। পশ্চিমবংগ সরকারের হিসাব মতোই ৪ একর পর্যন্ত জমিওয়ালা কৃষকের সংখ্যা দাঁড়ায়, ৭৭ লাখ। ৫ একরকে যদি নিম্নতম পরিমাণ ধরা হয় তাহা হইলে এই ৭৭ লাখ কৃষকের জীবন ধারণের নিম্নতম ব্যবস্থাও নাই। ক্ষেতমজুর, ভাগচাষী, বেকার ও এই অতি গরীব কৃষক মিলিয়া হইতেছে ১ কোটি ৭০ লাখ অর্থাৎ গ্রামবাসী মানুষের শতকরা ৯২ জনই ইহারা। গ্রামাঞ্চলে খাদ্য সংকটের প্রথম বলি হইতেছে ইহারাই।

দুইশত বছর বৃটিশ সাম্রাজ্যবাদী শোষণ ও সামস্ত জমিদারী-জ্যোতদারী ব্যবস্থায় ইহাই হইতেছে কৃষি সংকটের সর্বনাশা চেহারা।

খাদ্য সংকট যেমন কৃষকদের মাথায় বান্ধ হানিয়াছে তেমনি আঘাত করিয়াছে শহরের মানুষকেও। পশ্চিমবংগে যে ১০ লাখ শ্রমিক আছেন তাহার ভিতর একটা বিরাট অংশ হইতেছে বেকার। যাহাদেরও বা কান্ধ আছে তাহাদের মাথার উপর ঝুলিতেছে ছাঁটাই-এর খড়া। প্রতি মাসেই একটা বিরাট সংখ্যক শ্রমিক ছাঁটাই হইয়া বেকার বাহিনীতে আসিয়া দাঁড়াইতেছেন। একটা আংশিক হিসাবে দেখা যায় ১৯৫২ সালের মে মাসে কলিকাতার কয়েকটি শিল্পে ছাঁটাই শ্রমিকের সংখ্যা এক হাজারেরও উপর। সুতরাং সমস্ত শিল্পে ছাঁটাই শ্রমিকের সংখ্যা কম হইবে না, ইহা ছাড়া মধ্যবিত্ত পরিবারেও ঘরে ঘরেই বেকার মিলিবে।

শ্রমিক ও মধ্যবিত্তের ভিতর যাঁহাদের চাকুরী আছে, তাহাদের আয় এত স্বন্ধ যে জীবন ধারণের নিম্নতম ব্যবস্থা করাও কঠিন। একটি হিসাবে দেখা যায়, পশ্চিমবংগের মোট জনসংখ্যার শতকরা ৮০ জনই অর্থাৎ দুই কোটি মানুষই এই স্বন্ধ আয়ের অন্তর্ভুক্ত। নিম্নতম ক্রয়শক্তিও ইহাদের নাই। খাদ্য সংকট আঘাত হানিয়াছে এক বিরাট জনতার উপর।

সূতরাং দেখা যাইতেছে খাদ্য সংকটের মূল কথা ঃ সামস্ত ভূমি ব্যবস্থার ফলে কৃষকের নিঃস্ব অবস্থা, বিপুল জনতার ক্রয়শক্তি হ্রাস, খাদ্য উৎপাদন হ্রাস, ও খাদ্য ঘাটতি।

এই মূল সমস্যা সমাধানের মূল পথ হইতেছেঃ বিনা খেসারতে জমিদারী প্রথার উচ্ছেদ করিয়া বিনামূল্যে কৃষকদের ভিতর জমি বিলি ও চাষ আবাদের জন্য সরকারি সাহায্য এবং দেশে ব্যাপক ভাবে শিল্প, কল কারখানার প্রসার ও বাঁচিবার উপযোগী বেতন।

সাম্রাজ্যবাদের লেজে বাঁধা, জমিদার-জোতদারের বন্ধু কংগ্রেসী সরকার এই মৌলিক সমাধানের পথে অগ্রসর হইতে রাজী নন। উপরন্ধ কলম্বো পরিকল্পনা, শহর গ্রাম পরিকল্পনা (কমিউনিটি প্রোজেক্ট), ট্রুমানের ৪নং দফা সাহায্য প্রভৃতির উপর ভিত্তি করিয়া নেহরুর পাঁচসালা পরিকল্পনা তৈরী করা হইয়াছে। ইহাতে দেশের শিল্প কারখানা বাড়িবে না। জমিদারী প্রথা উচ্ছেদ হইবে না। কৃষির উন্নতি হইবে না। উপরন্ধ সাম্রাজ্যবাদী যুদ্ধবাজদের কন্ধা দৃঢ় হইবে ভারতের জাতীয় জীবনে। সুতরাং খাদ্য সংকটের মৌলিক সমাধানের কোন পরিকল্পনা কংগ্রেসী শাসকদের নাই। এমন কি আশু খাদ্য সংকট হইতে দেশবাসীকে বাঁচাইবার কোন ব্যবস্থাও নাই।

### সরকারি খাদানীতি

### খাদ্যের ব্যবস্থা হয় নাই

ভারত সরকার কর্তৃক প্রচারিত "পাঁচসালা পরিকল্পনার সংক্ষিপ্ত ভূমিকা" নামক পুস্তিকায় বলা হইয়াছে :

"যতদিন পর্যন্ত খাদ্যে ঘাটতি চলিবে, ততদিন ন্যায্যমূল্যে জনসাধারণের ভিতর সমানভাবে খাদ্য বিলি সরকারের অন্যতম প্রথম কর্তব্য।"

সরকারি কর্তারা শুধু ঘাটতির হিসাবটাই কষিয়াছেন কিন্তু এ হিসাব কষেন নাই যে ঘাটতি পূরণ হইলেও, যতদিন সামস্ত ভূমি ব্যবস্থা থাকিবে, খাদ্যের একচেটিয়া মালিক জমিদার জোতদার সামস্ত প্রভূর দল থাকিবে, ততদিন নিঃস্ব কৃষক ও গরীব জনতার ভাগ্যে খাদ্য জুটিবে না। ৬০ লাখ ক্ষেত মজুর-ভাগচাষী এবং সর্ব সমেত নিম্ন আয়ের ২ কোটি মানুষের জন্য "ন্যায্যমূল্যে" "খাদ্য বিলির" প্রয়োজন ততদিন থাকিয়াই যাইবে। কিন্তু সরকার সে দায়িত্ব গ্রহণ করিতে রাজী নন। এমন কি ঘাটতি সময়ের জন্যও ন্যায্যমূল্যে খাদ্য বিলি যে "প্রথম কর্তব্য" বলিয়া ঘোষণা করা হইয়াছিল, সে কর্তব্যও সরকারি কর্তারা পালন করেন নাই

গত পাঁচ বছরের কংগ্রেসী শাসনের ইতিহাস তাহাই প্রমাণ করে। সরকার কিছু লোকের জন্য আধপেটা রেশন ও কিছু লোকের জন্য আংশিক রেশনের প্রহসন করিয়াছেন সত্য, কিছু ন্যায্যমূল্যে জনসাধারণের ভিতর ব্যাপকভাবে খাদ্য বিলির কোন ব্যবস্থাই করেন নাই। করেন নাই বলিয়াই গত বছর অনাহারে মানুষ ধুঁকিয়া ধুঁকিয়া মরিয়াছে, ক্ষুধার জ্বালা সহিতে না পারিয়া আত্মহত্যা করিয়াছে। কোচবিহারে চালের দর উঠিয়াছে ৮০ টাকা। খাদ্যের দাবি ভুবাইয়া দেওয়া হইয়াছে রক্তের বন্যায়।

### কিদোয়াই নীতি

এই বছর পুনরাবৃত্তি ঘটিল সেই খাদ্য সংকটের। এবার সংকট আরও তীব্র, আরও ব্যাপক। সারা সুন্দরবনে মন্বন্তরের

ছায়া নামিল। চরম খাদ্য সংকট দেখা দিল নদীয়া, হাওড়া, বর্ধমান, মালদহ, পঃ দিনাজপুর, বাঁকুড়া, মুর্শিদাবাদ প্রভৃতি জেলার অঞ্চল বিশেষে। ৫০ লাখ মানুষ দুর্ভিক্ষের কবলে পড়িলেন।

দেশব্যাপী সুরু হইল বিক্ষোভ। নির্লজ্জ শাসকরা প্রথমে দুর্ভিক্ষকে অস্বীকার করিবারই পথ নিলেন। কিন্তু হাজার হাজার মানুবের বিক্ষুব্ধ অভিযান, সকল দলের মিলিত প্রচার বাধ্য করিল কেন্দ্রীয় খাদ্য মন্ত্রী জনাব রফি আহমেদ কিদোয়াইকে কলিকাতায় আসিতে।

জ্বনাব কিদোয়াই পশ্চিমবংগ সরকারের সাথে পরামর্শ করিয়া এক খাদ্য পরিকল্পনা উপস্থিত করিলেন। সরকারি কর্তারা ঢাক ঢোল পিটাইতে লাগিলেন কিদোয়াই পরিকল্পনাই পশ্চিমবাংলার খাদ্য সংকট ঘুচাইবে।

অতি-প্রচারিত সেই কিদোয়াই পরিকল্পনাটি কি?

পরিকল্পনাটিকে তিন ভাগে ভাগ করা যায় ঃ (১) দুর্গত অঞ্চল (২) কলিকাতা (৩) কলিকাতা বাদে সারা পশ্চিমবংগ সম্বন্ধে।

#### দুৰ্গত অঞ্চল

দুর্গত অঞ্চলের জন্য কিদোয়াই সাহেবের দাওয়াই হইতেছে (১) ৫ হাজার মণ চাল ও ৫ হাজার মণ গম খয়রাতি, (২) ১০ হাজার টন গম ও ১০ হাজার টন চাল ১৫ টাকা দরে বিক্রি।

### কলিকাতা

(১) কিছুকালের জন্য শুধুমাত্র কলিকাতা ও শিল্পাঞ্চলের ৫৭ লাখ লোকের বর্তমান রেশনের হারে রেশন দিবার দায়িত্ব কেন্দ্রীয় সরকার লইবেন। (২) রেশন দোকানের জন্য কেন্দ্রীয় সরকার ১ লাখ টন চাল পাঠাইবেন। (৩) ইহা ছাড়া নালাভ না-লোকসান ভিত্তিতে অতিরিক্ত চালের দোকান খোলা হইবে। ইহার জন্য কেন্দ্রীয় সরকার ১ লাখ টন চাল পাঠাইবেন। (৪) কলিকাতার চারিদিকে কর্ডন শক্ত করিয়া চোরাবাজার বন্ধ করা হইবে।

#### কলিকাতা বাদে অন্যত্ৰ

- (১) কোথাও কোন কর্ডন থাকিবে না। অবাধে ধান-চাল চলাচল করিতে দেওয়া হইবে। (২) দর বৃদ্ধির-বিরুদ্ধে গ্যারান্টির জন্য সরকার আগামী বছর সাড়ে চার লাখ টন চাল সংগ্রহ করিবেন। কোথাও দর বাড়িলে এই চাল ছাড়া হইবে।
- (৩) যাহাদের ১৫ একর বা তাঁহার বেশি জমি আছে, তাহাদের নিকট হইতে লেভী প্রথায় এই চাল সংগ্রহ করা হইবে। কলিকাতা বাদে সারা পশ্চিমবংগের যে পরিকল্পনা তাহা আগামী জানুয়ারী মাস হইতে চালু করা হইবে। অন্য পরিকল্পনা এখনই চালু হইবে।

ইহাই হইল মূল किদোয়াই পরিকল্পনা।

এই পরিকল্পনা অনুযায়ী কলিকাতায় "অতিরিক্ত" দোকান মারফত ৩০ টাকা দরে মাথা পিছু ৬ ছটাক করিয়া চাল বিক্রি শুরু হয়। এবং পশ্চিমবংগ সরকারের হিসাব অনুযায়ী ৩০ হাজার মণ খাদ্য খয়রাতি ও ৮ লাখ ২৫ হাজার মণ খাদ্য ১৫ টাকা দরে দুর্গত অঞ্চলে বিলি করা হইতেছে। এ হিসাব কতখানি ঠিক তাহা বলা কঠিন।

আগস্ট মাসে কিদোয়াই সাহেব এই মূল পরিকল্পনার কিঞ্চিৎ সংশোধন করেন। সংশোধনের ফলে "অতিরিক্ত" চালের দর মণ প্রতি ২ টাকা ৮ আনা বাড়াইয়া ৩২ টাকা ৮ আনা ধার্য করা হয়। অবশ্য অতিরিক্ত চালের পরিমাণ ৬ ছটাক ইইতে ৮ ছটাক করা হয়। মূল নীতি ঠিকই থাকে।

### দায়িত্ব অস্বীকার

সমগ্র কিদোয়াই পরিকল্পনা যে বুভূক্ষু জনতার খাদ্যের দায়িত্ব অস্বীকার করারই পরিকল্পনা, সে কথা দিনের আলোর মতই পরিষ্কার। প্রথমতঃ দুর্গত অঞ্চলের কথা ধরা যাক। এবার ৫০ লাখ লোক দুর্ভিক্ষের কবলে। ইহা ছাড়া খাদ্য সংকট প্রতিটি জিলায়। ৬০ লাখ ক্ষেতমজুর ও ভাগচাবী অনাহারে দিন কাটাইতেছে। খাদ্য সংকটে সব চেয়ে পীড়িত মানুবের সংখ্যা ১ কোটির কম হইবে না। অন্ততঃ ৫০ লাখ লোকের জন্য এই মুহুর্তেই খয়রাতি প্রয়োজন।

এই ৫০ লাখ লোকের জন্য কিদোয়াই পরিকল্পনায় শেষ পর্যন্ত ৩০ হাজার মণ খাদ্য খয়রাতি দিবার ব্যবস্থা করা হইয়াছে। সমান ভাবে বিলি করিলে ইহাতে মাথা পিছু এককালীন এক পোয়ারও কম পড়িবে। ইহাই হইল অনাহারে মৃত্যুপথযাত্রী মানুষের জন্য সরকারের দায়িত্ব।

স্বন্ধ আয়ের লোকের জন্য কিদোয়াই পরিকল্পনা শেষ পর্যন্ত ১৫ টাকা দরে ৮ লাখ ২৫ হাজার মণ খাদ্যের ব্যবস্থা করিয়াছে। ৫০ লাখ লোকের ভিতর বিলি করিলে মাথা পিছু এককালীন সওয়া দুই সেরের বেশী পড়িবে না।

সুতরাং দুর্গত মানুষের খাদ্যের দায়িত্ব গ্রহণতো দূরের কথা, তাহাদের জন্য এক মুষ্ঠি চালেরও ব্যবস্থা কিদোয়াই সাহেব করেন নাই।

তাহার পর কলিকাতার কথা। কংগ্রেসী শাসকরা ঢাক ঢোল পিটাইতেছেন। কেন্দ্রীয় সরকার কলিকাতায় খাদ্যের দায়িত্ব গ্রহণ করিয়াছেন, সূতরাং এবার ঘাটতি ঘূচিবে এবং খাদ্য সমস্যা মিটিবে।

প্রকৃতই কি কিদোয়াই নীতির ফলে কলিকাতার পূর্ণ দায়িত্ব গ্রহণ করা হইয়াছে? কলিকাতায় বর্তমানে রেশন দেওয়া হয় সপ্তাহে দুই সের দশ ছটাক এবং শ্রমিকদের জন্য সাড়ে তিন সের। এই রেশনে কোন পরিবারেরই যে কুলায় না তাহা কংগ্রেসী শাসকরা স্বীকার না করিলেও সাধারণ মানুষ জানেন।

কলিকাতার বেশীর ভাগ মানুষই গরীব। চোরাবাজারে যাইবার ক্ষমতা তাহাদের নাই। সুতরাং এই রেশনে তাঁহাদের আধপেটা খাইয়াই থাকিতে হয়। যাঁহাদের সামান্য ক্রয় ক্ষমতা আছে, তাঁহারাও চোরাবাজারের শিকার বনিতে বাধ্য হন।

কিলোয়াই পরিকল্পনায় রেশনের পরিমাণ বৃদ্ধি করা হয় নাই। একটা "অতিরিক্ত" চালের ব্যবস্থা করা হইয়াছে সত্য। কিন্তু ৮ ছটাক "অতিরিক্ত" চালের লোভ দেখাইয়া আসলে কলিকাতার মানুষকে আইনসঙ্গত চোরাবাজ্ঞারের যুপকাষ্ঠেই টানিয়া নেওয়া হইয়াছে। গত বছর (১৯৫১) কলিকাতায় চোরাবাজারে চালের দর ছিল বারো আনা। ১৯৫০ সালে ছিল দশ আনা। আজ কিদোয়াই সাহেব সেই দর তের আনায় বাঁধিয়া কলিকাতার বুকে সরকারি চোরাবাজার খুলিয়া দিলেন। ফলে আজও কলিকাতার গরীব মানুষকে আধপেটা খাইয়াই থাকিতে হইবে। এবং বাকি লোককে 'আইন-সঙ্গত' চোরাবাজারের বলি হইতে হইবে।

এ কথাও সন্দেহ করিবার যথেষ্ট কারণ আছে যে, ভবিষ্যতে "অতিরিক্ত" চালের দোকানই কায়েম রাখিয়া রেশন দোকান তুলিয়া দেওয়া হইতে পারে। কারণ রেশন তুলিয়া দেওয়াই সর্বভারতীয় কিদোয়াই নীতি। জুন মাসে কিদোয়াই সাহেব স্পষ্টই বলিয়া গিয়াছিলেন কলিকাতার দায়িত্ব তাঁহারা নিতেছেন "কিছু কালের জন্য।"

সুতরাং দেখা যাইতেছে কিদোয়াই নীতি কলিকাতার মানুষেরও খাদ্যের পুরা দায়িত্ব গ্রহণ করে নাই।উপরস্তু কলিকাতার আংশিক চোরাবাজার আইন সঙ্গত করিয়াছে। পুরা চোরাবাজার প্রতিষ্ঠার ইঙ্গিত দিয়াছে।

আর কলিকাতা বাদে সারা পশ্চিমবংগে কিদোয়াই নীতি নগ্ধরূপ নিয়াই আত্মপ্রকাশ করিবে। জানুয়ারী মাস হইতে জিলার কোথাও কোন রেশন থাকিবে না। এমন কি সস্তা দরের কোন দোকান খোলার কথাও নাই।

আজ যে ১ কোটি ৩০ লাখ ভাগচাষী, ক্ষেতমজুর ও গরীব চাষী সামস্ত জমিদারী-জোতদারী ব্যবস্থার ফলে একেবারে নিঃস্ব, কিদোয়াই নীতির কল্যাণে তাহারা খয়রাতি পাইবে না, সস্তা দরে, এমন কি রেশন দরেও খাদ্য পাইবে না। তাহাদের সম্পূর্ণ নির্ভর করিতে হইবে খোলা বাজারের উপর।

### সামন্ত প্রভুর স্বার্থে

সন্দেহ নাই, বলা হইয়াছে সরকার সাড়ে চার লাখ টন খাদ্য সংগ্রহ করিবেন। এবং সে খাদ্য দরবৃদ্ধির বিরুদ্ধে গ্যারান্টি হিসাবে সরকারি গুদামে জমা থাকিবে। কোথাও দর উঠিলে সে খাদ্য সম্ভায় পাঠাইয়া দর কমাইবার চেষ্টা হইবে।

কিন্তু অতীতের ঘটনাবলী ইহাই প্রমাণ করিয়াছে, যখন রেশনের দায়িত্ব সরকারের ঘাড়ে ছিল, তখনই প্রতি বছর সাড়ে চার লাখ টন খাদ্য সরকার সংগ্রহ করেন নাই। ১৯৫২ সালের জন্য তো মাত্র আড়াই লাখ টন খাদ্য সংগ্রহ করার লক্ষ্য ঠিক করা হইয়াছিল। কারণ জমিদার-জোতদারের পরম মিত্র এই সরকার জমিদার-জোতদারের গোলা হইতে খাদ্য সংগ্রহ করিতে মোটেই রাজী নন।

সুতরাং রেশনের দায়িত্ব গ্রহণ সরকারের ঘাড়ে থাকিবে না, তখন যে সরকার খাদ্য সংগ্রহের কোন দায়িত্বই বোধ করিবেন না, তাহা একরূপ নিশ্চিত।

সন্দেহ নাই, পশ্চিমবংগ খাদ্যে ঘাটতি। সরকারি রেশন পরিমাণের আধপেটা হিসাবেও যেখানে প্রয়োজন ৩৯ লাখ টনের সেখানে বীজ্ঞধান বাদে উৎপাদন হইয়াছে মাত্র ৩১ লাখ টন।

কিন্তু এই ৩১ লাখ টন খাদ্যও পশ্চিমবাংলার আড়াই কোটি মানুষের ভিতর, এমন কি স্বন্ধ আয় সম্পন্ন ও নিঃস্ব মানুষের ভিতর ন্যায্যভাবে বিলির কোন ব্যবস্থা নাই।

পশ্চিমবাংলায় জমিদার ও বড় জোতদাররা মোট জমির শতকরা ৪৫ ভাগ ও মোট ফসলের শতকরা ৩০ ভাগের মালিক। সূতরাং বীজ ধান বাদে যে ৩১ লাখ টন খাদ্য থাকে, তাহার ভিতর জমিদার জোতদারদের নিজেদের প্রয়োজনীয় বাদেই ৭/৮ লাখ টন খাদ্য উদ্বৃত্ত থাকে। খাদ্যপতিরা এই কয়েক লাখ টন চাল চোরাবাজারে পাঠাইয়া মুনাফা লোটে। দেশে দুর্ভিক্ষ কায়েম রাখিতে সাহায্য করে।

কিদোয়াই নীতি খাদ্য-পতিদের এই উদ্বৃত্ত খাদ্য স্পর্শ না করিবার নীতি গ্রহণ করিয়াছে। অবাধ বাজারের নামে জমিদার, বড় জোতদার ও মজুতদারের মুনাফা লুঠনের অবাধ স্বর্গরাজ্য কায়েম করিবার ব্যবস্থা করিয়াছে।

সূতরাং কিদোয়াই নীতি জমিদার, বড় জোতদার ও মুনাফাখোর চোরাকারবারীর স্বার্থ-প্রসূত নীতি।

খাদ্যের দায়িত্ব অস্বীকারের এই নীতি অবশ্য কিদোয়াই সাহেবের প্রথম আবিষ্কার নয়। দুর্ভিক্ষ নীতির প্রতিষ্ঠাতা বলিয়া যিনি স্বনামধন্য হইয়া গিয়াছেন ভৃতপূর্ব খাদ্য মন্ত্রী সেই কানাইলাল মুন্সীজীই দায়িত্ব অস্বীকারের এই সুবর্ণ পথের নিশানা দিয়া গিয়াছেন।

১৯৫২ সালের ফেব্রুয়ারী মাসে সমস্ত রাজ্য সমূহের খাদ্য মন্ত্রীদের যে সম্মেলন হইয়াছিল, সেই সম্মেলনে মুন্সীজী সমস্ত খাদ্য মন্ত্রীদের কাছে আবেদন করিয়াছিলেন— "রেশনের যে দায়িত্ব আমরা নিয়াছি সে দায়িত্ব কমাইবার জন্য সকলের মিলিত চেষ্টা করিতে হইবে।"

মুন্সীজীর সেই পতাকাই বহন করিয়া চলিয়াছেন কিদোয়াই সাহেব।

#### এখনও ঘাটতি

"যতদিন পর্যন্ত খাদ্যে ঘাটতি চলিবে, ততদিন ন্যায্যমূল্যে জনসাধারণের'ভিতর সমানভাবে খাদ্য বিলির" যে গালভরা বুলি পাঁচসালা পরিকল্পনায় ঘোষিত হইয়াছিল তাহা এইভাবে পদদলিত করা হইল কেন?

তবে কি সারা ভারতে আর খাদ্যের ঘাটতি নেই? পাঁচসালা পরিকল্পনায় খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হইবার যে কথা বলা ইইয়াছে, তাহা কি সফল হইয়াছে?

১৯৪৯ সালের ২৮শে নভেম্বর প্রধান মন্ত্রী শ্রীনেহরু ঘোষণা করিয়াছিলেন ঃ "আমি একথা সাফ জানাইয়া দিতে চাই, ঝড়ঝঞ্জাই হউক আর ভূমিকস্পই হউক, আমাদের লক্ষ্যস্থল ১৯৫১ সালে আমরা সৃদৃঢ় থাকিব। ইহার পর আর আমরা বিদেশ হইতে খাদ্য আমদানী করিব না।"

দুর্ভাগ্য শ্রীনেহরুর, সাম্রাজ্যবাদ ও সামন্ত প্রভূদের তোষণনীতির ফলে এই পথ হাওয়ায় মিলাইয়া গিয়াছ। ১৯৫১ সালে তো ভারত খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয়ই নাই, কবে যে হইবে তাহার কোন চিহ্নও দেখা যাইতেছে না।

১৯৫০-৫১ সালে ভারতকে বাহির হইতে খাদ্য আদমানী করিতে হইয়াছে ১ লাখ টন। ১৯৫১-৫২ সালে খাদ্য আমদানীর পরিমাণ ৪৭ লাখ টন।

১৯৫২-৫৩ সালেও প্রায় ৫০ লাখ টন খাদ্য আমদানী করিতে হইতেছে। যে পরিমাণ খাদ্য আমদানি করা হইতেছে। আসল ঘাটতির পরিমাণ তাহার চেয়েও বেশি।

এই বিপুল ঘাটতি থাকা সত্ত্বেও "ন্যায্যমূল্যে জনসাধারণের ভিতর সমান ভাবে খাদ্য বিলির" "প্রথম কর্তব্য" কংগ্রেসী শাসকরা নির্বিবাদে অস্বীকার করিবার নীতি গ্রহণ করিয়াছেন।

### विष्मि मुर्छन

আর "ন্যায্য মৃল্যের" নীতিও ধূলায় মিশাইয়া দেওয়া হইয়াছে। "ন্যায্য মৃল্যের" স্থান অধিকার করিয়াছে চোরাবাজারী মূল্য। কলিকাতায় ৩২ টাকা ৮ আনা মণ দরে যে "অতিরিক্ত" চালের ব্যবস্থা হইয়াছে, তাহার কৈফিয়ত স্বরূপ বলা হইয়াছে বিদেশ হইতে আমদানী করা খাদ্যের দর ভারতের বিভিন্ন প্রদেশের সংগৃহীত খাদ্যের দরের চেয়ে অনেক বেশি। পশ্চিমবংগ বিধান সভায় গত ২রা আগস্ট (১৯৫২) খাদ্য মন্ত্রী শ্রীপ্রফুল্ল সেন জানাইয়া দেন, বাহির হইতে আমদানী

করা "২৫ হাজার টন চাল অতি উচ্চ দরে কিনিতে হইয়াছে। দর পড়িয়াছে ২৫ টাকা হইতে ২৭ টাকা মণ।"

আবার ইহারই পর দিন ৩রা আগস্ট (১৯৫২), কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী জনাব কিদোয়াই কলিকাতায় কংগ্রেস কর্মীদের সভায় ঘোষণা করেন, "যে ৪ লাখ টন আমদানী করা খাদ্য কেন্দ্র হইতে পশ্চিমবংগে দিবার কথা ছিল তাহার দর ৩২ টাকা হইতে ৩৪ টাকার মধ্যে।"

শ্রীপ্রফুল্ল সেনের মতে আমদানি চালের দর ২৫ টাকা/২৭ টাকা। জনাব কিয়োদাইর মতে দর ৩২ টাকা/৩৪ টাকা। যে মন্ত্রী মহাশয়ের কথাই ঠিক হউক, এ বিষয়ে কোন সন্দেহ নাই যে দর ২৫ টাকা হইতে ৩৪ টাকার মধ্যেই হইবে। বিদেশ হইতে আমদানী করা খাদ্যের দর যে ভারতে সংগৃহীত খাদ্যের দরের চেয়ে বেশি পড়িয়াছে, তাহা অপর একটি হিসাবে দেখা যায়। বিদেশ হইতে আমদানী খাদ্য রেশন দরে বিক্রি করিতে গেলে মণ প্রতি কত টাকা করিয়া বেশি দিতে হয়, তাহার হিসাবটি নীচে দেওয়া হইলঃ দেখা যাইবে ১৯৫০ সালের চেয়ে ১৯৫২ সালে দর অনেক বাড়িয়াছেঃ

#### প্রতি মণে রেশন দরের চেয়ে কত বেশি

	>>60	<b>५</b> ७८८	বৃদ্ধি	
	টাকা আনা	টাকা আনা	টাকা আনা	
গম	১ টাকা ১১ আনা	৬ টাকা ১০ আনা	৪ টাকা ১৫ আনা	
মোটা চাল	৫ টাকা ১ আনা	১০ টাকা ৪ আনা	৫ টাকা ৩ আনা	
মাইলো	১ টাকা ৮ আনা	১০ টাকা ৫ আনা	৮ টাকা ১৩ আনা	

দেখা যাইতেছে ১৯৫২ সালে রেশন দরের চেয়ে গমের দর প্রতি মণে বেশি পড়িয়াছে ৬ টাকা ১০ আনা, মোট চাল ১০ টাকা ৪ আনা এবং মাইলো ১০ টাকা ৫ আনা।

১৯৪৭ হইতে ১৯৫১ সালে বিদেশ হইতে যত খাদ্য আমদানী করিতে হইয়াছে, তাহার মোট ব্যয় পড়িয়াছে ৪৮৮ কোটি টাকা।

কোরিয়া যুদ্ধের পর হইতে আজ পর্যন্ত বিদেশী খাদ্যের জন্য রেশন দরের উপর মোট ২০০ কোটি টাকা যোগাইতে হইয়াছে ভারতবাসীকে।

ভারতের গরীব মানুষের পকেট কাটিয়া এই বিপুল মুনাফা লুটিতেছে কাহারা?

ভারত সরকার সোবিয়েৎ দেশ ও চীন দেশ হইতে খাদ্য আমদানী করিয়াছেন অনেক কম। ১৯৫২ সালের জানুয়ারী হইতে মে পর্যন্ত খাদ্য আমদানী করা হইয়াছে প্রায় ২৩ লাখ টন। ইহার ভিতর মার্কিন খাদ্য ১৭ লাখ টন। চীনের খাদ্য মাত্র ৯০ হাজার টন। ১৯৫২ সালে সোবিয়েৎ হইতে কোন খাদ্যই আমদানী করা হয় নাই।

কোন দেশ হইতে কত দরে খাদ্য কেনা হইতেছে, সে কথা সরকারি কর্তারা ভারতবাসীকে জানাইতে রাজী নন। কারণ ইহা নাকি "গোপন" বিষয়। কিন্তু এই গোপনতা কেন ? কারণ শাসকরা খাদ্য নিয়া রাজনীতিক খেলা খেলিতেছেন। তবু দর গোপন রাখা কঠিন। চীন দেশ যে সম্ভায় খাদ্য দিতেছে সেকথা সরকারি কর্তারাও স্বীকার করিতে বাধ্য

হইয়াছেন। বে-সরকারি একটা হিসাবে দেখা যায় আগেকার কেনা চীনের চালের দর মণ প্রতি ৮ টাকার বেশী পড়ে নাই। দ্রব্য বিনিময়ের হিসাব করিলে দেখা যায় সোবিয়েৎ গমের দর পড়িয়াছে মণ প্রতি ১৫ টাকা ৮ আনা। অর্থাৎ সোবিয়েৎ গম ও চীনের চাল রেশনের দরের চেয়েও কম।

সূতরাং আগুনের দরে খাদ্য দিয়াছে প্রধানতঃ মার্কিন সাম্রাজ্যবাদীরা। নেহরু সরকার শুধু যে ভারতে মার্কিন সাম্রাজ্যবাদের চোরাবাজার খুন্দিয়া গরীব ভারতবাসীকে লুষ্ঠনের পথ করিয়া দিয়াছেন, তাহাই নয়, ভারতের বুকে মার্কিন সাম্রাজ্যবাদের প্রভূত্ব কায়েম করিবার ব্যবস্থাও করিয়াছেন। ১৯৫১ সালে মে-জুন মাসে মার্কিন সরকার ভারতের জন্য খাদ্য সাহায্য বিল আনিয়া ২০ লাখ টন খাদ্য দিবার ব্যবস্থা করেন। প্রথমে কথা হয় এই জন্য ৯০ কোটি টাকা সাহায্য দেওয়া হইবে। পরে অবশ্য এই টাকা ঋণ হিসাবে দেওয়া হয়। এই ঋণের জন্য প্রথম ৫ বছরে মোট সুদ দিতে হইবে প্রায় ১২ কোটি টাকা। ইহা ছাড়া জাহাজ ভাড়া দিতে হইয়াছে আরও কয়েক কোটি টাকা নিশ্চয়ই। শুধু ইহাই নয়। এই খাদ্যের পিছনে আছে রাজনীতিক শর্ত।

মার্কিন খাদ্য বিক্রির টাকায় ভারতে মার্কিন "উপদেষ্টা", "বিশেষজ্ঞ" প্রভৃতি নামধারী মার্কিন চরের দল ভারতের বুকে আধিপত্য করিবেন। মার্কিন খাদ্যের তদারক করিবেন মার্কিন সাম্রাজ্যবাদী প্রভুরা। এমন কি খাদ্যের বিনিময়ে এটম বোমার কাঁচা মালও ভারত হইতে গ্রহণের অধিকার মার্কিন যুদ্ধবাজদের থাকিবে।

অথচ, সোবিয়েৎ ও চীনের খাদ্যের ব্যাপারে কোন শর্তই ছিল না।

সূতরাং ইহা দিনের আলোর মতই পরিষ্কার, নেহরু সরকারের খাদ্যনীতি একদিকে বিদেশী সাম্রাজ্যবাদ ও অন্যদিকে দেশীয় সামস্ত প্রভ-জমিদার জোতদারদের কায়েমী স্বার্থে ভারতকে লুষ্ঠন করিবার নীতি।

উপরের সমস্ত আলোচনা হইতে একথা সুস্পষ্ট, সামস্ত ভূমি ব্যবস্থা থাকার ফলে কৃষি সংকট আজ চরম অবস্থায় আসিয়া পড়িয়াছে এবং খাদ্য সংকটের মূল কারণ ইহাই। একদিকে বিনা খেসারতে জমিদারী-জোতদারী প্রথার উচ্ছেদ করিয়া বিনামূল্যে কৃষকদের ভিতর জমি বিলি ও চাষের জন্য সাহায্য এবং অন্যদিকে খাদ্যের নামে বিদেশী সাম্রাজ্যবাদী লুষ্ঠনের অবসান। ইহাই হইল খাদ্য সমস্যা সমাধানের পাকাপাকি পথ।

ইতিমধ্যে আশু সমাধানের জন্য প্রয়োজন দেশের ভিতরে সামস্ত প্রভূদের নিকট যে বাড়তি খাদ্য আছে, তাহা নিঃস্ব ও স্বন্ধ আয়ের মানুষের ভিতরে খয়রাতি ও সস্তা দরে বিলির ব্যবস্থা। ইহার পরেও খাদ্যের যে ঘাটতি থাকিবে তাহা সোবিয়েৎ দেশ, চীন ও দুনিয়ার অন্যান্য দেশ হইতে সস্তায় কিনিবার ব্যবস্থা করা।

যদি সন্তায় খাদ্য দুনিয়ার বাজারে নিতান্তই না মেলে, ইতিমধ্যে আশু সমাধানের জন্য প্রয়োজন পতিত জমি কৃষকদের ভিতর বিলি করিয়া চাষ আবাদে সাহায্য করা, জমি হইতে কৃষকদের উচ্ছেদ বন্ধ করা, এই চাষের সাহায্যের জন্য ব্যাপক ভাবে কৃষি ঋণ, পশু ঋণ বীজ ও সারের ব্যবস্থা করা।

জমিদার, বড় জোতদারদের গোলায় যে বাড়তি ধান-চাল আছে তাহা বাহির করিয়া জনতার ভিতর বিলি করা, নিঃস্বের জন্য খয়রাতি এবং স্বন্ধ আয়ের মানুষের জন্য সস্তায় খাদ্য দেওয়া।

ইহার পরও খাদ্যে যে ঘাটতি থাকিবে তাহা প্রণের জন্য সোবিয়েৎ, চীন ও অন্যান্য দেশ হইতে বিনা শর্তে ও সম্ভায় খাদ্য আমদানীর ব্যবস্থা করা।

যদি সন্তায় খাদ্য দুনিয়ার বাজারে নিতান্তই না মিলে তাহা হইলেও খাদ্য আমদানী করিতে হইবে নিশ্চয়ই। অবশ্য ইহার জন্য বাড়তি দরটা দিতে হইবে সরকারি তহবিল হইতেই। সরকারি সাহায্য কাটা চলিবে না। কথা উঠিতে পারে, সরকারি তহবিলে অর্থ মিলিবে কোথা হইতে?

ইহার উত্তরও খুব সোজা। জনতার ব্যক্তিস্বাধীনতা পদদলিত করিবার জন্য নেহরুর পুলিশী "গণতন্ত্রে" সামরিক খাতে ব্যয় করা হইতেছে বাজেটের প্রায় অর্ধেক। এ বছর (১৯৫২-৫৩) সামরিক ব্যয় ধার্য হইয়াছে প্রায় ২০০ কোটি টাকা।

তেমনি এই বছর পশ্চিমবংগ সরকারও পুলিশী খাতে ব্যয় করিতেছেন ৬ কোটি টাকারও উপর। এই সামরিক পুলিশ খরচ কমাইয়া অনায়াসেই খাদ্যের জন্য সাহায্য করা যায়। ইহা ছাড়া অধিক ফসল ফলাইবার নামে গত কয়েক বছরে কেন্দ্রে ও প্রদেশে অপব্যয় করা হইয়াছে প্রায় ২২৮ কোটি টাকা। এই বিপুল অর্থে ফসল বাড়ে নাই, টাকাই লুক্তিত হইয়াছে।

এই টাকার একটা মোট অংশ খাদ্য সাহায্যে ব্যয় করা যাইতে পারিত এবং অপর অংশ প্রকৃত খাদ্য বৃদ্ধির কাজে ব্যয় করা যাইত।

তাহা হইলে আজ আর ৩২ টাকা ৮ আনা দরে কিদোয়াইকে চোরাবাজার কায়েম করিতে হইত না। রেশনের দর বৃদ্ধিও করিতে হইত না।

কিন্তু সে পথ নেহরু সরকারের পথ নয়। নেহরু সরকারের পথ জনতার স্বার্থপ্রসূত পথ নয়। সে পথ বিদেশী সাম্রাজ্যবাদ, দেশীয় সামত্ত্রপুত্র যুনাফাখোরদের স্বার্থপ্রসূত পথ।

#### দাবি ও আন্দোলন

#### नियञ्जन-विनियञ्जन

খাদ্য সংকট প্রতিকারের মৌলিক দাবি, জমিদারী-জোতদারী প্রথা বিনা খেসারতে উচ্ছেদ করিয়া বিনামূল্যে কৃষকদের ভিতর জমি বিলি সম্বন্ধে আজ গণতান্ত্রিক দল সমূহের ভিতর বিশেষ কোন পার্থক্য নাই। সবাই এই দাবি একবাক্যে স্বীকার করিবেন। এমন কি স্থানীয় কংগ্রেস কমিটিগুলির প্রায় বেশির ভাগ পর্যন্ত এই দাবি নীতিগত ভাবে স্বীকার করিতে বাধ্য হইয়াছেন। কেবলমাত্র কংগ্রেসী নেতৃত্ব ও সামস্ত স্বার্থপৃষ্ট কোন কোন দল এই দাবি গ্রহণ করিতে রাজী নন।

মৌলিক দাবিতে গণতান্ত্রিক দলগুলি একমত হইলেও, কিদোয়াই নীতি কোন কোন অংশের উপর মোহ বিস্তার করিয়াছে। কিদোয়াই নীতির ভিতর কেহ কেহ আমলাতান্ত্রিক জুলুম হইতে মুক্তির সম্ভাবনা দেখিতে পাইতেছেন। কিদোয়াই নীতির ফলে, কলিকাতা ছাড়া পশ্চিমবংগে আর কোথাও কর্ডন থাকিবে না। কন্ট্রোল থাকিবে না। খোলাবাজার চালু হইবে। সমস্ত বাধা-বন্ধন, বিধি-নিষেধ হইতে মুক্তি মিলিবে। ইহার ভিতর কেহ কেহ একটা আশার আলো দেখিতে পাইতেছেন।

সন্দেহ নাই, সরকারি কর্ডন প্রথা, কন্ট্রোল, রেশন প্রভৃতির ভিতর দিয়া দেশবাসী পেট ভরিয়া খাইতে পায় নাই, কিন্তু অসহ্য লাঞ্চ্না ভোগ করিয়াছে। কর্ডনের নামে পুলিশের জুলুম, লাঠি ও গুলি কন্ট্রোলের নামে আমলাতন্ত্রের স্বেচ্ছাচার, জমিদার-জোতদারের প্রাধান্য, চোরাকারবারীর অবাধ গতি—সবই দেশবাসী দেখিয়াছেন। ইহাতে কর্ডন-কন্ট্রোলের উপর মানুষের তিক্ততার সীমা নাই। গলায় ফাঁস পড়ানো এই বন্ধন হইতে মানুষ মুক্তি চায়। কিন্তু তাই বলিয়া মানুষ অর্ধাহার অনাহারে মৃত্যুর ফাঁস গলায় পরিতে চায় না। খাদ্যের ব্যাপারে জমিদার, বড় জোতদার ও চোরাকারবারীর মুনাফা শিকারের বলি হইতে মানুষ রাজী নয়।

কেহ কেহ ভাবিতেছেন, বৃহত্তর কলিকাতার বর্তমান রেশন প্রথা বজায় রাখিয়া কেন্দ্রীয় সরকার তাহার দায়িত্ব গ্রহণ করিলে পশ্চিমবাংলার মানুষের আর খাদ্যের অভাব ঘটিবে না। তখন কন্ট্রোল-রেশন-কর্ডনের ফাঁস প্রয়োজন পড়িবে না।

প্রথমতঃ কিদোয়াই নীতি কলিকাতার মানুষের পূর্ণ দায়িত্ব গ্রহণ করে নাই বরং ৩২ টাকা ৮ আনা দরের (পরে আরও বাড়িতে পারে) চোরাবাজার কায়েম করিয়া মফঃস্বলের চাল টানিয়া খানার ব্যবস্থা করিয়াছে। দ্বিতীয়তঃ, যদি কলিকাতা বাদে পশ্চিমবাংলার ঘাটতি পুরণও করা হয়, তাহা হইলেই কি সকল মানুষ তাহার ক্রয় ক্ষমতার সীমার ভিতর খাদ্য পাইবে?

যাঁহারা রেশন কন্ট্রোল প্রভৃতি তুলিয়া দিবার কথা বলিতেছেন তাঁহারা একটা কথা ভুলিয়া যান, দেশের খাদ্য সংকটের গোড়ার কথা সামস্ত ভূমি ব্যবস্থা এবং এই ব্যবস্থা থাকার ফলেই আজ ৬০ লাখ ক্ষেতমজুর ও ভাগচাষীর কোন দরেই চাল কিনিবার ক্ষমতা নাই। তেমনি অতি সামান্য ক্রয় ক্ষমতা আছে, শতকরা ৮০ জন মানুষের।

পঞ্চাশের মন্বন্তরে যাঁহারা ৪০ টাকা/৫০ টাকা দরেও চাল কিনিতে পারিতেন, আজ ২০ টাকা দরেও চাল কিনিবার ক্ষমতা তাঁহাদের নাই। ১৫ টাকা দরের বেশী ক্রয় ক্ষমতা নাই বিরাট এক জনসমষ্টির।

৬০ লাখ নিঃস্ব সমেত স্বন্ধ আয়ের দুই কোটি মানুষের জন্য খয়রাতি ও সন্তায় খাদ্য বিলির প্রয়োজন থাকিয়াই যাইবে, যতদিন থাকিবে সামন্তভূমি ব্যবস্থা এবং যতদিন না হইবে শিক্ষায়ন।

তৃতীয়তঃ, ফসলের ঘাটতি পূরণ হইলেও, সামস্ত ভূমি ব্যবস্থার ফলে ফসলের শতকরা ৩০ ভাগের মালিকই হইতেছেন জমিদার, বড় জোতদার। খাদ্যের এই একচেটিয়া-পতিরাই খাদ্যের বাজার নিয়ন্ত্রণ করেন। সুতরাং ইহাদের গোলার বাড়তি ধান বিলি করিবার ব্যবস্থা না করিলে খাদ্য সংকট থাকিয়াই যাইবে।

সূতরাং প্রথমতঃ, জমিদার, বড় জোতদারের বাড়তি ধান-চাল সংগ্রহ করা, দ্বিতীয়তঃ, নিস্বের জন্য খয়রাতি ও স্বন্ধ আয়ের মানুষের জন্য সন্তায় খাদ্য-দোকান খোলা ও সন্তায় রেশন দেওয়া এবং তৃতীয়তঃ, ঘাটতি পড়িলে বাহির হইতে সন্তায় খাদ্য আমদানী এবং প্রয়োজন হইলে সরকারি সাহায্য—ইহার প্রয়োজন থাকিয়াই যাইতেছে।

রেশন ও কন্ট্রোল তুলিয়া দিয়া সরকার খাদ্যের দায়িত্ব অস্বীকার করিলে খাদ্য সংকটের সমাধান হইবে না। মানুষকে অনাহার ও মৃত্যুর মুখেই ঠেলিয়া দেওয়া হইবে।

অবশ্য এ বিষয়ে কোন সন্দেহই নাই, আমলাতান্ত্রিক স্বৈরাচারী কন্ট্রোলের অবসান করিয়া জনতার নিজস্ব খাদ্য কমিটির সহযোগিতায় খাদ্য সংগ্রহ ও বিলির ব্যবস্থা করা প্রয়োজন। খাদ্য সংগ্রহের ব্যাপারেও অতীত অভিজ্ঞতা হইতে দেখা গিয়াছে শেষ পর্যন্ত গরীবের খাদ্যই লুষ্ঠিত হয়। পূর্বেই বলা হইয়াছে জমিদার ও বড় জোতদারের বাড়তি খাদ্যের একটা মোটা অংশ যদি সরকার দৃঢ়তার সহিত সংগ্রহ করেন, তাহা হইলেই সরকারের প্রয়োজন ৪/৫ লাখ টন কেন, ৭/৮ লাখ টন খাদ্যও সংগ্রহ করা সম্ভব।

সূতরাং যাঁহারা নিয়ন্ত্রণ বিনিয়ন্ত্রণ সম্বন্ধে শুষ্ক নীতিগত আলোচনা করিতেছেন তাঁহারা ভ্রান্ত। বাস্তব জীবনের তিক্ত অভিজ্ঞতাই, বাঁচিবার পরম প্রয়োজনই এই বিতর্কের অবসান দিয়াছে।

#### মাদ্রাজের অভিজ্ঞতা

বিনিয়ন্ত্রণের ফল জনসাধারণের জীবনে কী সর্বনাশ সৃষ্টি করিতে পারে তাহার জ্বলন্ত দৃষ্টান্ত মাদ্রাজ। এই মাদ্রাজেই সর্বপ্রথম কিদোয়াই নীতির ঝাণ্ডা তোলেন শ্রীরাজাগোপালাচারী। কন্ট্রোল তুলিয়া দিয়া তিনি জনসাধারণকে আশ্বাস দেন, এইবার বন্ধনহীন বাজারে চালের বন্যা বহিবে। জমিদার ও ব্যবসায়ীরা ধর্মভীক হইয়া গিয়াছে, সূতরাং জলের দরে চাল মিলিবে।

রাজাজীর সেই অভয়বানী আজ হাওয়ায় মিলাইয়া গিয়াছে। মাদ্রাজের "ক্রসরোড্স" পত্রিকায় ১৭ই আগস্টের (১৯৫২) সংখ্যায় প্রকাশ, বিনিয়ন্ত্রণের পর মাদ্রাজে চালের দর ছ ছ করিয়া চড়িয়া গিয়াছে।

পূর্ব গোদাবরী জিলার দ্রাক্ষারামে বিনিয়ন্ত্রণের পর চালের দর ছিল প্রতি "কাঞ্চামে" ১২ আনা করিয়া। সেই দর ক্রমে বাড়িয়া এক টাকা বারো আনায় উঠে। এখন দর উঠিয়াছে আড়াই টাকা। অর্থাৎ দর বাড়িয়াছে সাড়ে তিনগুণ। বেশীর ভাগ অঞ্চলেই চালের দর দ্বিগুণ। জমিদাররা চালের বাজারে মুনাফা লুটিতেছে। চাল বাজার হইতে উধাও ইইয়াছে। মুনাফাখোর ব্যবসায়ীদের লুঠনের স্বর্গ সৃষ্টি ইইয়াছে। গরীব কৃষক ও স্বন্ধ আয়ের মানুষের দুর্দশার সীমা নাই। বছ অঞ্চলে বুভুক্ষু মানুষ তাল, তালপাতা ও নানা অখাদ্য খাইতেছে। সর্বত্র বিক্ষোভ সুরু হইয়াছে। সন্তা দরের চালের দোকান চাই—এই দাবিতে সকল দল একত্র হইতেছেন।

### খাদ্যের দাবি

উপরের সমস্ত আলোচনা হইতেই পরিষ্কার হইয়া গিয়াছে খাদ্য আদায়ের জন্য মৌলিক দার্বিই বা কি, এবং এই মুহুর্তের দার্বিই বা কি। দাবিগুলি একত্র করিলে মোটামুটি ইহাই দাঁড়ায় ঃ

- (১) বিনা ক্ষতিপূরণে জমিদারী প্রথার উচ্ছেদ করিয়া বিনামূল্যে কৃষকদের ভিতর জমি বিলি ও চাষের জন্য কৃষকের সাহায্য চাই।
  - (২) অবিলম্বে সুন্দরবনে লাটদারী প্রথার অবসান। সরকারি খরচে ভেরী ও বাঁধ বাঁধার ব্যবস্থা চাই।
- (৩) কৃষকদের নিজের চাষের প্রয়োজন ভিন্ন সর্বত্র ভাগচাষী উচ্ছেদ অবিলম্বে বন্ধ করা। খাদ্য সমস্যার চাপে হস্তান্তরিত জমি কৃষকদের অবিলম্বে ফিরাইয়া দিবার ব্যবস্থা করা। অবিলম্বে কৃষকদের ভিতর যথেষ্ট কৃষিঋণ বীজধান, গবাদি পশু, ঋণ, সার এবং নিত্য প্রয়োজনীয় জিনিষ বিলি করার ব্যবস্থা করা। সমস্ত পতিত জমি জমিহীন কৃষকদের ভিতর বিলি করিয়া অবিলম্বে চাষের ব্যবস্থা করা চাই।
- (৪) দুর্ভিক্ষ পীড়িত অঞ্চলগুলিকে এখনই সরকারি ভাবে দুর্ভিক্ষ অঞ্চল বলিয়া ঘোষণা করা এবং তাহার তত্ত্বাবধানের জন্য জনসাধারণের কমিটিকে অধিকার দেওয়া হউক। খাদ্য সংগ্রহকারী সরকারি কর্তাদের ও কর্ডন কর্তাদের জুলুম বন্ধ করা চাই।
- (৫) পশ্চিমবাংলার জন্য কেন্দ্রীয় সরকারের নিকট ১৫ লাখ টন খাদ্য এবং ইহার ভিতর বেশীর ভাগই চাল আমদানী করা হউক।
- (৬) জমিদার, বড় জোতদার, লাটদার, মহাজন প্রভৃতির বাড়তি মজুত খাদ্য জন-কমিটির তত্ত্বাবধানে সংগ্রহ করিয়া সস্তা দরে বিক্রয় করা হউক।
- (৭) সোবিয়েৎ, চীন, ও অন্যান্য দেশ হইতে ন্যায্য দামে বা লেনদেন মারফত খাদ্য আমদানী করা হউক। আমেরিকা বা অন্য কোন সাম্রাজ্যবাদী দেশ হইতে অবমাননাকর শর্তে খাদ্য আনা চলিবে না।
- (৮) কলিকাতা ও শিল্পাঞ্চলে মাথা পিছু সাড়ে তিন সের এবং শ্রমিকদের জন্য সাড়ে চার সের রেশন চাই। রেশনের দর ৬ আনা চাই। "অতিরিক্ত" চাল রেশন দরে রেশন দোকান মারফং চাই।

- (৯) যেখানেই চালের দর ১৫ টাকার বেশী উঠিবে, সেখানেই প্রয়োজনীয় পরিমাণে উপরোক্ত রেশন দরে চাল বিলির ব্যবস্থা চাই। দুঃস্থদের জন্য খয়রাতি চাই, ন্যায্য মজুরীতে কাজ চাই।
  - (১০) খাদ্য সংগ্রহ ও বিলির জন্য জন খাদ্য কমিটিকে মানিয়া লও।
  - (১১) এই সমস্ত দাবি পুরণ করিয়া কর্ডন প্রথা রহিত কর।

#### দাবি আদায়ের আন্দোলন

উপরের এই দাবিগুলি সরকার স্বেচ্ছায় মানিয়া নিবে না। এই দাবি আদায়ের জন্য প্রয়োজন ব্যাপক আন্দোলন। খাদ্যের জন্য আজ সংগ্রাম বাধিয়াছে দুই শক্তিতে, দুই নীতিতে। এক দিকে হইতেছে সরকারের নীতি, খাদ্যের দায়িত্ব অস্বীকারের নীতি। আর একদিকে হইতেছে জনতার নীতি, খাদ্যের দাবি আমাদের নীতি। এক দিকে হইতেছে বিদেশী সাম্রাজ্যবাদী কায়েমীস্বার্থ, দেশীয় সামন্ত্র প্রভু, জমিদার, বড় জোতদার ও চোরাকারবারী এবং তাহাদের স্বার্থরক্ষক কংগ্রেসী সরকার এবং অন্যদিকে শ্রমিক, কৃষক, মধ্যবিত্ত ও ব্যাপক জনসাধারণ।

কংগ্রেসী সরকারের খাদ্য নীতিকে পরাস্ত করিবার জন্য তাই প্রয়োজন খাদ্য সংকটে পীড়িত শ্রমিক, কৃষক, মধ্যবিদ্ত জনসাধারণের মিলিত ও ব্যাপক আন্দোলন। কৃষি সংকটের প্রকৃত চেহারা তুলিয়া ধরিতে হইবে শ্রমিক ও মধ্যবিদ্ত সমাজের নিকট। কৃষকদের দাবিদাওয়ায় উদ্বুদ্ধ করিতে হইবে শহরবাসীকে। কৃষককে জানাইতে হইবে শ্রমিক ও মধ্যবিত্তের সঙ্কটের কথা। জানাইতে হইবে শ্রমিকের সঙ্ঘবদ্ধ শক্তির কথা, তাহার সংগ্রামী শক্তির কথা, সংগ্রামী হাতিয়ারের কথা।

শহরের শ্রমিক ও মধ্যবিত্ত কাঁধে কাঁধ মিলাইয়া দাঁড়াইবেন কৃষকের পাশে। কৃষক আসিয়া দাঁড়াইবেন শ্রমিক ও মধ্যবিত্তের পাশে। ১২ জুলাই কলিকাতায় লক্ষ লোকের সমাবেশ ইহারই সূচনা।

সভা সমাবেশের ভিতর দিয়া শ্রমিক-কৃষক-মধ্যবিত্ত জাগ্রত হইবেন, সচেতন হইবেন দাবি সম্বন্ধে, অগ্রসর হইবেন আন্দোলনে। ভুখামিছিল, ডেপুটেশন, ঘেরাও, হরতাল এবং ব্যাপক ধর্মঘটের পথেই সরকারি খাদ্য নীতিকে পরাস্ত করিবার জন্য অগ্রসর হইতে হইবে।

খাদ্য আন্দোলনের মূল কথা শ্রমিক-কৃষক মধ্যবিত্তের সংগ্রামী একতা, একতা সমস্ত গণতান্ত্রিক দলের, একতা সমস্ত গণসংগঠনের। এই ব্যাপক ঐক্যবদ্ধ আন্দোলনের আঘাতে কংগ্রেসী শাসকদের খাদ্য নীতি পরাস্ত করা সম্ভব।

# খাদ্য আন্দোলন সম্পর্কে ভারতের কমিউনিস্ট পার্টি, পশ্চিমবংগ রাজ্য কমিটির পর্যালোচনা

[ পশ্চিমবংগ রাজ্য কমিটি, ভারতের কমিউনিষ্ট পার্টি, ৮ই মে ১৯৫৩, কলকাতা ]

১৯৫২ সালের প্রারম্ভেই পশ্চিমবাংলার খাদ্য সংকটের ইঙ্গিত পাওয়া যায়। নির্বাচনের পূর্বে কৃষকদের বিরাগভাজন হইয়া ভোট হারাইবার ভয়ে কংগ্রেস সরকার সময়মতো তেমন কিছু খাদ্য সংগ্রহ করে না, নির্বাচন শেষ হইতে না হইতেই সরকার তাহার খাদ্য সংগ্রহের বর্বর নীতি কার্যক্ষেত্রে প্রয়োগ করে। খাদ্য সংগ্রহের নামে কৃষকদের উপর জুলুম চলিতে থাকে ; ধর-পাকড়, লাঠি, গুলির প্রাচুর্য দেখা দেয়, অথচ ধনী, জ্ঞাতদার ও জমিদারের কেশাগ্রও স্পর্শ করে না। ফলে কৃষকের ধান হাতছাড়া হইয়া চোরাবাজারে আসিতে থাকে। বাজার অগ্নিমূল্য ধারণ করে। মার্চ মাস হইতেই বিভিন্ন গ্রামাঞ্চলে ৩০/৪০ টাকা দামে চাল বিক্রয় হইতে থাকে। সুন্দরবন এলাকায় দুস্প্রাপ্যতা ও দুর্মূল্যতা হয় মার্চ মা.সই। শহরাঞ্চলের সংবাদও আশঙ্কার কারণ ঘটায়। কলিকাতা ও শিল্পাঞ্চলে সরকারি স্টক ফুরাইয়া গিয়াছে এইরূপে সংবাদ আসিতে থাকে। এইরূপ সময় পশ্চিমবংগ প্রাদেশিক কমিটি আগত ভয়াবহ খাদ্য সংকটের সম্ভাবনা দেখিতে পাইয়া অবস্থা নির্ণয় ও তাহার প্রতিকারের জন্য চিন্তা করে। প্রাদেশিক কমিটির তরফ হইতে এপ্রিল মাসে পশ্চিমবংগ সরকারের মুখ্যমন্ত্রীর কাছে আইনসভার সদস্যদের সামনে খাদ্যাবস্থা সম্বন্ধে আলোচনা দাবি করা হয়। কিন্তু ইহার বেশি অন্য কোন পদ্বা অবলম্বনের কথা পি. সি. চিন্তা করে না। আগত খাদ্য সংকটের গভীরতা ও ব্যাপকতা সম্পর্কে পি. সি.-র কোন জ্ঞান ছিল না। তাই শুক্রতেই কোন কর্মপন্থা গ্রহণ করা হয় না। সেই সময় পি. সি.-র উচিত ছিল খাদ্য অভিযান কমিটিকে সক্রিয় করে তোলা। ১৯৫০-৫১ সালে এই কমিটির মধ্যে আর. এস. পি., সোস্যালিস্ট পার্টি ও কুঃ প্রঃ মঃ দল ছাড়া অন্যান্য সব দল কাজ করিত এবং ঐ খাদ্য অন্দোলন কমিটি এক শক্তিশালী আন্দোলন সারা বাংলায় গড়িয়া তোলে। ঐক্যবদ্ধ আন্দোলন হিসাবে ইহাকে খাডা করার চেষ্টার পরিবর্তে শুধু বি-পি-কে-এস-এর পক্ষ হইতে খাদ্য আন্দোলন ও সংগঠন গড়িয়া তোলার পরিকল্পনা হয়। অন্যান্য দলগুলি প্রথমে মিটিং-এ আসে, পরে তাহারা সরিয়া পড়ে। ফলে কাজও কিছু হয় না এবং অযথা দেরীও হয়। বি-পি-কে-এস-এর কমরেডদের এই প্রচেষ্টার সহিতও পি. সি.-র কোন আঙ্গিক বা রাজনৈতিক যোগাযোগ ছিল না। বি-পি-কে-এস অন্যান্য সংগঠন ও দলগুলিকে কোন কার্যক্রমের ভিত্তিতে সংগঠিত করিতে পারে না. কারণ অন্যদের অসহযোগিতা। ইতিমধ্যে খাদ্য সংকট প্রায় সারা বাংলায় ছডাইয়া পডে।

### খাদা আন্দোলনে পার্টির প্রবেশ

১৯৫২ সালের মে মাসে পি. সি. সর্বপ্রথম খাদ্য আন্দোলন শুরু করিতে, খাদ্যের দাবিতে সভা, শোভাযাত্রা, হরতাল, ঘেরাও ইত্যাদি করিবার নির্দেশ পার্টি সভ্যদের দেয়। কিন্তু ইহা কাগুজে নির্দেশই থাকিয়া যায়। উপর হইতে এই আন্দোলনকে সাহায্য করিবার জন্য পি. সি. কোন চেষ্টা করে না।

কিন্তু খাদ্য সংকট কাহারও অপেক্ষা করে নাই। সুন্দরবনে দুর্ভিক্ষ দেখা দিল। ২৪ পরগণা জেলা কমিটি আত্মসন্তুষ্ট বা নিষ্ক্রিয় থাকিতে পারে না। জেলাপার্টি নিজেদের উদ্যোগে দুর্ভিক্ষ অঞ্চলে বহু প্রেসের ও বামপন্থী দলের প্রতিনিধিদের সাথে নিয়া প্রকৃত অবস্থা দেখায়। পরের দিন প্রত্যেক কাগজে ভয়াবহু দুর্ভিক্ষের সংবাদ ও চিত্র প্রকাশিত হয়। সারা পশ্চিমবাংলায় জনসাধারণ দুর্ভিক্ষের চিত্রে চমকাইয়া উঠে।

২৪ পরগনা জেলা কমিটি বা প্রাদেশিক কমিটি ঠিক পরে পরেই যদি দুর্ভিক্ষ নিবারণের জন্য আন্দোলন ও দুস্থ লোকেদের জন্য রিলিফ সংগ্রহের ব্যবস্থা করিত, এই কাজের জন্য ঐক্যবন্ধ কমিটি ইত্যাদি করিত (যাহা পরে করা হয়) তাহা হইলেও খাদ্য ও রিলিফ আন্দোলন প্রথম হইতেই এক নতুনরূপ গ্রহণ করিত। এই ব্যাপারেও পার্টি নেতৃত্ব বেশ গুরুত্বপূর্ণ কয়েকদিন নিষ্ক্রিয় বা দ্বিধাগ্রস্ত থাকে, রিলিফ আন্দোলনের আশু ও সুদূরপ্রসারী প্রয়োজনীয়তা অনুভব করে না।

খাদ্য ও রিলিফ আন্দোলনের প্রয়োজনীয়তা, পারস্পরিক সম্পর্ক ও উহাদের উদ্দেশ্য সম্পর্কে গোড়ায় প্রাদেশিক কমিটির স্বচ্ছ ধারণা ছিল না। পার্টি র্য়াঙ্কেরও একাংশে এ সম্পর্কে ধারনার অভাব বা অস্বচ্ছতা এবং বিভ্রান্তি শেষ পর্যন্ত থাকিয়া যায়। খাদ্য আন্দোলনের 'বিপ্লবী' রূপের সহিত রিলিফ আন্দোলনের 'সংস্কারবাদী' রূপের সামঞ্জস্য কোথায় বা কি করিয়া সমন্বয়সাধন করা যায় এই ব্যাপারে একটা বিতর্ক বা বিভ্রান্তি এক অংশের মধ্যে অপ্রকাশ্যে হইলেও থাকিয়া যায়। তাই যখন সংযুক্ত রিলিফ সংগঠন গড়িয়া উঠে তাহার পিছনে সমস্ত পার্টির আশানুরূপ সমর্থন ও উদ্যোগ পরিলক্ষিত হয় না।

মে মাসে পি. সি. খাদ্য পরিস্থিতির উপরে অনেকটা সচেতন ও সক্রিয় হয়। গোড়া হইতেই আমাদের ইচ্ছা ও প্রচেষ্টা ছিল ঐক্যবদ্ধ আন্দোলন ও সংগঠন সৃষ্টি করার। তাই পি. সি. খাদ্যের অবস্থার পর্যালোচনা ও দাবি-দাওয়া সম্বলিত করিয়া একটি স্মারকলিপি গভর্নমেন্টের নিকট পাঠাইবার জন্য প্রস্তুত করে ও কয়েকটি বামপন্থী দলের সহিত উহার উপর আলোচনা চালায়। আমাদের ইচ্ছা ছিল ঐ স্মারকলিপি ঐক্যবদ্ধ বামপন্থী দলগুলির তরফ হইতে দেওয়া। ফরওয়ার্ড ব্লক (মাক্সিষ্ট ও সুভাষিষ্ট), আর. এস. পি., এস. ইউ. সি, ডি. ভি. প্রভৃতির সহিত একযোগে আইনসভার ভিতরে ও বাহিরে আন্দোলন পরিচালনার কথা আমরা চিন্তা করি ও তাহাদের জানাই, সেই অনুসারে ১৭ই মে মনুমেন্টে পার্টির উদ্যোগে যে খাদ্যের উপর জনসভা হয় তাহাতে সকলকে আমন্ত্রণ করা হয়। ডি. ভি. ছাড়া অন্য কোন দল ঐ সভায় আসে না। আমরা ঐ সভার পরেও অন্যান্য বামপন্থী দলের সংস্পর্শে আসিবার চেষ্টা করিয়া ব্যর্থ হই।

আমরা অন্যান্য বামপন্থী দল সম্পর্কে অনেকখানি মোহপোষণ করিতাম। আমরা তাহাদের প্রতিক্রিয়াশীল নেতৃত্বের স্বরূপ বা কার্যপ্রণালী বুঝি নাই। বুঝিলে অন্ততঃ দেরীতে হইলেও নিজেরাই সর্বশক্তি নিয়োগ করিতাম এক ব্যাপক আন্দোলন সৃষ্টির জন্য। যাহার ফলে অনেক বামপন্থী দল ও প্রগতিশীল অদলীয় ব্যক্তি আমাদের সঙ্গে শুরুতেই আসিতেন এবং পরবর্তীকালে যে কমিউনিষ্ট বিরোধী মোর্চ্চা গড়িয়া উঠে তাহা অনেকখানি অন্তত ব্যাহত হইত। বামপন্থী একতা ও গণতান্ত্রিক ফ্রন্টের পারস্পরিক সম্পর্ক সম্বন্ধে স্পষ্ট ধারনা না থাকায় দেরিতে উদ্যোগ লইয়াও সে উদ্যোগকে সম্পূর্ণ কাজে আনিতে অক্ষম হই। বামপন্থী দলগুলির প্রতি লেজুড় মনোভাব ও কমিউনিষ্ট পার্টির অগ্রণী ভূমিকার গুরুত্ব কার্যত না বোঝা-ই এই সমস্ত গলদের মূল কারণ।

তাই যখন আমাদের দ্বারা অনুষ্ঠিত ১৭ই মে'র জনসভার কয়েকদিনের মধ্যেই কমিউনিস্ট পার্টি ব্যতীত সমস্ত দল একত্রিত হইয়া সংযুক্ত খাদ্য প্রতিরোধ কমিটি নামে এক খাদ্য কমিটি গঠন করে তখন আমরা আশ্চর্য্যাদ্বিত ও বিপ্রান্ত হই।এই কমিটির স্মারকলিপি অনেক পরিমানে আমাদের মতই যদিও ঐ স্মারকলিপিতে অনেক ভুল দাবি ও বাগাড়ম্বরপূর্ণ বিশ্লেষণ ছিল। বামপন্থী দলগুলির সম্পর্কে আমাদের মোহ ছিল। বামপন্থী একতা ও গণতান্ত্রিক ফ্রন্টকে আমরা এক মনে করিয়াছিলাম। পার্টির স্বাতস্ত্র্য, স্বাধীন শক্তি ও সংগ্রাম, আন্দোলন ও সংগঠনের দায়িত্ব, গুরুত্ব ও কর্তব্য সম্বন্ধে ও তদুপরি ওইগুলির উপর যে গণতান্ত্রিক ফ্রন্ট ও বামপন্থী একতা নির্ভরশীল এই চেতনা কম থাকার ফলে এবং বিশেষ করিয়া পার্টির একাংশের মধ্যে এই বিষয়ে ভুল ধারনা থাকায় ও তাহার দ্বারা কিয়ৎ-পরিমাণে প্রভাবান্বিত হওয়ায় পি. সি.-ও স্বতন্ত্র, স্বাধীন আন্দোলন গড়িবার কাজে আত্মনিয়োগ না করিয়া আন্দোলন স্থগিত রাখিয়া দুঃ প্রঃ কমিটির দুয়ারে ধর্ণা দিল। একতা আনিতেই হইবে নতুবা পার্টির মধ্যেকার এক অংশ আমাদের সেক্টেরিয়ন বলিবে, সুতরাং কার্যতঃ আমাদের স্বাধীন আন্দোলন স্থগিত রহিল।

দেরিতে হইলেও পি. সি. পরে বুঝিতে পারে যে একদিকে যেমন দুঃ প্রঃ কমিটির সহিত একতার চেষ্টা করিতে হইবে অন্যদিকে নিজস্ব আন্দোলন ও সংগঠন গড়িয়া তুলিতে হইবে। তাহা হইলেই দুঃ প্রঃ কমিটির নেতৃত্ব না আসিলেও তাহাদের সাধারণ কর্মী ও তাহাদের বাইরের অন্যান্য দল ও অ-দলীয় প্রতিষ্ঠান একতা ও আন্দোলনের পথে অগ্রসর হইবে, কমিউনিষ্ট বিরোধী মোর্চা ভাঙিয়া পড়িবে।

এই সময়েই পুরাতন খাদ্য অভিযান কমিটিকে পুনরায় গঠন করিয়া কার্য্যক্ষেত্রে নামানো হয়। খাঃ আঃ কমিটি ও পার্টির তরফ হইতে একদিকে আন্দোলন পরিচালনা করা ও অন্যদিকে দুঃ প্রঃ কমিটির সহিত একতার জন্য আলোচনা চালানো হয়। আমরা তাঁহাদের নিকট নিম্নলিখিত প্রস্তাব করি।

- (১) কেবলমাত্র রাজনৈতিক দল নয়, সমস্ত গণপ্রতিষ্ঠান ও প্রগতিশীল অদলীয় ব্যক্তিদের লইয়া সংযুক্ত সংগঠন গড়িতে হইবে।
- (২) একমত হইয়া সব প্রস্তাব গ্রহণ করিতে হইবে। যেখানে একমত হওয়া সম্ভব নয়, সে সব ব্যাপারে সুযোগ লওয়া হইবে না।
- (৩) সংযুক্ত প্রতিষ্ঠানের মারফং ছাড়াও প্রত্যেক দলের স্বাধীনভাবে সভা করা ও সংযুক্ত প্রতিষ্ঠানের মত ও কার্যক্রমের বিরোধী নয় এমন মতপ্রকাশের স্বাধীনতা থাকিবে।

কিন্তু দুঃ প্রঃ কমিটি এই তিনটি প্রস্তাবই বাতিল করিয়া দেয়। তাঁহাদের সহিত আমাদের যে পত্রালাপ চলে সেগুলি পড়িলেই তাঁহাদের নেতৃত্বের আসল ঐক্যবিরোধী ও কমিউনিষ্ট পার্টি-বিরোধী চরিত্রের পরিচয় পাওয়া যাইবে। দুঃ প্রঃ কমিটির নেতৃত্বের আসল মতলব কমিউনিষ্ট পার্টিকে তাহাদের লেজুড়ে পরিণত করা অন্যথায় কমিউনিষ্ট বিরোধী মোর্চা গঠন করিয়া অভিযান চালানো।

একজন সভ্য ছাড়া সমস্ত পি. সি. দৃঃ প্রঃ কমিটির প্রস্তাব নাকচ করেন। ঐ পি. সি. সভ্য মতপ্রকাশ করেন যে ঐ কমিটিতে যে কোন শর্তে চুকিয়া তাহার নীতি ও পথের বিরুদ্ধে সংগ্রাম করিতে হইবে। যদিও শেষ পর্যন্ত সংখ্যাগরিষ্ঠের মত মানিয়া লইতে হইলো। বাকী পি. সি. সভ্যদের মত ছিল যে উহা সুবিধাবাদ ও পেটিবুর্জোয়া পার্টিগুলির কাছে আত্মসমর্পণেরই নামান্তর। যেখানে অন্যদলের নেতৃত্ব কমিউনিষ্ট বিরোধী মনোভাবে অন্ধ সেখানে স্বভাবতই সেই নেতৃত্ব কমিউনিষ্ট পার্টিকে ভোটের জোরে যে কোনঠাসা করিবে তাহার উদাহরণ কমিউনিষ্ট পার্টির কাছে যথেষ্টই ছিল। বিগত কর্পোরেশন নির্বাচনে ই উ সি সি-তে বামপন্থী দলের প্রধান কাজ ছিল ভোটের জোরে আমাদের কোনঠাসা করা। ফলে তাহারা আমাদের কোনঠাসা করিয়া কংগ্রেসকেই জয়ী করিয়াছে। সেই বামপন্থী নেতারাই ৭ই মে উপলক্ষ্যে শ্যামাপ্রসাদের মতো প্রতিক্রিয়াশীলের পিছনে দৌড়াইয়া তাহাদের 'বিপ্লব স্পৃহার' পরিচয় দিয়াছেন। পরবর্তীযুগে সাম্প্রদায়িকতা প্রচার করিয়াছে, পাকিস্তান বিরোধী জিগির তুলিয়া নাজিমুদ্দিন সরকারকেই শক্তিশালী করিয়াছে, সাম্রাজ্যবাদী চক্রান্তকে বলিষ্ঠ করিয়াছে, আই সি এফ টি ইউর সহিত সহযোগিতা করিতে পরাম্মুখ হয় নাই। সুতরাং তাহাদের ফাঁদে পা না দিয়া পার্টি নেতৃত্ব বুদ্ধিমন্তারই পরিচয় দিয়াছেন। কিন্তু দৃঃ প্রঃ কমিটির সহিত যে আলোচনা চলিতেছিল তাহা সময়মতো পার্টির র্যাঙ্ককে না জানানোর ফলে ব্যাক্ষে বিত্রান্তির সৃষ্টি হয় ও ব্যাঙ্ক সচেতনভাবে কাজে অগ্রসর হইতে পুরোপুরি সক্ষম হয় না এবং অনেক ভুল বোঝাবুঝিরও সৃষ্টি হয়। এই সময় পি. সি. সার্কুলারে খাঃ অফ কমিটি ও দৃঃ প্রঃ কমিটি সম্পর্কে আমাদের কি নীতি হইবে তাহাই বলা হয়। আমরা বলি যেঃ

- (১) যেখানে আমরা একক শক্তি বা সর্বাপেক্ষা শক্তিশালী সেখানে খাঃ অঃ কমিটি গঠন করিয়া সকলকে একতাবদ্ধ করিবার চেষ্টা করিব, ব্যাপক আন্দোলন গডিয়া তুলিব।
- (২) যেখানে অন্যান্য শক্তির অক্তিত্ব আছে সেখানে সংযুক্ত প্রতিষ্ঠান গড়িবার চেষ্টা করিব। সেই প্রতিষ্ঠানকে কোন কেন্দ্রীয় প্রতিষ্ঠানের সহিত যুক্ত করিব না। উভয়েরই কাছে একতাবদ্ধ হইতে আবেদন জানাইব।
- (৩) যেখানে আমরা নগণ্য শক্তি সেখানে স্থানীয় ঐক্যবদ্ধ আন্দোলন গড়িবার চেষ্টা করিব, পার্টিনীতি বিরোধী কার্যকলাপ ও প্রচারের বিরোধিতা করিব এবং একমাত্র বাধ্য হইলেই স্থানীয় সংযুক্ত প্রতিষ্ঠান হইতে বাহির হইয়া আসিব। এই নীতিও যে সঠিক ছিল তাহা মফস্বলের খাদ্য আন্দোলন হইতে বুঝা যায়। বছস্থলেই আমরা সংযুক্ত খাদ্য সংগঠন ও আন্দোলন গড়িয়া তুলিতে সক্ষম হই। গ্রামাঞ্চলে হাট, বাজার, হরতাল, ঘেরাও, ডেপুটেশন নেওয়া হয়। নদীয়াতে ব্যাপক আন্দোলন সৃষ্টি করা সম্ভব হয় যদিও শেষের দিকে পি. সি.-র প্রত্যক্ষ নেতৃত্বের অভাবের ফলে ও সংগ্রাম সম্পর্কে ভূল ধারনা থাকার ফলে ঐক্যবদ্ধ আন্দোলন ব্যাহত হয়। (নদীয়া)।

২৪ পরগণা প্রভৃতি অঞ্চলে আমরাই ব্যাপক আন্দোলন করি। যাহার ফলে কিদোয়াই পশ্চিমবাংলা সফরে আসিতে বাধ্য হন। সুন্দরবন সফরের সময় ক্ষুধিত জনতার সন্মুখীন হইয়া তিনি কোনক্রমে (প্রাণ লইয়া) পলায়ন করেন ও প্রতিশ্রুতি দেন কমিউনিষ্ট পার্টির সহিত খাদ্যাবস্থা সম্পর্কে আলোচনা করিয়া যথাবিহিত ব্যবস্থা গ্রহণ করিবেন। কলিকাতা হইতেই তিনি তাঁহার কুখ্যাত কিদোয়াই প্ল্যান ঘোষণা করেন যাহার মূলকথা ছিল ক্রমিক বিনিয়ন্ত্রণ। দেশে সর্বত্র সরকারি আমলাতান্ত্রিক ও ধনিকতোষণ কর্ট্রোল প্রথার বিরুদ্ধে বিক্রোভ ছিল। তাহারই সুযোগে বিনিয়ন্ত্রণের মারফৎ জনগণকে

খাওয়াইবার দায়িত্ব সরকার অস্বীকার করেন। খাদ্য সংগ্রহ নীতির বিরুদ্ধে কৃষক ও অন্যান্যের যে অসন্তোষ ছিল তাহারই সুযোগে নতুন লেভী প্রথার ঘোষণা ঐ কিদোয়াই গ্ল্যানের মূলকথা ছিল। রেশনিং অঞ্চলে রেশন বাড়াইবার পরিবর্তে ইকনোমিক গ্রেন শপের মাধ্যমে সরকারি চোরাবাজার কায়েম ঐ গ্ল্যানের মারফতই হয়। গোড়ায় গ্ল্যানের স্বরূপ বুঝিতে দেরি হইলেও কমিউনিষ্ট পার্টি ও খাদ্য অভিযান কমিটি ঐ কিদোয়াই গ্ল্যানের তীব্র নিন্দা করে ও গ্ল্যানের জনস্বার্থ বিরোধী স্বরূপ উদঘাটিত করে।

দৃঃ প্রঃ কমিটি কিদোয়াই প্ল্যান সমর্থন করে ও ঘোষণা করে যে তাহাদের স্মারকলিপি প্রভৃতির ফলেই সরকার ওই প্ল্যান ঘোষণা করিতে বাধ্য হইয়াছিল। দৃঃ প্রঃ কমিটির সভাপতি হিসাবে ডাঃ সুরেশ ব্যানাজী এক প্রেস কনফারেলে ঐ প্ল্যান অবিলম্বে চালু করার দাবি করেন, অন্যথায় ঐ প্ল্যান চালু করিতে সরকারকে বাধ্য করিবার জন্য এক ব্যাপক সংগ্রামের ছমিক দেখান এবং সঙ্গে সরকারকে আশ্বাস দেন যে, তাঁহাদের সংগ্রাম সরকারের হাতকেই শক্তিশালী করিবে। বছবার বছভাবে ঐ কমিটির বিভিন্ন নেতা, অন্তর্ভুক্ত বিভিন্ন দল যথা আর. এস. পি. প্রকাশ্য বিবৃতি মারফৎ জানান যে তাঁহারা কিদোয়াই প্ল্যানের সমর্থক। যদিও কমিউনিন্ট পার্টি ও খাদ্য অভিযান কমিটির সমালোচনার পরমূহুর্তে তাঁহারা জানান যে, না—তাঁহারা প্ল্যান সমর্থন করেন না। এক কথায় খাদ্য আন্দোলনের সমস্যা ও দাবি সম্পর্কে একটি সুষ্ঠু ধারনার অভাব, অন্যদিকে বিনিয়ন্ত্রন যাহাদের স্বার্থকে পুষ্ট করে (জোতদার ও জমিদার) তাহাদের সহিত যুক্ত থাকার ফলে ঐরূপ স্ববিরোধী মত ও দাবি দৃঃ প্রঃ কমিটি করিতে থাকে। কে. এম. পি, সোশ্যালিষ্ট প্রভৃতি দল মূলত বিনিয়ন্ত্রনের পক্ষপাতি ছিল। ফরোয়ার্ডব্লক (মাঃ), আর. এস. পি প্রভৃতিও পরিষ্কার না স্বীকার করিলেও অনেকখানি বিনিয়ন্ত্রনের দিকে যেঁযা মনোভাব দেখায়।

সুংযুক্ত খাদ্য আন্দোলন ও সংগঠন কিভাবে ও কি নীতিতে গড়িতে হইবে, কি তাহার দাবি দাওয়া হইবে কিদোয়াই প্ল্যান সম্পর্কে কি মনোভাব গ্রহণ করিতে হইবে ইত্যাদি জরুরী প্রশ্নে আমাদের সহিত দুঃ প্রঃ কমিটির মতপার্থক যতদিন যাইতে লাগিল ততই পরিস্ফুট হইতে থাকে। অথচ ঐক্যের আশায় আমরা কতটা নিষ্ক্রিয় হইয়া বসিয়া থাকি, যদিও বিভিন্ন সার্কুলার ও সভাসমিতির মারফং পার্টি র্যাঙ্ক ও জনগণ পি. সি.-র বক্তব্য সম্পর্কে ওয়াকিবহাল হয়। ঐ সময় আমাদের মূল কথা ছিল—গণজমায়েৎ, ঐক্য আন্দোলনের সম্প্রসারণ যাহার ফলেই সরকার বাধ্য হইবে খাদ্যশস্য আমদানি করিতে, ক্ষুধিতকে অন্ধদান করিতে। এই সময় পি. সি. ঘোষণা করে যে খাদ্য সংকটে অবিলম্বে আক্রান্ত না হইলেও শ্রমিক শ্রেণীকে এই আন্দোলনে আনিতে হইবে। সাধারণ ধর্মঘটের পথে পরিচালিত করিতে হইবে। কিন্তু প্রাদেশিক টি ইউ সাব কমিটি মনে করে যে সেই অবস্থায় সাধারণ ধর্মঘটের ধ্বনি আন্দোলনকে সম্প্রসারিত করার পরিবর্তে সংকুচিত করিবে এবং সাধারণ ধর্মঘটের ফলে তাহার সম্ভাবনাকে পিছাইয়া দিবে। টি ইউ সাব কমিটি খাদ্য ব্যাপারে শ্রমিক সভা ও প্রচারের কার্যসূচী গ্রহণ করে। প্রাদেশিক কমিটি টি ইউ সাব কমিটির এই অভিমত গ্রহণ করিয়া লয়।

ক্রমে ইহা পরিষ্কার হইতে থাকে যে দুঃ প্রঃ কমিটি আমাদের সহিত সহযোগিতা করিতে একেবারেই নারাজ এবং তাঁহাদের সরকার বিরোধী সংগ্রাম পরিচালনার মধ্যে কমিউনিষ্ট বিরোধী পরিকল্পনা প্রধান ও অগ্রণীভূমিকা গ্রহণ করিতেছে। সূতরাং পি. সি. সিদ্ধান্ত করে যে অবিলম্বে যে সমস্ত দল ও অদলীয় ব্যক্তির সহিত আমাদের মতের একতা রহিয়াছে তাহাদের সহযোগিতায় খাঃ অঃ কমিটিকে শক্তিশালী করিয়া কমিটিরই উদ্যোগে সমস্ত পশ্চিমবাংলায় ব্যাপক আন্দোলন অবিলম্বে গড়িয়া তুলিতে হইবে ও যেখানে সম্ভব কমিটির শাখা গড়িয়া তুলিতে হইতে। ডি. ডি., শ্রমিক-কৃষক দল, আর. সি. পি. আই., বিপ্লবী সমাজতন্ত্রী প্রভৃতি দল ও কতিপয় অদলীয় ব্যক্তি খাঃ অঃ কমিটিতে সক্রিয় অংশগ্রহণ করিতে থাকেন। আমাদেরই উদ্যোগে বি পি টি ইউ সি খাদ্য সমস্যার ওপর যে শ্রমিক সমাবেশ ১২ই জুলাই আহ্বান করে তাহাতে খাঃ অঃ কমিটি সমর্থন জানায়। ২৪ পরগণার দুর্ভিক্ষ অঞ্চল হইতে হাজার হাজার ক্র্বিত কৃষকের অভিযান কলিকাতায় অনুষ্ঠিত হয়। পার্টি সভ্য ও সমর্থকদের অসামান্য পরিশ্রম ও নিষ্ঠা, সংগঠনশক্তি ও সাধারন জনতার সক্রিয় সহযোগিতার ফলে কলিকাতায় এক অপূর্ব দৃশ্য দেখা যায়। ১২ই জুলাই শ্রমিক, কৃষক ও মধ্যবিত্তের যে সমাবেশ হয় তাহা ঠিকমতো বৃথিতে পারিলে পশ্চিমবাংলায় খাদ্য আন্দোলনকে আমরা এক নতুন পর্যায়ে নিতে পারিতাম। যাহা হউক ওই সমাবেশ ও খাদ্য আন্দোলনে এক নতন সম্ভাবনা দেখা যায় ও কলিকাতার জনগণের মনে গভীর রেখাপাত করে।

সেদিনের সমাবেশ প্রমাণ করে যে বহু পূর্ব হইতেই যদি পি. সি. খাদ্য সমস্যা সম্পর্কে সচেতন হইত ও সমস্ত পার্টি সভ্য ও সমর্থককে আন্দোলনে ডাক দিত তাহা হইলে আন্দোলন অনেক আগেই এক বিরাটরূপ ধারণ করিত, সরকারকে কোনঠাসা করিত, বিভেদকামী শক্তিকে পরাস্ত করিয়া দলমত নির্বিশেষে একতা প্রতিষ্ঠিত করিতে পারিত এবং দুর্ভিক্ষকেও আরো অনেকখানি রুখিতে পারিত। কারণ আন্দোলনের চাপে সরকারকে খাদ্য জোগানোর কাজে আরও কিছুটা বাধ্য করা যাইত। পি. সি.-র প্রথম প্র্যান ছিল যে অ্যাসেম্বলী খোলার সাথে সাথে এক বিরাট অ্যাসেম্বলী ঘেরাও'র ব্যবস্থা করা। কিন্তু এই প্র্যান নিছক গাফিলতির জন্য ধামাচাপা পড়িয়া যায়।

যাহা হউক, ১২ই জুলাই সমাবেশের পর পি. সি. আন্দোলন প্রসারিত করিবার জন্য নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করে—(ক) স্থানীয় খাঃ অঃ কমিটির সংগঠন খাড়া করা, (খ) স্থানীয় ভিত্তিতে জনসভা, শোভাযাত্রা, ভূখামিছিল, বাজার হরতাল ও সরকারি দপ্তর বা অফিসার ঘেরাও, (গ) স্থানীয় ও কেন্দ্রীয়ভাবে শ্রমিক-কৃষক ও জনসাধারণের মধ্যে একাদ্ম ও সৌদ্রাতৃত্ববোধ সৃষ্টি করা ও ব্যাপক মোর্চা গড়া, (ঘ) মজুর শ্রেণীকে হরতালের পথে উদ্বুদ্ধ করা। ইহা যে ব্যাপকভাবে সম্ভব ছিল তাহা ১২ই জুলাই-এর জনসমাবেশ প্রমাণ করে। কিন্তু ইতিমধ্যে অবস্থা হঠাৎ অন্যরূপ ধারন করে।

দৃঃ প্রঃ কমিটির নেতৃত্ব জনসাধারণের সামনে নিজেদের 'বিপ্লবী' ও কমিউনিষ্ট পার্টি ও খাদ্য অঃ কমিটিকে 'সংস্কারপন্থী' প্রমাণ করিবার জন্য আন্দোলনের এক নৃতন পরিকল্পনা গ্রহণ করেন। তাঁহারা ঘোষণা করেন যে সরকারি খাদ্যনীতির প্রতিবাদে তাহারা অ্যাসেম্বলী অভিযান করিবেন। পূর্বের মতোই আমরা তাঁহাদের সহিত সমঝোতা করিবার চেন্টা করিয়া বিফল হই। তাঁহারা মিছিল লইয়া যান, অ্যাসেম্বলীর বাহিরে পুলিশ জনতাকে আক্রমণ করায় আমরা বিধানসভার মধ্যে প্রতিবাদ জানাই ও সভাকক্ষ ত্যাগ করি।

১৬ই জুলাই দুঃ প্রঃ কমিটির নেতৃত্বে প্রায় এক হাজার লোক অ্যাসেম্বলির দিকে অপ্রসর হইয়া পথিমধ্যে পুলিশ কর্তৃক বাধা পায়। নেতারা গ্রেফতার হন, জনতা পুলিশ কর্তৃক আক্রান্ত হন। বিকালে অফিসফেরৎ লোকজন সমস্ত দৃশ্য দেখিয়া ক্ষিপ্ত হইয়া ওঠেন। পরের দিনই শহরে ১৪৪ ধারা জারী হয়। এই পুলিশ অত্যাচারের প্রতিবাদে দুঃ প্রঃ নেতৃত্ব ১৭ই জুলাই সাধারণ ধর্মঘট ঘোষণা করেন। আমরা যুক্তভাবে হরতাল পালনের আহুান জানাই। কিন্তু সাধারণ ধর্মঘট সমর্থন করি না কারণ, ঐভাবে সাধারণ ধর্মঘট অর্থহীন ও ক্ষতিকারক হইত। পূর্ব হইতে মিলিতভাবে শ্রমিকদের মধ্যে প্রচার না করিয়াই হরতালের ভাক দেওয়া দায়িত্বহীনতা ও হঠকারিতা হইত।

পরের দিনও আবার অ্যাসেম্বলী অভিযানের ডাক দেওয়া হয় কিন্তু জমায়েত অনেক কম হয়। আবার নেতারা গ্রেপ্তার হন। কিন্তু বাকী লোক নিদারুণভাবে প্রহাত হন। এইভাবে দুঃ প্রঃ কমিটি পরপর ছয়দিন জমায়েত, আইনভঙ্গ ও অ্যাসেম্বলী অভিযানের ডাক দেন কিন্তু ক্রমশই জমায়েত কম হইতে থাকে ও শেষদিন একশতের বেশী জন জমায়েত হয় না।

এই আন্দোলনের শুরু হইতেই এবং যত দিন যাইতে লাগিল ও জন-জমায়েত কম হইতে লাগিল ততই দুঃ প্রঃ কমিটির নেতৃত্বের প্রধান কাজ হইল কমিউনিষ্ট পার্টিকে আক্রমণ করা। এমনকি অধিকাংশ সময় সরকারের বিরোধিতা অপেক্ষা কমিউনিষ্ট বিরোধিতাই প্রবলতর রূপ ধারণ করে। দুঃ প্রঃ কমিটি ২৪শে জুলাই আবার সাধারণ ধর্মঘটের ডাক দেয়। এইবার আমরা সম্পূর্ণভাবে তাহাদের ধর্মঘটের ডাক হইতে নিজেদের তফাৎ রাখি।

এই আন্দোলনের মধ্যে অন্যতম লক্ষ্যনীয় বিষয় ছিল প্রত্যেক বুর্জোয়া ও সরকার সমর্থক পত্রিকার এই আন্দোলনের প্রতি প্রত্যক্ষ বা প্রছন্ন সহানুভূতি। প্রত্যেক পত্রিকায় হরতালের আহ্বান ও আইনভঙ্গের নোটিশ ও খবর চমৎকারভাবে ছাপানো হইত। সরকারের তরফ হইতেও এইসব পত্রিকাগুলিকে এইসব সংবাদ ছাপাইতে বাধা দেওয়া হয় নাই।

আন্দোলনের পঞ্চম দিনেই দুঃ প্রঃ কমিটির যে নেতারা জেলের বাহিরে ছিলেন তাঁহারা মুখ্যমন্ত্রী ও ধৃত নেতাদের সহিত কথাবার্তা বলেন। পরের দিন ডাঃ রায় ধৃত ব্যক্তিদের মুক্তিদানের ও ১৪৪ ধারা অপসারণের ইচ্ছা প্রকাশ করেন। ফরওয়ার্ড ব্রকের নেতা অ্যাসেম্বলির মধ্যে ডাঃ রায়কে ইহার জন্য ধন্যবাদ দেন ও প্রতিশ্রুতি দেন যে ধৃত নেতাদের সহিত সাক্ষাৎ করিয়া তিনি তাহাদের আন্দোলন প্রত্যাহার করিবার পরামর্শ দিবেন। পরের দিন মুক্ত নেতৃবৃন্দ যে সভা করেন তাহাতে যত না তাঁহারা সরকারি দমননীতি ও খাদ্যনীতিকে আক্রমণ করেন তাহার দশগুণ কমিউনিষ্ট পার্টিকে আক্রমণ করেন। এই আন্দোলন উপলক্ষে পার্টির অভ্যন্তরে নৃতনরূপে পুরাতন মতদ্বৈততা আরও তীব্রভাবে দেখা দেয়।

### আন্তঃপার্টি মতদ্বৈধতা

পি. সি. দুঃ খঃ কমিটির নেতৃত্বকে বিভেদ সৃষ্টিকারী হিসাবে দেখিয়াছে, ওই নেতৃত্বে কিদোয়াই প্ল্যান সমর্থনকে তীব্র

নিন্দা করিয়াছে। পি. সি. মনে করে যে ওই আন্দোলন গোড়া হইতে যেভাবে পরিকল্পিত ও পরিচালিত হইয়াছে, যে শ্লোগান ও কর্মপন্থা গ্রহণ করিয়াছে তাহা শেষ পর্যন্ত ব্যক্তিগত সত্যাগ্রহে পর্যবসিত হইতে বাধ্য ছিল। যে আন্দোলন শুক্রতেই বিভেদকারী আওয়াজ তোলে, কিদোয়াই প্ল্যানের মতো জমিদার-জোতদারের প্ল্যানের সমর্থন ও কমিউনিষ্ট বিরোধিতার রূপ গ্রহণ করে তাহা গন-সত্যাগ্রহের দ্বারা আরম্ভ হইলেও ব্যক্তিগত সত্যাগ্রহে পর্যবসিত হইতে বাধ্য। ঘটনা প্রমান করিয়া দিয়াছে যে পি. সি.-র দৃষ্টিভঙ্গী সঠিক ছিল।

যে কমরেডরা ঐ আন্দোলন সম্পর্কে অত্যন্ত আগ্রহশীল ছিলেন আন্দোলন চলাকালীনই তাঁহাদের ভূল সুস্পষ্ট হইরা উঠে। বুর্জোয়া পত্রিকার সাহায্যে ছয়দিনে শহরে চাঞ্চল্যের সৃষ্টিতে যে কমরেডরা মনে করিয়াছিলেন যে পার্টি নিস্ক্রিয়তার জন্য জনগণ হইতে বিচ্ছিন্ন হইয়া পড়িল তাঁহারা যে ভ্রান্ত ছিলেন তাহার প্রমাণ হইল যে, আমাদের পার্টিই এই ঘটনাবলীর কিছু পরে কলিকাতায় কর্পোরেশন উপনির্বাচনে সীমাবদ্ধ ভোটাধিকার সত্ত্বেও কংগ্রেসকে পরাজিত করে।

প্রাদেশিক কমিটির লাইনের দুর্বলতা ছিল অন্যত্র। প্রধান দুর্বলতা ছিল দুঃ প্রঃ কমিটির পাল্টা কোন সবল লাইনের অভাব। যদি আমরা গোড়া হইতেই শহরে ও গ্রামাঞ্চলে ভূখামিছিল ইত্যাদির প্রোগ্রাম লইতাম, স্থানে স্থানে মজুত উদ্ধারের জন্য ও খাদ্য আদায়ের জন্য সরকারি অফিসার ও অফিস ঘেরাও অথবা যেখানে পার্টির শক্তি আছে সেখানে শান্তিপূর্ণ ও সুনিয়ন্ত্রিত সংগ্রাম প্রভৃতি পূর্বেই শুরু করিতাম—অন্ততঃপক্ষে ১২ই জুলাই ঘটনার পরও ঐপথ গ্রহণ করিলে অবস্থা সম্পূর্ণ অন্যদিকে যাইত। খাদ্য আন্দোলন সম্পর্কে সচেতনতার অভাব ও জনগণের শক্তিকে ছোট করিয়া দেখা ও শক্তর শক্তিকে কিছু বড করিয়া দেখার ফলে আমরা সাহসের সহিত এই কার্যক্রম গ্রহণ করিতে পারি নাই।

আমরা শ্রমিক হরতালের পরিকল্পনা নিয়াছি, কিন্তু উহাকে কার্যকরী করিবার যথাসাধ্য চেন্টা করি নাই, যতটুকুই বা চেন্টা করিয়াছি তাহার ফল হইতে শিক্ষা লই নাই যে শ্রমিকের সহিত আমাদের নাড়ীর যোগ দুর্বল থাকায় কিছুই করা যাইতেছে না। অতএব যোগসূত্র সুদৃঢ় করিবার জন্য পার্টির প্রধান শক্তি এই দিকেই ব্যয়িত করিতে হইবে।

মজুত দখল সম্পর্কে বিতর্কও দেখা দেয়। কিছু কমরেড মনে করিতেন—হয়তো এখনো মনে করেন যে পার্টির পক্ষে তখনই জাের করিয়া মজুত খাদ্য দখল ও অভাবগ্রন্তের মধ্যে বিতরণের ধ্বনি ও কার্যক্রম গ্রহণ করা উচিৎ ছিল। পি. সি. এই মতের বিরোধী ছিল। পি. সি.-র মতে তখন পার্টি ও গণসংগঠনগুলি যেরূপ দুর্বল ছিল তাহাতে ব্যাপকভাবে বা বেশী জায়গায় ঐরূপ মজুত দখল সম্ভব ছিল না, তাহাতে জনসাধারণের দুঃখও লাঘব হইত না। বরং ইহার ফলে পার্টি ও গণসংগঠনের উপর আঘাত আসিত যাহার ধাকা গ্রামাঞ্চলে সামলাইয়া ওঠা দুরুহ ছিল।

দুঃ প্রঃ কমিটির সহিত কিভাবে যুক্ত হওয়া উচিত ছিল বা সম্ভব ছিল তাহার উপরও প্রচণ্ড বিতর্ক দেখা দেয়। আগেই বলা হইয়াছে যে কিছু কমরেড দৃঢ় অভিমত পোষণ করিতেন যে আমাদের বিনা শর্তে দৃঃ প্রঃ কমিটিতে যোগ দেওয়া উচিৎ ছিল, প্রতিবাদ করিয়া সংখ্যাগরিষ্ঠের মতামতে চলিতে প্রস্তুত থাকা উচিৎ ছিল। পি. সি. এই মতকে আত্মসমর্পণেরই মত বলিয়া মনে করিত। পি. সি. মনে করিত যে ঐভাবে একতা কায়েম না করিলেও মনে করিবার কারণ নাই যে বামপন্থী ঐক্যের সম্ভাবনা অন্ধকার হইয়া গেল। পি. সি. মনে করে যে ঐক্য-অনৈক্য মিলন ও ভাঙ্গন ইত্যাদির মারফতই গণআন্দোলনের অভিজ্ঞতার মধ্য দিয়াই প্রকৃত বামপন্থী ঐক্য প্রতিষ্ঠিত হইবে।

যখন দুঃ প্রঃ কমিটির আন্দোলন চরমে উঠিল তখন ঐ কমরেডরাই আবার বলিলেন যে এখন দ্বিধাহীনভাবে ঐ সংগ্রামে উহাদের সহিত আমাদেরও ঐ কমিটির সঙ্গে একযোগে বা অংশ হিসাবে শ্রমিককে সাধারণ ধর্মঘটে ডাক দেওরা উচিৎছিল। পি. সি. মনে করিয়াছিল যে তখন সাধারন ধর্মঘটের ডাকের জন্য শ্রমিক প্রস্তুত ছিল না, ঐ ডাকে তাহারা সাড়া দিত না। বরং ঐরূপ ডাকের ফলে উঠতির মুখে শ্রমিক আন্দোলন প্রচণ্ড ধাক্কা খাইত, আন্দোলনেরও ক্ষতি হইত।

কিন্তু প্রাদেশিক কমিটি দুঃ প্রঃ কমিটির সত্যাগ্রহ আন্দোলনের সময় এক মারাত্মক ভুল করে। সরকার যখনই ঐ সত্যাগ্রহের উপর দমননীতি প্রয়োগ করে তখনই অবস্থার রূপান্তর হয়, কেননা সরকারি দমননীতি অন্যসব ঘটনাকে পিছনে ঠেলিয়া দেয়। দমননীতির বিরুদ্ধে জনগণের তীব্র ঘৃণার উদ্রেক হয় কিন্ত তাহারা ঐ দমননীতির বিরুদ্ধে পার্টির কোন বিলিষ্ঠ কার্যক্রম দেখিতে পায় না। ইহার ফলে কোন কোন ক্ষেত্রে আমাদের সমর্থকেরাও বিভ্রান্ত হয়ে পড়েন বিশেষতঃ যখন সংবাদপত্রে বেশ প্রত্যক্র বা পরোক্ষভাবে ও দুঃ প্রঃ কমিটি প্রকাশ্যে কমিউনিষ্ট পার্টিরে আক্রমণ করিতে থাকে। সঙ্গে সঙ্গে মনে করা ভল হইবে যে কমিউনিষ্ট পার্টির এই বলিষ্ঠতার অভাবের জন্য জনগণ পার্টির উপর একেবারে

আ্ছা হারাইয়া ফেলে পার্টি জনতা ইইতে একেবারে বিচ্ছিন্ন হইয়া পড়ে। ইহাও ঠিক নয় যে হাজারে হাজারে জনগণ দুঃ প্রঃ কমিটির সংগ্রামে যোগ দিয়াছিলেন।

দমননীতি জারী হওয়ার পরমূহুর্তেই পি. সি. ১৪৪ ধারা জারীর বিরুদ্ধে নাগরিক অধিকার প্রতিষ্ঠার জন্য স্বাধীন ও স্বতন্ত্রভাবে নিজের বক্তব্য পেশ করিয়া জনগণকে যদি দমননীতি ও পুলিসী তাণ্ডবের বিরুদ্ধে শান্তিপূর্ণ সত্যাগ্রহের ও আইনভঙ্গের ভাকে সাড়া দিত, দুঃ প্রঃ কমিটির কমিউনিস্ট বিরোধী ধ্বনি স্তব্ধ হইয়া যাইত, সরকার আরও বিচ্ছিন্ন ও অপদস্থ হইত ও দমননীতি প্রত্যাহার করিতে বাধ্য হইত। আমাদের উপর পুলিসী অত্যাচার অপেক্ষাকৃত বেশি হইলেও মোটের উপর সরকার পিছনে হটিতে বাধ্য হইত।

পূর্বে বর্ণিত পি. সি.-র দুর্বলতা, ত্রুটি ও ভূল সত্ত্বেও ইহা নিঃসন্দেহে বলা যায় যে যাঁহারা পি.সি. লাইনের বিরোধী ছিলেন তাঁহাদের অপেক্ষা পি. সি. রাজনীতিগতভাবে অনেক সঠিক ও বাস্তব নীতি ও পদ্বা গ্রহণ করিয়াছিল। প্রাদেশিক কমিটির আন্দোলনে এইসব দুর্বলতা সত্ত্বেও আমাদের আন্দোলনের ফলে যে অবস্থার পরিবর্তন হয়, তাহা বুঝা দরকার।

- (১) আন্দোলনের ফলে সরকার কিছু পরিমাণে খাদ্য সংকটে হস্তক্ষেপ করিতে বাধ্য হয় ও দুর্ভিক্ষও ১৯৪৩ সালের মতো ভয়াবহ আকার ধারণ করিতে পারে না। গ্রামঞ্চলে সস্তাদরে চাল বিক্রয় করিতে অনেক দুর্ভিক্ষগ্রস্ত অঞ্চলে কিছু পরিমাণে বিনামূল্যেও রিলিফ ইত্যাদি দিতে সরকারকে বাধ্য করা যায়।
- (২) কিদোয়াই পরিকল্পনার বিরুদ্ধে দ্ব্যর্থহীন ভাষায় আন্দোলন পরিচালনার ফলে ঐ প্ল্যানের পিছনে যে মোহ বা প্রান্তির সৃষ্টি হইয়াছিল তাহাও অনেক পরিমাণে দৃঢ় করা সম্ভব হয়। সরকার-এর ঘোষিত ক্রমিক বিনিয়ন্ত্রণ নীতির ও তাহার ভয়াবহ কুফল সম্বন্ধে অনেকখানি সচেতন আমাদেরই আন্দোলনের ফলে হয়। ফলে মাদ্রাজের অবস্থা বাংলায় আসিতে পারে না।
- (৩) অ্যাসেম্বলী বা পার্লামেন্টের মধ্যে ও বাহিরে আন্দোলনের ফলে খাদ্য সংকটের অবস্থা দেশে বিদেশে সর্বত্র প্রচারিত হয় এবং গভর্নমেন্টকে খাদ্য সংগ্রহ ও বিতরণের নীতি সম্পর্কে কিছু পরিবর্তন করিতে বাধ্য করা যায়।
- (৪) আমাদের প্রচেষ্টায়ই প্রধানতঃ সংযুক্ত রিলিফ কমিটি গঠিত হয়, যাহাতে প্রায় সমস্ত বামপন্থী দল ও প্রগতিশীল শক্তি যোগ দেন। খাদ্য আন্দোলনের ন্যায় রিলিফ আন্দোলনে ভেদাভেদের সৃষ্টি হইতে পারে না।

পূর্বে বর্ণিত দূর্বলতা না থাকিলে, প্রথম অবস্থায়ই খাদ্য সংকট সম্বন্ধে চেতনা থাকিলে সময় মতো উদ্যোগ নিলে সরকারকে যে প্রথম হইতেই হস্তক্ষেপ করিতে বাধ্য করা যাইত ও বামপন্থী ভেদাভেদ এড়ানো যাইত তাহাই নহে এক ব্যাপক গণআন্দোলনও কৃষক ও জনতার মধ্যে আত্মবিশ্বাস সৃষ্টি করা যাইত, পার্টির প্রতিষ্ঠা জনগণের মনে দৃঢ়তর হইত।

# খাদ্য সংকট ও তার প্রতিকার

[ ভারতের কমিউনিষ্ট পার্টির পশ্চিমবংগ রাজ্য কমিটি কর্তৃক প্রকাশিত, ১৯৫৮, কলকাতা ]

খাদ্যোৎপাদনে ঘাটতি ও খাদ্য সংকট পশ্চিমবংগে শুধু স্থায়ীবাসাই বাঁধেনি, বৎসরের পর বৎসর তা ভয়ন্কর রূপ নিচ্ছে। গত ১৯৫৬ সালের প্রশান্ধরী বন্যার পর গোটা ১৯৫৭ সাল ধরে পশ্চিমবাংলার বুকের উপর দিয়ে খাদ্য সংকটের ঝড় বয়ে গেছে, গ্রাম ও শহরের মানুষ সে ঝড়ের আবর্তে পড়ে মার খেয়েছে বিধ্বস্ত হয়েছে। অনেক আন্দোলন করে কিছু খাদ্য ও রিলিফের ব্যবস্থা করে কোনমতে জনসাধারণ এই ধাক্কা সামলাবার ব্যবস্থা করেছে। সকলেই আশা করেছিল, কামনা করেছিল যে, এবারের নতুন ফসল ওঠার পর অবস্থা নিশ্চয়ই সহজ হয়ে আসবে। কিন্তু তার বদলে আগামী বছরে আরো ভয়াবহ সংকটের কলোছায়া সকলকে ভাবিয়ে তুলেছে। কৃষক ধান কেটে মাঠে খামারে গাদা করেছে, কিন্তু মুখ তার বিষন্ন, চোখে উদ্বেগের ছায়া। ধান এবার ভালো হয়নি। কোথাও শতকরা ৩০ ভাগ কম হয়েছে, কোথাও ফলেছে মাত্র ৩০ ভাগ, আবার কোথাও মাঠে কাস্তে নিয়ে যেতেই হয় নি। সকলেরই এক চিন্তা—দুর্ভিক্ষ এবার কি হবেই ? এ চিন্তা শুধু কৃষকেরই নয়, শহর ও শিল্পাঞ্চলে যারা বাস করে, যাদের কিনে খেতে হয়, তারাও দেখছে যে নতুন ফসল ওঠার সময়েও চালের দর অস্বাভাবিক বেশি। বিরাট শস্যহানির কথা তারাও শুনেছে। তাই আতঙ্কের ছায়া স্পষ্ট না হলেও অস্পষ্টভাবে তাদের চোখের সামনেও এসেছে। দুর্ভিক্ষ কি এবার হবেই ?

গত ৬ই ডিসেম্বর পশ্চিমবংগের খাদ্যমন্ত্রী শ্রীপ্রফুল্ল সেন বিধানসভায় ঘোষণা করেন—এবার এই রাজ্যে খাদ্যে ঘাটতির পরিমাণ প্রায় ১২ লক্ষ টন। টনকে মন হিসেব করলে দাঁড়ায় ৩ কোটি ২৪ লক্ষ মন। ১৯৫১ সালের আদমসুমারিতে পশ্চিমবংগের সেন্দাস কমিশনার লিখেছেন যে এ দেশের বাৎসরিক গড়পড়তা মাথাপিছু খাদ্যশস্যের প্রয়োজন সাড়ে ৪ মন। এ হিসেব সঠিক কি বেঠিক সে বিতর্কে প্রবেশ না করে বলা যায় যে এই হিসেব অনুসারে এ বৎসর পশ্চিমবংগে ৭২ লক্ষ লোকের জন্য ভাতের ব্যবস্থা নেই। পশ্চিমবংগের লোকসংখ্যা এখন প্রায় ৩ কোটি। সুতরাং গড় হিসাবে প্রতি চারজনের মধ্যে প্রায় একজনকে অনাহারে থাকতে হবে। এ অবস্থা অতিশয় মারাদ্মক। তাই গত ২রা ডিসেম্বর তারিখেই পশ্চিমবংগ প্রাদেশিক কৃষকসভা ঘোষণা করেছে যে এবার 'গভীরতর সংকট এবং দুর্ভিক্ষাবস্থার' আশংকা অত্যন্ত বাস্তব।

উৎপাদনে যখন ঘাটতি থাকে এবং তার উপরে খাদ্যের ব্যাপারে সরকার যখন তার দায়িত্ব পালন না করে, তখনই মুনাফাখোর কারবারী ও অন্যান্য মজুতদারদের ফাটকাবাজীর তৎপরতা বাড়ে এবং তারই ফলে সংকট সৃষ্টি হয়। বিদায়ী বৎসরে আমরা দেখেছি যে এইরাজ্যে উৎপাদনের ঘাটতি ছিল, সরকারি বিবৃতি অনুসারে ৩ লক্ষ থেকে ৪ লক্ষ টন অর্থাৎ ৮১ লক্ষ মন হতে ১ কোটি ৮ লক্ষ মন। এই অবস্থায় সরকার কোন খাদ্য ভাণ্ডার তৈরি না করায় এবং বছরের প্রথম হতে খাদ্য সরবরাহের কোন দায়িত্ব গ্রহণ না করায় একচেটিয়া কারবারীদের হাতে রাজ্যের ধান-চাল চলে গেল, ফাটকাবাজী কার্যকলাপ বৃদ্ধি পেল এবং চালের দর উঠল মন প্রতি ২৯-৩০ টাকা পর্যন্ত। অথচ কেরালায় খাদ্যের ঘাটতি প্রয়োজনের তুলনায় শতকরা ৫০ ভাগ হলেও সরকারের সক্রিয় ব্যবস্থার ফলে সেখানে প্রকাশ্য বাজারের দর ২১ টাকার উপরে উঠতে পারেনি। এবারে পশ্চিমবংগে ঘাটতির পরিমাণ গতবারের চেয়ে তিনগুণের বেশি।

বিদায়ী বৎসরে ৩ লক্ষ টন খাদ্যের ঘাটতির ভিত্তিতে যে খাদ্য সংকট সৃষ্টি হয়েছে, এবারের ১২ লক্ষ টন ঘাটতির ফলে সামনের বৎসরে খাদ্য সংকট যে তার তুলনায় অতি ভয়াবহ আকার নেবে তাতে কোন সন্দেহ নাই,—যদি না তার প্রতিরোধের জন্য এখন হতেই ব্যাপক ও জরুরী ব্যবস্থা নেওয়া হয়। এই সংকটের আঘাতে শুধু গ্রামের অগণিত গরীব মানুষই মারা পড়বে না, উচ্চ মূল্যের আঘাতে শহরের ও শিল্পাঞ্চলের লক্ষ লক্ষ শ্রমিক, কর্মচারী ও সাধারণ মানুষও ঘা খাবে,—কারণ তাদের কিনে খেতে হয়, ফলে মূনাফালোভীদের উচ্চমূল্যের শিকারে তারা পরিণত হতে বাধ্য হবে। তাই আসন্ধ সংকট সমগ্র জাতির পক্ষে এক গভীর বিপদ হিসাবে দেখা দিয়েছে।

# ঘাটতি ও সংকটের জন্য সরকারের নীতিই দায়ী

প্রথমেই প্রশ্ন জাগে এত বিরাট ঘাটতি হল কেন ? সরকার দোহাই দেন প্রকৃতির। অনাবৃষ্টি যে হয়েছে তাতে সন্দেহ নাই, কিন্তু দশ বছরের স্বাধীন শাসনে যদি সঠিক ব্যবস্থা অবলম্বন করা হত তাহলে বর্তমান বৈজ্ঞানিক যুগে প্রকৃতির আঘাত হতে নিশ্চয় কৃষি ব্যবস্থাকে অনেকটা রক্ষা করা যেত,—এত ঘাটতি নিশ্চয় হত না। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সরকার কৃষির উপর জোর দিয়েছেন এবং খাদ্যের উৎপাদন অনেক বাড়িয়ে ফেলেছেন বলে জাহির করে আসছেন। কিন্তু এ দাবি যে অলীক তা বাস্তব জীবনই প্রমাণ করে দিচ্ছে। বছরের পর বছর ধরে সরকার দামোদর ও ময়ুরাক্ষী পরিকল্পনার দোহাই দিয়ে সেচের কৃতিত্ব জাহির করেছেন। কিন্তু এগুলি হতে আজ পর্যন্ত কতটুকু জমি জল পেয়েছে? আড়াই থেকে তিন লাখ একরের বেশি নয়, এ সবের জন্য কত টাকা খরচ হয়েছে? ১০০ কোটিরও বেশি। আর খালের জন্য কত তৈরি চাষের জমি নষ্ট হয়েছে? ১ লাখ একরের কম নয়। এটা কি সত্য নয় যে ছোট ছোট সেচের ব্যবস্থাগুলি এই সময়ে আরো অবহেলিত হয়েছে ও নষ্ট হয়েছে? অনেক কম খরচে এই সবের ব্যবস্থা করলে কি বর্তমান অনাবৃষ্টির মুখেও অনেক জমির ধান বাঁচানো যেত না ? বিভিন্ন গণপ্রতিষ্ঠান ও বামপন্থী দলগুলি এ সম্বন্ধে বারে বারে বলা সত্ত্বেও কি সরকার উদ্ধত্যের সঙ্গে এগুলি অবহেলা করেনি? এটা কি সত্য নয় যে সরকার থেকে সামান্য পাম্প সরবরাহ করতে পারলেও এবছর হাজার হাজার চাষের জমি বাঁচানো যেত এবং সরকার তা করেন নি? এইসব প্রশ্ন আজ খুব বড় হয়ে উঠেছে। দুবছর আগে রাজ্যের খাদ্যমন্ত্রী প্রফুল্ল সেন দায়িত্বহীন আত্মন্তরিতার সঙ্গে বলেছিলেন যে তাঁরা খাদ্য সমস্যার সমাধান করে ফেলেছেন, খাদ্যের উৎপাদন অত্যন্ত বাড়িয়ে ফেলেছেন। আর এবারের ঘাটতির পর তিনিই বলতে বাধ্য হয়েছেন যে আমাদের কৃষি ব্যবস্থা সম্পূর্ণভাবে প্রকৃতির খেয়ালের উপর নির্ভরশীল। খাদ্যোৎপাদন ব্যাপারে সরকারি নীতির দেউলিয়াপনা আজ প্রকট হয়ে উঠেছে। একথা অস্বীকার করার উপায় নেই যে বর্তমানের শোচনীয় ঘাটতির জন্য সরকারই দায়ী। এ সম্পর্কে সঠিক নীতি নির্ধারনের প্রশ্ন জরুরী হয়ে উঠেছে এবং তার সমাধান করতেই হবে।

ছিতীয়ত দর বৃদ্ধি ও সংকটের জন্য সরকার দোহাই দেন বাজারের। বিদায়ী বৎসরে কেরালার অভিজ্ঞতা প্রমাণ করেছে যে একথা সত্য নয়। সরকারের নীতিই মজুতদার ও ফাটকাবাজদের শক্তিশালী করেছে, প্রকাশ্য বাজারকে নিয়ন্ত্রিত করার বদলে ফাটকাবাজী ঝোঁকের দ্বারা কলুষিত করেছে। ঘাটতি সন্ত্বেও সরকার যদি ফসল ওঠার পর খাদ্য সংগ্রহ করে খাদ্যভাণ্ডার সৃষ্টি না করেন এবং বাজারে নিয়ন্ত্রিত মূল্যে খাদ্য সরবরাহের দায়িত্ব গ্রহণ না করেন তাহলে সমগ্র বড় বড় ব্যাপারীদের কবলে ঠেলে দিয়ে অসম্ভবরূপে দরবৃদ্ধিকেই শক্তিশালী করা হয়, প্রকাশ্য বাজার নিয়ন্ত্রণের বাইরে চলে যায়। জনমতের দাবিকে অগ্রাহ্য করে সরকার বাস্তবে তাই করে চলেছেন। বিদায়ী বৎসরে দেখা গেছে যে ঘাটতি সত্বেও সরকার কোন খাদ্য সংগ্রহ করলেন না,—বড় বড় ব্যাপারীদের ধান-চাল কন্ধা করতে দিলেন, ব্যাব্ধের টাকা দিয়ে তাদের সাহায্য করলেন। কৃষক সভা, কমিউনিষ্ট পার্টি ও অন্যান্য বামপন্থী দল দাবি করা সত্ত্বেও এর প্রতিকার তারা করলেন না। সংকট দেখা দেওয়া সত্ত্বেও তার অক্তিত্বকে সরকার প্রথমে অস্বীকার করলেন, এমনকি বেশির ভাগ চাষী বাস্তবে মার খাওয়া সত্ত্বেও নির্লজ্বভাবে ঘোষণা করলেন যে চাষীদের ক্রয়ক্ষমতা বেড়েছে ও তারাই ধান আটকে রেখেছে। পরে জনমতের চাপে প্রকারান্তরে সংকট স্বীকার করলেও এবং মুখে ঢালাও খাদ্য ও রিলিফ সরবরাহের প্রতিশ্রুতি দিলেও যথাসন্তব দায়িত্ব এড়িয়ে গেছেন। নিজের হাতে প্রয়োজনীয় সক্র না থাকা সত্ত্বেও শেষের দিকে এক লোক দেখানো ব্যবস্থা ছাড়া খাদ্য মজুতের বিরুদ্ধে সরকার কোন ব্যবস্থা নিলেন না। এমনিভাবেই দরবৃদ্ধি ও মুনাফাখোরীকে সরকার শক্তিশালী করেছেন। তাই কৃষকসভা তার প্রস্তাবে সঠিকভাবেই বলেছে যে খাদের বিরাট ঘাটিও ও খাদ্য সংকটের জন্য সরকারের নীতিই প্রধানত দায়ী।

এবারে ১২ লক্ষ টন খাদ্যের ঘাটতি সত্ত্বেও কি সরকারের এই নীতি অপরিবর্তিত থাকবে? সেটাই আজকের বড় প্রশ্ন। তা যদি হয় তাহলে বিরাট বিপর্যয়ের হাত থেকে দেশকে বাঁচানো যাবে না। খাদ্যোৎপাদন বৃদ্ধির স্থায়ী ব্যবস্থার সমস্যা আছে। কিন্তু এখন এই মুহুর্তে যে প্রশ্ন সবচেয়ে বড় তা হল—আসন্ন বিপর্যয় কেমন করে রোধ করা যাবে? তার জন্য যে ব্যবস্থাগুলি একান্ত প্রয়োজন তা হল ঃ (১) কেন্দ্রীয় সরকারের সাহায্যে ঘাটতি পূরণের জন্য রাজ্যের বাইরে থেকে আমদানী করা।

(২) কৃষক এখন যে ধানচাল বিক্রী করেন তা যাতে মজুতদার মুনাফাখোরদের গুদামজ্ঞাত হয়ে আরো বেশি কৃত্রিম

খাদ্যাভাব সৃষ্টি না হয় এবং এর পর্যাপ্ত অংশ যাতে নিয়ন্ত্রিত মূল্যে বিক্রীর জন্য সরকারের হাতে আসে তার জন্য সরকার কর্তৃক ন্যায্যমূল্যে রাজ্যের অভ্যন্তর থেকে সংগ্রহ করা।

(৩) এইভাবে তৈরি খাদ্য ভাণ্ডারের সাহায্যে নিয়মিত খাদ্য সরবরাহের ব্যবস্থা করা, যা থেকে জ্বনগণের চাহিদার একাংশ মেটানো যায়, সঙ্গে প্রকাশ্য বাজারের দরকেও নিয়ন্ত্রণ করা যায় ও ফাটকাবাজী প্রবৃত্তিকে দমন করা যায়। এছাড়া অন্য কোন পথ নেই এবং এই পথে সংকট প্রতিরোধ করা যায়। কিন্তু এ পথ কি সরকার স্বেচ্ছায় গ্রহণ করবে? অতীতের অভিজ্ঞতা প্রমাণ করে যে, একমাত্র ব্যাপক গণ-আন্দোলনের চাপই সরকারকে এ পথ গ্রহণে বাধ্য করতে পারে।

## প্রকাশ্য বাজারে সরকারি খাদ্য ক্রুয়ের ব্যবস্থা

বর্তমানে নতুন ধান কাটার ও ঝাড়ার কাজ অনেকদ্র এগিয়েছে, ধান বিক্রীও শুরু হয়ে গেছে। এই অবস্থায় নতুন ফসলের ভবিষ্যতের প্রশ্ন অত্যন্ত জরুরী হয়ে উঠেছে। পশ্চিমবংগ প্রাদেশিক কৃষকসভা সঠিকভাবেই বুঁশিয়ারী দিয়েছে যে আমন ফসল এখন কার হাতে যাবে তা এই মুহুর্তের প্রধান প্রশ্ন। এই ফসল থেকে সরকার পর্যাপ্ত খাদ্যভাণ্ডার তৈরি করবে, না, এই বিক্রীত ফসল মজুতদারদের কবলে যাবে—এই প্রশ্নের মীমাংসার উপর আসন্ন সংকটের অনেক কিছু নির্ভর করছে। কৃষক সভার এই ছাঁশিয়ারী যে কতখানি বাস্তব তথ্যের উপর প্রতিষ্ঠিত তা সংবাদপত্রে প্রকাশিত নিম্নলিখিত দৃটি সংবাদ থেকেই স্পষ্ট বোঝা যাবে ঃ

গত বৎসর ঃ "মঙ্গলবার দিন কলকাতার চালের অবস্থা সম্বন্ধে নতুন করে পর্যবেক্ষণ করে দেখা গেল যে আগেকার ধারনাই পাকা হচ্ছে, বিতরনের বিবিধ ক্ষেত্রে মজুতই এই পণ্যের দরবৃদ্ধির প্রধান কারণ। বাজারে চাল আছে যথেষ্ট, তবু দর বাড়ছে।" —স্টেটস্ম্যান, ২৮শে আগস্ট, ১৯৫৩

এ বৎসর ঃ "বর্তমানে বীরভূম জেলায় বাজারে যখন নতুন চাউল ২৩/২৪ টাকা তখন ধানের মাত্র ১০/ সাড়ে ১০ টাকা। আড়তদার ও ধানকল মালিকেরা নতুন ধান মজুত করিতেছে প্রত্যহ ট্রাকে করিয়া বোলপুরে ধান চালান যাইতেছে।" —স্বাধীনতা, ২৩শে ডিসেম্বর, ১৯৫৭

বছরের প্রথমেই পশ্চিমবংগের বিভিন্ন স্থানে চালের মণ ২৭/২৮ টাকা পর্যন্ত রয়েছে। সুতরাং অবস্থা অতিশয় গুরুতর। কমিউনিস্ট পার্টির পশ্চিমবংগ কমিটির ১৭ই ও ১৮ই ডিসেম্বরের অধিবেশনে ঠিক এই বিপদের কথাই উচ্চারিত হয়েছে নিম্নলিখিত ভাষায় ঃ

"কমিউনিষ্ট পার্টির তরফ হইতে পুনঃ পুনঃ দাবি করা হইয়াছে যে, এই সংকটের সমাধানকল্পে বাহির হইতে আমদানী করিয়া ঘাটতিপুরণ করা ছাড়াও অন্যতম প্রধান প্রয়োজন হইল রাজ্যের অভ্যন্তরীন বাজার হইতে সরকার কর্তৃক ধান চাউল ক্রয় এবং সরবরাহ। কিন্তু রাজ্য সরকার মাত্র পৌনে দু লক্ষ টন খাদ্য কিনিতে পারেন এইরূপ একটি আভাস ছাড়া পশ্চিম্বংগের খাদ্যমন্ত্রী মহোদয় কোন কর্মোদ্যোগ দেখাননি। সরকারি ক্রয় এবং সরকারি সরবরাহই খাদ্য সংকটের সমাধানের একটি অপরিহার্য পছা। এদিকে বাজারে নতুন ধান বিক্রয় শুরু হইয়া গিয়াছে। বিদায়ী বৎসরের সংকটে কৃষক বাধ্য হইয়াই যাহা পাইয়াছে তাই বিক্রয়ের জন্য উপস্থিত করিতেছে, অথচ বাজারে সরকারি ক্রেতা নাই।

"সূতরাং অক্সকালের মধ্যেই বড় বড় আড়তদারেরা পশ্চিমবংগের সমস্ত ক্রয়যোগ্য উদ্বৃত্ত খাদ্যশস্য মজুত করিয়া ফেলিতে পারিবে। উহারা কৃষকের নিকট হইতে সম্ভায় ধান ক্রয়ের জন্য এখন রহিয়া সহিয়া কেনার কৌশল অবলম্বন করিতেছে, যে সমস্ত গরীব কৃষক অভাবের তাড়নায় এখনই বিক্রয় করিতে বাধ্য তাহারা ন্যায্য দরেরও কম পাইতেছে, অথচ একচেটিয়া কারবারীয়া ধান চাউল নিজেদের সুবিধা মতো সময়ে ক্রয় করিয়া পরে উহা অস্বাভাবিক চড়া দরে সাধারণ লোকের নিকট বিক্রয় করিবে। বিপুল ঘাটতির সঙ্গে মজুতদারী মিলিয়া আগামী বৎসরটিকে দুর্ভিক্রের সম্ভাবনায় বিপজ্জনক করিয়া তুলিতেছে।"

এই বিবৃতির উপর মন্তব্য করা নিষ্প্রয়োজন। প্রতিদিনের অভিজ্ঞতা থেকে এখন প্রমাণিত হচ্ছে যে সরকার কর্তৃক অবিলম্বে বাজারে নামা প্রয়োজন—সরকার যদি জানুয়ারী মাসেই কিনিতে আরম্ভ না করেন, তাহলে মজুতদারেরা ধান কিনে গুদামজাত করে ফেলবে এবং তারপর খাদ্যশস্য সরবরাহের দায়িত্ব পালন করা সরকারের পক্ষে হবে অসম্ভব। গত বংসরই তো দেখলায—সংশোধিত রেশনিং চালু করেও শেষ পর্যন্ত রেশনের দোকানগুলিতে সরবরাহের ব্যবস্থা

বানচাল হয়ে গেল। রিলিফ যা দেওয়া হল তাকে দেওয়া বলা চলে না। বছরের শেবদিকে সংকটের তীব্রতম অবস্থায় গ্রামাঞ্চলে সবরকম সরকারি সরবরাহই প্রায় বন্ধ হয়ে গিয়েছিল। তার কারণ, বছরের গোড়ায় বান্ধারে আমদানির সময় সরকার ক্রয়ের কোন চেক্টাই করেন নি। এবারও যদি সরবরাহের ক্ষেত্রে সরকারি উদাসীন্য চলতে থাকে তাহলে মহামন্বন্ধরের গতিরোধ করা হবে অসম্ভব।

কিন্তু এই ক্রয় ব্যাপারেই দেখা যাচ্ছে সরকারের অনিচ্ছা ও গাফিলতি। পশ্চিমবংগের খাদ্যমন্ত্রী বিধানসভায় ১২ লাখ টন খাদ্যের ঘাটতির কথা বলেও প্রথমে কোন কেনার কথা বলেন নি। বরং নির্লজ্ঞ রসিকতার সঙ্গে তরকারী ও কলা চাষের উপদেশ দিয়েছিলেন ও নানা খাদ্য তালিকার কসরৎ দেখিয়েছিলেন। পরে অবশ্য অবস্থা ও জনমতের চাপে বিতর্কের উত্তরে তিনি বিধানসভায় ঘোষণা করেছেন যে সরকার পৌনে দু লক্ষ টন চাল কিনতে পারেন। কিন্তু এই পরিমাণ হল প্রয়োজনের ও সম্ভাবনার তুলনায় খুব কম। আমন ফসলের উৎপাদন যদি ৩০ লক্ষ টন হয়ে থাকে তাহলে প্রচলিত হিসাব অনুযায়ী বাজারে বিক্রীর জন্য উপস্থিত হবে অনুমান ৬ লক্ষ টন হতে ১০ লক্ষ টন। এর ভেতর সরকার যদি পৌনে দু লক্ষ বা দু লক্ষ টন কেনেন তাহলে বাজারে বিক্রীত চালের অধিকাংশই থাকবে মজুতদারের দখলে। তার ফলাফল কী দাঁড়াবে?

প্রথমত—বিক্রয়যোগ্য চালের অধিকাংশ যার দখলে থাকবে বাজার দর নিয়ন্ত্রণের ক্ষমতা তারই বেশি হবে। অধিকাংশ স্টক যদি থাকে মজুতদারের হাতে এবং সরকারের হাতে যদি বাজার দর নিয়ন্ত্রণ করার মতো সর্বনিম্ন পরিমানও না থাকে তাহলে সরকার কোনক্রমেই বাজারদরের নিরবচ্ছিন্ন উর্ধগতি ঠেকাতে পারবেন না কেননা মোট উৎপাদনে ঘাটতি রয়েছে প্রায় এক চতুর্থাংশ:

কাজেই সরকারকে কিনতে হবে খোলা বাজারে বিক্রয়ের জন্য উপস্থিত ধানচালের একটি মোটা অংশ এবং তা থেকে দায়িত্বপালনের উপযোগী পর্যাপ্ত স্টক তৈরি করতে হবে।

সরকার যদি মাত্র দু লাখ টন কেনেন তাহলে ন্যুনতম সরবরাহের ব্যবস্থাও করতে পারবেন না। দু লাখ টন মানে ৫৪ লক্ষ্মণ এবং ৫৪ লক্ষ্মণ চাল হল মাত্র ১২ লক্ষ্ম লোকের বাৎসরিক খাদ্য। গত বৎসরের সংকটের সময় অভিজ্ঞ নেতৃবৃদ্দের বিভিন্ন সময়ে এই অভিমত প্রকাশিত হয়েছে যে গ্রামাঞ্চলের অন্তত এক দশমাংশ বা ৩০ লক্ষ্ম লোকের অবস্থা দুর্গতির সামিল এবং এই ৩০ লক্ষ্মের জন্য রিলিফ প্রয়োজন। এবারকার সংকট তার চেয়ে তীব্রতর, কারণ একে তো ঘাটতির পরিমাণ সেবারের তিনগুণ, বর্তমান সংকটের উপর হচ্ছে এই সংকট, তার ওপর আবার এ বৎসর সারা ভারতেই খাদ্য সংকট। সূতরাং শ্রীপ্রফুল্ল সেনের পৌনে দু লক্ষ্ম টন রামচন্দ্রের সেতৃবন্ধনে কাঠবেড়ালীর অবদানের মতো হবে, শুধু তফাৎ এই যে কাঠবেড়ালীর আন্তরিকতা প্রফুল্ল সেনের নেই। তা যদি থাকত তাহলে তিনি বুঝতে পারতেন যে, সংকটের সময় বাজারদর একটা নির্দিষ্ট সীমার মধ্যে রাখতে হলে নির্দিষ্ট দরে সরকারি সরবরাহই তার একমাত্র কার্যকরী পস্থা। যুদ্ধের সময় থেকে এ অভিজ্ঞতা আমাদের পুনঃ পুনঃ হয়েছে। সরকারি স্টক না থাকলে কোন নিয়ন্ত্রণই সফল হতে পারে না।

# সরকারি ক্রুয়-বিক্রুয়ের মূল্য

সরকার যেটুকু কিনবেন বলেছেন তা কেনারই বা জোগাড় কোথায় ? এখনই বাজারে নামতে হবে এবং ধানের নিম্নতম ও উর্ধ্বতম ক্রয়মূল্য ঘোষণা করে কেনা শুরু করতে হবে। বিলম্ব করলে বাজারে হয়তো ধানচাল আর বেশি পাওয়াই যাবে না। সরকারকে কিনতে হবে প্রকাশ্য বাজারে। কারণ অতীতের অভিজ্ঞতায় দেখা গেছে সমস্ত বেসরকারি ব্যবসা বন্ধ করে একমাত্র সরকারের একচেটিয়া ক্রয়ের ব্যবস্থায় ফল ভালো হয় নি—কৃষক ও ক্রেতা সকলেই আঘাত খেয়েছে। এও প্রমাণিত হয়েছে যে সরকারের পক্ষে ক্রেতা সাধারণের পুরা প্রয়োজন মেটানো সম্ভব নয়। সরকার যদি পর্যাপ্ত ক্রয় ও সরবরাহের ঘারা বাজারের উপর সত্যকার নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করতে পারেন, তাহলে প্রকাশ্য বাজার তার পরিপুরক হিসাবে কাজ করতে পারে। তাই সরকারকে এখনই নামতে হবে প্রকাশ্য বাজারে, প্রতি গঞ্জে ক্রয়কেন্দ্র খূলতে হবে। সংগৃহীত খাদ্য হতে স্থানীয় প্রয়োজনের জন্য স্থানীয় সক্র মজুত রাখতে হবে। সরকারকে এমনভাবেই কিনতে হবে যাতে কৃষক ন্যায্য দর পায়, সরকারি সক্র তৈরি হয়, প্রকাশ্য বাজারকে নিয়ন্ত্রণ করা যায় ও ফাটকাবাজী রোধ করা যায়। তারজন্য ক্রয়নীতির সঙ্গে এখনই ঘোষণা করতে হবে সরকারি ক্রয়ের উর্ধতম ও নিম্নতম দর।

ধানের নিম্নতম ক্রশ্নমূল্য অন্ততঃ ১২ টাকা হওয়া উচিত, তার কমে কিনলে কৃষকের ডাহা লোকসান যাবে এবং উর্ধ্বতন

কুরমূল্য ১৩ টাকা হতে পারে, তার বেশি দর সাবস্ত করলে সম্ভবমতো সাবসিডি দিয়েও চাউলের বাজার দর ন্যায্য সীমার মধ্যে (সাড়ে ১৭ টাকা) রাখা দুষ্কর হবে। এই দুই দরের মধ্যে বাজারে যখন যে দর যাবে সেই দরে সরকার খোলা বাজারে কিনুন। সরকার যদি ন্যুনতম ১১ টাকা দরে কেনেন তবে ব্যাপারিরা কৃষকদিগকে তার কম দর দিতে পারবে না। তারা সর্বনিম্ন দর দিতে না চাইলে সরকারকে ঐ দরে কিনতে হবে। কিন্তু সরকার কর্তৃক ক্রয়নীতি সম্পর্কে কোন কার্যকরী সিদ্ধান্ত করার আগেই গরীর চাষীর ধান ব্যাপারীর গোলায় উঠে যাছে। সরকার বাজারে নামার সময় ওরা বাজার দর চড়িয়ে দেবে। সূতরাং এখনই সরকারিভাবে ঘোষণা করা উচিৎ যে ধানের বাজার দর নির্ধারিত সর্বোচ্চ দরের বেশি হলে বড় বড় ব্যাপারী, চালকলের মালিক এবং বৃহৎ ভূস্বামীদের বাধ্য করা হবে ১৩ টাকা দরে সরকারের কাছে তাদের জমানো সক বিক্রি করতে। এইরূপ ব্যবস্থা করলে দরের উর্ধ্বগতিকেও নিয়ন্ত্রিত সীমার মধ্যে রাখা যায়। কৃষকদের ন্যায্য মূল্য নিশ্চিত করার জন্য ধানের সর্বনিম্ন ও সর্বোচ্চ মূল্য ১১ টাকা ও ১৩ টাকা হবে বা ১২-১৪ টাকা হবে সে সম্বন্ধে প্রশ্ন উঠতে পারে ও তা বিবেচনা করা যেতে পারে। আমাদের মতে স্বদিক বিবেচনা করে ১১-১৩ টাকা করলে কৃষকও ন্যায্য দর পাবে এবং ক্রেতারাও সাধ্যায়ন্ত দরে কিনতে পারবে।

জানুয়ারী থেকে মার্চ এই তিনমাসের মধ্যেই গরীব কৃষকরা তাদের স্টক বিক্রি করে ফলতে বাধ্য হয়। নিজেদের খোরাক না রেখেও তাদের ধান বেচতে হয় টাকার জন্য। বিশেষতঃ বিদায়ী বৎসরে তাদের ধার দেনা হয়েছে তাতে অপেক্ষাকৃত তাড়াতাড়ি ও বেশি বিক্রি করতে তারা বাধ্য। তার ওপর এবারে তরিতরকারির দর এত কম যে কৃষকের পয়সার অভাব গতবারের তুলনায়ও বেশি। গ্রামের কোন কোন বাজারে আট আনা মন দরেও কোন কোন তরিতরকারি বিক্রি হচ্ছে, কাজেই কৃষকেরা তরিতরকারি বেচে এবার পয়সা পাছে না, অতএব খোরাকি-ধানও তাদের বেশি বেচে ফেলতে হবে।

গরীব কৃষকেরা যে ধান এখন বেচছে তা যাছে ও যাবে কোথায়? স্থানীয় গঞ্জে যেসব ব্যাপারীরা কেনেন, তাদের মধ্যে দু চারজন বাদে বেশিরভাগই সাধারণ ব্যবসায়ী—যাদের পুঁজি বেশি নাই এবং যারা বেশি মজুত করতে বা ধরে রাখতে পারে না। তারা বিক্রি করে আরো উপরে যাদের টাকার জাের আছে। যুদ্ধের সময় হতে ধান চালের কারবারে বড় বড় ধনী মুনাফাখোরদের আবির্ভাব ঘটেছে। শেষ পর্যন্ত বাজারে বিক্রীত ধান চাউল এদেরই কবলে চলে যায়। অন্যদিকে বড় বড় জমির মালিক জোতদারও সাধ্যমত ধান ধরে রাখে। এই উভয়ে মিলে অবস্থাকে শোচনীয় করে তোলে ও ধানচালের দরকে ফসল ওঠার কয়েক মাস পর অত্যন্ত চড়িয়ে দিয়ে সংকট সৃষ্টি করে।

রিজার্ভ ব্যাঙ্কের পল্লী ঋণ তদন্তের রিপোর্টে প্রকাশ যে কৃষকেরা সাধারণতঃ প্রতি বৎসর মোট উৎপন্ন ধানের শতকরা ৩৫ ভাগ বেচে দেয়। তার মধ্যে শতকরা ২৪ ভাগই কেনে ব্যাপারীরা। এই ব্যাপারীদেরই একটা বড় অংশ কৃষকদের মহাজন বা দাদনদার। কাজেই বহু কৃষক তাদের কাছে দরকষাক্ষি করতে পারে না বা ফসল না বেচে ধরে রাখতে পারে না। শহরের ঋণদাতা মহাজনদের শতকরা ৭৮ ভাগই ব্যাপারী। এই ব্যাপারীরা আবার অনেকে বিবিধ একচেটিয়া কোম্পানীর সঙ্গে সংশ্লিষ্ট।

গ্রাম্য অর্থনীতিতে এদের কি অসামান্য ক্ষমতা সে সম্বন্ধে রিজার্ভ ব্যাব্ধের পল্লী ঋণ তদন্ত রিপোর্টে বলা হয়েছে—"গ্রামে ফসলের বেশির ভাগ ব্যাপারীদের কাছেই যে বিক্রি হয় তা ধরে নেওয়া যেতে পারে, কৃষিজাত পণ্যের কারবার প্রধানতঃ এমন একশ্রেণীর লোকের হাতে.....যাদের মুঠোর মধ্যে রয়েছে ঋণ, বাজার এবং যানবাহন।" সরকারি ক্রয়ের অভাবে এদেরই মুঠোর মধ্যে এবং এদের মারফৎ বড় বড় ফাটকাবাজ মুনাফাখোরদের হাতে চলে যাচ্ছে ও আরো যাবে কৃষকদের বিক্রীত ধানচাল।

### বিপজ্জনক সরকারি পন্থা

খাদ্যমন্ত্রী বিধানসভায় ঘোষণা করেছিলেন যে তাঁরা পৌনে দুলাখ টন চাল কিনবেন। যদিও এই পরিমাণ কম, তবুও কেনা শুরু করলে কিছুটা আশ্বস্ত হওয়া যেত। খাদ্যমন্ত্রীর ঘোষণার পর একমাস কেটে গেছে—নতুন ধান বাজারে আসা শুরু হয়েছে। অথচ আজ পর্যন্ত কোনরূপ কেনার লক্ষ্ম দেখা যাছে না। কোন ব্যবস্থা আজ পর্যন্ত করা হয় নি, এটাই সবচেয়ে বিপদজ্জনক অবস্থা। আর যদি বেশি দেরি করা হয় তাহলে তার অর্থ হবে লোক দেখানো সরকারি ঘোষণার আড়ালে মজুতদারদের হাতে সম্পূর্ণ ধান চাল তুলে দেওয়া এবং তারপর কেনার ব্যবস্থা করলে তাতে ফল বিশেষ ভালো হবে না এবং জনগণকে প্রতারণা করা ছাড়া আর বিশেষ অর্থই হবে না।

দ্বিতীয়তঃ রাজ্য সরকার কিছু না বললেও কোন কোন কেন্দ্রীয় সরকারের মুখপাত্র বলছেন যে সরকারি ক্রয়মূল্য ১৫ টাকা হতে ১৭ টাকা মন চালের অনুরূপ হলেই কৃষক ন্যায্য দর পাবে। এই হিসাবে বাংলাদেশের ধানের সরকারি মূল্য ঠিক করলে তা এত কম হবে যে তাতে কৃষককে বঞ্চিত করা তো হবেই, উপরন্ধ সেই দরে ধানচাল কেনাও সম্ভব হবে না। শোনা যাছে যে রাজ্য সরকার ধানের মন ৯ টাকা হতে ১০ টাকার মধ্যে ঠিক করতে যাছেন। এই দর কৃষকদের পক্ষে অত্যক্ত ক্ষতিকর এবং কৃষক তা মেনে নিতে পারে না। এই দরে সরকার ধান চাল পেতে পারেন না। এইরূপ দর কম করার অর্থ সরকারি খাদ্য ক্রয়ের দাবিকে বানচাল করা এবং মজুতদারদের হাতেই ধান চাল ঠেলে দেওয়া ছাড়া আর কিছু হতে পারে না।

তৃতীয়তঃ ন্যায্য মূপ্যে সরকারি ক্রয়ের কোন ব্যবস্থা না করে সরকার শুধু রাজ্যের অভ্যন্তরে এপাকায় এপাকায় ধান চাল চলাচল বন্ধ করে কর্ডন বসিয়েছেন। এতে নানা জটিপতাই সৃষ্টি হয়েছে। কৃষক সভা সঠিক ভাবেই বর্তমান সরকার কর্তৃক আরোপিত অতীতের কর্ডন করিডর ব্যবস্থার তিক্ত অভিজ্ঞতা সকলকে স্মরণ করিয়ে দিয়েছেন। বলা হয়েছে যে সরকারি ক্রয় ও সরবরাহের শুধু ব্যবস্থা না থাকলে কর্ডন দ্বারা সংকটের সুরাহা হয় না। বরং এর দ্বারা অতীতে দুর্নীতি ও চোরাবাজার শক্তিশালী হয়েছে, বড় বড় মজুতদারেরা দুর্নীতির রক্ধপথে মুনাফা লুটেছে, ক্রেতা বিক্রেতা উভয়ে আঘাত খেয়েছে এবং বিভিন্ন এলাকায় বাজারদরে অস্বাভাবিক পার্থক্য সৃষ্টি হয়েছে। এবারেও তারই পুনরাবৃত্তির লক্ষণ ইতিমধ্যেই দেখা যাচ্ছে। বিভিন্ন এলাকার মধ্যে বা একই এলাকার মধ্যে বিভিন্ন তারিখে দরের অসমতা ও অনিশ্চয়তা এবং কৃষকদের মধ্যে অস্বস্থি বেড়ে চলেছে।

### খাদ্যশস্যের মজুতের উপর ব্যাঙ্কের দাদন বন্ধ কর

সরকারের নীতিই যে খাদ্যের মজুতদার মুনাফাখোরদের শক্তিশালী করছে তা এই থেকে বোঝা যায় যে বড় বড় কারবারীরা খাদ্যশস্য একচেটিয়া করার জন্য সিডিউল্ড ব্যাঙ্ক থেকে প্রচুর ঋণের সাহায্য পায়। ধান ও চালের স্টক বন্ধক রেখে সারা ভারতে তারা বছর বছর ব্যাঙ্ক থেকে কী রকম ঋণ পায় তা নীচের ছকে লক্ষ্য করুন ঃ

# व्याद्ध कर्ज्क धानठाम वस्नकी ঋণ

<b>336</b> ¢	(মার্চ মাসের শেষ)	>>	কোটি	७8	লক	টাকা
১৯৫৬	**	২৮	"	৬২	,,	,,
১৯৫৬	এপ্রিল	২৬	**	œ	"	,,
১৯৫৬	নভেম্বর	৬	,,	৩৫	,,	"
१७६८	জানুয়ারী	<b>ડહે</b>	,, .	۶۹	,,	,,
१७६८	এপ্রিল	<b>ર</b> ૨	,,	টাকা		

কৃষিক্ষেত্রে উৎপাদনের জন্য সারাভারতে ব্যাঙ্ক থেকে এতটাকা কৃষকরা ঋণ পায় না। কারবারীরা এ টাকা না পেলে ধান চাল এতবেশি মজুত করে রাখতে পারত না। তাই জনমতের চাপে রিজার্ভ ব্যাঙ্ক ১৯৫৬ সালের ১৭ই মে এক নোটিশ জারী করল খাদ্যশস্যের বন্ধকী ঋণ কমাবার জন্য। সূতরাং ১৯৫৬ সালের নভেম্বরে উক্ত ঋণের পরিমাণ খুব কম হল। অবশ্য এই কমতির অন্যতম প্রধান কারণ এই যে নভেম্বর মাসে ক্রয়যোগ্য ধানচাল গ্রামে তেমন ছিল না। বরং বছরের শেষে নতুন ধান ওঠায় পুরাতন স্টক ছেড়ে দেবার তাগিদ মহাজনদের ছিল। কিন্তু নতুন ধান বাজারে আসতে আরম্ভ করা মাত্র ব্যাঙ্কের দাদন আবার বেড়ে যায় এবং ১৯৫৭ সালের এপ্রিল মাসে ২২ কোটি টাকায় দাঁড়ায়।

এই দাদন যে বন্ধ করা উচিৎ সে কথা পশ্চিমবংগ সরকারও স্বীকার করতে বাধ্য হয়েছেন। এই দাদনের জন্য যে খাদ্যশস্যের বাজার মুষ্টিমেয় ব্যাপারীর হাতে চলে যায় এবং সেজন্য যে দর অস্বাভাবিকরকমে বাড়ে সেকথা রিজার্ড ব্যাঙ্কও স্বীকার না করে পারে নি। কিন্তু এই স্বীকৃতির পিছনে আন্তরিকতা কতটুকু আছে এবং তা কার্যকরী করার কী ব্যবস্থা হয়েছে সে সম্বন্ধে প্রশ্ন আছে। কারণ এখনো পর্যন্ত এগুলি শুধু লোকদেখানো মুখের কথাতেই পর্যবসিত থেকেছে জনসাধারণের পক্ষ হতে বারে বারে বাঁশিয়ারি দেওয়া সত্ত্বেও সরকার থেকে কঠোর ব্যবস্থা দ্বারা এই দাদন বন্ধ করা যায়নি। সত্যকার সদিছা থাকলে তা তাঁরা নিশ্চয় করতে পারতেন, কারণ সরকার ও রিজার্ড ব্যাঙ্কের হাতে তা করার মতো পর্যাপ্ত ক্ষমতা আছে।

এবারের বিরাট ঘাটতির মুখে দেশকে বাঁচানোর জন্য এই দাদন বন্ধ করতেই হবে এবং তারজ্ঞন্য কঠোর ব্যবস্থা সরকারকে নিতেই হবে। যদি সরকার বলেন যে ব্যাক্কগুলি তাদের কথা শোনে না, তাহলে এগুলি জাতীয়করণ করার জ্বন্য গণতান্ত্রিক শক্তিগুলি এতদিন যে দাবি করে আসছে তার যৌক্তিকতা আরো অপ্রতিরোধ্য হয়ে ওঠে। ব্যাক্ষ ব্যবসায়ীদের যে আইন দ্বারা নিয়ন্ত্রিত করা খুব সহজ নয় তা বোঝা যায়, কারণ তাদের নৌকা খুব বড়গাছে বাঁধা। ভারতের জাতীয় মূলধন যাদের একচেটিয়া তাদের সঙ্গে খাদ্য মজুতকারী ব্যাপারীদের সম্বন্ধ খুব ঘনিষ্ঠ।

বম্বে শহরে রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক এক পাইলট সার্ভে (নমুনামূলক তদন্ত) থেকে ভারতীয় অর্থনীতিক কাঠামোর যে চেহারা ধরা পড়েছে, এই প্রসঙ্গে তা উল্লেখযোগ্য।

ভারতের যারা সেরা ধনী অর্থাৎ যাদের বাৎসরিক আয় ৩০,০০০ টাকার ওপর তারা সংখ্যায় খুব মৃষ্টিমেয়, শোয়ার হোল্ডারদের শতকরা ৯.৮ জন। এরা শিল্পে মৃলধন খাটায় খুব কম যদিও এরাই জাতীয় মূলধনের সেরা মালিক। এদের বেশির ভাগ মূলধন খাটে ব্যাল্পে ও ব্যবসায়ে। তাদের হাতে শিল্পের সমস্ত শোয়ারের শতকরা কিঞ্চিৎ কম ১৭ ভাগ, অথচ ব্যাল্পে দাদনে ব্যবসায়ে লগ্নী করা সমস্ত শোয়ারের শতকরা ৩৬.৫ ভাগ ওদের হাতে। তাদের সঙ্গে গ্রাম্য-পণ্য ব্যাপারীদের যোগাযোগ হয় দুইভাবে—ব্যাল্পের দাদন ও সওদাগরের দালাল। এদেরই দাদাল কিংবা খদ্দের যায় গ্রামের বাজারে লরি নিয়ে, এদেরই দখলে কলকাতার মতো শহরের বড় বড় বাজার।

সন্দেহ নেই যে, এহেন যোগাযোগ যাদের তাদের সঙ্গে সহচ্ছে পেরে ওঠা শক্ত। সরকারের অব্দর মহলে এদের প্রতিষ্ঠা খুব বেশি বলেই বোধহয় সরকার এদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করছেন না। সেজন্যই বড় বড় ব্যাঙ্কগুলিকে জাতীয় সম্পত্তিতে পরিণত করার প্রয়োজনীয়তা আরো গুরুত্ব লাভ করেছে।

### কেন্দ্রীয় সরকারের দায়িত্ব ঘাটতিপূরণ করা

এই রাজ্যের ভেতর সরকারি ক্রয় ব্যবস্থা অবলম্বন করলেও ঘাটিতিপূরণ না হলে সংকট দূর হবে না এবং ফাটকাবাজী মুনাফা শিকারের ক্ষেত্র ব্যাপক থেকে যাবে। কাজেই কেন্দ্রীয় সরকারের নিকট থেকে ১২ লক্ষ টন খাদ্যশস্য এই রাজ্যের জন্য আদায় করতেই হবে। পশ্চিমবংগ সরকার এই দাবির আনুকুল্যে মতপ্রকাশ করেছেন সত্য, কিন্তু এ দাবি আদায় করতে হলে পশ্চিমবংগের জনমতের সঙ্গে মিলে প্রবল চাপ সৃষ্টি করতে হবে। তাছাড়া তাঁরা যদি নিজেরা রাজ্যের ভিতরকার বাজারে বিক্রীত শস্যের একটা মোটা অংশ সংগ্রহ না করেন তাহলে শুধু কেন্দ্রীয় সরকারের সরবরাহে (যদি তারা দেনও) থই পাবে না। এখন প্রশ্ন হতে পারে যে কেন্দ্রীয় সরকারই যদি ঘাটতি পূরণের ব্যবস্থা করে দেন তাহলে আভ্যন্তরীন সরকারি ক্রয়ের আর প্রয়োজন কী? পশ্চিমবংগ সরকারও এই ধারণা পোষণ করেন যে কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রদন্ত শস্য দ্বারা বৃহত্তর কলকাতার অভাব মিটিয়ে দিতে পারলে গ্রামাঞ্চলে যে ফসল থাকবে তাতে আপনা-আপনিই গ্রামের চাহিদা মিটে যাবে। এটা সম্পূর্ণ ভ্রান্ত ধারনা, কেননা, (১) কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যদি ১২ লক্ষ টন খাদ্যশস্য পাওয়া যায় তাহলে তার সবটা নিশ্চম জানুযারীতেই এসে পড়বে না, তা আসবে কিন্তিতে কিন্তিতে সার বছর ধরে। ততক্ষণে বড় বড় ব্যপারীরা পশ্চিমবংগের বাজারের অধিকাংশ ফসল দখল করে বসবে এবং সব সময়েই মজুত রেখে সরবরাহের ক্ষেত্রে বিপূল কৃত্রিম ঘাটিত সৃষ্টি করে রাখবে।

(২) কেন্দ্রীয় সরকার কর্তৃক সরবরাহ দ্বারা বৃহত্তর কলকাতার অভাব যদি মেটানো হয়ও, তাহলেও গ্রামাঞ্চলে ক্রয়শক্তিহীন লোকের এমন একটা বিরাট সংখ্যা আছে যার জন্য সরকারি সরবরাহ অনিবার্য। কেন্দ্রীয় সরকার ঘাটতিপূরণ করে দিলেও ফসল যাদের তেমন ফললো না তারা খাবে কি? তারা বাজার থেকে খাদ্যশস্য কিনবে কি করে? তাছাড়া অতীতে যখন কলকাতা ও শিল্পাঞ্চলে পূর্ণরেশন ব্যবস্থা ছিল তখনও দেখা গেছে যে জনগণের চাহিদা পূর্ণভাবে সরকার মেটাতে পারেনি। তদুপরি রেশনের চালও ছিল খারাপ। তাই তখনও গ্রাম হতে কলকাতায় নিয়মিত চালের গোপন সরবরাহ ও টান চলেছে। গ্রামের চালের উপর এই টান এবারে না থাকার কোনই কারণ নেই। তাই আভ্যন্তরীন সংগ্রহের প্রয়োজনীয়তা থেকেই যাছে।

পল্লী ঋন তদন্ত রিপোর্ট কর্তৃক প্রদন্ত সর্বভারতীয় পরিসংখ্যান অনুসারে কৃষকদের শতকরা ৭৫ জনের হাতে জমির পরিমাণ পরিবার পিছু ৫ একরের কম। তারমধ্যে ভূমিহীন ক্ষেতমজুরের পরিবারই গ্রাম্য পরিবারের শতকরা ৩০টি ক্ষেতমজুর তদন্ত কমিটির রিপোর্ট দ্রষ্টব্য)। অর্থাৎ গ্রামাঞ্চলের প্রতি ১০টি পরিবারের মধ্যে ৩টি ক্ষেতমজুর পরিবার। তাছাড়াও গরীব কারিগর ও গরীব মধ্যবিত্তেরাও খাদ্যের জন্য সরকারি সাহায্যের ওপর নির্ভরশীল। এই বিপুল জনসংখ্যা ক্রয়শক্তিহীন হওয়ায় এদের ভিতর আবার বহু লোককেই খয়রাতি সাহায্য দিতে হবে।

কাজেই পশ্চিমবংগ রাজ্য সরকার যদি শুধু কেন্দ্র কর্তৃক বৃহত্তর কলকাতার দায়িত্ব গ্রহণের ওপর নির্ভর করে গ্রামের ভাগ্য ব্যাপারীদের হাতে ছেড়ে দেন তাহলে গ্রামে ভীষণ অবস্থা দেখা দেবে।

কিন্তু কেন্দ্রীয় সরকার যদি ১২ লক্ষ টন খাদ্যশস্য সরবরাহ না করেন তাহলে চলতেই পারে না। এজন্য কেন্দ্রীয় সরকারেরও কর্তব্য ভারতের বিভিন্ন উদ্বৃত্ত অঞ্চল থেকে খাদ্য সংগ্রহ করা এবং ভারতের বাইরে থেকে অবিলম্বে চাল ও গম আমদানির ব্যবস্থা করা। কিন্তু এ বিষয়েও নানা গড়িমসি দেখা যাছে। গত বৎসরে ঘাটতি কম হওয়া সত্ত্বেও তা পূরণ হয় নি এবং যে খাদ্য দেওয়া হয়েছে তাও অনেক দেরিতে এবং কিন্তিতে কিন্তিতে। তাছাড়া চালের পরিমাণ খুব কম, দর বেশি ও চাল খারাপ। এবারে কবে দেওয়া হবে তার কোন নিশ্চয়তা নেই। চাল খুব কম হবে বলা হয়েছে। সম্প্রতি বিদেশ থেকে খাদ্য পাওয়ার ব্যাপারে নানা অসুবিধার কথা বলা হছে এবং সবকিছুতে বৈদেশিক মুদ্রার দোহাই দেওয়া হচ্ছে। ফলে ঘাটতি পুরণের প্রশ্ন অত্যন্ত সঙ্গীন থেকে যাছে।

ভারতের বাইরে থেকে চাল আমদানী করার পথে বৈদেশিক মুদ্রার সমস্যা আছে সন্দেহ নেই। এলোপাথাড়ি খরচের ফলে বর্তমানে পঞ্চবার্বিকী পরিকল্পনার জন্যই বৈদেশিক মুদ্রার ঘাটতি রয়েছে প্রচন্ড, এই অবস্থায় অধিক পরিমাণে খাদ্য আমদানি করতে হলে সমস্যা আরো জটিল হওয়ার সম্ভাবনা। কিন্তু বৈদেশিক মুদ্রার সমস্যা সরকারই সৃষ্টি করেছেন। সমতা ও পারস্পরিক লেনদেনের ভিত্তিতে ব্যবসা না করে বৈদেশিক বাণিজ্যকে প্রধানতঃ ইঙ্গ-মার্কিন বাজারের সঙ্গে আবদ্ধ রেখে এবং অপ্রয়োজনীয় এলোপাথাড়ি জিনিস কিনে বৈদেশিক মুদ্রার তহবিলকে ছিনিমিনি খেলে কমানো হয়েছে। চীনদেশে আমাদের চেয়ে অনেক বেশি গঠনমূলক ও শিল্পায়নের প্রোগ্রাম সন্ত্বেও সেখানে তো বৈদেশিক মুদ্রা সংকট দেখা দেয় নি। তাই দেশ যখন একটা বিপর্যয়ের সম্মুখীন তখন বৈদেশিক মুদ্রা ঘাটতির নামে বিপর্যয়ের মুখে দেশকে আরো ঠেলে দেওয়া চলতে পারে না। দুর্ভিক্ষের বিপর্যয় ঘটলে শুধু বৈদেশিক মুদ্রা পরিকল্পনাকে বাঁচাতে পারবে না। তাই খাদ্যের ঘাটতি পূরণের ব্যবস্থা জাতীয় জরুরী ব্যবস্থা হিসাবে করতেই হবে।

খাদ্য ও শিল্প পরিকল্পনার জন্য ভারি শিল্পের যন্ত্রপাতি আমদানির সমস্যা নানাভাবে সমাধান করা যেতে পারে। দক্ষিণপূর্ব এশিয়ার দেশগুলির সঙ্গে টাকার হিসাবে বা দ্রব্য বিনিময়ের ভিত্তিতে এবং সমাজতান্ত্রিক দেশগুলির সঙ্গে সমমর্যাদার
ভিত্তিতে আরো নিবিড় যোগাযোগ স্থাপন করে তা করতে হবে এবং নিশ্চয় তা করা সম্ভব হবে। তাছাড়া দেশকে বাঁচানোর
জন্য যদি বৈদেশিক মুদ্রা খরচ করতেও হয় তা করা ছাড়া গত্যন্তর নেই। এরপর খাদ্যোৎপাদনের বৃদ্ধির জন্য ব্যাপক
প্রোগ্রাম নিয়ে খাদ্যে স্বয়ং সম্পূর্ণতা লাভের বলিষ্ঠ চেষ্টা করতে হবে। এই পথেই সমস্যা সমাধান করতে হবে।

# বাস্তব প্রয়োজন ও সরকারি ব্যবস্থা

দেখা যাচ্ছে যে এবারের গভীর সংকট রোধের জন্য বাহির হতে ঘাটতিপুরণ, আভ্যন্তরীণ ক্রয় এবং নিয়মিত খাদ্য সরবরাহ ও রিলিফ—এই ব্যবস্থাগুলি একান্ত প্রয়োজন। অথচ প্রতি বিষয়ে সরকারি নিষ্ক্রিয়তা বিপজ্জনক অবস্থা সৃষ্টি করছে। আভ্যন্তরীণ সংগ্রহের কোন ব্যবস্থা নেই, শুধু কর্ডন করে জটিলতা বাড়ানো হয়েছে। আমদানি ব্যাপারে মৌখিক প্রতিশ্রুতি সত্ত্বেও সম্প্রতি এবিষয়ে অসুবিধার কথা বলা হচ্ছে। খাদ্য বিলি ব্যবস্থা ও সরবরাহ প্রায় বন্ধ করে দেওয়া হয়েছে। এর চেয়ে মুনাফাবাজী ফাটকাবাজদের প্রশ্রয় দেওয়া ও দুর্ভিক্ষকে ডেকে আনার আর কী সহজ ব্যবস্থা হতে পারে? সরকারের এই খেলা বন্ধ করতেই হবে।

### কৃষির উন্নতি

প্রশ্ন এই যে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার সাফল্য ঘোষিত হবার পর এ হেন খাদ্য সংকট হয় কেন? সরকারপক্ষ বলবেন—কৃষির উৎপাদন বেড়েছে, কিন্তু জনসংখ্যাও বেড়েছে। কৃষির উৎপাদন যে কিছু বেড়েছে তা ঠিক, জনসংখ্যাও যে কিছু বেড়েছে তাও ঠিক। গত আইনসভার অধিবেশনে শ্রীপ্রফুল্ল সেন যে সরকারি হিসাব দিয়েছেন তাতে বলেছেন যে লোকসংখ্যার তুলনায় খাদ্য উৎপাদন বেশি বেড়েছে। তবু সংকট কেন?

আরো প্রশ্ন হচ্ছে এই যে কৃষির উৎপাদন ১৯৫৩-৫৪ সালে যা হয়েছিল ১৯৫৭ সালে তার চেয়ে এত কম হল কেন? ১৯৫৭ সালেও যা হয়েছিল তার চেয়ে এত কম হল কেন? আর ১৯৫৭ সালেও যা হয়েছিল তার চেয়েও ১৯৫৮ সালে আরও কম হয় কেন? পশ্চিমবংগে ১৯৫৩-৫৪ সাল থেকে পর পর কয়েক বংসর যে হারে উৎপাদন হয়েছে তার ছকটা পরীক্ষা করে দেখুন :

<b>\$\$-</b> @8	৫২	লক	টন	
<b>&gt;&gt;68-66</b>	৩৭.৫	,,,	,,	
১৯৫৫-৫৬	83.¢	,,	"	
১৯৫৬-৫৭	৩৮	. "	99	
১৯৫৭-৫৮	೨೦	••	,,	আমন

এই ছক থেকে জানা যায় যে গত ৫ বছরের মধ্যে ১ বছর ভালো ফসল হয়েছে, ১ বছর হয়েছে মাঝারি গোছের আর ৩ বছর অত্যন্ত খারাপ। এর কৈফিয়ৎ কি? এ প্রশ্নের একমাত্র উত্তর এই যে সরকারি কৃষি উন্নয়নমূলক ব্যবস্থায় ফসল উৎপাদনের কিছু বৃদ্ধি হলেও এখনও সে বৃদ্ধিটা প্রধানতঃ জলবায়ুর আনুক্ল্যের ওপরই নির্ভরশীল। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা শুরু হয় ১৯৫০ সালে, কৃষির উৎপাদন সবচেয়ে বেশি হয় ১৯৫৩-৫৪ সালে। এই উন্নতি সম্বন্ধে পরিকল্পনা কমিশনই মন্তব্য করেন ঃ

"রাজস্থান হায়দারাবাদ এবং মধ্যপ্রদেশে যে ৪৬ লক্ষ টন অধিক উৎপাদন হয়েছে তার প্রধান কারণ কৃষির উন্নয়নমলৃক ব্যবস্থার চেয়ে আবহাওয়ার অবস্থাই বেশি। সেইরকম পশ্চিমবংগে হঠাৎ ১৯৫৩-৫৪ সালের অধিক উৎপাদনের প্রধান কারণ আবহাওয়া।"

পরিকল্পনা কমিশনের নিজস্ব এই বিবৃতি থেকেই একথা স্পন্ত হয়ে যাছে যে জলসেচন, সার এবং বীজ সরবরাহ প্রভৃতি ব্যবস্থা এখনও অবহেলিত। সূতরাং খাদ্যোৎপাদন বৃদ্ধির জন্য ছোট ছোট সেচ পরিকল্পনা, জলনিকাশী ব্যবস্থা এবং সার সরবরাহ দ্বারা কৃষির উৎপাদন বাড়াবার ব্যবস্থা প্রচুর পরিমাণে করতে হবে। কৃষক যাতে সেচ ও সার ভালোভাবে ব্যবহার করতে পারে তার জন্য এর দর কমাতে হবে। এইভাবে আবাদী জমির উৎপাদিকা শক্তি বাড়ানো, এক ফসলা জমিকে দো-ফসলা জমিতে পরিণত করা এবং অনাবাদী জমি আবাদযোগ্য করা সন্তব। এজন্য যেমন সরকারি ব্যবস্থার প্রয়োজনীয়তা আছে তেমনি কৃষকদের নিজস্ব প্রচেষ্টাও আবশ্যক। কিন্তু কৃষকদের নিজস্ব প্রচেষ্টায় উৎসাহ আনতে হলে সর্বপ্রথম চাই ভূমিসংস্কার। কৃষক যে ফসল ফলাবে তা থেকে যদি একটা মোটা অংশ ভূস্বামী বা সরকারকে খাজনা হিসাবে দিয়ে দিতে হয় এবং তার নিজস্ব কোন মূনাফা না থাকে, বাজারে ফসল বিক্রি করে ন্যায্য দর যদি কৃষক না পায়, এমনকি নিজের মজুরীটাও যদি না ওঠে, চাষের সময় কৃষক যদি প্রয়োজনীয় ঋণ না পায় এবং অত্যধিক সুদে দাদন নিতে হয়, ভাগচাবী যদি তার চাষের অধিকার সন্বন্ধে নিশ্চিত হতে না পারে, সবসময় উচ্ছেদের ভয়ে আতন্ধিত থাকে, কোন জমিহীন কৃষক যদি এত্টুকু জমি না পায়, অথচ মুষ্টিমেয় লোকের হাতে হাজার হাজার একর জমি থাকে, তাহলে কৃষির উন্নতিতে কৃষকের প্রেরণা আসবে কোখেকে? এদিক দিয়ে সরকারের ভূমিসংস্কার নীতির ব্যর্থতা আজ্ব প্রকট হয়ে উঠেছে। সরকারী মুখপাত্ররাও তা অস্বীকার করতে পারছেন না।

ভূমিহীন ও গরীব চাষী জমি থেকে বঞ্চিত অথচ বৃহৎ ভূস্বামী বিস্তর জমির মালিক। এই কারণেই তো খাদ্য শস্যের বাজারে মজুতদারী এত প্রবল হতে পারে। এইজনাই খাদ্য সমস্যায় প্রয়োজনে প্রকৃত ভূমিসংস্কার অপরিহার্য।

প্রকৃত ভূমিসংস্কারে অবহেলা থাকলে কৃষির উৎপাদন বৃদ্ধি যে মায়া মরীচিকায় পরিণত হতে বাধ্য তার প্রমাণ গ্রাম উন্নয়ন ও জাতীয় সম্প্রসারণ কর্মসূচীর শোচনীয় ব্যর্থতা। উৎপাদন, বিনিময় ও ঋণ প্রভৃতি বিষয়ে সমবায় পদ্ধতির প্রসারের কথাও এই প্রসঙ্গে উল্লেখযোগ্য। কিন্তু প্রকৃত ভূমিসংস্কার ব্যতীত উৎপাদনক্ষেত্রে সমবায় বেশিদ্র এগোবে না, যদিও সমবায় গঠনের চেষ্টা তা সত্ত্বেও চালিয়ে যেতে হবে।

খাদ্য সমস্যার স্থায়ী সমাধানের জন্য এগুলিই হল প্রয়োজনীয় কার্যকরী পদ্থা। প্রকৃত ভূমিসংস্কার, ব্যাপক সেচ, বাঁধ ও জলনিকাশীব্যবস্থা, সার ও অন্যান্য সাহায্য, পর্যাপ্ত কৃষিখন ও ফসলের ন্যায্য দর—এসব বিষয়ে এক দেশব্যাপী প্রোগ্রাম নিতে হবে। কিন্তু সরকারের চেতনায় তার প্রকৃত অনুভূতির লক্ষণ এখনো দেখা যাচ্ছে না।

# Draft Common Minimum Programme of the Proposed United Democratic Front in West Bengal Legislature on Food Problem, Calcutta 1959

#### Food Problem

- 1. Natural resources and foreign exchange earness of West Bengal State be utilised, in the first place, for satisfying West Bengal's needs.
- 2. The Central Government to assume responsibility for meeting the whole of West Bengal's deficit in foodgrains.
- 3. The Government of India must restore the food subsidy, thereby reducing ration prices. Fair price to be paid to cultivators, paid on the spot and at the time of delivery. Quantum of ration specially the proportion of rice must be increased. Discripency in selling prices between towns and villages to be abolished.
- 4. Take steps to increase production and import of food with a view to restoring the normal market in food.

Pending abolition of food "controls" by removing the grip of food monopolists, overhaul the present procurement system so that:

- (i) No procurement is made from actual cultivators.
- (ii) Compulsory levy on the bigger landlords Jotedars to be fixed and realised in co-operation with local elected food committees.
- (iii) Immediate removal of all inter-district cordons, liberal permits for interdistrict movements of foodgrains through elected people's food committees to be set up at all levels.
- (iv) To finally set up the question of district cordons through conferences of popular representatives of surplus and neighbouring areas.
- (v) In order to increase the acerave of cultivated land, repeal the Wastelands Act of 1951, so that actual cultivators (landless and poor peasants in particular) get first preference in cultivating Wastelands, at the reduced rent for the few years, and are assured of tenancy rights after a period of continuing cultivation.
- (vi) Modify the famine code so as to increase the amount of dole, to liberalise the conditions of payment and providing for popular control over the distribution and management of funds.

#### Towards a final solution on the food problem

- 1. Immediate ban on all eviction from land.
- 2. 50% reduction of all rents into money rents at the average rate prevaling in the surrounding area.
  - 3. Make all "abwabs" and illegal exactions cogniseable offences.
  - 4. Amend the Bargadar Act so that:
  - (i) The bhagchasi representative on the Board is elected by bhagchasis of the area.

- (ii) The Congress representative is replaced by the local MLA or his representative.
- (iii) Ejection of bargadars from the land they till is made illegal except in case of small owners who really wish to cultivate their land themselves.

## 6. Irrigation:

- (i) Force landlords to carry out their obligations under the Permanent Settlement Act and other contracts and lease. In case of failure, empower the tenants to carry out these obligations and deduct the cost from the rent paid.
- (ii) Provide larger funds for local and small scale irrigation schemes. Funds distributed for these purposes, as also under the Grow More Food drive in general, to be spent in consultation with representatives of the local people.
- 7. Increase the amount and reduce the interest on Government loans to agriculturists including bargadars. Re-introduce direct taccavi loans from the Government. Set up a large net work of Government Agricultural Banks.
  - 8. Minimum wage for agricultural labourers.
- 9. Government to undertake large number of small public works schemes especially small irrigation projects in the country-side to provide employment to rural unemployed.
- 10. Governments to introduce and make arrangements for registration of all, including seasonal unemployed in agriculture.

The bulk of our people who voted against the Congress in the last general elections demand that all democratic opposition parties and individuals in the Legislature of West Bengal stand togather against the reactionary Congress Government.

Despite difference on a number of basic objectives like abolition of Zemindari without compensation, confiscation British and other foreign capital, immediate nationalisation of all key industries, there is a decisive measure of agreement among the progressive and democratic members of various parties and individuals on the immediate steps to be taken to curb the Congress Government and on giving some immediate relief to our distressed people.

Further, whatever differences amongst us on the issues mentioned above. We agree that they should be decided by the democratically expressed will of the people and not by any fiat in the Constitution which was drawn up by an undemocratic body.

Hence while (i) guaranteeing to each other the right to express their opinion on issues not agreed upon and (ii) striving to remove the said restrictive clauses of the Constitution, specially the section 22 we agree to work togather inside the Legislatures for the realisation of the following immediate programme, to aid all efforts outside the Legislatures which help us in that task and to bring about in which the present reactionary and anti-popular Ministry may be replaced by a United Ministry of all democratic parties and individuals pledged to implement this programme.

1. For Full Civil Democratic Liberties.

# খাদ্য শস্যে রাষ্ট্রীয় বাণিজ্য ঃ কি ও কেন?

[ কলকাতা ১৯৬৭, ভবানী সেন সংগ্রহশালা ]

#### ভবানী সেন

এই রাজ্যে ১৯৬৩ সাল থেকে পর পর তিন বছর তীব্র খাদ্য সংকট চলছে। প্রতি বছরই আগের বছরের চেয়ে তার তীব্রতা বেশী। স্বাধীনতা লাভের পরও দেখা গেছে প্রায় প্রতি ৩ বছর অন্তর খাদ্য সংকট। এখন সুরু হয়েছে বছর বছর। অথচ এমন কথা বলা চলে না যে খাদ্যের উৎপাদন ক্রমশঃ কমছে—বরং পর্যাপ্ত না হলেও ক্রমশঃ কিছু কিছু বাড়ছে

অথচ এমন কথা বলা চলে না যে খাণ্যের ডৎপাদন ক্রমশঃ কমছে—বরং পথান্ত না হলেও ক্রমশঃ নিছু নিছু বাড়ছে বৈকি। ১৯৫৮-৫৯ সালে সারা ভারতে মোট খাদ্যশস্য উৎপন্ন হয় ৭ কোটি ৬৭ লক্ষ টন, আর ১৯৬৪-৬৫ সালে ৮ কোটি ৮৪ লক্ষ টন। গত ৭ বছরের মধ্যে এবারের উৎপাদনই সর্বাপেক্ষা অধিক—আর এবারই দেখা গেল গ্রামাঞ্চলে চালের অভাব সবচেয়ে বেশি এবং দর সবচেয়ে চড়া। এবার চালের উৎপাদনও আগের তুলনায় বেশিই হয়েছে; ১৯৫৮-৫৯ সালে চাল উৎপন্ন হয় ৩ কোটি ৩৩ লক্ষ টন, ১৯৬৪-৬৫ সালে ৩ কোটি ৮৭ লক্ষ টন।

এই উৎপাদন ছাড়াও আছে বিদেশ থেকে খাদ্যশস্যের আমদানি। ১৯৬৪ সালে দেশী উৎপাদনের ওপর বিদেশ থেকে আমদানি হয় ৪৩ লাখ টন। ৮ কোটি ৮৪ লাখ টন দেশী উৎপাদনের সংগে এই অংকটা যোগ করলে দাঁড়ায় ৯ কোটি ২৭ লাখ টন। এই পুস্তিকা লেখার সময় আরও ২০ লাখ টন বিদেশ থেকে পাবার প্রতিশ্রুতি আছে, কিন্তু সেটা না হয় ছেড়েই দিলাম। লোক সংখ্যার বৃদ্ধি সম্বেও এতে খাদ্যশস্য দুষ্প্রাপ্য হবার কথা নয়। সারা ভারতের লোকসংখ্যা বাড়ছে প্রতি বৎসর শতকরা আড়াই জন, কিন্তু কৃষির উৎপাদনও এ যাবৎ শতকরা সাড়ে তিন ভাগ হারে বেড়েছে।

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার খসড়ায় ১০ কোটি টন খাদ্যশস্যের লক্ষ্য ধ'রে হিসেব ক'রে বলা হয়েছিল যে এই পরিমাণ খাদ্যশস্য উৎপন্ন হ'লে ভারতের সবাই গড়ে দৈনিক মাথা পিছু ২৭.৫ আউন্স ক'রে খাদ্যশস্য পাবে। উৎপাদনে এবং আমদানিতে মিলে ১৯৬৪-৬৫ সালে তা থেকে কম পড়ছে মাত্র ৭৩ লাখ টন; অর্থাৎ কমতিটা শতকরা সাত ভাগের কাছাকাছি। তাতে মাথাপিছু অন্ততঃ ১৬ আউন্স খাদ্যশস্য পাবার পথে কোন বাধা থাকার কথা নয়।

তা হ'লে এই খাদ্য সংকট কেন?

সারা ভারতের তথ্য ছেডে দিয়ে শুধু পশ্চিমবংগের কথাই ধরা যাক।

পশ্চিমবংগের এখন মোট ৩,৮০ লক্ষ লোকের বাস, ধরা যাক ৪ কোটি। মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্ল সেনের হিসেব অনুসারে গ্রামের চাষীর সংখ্যা ১ কোটি, তাদের জন্য তিনি ধরেছেন প্রতিদিন মাথাপিছু ১৬ আউন্স করে। গ্রামে অ-চাষীর সংখ্যা ১ কোটি, তাদের জন্য ধরেছেন মাথাপিছু ১৪ আউন্স ক'রে। শহরের লোকসংখ্যা তিনি ধরেছেন দু-কোটি, তাদের জন্য খাদ্যশস্য ধরেছেন ১২ আউন্স করে। নাবালকের জন্যও সাবালকের সম-পরিমাণ ধরলে কি দাঁড়ায় ? (যুগান্তর ৯/১০/৬৫)

মুখ্যমন্ত্রীর হিসেবে এই তিন শ্রেণীর লোকের জন্য ৫৭ লাখ টন দরকার। কিন্ত তাঁর হিসেবে কিছুটা ভূল আছে। সঠিক হিসেবটা এইরূপঃ

> গ্রামের চাষী (১ কোটি লোক, মাঃ পিঃ ১৬ আঃ হিসেবে) ১৬ লাখ টন গ্রামের অ-চাষী (১ কোটি লোক, মাঃ পিঃ ১৪ আঃ হিসেবে) ১৪ লাখ টন শহরের লোক (২ কোটি লোক, মাঃ পিঃ ১২ আঃ হিসেবে) ২৪ লাখ টন বছরে মোট ৫৪ লাখ টন

> > [ মুখ্যমন্ত্রীর বিবৃতিতে ৫৭ লাখ টন দেখানো হয়েছে ]

মুখ্যমন্ত্রী উক্ত বিবৃতিতেই দেখিয়েছেন যে বীজ এবং ঝড়তি পড়তি বাদ দিলে এই রাজ্যে উৎপন্ন ভোগ্য খাদ্যশস্যের

পরিমাণ দাঁড়ায় ৫০ লাখ টন। সুতরাং ঘাটতি থাকে মাত্র ৪ লাখ টনের। কিন্তু এই হিসেবের মধ্যে নাবালকের জ্বন্য সমপরিমাণ ধরা আছে, কাজেই উৎপাদনের পরিমাণ যদি সঠিক হয় তা হ'লে কেন্দ্রীয় সাহায্য ব্যতীতই এই রাজ্যে ঘাটতির কোন পরিচয় পাওয়া যায় না। হতে পারে উৎপাদনের সরকারি পরিসংখ্যানে ভুল আছে। কিন্তু তাহলেও এমন ঘাটতি নেই যাতে দুর্ভিক্ষের মত অবস্থা দেখা দিতে পারে।

অথচ পর পর তিন বছরই দেখা গেল এ রাজ্যে চালের অভাব নিদারুণ। ১৯৬৪-৬৫ সালে পশ্চিমবংগে চালের উৎপাদন যে পূর্ববর্তী বৎসরের চেয়ে বেশি হয়েছিল সে বিষয়ে কোন সন্দেহ নেই। রাজ্য প্রধানমন্ত্রী তো বছরের গোড়ার দিকে বলেছিলেন এবার এ রাজ্যে "বাস্পার ক্রপ" (অঢেল ফসল) হয়েছে। তা সত্ত্বেও ৯ই নভেম্বর আনন্দবাজ্ঞার পত্রিকা লিখছেন যে ৮ই নভেম্বর (১৯৬৫ রাজ্যবিধান পরিষদে "রাষ্ট্রমন্ত্রী শ্রীস্মরজিৎ ব্যানার্জি স্বীকার করেন যে...ঘট্তি এলাকাগুলিতে চালের দর কিলো প্রতি একটাকা থেকে তিন টাকা পর্যন্ত উঠেছে।") উৎপাদন যে অপর্য্যাপ্ত, কৃষি যে আবহাওয়ার উপর একান্ডভাবে নির্ভরশীল এবং জমির উৎপাদিকা শক্তির বৃদ্ধি যে যৎসামান্য এ বিষয়ে কোন সন্দেহ নেই।

তবু এই সিদ্ধান্ত করা ছাড়া উপায় থাকে না যে বন্টনের ক্ষেত্রে মজুতদারীই খাদ্য সংকটের প্রধান কারণ। অনেক বিলম্বে হলেও, সরকারি মহলও এখন একথা স্বীকার করছেন।

একথা ঠিক যে ১৯৬৫-৬৬ সালে ঘাট্তি উৎপাদনের সম্ভাবনা দেখা দিয়েছে। তা সত্ত্বেও—"সপ্তাহে একবেলা উপোস করো" এ স্রোগানের জবাবে ১৫ই নভেম্বর—স্টেটসম্যান সম্পাদকীয় স্তম্ভে যথার্থই লিখেছে—"সাম্প্রতিক ঘাট্তি দেখে একথা যেন না ভুলি যে গত ১৫ বছরে মাথাপিছু খাদ্যশস্য কমেনি, বরং বেড়েছে। তা সহজেই নজ্করে পড়ত যদি নিয়ন্ত্রণ ও বিতরণের উন্নত ব্যবস্থা থাকত।"

কিন্তু তা নেই বলেই মজুতদারী দেখা দিয়েছে ব্যাপকভাবে এবং একটা অতিরিক্ত কৃত্রিম ঘাট্তি সৃষ্টি করছে।

মজুতদারী আছে দুইপ্রকার। প্রথমতঃ পাইকার ব্যাপারীরা কিনে কিনে মজুত ধ'রে রাখে বেশী দাম পাবার আশায়। চালের-কলের মালিকরাও এই ধরণের পাইকারী ব্যবসায়ী। ব্যাঙ্কের সাহায্যে তাদের মজুত করার ক্ষমতা অসাধারণভাবে বেড়ে গেছে। কৃষিজাত পণ্যের জন্য পাইকারেরা ব্যাঙ্কের কাছ থেকে যে ঋণ পায় তার পরিমাণ ছিল ১৯৫০ সালের ৩১শে মার্চ ৯৪ কোটি টাকা। ১৯৬৩ সালের ৩১শে মার্চ এই ঋণের পরিমাণ দাঁড়ায় ১৫২ কোটি টাকা। ১৯৬৫ সালে তা নিশ্চয়ই আরও বেড়েছে। পাকিস্তানী আক্রমণের বিরুদ্ধে যুদ্ধের সময় ব্যাঙ্কের এই ধরনের কার্য্যকলাপ দেখেই শিল্পমন্ত্রী খ্রী টি. এন. সিং শিল্পপতিদের এক সভায় বলেন—

"পাকিস্থানী আক্রমণের সময় ব্যক্তিগত সংস্থার ব্যাঙ্কের আচরণ এমন শোচনীয় হয়ে দাঁড়ায় যে গভর্ণমেন্ট তাদের জাতীয়করণের কথা চিন্তা করতে বাধ্য হয়ে পড়ে।"—পেট্রিয়ট, ৪-১১-৬৫।

গভর্ণমেন্ট অবশ্য সে চিন্তাকে কার্য্যে পরিণত করার দিক দিয়েও যান নি, কিন্তু মন্ত্রীমহোদয়ের উক্তিটি মজুতদারীর সঙ্গে ব্যাঙ্কের যোগাযোগের একটা স্বীকৃতি। এটা জানা কথা শিল্পের বা কৃষির উৎপাদনে ব্যাঙ্কগুলি তত আগ্রহশীল নয় যত আগ্রহশীল পাইকারী ব্যবসায়ীদের দাদন যোগাবার ব্যপারে।

ব্যাঙ্কের দাদন নিয়ে পাইকারেরা কৃষকদেরও দাদন দিয়ে ক্ষেতের ফসল সস্তাদরে অগ্রিম কিনে নেয়। কৃষিঋণের একটি বিরাট অংশ এইভাবে আসে বলে কৃষকের ফসল অতি সহজেই মজুতদার-ব্যাপারীর হস্তগত হয়।

কাজেই, ব্যাদ্ধের জাতীয়করণ এবং জাতীয় ব্যাদ্ধ কর্তৃক কৃষিখণের পর্য্যাপ্ত সরবরাহ ব্যতীত মজুতদারের ক্ষমতা নস্ট করা যাবে না। পশ্চিমবংগ সরকার খাদ্যশস্য ক্রয়ের যে সংকল্প ঘোষণা করেছেন তার মধ্যে এই দুইটি ব্যবস্থার কোন স্থান নেই, অন্ততঃ এখনও পর্যন্ত তার কোন লক্ষণ দেখা যাচ্ছে না। ফলে এ বছর ডিসেম্বর মাসে তাঁরা যদি খাদ্যশস্য একচেটিয়া ক্রয়ে নামেনও তাহলে দেখবেন যে ক্ষেতের ফসল আগেই কোন ব্যাপারীর কাছে বিক্রী হয়ে গেছে। ঐ শস্য যদি তাঁরা দখল করেন—কৃষকই মহাজনকে ক্ষতি পূরণ দিতে বাধ্য হবে—চড়া সুদে ঋণ শোধ দিতে হবে টাকার হিসেবে। অনেকেই তা দিতে পারবে না বলে তাদের জমি যাবে বিক্রী হয়ে মহাজনের কাছে।

১৯৬৬ সালে মহাজ্বন ঐ কৃষককে দাদন দেবে না, তখন সে ঋণ পাবে কোথায় ? সূতরাং সরকার কর্তৃক পর্য্যাপ্ত কৃষি ঋণের ব্যবস্থা না হ'লে সরকারি ক্রয়নীতি কৃষিতে যে ঋণ সংকট সৃষ্টি করবে তাতে উৎপাদন ব্যাহত হবে অথবা কৃষক এবং মহাজন গোপনে আপোস ক'রে চোরাকারবার চালাবে—এবং তার ফলে সরকারি ক্রয়নীতি হবে বানচাল। সূতরাং সরকারি ক্রয়নীতি সফল করতে হ'লে কৃষককে উপযুক্ত পরিমাণ কৃষিঋণ দিতে হবে, কিন্তু ব্যাঙ্কের জাতীয়করণ ব্যতীত সরকার তা দেবেন কোখেকে?

এইত গেল প্রথম শ্রেণীর মজুতদার-পাইকারী ব্যাপারীর প্রসন্থ। এরা ছাড়া আর এক শ্রেণীর মজুতদার হ'ল অকৃষক জ্যোতদারেরা; অর্থাৎ সচরাচর যাদের মাথা পিছু ১০ একর বা তার বেশী জমি আছে। সারাভারতে সমস্ত চাবের জমির শতকরা ৬৪ ভাগ এবং বিক্রয়-যোগ্য উত্বৃত্ত ফসলের অর্থেকেরও বেশী এদের দখলে। সরকারি লেভি বসানো ছাড়া এদের হাত থেকে মজুত উদ্ধারের কোন সম্ভাবনা নেই। গ্রামাঞ্চলে এরাও পাইকারী ব্যাপারীর মত ছোট ও মাঝারী কৃষকের ধান কিনে মজুত করে এবং দাদন দিয়ে কৃষকের ফসল অগ্রিমও খরিদ করে। শহরের পাইকার-ব্যাপারী ও চালের কলের মালিক এদের কাছ থেকে চড়াদরে মজুতমাল কিনে তার চেয়েও চড়াদরে বাজারে বিক্রী করে। ব্যাঙ্ক—পাইকারী ব্যাপারী (ও চালের কলের মালিক)—গ্রামের বড় জোতদার; এই তিনের যোগাযোগে সারা দেশের সর্বত্ত ছড়ানো মজুত কেন্দ্রীয়ভাবে পরিচালিত হয়। এই ত্রয়ীর ঐক্য ব্যাঙ্কের সাহায্যে জমাট বেধে সারা ভারতের সর্বৃত্ত খাদ্য সংকটের বিভীষিকা সৃষ্টি করছে। উৎপাদন একটু বেশিই হোক আর কমই হোক, তাদের মূলধন অব্যর্থ লক্ষ্যসহ মূনাফাশিকার করে বেড়ায় সর্বত্ত অবাধ গতিতে।

তাই আজ স্বাধীন বাণিজ্য অচল। আজকাল স্বাধীন বাণিজ্যের অর্থ একচেটিয়া মূলধনের অবাধ শিকার। পৃথক পৃথক প্রতিষ্ঠানের প্রতিযোগিতার সময় পণ্যের দর চাহিদা এবং সরবরাহ দ্বারা নিয়ন্ত্রিত হয়। কিন্তু একচেটিয়া মূলধনের প্রতিযোগিতা এমন কয়েকটি অতিকায় প্রতিষ্ঠানের মধ্যে সীমাবদ্ধ যে খরিদ্দারের বিরুদ্ধে তারা সহজেই ঐক্যবদ্ধ হতে পারে। ভারতের অর্থনীতিতে একচেটিয়ার প্রসার ঘটেছে কি মাত্রায় তা লক্ষ্য করলেই ব্যবসায়ী মহলের এত দৌরাষ্ম্য কি করে সম্ভব হচ্ছে তা বুঝতে কারু অসুবিধা হবে না।

কোম্পানি আইনের অধিকরণ ভারতের ৭৪টি পাইকারী ব্যবসায় কোম্পানির অর্থনৈতিক অবস্থা তদন্ত ক'রে রিপোর্ট দেন যে, ঐ ৭৪টি কোম্পানীর ৩৪১ জন ডাইরেক্টরের মধ্যে ২৩৩ জন আরও ১১১১টি কোম্পানির ডাইরেক্টার। অর্থাৎ ৭৪টি কোম্পানীর সংগে এক হাজারেরও বেশি কোম্পানি এমনভাবে জড়িত যে তারা সমবেতভাবে চলতে পারে। এই হাজার কোম্পানির মধ্যে ৪১৪টি নিযুক্ত কারখানার উৎপাদনে, ১১৩টি ব্যাঙ্কে, ১৮৩টি বিবিধ শিক্ষে এবং ৩৮২টি বাণিজ্যে।

এই তথ্যের সরল অর্থ এই যে ব্যাঙ্কে, কারখানা এবং পাইকারী কারবার এমনভাবে এক এক গোষ্ঠীর হাতে জমা হয়ে গেছে যে অনায়াসেই কারখানার মাল জমিয়ে রেখে পাইকার ইচ্ছামত দাম চড়াতে পারে—যেহেতু ব্যাঙ্কও তার নিজের লোকের হাতে।

সারাভারতে গ্রামাঞ্চলে—যাদের ১০ একরের বেশি জমি আছে এমন পরিবারের সংখ্যা সমস্ত গ্রামীণ পরিবারের শতকরা ১৪জন, কিন্তু তাদের হাতে জমি আছে সমস্ত চাবের জমির শতকরা ৬৪ ভাগ। শহরের পাইকারদের সংগে এরা আবার নানাভাবে যুক্ত। এইভাবেই সারাভারতে 'মজুতদার-চক্র' সৃষ্ট হয়েছে। এরাই "স্বাধীন বাণিজ্য" বিলুপ্ত করে চোরাকারবারের একছেত্র আধিপত্য স্থাপন করেছে।

উৎপাদনে ঘাটতি না থাকলেও এরা কৃত্রিম ঘাটতি সৃষ্টি করতে পারে। শোনা যাচ্ছে সারাভারতে আগামী ফসলে ঘাটতি পড়বে ৩০ লক্ষ টন। তা যদি হয় তো পাইকারী কারবারে ব্যক্তিগত স্বাধীনতা প্রতিষ্ঠিত থাকলে যে কী অনর্থপাত হবে তা সহজেই অনুমেয়।

## কন্ট্রোলের ব্যবতা

স্বাধীন বাণিজ্যে একচেটিয়া মজুতদার যখন দরের ক্ষেত্রে অরাজকতা সৃষ্টি করে তখন সরকার সৃক্ষ করেন কন্ট্রোল। কন্ট্রোলর প্রথম ধাপ হ'লো দর নিয়ন্ত্রণ। পাইকারী এবং খুচরা সর্বোচ্চ দর আইনতঃ বেঁধে দেওয়া হয়, তার বেশি দরে পণ্য বিক্রী করলে বিক্রেতা হন আইনতঃ দওনীয়। নিয়ত্রণাদেশ জারী হবার সঙ্গে সঙ্গেই বাজার থেকে মাল উধাও হয়ে যায়। ঐ সময় সৃক্ষ হয় মজুত নিয়ত্রণ—অর্থাৎ কার ঘরে কত মাল আছে তার ঘোষণা দিতে হবে—তার বেশি মাল পাওয়া গেলে মালের মালিক বা যে ঘরে তা মজুত আছে তার গৃহস্বামী হবেন মজুতবিরোধী আইন অনুসারে দওনীয়। এই অবস্থায়

মজ্ত যে বন্ধ হয় তা নয়, মজ্ত যায় আণ্ডার গ্রাউণ্ডে। অর্থাৎ মাল তখন গুপ্তস্থানে থাকে। তখন সরকার কি করেন? তখন সরকার করেন চলাচল নিয়ন্ত্রণ। এক অঞ্চল থেকে আর এক অঞ্চলে সরকারি পারমিট ছাড়া মাল রপ্তানী বন্ধ করা হয়, সরকার উত্বন্ত অঞ্চল থেকে কিছু কিছু মাল কেনেন আর বাঁধা দরের দোকান মারফত কোথাও কোথাও কিছু কিছু বিক্রী করেন। সরকার যেই এই কাজটি সুরু করেন অমনি রাজ্যের সর্বত্রই খাদ্যশস্যের চোরাকারবার এত গুপ্ত হয়ে যায় যে কেউ কোথাও আর চড়া দরেও মাল কিনতে পায় না। তখন চলে অবাধ ঘুষের রাজত্ব। ঘুষের জোরেই আঞ্চলিক চলাচল নিয়ন্ত্রণ বান্চাল হয়ে যায়—ঘুষ খরচটাও যুক্ত হয় চালের দরের সঙ্গে। এমনিভাবে দর বাড়ে চক্রবৃদ্ধি হারে। এমনিভাবেই সরকারে আর মজ্তদারে চলে লুকোচুরি খেলা, যন্ত্রণায় অন্থির হয় জনসাধারণ। এমনিভাবেই খাদ্য সংকট তীব্র হতে তীব্রতর হয়। সংকট সমাধানের সরকারি নীতি নতুন সংকট সৃষ্টি করে।

দূরবস্থার শেষ পর্য্যায়ে এসে জনগণ ভাবে বোধহয় কন্ট্রোল তুলে দেওয়াই ভালো। মজুতদারও ঝোপ বুঝে কোপ মেরে বলে—তাইত কন্ট্রোলের জন্যইত এই সংকট দেখা দিয়েছে, সরকার কন্ট্রোল তুলে দিক, চাল পাওয়া যাবে। অথচ কন্ট্রোল যখন ছিল না তখনই সংকট সুরু হয়। কন্ট্রোলের বিরুদ্ধে মজুতদার লড়ে অবাধে দাম বাড়াবার জন্যই। দাম বাড়তে বাড়তে যখন তা জনসাধারণের নাগালের বাইরে চলে যায়, তখন দাবি ওঠে খাদ্যশস্যের দর বেঁধে দাও।

১৯৪৩ সাল থেকে ১৯৫৩ সাল পর্যন্ত ১০ বছর বাংলাদেশে কন্ট্রোল ছিল। কন্ট্রোলের ভিতরই ১৯৪৩ সালের মহামন্বন্তর ঘটে গেছে। ১৯৫৩ সালের ফসলটা ভাল হ'লো। তখন সরকারি মহলেরই থিওরী হ'লো—কন্ট্রোল তুলে দিয়ে খাদ্যশাস্যের স্বাধীন চলাচল সুরু করতে দিলে খাদ্য সংকট আর দেখা দেবে না। জনাব কিদোয়াই তখন কেন্দ্রের আর শ্রীপ্রফুল্ল সেন এই রাজ্যের খাদ্যমন্ত্রী। তাঁরা ১৯৫৪ সালে সব কন্ট্রোল তুলে দিলেন। ১৯৫৪ সালে থেকে ১৯৬৩ সাল পর্যন্ত কোন কন্ট্রোল ছিল না। এই দশ বছরে প্রায় প্রতি বছরই ঘটে গেছে খাদ্য সংকট। ১৯৫৯ সালের কথা নিশ্চয়ই সকলের মনে আছে, কারা তখন খাদ্য অভিযানের উপর পুলিশের লাঠি ও গুলি দিয়ে ৮২ জনকে হত্যা করেছিল ং তারপর ১৯৬৩ সালেও খাদ্য সংকট গুরুতর আকার ধারণ করে। তখন কন্ট্রোল ছিল না। রাজ্য সরকার সে সময় খাদ্যশস্যের বাজারে কোন প্রকার হস্তক্ষেপ করতে অস্বীকার করেন। ১৯৬৪ সালের জানুয়ারী মাসে নৃতন ক'রে খাদ্যশস্যের বাজারে কন্ট্রোল বসানো হয়। এখন এই কন্ট্রোলের ভিতরই পর পর দুই বৎসর খাদ্য সংকট চলছে। কাজেই মোটের ওপর স্বাধীন বাণিজ্যের ভিতরই এ সংকট সৃষ্টি করে কন্ট্রোলের সময়ও সেই খাদ্য সংকট। খাদ্য সংকট মজুতদারদেরই সৃষ্টি। তারা স্বাধীন বাণিজ্যের ভিতরই এ সংকট সৃষ্টি করে কন্ট্রোলের সময়ও পেরে কন্ট্রোল বানচাল করে দিতে। সরবের তেলের অস্বাভাবিক দরবৃদ্ধি কন্ট্রোলের আগেই শুরু হয়, কন্ট্রোলের পরও তা চলছে। কন্ট্রোল ব্যর্থ, কিন্তু সারা ভারতের মধ্যে বিহারেই এবার খাদ্য সংকট তীব্রতম।

১৯৫৫ সালের পর এতকাল কেরোসীন তেলের সংকট হতে পারেনি। এইবার হঠাৎ সুরু হয়, কিন্তু কিছুদিনের মধ্যেই তা আয়ত্বে আসে। কারণ কি?

এর একমাত্র কারণ এই যে ভারত সরকার ইণ্ডিয়ান অয়েল কোম্পানী স্থাপন করে, সোভিয়েট থেকে কেরোসীন আমদানী ক'রে নিয়ন্ত্রিত দরে তা সরবরাহ করেছেন। কিছুকাল হ'ল সরকার কেরোসীন সরবরাহ ছেড়ে দিয়েছিলেন ব'লেই এবার মজ্তদারেরা কেরোসীনের সংকট সৃষ্টি করতে পেরেছিল। আবার ইণ্ডিয়ান অয়েল কোম্পানী সোভিয়েট থেকে কেরোসীন আমদানী ক'রে কেরোসীনের বাজার আয়ত্বের মধ্যে এনেছেন। নূনের ব্যবসায় সরকারের একচেটিয়া, কাজেই নূনের দূর্ভিক্ষ নেই। গত বৎসর একদিন ২৪ ঘণ্টার জন্য ব্যবসায়ীরা নূন-দূর্ভিক্ষ সৃষ্টি ক'রে পরখ করেছিল—নূনের চোরাকারবার চলে কিনা। কিন্তু তারা তাতে ব্যর্থ মনোরথ হয়েছে।

কন্ট্রোল সফল করার জন্য গত দুই বৎসর সরকার মজুতদারদের ওপর ভারতরক্ষা আইন প্রয়োগ করেও কন্ট্রোল বাঁচাতে পারেন নি। ১৯৬৪-৬৫ সালে পশ্চিমবংগে ৬২৭ জন চালের ব্যাপারীকে ভারতরক্ষা আইন অনুসারে প্রেপ্তার করা হয়। তার মধ্যে ৪১৫ জনের সাজা হয় এবং ৪৮ জনকে নিরাপত্তা আইন অনুসারে বন্দী রাখা হয়। ১৯৬৫ সালের মার্চ মাসের পর নভেম্বরের পূর্ব পর্যন্ত ৬৪৩ জনকে প্রেপ্তার করা হয়। তার মধ্যে ২৯৯ জনের সাজা হয় এবং ২৭ জনকে নিরাপত্তা বন্দী করা হয়।

মজুতদারদের ওপর এই দমননীতি অবশ্য এমন কিছু নয় যাতে শ্রেণী হিসেবে মজুতদারদের ভয় পাবার কারণ আছে। এই অভিজ্ঞতা থেকেই প্রমাণিত হয় যে খাদ্য সংকটের সমাধান নির্ভর করে সরকারি সরবরাহের ওপর। সরবরাহ করতে হলে সরকারকে ক্রয়ও করতে হবে। সামগ্রিক সরবরাহের ভার নিতে হবে বলে সামগ্রিক ক্রয় আবশ্যক। এই জন্যই ১৯৬৩ সালের দিল্লী মহাঅভিযানে ভারতের কমিউনিষ্ট পার্টি অন্যান্য দাবির সঙ্গে খাদ্যশস্যের পাইকারী বাজারের জাতীয়করণ দাবি করে। সেই সঙ্গে অন্যতম প্রধান দাবি ছিল ব্যাঙ্কের জাতীয়করণ। ১৯৬৪ সালের মহাসত্যাগ্রহে ভারতের কমিউনিষ্ট পার্টি পুনরায় এই দাবি নিয়ে লড়ে। ১৯৬৪ সালের ২৭শে আগস্ট কমিউনিষ্ট পার্টি ও ট্রেড ইউনিয়ন কংগ্রেসের আহ্বানে মূল্যবৃদ্ধির বিরুদ্ধে এই রাজ্যে সাধারণ ধর্মঘট ও হরতাল পালিত হয়। ১৯৬৫ সালের ৩০শে জুলাই ও ৫ই আগস্ট কমিউনিষ্ট পার্টিসহ সমস্ত বামপন্থী দলের সমবেত আহ্বানে সাধারণ ধর্মঘট পালিত হয়—ট্রামভাড়া বৃদ্ধির রদ ছাড়া খাদ্য সংকটের সমাধানের দাবিগুলিও তার বিষয়বস্তু ছিল।

ভারতের কমিউনিষ্ট পার্টির কর্মসূচীতে ব্যাঙ্কের এবং খাদ্যশস্যের পাইকারী বাজারের জাতীয়করণ অন্যতম মুখ্যদাবি। কিন্তু সরকার এ দাবির প্রতি এযাবত কর্ণপাত করেন নি। বরং তাঁরা পুনঃ পুনঃ ঘোষণা করেছেন যে কন্ট্রোলের মাধ্যমেই খাদ্য সংকটের সমাধান করবেন। এ বছর তাঁদের এই নীতির শোচনীয় ব্যর্থতার পর বিগত ১৪ই অক্টোবর (১৯৬৫) তারিখের ষ্টেট্সম্যান পত্রিকায় জানা গেল:

"পশ্চিমবংগ সরকার কেন্দ্রীয় সরকারের অনুমতিসহ আপাততঃ স্থির করেছেন আগামী আমন ফসলের সময় পাইকারী থেকে খুচরা পর্যন্ত সর্বস্তরের সমগ্র ধান-চালের কারবারের জাতীয়করণ।"

তারপর, ১৬ই অক্টোবর এক সাংবাদিক সন্মেলনে মুখ্যমন্ত্রী ঘোষণা করেন—"১০০ কোটি টাকা মূল্যের চাউলের পাইকারী ব্যবসায় আগামী বৎসর সম্পূর্ণ অবলপ্ত করা হবে।"—বসুমতী, ১৭।১।৬৫

১৯৬৫ সালের গোড়ার দিকে যদি এই নীতি তাঁরা অবলম্বন করতেন তা'লে এ বৎসর যুদ্ধ সংকটের সময় এমন কৃত্রিম দুর্ভিক্ষ দেখা দিত না।

## সরকারি নীতি—মজুতদার তোষণ

১৯৫৪ সালে যখন কলকাতার রেশনিং এবং খাদ্যশস্যের ওপর থেকে সমস্ত কন্ট্রোল তুলে নেওয়া হয় তখনই উচিত ছিল ১৯৪৩-৫০ এই দশ বছরের অভিজ্ঞতা অনুসারে খাদ্যশস্যের পাইকারী বাজারের জাতীয়করণ। তখনই একচেটিয়া কারবারের পসার জমতে আরম্ভ করেছে। এদিকে অর্থনৈতিক পরিকল্পনার মাধ্যমে বাজারে টাকার আমদানীও বাড়ছে। পরিকল্পনা অনুসারে যখন মূলধন বিনিয়োগ ও মূদ্রাস্ফীতি ঘটানো হয়, তখন পাইকারদের হাতে বাজার থাকলেই মজ্তুতদারী শক্তিশালী হতে বাধ্য। পরিকল্পনামূলক অর্থনীতিতে ব্যাঙ্ক ও পাইকারী বাজারের জাতীয়করণ অপরিহার্য। কিন্তু সরকার তখন করলেন ঠিক তার বিপরীত। ব্যবসায়ী মহলের তাগিদেই যে কিদোয়াই নীতি অনুসৃত হচ্ছে সে কথা তখনই ভারতের কমিউনিষ্ট পার্টি ঘোষণা করেছিল এবং তার বিরোধিতাও করেছিল। অনেক আমলাতান্ত্রিক অব্যবস্থার ভিতর দিয়েই ১০ বছরে কলকাতার রেশনিং স্থিতিশীল ও স্বাভাবিক হয়ে উঠেছিল। তখন দরকার ছিল এই রেশনিং গ্রামাঞ্চলে প্রসারিত করা এবং সেজন্য সরকারি ক্রয় পদ্ধতিরও বিস্তারসাধন। তা না ক'রে সরকার তখন মজুতদারদের কাছেই আত্মসমর্পণ করলেন। ১৯৫৯ সালে শান্তিপূর্ণ ভূখামিছিলের ওপর তাঁরা বর্বরের মত লাঠি ও গুলি চালালেন, আশীজন লোককে হত্যা করলেন। কিন্তু মজুতদারদের কেশাগ্রও স্পর্শ করলেন না।

পশ্চিমবংগের প্রধান মজুতদার চালের কলের মালিক এবং বড় বড় জোতদার, কংগ্রেস এই উভয়ের কাছেই নির্বাচনে জয়লাভের জন্য ঋণী। এই রাজ্যে ৭০০ চালের কল আছে, যাদের সঙ্গে জোতদারদের সম্পর্ক খুব ঘনিষ্ঠ। এদের বাদ দিয়ে এ রাজ্যের কংগ্রেস নেতৃত্ব চলেন না। এই রাজনৈতিক সম্পর্কেরই স্বাভাবিক পরিণতি সরকারের মজুতদার-তোষণ নীতি।

তাই, ১৯৬৩ সালে যখন কন্ট্রোল পুনঃস্থাপিত হয়, তখন মজুতদারদের স্বার্থটা আগাগোড়াই দেখা হয়েছে। ১৯৬৪ সালের গোড়ায় যখন দাবি করা হ'লো—এ বৎসর খাদ্যশস্যের পাইকারী বাজার রাষ্ট্রায়ন্ত করা হোক—রাজ্য সরকার সে দাবি গ্রাহ্যের মধ্যেই আনলেন না। তাঁরা স্থির করলেন যে কেন্দ্রের সাহায্য নিয়ে কলকাতায় রেশনিং চলাবেন। এবং তাছাড়া কিছু ক্রয় ক'রে আর চালের কলের অর্থেক মাল রিকুইজিশন ক'রে গ্রামাঞ্চলে চলবে সংশোধিত রেশনিং।

এই নীতির ফলাফল কি দাঁড়ালো?

২০শে সেপ্টেম্বর থেকে কলকাতার রেশনের পরিমাণ ৫০০ গ্রাম করে কমিয়ে দেওয়া হ'লো। ছিল ২৪০০ গ্রাম (চাউল এবং গম মিলিয়ে), হলো ১৯০০ গ্রাম —১০০০ গ্রাম চাল আর ৯০০ গ্রাম গম বা আটা।

একেই ত কলকাতায় রেশনের যা পরিমাণ তাতে বছ ব্যক্তিকেই চোরাবাজার থেকে চাল সংগ্রহ করতে হতো। রেশনের পরিমাণ কমাবার ফলে গ্রামের মজুত শহরে এসে জমলো—গ্রামে দেখা দিল দুর্ভিক্ষ।

১৯৪৪ সালে কলকাতায় যখন রেশনিং প্রবর্তিত হয়, তখন রেশনের পরিমাণ ছিল মাথাপিছু দৈনিক ৩ সের ও মেহনতীদের জন্য সাড়ে তিন সের। তার ফলে বৃহত্তর কলকাতা অঞ্চলে চালের চোরাবাজার জমতে পারে নি। সূতরাং গ্রামের চাল গ্রামেই থাকত! কিন্তু এখন রেশনের পরিমাণ তার চেয়ে অনেক কম হওয়ায় বৃহত্তর কলকাতার অন্ততঃ এক-চতুর্থাংশের প্রয়োজন অথবা প্রায় পনেরো বিশ লাখ অধিবাসীর পূর্ণ প্রয়োজন রয়ে গেল অপূর্ণ। তাই এই অঞ্চলটি গ্রামাঞ্চলের মজুত আকর্ষণী কেন্দ্রে পরিণত হ'লো। তাছাড়া যুদ্ধ সত্ত্বেও পাকিস্তানে গুপুভাবে ধান চাল রপ্তানি বন্ধ হয় নি। ভারত রক্ষা আইন তা ঠেকাতে পারল না।

পাকিস্তানে ধান চাল পাচারের মূলে পশ্চিমবংগের চটকলগুলির ভূমিকা থাকা অসম্ভব নয়। এ রাজ্যের চেয়ে পাকিস্তানের পাট ভাল এবং সস্তা। কিন্তু পাকিস্তানে টাকা পাঠানো যাবে না, সূতরাং পাট আমদানির জন্য চাল চালান দেওয়া হয়ে থাকতে পারে।

যাই হোক—মোটের ওপর পশ্চিমবংগের গ্রামাঞ্চলে সেপ্টেম্বর মাস থেকেই দুর্ভিক্ষের অবস্থা দেখা দেয়। অথচ ২১শে আগন্ত তারিখে আনন্দবাজার লিখছেন যে বিভিন্ন জেলায় চালের দর মন প্রতি যোল টাকা কমেছে। মুখ্যমন্ত্রী তখন আনন্দে গদগদ হ'য়ে বড় বড় জোতদারদের অভিনন্দন জানালেন—তাঁরা বাজারে চাল ছাড়ছেন ব'লে । চালের দাম কমছে কেন তাও আবার বিশ্লেষণ করে তিনি তিনটি কারণের উল্লেখ করলেন; যথা—(১) আমন ফসল উজ্জ্বল, (২) বড় জোতদাররা মাল বাজারে ছাড়ছেন, (৩) আউস ধান কাটা সুরুক হয়েছে।

২১শে আগস্ট চালের দাম কমছে ব'লে মুখ্যমন্ত্রী বড় জোতদারদের অভিনন্দন জানালেন আর ঠিক তার এক মাস পরে, ২০শে সেপ্টেম্বর কলকাতার রেশন মাথাপিছু ৫০০ গ্রাম ক'রে কমিয়ে দেওয়া হ'লো। মফঃস্থলের যংকিঞ্চিৎ সংশোধিত রেশনও কাটাই থেকে বাদ পড়ল না। মুখ্যমন্ত্রীর কৈফিয়ৎ—কেন্দ্রীয় সাহায্যের প্রতিশ্রুতি মত সরবরাহ পাওয়া যাবে না বলেই রেশন কাটা হয়েছে। কিন্তু ২১শে সেপ্টেম্বর স্বরাষ্ট্রমন্ত্রী গুলজারীলাল নন্দ লোকসভায় ঘোষণা করলেন যে কেন্দ্রীয় সাহায্যের প্রতিশ্রুতি পালন করা হচ্ছে তবে বিদেশী আমদানীর অনিশ্চয়তার জন্য রাজ্য সরকারগুলিকে বুঁসিয়ারী দেওয়া হয়েছে। এই বিবৃতির পরই দেখা গেল পশ্চিমবংগের চালের দর বাড়তে আরম্ভ করেছে। অক্টোবরে এই পরিস্থিতি চরম রূপ ধারণ করল।

— ২রা নভেম্বর থেকে বিধান পরিষদের যে অধিবেশন শুরু হ'লো তাতে খাদ্য সম্পর্কে বিতর্ক শুরু হবার সুরুতেই মুখ্যমন্ত্রী ঘোষণা করলেন—খাদ্য নিয়ন্ত্রণের সমস্ত ব্যবস্থাই বানচাল হয়ে গেছে, অবস্থা খুবই খারাপ। কোথায় গেল তাঁর ২১শে আগস্টের আশাবাদ? তখনও যদি সরকারি ক্রয়ের ব্যবস্থা হ'তো এবং কলকাতায় রেশনের পরিমাণ অব্যাহত রাখা হ'তো আতংকমূলক বিবৃতি না ঝেড়ে তাহলে সেপ্টেম্বরের সংকট হয়ত এত চরমরূপ ধারণ করত না।

১৯৬৫ সালের গোটা বছরটাই কেন্দ্রীয় সরকার খাদ্য সমস্যার সমাধানে চরম অবহেলা প্রদর্শন করেছেন। অন্ধ্র, পাঞ্জাব এবং উড়িষ্যা ব্যতীত সমস্ত রাজ্যেই চাল এবং গমের দাম নাগালের বাইরে চলে গেল অথচ কেন্দ্রীয় সরকার মজুত বিরোধী কোন ব্যবস্থাই অবলম্বন করেন নি, বরং মজুতদারদের বিরুদ্ধে কোন কড়া ব্যবস্থা না হয় সেজন্য রাজ্য সরকারগুলিকেই তাঁরা নিয়ন্ত্রিত করেছেন। এ বছর খাদ্যশস্যের পাইকারী বাজারে একচেটিয়া সরকারি বাণিজ্য প্রতিষ্ঠার জন্য কোন কোন রাজ্যের মুখ্যমন্ত্রী প্রস্তাব করলেও কেন্দ্রীয় সরকার তার বিরোধিতা করেছেন। পশ্চিমবংগ রাজ্যসরকার যে মজুতদারদের গ্রেপ্তার ও আটক করেছিলেন, কেন্দ্রীয় সরকারের নির্দেশে তাদের অনেককেই ছেড়ে দিতে হয়। এজন্য স্বরাষ্ট্রমন্ত্রী গুলজারীলাল নন্দ কলকাতায় এসে রাজ্য মন্ত্রীদের উপেক্ষা করেই বিড়লার সঙ্গে দেখা ক'রে একচেটিয়া কারবারীদের তোয়াজ ক'রে যান। মহারাষ্ট্রের রাজ্য সরকার খাদ্যশস্যের সরকারি বাণিজ্য চালু করেন একরকম কেন্দ্রীয় সরকারের অমতেই, তারপর তাঁরা যখন বিপন্ন বোধ করে তখন কেন্দ্রীয় সরকারের তরফ থেকে রাজ্য মুখ্যমন্ত্রীকেই দোষারোপ

করা হয় এই বলে যে কেন্দ্রীয় সরকারের উপদেশ অগ্রাহ্য করেই তিনি ঝাপিয়ে পড়েছেন, অতএব সমস্ত দায়িত্ব তাঁর। অথচ যে বৃহৎ ভূস্বামীরা সরকারি ক্রয়নীতি বান্চাল করে দিল তাদের বিরুদ্ধে কোন কথা বললেন না। বিহারে দেখা দিল প্রচণ্ড সংকট; বিহারের রাজ্য সরকার সারা বছর নিয়ন্ত্রণহীন স্বাধীন বাণিজ্যই চালু রাখলেন, আর প্রচণ্ড দমননীতি চালালেন খাদ্যের জন্য গণআন্দোলনের বিরুদ্ধে। সেখানে মজ্বতদারেরা কারারুদ্ধ হয় নি, কারারুদ্ধ হয়েছেন কমিউনিষ্ট পার্টি এবং সংযুক্ত সোস্যালিষ্ট পার্টির বহু নেতা ও কর্মী।

সম্বৎসর অনেক বাক্বিতগুর পর অবশেষে স্বরাষ্ট্রমন্ত্রী ঘোষণা করলেন আগামী বৎসরের গোড়া থেকেই এক লক্ষ বা তার বেশি লোক যে সমস্ত শহরে বাস করে সেই সমস্ত শহরেই রেশনিং চালু করা হবে; এখন বলছেন—জানুয়ারী থেকে রেশনিং শুরু হবে শুধু সেই সমস্ত শহরে যেখানে ১০ লক্ষ বা তার বেশি লোক বাস করে। একলক্ষ লোকের শহরে রেশনিং চালু হবে মে মাসে। এদিকে খাদ্যসমস্যা সমাধানের জন্য সরকারি মুখ্য বক্তাদের বক্তৃতা চলছে খুব গরম গরম। কার্যকালে মজুতদারদেরই তোষণ করা হছে, অবস্থাবিশেষে যেখানে যতটা সম্ভব।

অশোক মেহ্টা কমিশন ১৯৫৭ সাালেই সুপারিশ করেছিলেন যে সরকার কর্তৃক নিয়মিতভাবেই খাদ্যশস্যের ক্রয়-বিক্রম আবশ্যক, পাইকারী ব্যবসায়ের একাংশের জাতীয়করণ দরকার। কিন্তু সে রিপোর্ট কেন্দ্রীয় সরকারের দপ্তরে ধামাচাপা পড়ে আছে।

সরকার একমাত্র ভরসা করে ছিলেন আমেরিকার গমের ওপর। সে গমও সরকার নিয়ন্ত্রিতভাবে বিতরণ করেনি, দুঃসময়ের জন্য রিজার্ভ করেও রাখেন নি, পাইকারদের কাছে বিক্রী করেছেন। গত বছর উড়িষ্যা থেকে যে চাল সরকারিভাবে পশ্চিমবংগে আমদানি করা হয়েছে তাও ছাড়া হয়েছিল পাইকারদের স্বাধীন বাণিজ্যের খাদে। এই সমস্ত খাদ্যশস্যই চোরাবাজারের গুদোম ভর্তি করেছে। একদিকে ব্যাঙ্কের অঢেল দাদন, অন্যদিকে সরকারি নিয়ন্ত্রণের দুর্বল প্রাচীরের গাত্রে পাইকারদের স্বাধীনতার জন্য অসংখ্য খোলা জানালা ঃ

এই দুই সাহায্যে পরিপুষ্ট হয়ে ভারতের চোরাকারবারীরা এখন দুর্দ্ধর্য হয়ে উঠেছে।

তারপর গোদের উপর বিষফোঁড়ার মত পি. এল. ৪৮০ অনুযায়ী আমেরিকান গম আমদানি এখন অনিশ্চিত হয়ে পড়লো। সূতরাং বাধ্য হয়েই সরকার ঘোষণা করছেন যে খাদ্যশস্যের পাইকারী বাজারে সরকারি বাণিজ্য প্রসারিত করতে হবে।

আমেরিকান গমের উপর নির্ভরতা ভারতের সার্বভৌমত্বের পক্ষে বিপজ্জনক। ১৯৫৬ সালে পি. এল. ৪৮০ (অর্থাৎ আমেরিকার ৪৮০ নং পাবলিক ল') চালু হয়। তখন থেকে ১৯৬৪ সালের সেপ্টেম্বর চুক্তি পর্যন্ত মোট ১৩৮৬ কোটি ৪০ লক্ষ টাকার গম আমদানির ব্যবস্থা হয়েছে। এই টাকা এবং জাহাজ ভাড়ার অর্ধেক অর্থ ভারতীয় মুদ্রায় ভারতেই আমেরিকার নামে গচ্ছিত থাকবে। জাহাজ ভাড়ার বাকী অর্ধেক ডলারে শৌধ করতে হবে। এখন অবশ্য পুরো জাহাজ ভাড়াই ডলারে শোধ করার হকুম এসেছে। যে টাকা ভারতে গচ্ছিত থাকবে তার শতকরা ১২.৪ ভাগ (অর্থাৎ ১৭০ কোটি ৫০ লক্ষ টাকা) ভারতে অবস্থিত আমেরিকান দৃতাবাস খরচ করবে, এর মধ্যে অবশ্যই তাদের গোয়েন্দাগিরির খরচও আছে। তা ছাড়া ১০০ কোটি ৪০ লক্ষ টাকা দিতে হবে ভারতে অবস্থিত আমেরিকান কোম্পানিগুলিকে। অর্থাৎ যে গম আমরা খয়রাত পাচ্ছি না, খরিদ করছি, তার দাম থেকে ভারতে আমেরিকান অর্থনৈতিক প্রতিপত্তি বিস্তারের খরচ জোগানো হচ্ছে। তা ছাড়া এই গম সরবরাহের ব্যাপারটি আমেরিকান সরকার এখন ভারতের বিরুদ্ধে পাকিস্তানী সরকারকে কাশ্মীর সম্পর্কে রাজনৈতিক সাহায্য দানের হাতিয়ার রূপে ব্যবহার করছে।

সম্প্রতি আমেরিকার নিউইয়র্ক টাইমস্ পত্রিকায় মন্তব্য করা হয়েছে—

"ব্যক্তিগতভাবে সরকারি কর্মকর্তারা স্বীকার করেছেন যে ভারত ও পাকিস্তানের পারস্পরিক সম্পর্ক প্রভাবিত করবার কাজে আমেরিকান্ যুক্তরাষ্ট্রের হাতে খাদ্য একটি গুরুত্বপূর্ণ রাজনৈতিক অস্ত্র।"—(খাদ্য সাহায্যের রাজনৈতিক মুল্য, মনীন্দ্র ভট্টাচার্য, হিন্দুস্থান ষ্ট্যাণ্ডার্ড, ৩-১১-৬৫)

তাই ১৯৬৫ সালের ১২ই নভেম্বর ভারতের কমিউনিষ্ট পার্টি লোকসভায় প্রস্তাব আনেন পি. এল. ৪৮০ বর্জনের জন্য। কংগ্রেসের বিরোধিতায় সে প্রস্তাব পরাস্ত হয়। কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী লোকসভায় কমিউনিষ্ট পার্টি কর্তৃক আনীত প্রস্তাবের তীব্র বিরোধিতা করেন।

স্পষ্টই দেখা যাচ্ছে যে ভারত সরকার আমেরিকান্ গমের মায়া এখনও ছাড়তে পারেন নি। ময়দানে কংগ্রেস নেতারা

কয়েকদিন চীৎকার করলেন 'আমেরিকান্ গম খাব না, ছোঁব না, সপ্তাহে একবেলা উপোস করবো।' অথচ এখন প্রকাশ্যভাবেই চেষ্টা চলেছে কি করে আমেরিকান সাম্রাজ্যবাদীদের খুশী ক'রে পি. এল. ৪৮০ অনুযায়ী গম আমদানী নিশ্চিত করা যায়। তাতেও একেবারে নিশ্চিত হতে পারছেন না বলেই তাঁরা আপাততঃ খাদ্যশস্যের পাইকারী বাজ্ঞারে সরকারি বাণিজ্য স্থাপন করার সংকল্প ব্যক্ত করেছেন।

#### সরকারি ক্রয়নীতি

বিগত ২২শে নভেম্বর বিধান-সভায় মন্ত্রীসভা কর্তৃক গৃহীত খাদ্যশস্য-ক্রয়নীতি সম্পর্কে এক বিবৃতি দাখিল করা হয়। উক্ত বিবৃতির সারমর্ম এইরূপ ঃ

- (১) সরকারি এজেন্ট এবং সমবায় সমিতি ধানচাল খরিদ করবে। ধান চালের পাইকারী কারবার সাধারণতঃ বন্ধ ক'রে দেওয়া হবে—কিন্তু কোন কোন স্থানে কোন কোন সময় আবশ্যক বিবেচনা করলে জেলার ভারপ্রাপ্ত কর্মচারী সীমাবদ্ধভাবে পাইকারদের কেনা বেচা করতে অনুমতি দিতে পারেন।
  - (২) धानচाल ज्रायत जन्म निम्नलिशिष्ठ शांत लिखि वमाना श्वः

#### যে জমিতে সেচের ব্যবস্থা নেই

- (ক) ২ একর পর্যন্ত ধানী জমির ওপর কোন লেভি বসবে না।
- (খ) যার ৩ একর জমি আছে তার ২ একর ছেড়ে দিয়ে তৃতীয় একরের বা তার কোন অংশের ওপর দেড় কুইণ্টাল ধান।
- (গ) যার ৪ অথবা ৫ একর জমি আছে তার ২ একর ছেড়ে দিয়ে এবং তৃতীয় একরের ওপর দেড় কুইন্টাল ধরে, ৪র্থ অথবা ৫ম একরের বা তার কোন অংশের ওপর ২ কুইন্টাল ধান।
- (ঘ) যার ৬, ৭, ৮, ৯ অথবা ১০ একর জমি আছে তার ৫ একর পর্যন্ত (গ) এর মত লেভি ধ'রে, বাকি জমির ওপর প্রতি একরে ৩ কুইন্টাল ক'রে।
- (ঙ) যার ১০ একরের বেশি এবং ২৫ একর পর্যন্ত জমি আছে তার ১০ একর পর্যন্ত (ঘ) এর মত লেভি ধার্য্য ক'রে বাকি জমির ওপর প্রতি একরে ৫ কুইন্টাল।

## যে জমিতে সেচের ব্যবস্থা আছে

- (ক) দেড় একর পর্যন্ত কোন লেভি নেই।
- (খ) ২ একর পর্যন্ত দেড় একর ছাড় দিয়ে বাকি জমির ওপর প্রতি একর ২ কুইন্টাল হিসেবে।
- (গ) ৩ একর জমি থাকলে তৃতীয় একরে বা তার কোন অংশে সাড়ে ৩ কুইন্টাল।
- (ঘ) ৪র্থ ও ৫ম একরের প্রতি একরে বা তার কোন অংশে সাড়ে ৪ কুইন্টাল।
- (%) ৬ষ্ঠ ও ৭ম একরে একর প্রতি (বা তার কোন অংশে ) ৬ কুইন্টাল।
- (চ) ৮ম, ৯ম ও ১০ম একরের প্রতি একরে (বা তার কোন অংশে) সাড়ে ৭ কুইণ্টাল।
- (ছ) ১১ একর থেকে ২৫ একর পর্যন্ত প্রতি একরে (বা তার কোন অংশে) ৮ কুইণ্টাল।

লেভি আদায়ের জন্য সরকার চাউলের কলের মালিক ও অন্যান্য পাইকারদেরও এজেন্ট নিযুক্ত করবেন। সরকারের ঘোষিত উদ্দেশ্য হ'লো সর্বাগ্রে সেই ধান কেনা যা গরীব কৃষকরা বিক্রী করতে বাধ্য হয় এবং তা ছাড়াও অবস্থাপন্ন কৃষক ও জোতদারদের বাড়তি ধানের একটা মোটা অংশ কেনা।

ধানের দর **কি** দেবেন তা এই বিবৃতিতে ঘোষণা করা হয় নি। বর্গাদারদের বেলায় জোতদার ও বর্গাদারের মধ্যে লেভি ভাগাভাগি করা হবে এইরূপ ইঙ্গিত আছে।

এই ক্রন্ম নীতির প্রধান দুর্বলতা এই যে যাদের ৫ একরের কম জমি আছে অর্থাৎ গরীব কৃষকদের ওপর লেভি ধার্য্য করা হচ্ছে এবং এত লেভি ধার্য্য করা হচ্ছে যে তাদের সম্বৎসরের পুরো খোরাকী এবং বীজ্ঞ ধানও থাকছে না। অথচ বড় জ্যোতদের অর্থাৎ যাদের ১০ একরের বেশি জমি আছে তাদের নিজ্ঞ হতে লেভি দেবার পরও বেশ কিছু বাড়তি ধান থাকবে। লেভি পারিবারিক ভিন্তিতে মোট জমির ওপর না ধ'রে, ব্যক্তিগতভাবে পৃথক পৃথক মালিকের ওপর ধরা হয়েছে। বেশী জমির মালিক—যেমন, যার ২৫ একর জমি আছে সেও তার ১০ একর জমির ওপর ১০ একরের মালিকের মতই লেভি দিয়ে বাকি ১৫ একরের ওপর বেশি লেভি দিছে। তার ফলে উপরের দিকে লেভির চাপ ক্রমান্বয়ে কম এবং নীচের দিকে ক্রমান্বয়ে বেশি হয়ে যাছে। অর্থাৎ আসল মজ্তুকারীর হাতে মজুত থেকে যাবে, কিন্তু ঘাট্তি কৃষকের ধানও টেনে নেওয়া হবে। এদের অবশ্য কয়েক মাস রেশন দেওয়া হবে কিন্তু তাতেও সারা বৎসরের প্রয়োজনীয় পুরো খোরাকী মিলবে না। সংশোধিত রেশনের পরিমাণ সম্পর্কে কিছুই বলা হয় নি। এদিকে চালের কলের মালিক এবং অন্যান্য পাইকাররাও সরকারি এজেন্টরূপে হাজির থাকবে।

এই যদি সরকারের ধান্য ক্রয়নীতি হয় তাহলে বাজারের চাবিকাঠি পাকে প্রকারে মজুতদারের হাতেই রেখে দেওয়া হচ্ছে। চালের কলের মালিক এবং অন্যান্য পাইকারেরা জোতদারদের বাড়তি ধান কিনে মজুত করতে পারবে এবং গ্রামের ভূমিহীনেরা ও দরিদ্রতম কৃষকেরা তাদের কাছ থেকে চড়াদরে কিনে খেতে বাধ্য হবে।

পরিবারগতভাবে লেভি ধার্য না ক'রে ব্যক্তিগত মালিকের ওপর ধরায়—বেশী জমির মালিকের পক্ষে জমি হস্তান্তর দ্বারা লেভির পরিমাণ কমানোর সুযোগ রেখে দেওয়া হয়েছে।

লেভির সংবাদ প্রকাশিত হ্বার সঙ্গে সঙ্গেই জমি হস্তান্তরের ধূম লেগে যেতে পারে। যাদের নিজ নামে ৩ বা ৫ একরের বেশী জমি আছে তারা এখন লেভি এড়াবার জন্য পরিবারের মধ্যে জমি ভাগ করে ফেলতে পারে, পরিবারের বাইরে বেনামী করাও অসম্ভব নয়।

সূতরাং জমির পরিমাণ ধরতে হবে পরিবারগতভাবে এবং ১৯৬৫ সালের অক্টোবর পর্যন্ত জোতদারদের গোটা পরিবারের মধ্যে যত জমি আছে তার হিসেব নিয়ে লেভি ধার্য করা উচিত। কিন্তু সরকার যদি ধান্যক্রয়ের জন্য লেভির ওপর নির্ভর করে বসে থাকেন এবং কৃষকদের সহযোগিতা অর্জনের জন্য তাদের অর্থনৈতিক অসুবিধার প্রতিকার না করেন তাহলে মাত্র আমলাতান্ত্রিক ব্যবস্থায় ক্রয়নীতি সাফল্য লাভ করবে না। ক্রয়নীতি সফল করার জন্য সরকারকে কারখানা জাত পণ্যের সঙ্গে কৃষকের ধানের সঙ্গে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের বিনিময় প্রথা গ্রহণ করাই সর্বাপেক্ষা উপযুক্ত পন্থা। কৃষককে ন্যায্যমূল্যে তার প্রয়োজনীয় সামগ্রী সরবরাহ করন এবং তার বিনিময়ে তার কাছ থেকে আদায় করন ন্যায্য দরে তার উদ্বন্ত ধান। যারা অর্থাৎ কৃষক নিজ হাতে কিছু না কিছু জমি চাষ করে তাদের মধ্যে যার ৫ একরের কম জমি আছে তার উপর লেভি ধার্য্য করা উচিত নয়।\*

সরকারি ক্রয়নীতির মধ্যে আর একটি গুরুতর দুর্বলতা আছে। এ বছর যে সমস্ত কৃষক অগ্রিম দাদন নিয়ে মহাজনের কাছে ক্ষেতের ধান বেচে রেখেছে সে ধান কি করে সরকার হস্তগত করবেন ? অবশ্য, সরকার মহাজনের প্রাপ্য ধানটা রিকুইজিশন করে নিতে পারেন—কিন্তু ১৯৬৬ সালে চাষের সময় কৃষক আর ঐ মহাজনের কাছ থেকে দাদন পাবে না এবং সরকারও যদি কৃষককে দাদন দেবার ব্যবস্থা না করেন তা হলে যে ঋণ-সংকট দেখা দেবে তাতে কৃষি এবং কৃষক উভয়েরই বিপর্যয় ঘটবে। এই ভয়ই কৃষকের প্রধান ভয় এবং সেই জন্যই তারা সরকারি ক্রয় নীতির সংবাদে আতদ্ধিত হয়ে পড়েছে।

এই সমস্ত অবস্থা বিবেচনা করে ভারতের কমিউনিষ্ট পার্টির পশ্চিমবংগ রাজ্য পরিষদ ২৭শে থেকে ৩০শে অক্টোবরের সভায় "খাদ্যশস্যের সরকারি ক্রয়" সম্পর্কে যে প্রস্তাব গ্রহণ করেছে তাতে নিম্নলিখিত ব্যবস্থার অবলম্বন দাবি করা হয়েছে ঃ

- (১) চালের কলগুলিকে ধান কেনার সুযোগ আদৌ দেওয়া চলবে না এবং সাময়িকভাবে হলেও কলগুলিকে সরকারের হাতে নিতে হবে। সরকারি ধান ভাঙ্গিয়ে তারা ভাঙ্গানী দাম পাবে।
- (২) সমবায়গুলি যাতে বেশি ধান-চাল কিনতে পারে সেজন্য নভেম্বরের প্রথম দিক থেকেই আর্থিক সাহায্য দিতে হবে। এদের মধ্যে যাদের গুদোম নেই তাদের গুদোম রিকুউজিশন ক'রে দিতে হবে। সমবায়ের সভ্যদের নিকট খুচরো বিক্রীর জন্য ধানচাল জমা রাখবার সুযোগও তাদের দিতে হবে।
- (৩) যে সমস্ত গঞ্জ ধান-চাল কেনাবেচার কেন্দ্র হিসেবে গড়ে উঠেছে সেই সব গঞ্জে বা হাটে অবিলম্বে একাধিক সরকারি ক্রয়কারী নিযুক্ত করতে হবে যাতে কৃষকরা ধান ওঠার সঙ্গে ন্যায্য দরে বিক্রীর সুযোগ পায়। কৃষকদের কাছ থেকে বাঁধা দরে চাল কিনবার ব্যবস্থাও রাখতে হবে।

<sup>🕈</sup> বামপন্থী পার্টিগুলির সংযুক্ত ফ্রন্টে ইহা সেচহীন জমির জন্য ৭ একর ও সেচযুক্ত জমির জন্য সাড়ে ৪ একর করার প্রস্তাব করা হইয়াছে।

(৪) সাধারণ কৃষকদের কাছ থেকে স্বেচ্ছামূলকভাবে ক্রয়্ম করতে হবে; যে সব অকৃষক পরিবার বেশি জমির মালিক এবং যাদের খোরাকী ও বীজ প্রভৃতি ছাড়াও যথেষ্ট উদ্বৃত্ত থাকে তাদের ওপর লেভি ধার্য্য করা উচিত। লেভি ধার্য্য করার জন্য পরিবারের মোট জমি এবং মোট লোকের হিসেব ধরতে হবে। জনসাধারণের কাছ থেকে প্রকৃত ফলন যাচাই ক'রে পরিবারের খোরাকী এবং চাষের জন্য প্রয়োজনীয় ধান রেখে লেভি ধার্য্য করা হোক। লেভি বসাবার জন্য ফলনের তারতম্য অনুসারে ৫ থেকে ১০ একরের মধ্যে জমির বিভিন্ন এলাকায় বিভিন্ন নিম্নতম সীমায় ধার্য্য করা চলতে পারে। নিম্নতম সীমার নীচের দিককার মালিকদের ওপর লেভি বসান চলবে না।

খাদ্যশস্য ক্রয়ের এই সমস্ত প্রস্তাব ৩টি মূলনীতির উপর প্রতিষ্ঠিত:

- (১) চালের কলের মালিক প্রভৃতি পাইকারদের খাদ্য শস্যের বাজার থেকে নির্বাসিত করা।
- (২) ৫ একরের কম জমি আছে এমন কৃষকের কাছ থেকে স্বেচ্ছামূলকভাবে ক্রন্তর, সেজন্য তাদের সহযোগিতা অর্জন করা।
- (৩) যারা মূলতঃ কৃষক নয়, অকৃষক জোতদার, অর্থাৎ যাদের ১০ একরের বেশি জমি আছে তাদের সমস্ত উদ্বৃত্ত ধান লেভিরূপে ধার্য্য ক'রে কঠোর ভাবে তার লেভি আদায়।

এই তিন নীতিই মজুতদারদের ষড়যন্ত্র পরাস্ত ক'রে ক্রয়নীতির সফলতা সাধনের জন্য অপরিহার্য্য। এজন্য প্রধানতঃ নির্ভর করতে হবে কৃষকদের স্বেচ্ছমূলক সহযোগিতার ওপর।

কৃষকদের সহযোগিতা পাবার জন্য উক্ত প্রস্তাবে দাবি করা হয়েছে :

- (১) ধানের দর হওয়া উচিত গুণের তারতম্য অনুসারে ১৭, ১৮ এবং ১৯ টাকা।
- (২) কৃষককে নগদে ধান চালের দাম দিতে হবে। তাদের উপর যাতে পীড়ন না হয় এবং ধান চালের ওজনে বা শ্রেণী বিচারে তাদের যেন ঠকানো না হয়।
- (৩) কৃষকদের উপযুক্ত পরিমাণ ঋণ এবং দাদন দিতে হবে। মহাজনের কাছ থেকে যারা ঋণ অথবা দাদন নিয়েছে, তাদের সরকারি মূল্যে ধারশোধ করার ব্যবস্থা করতে হবে।
- (৪) কৃষকরা যাতে নিয়ন্ত্রিত দরে নিত্যপ্রয়োজনীয় দ্রব্য ও কৃষির জন্য প্রয়োজনীয় যাবতীয় উপকরণ কিনতে পারে সেজন্য সমবায়গুলিকে যথাযোগ্য সাহায্য দিতে হবে।
- (৫) সর্বত্রই সংগৃহীত ধানচালের একাংশ স্থানীয় চাহিদা বুঝে স্থানীয়ভাবে মজুত রাখতে হবে। ঘাট্তি জেলা বা ঘাট্তি এলাকার—সমস্ত ধান চাল সেই জেলা বা এলাকার মধ্যেই রাখতে হবে।

খাদ্য শদ্যের রাষ্ট্রীয় বাণিজ্য যাতে প্রবর্তিত হয়, তা যাতে ঠিকমত ভাবেই হয় এবং সফলতা লাভ করে তা দেখা আজ গণতান্ত্রিক আন্দোলনের সামনে একটি প্রধান কর্তব্য। সঠিক নীতি অনুসৃত হলেও তা যাতে সঠিকভাবে চলে সে জন্য সরকারি ক্রয় ও বন্টন ব্যবস্থার ওপর সর্বস্তবের সর্বদলীয় খাদ্য কমিটি গঠন ক'রে তার ওপর তদারকীর ভার দিতে হবে। সরকারি নীতি হলো আমলাতন্ত্রের ওপর নির্ভরতা। এই নীতির পরিবর্তন সাধনও গণআন্দোলনের সন্মুখে একটি জরুরী কর্তব্য।

খাদ্য শস্যের বাজার থেকে মজুতদারী ও চোরাকারবার বিলুপ্ত করার জন্য তিনটি কাজ হলো—

- (১) খাদ্যশস্যের পাইকারী বাজারে সম্পূর্ণ রাষ্ট্রীয় বাণিজ্য চালু করানো।
- (২) মজুতদার-মুনাফাখোর ক্রয়ব্যবস্থার মধ্যে কোন স্থান না পায় তা নিশ্চিত করা।
- (৩) সর্বদলীয় কমিটির তদারকী প্রতিষ্ঠা।

এইভাবে সংগৃহীত খাদ্যশস্য যাতে সুষ্ঠুভাবে ন্যায্য দরে ভোক্তাদের কাছে পৌঁছায় সেজন্য প্রত্যেক শহরে চাই রেশনিং, গ্রামাঞ্চলে সংশোধিত রেশানিং এবং সম্ভাদরের দোকান। ধানের দর প্রতি মন ১৭ ১৮, ১৯ টাকা দিয়ে চালের দর প্রতি মণ সাড়ে ২৮, ৩০, ৩২ টাকার মধ্যে সীমাবদ্ধ রাখা যেতে পারে।\* যারা খুব গরীব তাদের জন্য আরও সম্ভাদরে সরবরাহ করার বিশেষ ব্যবস্থা করা হোক। পেটভরা খাদ্য দেবার জন্য শহরে অন্ততঃ আড়াই ২ কিলো ও ৩ কিলো চাই যথাক্রমে সাধারণ লোক ও কায়িক পরিশ্রমীদের জন্য। গ্রামাঞ্চলে আংশিক রেশনের জন্য অন্ততঃ ২ কিলো আবশ্যক। বাকিটা

<sup>\*</sup> বামপন্থী পার্টিগুলির সংযুক্ত ফ্রন্টে এই দামে ধানের জন্য ১৮, ১৯, ২০ টাকা ও চালের দাম (ক্রেতাদের জন্য) ৩০, ৩২, ও ৩৫ টাকা করার প্রস্তাব করা হইয়াছে।

গ্রামবাসীরা ন্যায্যমূল্যের দোকান থেকে যাতে কিনতে পারে সেজন্যও সরকারি সরবরাহের ব্যবস্থা করতে হবে। এই সমস্ত ব্যবস্থা করবার জন্য এই রাজ্যের প্রাপ্ত শস্যে যে ঘাট্তি পড়বে তা সরকারকে পূরণ করতে হবে কেন্দ্রীয় সাহায্য এনে। এজন্য কেন্দ্রীয় সরকারকে উদ্বন্ত রাজ্য থেকে ঘাট্তি রাজ্যের জন্য খাদ্যশস্য সংগ্রহ করতে হবে।

এখন কথা উঠতে পারে যে সারাভারতের ঘাটতি যদি এই নীতি চালু করার পথে অন্তরায় হয়ে দাঁড়ায় তাহলে সরবরাহের পরিমাণ কি ক'রে ঠিক রাখা যাবে?

মজুতদারদের সত্যসত্যই যদি বাজার থেকে নির্বাসিত করা হয়, সরকারি ক্রয়নীতির মধ্যে যদি গলদ না ঢোকে এবং সরকার যদি জনগণের সঙ্গে সহযোগিতা করেন তা হলে উৎপাদনের ঘাট্তি পূরণের জন্য তো আর যাদুকরী বিদ্যা কেউ দাবি করবে না। ক্রয় এবং বন্টন ব্যবস্থার সর্বদলীয় কমিটির তদারকী প্রতিষ্ঠা করলে সর্বদলীয় কমিটিই সরবরাহের পরিমাণ সম্পর্কে তারতম্য যা করা দরকার তার পরামর্শ দেবেন। আসল কথা, খাদ্যনীতিকে কংগ্রেসের পার্টিগত একচেটিয়া বিষয় না রেখে সকলের সঙ্গে সহযোগিতা করতে হবে।

জনগণ পি. এল ৪৮০-র কাছে ভারতের মাথা বন্ধক রাখতে চায় না। সেজন্য দরকার হ'লে তারা কম খেতে প্রস্তুত। কিন্তু ধানচালের বাজারের চাবিকাঠি রাখবেন মজুতদারদের হাতে, অথচ গরীব কৃষকদের খোরাকীর ধানটাও লেভি করে আদায় করবেন আর জনগণকে বলবেন "কম খাও, ত্যাগ স্বীকার করো"—জনসাধারণ ও প্রতারণা সইবে কেন?

সরকারি ক্রয় ও বন্টনের সঙ্গে—কৃষির উৎপাদন বৃদ্ধির জন্যও উপযুক্ত ব্যবস্থা অবশ্যই অবলম্বন করতে হবে। সে বিষয়টি এই পুস্তিকার আলোচ্য বিষয় নয়। কিন্তু মজুতদারদের কবল থেকে খাদ্যশস্যের পাইকারী বাজার যদি মুক্ত করা না হয় তাহলে উৎপাদন বৃদ্ধিও হবে না—কারণ মজুতদারীর মারফৎ কৃষিক্ষেত্রে নিয়োগযোগ্য জাতীয় মূলধন চোরা বাজারে চুকছে। তাছাড়া উৎপাদন বেশি হলেই বা তা ভোক্তাদের কাছে ন্যায্য দরে পৌছবে কি ক'রে—যদি খাদ্যশস্যের বাজার থাকে মজুতদারদের কবলে? উৎপাদন বাড়লেই চোরাবাজার বন্ধ হবে না, কিন্তু চোরবাজার লুপ্ত হলে উৎপাদন বৃদ্ধির চেতনা, সম্পদ এবং উৎসাহ সবই বাড়বে।

জনসাধারণ জানতে চায়—সরকার যে-সমস্ত ঘোষণা করছেন তাতে চাল ও আটা পাওয়া যাবে তং নাকি ১৯৬৫ সালেরই পুনরাভিনয় হবেং সরকার সমস্ত শহরে রেশনিং এবং গ্রামাঞ্চলেও সরকারি সরবরাহ অব্যাহত রাখতে পারবে কিং রাজ্য সরকার খাদ্যশস্য ক্রয় ও সরবরাহ সম্বন্ধে যে সমস্ত বিবৃতি এ যাবং প্রকাশ করেছেন তাতে জনসাধারণ ভরসা পাছে না, পাবার কথাও নয়। এই পুস্তিকা লেখার সময় পর্য্যন্ত সরকারি নীতির যে আভাস পাওয়া গেছে তার আমূল পরিবর্তন প্রয়োজন। নতুবা এ বংসরের গুরুতর সংকট, আগামী বংসর আরও গুরুতর হয়ে দাঁড়াবে। কেন্দ্রীয় সরকারের সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিগণ ইতিমধ্যেই ঘোষণা করেছেন যে আগামী বংসর ৬০ লক্ষ টন খাদ্যশস্যের ঘাট্তি পড়বে। কিন্তু কংগ্রেস ওয়াকিং কমিটি গত ৮ই নভেম্বরের সভায় যে প্রস্তাব গ্রহণ করেছেন তাতে সংকট সমাধানের কোন মৌলিক প্রচেষ্টার আভাস পর্যন্ত নেই। শুধু এইটুকু বোঝা গেল যে রাজ্য সরকার যা করতে চাইছেন তাতেই তাঁরা সম্ভষ্ট।

পর্যাপ্ত কৃষিঋণ, কৃষকদের জন্য নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর সরকারি সরবরাহ, ধানের ন্যায্য দর এবং সর্বদলীয় কমিটির তদারকী অবশ্য প্রয়োজনীয়। এগুলি না করা হলে—কৃষকদের ভিতর মজুতদারদের নাশকতামূলক কাজই প্রশ্রয় পাবে। কন্ট্রোলের ব্যর্থতা সর্বসাধারণকে কন্ট্রোল বিরোধী ক'রে তুলেছে, সরকারি ক্রয়নীতির ব্যর্থতাও কৃষকদের ক'রে তুলবে স্বাধীন বাণিজ্যের পক্ষপাতী। অর্থাৎ সেক্ষেত্রে চোরাবাজারেরই গণভিত্তি সুপ্রতিষ্ঠিত হবে।

কাজেই সরকারি নীতির পরিবর্তন দ্বারা সঠিক ক্রয়নীতির প্রবর্তনের জন্যই আজ গণআন্দোলন জোরদার করতে হবে। যে সরকার এতদিন খাদ্যশস্যের পাইকারী বাজারের জাতীয়করণের ঘোরতর বিরোধী ছিলেন, সেই সরকারকেই এবার খাদ্যশস্যের বাজারে সরকারি ব্যবসা প্রসারিত করার পক্ষে ঘোষণা জারী করতে হয়েছে, সূতরাং তারই সাফল্যের সর্তগুলি আদায় করা নিশ্চয় গণআন্দোলনের পক্ষে সম্ভব। সেই আন্দোলন যাতে দলমত নির্বিশেষে ব্যাপকতম আকার ধারণ করে তার জন্য স্বাইকে আজ এগিয়ে আসতে হবে।

# খাদ্য সংকট কেন এবং সমাধান কী

[ ভারতের কমিউনিষ্ট পার্টির নির্বাচনী সিরিজ্ঞ-৩, কলকাতা ১৯৬৭]

## বিশ্বনাথ মুখাৰ্জী

#### অতুল্যবাবুর সাফ কথা!

গত বছরের শেষ দিন, ২১শে ডিসেম্বর হাওড়া জেলার বালীতে পশ্চিমবাংলা কংগ্রেসের অধিপতি অতুল্য ঘোষ এক নির্বাচনী জনসভায় যুক্তি দেখাতে চান কেন কংগ্রেসকে ভোট দিতে হবে! তিনি বলেন ঃ

"খাদ্য সংকটতো হবেই, যা উৎপন্ন হয় তার চেয়ে চাহিদা বেশী। লোক বেড়েছে, কেনার ক্ষমতাও বেড়েছে, দ্রব্যমূল্য বাড়বে—এ তো অর্থনীতির গোড়ার কথা। তবে কংগ্রেস দেশে দুর্ভিক্ষ হতে দেয় নি। যেভাবে সম্ভব সংগ্রহ করে দুমুঠো অন্ততঃ দেওয়া হচ্ছে।" ("যুগান্তর", ১লা জানুয়ারী, ১৯৬৭)

অতুল্যবাবুকে ধন্যবাদ! তিনি সোজাসুজি বলে দিয়েছেন "খাদ্য সংকট হবেই", "দ্রব্যমূল্য বাড়বেই"—কংগ্রেস রাজত্বে জনসাধারণ খাদ্য সংকটের সমাধান অথবা দ্রব্যমূল্য বৃদ্ধি রোধ করা আশাই করতে পারে না! তবু কংগ্রেসকেই ভোট দিতে হবে!! কংগ্রেস নেতাদের নির্লজ্ঞ স্পর্দ্ধা সত্যি সীমাহীন হয়ে উঠেছে।

কিন্তু এই স্পর্দ্ধার পিছনে একটি দুরভিসন্ধি স্পষ্টই দেখা যাচ্ছে। তার উদ্দেশ্য হলো আমাদের দেশের জনসাধারণের মনকে হতাশায় ভেঙে দেওয়া—যেন খাদ্য সংকট বা দ্রব্যমূল্য বৃদ্ধি অনিবার্য্য, যেন এর সমাধান আদৌ সম্ভব নয়!

তাই একটু তলিয়ে বিচার করে দেখা দরকার খাদ্য সংকট কি সত্যই অনিবার্য? আধপেটা খেয়ে না খেয়ে ধুঁকে ধুঁকে মরাই এদেশের জনসাধারণের নিয়তি? নাকি এই দুর্ভাগ্যের জন্য মূলতঃ দায়ী কংগ্রেস সরকারের কুশাসন তার কৃষকবিরোধী জনবিরোধী প্রতিক্রিয়াশীল নীতি, তার চরম অযোগ্যতা, তার নির্লজ্ঞ দুর্নীতি, তার মুনাফাখোর তোষণ নীতি? কংগ্রেস সরকারকে হটিয়ে দিয়ে তার জায়গায় একটি সম্মিলত প্রগতিশীল সরকার গঠন করে নৃতন পথে সঠিক নীতি নিয়ে চললে, জনসাধারণের উৎসাহ উদ্দীপনা সৃষ্টি করে তাদের সহায়তা নিয়ে উৎপাদন দ্রুত বৃদ্ধি করা, সুষম বন্টনের ব্যবস্থা করা, মুনাফাখোরী দমন করা কি সম্ভব নয়?

আজকের দিনে এইটেই সবচেয়ে বড় প্রশ্ন যার উত্তর দিতে হবে দেশের মানুষকে আগামী সাধারণ নির্বাচনে।

# দুর্ভিক্ষের অভিশাপ

প্রয়োজনের তুলনায় উৎপাদন বৃদ্ধি হচ্ছে না কেন? অতুল্যবাবু বলছেন উৎপাদন কম হচ্ছে। কিন্তু, কেন কম হচ্ছে? কে এর জন্য দায়ী?

দ্বিতীয়তঃ যা উৎপন্ন হচ্ছে বা আসছে তার সুষম বন্টন হচ্ছে না কেন, ন্যায্য দরে বেচা কেনার ব্যবস্থা হচ্ছে না কেন? অতুল্যবাবু বলছেন চাহিদার তুলনায় যোগান কম হলে দাম বাড়বেই। কিন্তু কতটা কম হচ্ছে, আর কতটা দাম বাড়ছে? এটা কি স্বাভাবিক, না কৃত্রিম? এই অসম্ভব দরবৃদ্ধি, এই সীমাহীন মুনাফাখোরী কি রোধ করা যায় না?

এই শেষের প্রশ্নটি আমরা প্রথমে আলোচনা করব।

কথায় আছে, যার এককান কাটা সে রাস্তার একপাশ দিয়ে যায়, যার দুকান কাটা সে রাস্তার মাঝখান দিয়ে যায়। অতুল্যবাবু বলছেন, কংগ্রেস সরকার এদেশে দুর্ভিক্ষ হতে দেয় নি। কখন বলছেন তিনি একথা? যখন এদেশে চারিদিকে ঘোর দুর্ভিক্ষ চলেছে—বিহারে, উত্তর প্রদেশে, রাজস্থান, গুজরাট, মহারাষ্ট্র, মধ্যপ্রদেশ, উড়িষ্যার ব্যাপক অঞ্চল জুড়ে। যখন শত শত লোক না খেতে পেয়ে মরে গেছে এবং কোটি কোটি লোক দুমুঠো অন্ন সংস্থান করতে গিয়ে সর্বস্বান্ত।

যখন দুর্ভিক্ষ প্রপীড়িত ব্যাপক অঞ্চলে দিনে মাথাপ্রতি মাত্র চার আউন্স হ' আউন্স করেও খাদ্য সকলকে সরকার যোগাতে পারছে না। যখন লক্ষ লক্ষ মানুষ হাড় চামড়া সার, মৃতপ্রায়।

আর, ঘাটতি রাজ্য কেরল এবং পশ্চিমবাংলায়তো অনাহার অর্ধাহার অসংখ্য মানুষের নিত্যসঙ্গী। মুখ্যমন্ত্রী প্রফুল্ল সেন ঘটা করে মুষ্টিভিক্ষা তুলছেন কলকাতার পার্কে পার্কে দুর্ভিক্ষপীড়িত পুরুলিয়া জেলাকে "সাহায্য" করার জন্য, আগামী নির্বাচনের কথা ভেবে। মালদা জেলার ব্যাপক অঞ্চলকে দুর্ভিক্ষপীড়িত অঞ্চল বলে ঘোষণা করার যে দাবি সেখানকার জনসাধারণ তুলেছে তাকে সমর্থন করছেন মন্ত্রী সৌরিন্দ্র মিশ্রও। পশ্চিমবাংলায় বেশীর ভাগ জেলায় বিস্তৃত অঞ্চলে এবারে সাংঘাতিক অবস্থা। জনসাধারণ শংকিত, ভাবছে এবারে কী করে চলবে, কী করে অন্ন জোটাবে সংসারকে?

নতুন ধান উঠেছে। তবু প্রফুল্ল সেন বলছেন, কলকাতা ও শিক্সাঞ্চলে রেশন যোগাতে পারছি না। সপ্তাহে মাথাপ্রতি মাত্র দু কিলো রেশন কেটে দিয়ে করা হয়েছে পৌনে দু কিলো, তাও বেশীরভাগ গম। সপ্তাহে মাথা প্রতি মাত্র এক কিলো চালের রেশন কমিয়ে করা হয়েছে মাত্র তিনশ গ্রাম, বলছেন ভবিষ্যতে চারশ গ্রামে কমাব। আর রেশন এলাকার বাইরে সারা বাংলাদেশে সংশোধিত রেশনতো প্রায় বন্ধই করে দেওয়া হয়েছে। খোলাবাজারে চোরাবাজারে যা পার কিনে নাও—সরকারের কোনও দায়িত্বই নেই; অথচ নতুন ফসল ওঠার পরেও বাজারে দর পড়ল না—২৮ টাকা থেকে ৩৫ টাকা মন ধান বিক্রী হচ্ছে বছরের সুক্লতেই। তাহলে ভবিষ্যতে কী হবে? ভাবতেও গা শিউরে ওঠে।

তবু অতুল্য ঘোষ বলছেন, দুর্ভিক্ষ হতে দিইনি, যাহোক দুমুঠো দিছি। বেহায়া আর কাকে বলে।

## সবচেয়ে ভাল ফসলের বছরে সবচেয়ে বেশী সংকট

এই নিদারুণ অন্নকষ্ট, এই দুর্ভিক্ষের জন্য কংগ্রেসী মন্ত্রী ও নেতারা দোষ দিচ্ছেন প্রকৃতিকে—ভাল বৃষ্টি হয় নি, ফসল কম হয়েছে, তাই এত অভাব ও দরবৃদ্ধি। কিন্তু, প্রথমত, যা ফসল এদেশে হয়েছে এবং যা আমদানী হচ্ছে তাতে প্রয়োজনের জন্য কিছু কম পরিমাণে হলেও নায্য দরে সকলকে যোগান দেওয়া কি যায় না? দ্বিতীয়তঃ এবছর না হয় অনাবৃষ্টি হয়েছে, খারাপ ফসল হয়েছেল সৈ বছর কি দাম পড়েছিল, সে বছর কি ন্যায্য দরে লোকে খেতে পেয়েছিল?

আসল কথা হচ্ছে ফসল কম হোক, বেশী হোক ক্রমাগত দরবৃদ্ধি হয়েই চলেছে এবং চাষীরা বেশীরভাগ যে দামে বিক্রী করছে তার দেড়া, ডবল, আড়াইগুণ, তিনগুণ, দরে লোককে কিনে খেতে হচ্ছে। সরকারি আওতায় পৃষ্ট মজুতদারী, মুনাফাখোরী খাদ্যের বাজারকে সম্পূর্ণ গ্রাস করেছে তাই এত উচ্চমূল্য তাই এত হাহাকার।

সাধারণতঃ দেখা যায় এবং সরকারি বিশেষজ্ঞরাও বলেন, পাঁচ বছরে দূ'বছর মাঝারী ফসল হয়, এক বছর ভাল ফসল হয়, এক বছর খারাপ ফসল হয়, এক বছর খুব ভাল ফসল হয়। বিগত তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার পাঁচ বছরেও তাই হয়েছে। পশ্চিমবাংলার ক্ষেত্রে দেখুন ঃ

- —১৯৬১/৬২ সালে মাঝারী ফসল হয়েছিল প্রায় ৪৮ লক্ষ টন এবং মোট খাদ্য শস্য ৪৯ লক্ষ ১৩ হাজার টন।
- ---১৯৬২/৬৩ সালে খারাপ ফসল হয়েছিল, মাত্র ৪৪ লক্ষ টন চাল এবং মোট খাদ্যশস্য ৪৫ লক্ষ টন।
- ---১৯৬৩/৬৪ সালে ভাল ফসল হয়েছিল, ৫৩ লক্ষ ৩৪ হাজার টন চাল এবং মোট খাদ্যশস্য ৫৪ লক্ষ ৩৬ হাজার টন।
- —১৯৬৪/৬৫ সালে খুব ভাল ফসল হয়েছিল, ৬৭ লক্ষ ৫০ হাজার টন চাল এবং মোট ৬৮ লক্ষ ৫৪ হাজার টন খাদ্যশস্য।
  - —১৯৬৫/৬৬ সালে মাঝারী ফসল হয়েছিল, আনুমানিক ৪৯ লক্ষ টন চাল এবং মোট খাদ্যশস্য এবার ৫০ লক্ষ টন। এইবার পশ্চিমবাংলায় চালের দরের অবস্থা দেখুন ঃ
  - ১৯৬২ সালে সরকারি হিসাবে চালের গড়-পড়তা দর ছিল ২৪ টাকা মণ। বেসরকারি হিসাবে ২৬/২৮ টাকা মন। ১৯৬৩ সালে দর উঠে গেল ৩৫ টাকা থেকে ৪৫ টাকা মন। অজুহাত ফসল খারাপ হয়েছে।

কিন্তু ১৯৬৩-৬৪ সালে ফসল ভাল হলো, আগের বছরের তুলনায় ৯ লক্ষ টন বেশী চাল। তবু ১৯৬৪ সালে দর নামল না, বরং কিছু বেড়েই গেল! ১৯৬৪-৬৫ সালে আরও ভাল ফসল হলো, এত ভাল নাকি কখনও হয়নি—আগের বছরের তুলনায় ৫ লক্ষ টন বেশী, তার আগের বছরের তুলনায় ১৪ লক্ষ টন বেশী। তবু দর কমা তো দূরের কথ সাংঘাতিক বেড়ে গেল—৬০ টাকা ১০০ টাকা মণ দরে চাল বিক্রী হলো, কোথাও কোথাও ১২০ টাকা পর্যন্ত উঠল। এত বেশী দর কখনও হয়নি সবচেয়ে ভাল ফসলের বছরেই সব চেয়ে বেশী দর।

#### মুনাফাখোরের কব্জায় খাদ্যের বাজার

অতুল্যবাবুরা যখন বলেন উৎপন্ন কম এবং চাহিদা বেশী হওয়ার জন্যই খাদ্য সংকট হচ্ছে, দর বাড়ছে তখন তাঁরা মিথ্যা কথাই বলছেন। উৎপন্ন বেশী হলেও দর পড়ছে না, বেড়েই চলেছে। তার কারণ, মজুতদার মুনাফাখোরেরা বাজার দখল করেছে, তাদের লোভেরও সীমা নেই, লাভেরও সীমা নেই। কী "নিয়ন্ত্রণে" কি "বিনিয়ন্ত্রণে" অতুল্যবাবুরা তাদেরই রক্ষা করেন, প্রশ্রয় দেন এবং তার বদলে লক্ষ লক্ষ টাকা ঘুস খান, "চাঁদা" নেন। ওপরে ৭৫টি একচেটিয়া ধনপতি পরিবার, পিছনে বড় বড় ব্যাঙ্ক, সঙ্গে জড়িত আছে হাজার হাজার মুনাফাখোর, সুদুর পল্লীগ্রাম পর্যন্ত তাদের অক্টোপাশের বাছ জাল বিস্তার করেছে। প্রতিটি জিনিসের বাজার আজ মুনাফাখোরের কন্ধায়। তাই বাজারে আগুন লেগেছে। কংগ্রেস সরকারের সাধ্য আছে এদের আঘাত করে এদের কন্ধা থেকে বাজারকে মুক্তি দেয়?

যদি কেউ বলেন, পশ্চিমবাংলা ঘাটতি রাজ্য, ভাল ফসল হলেও ঘাটতি থাকে, তাই দর বাড়ছে তাহলে তিনিও মিথ্যা কথাই বলবেন। কারণ পশ্চিমবাংলায় নিজস্ব উৎপাদন ছাড়া বাইরে থেকে যে-সরবরাহ আসে তা যোগ করে দেখা গেছে দিনে মাথা পিছু গড়ে ১৬ আউন্স করে চাহিদা ধরলে ১৯৬৩ সালে ঘাটতি ছিল ৫.৫ লক্ষ টন, আর ১৯৬৫ সালে ঘাটতি ছিল মাত্র ৩.২ লক্ষ টন। (খ্রী কে, ডি. গুপ্ত, পঃ বঃ সরকারের অর্থনৈতিক ও সংখ্যাতাত্ত্বিক উপদেষ্টা, "ওয়েষ্ট বেঙ্গল" ২৪শে সেপ্টেম্বর, ১৯৬৬ সাল) তবু ৬৩ সালের তুলনায় ৬৫ সালে চালের দাম দ্বিগুণ, তিনগুণ বেশী হল কেন?

আরও একটা নতুন ব্যাপার ঘটল এই ১৯৬৫ সালে। এতদিন ঘাটিত রাজ্য পশ্চিমবংগ এবং কেরলেই খাদ্য সংকট তীব্র আকার ধারণ করেছিল, অস্বাভাবিক দরবৃদ্ধি হচ্ছিল, এবার ১৯৬৫ সালের এপ্রিল-মে মাস থেকেই লাফ দিয়ে সমস্ত খাদ্যফসলেরই দর বেড়ে গেল ভারতের সমস্ত রাজ্যে—প্রায় দ্বিগুণ হয়ে গেল। অথচ ১৯৬৪-৬৫ সালের খাদ্য ফসল শুধু পশ্চিমবাংলাতেই ভাল হয়েছিল তা নয়, সারা ভারতেই খুব ভাল হয়েছিল, এতবেশী খাদ্য-শস্য কখনও নাকি এদেশে উৎপন্ন হয়নি—-মোট ৮ কোটি ৯০ লক্ষ টন। মানুষ খেকো বাঘ সারাভারতের জনসাধারণের বুকের ওপর উঠে থাবা মেরে মেরে মাংস ছিড়ে নিল, গলা কামড়ে ধরে রক্ত চুষে নিল। স্পষ্ট দেখা গেল সারা ভারতেই খাদ্যের বাজার মজুতদার মুনাফাখোরের কজায় সম্পূর্ণ চলে গেছে, সবচেয়ে বেশী ভাল ফসলের বছরে সবচেয়ে বেশী খাদ্য সংকট সৃষ্টি করতে পারল তারা সারা ভারতেই। এখন তারাই দেশের মালিক, কংগ্রেস নেতা ও মন্ত্রীরা তাদের চাকর ছাড়া আর কিছুই নয়।

এ কি শুধু আমাদের কথা, প্রগতিশীল বিরোধী দলের কথা?

১৯৬৫-৬৬ সালে কিছুটা খারাপ ফসল (৭ কোটি ২ লক্ষ টন) হওয়ার দরুণ ভারত সরকার যখন এক কোটি টনেরও বেশী গম আমদানী করার জন্য মার্কিন সাম্রাজ্যবাদের হাতে পায়ে ধরতে লাগলেন তখন বিখ্যাত অর্থনীতিবিদ ডঃ কে. এন. রাজ সরকারকে প্রকাশ্যে চ্যালেঞ্জ করে বলেন ঃ এবছর ফসল কম হওয়া সত্ত্বেও এত গম আমদানি করার বাস্তবিক দরকার নেই, কারণ গত বছরের ভাল ফসলের একটা মোটা অংশ অবিক্রিত থেকে গেছে। গত বছরের সেই বাড়তি খাদ্য এবং এবছরের ফসল যোগ করলে প্রকৃত ঘাট্তি অত বেশী হতে পারে না। তবু "রাজনৈতিক কারণেই" এত গম আমদানী করা হছে যার ফলে এদেশের কৃষি অবহেলিত হতে বাধ্য এবং বৈদেশিক ঋণও শত শত কোটি টাকা বেড়ে যাবে।

অর্থাৎ, যেহেতু কংগ্রেস সরকার মজুতদারী মুনাফাখোরী কঠোর হাতে দমন করে গত বছরের বাড়তি শস্য এবং এবছরের উৎপন্ন ফসল ন্যায্য দরে সংগ্রহ করে বন্টন করতে চান না। সেই জন্যই তারা এত খাদ্য আমদানী করতে এবং দেশের মাথা বন্ধক দিতে চাইছেন।

ডঃ রাজের ঐ চ্যালেঞ্জ আরও কিছু কিছু বিখ্যাত অর্থনীতিবিদ ও বিশেষজ্ঞ সমর্থন করলেন। হৈ চৈ পড়ে গেল। শেষে ভারত সরকারের খাদ্য ও কৃষি বিভাগ বাধ্য হলেন স্বীকার করতে যে তাদের অনুমান গত বছরের (১৯৬৪-৬৫) খাদ্য ফসলের মধ্য থেকে প্রায় ৮০ লক্ষ টন অর্থাৎ প্রায় ২০ কোটি মণ মজুতদারদের হাতে রয়ে গেছে। এ খবর "ষ্টেটস্ম্যান" পত্রিকায় বেরুল।

সাংঘাতিক অবস্থা একবার ভেবে দেখুন। বাজারে কৃত্রিম অভাব সৃষ্টি করে দর বাড়িয়ে অতি মুনাফা লুটবার জন্য কত খাদ্য মজুত করে রেখে দিয়েছিল, শেষ পর্যন্ত বিক্রিই করেনি এই রক্ত চোষার দল। যে বছর সব চেয়ে বেশী ফসল হয়েছিল সে বছরই সবচেয়ে বেশী দাম বাড়িয়ে কত লোককে এরা সর্বস্বান্ত করেছে, কত লোককে এরা অর্জাহারে, অনাহারে রেখেছে। আর বুভুক্ষু জনসাধারণের ক্রোধের আগুন থেকে এই মহাপাপিষ্ঠদের আড়াল করে রাখার জন্যই অতুল্য ঘোষরা সাফাই গাইছে ঃ খাদ্য সংকট হবেই, দর বাড়বেই, এটা অনিবার্য্য, মাথা পেতে মেনে নাও। মুনাফাখোরদের নির্লজ্জ দালালি ছাড়া এটা আর কী, বলতে পারেন ?

এদের কীর্ত্তি সত্যই অতুলনীয়। আরও একটা নতুন ঘটনা ঘটল পরের বছর অর্থাৎ গত বছর ১৯৬৬ সালে। যথন ভাল হোক মন্দ হোক এতদিন প্রতি বছরেই নৃতন ফসল ওঠার পর মরশুমে দাম কমে গেছে, কয়েক মাস পরে দাম বেড়েছে। কিন্তু ১৯৬৬ সালেই সর্বপ্রথম দেখা গেল নভেম্বর, ডিসেম্বর, জানুয়ারী, ফেব্রুয়ারী, মার্চ—দাম পড়ছে না একটুও, আগের বছরের শেষ দিকে দাম যা উঠেছিল তালগাছের ডগায় তা থেকে এক পা নামারও লক্ষ্ণ সেই—সেই ২ টাকা ৮ আনা, ৩ টাকা কিলো চাল বিক্রি হচ্ছে, তাও জোগাড় করতে প্রাণান্ত! এবার জনতার হৈর্যের বাঁধ ভাঙ্গল। বিসিরহাট, স্বরূপনগর, বাদুড়িয়া, কৃষ্ণনগর—বৃভুক্ষু ছাত্র ও জনতার শান্তিপূর্ণ মিছিলের ওপর পুলিশের গুলি বর্ষণ—১০ই মার্চ বাংলা বন্ধ, পথে পথে পুলিশ মিলিটারীর সঙ্গে ক্ষিপ্ত জনতার রক্তাক্ত সংঘর্ষ। এ কি বামপন্থী দলদের "রাজনৈতিক বড়যন্ত্র", না এই মহাশ্রদের রাজত্বের বিরুদ্ধে জনসাধারণের বিদ্রোহ?

## 

এই কৃত্রিম খাদ্য সংকট, এই ক্রমাগত এবং অস্বাভাবিক দর বৃদ্ধিতে বেশীর ভাগ চাষীর কি লাভ হয়েছে?

আমাদের দেশের বেশীরভাগ কৃষকই গরীব। ফসল ওঠার পর তারা ধরে রাখতে পারে না, বেচে দিতে বাধ্য হয় ঋণের দায়ে, খাজনা ট্যাক্সের দায়ে, সংসার নির্বাহর খরচ যোগানর জন্য। মজুত করে কিছু ধানী চাষী এবং বেশীরভাগ বড় জোতদার মহাজনরা, ধান-চালের বড় ব্যবসায়ীরা ও মিল মালিকরা। অতিরিক্ত দরবৃদ্ধির সুযোগ এরাই পায়, অতি মুনাফা এরাই করে।

দেখুন ঃ ১৯৬৫ সালে সরকারি দর ছিল ১২ টাকা, ১৩ টাকা, ১৪ টাকা ধানের মন। বেশীরভাগ চাষী বিক্রি করেছিল ১৪ টাকা, ১৬ টাকা মন। কিন্তু এপ্রিল-মে মাসে দর বেড়ে শেষে হয়েছিল ২৮ টাকা থেকে ৪০ টাকা। বেশীরভাগ চাষীকেই কম দামে ধান বেচে শেষে তার ডবল দামে ধার করে কিনে খেতে হয়েছিল।

আগেই বলেছি ১৯৬৬ সালের প্রথম দিকেও বেশীর ভাগ জায়গায় চালের দাম পড়েনি। তাহলে এবছর কি বেশীর ভাগ চাষী খুব লাভ করেছে? প্রকৃত ঘটনা দেখুনঃ

প্রফুল্ল সেনের সরকার এবার "বিপ্লবী খাদ্যনীতি" ঘোষণা করলেন। ১৫ লক্ষ টন চাল কিনবেন। ধান চালের পাইকারী ব্যবসা নিষিদ্ধ হলো। খুচরা ব্যবসার ওপরও নানা বাধা নিষেধ। জেলায় জেলায় থানায় কর্ডন বসল। ২ একর মাত্র জমি আছে এমন চাষীর ওপরও লেভীর আদেশ হলো। ধানের দাম বেঁধে দেওয়া হলো—১৪-১৬ টাকা মন। আমলা, পুলিশ, এজেন্টের ছড়াছড়ি।

"বাড়তি" জেলায় গরীব চাষীদের কাছ থেকে সরকারি এজেন্টরা ধান কিনে নিল ১৫ টাকা মন। ব্যবসাদার এবং মিল মালিকরা বেআইনীভাবে কিনল ১৬ থেকে ১৮ টাকা মন। যাদের বেশী ধান তারা লেভী দিল সামান্যই—ফাঁকির রাস্তা খোলা ছিল অনেক। পরে এইসব জেলাতেই গরীব চাষীদের ধান কিনতে হলো ২৮-৩০ টাকা মন।

ঘাটিতি জেলায় জোতদার ব্যবসাদারদের প্রতিরোধের মুখে সরকার বিশেষ কিছু ধান চাল সংগ্রহই করতে পারল না—তাদের প্রতিরোধ ভাঙ্গার চেষ্টাও করল না। এখানে অনেক চাষীই ২৪-২৬ টাকা মন ধান বিক্রি করতে পেরেছিল। কিন্তু কয়েকমাসের মধ্যেই ৩৫ টাকা থেকে ৫০ টাকা ধানের মন উঠল। এখানেও গরীব চাষীরা বাধ্য হলো যে দরে বেচেছে তার ডবল দরে কিনতে। কোথাও রেহাই নেই।

খাদ্যে মুনাফাখোরীর বিশেষত্বই এখানে—গরীব চাষী যে দামে বেচে তার চেয়ে অনেক বেশী দামে কেনে, বেশীরভাগ চাষী যে দামে বেচে তার চেয়ে অনেক বেশী দামে কিনে খায় গ্রামের ক্ষেত মজুর, কুটীর শিল্পী, পান পাট আলু চাষী, শহরের মজুর, নিম্ন মধ্যবিত্ত, কেরানী কর্মচারী, ছোট দোকানী। এখানে লক্ষ্য করার ব্যাপার হোল চাষীদের বেচার দাম এবং সাধারণ লোকের কিনে খাওয়ার দামের মধ্যে এই তফাৎ ক্রমশঃই বাড়ছে, মুনাফাখোরীর মাত্রা ক্রমশঃই বাড়ছে। তাই ভাবি এবছর সুরুতেই যখন পশ্চিমবাংলার সমস্ত জেলাতেই ২৫ থেকে ৩৫ টাকা মন ধান বিক্রি হচ্ছে তখন শেষ পর্যন্ত দর দাঁড়াবে কোথায় ?

# কংগ্রেসী "নিয়ন্ত্রণে" খাদ্য সংকট

দেশে খাদ্য উৎপাদন প্রয়োজনের তুলনায় বাড়ছে না ঠিকই। কিন্তু খাদ্য সংকট যে এত তীব্র এবং ঘোরালো হয়েছে তার মূল কারণ সরকারের খাদ্য নীতি, তার মজুতদার মুনাফাখোর তোষণনীতি। অনেকে ভাবেন সরকারি নিয়ন্ত্রণের জন্যই খাদ্য সংকট এত ঘোরালো হয়েছে, সব নিয়ন্ত্রণ তুলে দিলেই অবস্থা অনেক সহজ হয়ে আসবে। কিন্তু বাস্তব অভিজ্ঞতা বলে এই সরকারের অধীনে নিয়ন্ত্রণ এবং বিনিয়ন্ত্রণ উভয় অবস্থাতেই ক্রমশ দরবৃদ্ধি এবং মুনাফাখোরী বৃদ্ধি পেয়েছে, সংকট ঘোরালো হয়ে উঠেছে।

গত উনিশ বছরের কংগ্রেসী রাজত্বে প্রথমে পুরো "নিয়ন্ত্রণ", তারপর আধা "নিয়ন্ত্রণ", তারপর পুরো "নিয়ন্ত্রণ", আবার আধা "বিনিয়ন্ত্রণের" যে অভিজ্ঞতা তা একটু খুঁটিয়ে আলোচনা করলেই ধরা পড়ে মূল গলদ কোথায় এবং সমাধান কী করে হতে পারে।

১৯৪৭ সাল থেকে ১৯৫২ সাল পর্যন্ত কংগ্রেস সরকার পুরো "নিয়ন্ত্রণ" চালিয়েছেন পশ্চিমবাংলায়—কলকাতা শহর ও শিল্পাঞ্চলে বিধিবদ্ধ রেশনিং আভ্যন্তরীণ সংগ্রহ, ধান চালের দাম বেধে দেওয়া, জমির মালিক ও মিলমালিকদের ওপর লেভী, জেলায় জেলায় কর্ডনিং ইত্যাদি।

তখন ধানের সংগ্রহ মূল্য বাধা হয়েছিল ১৯৪৭, ১৯৪৮ ও ১৯৫২ সালে যথাক্রমে ৬ টাকা ৮ আনা, ৭ টাকা ৮ আনা ও ৮ টাকা ৮ আনা মন ; চালের যথাক্রমে ১১ টাকা ৪ আনা, ১২ টাকা ১২ আনা এবং ১৪ টাকা ৪ আনা মন, চালের সরকারি বিক্রয়মূল্য যথাক্রমে ১৭ টাকা ৮ আনা, ১৬ টাকা ৪ আনা ও ১৭ টাকা ৮ আনা মন।

এই কয়েক বছরে যা লোকসংখ্যা ছিল এবং আভ্যন্তরীণ সংগ্রহ ছাড়াও কেন্দ্র থেকে যে সরবরাহ আসছিল তাতে দৈনিক মাথা প্রতি ১৬ আউন্স করে ধরলে মোট ঘাটতি বেশী ছিল না। তবু খাদ্য সংকট রোধ না হয়ে বেড়েই চলল। কেন?

প্রথমতঃ, তখনকার চাষের খরচ এবং নিত্য ব্যবহার্য জিনিসপত্রর দামের দিক থেকে ধানের সংগ্রহ মূল্য ন্যায্য মূল্যের চেয়ে কিছুটা কম ছিল, তার চেয়ে বড় কথা ধান চাল সংগ্রহ, বন্টন, লেভী, কর্ডন সবকিছুরই ভার ছিল আমলা পুলিশের ওপর এবং স্থানীয় কংগ্রেসী চক্র ও প্রভাবশালী কংগ্রেস নেতা ও মন্ত্রীদের আওতায়। গ্রামের জনসাধারণের সংঘবদ্ধ সহযোগিতা নেওয়া হয় নি, তাদের দাবি শোনা হয় নি, তাদের যুক্তি পরামর্শ চাওয়া হয় নি, তাদের খবরদারীর ব্যবস্থা করা হয় নি। ফলে ব্যাপকভাবে অবহেলা, অযোগ্যতা, অবিচার, অত্যাচার, পক্ষপাতিত্ব, ঘুষ দুর্নীতি চলেছে এবং সরকারি সংগ্রহ প্রয়োজন ও সম্ভাবনার অর্জেকও হয়নি!

এই সময় গড়ে বছরে প্রায় ৩৬ লক্ষ টন চাল উৎপন্ন হয়েছে এবং ১৯৫০ সালে আরও ভাল ফসল হয়েছিল, কিন্তু সরকার সংগ্রহ করতে পেরেছিলেন ১৯৪৮ সালে মাত্র ৪ লক্ষ ৬৭ হাজার টন এবং ১৯৫০ সালে মাত্র ৪ লক্ষ ৭৩ হাজার টন। ভারত সরকারের সমীক্ষা অনুসারে উৎপন্ন চালের ৩১ শতাংশ "বাজারে বিক্রয়যোগ্য উদবৃত্ত"। আসলে বাজারে আসে আরও বেশী কারণ অনেক গরীব চাষীও বছরের প্রথমে ধান চাল বেচে ফেলে খাজনা, দেনা, ট্যাক্স মিটাবারা জন্য। বিশেষতঃ পশ্চিমবাংলার ক্ষেত্রে নিশ্চয়ই বলা যায় ৩১ শতাংশেরও বেশী বাজারে আসে। অর্থাৎ, যে ধান চাল বাজারে বিক্রি হয় তার অর্দ্ধেকেরও বেশী ছিল সরকারি "নিয়ন্ত্রণের" বাইরে, জোতদার মহাজন, ব্যবসায়ী ও মিল মালিকদের কক্ষায় এবং তারা কালোবাজারে বিক্রি করার সুযোগ পেয়েছিল ক্রমশঃ বেশী বেশী দামে!

বিশেষত ঘাট্তি জেলাগুলিতে ধান চালের দর অনেক বেড়ে গেল কারণ কর্ডন ছিল অথচ সরকারের দায়িত্ব ছিল না সরবরাহের, আমদানী ছিল একমাত্র "চোরা পাচারের" মারফং। সরকারের দায়িত্ব ছিল প্রধানতঃ কলকাতা ও শিল্পাঞ্চলে রেশন যোগান। কিন্তু সেখানেও রেশনের পরিমাণ ছিল নিতান্ত কম—১৯৪৮ সাল পর্যন্ত সপ্তাহে ১ সের ১২ ছটাক প্রতি বয়স্ক ব্যক্তির জন্য, তারপরে ২ সের ৩ ছটাক। তারও সঙ্গে চালের পরিমাণ কমিয়ে ১৯৫২ সালে মাত্র ১ সের করা হয় সপ্তাহে। ফলে বিধিবদ্ধ রেশন এলাকায় ব্যাপক কালোবাজার চালু হলো এবং দাম এত উঠল যে সরকার নিজেই ১৯৫২ সালে অতিরিক্ত দরে সীমাবদ্ধ পরিমাণ আমদানী চাল 'ইকনমিক শপ" থেকে বিক্রি করতে লাগলেন ২৮ টাকা মন!

১৯০৫ সালে ২৪ পরগণা, কোচবিহার প্রভৃতি জেলায় ব্যাপক অঞ্চলে তীব্র খাদ্য সংকট দেখা দিল। ১৯৫২ সালে এই সংকট আরও বেড়ে গেল। গ্রামের গরীবদের মধ্যে খাদ্যের হাহাকার এত প্রকট হয়ে উঠল যে সরকার বাধ্য হলেন আমদানী খাদ্য থেকে কিছু কিছু গ্রামেও সরবরাহ করতে সংশোধিত রেশন মারফং—১৯৫০ সালে এক লক্ষ ৩৫ হাজার টন, ১৯৫১ সালে ১ লক্ষ ৭০ হাজার টন, ১৯৫২ সালে ২ লক্ষ ৭০ হাজার টন।

কংগ্রেস সরকারের "নিয়ন্ত্রণ" নীতি ব্যর্থ হলো। কারণ, তারা প্রকৃত নিয়ন্ত্রণ করতে চান নি। তাঁদের মতলব ছিল ঃ কম দামে কিছুটা সংগ্রহ করে বাকীটা কালোবাজারের হাতেই ছেড়ে দেওয়া। আভ্যন্তরীণ সংগ্রহ ও কেন্দ্রীয় সাহায্য মিলিয়ে কলকাতা ও শিল্পাঞ্চলের শ্রমিক কর্মীদের বিক্ষোভ ঠেকানোর জন্য কিছুটা রেশন দেওয়া এবং গ্রামের দুঃস্থদের কতকাংশকে অতুল্য ঘোষের ভাষায় "দুমুঠো" খেতে দিয়ে ভোটের কড়ার করিয়ে নেওয়া।

আর এই তথাকথিত "নিয়ন্ত্রণের" পদ্ধতিও ছিল একেবারে অগণতান্ত্রিক।

ফলে চারিদিকে কালোবাজার, দুর্মূল্য, দুর্নীতি, হয়রানি! রেশনের চালও অখাদ্য-কাঁকর মেশান! খাদ্যমন্ত্রী প্রফুল্ল সেনের নামই হয়ে গেল "কাঁকর মন্ত্রী"—১৯৫২ সালের নির্বাচনে তার দুর্গ আরামবাগেই তিনি হেরে গেলেন।

#### কংগ্রেসী "বিনিয়ন্ত্রণ" ও খাদ্য সংকট।

জনসাধারণের সমস্ত বিক্ষোভ গিয়ে পড়ল "নিয়ন্ত্রণের" ওপর। সেই সুযোগে জোতদার, ব্যবসাদার, মিলমালিকরাও চাপ দিল মুনাফাখোরীর পূর্ণ স্বাধীনতা পাওয়ার জন্য। সরকারও ১৯৫২ সালের শেষ দিক থেকে ক্রমে ক্রমে "বিনিয়ন্ত্রণ" সুরু করে দিলেন—খড়গপুর এবং আসানসোলকে বিধিবদ্ধ রেশন ব্যবস্থা থেকে বাদ দেওয়া হলো, জেলা কর্ডনিং তুলে দেওয়া হলো, চালকল মালিকদের অনুমতি দেওয়া হলো তিনভাগের দুভাগ তারা খুসীমত বিক্রি করতে পারবে, গ্রামের শুধু দশ একরের বেশী জমির মালিকদের ওপরই আদেশ থাকল তাদের "উদ্বৃত্ত" সরকারকে বিক্রি করতে হবে।

১৯৫৩-৫৪ সালে পশ্চিমবাংলায় এবং সারা ভারতেই খুব ভালো ফসল হলো এবং ১৯৫৪ সালের জুলাই মাসে সারা ভারতের সর্বত্র পরিপূর্ব "বিনিয়ন্ত্রণ" চালু হলো—বিধিবদ্ধ রেশনিং, মূল্য নিয়ন্ত্রণ, লেভি, কর্ডনিং সবই উঠে গেল। বিভিন্ন রাজ্যের মধ্যেও খাদ্য চলাচলের সমস্ত বাধানিষেধ তুলে নিয়ে অবাধ বাণিজ্য চালু করা হলো। কয়েক দিন পরে ওড়িষ্যা খাদ্যশস্যর অবাধ চলাচল বন্ধ করল এবং ১৯৫৯ সালের ডিসেম্বর মাসে আবার ওড়িষ্যাকে নিয়ে "পূর্ব চাল অঞ্চল" গঠিত হলো। এবার দেখুন সরকারের এই নৃতন খাদ্যনীতির, সম্পূর্ণ "বিনিয়ন্ত্রণের" কী দাঁড়াল ?

১৯৫৪ সালে দর কিছু কমেই ১৯৫৫ সালে অবাধে মজুতদারী মুনাফাখোরী সুরু হলো। আবার গ্রামে গ্রামে হাহাকার এত বাড়ল যে সক্ষম অথচ অনাহারক্রিষ্ট জনসাধারণকে ব্যাপকভাবে টেষ্ট রিলিফের কাজে খাদ্যে মজুরী দেওয়া হতে লাগল, অক্ষম দৃঃস্থদের খয়রাতি খাদ্য দেওয়া হলো এবং "ন্যায্য মূল্যের" দোকানের মারফং কিছু খাদ্য বিক্রিও করা হলো—কেন্দ্রীয় সরবরাহ থেকে। একটা গুরুতর ব্যাপার ঘটল এই সময় মনে রাখবেন। দ্রুত আর্থিক উন্নয়নে কংগ্রেস সরকারের ব্যর্থতার দরুণ গ্রামে গ্রামে বেকার ও আধাবেকারের সংখ্যা দ্রুত বেড়ে চলেছে। সরকারি খাদ্যনীতির দরুণ মূনাফাখোররা খাদ্যের দামকে গ্রামের গরীব জনসাধারণের নাগালের বাইরে নিয়ে তুলেছে। উৎপাদনমূলক কাজ দিতে এবং খাদ্যের দাম কমাতে অক্ষম কংগ্রেসী সরকার লক্ষ লক্ষ লোককে সরকারি ভিক্ষার ওপর নির্ভরশীল করে দিয়েছে। জাতির জনসম্পদ নিয়ে এ এক মারাত্মক রাজনীতির খেলা খেলছে কংগ্রেসী শাসকরা। লক্ষ লক্ষ লোকের মেরুদণ্ড ভেঙ্কে দিয়ে তারা ভোট কুড়াচ্ছে—দেশকে জাহান্নামে পাঠাছে।

১৯৫৬ সালে খাদ্য সংকট আরও ঘোরালো হয়ে উঠল। সরকারি মতেই আগের বছরের তুলনায় মণে ৪ টাকা করে দাম বাড়ল—আসলে তার চেয়ে বেশী। সরকারি হিসাবে এবছর আভ্যন্তরীন ঘাট্তি ছিল মাত্র সাড়ে ৪ লক্ষ টন, অথচ বাইরে থেকে শুধু গমই আমদানী করেছিল ৩ লক্ষ টনের বেশী। তাছাড়া ওড়িষ্যা প্রভৃতি "বাড়তি" রাজ্য থেকে চালও আসছিল। তবু এ বছর দুর্ভিক্ষ হলো কেন পশ্চিমবাংলায় १ গ্রামে এবং শহরে "পারিবারিক কার্ডের" ভিত্তিতে আবার ব্যাপকভাবে সংশোধিত রেশন চালু করতে হলো কেন १ এবং শুধু পশ্চিমবাংলায় না, সারা ভারতেই সমস্ত খাদ্যশস্যর দাম লাফ দিয়ে বেড়ে গেল কেন १ খাদ্যশস্যর দরের সূচক সংখ্যা ১৯৫৫ সালের ডিসেম্বরে যেখানে ছিল ৩৮৫ সেখানে ১৯৫৬ সালের ডিসেম্বরে হয়ে গেল ৫৩২।

বিনিয়ন্ত্রণ এবং অবাধ মুনাফাখোরী একটুও কমেনি, বরং বেড়েছে।

১৯৫৭ সালে যা ঘাটতি হয়েছিল কেন্দ্রীয় সাহায্যে তা প্রায় সম্পূর্ণ মিটে গিয়েছিল। তবু খাদ্যশস্যের ব্যবসায় ফাটকাবাজী মুনাফাখোরী বেড়েই চলল। সরকার আবার "আংশিক নিয়ন্ত্রণ" সুরু করলেন! অত্যাবশ্যক পণ্য আইন অনুসারে খাদ্য আইন জারী হলো, পাইকারী ব্যবসাদার ও চাল কলদের লাইসেন্স নিতে এবং ধান চালের স্টকের পাক্ষিক হিসাব দিতে আদেশ করা হলো, "বাড়তি" জেলাগুলিকে কর্ডন করা হলো, ধান চাল ঘাট্তি জেলায় নিয়ে যাওয়ার জন্য পারমিটের ব্যবস্থা হলো।

১৯৫৮ সালে আবার খাদ্য সংকট তীব্র হলো। বছরের শুরুতেই সরকার আবার সমস্ত জেলার কর্ডন তুলে দিয়েছিলেন এবং চালকলদের ওপর ২৫ শতাংশ লেভী ধার্য্য করেছিলেন। রাজ্য সীমান্তে কর্ডন রেখেছিলেন যাতে ধান চাল বেরিয়ে না যায়। তবু এবছর খাদ্যর দর বেড়েই গেল, সরকারি হিসাব অনুসারেই চালের দাম আগস্টে হলো ২৮ টাকা, সেপ্টেম্বরে ২৯ টাকা মণ। গ্রাম ও শহরের গরীবদের দুর্দ্দশার সীমা থাকল না, চারিপাশে খাদ্য আন্দোলন চলতে লাগল, হাজার হাজার কৃষক কলকাতায় এসে আইন অমান্য করে জেলে গেল।

তীব্রতর খাদ্য সংকট হলো ১৯৫৯ সালে—প্রায় দুর্ভিক্ষ। কেন? "নিয়ন্ত্রণ'ত কিছুই ছিল না এবছর। ১লা জানুয়ারী সরকার ধান চালের ক্রয়বিক্রয়ের ন্যুনতম ও উচ্চতম মূল্য বেঁধে দিয়েছিলেন, কিন্তু নিজে সংগ্রহ না করে ব্যবসাদার ও মিলমালিকদের হাতেই ছেড়ে দিয়েছিলেন এবং সে মাসেই তাড়াছড়ো করে সে আদেশ তারা প্রত্যাহার করে নিয়েছিলেন। শুধু তাই নয়, মিলদের ওপর ২৫ শতাংশ লেভীর আদেশও প্রত্যাহার করে নিয়েছিলেন। কর্ডনও ছিল না, রেশনিংও ছিল না। সম্পূর্ণ বিনিয়ন্ত্রণ।

এবছর ঘাটতি ছিল অনেক—প্রায় ১০ লক্ষ টন। কিন্তু ভারত সরকার সরবরাহ করেছিল তার চেয়ে বেশী—প্রায় ১৩ লক্ষ টন চাল ও গম সংশোধিত রেশন, রিলিফ প্রভৃতির মারফং বন্টন করা হয়েছিল। তবু দাম বাড়ল, মজুতদারী মুনাফাখোরী চলল এবং গ্রাম ও শহরের অন্ধক্রিষ্ট বিক্ষুব্ধ জনসাধারণ তীব্রতম খাদ্য সংগ্রামে নামল—প্রায় বিদ্রোহ বলা চলে। প্রতিটি জেলায়, মহকুমায়, থানায় হাজার হাজার কৃষক নরনারী আইন আমান্য করে জেলে গিয়েছিল, ১০/১৫ হাজার লোকের মিছিল মহকুমা ও জেলা শাসকদের ঘিরেছিল, তাদের উপর পুলিশ বেপরোয়া লাঠি চালিয়েছিল। কলকাতায় লাট সাহেবের বাড়ীর সামনে লক্ষ নরনারীর শান্তিপূর্ণ সমাবেশের ওপর পুলিসের বেপরোয়া আক্রমণ, ক্ষিপ্ত জনতার সঙ্গে পুলিশের পথে পথে রক্তাক্ত সংঘর্ষ। কলকাতা হাওড়া, ২৪ পরগণায় মিলিটারী আমদানী, ৮০ জনেরও বেশী বালক বৃদ্ধ, স্ত্রী পুরুষ গুলিতে নিহত!

আজকের দিনে যারা ভাবেন গত বছর ১৯৬৬ সালে সরকারের অবিবেচক "নিয়ন্ত্রণ" নীতির জন্যই এক সাংঘাতিক খাদ্য সংকট এবং এত রক্তাক্ত গণবিক্ষোভ হলো তাদের স্মরণ করিয়ে দিই সাত বছর আগে ১৯৫৯ সালে এই সরকারেরই অবিবেচক "নিয়ন্ত্রণ" নীতির জন্যই তীব্র খাদ্য সংকট এবং রক্তাক্ত গণবিক্ষোভ ঘটেছিল।

## প্রফুল্ল সেনের "বিপ্লবী" খাদ্যনীতি।

১৯৪৭ সাল থেকে ১৯৫৯ সাল—এই ১২ বছরে নিয়ন্ত্রণ এবং বিনিয়ন্ত্রণ উভয়েরই মর্মান্তিক অভিজ্ঞতা থেকে কিছুই শিক্ষা নিতে চায়নি কংগ্রেস সরকার। তাই ১৯৬৩ এবং ১৯৬৪ সালে খাদ্য সংকটের তীব্রতা বৃদ্ধি দেখে ১৯৬৫ সালে যখন তারা আবার আংশিক নিয়ন্ত্রণ চালু করল এবং ১৯৬৬ সালে "বিপ্লবী খাদ্য নীতি" করল তখন সেই একই গলদের পুনরাবৃত্তি ঘটল।

১৯৬৪-৬৫ সালে অত্যন্ত ভাল ফসল হয়েছিল। সরকার যদি ন্যায্য দামে এবং সংগঠিত জনসহযোগিতা নিয়ে একচেটিয়াভাবে সরাসরি খাদ্য ক্রয় করতেন তাহলে তার সঙ্গে কেন্দ্রীয় সাহায্য মিলিয়ে শুধু যে এবছর খাদ্য সংকট রোধ করতে পারতেন তাই নয়, পরের বছরের জন্য বেশ কিছু উদৃবৃত্ত স্টকও হাতে রাখতে পারতেন। কিছু সে পথেই তারা গেলেন না। কেন্দ্রীয় সাহায্যের ওপর নির্ভর করে তারা কলকাতা ও শিল্পাঞ্চলে আবার বিধিবদ্ধ রেশনিং চালু করলেন, আবার ধান চালের দাম বাঁধলেন, জেলায় জেলায় কর্ডন বসালেন মিলদের ওপর ৫০ শতাংশ লেভী ধার্য্য করলেন—কিছু সরাসরি সংগ্রহ করলেন না, বাজার রেখে দিলেন মুনাফাখোরদেরই হাতে। তাই এই সবচেয়ে ভাল ফলনের বছরেই সবচেয়ে বেশী দাম বাড়ল—ঘাটতি জেলায় এবং কলকাতা ও শিল্পাঞ্চলে ২ টাকা ৮ আনা, ৩ টাকা কিলো চাল বিক্রি হলো। লক্ষ্ণ লোক ভাতের মুখই দেখেনি দিনের পর দিন, অনেকে মুগ সিদ্ধ খেয়ে, শাকপাতা খেয়েও দিন কাটিয়েছে, চাল যোগাডের চেষ্টায় মানুষ পাগল হয়ে যাওয়ার উপক্রম।

গত বছর ১৯৬৬ সালের কথা সকলেরই মনে আছে।

এবছর সরকার "সম্পূর্ণ" নিয়ন্ত্রণের নীতি গ্রহণ করেন। খাদ্যশস্যর পাইকারী ব্যবসা রাষ্ট্রের একচেটিয়া ঘোষণা করা হলো, মিলদের ওপর শতকরা একশ ভাগই লেভী, কৃষক এবং জোতদারদের ওপর ঢালাও লেভী, দাম বেধে দেওয়া, কর্ডনিং, সবকিছু! বললেন, ১৫ লক্ষ টন টাল সংগ্রহ করব।

কিন্তু কার্যতঃ কী হলো? মাত্র ৬ লক্ষ টন সংগ্রহ করলেন। তাও প্রথম দেখলাম ঘাটতি জেলাগুলিকে কিছুই সরবরাহ করলেন না। এবার বছরের প্রথম থেকেই সুরু হলো কৃত্রিম দুর্ভিক্ষ। আগুন দাম। পাওয়াই যায় না। জনগণের বিক্ষোভ হয়ে উঠল ব্যাপকতম। বিদ্রোহের আগুন জ্বলে উঠল চারিদিকে। কেন?

সেই এক প্রতিক্রিয়াশীল জনবিরোধী মুনাফাখোর তোষণ নীতি।

আবার শস্য সংগ্রহের জন্য দাম বাঁধা হলো মাত্র ১৪ থেকে ১৬ টাকা মণ ধান। আবার ভার দেওয়া হলো আমলা পুলিসকে। কিছু কিছু সমবায়ের সাথে প্রধানতঃ এজেন্ট করা হলো ব্যবসাদার এবং মিলমালিকদেরই। ২ একরের চাষী, এমনকি ভাগ চাষীরও ওপর লেভী ধার্য করা হলো—অনেক আন্দোলনের পর ছোটরা রেহাই পেলো, তার আগেই আনেকের কাছ থেকে জবরদন্তি আদায় করা হয়ে গেছে। কার কত ফসল হয়েছে এবং প্রয়োজন কত হবে সে বিচার না করে ঢালাওভাবে লেভী হলো। জোতদার এবং কংগ্রেসীরা জোট বাধল। ঘূষের জোরে কংগ্রেসী এবং তদ্বিরে বড়রা আছা দিয়ে রেহাই পেল। প্রধানতঃ 'বাড়তি' জেলাগুলির গরীব ও মাঝারী চাষীদেরই ঠকিয়ে সরকারি ধান চাল সংগ্রহ হলো। ঘাটতি জেলাতে প্রায় কিছুই সংগ্রহ হলো না, বড়দের কাছ থেকেও। বেশীরভাগ বিক্রয়যোগ্য ধান চাল থাকল অথবা চলে গেল মুজতদার মুনাফাখোরদেরই হাতে। কালোবাজারীর তাগুবনৃত্য চলতে থাকল।

বামপন্থী দলের যারা দীর্ঘকাল ধরে খাদ্যশস্যে রাষ্ট্রায়ন্ত বাণিজ্য চেয়েছে ন্যায়সঙ্গত ভিন্তিতে এবং গণতান্ত্রিক পদ্ধতিতে, তাদের কোনও পরামশহ নেওয়া হলো না। ১৪ টাকা ধানের দাম দেওয়ার দাবিও মানা হলো না। সংগ্রহ ও বন্টনের ব্যাপারে সর্বস্তরে সর্বদলীয় কমিটি গঠনের দাবিও মানা হলো না। কার কত ধানচাল হয়েছে এবং খরচ কত তা দেখেশুনে লেভী ধার্য করার দাবিও মানা হলো না। স্থানীয় সংগ্রহ থেকে প্রয়োজনীয় স্টক রাখার দাবিও মানা হলো না। মোট কথা জনসাধারণের সহযোগিতা কিছুতেই নেওয়া হল না।

ধনীকের দালাল সরকার ইচ্ছা করেই খাদ্যশস্যের রাষ্ট্রায়ত্ত বাণিজ্যের নীতিকে জনসাধারণের কাছে অপদস্থ করল, বেইজ্জৎ করল। দাম উঁচুতে উঠেই রইল। মফঃস্বলে সংশোধিত রেশন প্রহসনে পরিণত হলো। সপ্তাহে ১৮০০ গ্রামের জায়গায় ১২০০ গ্রাম, ৫০০ গ্রাম মাত্র চাল—তাও বন্ধ হয়ে গেল। এবার মাইলো খাও। সরকারি প্রচার চলতে লাগল এবং বড়লোকদের গিন্নীরা 'প্রদর্শন' করলেন মাইলো কত ভাল খাদ্য—মাইলোর রুটি, পরটা, খিচুড়ি, পায়েস খাও।

তারপরেই পলায়ন! আবার বিনিয়ন্ত্রণের পালা সুরু হচ্ছে। এবছর ১৯৬৭ সালে "মূল্যনিয়ন্ত্রণ" উঠেই গেছে আপাততঃ। সরকার আর সরাসরি ধান চাল সংগ্রহও করছেন না। খাদ্য কর্পোরেশন নিজের দরে যা পাবে সংগ্রহ করবে। সে কষ্টটুকুও তাদের পেতে হবেনা। হবেনা, কারণ বছরের সুরুতেই ধানের দাম চলছে ২৫ থেকে ৩৫ টাকা মণ। আবার সেই দশ একরের বেশী জমির মালিকের ওপর লেভী এবং মিলদের ওপর ৫০ শতাংশ লেভী। কত সংগ্রহ হবে বোঝাই যাছেছ। বিধিবদ্ধ রেশন কাটা সুরু হয়েছে, সংশোধিত রেশন উঠেই গেছে! এবছর যে কী ভীষণ অবস্থা দাঁড়াবে শেষ পর্যন্ত তা

ভাবাই যায় না। দেশের স্বার্থ, দশের স্বার্থ আদৌ না ভেবে কংগ্রেস নেতারা এখন নির্বাচনী বৈতরণী পার হওয়ার আশায় মুনাফাখোরদের খুশী করতেই ব্যস্ত।

# সমাধানের পথ কী?

এই সাড়ে উনিশ বছরে নিয়ন্ত্রণ ও বিনিয়ন্ত্রণের ইতিহাস থেকে আমরা কী বুঝলাম?

দেশে খাদ্য ঘাটতি আছে এবং প্রয়োজন মিটাবার মত খাদ্য উৎপাদন যথেষ্ট বাড়াতেই হবে সন্দেহ নাই এবং তার জন্য কংগ্রেস সরকারের কৃষিকবিরোধী কৃষিনীতির বদলে প্রকৃতই কৃষকদরদী কৃষিনীতি নিতে হবে। প্রকৃত ভূমিসংস্কার, জমিতে চাষীর নিরাপত্তা, জোতদার, মহাজনদের দাসত্ব থেকে কৃষকদের মুক্তি, ভালভাবে চাষ করার জন্য অল্পসুদে পর্য্যাপ্ত খাণ্দান, ফসলের নায্য মূল্য গ্যারান্টি করা, সেচকারি যন্ত্রপাতির সরবরাহ প্রসারিত করা, আমলাতন্ত্র ও ব্যবসাদারদের হাতে দায়িত্ব না রেখে সর্ববিধ সাহায্য দেওয়া প্রকৃত গণতান্ত্রিক পদ্ধতিতে কৃষকদের সমবায় এবং পরস্পরের সঙ্গে সহযোগিতা প্রসারিত করা, কৃষকদের সংঘবদ্ধ করে ও উৎসাহিত করে কৃষির উন্নতি করা। এ ছাড়া আমাদের মত গরীব, অনুন্নত, জনবছল দেশে কৃষির দ্রুত উন্নতি করা যাবে না।

কিন্তু যতদিন ঘাটতি আছে ততদিন খাদ্যে মজুতদারী মুনাফাখোরী চলবেই এবং বাড়বেই এবং অসংখ্য লোক অসহ্য যন্ত্রণা ভোগ করবেই যদিনা যা খাদ্য উৎপন্ন হয় এবং আমদানী হয় তার সুষম বন্টনের ব্যবস্থা হয়।

বিনিয়ন্ত্রণ মানেই হলো সুষ্ঠু বন্টনের দায়িত্ব আদৌ না নেওয়া। বিনিয়ন্ত্রণে সর্বনাশ, হয়েছে, আরও হবে। নিয়ন্ত্রণের মারফৎ সুষম বন্টন করতেই হবে। কিন্তু তা কীভাবে সফল হতে পারে?

বিক্রয়যোগ্য খাদ্য শস্যের বেশীরভাগ ন্যায্য দামে কিনে নিয়ে ন্যায্য দামে সমস্ত কিনে নেওয়া লোককে নির্দিষ্ট পরিমাণে সরবরাহ করতে হবে। মুনাফাখোরদের হাত থেকে খাদ্যের ব্যবসায় একেবারে কেড়ে নিতে হবে। শুধু ছোট দোকানীদের মারফৎ ক্রেতাদের কাছে সরকারি সরবরাহ হবে। মিলগুলি রাষ্ট্রের পরিচালনায় নিতে হবে। শস্য সংগ্রহ ও বন্টন সর্ববিষয়ে জনসহযোগিতা নিতে হবে এবং সর্বদলীয় কমিটির তদারকী রাখতে হবে। ব্যাঙ্ক জাতীয়করণ করে ব্যাঙ্ক থেকে যথেষ্ট পরিমাণ টাকা নিয়ে খাদ্য শস্য কিনতে হবে। ঘূষখোরী, দুর্নীতি কঠোর হস্তে দমন করতে হবে।

যতদিন না যথেষ্ট খাদ্য উৎপন্ন হচ্ছে ততদিন এরকম কঠোর ভাবেই চলতে হবে জনসাধারণকে বাঁচাবার জন্য, দেশকে বাঁচাবার জন্য। অন্য কোনও পথ খোলা নেই।

কংগ্রেস সরকার নিজেই গর্ব করে বলেছেন এপর্যন্ত পশ্চিমবাংলায় যা খাদ্য উৎপন্ন হয়েছে এবং বাইরে থেকে যে সরবরাহ এসেছে তাতে দৈনিক মাথা প্রতি সাড়ে ১৫ আউন্স করে অর্থাৎ সপ্তাহে মাথা প্রতি ৩ কিলোরও বেশী খাদ্য ছিল। তাই যদি হয় তাহলে মাত্র ২ কিলো রেশন দেওয়া হয়েছে কেন এবং তাও ছাঁটাই করা হচ্ছে কেন ? গ্রামের অন্পক্রিস্টদের ২ কিলো রেশনও দেওয়া হয়নি কেন ? মাত্র ৫০০ গ্রাম চালও বন্ধ করে দিয়ে মাইলো খাওয়ান হয়েছে কেন ? অসংখ্য লোক আধপেটাও খেতে পাছে না কেন ?

খাদ্যের সুষম বন্টন চাই-ই-চাই। তার জন্য সমস্ত দেশপ্রেমিক গণতন্ত্রবাদী মানুষকে জোট বাঁধতে হবে। মজুতদার মুনাফাখোরের প্রতিরোধ চুর্ণ করতে হবে। তাদের পৃষ্ঠপোষক দুর্নীতি পরায়ণ কংগ্রেস নেতৃত্ব ও সরকারকে ঝাঁটিয়ে বিদায় করতে হবে।

ভারতের কমিউনিষ্ট পার্টির রাজ্য পরিষদের পক্ষে রাজ্যেশ্বর সেন কর্তৃক ২০৮ বিপিনবিহারী গাঙ্গুলী স্ট্রীট, কলিকাতা-১২ হইতে প্রকাশিত ও কালান্তর প্রেস, পি-৩৪ ডাঃ সুন্দরীমোহন এভিনিউ, কলিকাতা-১৪ হইতে মুদ্রিত।

# খাদ্য সংকট রোধ করুন

[ কমিউনিষ্ট পার্টির নির্বাচনী সিরিজ-৩, কলকাতা ১৯৬৭]

## বিশ্বনাথ সুখাৰ্জী

ঝড়ে কাক পড়ে, ফকিরের কেরামতি বাড়ে!

গত বছর অর্থাৎ ১৯৬৮-৬৯ সালে সারা ভারতেই খুব ভাল খাদ্য ফসল জম্মেছিল, আগের সমস্ত বছরের চেয়ে বেশি, সাড়ে ৯ কোটি টনেরও বেশি, আগের দু বছরের তুলনায় প্রায় আড়াই কোটি, পৌনে তিন কোটি টনেরও বেশি। তারই প্রভাবে পশ্চিমবাংলাতেও চালের বাজার দর বেশ কিছুটা নেমে এসেছিল।

এর বাহাদুরী দেওয়া হচ্ছে রাজ্যপালের সরকারকে, যদিও এই অত্যন্ত ভাল ফসলের পূর্ণ সুযোগ রাজ্যপালের সরকার গ্রহণ করতে পারেনি। জুন মাস পর্যন্ত আভ্যন্তরীণ সংগ্রহ হয়েছিল মাত্র ২ লক্ষ ১৯ হাজার টন চাল—এত ভাল বছরে! কলকাতা ও শিল্পাঞ্চলে রেশন দিতেই তার বেশিরভাগ ফুরিয়ে গিয়েছিল—গ্রামের গরীবদের সস্তায় চাল সরবরাহ করতে সরকার পারেনি। এই সময় কলে কারখানায় ছাঁটাই, বাজার মন্দা এবং গ্রামে উন্নয়নমূলক কাজকর্ম বন্ধ হয়ে যাওয়ার দরুণ বহু লোকের ক্রয় ক্ষমতা আগের তুলনায় কমে গিয়েছিল। তাই চালের বাজার দর কিছুটা নামলেও তাদের কেনার ক্ষমতার উর্ধে ছিল এবং সরকারি সরবরাহ না পাওয়ায় বাধ্য হয়ে অনেককে ভাতের বদলে যব, ভুট্টা, ছোলা খেয়েই দিন কাটাতে হয়েছিল।

এ সময় যুক্তফ্রন্ট সরকার থাকলে এই প্রচুর পরিমাণ খাদ্যশস্য আমদানীর দরুণ বাজার দর ত কমতই—তার ওপর আরও সম্ভায় অনেক চাল সরকার সরবরাহ করতে পারত। কারণ, এই অত্যন্ত ভাল ফসলের পূর্ণ সুযোগ গ্রহণ করায়, বছরের সুরুতেই রেশন বাড়ানর এবং ঘাটতি অঞ্চলে সরবরাহ করার জন্য মধ্যপ্রদেশ থেকে লক্ষাধিক টন চাল আনার এবং ৭ লক্ষ থেকে ১০ লক্ষ টন চাল আভ্যন্তরীণ সংগ্রহ করার প্রস্তুতি করা হয়েছিল। তাহলে যুক্তফ্রন্ট সরকার আরও জনপ্রিয় হয়ে যেত এই ভয়েই প্রতিঃক্রিয়াশীল গোষ্ঠী অত তাড়াহুড়ো করে ১৯৬৭ সালের নভেম্বর মাসেই যুক্তফ্রন্ট সরকারকে বেআইনীভাবে সরিয়ে দেওয়ার জঘন্য চক্রান্তে উন্মন্ত হয়েছিল।

এ বছর ১৯৬৮-৬৯ সালে সারা ভারতে মোট খাদ্য ফসল কত হবে তা এখনই বলা যায় না কারণ রবিশস্য এখনও হয়নি। তবু কিছু অঞ্চলে খরা অথবা বন্যার দরুন ধানের উৎপাদন আগের বছরের চেয়ে কিছুটা কম হলেও মোটের ওপর ধরিফশস্য খারাপ হয় নি। উপযুক্ত সতর্কতা অবলম্বন করলে, প্রথম থেকেই ঘাটতি অঞ্চলে সরবরাহের ব্যবস্থা করতে পারলে এবং উপযুক্ত পরিমাণ আভ্যন্তরীণ সংগ্রহ করতে পারলে এ বছর খাদ্যশস্যের বাজার দর অস্বাভাবিক বৃদ্ধি নাও পেতে পারে এবং সস্তায় সরকারি সরবরাহও বাড়ান যেতে পারে।

তাই যুক্তফ্রন্ট চেয়েছিল নতুন ফসল ওঠার আগেই ১৯৬৮ সালের নভেম্বর মাসে মধ্যবতী নির্বাচন সম্পন্ন হয়ে যাক। কিন্তু মধ্যবতী নির্বাচন ফেব্রুয়ারী মাস পর্যন্ত পিছিয়ে গেছে এবং এ বছরও খাদ্যশস্য সংগ্রহের প্রধান দায়িত্ব পড়েছে রাজ্যপালের সরকারের ওপর। যুক্তফ্রন্ট দাবি করেছে ফেব্রুয়ারীর মধ্যেই অন্ততঃ ৪ লক্ষ্ণ টন চাল সংগ্রহ করতে হবে, পরে আরও কিছু করা যেতে পারে।

রাজ্যপালের সরকার ফেব্রুয়ারীর মধ্যে নয়, সম্বৎসরে সারে চার লক্ষ টন চাল সংগ্রহ করা স্থির করেছেন আজ ১৮ই নভেম্বর আমরা খবর পাচ্ছি পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর প্রভৃতি বেশ কিছু অঞ্চলে নতুন ধান উঠতে আরম্ভ করেছে এবং ১৮ টাকা থেকে ২৫ টাকা মণ দরে চাষীরা ধান বেচতে বাধ্য হচ্ছে মুনাফাখোরদের কাছে, অথচ যদিও সরকারি ক্রয়মূল্য ২৪/২৫ টাকা মণ তবু বেশীরভাগ জায়গায় তাঁরা এখনও কিনতে নামেন নি।

এই আশংকা করেই অক্টোবরের শেষ সপ্তাহে কমিউনিষ্ট পার্টির রাজ্য পরিষদ দাবি করেছিল যাতে সরকার যথেষ্ট

সংখ্যায় ক্রয়কেন্দ্র খুলতে ও নগদে দাম মিটাতে বাধ্য হয়, যাতে ২৪/২৫ টাকার কম দরে ধান বিক্রি করতে কোনও চাষী বাধ্য না হয়, যাতে মুনাফাখোরদের হাতেই ধান চাল চলে না যায়। অপরপক্ষে, বেশী জ্বমির মালিকরা যাতে ধান মজুত করে রেখে দাম বাড়াবার সুযোগ না পায়, তাদের কাছ থেকে তাড়াতাড়ি লেভী আদায় করা হয়, এবং বড় জোতদারদের ধান ঝাড়াই মাড়াই ও বিভাগে বন্টন হওয়ার সঙ্গে সংস্ক খামার থেকেই যাতে লেভী আদায় হয় তার জন্যও আন্দোলন গড়ে তোলার আহান আমরা জানিয়েছিলাম।

সেই সঙ্গে আরেক দিকেও জনসাধারণের দৃষ্টি আমরা আকর্ষণ করেছিলাম যে, রাজ্যপালের সরকার মিলমালিকদের ওপর শতকরা ৫০ ভাগ ও পাইকারী ব্যবসাদারদের ওপর শতকরা ১০ ভাগ মাত্র লেভী ধার্য্য করে তাদের স্বাধীনতা দিচ্ছেন যত খুশী কেনা বেচা করার জন্য যা খুশী দরে!

ূতার ওপর ঘাটতি অঞ্চলে বছরের প্রথম থেকেই সরকারি সরবরাহের প্রতিশ্রুতি দেওয়া হয়নি। অথচ, "বাড়তি" জেলাগুলিকে কর্ডন করা হয়েছে।

এই সবের ফলে আবার ধানচালের বাজারের ওপর মজুতদার মুনাফাখোরের কব্জা শক্ত হওয়ার আশংকা দেখা দিচ্ছে।

#### খাদ্য সংকটের জন্য দায়ী কে?

১৯৬৭ সালে ধানচালের উচ্চমূল্যের জন্য গ্রামের জোতদার মহাজনরা ও চোরাকারবারীরা এবং সর্বত্র কংগ্রেস নেতারা যুক্তফ্রন্ট সরকারকে দায়ী করছে।

কিন্তু দেশের সাধারণ মানুষ অত বোকা নন। তাঁরা জানেন, যারা দো্য দিচ্ছে আসলে তারাই দোষী।

তাঁরা জানেন, কংগ্রেসই চালের দর ১৯৪৭ সালে ১৩/১৪ টাকা মণ থেকে বাড়িয়ে বাড়িয়ে ১৯৬৬ সালে ১০০/১২০ টাকা মণে তুলেছিল। তাঁরা জানেন, কংগ্রেসই ১৯৬৬ সালে মার্চ মাস পর্যন্ত প্রায় ৪ লক্ষ টন চাল সংগৃহীত হওয়া সত্ত্বেও এবং চারিপাশে কর্ডনের ফলে সমস্ত ঘাটতি এলাকার বাজার শুকিয়ে গেছে দেখেও এক দানা চালও সরবরাহ করেনি—ক্ষুধার্ত বিক্ষুব্ধ জনতাকে লাঠি পিটে গুলি চালিয়ে খুন করে সারা পশ্চিমবাংলায় আগুন জ্বালিয়েছিল। তাঁরা জানেন, এই কংগ্রেসই পরের বছর পশ্চিমবাংলায় আরও এক লক্ষ টন চাল কম উৎপন্ন হয়েছে জেনেও পুরুলিয়া, বাঁকুড়া, মালদা, রায়গঞ্জে দুর্ভিক্ষ চলছে জেনেও, বাংলার বাইরেও অনেক রাজ্যে খরায় ফসলহানি হয়েছে জেনেও পশ্চিমবাংলার মানুষকে খাওয়াবার জন্য নতুন ফসলের মরশুমে ধানচাল সংগ্রহের চেষ্টা করেনি।

তাঁরা জানেন, যুক্তফ্রন্ট সরকারের প্রতিষ্ঠাই হলো ১৯৬৭ সালের মার্চ মাসে। এই নতুন সরকার কাজকর্ম বুঝে নেওয়ার আগেই ফসলের মরশুম শেষ হয়ে গেছে। মার্চ মাস পর্যন্ত সরকারি সংগ্রহ মাত্র ৫৪ হাজার টন চাল। তাও ইতিমধ্যেই প্রায় সব শেষ হয়ে গেছে—সরকারি শস্য ভাণ্ডার শূন্য! এদিকে ঘাটতি প্রায় ২২ লক্ষ টন, আর বিপন্ন বাংলাকে কেন্দ্রের কংগ্রেসী সরকার সরবরাহ করল সম্বৎসরে মাত্র ১২ লক্ষ টন! বড় জোতদার, মুনাফাখোর ব্যবসায়ীর পোয়াবার—যতখুশী দাম বাড়িয়ে মানুষকে শুষে নেওয়ার সুযোগ পেল তারা।

তাদের এই লুঠ করবার সুযোগ এবং জনসাধারণের না খেয়ে থাকার দুর্ভোগ সৃষ্টি করেছে কে? কংগ্রেস ছাড়া আবার কে! এসব জানা কথা। তাই আজ্ গ্রামের গরীবও কংগ্রেসীদের এবং জোতদার মহাজনদের সামনে দাঁড়িয়ে মুখের ওপর বলতে পারেঃ আপনারাই ত সে বছর ধান চালের দাম আরও বাড়িয়েছিলেন, দোষ দেন কাকে?

## খাদ্য নিয়ে কেন্দ্রীয় সরকারের রাজনীতির খেলা!

মজার কথা শুধু অতুল্য ঘোষ প্রফুল্ল সেনই নয়, তাঁদের চেয়ে ক্ষুদে নেতা তরুণকান্তি ঘোষ তাঁর দাদাদেরও হারিয়ে দিয়েছেন যুক্তফ্রুন্টের বিরুদ্ধে কুৎসা প্রচারের উৎসাহে। "যুক্তফ্রুন্ট জবাব দিক চালের দাম বাড়ল কেন?"

এ প্রশ্নের উত্তর তরুণবাবুর পিতার কাগজ "যুগান্তর"-ই দিয়েছিল আজ থেকে প্রায় পনের মাস আগে! "সোজা আঙ্গুলে কি ঘি উঠবে নাং" এই শিরোনামা দিয়ে ১৯৬৭ সালের ৩রা আগস্ট তারিখের "যুগান্তর" পত্রিকায় প্রধান সম্পাদকীয় প্রবন্ধে লেখা হয়েছিল ঃ

"কেরালার মত পশ্চিমবাংলাতেও খাদ্য সংকট তীব্র হয়ে উঠেছে। দুটি রাজ্যই রপ্তানী বাণিজ্য থেকে প্রতিবছর কয়েক

কোটি টাকার বিদেশী মুদ্রা কেন্দ্রের হাতে তুলে দেয়, তার বিনিময়ে তাদের ন্যুনতম চাহিদা মত খাদ্য সরবরাহের ব্যবস্থা করা—আভ্যন্তরীণ সূত্রে সম্ভব না হলে তা আমদানী করা—কেন্দ্রের নৈতিক দায়িত্ব ও কর্তব্য। কিন্তু আজ পর্যন্ত তাঁরা তা পালন করেন নি। তবে কি এই দুটি রাজ্যের দ্বারা অর্জিত বৈদেশিক মুদ্রা আটক করে বিদেশ থেকে সরাসরি খাদ্য আমদানীর ব্যবস্থা ছাড়া নিরন্তর খাদ্য সংকট সমাধানের সম্ভাবনা নেই? কেন্দ্রীয় কর্তৃপক্ষের কাছ থেকে আমরা এ প্রশ্নের সদ্বর প্রার্থনা করছি।

"এখন শ্রাবণ মাসের মাঝামাঝি এ রাজ্যের চরম দুর্দশা চলছে। ভাদ্র মাসে আউস ফসল উঠলে যোগান কিছুটা বাড়তে পারে। তবে দর তেমন কমবে বলে ভরসা কম। কারণ হাত টেনে বিক্রী করলে যদি চড়া দর পাওয়া যায় তাহলে লোকে বেশী বিক্রি করে দর নামাতে সাহায্য করবে কেন? তাই বাইরে থেকে চাল আনানোর ব্যবস্থা ছাড়া আগামী অগ্রহায়ণ মাস পর্যন্ত সামাল দেওয়ার আশা খুবই সামান্য। এই উদ্দেশ্যে কেন্দ্রের কাছে দরবারের জন্য রাজ্যের মুখ্যমন্ত্রী ও খাদ্যমন্ত্রী এ সপ্তাহের শেষে দিল্লী রওনা হচ্ছেন। কি চমৎকার প্রশাসনই না এদেশে চলছে। কেন্দ্রের কাছ থেকে সুবিচারের জন্য মন্ত্রীদের বার বার দিল্লীতে ছুটোছুটি করতে হয় তবু ন্যায্য বাবহার পাওয়া যায় না। কেন্দ্রে আবুহোসেনের দল কি রাজ্য সরকারের মন্ত্রীদিগকে নিজেদের গোমস্তা বলে মনে করেন? এ রকম ব্যবহার চলতে থাকলে তাঁরাই যুক্ত রাষ্ট্রীয় ব্যবস্থার বারোটা বাজিয়ে দেবেন।

"পশ্চিমবাংলার উপর তাঁরা এ বছর যে রকম অবিচার করেছেন তা সত্যই কল্পনাতীত। গত বছরের তুলনায় এ বছর এ রাজ্যের জন্য খাদ্যের বরাদ্দ অনেক কম। আবার যেটুকু বরাদ্দ করেছেন তাও প্রতিশ্রুতি মত পাঠান নি। গত বছর রাজ্যের ভিতর বেশী ফসল হয়েছিল। তবু কেন্দ্রের বরাদ্দ ছিল ১৫.৯ লক্ষ টন। সেক্ষেত্রে এবার যুক্তফ্রন্ট সরকার চেয়েছিলেন পনর লক্ষ টন। কেন্দ্র সেটুকু সরবরাহ কর্লে খাদ্য সংকট এত তীব্র হয়ে উঠত না। তাঁরা তাও সরবরাহ করতে সন্মত হন নি।

"কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী শ্রীজগজীবন রাম এই সংকটের জন্যে রাজ্যসরকারের উপর দোষারোপ করেছেন। তার মতে রাজ্যের ভিতর থেকে পর্য্যাপ্ত চাল সংগ্রহ করতে ব্যর্থতার জন্যই নাকি এ অবস্থা ঘটেছে। কথাটা "অশ্বখামা হত...ইতি গজ" ধরনের অর্ধসত্য—সেজন্য সরাসরি মিথ্যা অপেক্ষা জঘন্য। নির্বাচনের ঠিক আগে ব্যাপকভাবে শস্য সংগ্রহ করা কোনও সরকারই বাঞ্চনীয় মনে করেন নি। কারণ সে ক্ষেত্রে চাষীরা বিক্ষুক্ত হয়ে সরকারি দলের ভরাড়বি ঘটিয়ে দেবে এ আশংকা ছিল। এ কারণেই গত সাধারণ নির্বাচনের ঠিক আগে (তখনই ছিল শস্য সংগ্রহের প্রকৃষ্ট সময়) কোনও রাজ্যেই তৎকালীন মন্ত্রীসভা শস্যসংগ্রহের অভিযানে নামতে সাহস পাননি। এমনকি কেন্দ্রীয় সরকারও এ বিষয়ে কোনও দৃঢ়তা প্রকাশ করেন নি; করলে খাদ্যশস্যের পাইকারী ব্যবসা হাতে নিয়ে অনেক আগেই সমস্যার সমাধান করতে পারতেন। নিজে চালুনির ভূমিকা নিয়ে কেন্দ্রীয় খাদ্যমন্ত্রীর পক্ষে স্টের ছিদ্রাম্বেশ কি শোভা পায়! যে কারণে ভারতের সর্বত্র ভূতপূর্ব এবং বর্তমান মন্ত্রীসভাগুলির পক্ষে এ বছর খাদ্যশস্য সংগ্রহের ব্যাপক অভিযান চালান অসম্ভব বিবেচিত হয়েছিল—ঠিক সে কারণেই পশ্চিমবাংলার যুক্তয়ন্ট সরকারের পক্ষেও কার্য্যভার গ্রহণের সন্ত্র সময় পার হয়ে গিয়েছিল। তাই তাঁদের উপর দোষারোপ ধোপে টিকবে না।

"পশ্চিমবাংলায় এই সংকটের মূলে কেন্দ্রের ভূমিকা ও দায়িত্ব অনস্বীকার্য। ন্যূনতম চাহিদামত খাদ্যশস্য পাঠাতে অসমতি জানিয়েই তাঁরা ক্ষান্ত থাকেন নি, গত বছরের তুলনায় এবার অনেক কম খাদ্যশস্য পাঠিয়ে রাজ্য সরকারকে উদ্বান্ত করে তুলেছেন। এবছর জুলাই পর্যন্ত প্রথম সাত মাসে তাঁরা পাঠিয়েছেন মোট ৫ লক্ষ ৯৮ হাজার টন—আর গত বছর একই সময়ে পাঠিয়েছিলেন ৯ লক্ষ ৬১ হাজার টন। অর্থাৎ এই কয় মাসে কেন্দ্রের বরাদ্দ কমেছে গত বছরের তুলনায় শতকরা ৩৮ ভাগ, পূর্বেই বলেছি যে, এবার আভ্যন্তরীণ ফলন অনেক কম। তার উপর কেন্দ্রেও যদি ৩৮ শতাংশ জোগান কমিয়ে দেয় তাহলে খাদ্য সংকট ক্রমশঃ নাগাল ছাড়িয়ে যাওয়াই কি অনিবার্য্য নয়? তারপরও কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী কোন্ মুখ নিয়ে এই সংকটের জন্য রাজ্যসরকারকে দায়ী করেন?

"পশ্চিমবাংলার উপর কেন্দ্রের জুলুম সম্পর্কে আর একটা অবিশ্বাস্য ঘটনাও ফাঁক হয়ে গেছে। এই রাজ্যের একজন মন্ত্রী ব্যক্তিগতভাবে চেষ্টা করে পাঞ্জাব থেকে কিছু খুদ ও চাল আনাবার ব্যবস্থা করেছিলেন। বর্তমান রেওয়াজ অনুসারে দুটি রাজ্যের মধ্যে এ রকম লেনদেন হয় না—কেন্দ্রের সম্মতি দরকার হয়। তাই কেন্দ্রের সম্মতি নেওয়া হয়েছিল। পশ্চিমবাংলায় পাঠানোর জন্য ১৫ শত টন খুদ এবং আড়াই হাজার টন গম গাড়ীতে বোঝাই করা হয়েছিল। তারপর কেন্দ্রীয় খাদ্যদপ্তরের সেক্রেটারী সেটা জম্মু ও কাম্মীরে পাঠানোর জন্য পাঞ্জাব সরকারকে টেলিফোনে নির্দেশ দিয়েছেন। প্রশাসনের দিক থেকে ঘটনাটা অত্যন্ত গুরুতর। দুই রাজ্যের মন্ত্রীরা মিলে খাদ্য সংকট সুরাহার জন্যে সামান্য যেটুকু ব্যবস্থা করলেন সেটা নস্যাৎ করে দিতে সামান্য একজন আমলার দুঃসাহস আসে কোথা থেকে? আর এইভাবে মুখের গ্রাস কেড়ে নিয়েই কেন্দ্রীয় সরকার কি পশ্চিমবাংলার ক্রমবর্ধমান খাদ্য সংকটে ঘৃতাছতি দিতে চান?" (যুগান্তর" তরা আগস্ট, ১৯৬৭)

আজকে ভোটের ধান্ধায় তরুণবাবুরা যা কুৎসাই প্রচার করুক না কেন, আজ থেকে পনের মাস আগে "যুগান্তর" পত্রিকার উপরোক্ত সম্পাদকীয় প্রবন্ধে স্পষ্ট ভাষায় এই সত্য কথাটা লেখা হয়েছিল যে, ১৯৬৭ সালের খাদ্য সংকটের জন্য যুক্তফ্রন্ট সরকারের ওপর দোষারোপ "ধোপে টিকবে না" এবং এই সংকটের মূল "কেন্দ্রের ভূমিকা ও দায়িত্ব অনস্বীকার্য্য।"

#### কেন্দ্র ও রাজ্যের সম্পর্ক

খাদ্য সরবরাহের ব্যাপারে কেন্দ্র ও রাজ্যের সম্পর্ক নিয়ে যে প্রশ্ন উঠেছে তা অত্যন্ত গুরুতর।

১৯৬৭ সালে পশ্চিমবাংলার মানুষের খাদ্যের ন্যুনতম চাহিদা মিটানোর জন্য যুক্তফ্রন্ট সরকার বিদেশ থেকে খাদ্য আনাতে পারত। দেশের মধ্যে বিভিন্ন বাড়তি রাজ্য থেকেও খাদ্য কিনে আনাতে পারত। কিন্তু সে অধিকারই তার ছিল না। বিদেশ থেকে খাদ্য আমদানী করার ত বটেই, দেশের ভিতরও এক রাজ্য থেকে খাদ্য কিনে অন্য রাজ্যে পাঠানোর একচেটিয়া অধিকার কেন্দ্রীয় সরকার নিজের এলাকার হাতে রেখেছিল, আজও রেখেছে। এই অবস্থায় পশ্চিমবাংলার খাদ্য ঘাটতি মিটাবার সম্পূর্ণ দায়িত্ব ছিল কেন্দ্রের কংগ্রেসী সরকারের। সে দায়িত্ব তাঁরা পালন না করায় শুধু যে পশ্চিমবাংলার খাদ্য সংকট তীব্রতর হয়েছে, দাম আরও বেড়ে গেছে এবং অনেক লোককে না খেয়ে বা আধপেটা খেয়ে থাকতে হয়েছে তাই নয়, রাজ্যসরকার ও কেন্দ্রীয় সরকারের সঙ্গে বিরোধ তীব্র হয়ে উঠেছে এবং এই সমস্যা সমাধানের প্রশ্ন জীবন্ত ও জরুরী হয়ে উঠেছে। সংবিধানে রাজ্যের আইনসভা ও সরকারের ক্ষমতা খুবই সীমাবদ্ধ করে রাখা হয়েছে এবং তবু যেটুকু ক্ষমতা তাদের দেওয়া হয়েছিল তাও কংগ্রেসী কেন্দ্রীয় সরকার সংসদে তাদের সংখ্যাধিক্যর জ্যোরে ক্রমাগত কেড়ে নিচ্ছে।

শুধু খাদ্যের ব্যাপারে নয়, সব বিষয়েই এই সমস্যা এখন অত্যন্ত গুরুতর হয়ে উঠেছে। আইন শৃঙ্খলা, কৃষি উয়য়ন, সেচ, জলনিকাশ, বন্যা নিয়ন্ত্রণ, কৃটির শিল্প, ক্ষুদ্র শিল্প, স্বাস্ত্র্যা, শিক্ষা, রাস্তাঘাট সব বিষয়েই দায়িত্ব রাজ্য সরকারের। আর, রাজ্যের আয়ের যা কিছু উৎস তার প্রধান প্রধান প্রধান প্রগুলিই কেন্দ্রীয় সরকারের হাতে। যেমন, বাণিজ্য শুল্ক, আয়কর, কলকারখানা প্রভৃতির ওপর আবগারী শুল্ক প্রভৃতি। এগুলি বাদ দিয়ে সরকারের আয়ের সুযোগ থাকে যৎসামান্য। সূতরাং রাজ্যসরকারকে প্রায়্ম সম্পূর্ণ নির্ভর করতে হয় কেন্দ্রীয় সরকারের অর্থ সাহায্যের ওপর। কেন্দ্রীয় সরকার যুক্তফ্রন্ট সরকারকে উচ্ছেদ করার অবৈধ চক্রান্তে লিপ্ত হয়ে ১৯৬৭ সালে হিসাবমত পশ্চিমবাংলা যা পেত তার চেয়ে ১০ কোটি টাকা কম সাহায্য দিয়েছেন এবং ত্রাণ খাতে ৫ কোটির ওপর আরও প্রায় ৮ কোটি টাকা দুর্ভিক্ষ পীড়িত জেলাগুলিকে বাঁচাবার জন্য আমরা খরচ করতে বাধ্য হওয়ায় নিয়মমত যে দুই-তৃতীয়াংশ টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পশ্চিমবাংলার প্রাপ্য ছিল তাও তাঁরা দেয় নি! এটা সাংঘাতিক বদমাইসী ঠিকই। কিন্তু সমস্যাটা তার চেয়ে গভীর। রাষ্ট্রপতির শাসনে রাজ্যপালের সরকারকেও কেন্দ্র বিশেষ কিছু আর সাহায্য করছে না। এমনকি প্রচণ্ড বন্যায় বিধ্বক্ত অসংখ্য শহর ও গ্রামের অগণিত মানুষের পূণর্বাসনের জন্য রাজ্যপালের সরকার ন্যূনতম যে টাকা চেয়েছে তার ধার কাছ দিয়েও কেন্দ্রীয় সরকার যাছে না! এবং, শুধু পশ্চিমবাংলা বা কেরলের প্রশ্নও এটা নয়। কংগ্রেসী অ-কংগ্রেসী সমস্ত রাজ্য সরকারকেই অর্থমন্ত্রী মোরারজী দেশাই জানিয়ে দিয়েছেন। বিশেষ কিছু অর্থ সাহায্য করতে পারবেন না এবং পরিকল্পনা কমিশন সম্প্রতি সব রাজ্যকেই জানিয়ে দিয়েছে রাজ্যের উয়য়নের জন্য বেশি সাহায্য দিতে পারবেন না।

শুধু খাদ্য ও অর্থের ব্যাপারেই নয়, আইনকানুনের ব্যাপারেও রাজ্যগুলির হাত পা অন্যায়ভাবে বেঁধে রাখা হয়েছে। যেমন ধরুন—শিল্পে, শান্তি রক্ষা করার দায়িত্ব ৰাজ্যসরকারের ; অথচ, শ্রম বিরোধ আইনের প্রয়োজনীয় সংশোধন রাজ্যের আইনসভা করতে পারে না কেন্দ্রের সম্মতি ছাড়া! কিংবা, কৃষিউন্নয়ন প্রভৃতির জন্য ঋণ দেওয়ার দায়িত্ব রাজ্যসরকারের, কিন্তু ব্যাঙ্কের টাকা খাটান নিয়ন্ত্রণ করার জন্য কোনও আইন কানুন করার অধিকার রাজ্য সরকারের নেই। তাই দেশকে রক্ষা করার জন্য এবং দেশের প্রগতির জন্য সংবিধান সংশোধন করতেই হবে, রাজ্য সরকারগুলিকে প্রকৃত স্বায়ত্বশাসনের অধিকার দিতেই হবে। কেন্দ্রীয় সরকার ও রাজ্যসরকারের দায়িত্ব ও অধিকার সুস্পষ্ট ও সুনির্দিষ্ট করতে হবে। প্রতিক্রিয়াশীল কংগ্রেসী নেতৃত্বের বিরুদ্ধে লড়তে হবে—শুধু পশ্চিমবাংলায় নয়, কেন্দ্রীয় সরকার থেকেও তাদের হটাতে হবে। এছাড়া বাঁচার পথ নেই জনসাধারণের।

## পশ্চিমবাংলার কংগ্রেস নেতৃত্বের অপরাধ

১৯৬৫-৬৬ এবং ১৯৬৬-৬৭ সাল পর পর দু বছর পশ্চিমবাংলায় খুব খারাপ ফসল হয়েছিল। তার মধ্যে আবার ১৯৬৫-৬৬ সালের তুলনায় ১৯৬৬-৬৭ সালে আরও প্রায় এক লক্ষ টন কম খাদ্যফসল জম্মেছিল। এদিকে এই এক বছরে পশ্চিমবাংলার জনসংখ্যা বেড়েছিল প্রায় ১০ লক্ষ। তবু ১৯৬৬ সালে সম্বংসরে কেন্দ্রীয় সরকার যেখানে পশ্চিমবাংলাকে মোট খাদ্য সরবরাহ করেছিলেন ১৬.৫ লক্ষ টন সেখানে ১৯৬৭ সালে দিয়েছিলেন মাত্র ১১.৯ লক্ষ টন, অর্থাৎ আগের বছরের তুলনায় সাড়ে ৪ লক্ষ টন কম।

কিন্তু যুক্তফ্রন্ট সরকারের আরও অসুবিধা হয়েছিল যে রাজ্যের কংগ্রেসী সরকার আভ্যন্তরীণ সংগ্রহের ব্যবস্থাও করেনি। যেখানে ১৯৬৬ সালের জানুয়ারী থেকে মার্চ পর্যন্ত ৩ মাসে আভ্যন্তরীণ সংগ্রহ হয়েছিল চালের হিসাবে ৩ লক্ষ ৯৪ হাজার টন, অর্থাৎ প্রায় ৪ লক্ষ টন, সেখানে ১৯৬৭ সালের জানুয়ারী থেকে মার্চ এই তিন মাসে সংগ্রহ হয়েছিল মাত্র ৫৪.৯ হাজার টন। অর্থাৎ প্রায় ৩ লক্ষ ৪৫ হাজার টন কম।

"যুগান্তরের যে সম্পাদকীয় প্রবন্ধ আমরা উপরে উদ্ধৃত করেছি তাতে কেন্দ্রীয় সরকারের সাংঘাতিক অবিচার ন্যায়সঙ্গতভাবেই দেখান হয়েছে; কিন্তু পশ্চিমবাংলার কংগ্রেসী সরকার ও নেতৃত্বের এই প্রচণ্ড অপরাধ একেবারে চেপে যাওয়া হয়েছে। বলা হয়েছে সাধারণ নির্বাচনের বছর বলে তারা খাদ্যসংগ্রহের ওপর জাের দেননি পাছে চাষীরা চটে গিয়ে ভােটে হারিয়ে দেয়। কিন্তু পশ্চিমবাংলার বেশিরভাগ লােক ত গরীব এবং নিম্ন মধ্যবিত্ত চাষাদেরও ত বেশিরভাগ গরীব এবং মাঝারী। ন্যায়্য দরে আভ্যন্তরীণ খাদ্যসংগ্রহ করে লােককে কম দরে সরবরাহ করতে পারলে তারা চটে যাবে কেন? আভ্যন্তরীণ খাদ্যসংগ্রহ করলে কাদের স্বার্থে আঘাত লাগত? জােতদার, মহাজন ও ধনী চাষীদের উপরতলার কিছু লােকের এবং মিল মালিক ও বড় বড় ব্যবসাদারের মুনাফা কমে যেত। সংখ্যায় তারা মুষ্টিমেয়। তবু তারাই কংগ্রেসের পৃষ্ঠপােষক—চাঁদা দেয়, ভােট জােগাড় করে দেয়। এবং কংগ্রেসও তাদেরই পৃষ্ঠপােষক—শােষণের সুবিধা করে দেয় নানাভাবে, পুলিশ দিয়েও সাহায্য করে। ভােটের বছর তাদের কিছুতেই চটান যায় না—তাতে দাম আরও বেড়ে যায় যাক, লােকে না খেয়ে মরে মরক। এইভাবেই কংগ্রেস নেতৃত্ব কায়েমী স্বার্থের সঙ্গে নিজেকে আন্টে-পৃষ্ঠে জড়িয়ে ফেলেছে বেশির ভাগ মানুষের স্বার্থর বিরুদ্ধে।

যুক্তফ্রন্ট যখন সরকার গঠন করল তখন অবস্থা সাংঘাতিক জটিল। সরকারি খাদ্য ভাণ্ডারে খাদ্য নেই। কেন্দ্রীয় সরকার ঘাটিতি পূরণ করতে চাইছে না। আভ্যন্তরীণ সংগ্রহেরও সময় পেরিয়ে যাছে। বেশির ভাগ চাষী ধানচাল বেচে ফেলেছে। কিছু উদ্বৃত্ত ধান চাল রয়েছে বড় জোতদার ও বড় চাষীদের কাছে। তারা প্রথমে কয়েকদিন ঘাবড়ে গিয়ে বাজার দর কিছুটা কমিয়েই আবার ছ ছ করে দর বাড়াতে লাগল। আভ্যন্তরীণ সংগ্রহের জন্য ফুড কর্পোরেশনের সংগঠনও প্রস্তুত নেই। সরকারি ক্রয় মূল্যও খুব কম ধার্য্য আছে—মাত্র ১৬/১৭/১৮ টাকা মণ একেবারে অবান্তব। জেলায় জেলায় কর্তন থাকার জন্য ঘাট্তি অঞ্চলগুলিতে বাজারে ধানচাল দুম্প্রাপ্য হয়ে উঠছে; আর, সরকারি ভাণ্ডার থেকে খাদ্য সরবরাহ করার মত স্টক নেই। কর্ডন তুলে দিলে আভ্যন্তরীণ সংগ্রহ করা আরও কঠিন হয়ে পড়বে; কর্ডন রাখলে ঘাট্তি অঞ্চলের লোকেরা মারা যায়। সবদিক দিয়ে সংকট! কী করা যায় ং

বাধ্য হয়ে যুক্তফ্রন্ট সরকার প্রথম কিছু দিন কর্ডন তুলে নিলেন, ইতিমধ্যে একদিকে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে খাদ্য আদায় করার জন্য, অপরদিকে যতটা পারা যায় আভ্যন্তরীণ খাদ্য সংগ্রহর ব্যবস্থা করার জন্য সচেষ্ট হলেন।

ফুড কর্পোরেশন, খাদ্য বিভাগ ও জেলা শাসকদের দিয়ে আভ্যন্তরীণ সংগ্রহের সংগঠন তৈরি করা হলো। কেন্দ্রীয় সরকারের সঙ্গে অনেক ঝগড়া-ঝাটি করে ধানের সরকারি ক্রয় মূল্য মণে ৭ টাকা বাড়ান হলো। অনেক বেশি সংখ্যায় ক্রয় কেন্দ্র খোলার এবং তাড়াতাড়ি দাম মিটিয়ে দেওয়ার ব্যবস্থা করা হলো। ঘাট্তি অঞ্চলে সংগৃহীত ধান চালের সমস্তটাই

এবং বাড়তি অঞ্চলে সংগৃহীত ধান চালের এক চতুর্থাংশ স্থানীয়ভাবে জমা রাখা এবং বন্টন করা হবে ফলে প্রতিশ্রুতি দেওয়া হলো। জনসহযোগিতা সংগঠিত করার, জনসাধারণের সমালোচনা ও দাবির প্রতিফলনের জন্য, খাদ্য সংগ্রহ ও বন্টনের ব্যাপারে দুর্নীতি ও অবিচার নিবারণ করার জন্য জেলা, মহকুমা ব্লক ও অঞ্চল সর্বস্তারে স্থানীয় সমস্ত দলের প্রতিনিধি ও সরকারি অফিসারদের নিয়ে খাদ্য ও ত্রাণ কমিটি গঠনের ব্যবস্থা করা হলো।

চাল কল মালিকদের বলা হলো—সরকার তোমাদের ধান সরবরাহ করবে, তোমরা চাল করে দেবে, তার জন্য উপযুক্ত রেট পাবে, লাভ থাকবে—কিন্তু নিজেরা বাজারে নেমে যা খুলী দরে কিনে, মজুত করে যা খুলী দরে বেচবে সে "স্বাধীনতা" আমরা তোমাদের দিতে পারব না। খুচরা ব্যবসায়ীদের বলা হলো তোমরা ন্যায্য দরে কেনা বেচা করো, মজুত করতে পারবে না। কিছু কিছু ব্যতিক্রম ক্ষেত্র ছাড়া পাইকারী ব্যবসা সরকার নিজের হাতে নিল। এবং বেশি জমির মালিকদের বলল ঃ তোমরা যা বেচে ফেলেছ ফেলেছ; এখন তোমাদের কাছে যা আছে তার মধ্যে থেকে সম্বৎসরের খোরাকী রেখে এবং চাষের খরচ রেখে বাকীটা সরকারের কাছে বিক্রি করো; প্রফুল্ল সেন যা দর বেঁধেছিল তার চেয়ে মণে ৭ টাকা বেশি দর দেব ধানের জন্য, গরীব মানুষদেরও খাওয়াতে হবে। মুখ্যমন্ত্রী, খাদ্যমন্ত্রী এবং আরও অনেক নেতা ও মন্ত্রী ঘুরে ঘুরে আবেদন করলেন। কিন্তু কে কার আবেদনে কর্ণপাত করে। কিন্তু রক্তের স্থাদ পাওয়া বাঘ ৬০/৭০ টাকা মণ দরে ধান বেচবেই। তাতে লোক অনাহারে ধুঁকে মরে মরুক।

এরা সরকারের সঙ্গে সহযোগিতা করল না। নতুন ধানের মরশুম চলে গেছে এবং সরকারের ভাণ্ডারে খাদ্য নেই, এই সুযোগ এরা পুরোপুরি নিল। কৃত্রিম অভাব সৃষ্টি করে দাম আরও বাড়িয়ে দিল। আবার এই মানুষখেকোর দলই এখন গ্রামে গ্রামে প্রচার করে বেড়াচেছ যুক্তফ্রন্টকে ভোট দিলে ধান চালের দাম আবার বাড়বে। কত দরদ গরীবের জন্য—একেবারে চোখ ফেটে জল বেরিয়ে আসছে। শয়তানির কি সীমা পরিসীমা নেই।

ডাঃ প্রফুল্ল ঘোষ, যিনি পরে বিশ্বাসঘাতক মিরজাফরের ভূমিকা নিয়ে যুক্তফ্রন্ট সরকারকে ভাঙতে চক্রান্ত করলেন এবং কংগ্রেসের সমর্থনে মুখ্যমন্ত্রী হয়ে পশ্চিমবাংলার জনসাধারণের ওপর অমানুষিক দমননীতি চালালেন, তিনিই ছিলেন যুক্তফ্রন্ট সরকারের খাদ্যমন্ত্রী! প্রথম থেকেই তিনি মজুতদার মূনাফাখোরের সম্বন্ধে নরম নীতি নেওয়ার পক্ষে ছিলেন, তাদের "সদিচ্ছার" ওপর ভরসা করে এবং কেন্দ্রীয় সরকারের অবিচারও চাপা দিয়ে যুক্তফ্রন্ট সরকারকে ডোবাচ্ছিলেন। কিন্তু আবেদন নিবেদন করে ধান চাল যখন পাওয়া গেল না তখন মন্ত্রীসভার মধ্যে যাঁরা ডাঃ ঘোষের সঙ্গে কিছুটা আপোষ করে চলার পক্ষে ছিলেন তাঁদেরও মত ঘুরে গেল এবং কঠোর নীতি নেওয়ার সিদ্ধান্ত করা সহজ হলো। জনসহযোগিতায় মজুত উদ্ধার করা এবং মজুতদার মূনাফাখোরদের শান্তি দেওয়ার ব্যবস্থা হলো। ধান চাল সংগ্রহের সময় পেরিয়ে যাওয়া সন্ত্বেও শেষে প্রায় লাখ খানেক টন চাল সংগ্রহ করা গেল, এবং দুর্ভিক্ষ কবলিত মানুষদের কোনও রকমে বাঁচান গেল। কিন্তু ধান চালের দরের উর্ধ্বগতি রোধ করা তখন আর সন্তব ছিল না।

পশ্চিমবাংলার কংগ্রেস নেতৃত্ব কী করল দেশের এই দুঃসময়ে?

যতদিন এই রাজ্যে কংগ্রেসের শাসন ছিল তখন প্রতিবার খাদ্য সংকটের সময় আমরা বিরোধীদলেরা ওদের কাছে প্রস্তাব করেছিঃ খাদ্যকে "রাজনীতির" ওপরে রাখ, জনসহযোগিতা নাও, সর্বস্তরে সর্বদলীয় খাদ্য কমিটি গঠন করে খাদ্য নীতি সম্বন্ধে তাদের যুক্তি পরামর্শ নাও এবং তাদেরই তদারকে খাদ্য সংগ্রহ ও বন্টনের ব্যবস্থা করো। কিন্তু কখনও তারা এ প্রস্তাব মানেনি। আবার, যুক্তফ্রন্ট সরকার যখন খাদ্য সংকটের মোকাবিলা করার জন্য সর্বদলীয় খাদ্য ও ত্রাণ কমিটি গঠন করে সকলের সহযোগিতা নিতে চাইল, কংগ্রেসকেও ডাকল তখন ওরা সর্বদলীয় কমিটিতে যোগ দিল না। চোরা না শোনে ধর্মের কাহিনী! গ্রামে গ্রামে বড় বড় মজুতদারের কাছে ঘুরে ঘুরে ওরা প্রচার করলঃ ধান চাল লুকিয়ে ফেলো, সরকারকে বিক্রি করো না তাতে দেশের গরীব মানুষরা না খেতে পেলে কী যায় আসে? যুক্তফ্রন্ট সরকার ত বিপদে পড়বে। এই ত এদের দরদ দেশের সাধারণ মানুষের প্রতি! আবার ওরাই এখন গ্রামে গ্রামে বলে বেড়াচ্ছেঃ যুক্তফ্রন্ট সরকারের আমলে ধান চালের দর বেড়েছিল, যুক্তফ্রন্টকে ভোট দিও না!

কংগ্রেসের শাসনকাঙ্গে আমরা বিরোধী পক্ষ প্রতিবারই কেন্দ্রীয় সরকারের ওপর চাপ দিয়েছি পশ্চিমবাংলায় ঘাট্তি মোটানোর জন্য, কেন্দ্রীয় সরকারের কাছে রাজ্যের কংগ্রেসী সরকারের দাবিও আমরা সমর্থন করেছি। আমরা একথা ভাবিনি রাজ্যের কংগ্রেসী সরকারের এতে সুবিধা হবে—আমরা ভেবেছি দেশের লোক খেয়ে বাঁচবে। কিন্তু রাজ্যের প্রাক্তন কংগ্রেসী সরকারেরই দোবে যখন ১৯৬৭ সালে আভ্যন্তরীণ খাদ্য সংগ্রহ হয়নি এবং দর ছ ছ করে বাড়ছে, যখন যুক্তফ্রন্ট সরকার কেন্দ্রীয় সরকারকে বলল পশ্চিমবাংলায় ঘাটতি মেটাতে হবে, নইলে দরের উর্জগতি কিছুতেই রোধ করা যাবে না তখন এখানকার কংগ্রেস নেতৃত্ব এক দিনের জন্যও ভূলেও পশ্চিমবাংলার দাবি সমর্থন করেনি। বরং গোপনে কেন্দ্রীয় সরকারকে উল্কে দিয়েছে যাতে পশ্চিমবাংলাকে বেশী খাদ্য সরবরাহ না করা হয়—তাতে পশ্চিমবাংলার সর্বনাশ হয় হোক, যুক্তফ্রন্ট সরকারকে ত জব্দ করা যাবে।

এইসব স্বার্থপর, দুর্নীতিগ্রন্ত, অধঃপতিত, দেশদ্রোহী-রাজনীতিকদের হাতে পশ্চিমবাংলার শাসনভার তুলে দেওয়ার কথা দেশের জনসাধারণ ভাবতে পারেন কি?

## কংগ্রেসী "নিয়ন্ত্রণ", বি-নিয়ন্ত্রণ—বাজারে মুনাফাখোরের কব্জা

কেউ হয়ত বলতে পারেন ঃ আপনারা এখন কংগ্রেসের ওপর দোষ দিচ্ছেন ১৯৬৭ সালের খাদ্য সংকটের জন্য, কিন্তু বিগত সাধারণ নির্বাচনের সময় আপনারা কি এ-আশংকা প্রকাশ করে জনসাধারণকে সতর্ক করেছিলেন ? আমরা তাঁদের অনুরোধ করব বিগত সাধারণ নির্বাচনের সময় বিভিন্ন বামপন্থী দল যে সব ইস্তাহার প্রচার করেছিল তা আবার পড়ে দেখুন, বিশেষতঃ, আমাদের দলের পক্ষ থেকে "খাদ্য সংকট কেন এবং সমাধান কি" নামে যে পুস্তিকা প্রকাশ করেছিলাম সেটা পড়ে দেখুন।

আজ থেকে দুবছর আগে এই পুস্তিকায় আমরা ১৯ বছরের খাদ্য পরিস্থিতির বিস্তৃত পর্য্যালোচনা করে দেখিয়েছিলাম, ঘাট্তি রাজ্য পশ্চিমবাংলায় খাদ্য সংকট ক্রমাগত এত তীব্রতর হয়ে ওঠার একটা প্রধান কারণ এখানকার কংগ্রেসী সরকারের মজুতদার-মুনাফাখোর তোষণনীতি। তাঁরা কখনও পুরো 'নিয়ন্ত্রণ', কখনও 'আধা-নিয়ন্ত্রণ', কখনও পুরো-বিনিয়ন্ত্রণ, কখনও আধা বি-নিয়ন্ত্রণ চালু করেছেন। কিন্তু সর্বাবস্থাতেই তাঁরা কৃত্রিমভাবে খাদ্যাভাব আরও বাড়িয়ে অস্বাভাবিক দর বৃদ্ধির সুযোগ মজুতদারদের দিয়েছেন।

সাম্প্রতিককালের কথাই ধরুন। ১৯৫৮-৫৯ সালে খারাপ ফসল জেনেও তাঁরা ৫৯ সালের ১ লা জানুয়ারী ধানচালের নিম্নতম ও উচ্চতম দাম বেধে খালাস হলেন। নিজেরা কিছু সংগ্রহ করলেন না, জোতদার-ব্যবসাদারদের উপর লেভি করলেন না, মিলের উপর মাত্র ২৫% লেভি করে বাকি পুরো স্বাধীনতা দিলেন। যত দিন চাষীরা বেচলেন ততদিন চলল মূল্য নিয়ন্ত্রণ, যেই মজুতদার-ব্যবসায়ী-মিলমালিকের ঘরে সস্তায় বেশীর ভাগ ধানচাল উঠে গেল অমনি সব বি-নিয়ন্ত্রণ হল, না বাঁধা দাম, না লেভি, না কর্ডন, যত ইচ্ছে দরে বেচ।

ফল কি হল! অসম্ভব দাম চড়ল। ১০ লক্ষ টন ঘাটতি মেটাতে কেন্দ্রীয় সরকার ১৩ লক্ষ টন সরবরাহ করা সত্ত্বেও হাহাকার উঠল। জেলায় জেলায় চলল মানুষের আন্দোলন। কংগ্রেস সরকারের পুলিশ কলকাতা শহরে সমবেত গ্রামের মানুষকে নৃশংসভাবে পিটিয়ে ৮০ জনের উপর স্ত্রী-পুরুষকে খুন করল। ঘাটতির চেয়ে আমদানি বেশী হওয়া সত্ত্বেও দেশে তীব্রতম খাদ্য সৃষ্টির বাহাদুরি দেখালেন বটে কংগ্রেস সরকার ১৯৫৯ সালে। এই গেল বি-নিয়ন্ত্রণ।

এবার দেখুন প্রফুল্ল সেনের "বিপ্লবী খাদ্য নীতি"—১৯৬৬ সাল। ১৯৬৩-৬৪ সালে ভাল খাদ্য ফসল হয়েছিল। (৫৩ লক্ষ ১৭ হাজার টন চাল) আগের বছরের চেয়ে ৯ লক্ষ টন বেশী। তবু খাদ্য সংকট বাড়ল। তখনও ছিল বি-নিয়ন্ত্রণ। এই দেখে কংগ্রেস সরকার আবার "নিয়ন্ত্রণ" চালু করলেন। কলকাতায় রেশনের দায়িত্ব কেন্দ্রীয় সরকার নিলেন। কর্জন ও দর বাঁধা হল। তবু সরকার নিজেরা ধান চাল সংগ্রহের নীতি নিলেন না। ৬৪-৬৫ সালে তার আগের বছরের চেয়েও ৪ লক্ষ টন বেশী ফসল হল। এই ভাল ফসলের বছরে যদি সরকার নিজেরা সংগ্রহ করতেন ও ঘাটতি অঞ্চলে সরবরাহ করতেন তা হলে দর বাড়ার কথা নয়। কিন্তু নিয়ন্ত্রণ, বি-নিয়ন্ত্রণ সবেই মুনাফাখোরদের সুযোগ দেওয়াই কংগ্রেস সরকারের উদ্দেশ্য। সেই সুযোগ নিয়ে কয়েকমাসের মধ্যে তারা দ্বিগুণ-আড়াইগুণ দাম বাড়াল। আগের বছরের ৩৬-৩৭ টাকা মণ থেকে এ বছর ৬০ থেকে ১০০ টাকা মন উঠল। ১৯৬৩ সালের তুলনায় ১৩ লক্ষ টন চাল বেশী উৎপন্ন হওয়া সত্ত্বেও এবং কেন্দ্রের কাছ থেকে ১০ লক্ষ টন খাদ্য পাওয়া সত্ত্বেও এই দাম বাড়ল। এর কোনও ভিত্তিই ছিল না। কংগ্রেস সরকারের কৃতিত্বে এই বছরই পশ্চিমবাংলার সর্বনাশ হয়ে গেল।

তারপর দূবছর পর পর ভাল ফসল হওয়ার পর দূবছর পর পর ধারাপ ফসল হওয়ার পালা এলো। ১৯৬৫-৬৬ সালে চালের উৎপাদন আগের বছরের চেয়ে প্রায় সাড়ে আট লক্ষ টন কম হলো। এইবার প্রফুল্ল সেনের "বিপ্লবী" খাদ্যনীতি ১৯৬৬ সাল। "সম্পূর্ণ নিয়ন্ত্রণ"—সরকার সরাসরি ধান কিনতে নামলেন, দর বাঁধা হলো, জমির মালিকদের ওপর লেভী বসল, প্রতি জেলায়, মহকুমায়, থানায় কর্ডন হলো, পাইকারী ব্যবসা নিষিদ্ধ হলো, মিলদের ওপর শতকরা ১০০ ভাগ লেভীর আদেশ হলো—চালের হিসাবে সরকার ১৫ লক্ষ টন সংগ্রহ করবেন, এবং শুধু শহরে নয় গ্রামেও খাদ্য যোগাবেন। ভাল কথা।

কিন্তু কংগ্রেস সরকার ইচ্ছে করেই সংগ্রহ ও সরবরাহ উভয় ব্যাপারেই এমন গলদ রাখল যে সব কিছু বানচাল হয়ে গেল।

সংগ্রহের ব্যাপারে জনসহযোগিতা নিতে কিছুতেই তারা রাজি হলো না। ক্রয় মূল্য বাঁধল অসম্ভব নীচে ১৬ টাকা ধানের মণ, বাড়তি জেলার গরীব চাষীদের ঘাড় মূচড়ে ধান কেনা হলো। সংগৃহীত শস্যর কিছুমাত্র অংশ স্থানীয়ভাবে স্টক করল না ও বিক্রি করার ব্যবস্থা হলো না। লেভীর ব্যাপারেও অনেক অবিচার এবং ব্যাপক দুর্নীতি চলল। তদারকের জন্য সর্বদলীয় কিমিটি করতেও সরকার কিছুতেই রাজী হলো না। ফলে ১৫ লক্ষ টনের জায়গায় সম্বৎসরে মাত্র ৫ লক্ষ টনের একটুবেশী চাল সরকার সংগ্রহ করল।

সরবরাহের ব্যাপারে আরও মারাত্মক কাণ্ড! উঁচু দাম, খারাপ ফদল এই অবস্থায় চারিপাশে যখন কর্ডন দেওয়া হচ্ছে তখন ঘাট্তি অঞ্চলগুলিতে প্রথম থেকেই সরকার খাদ্য সরবরাহ না করলে বাজার শুকিয়ে যাবে নিশ্চয়ই এবং দর নামবে না কিছুতেই। এত জানা কথা। তখনকার বামপন্থী ফ্রন্ট সরকারকে বললঃ প্রথম থেকেই ঘাটতি অঞ্চলে কিছু কিছু করে সরবরাহ কর, নইলে সামলাতে পারবে না। কিন্তু প্রফুল্ল সেনের মন্ত্রীসভা স্থির করল প্রথম কয়েক মাস তারা আদৌ সরবরাহ করেবে না। এমনকি বছরের প্রথম তিন মাসে প্রায় ৪ লক্ষ্ণ টন চাল আভ্যন্তরীণ সংগ্রহ হওয়া সত্ত্বেও তার থেকে এক দানাও সরকার ঘাটতি অঞ্চলে সরবারহ করল না প্রথম কয়েক মাস। তাদের কথা হলো স্থানীয় উৎপাদন থেকেই প্রথম কয়েক মাস চলে যাবে। কিন্তু মুনাফাখোররা বাজার শুকিয়ে দিল, দর তুলে দিল আড়াই টাকা থেকে ৩ টাকা কিলো চাল, তাও জোগাড় করতে প্রাণান্ত। নতুন ফসলের মরশুমের সময় এরকম কৃত্রিম দুষ্প্রাপ্যতা, এরকম সাংঘাতিক উচ্চমূল্য কেউ কখনও দেখেওনি, শোনেওনি। বাড়তি অঞ্চলে চাধীর কাছ থেকে মাত্র ১৬ টাকা মণ দরে ধান কেনা হলো, অথচ ঘাটতি অঞ্চলে ৩ টাকাতেও এক কিলো চাল পাওয়া যায় না—প্রফুল্ল সেনের "বিপ্লবী" নয় শয়তানী খাদ্যনীতির এই হলো বিষময় ফল। পরে সারা রাজ্যেই দর হয়ে গেল আগুন। কেন্দ্রীয় সরকারের সরবরাহ সাড়ে ১৬ লক্ষ্ণ টন এবং আভ্যন্তরীণ সংগ্রহ ৫ লক্ষ্ণ টন—মোট সাড়ে ২১ লক্ষ্ণ টন খাদ্যশস্য সরকারের হাতে থাকা সত্ত্বেও বাজারদরকে একটুও নিয়ন্ত্রণ করা গেল না এ বাহাদুরি অতুল্য-প্রফুল্ল চক্র ছাড়া কেউ কোনও দিন দেখাতে পারে নি, পারবেও না!

ফেব্রুয়ারী, মার্চ। বছরের সুরু। খেতে পাচ্ছে না স্কুল কলেজের ছেলেরা—বসিরহাটে মিছিল এবং ঘেরাও করল চালের দাবিতে। চালের বদলে পেল লাঠি এবং গুলি। তারপর বাদুড়িয়ায় গুলি চলল। তারপর স্বরূপনগরের ১২ বছরের ছেলে নুরুল ইসলামকে গুলি করে মেরে ফেলল। কৃষ্ণনগরে মিছিল, গুলি পথে পথে লড়াই। সারা বাংলাদেশে প্রতিবাদ ধর্মঘট, হরতাল। আবার লাঠি চার্জ্জ, টিয়ার গ্যাস, বেপরোয়া গুলিচালনা—মিছিল, ব্যারিকেড, দুর্দ্ধর্য প্রতিরোধ। সারা পশ্চিমবাংলায় প্রায় বিদ্রোহের অবস্থা, তখন পাষণ্ড কংগ্রেসী সরকার থামল, একটু পিছু হটল।

এই হলো পশ্চিমবাংলায় কংগ্রেসী সরকারের "খাদ্যনীতির" কলঙ্কিত ইতিহাস। নিয়ন্ত্রণে, বি-নিয়ন্ত্রণে সর্বদাই তারা মজুতদার মুনাফাখোরের কন্জাকে শক্ত করে দিয়েছে। এমন ব্যবস্থা করেছে যাতে বেশীরভাগ চাষী যে দরে ধান চাল বেচেছে তার চেয়ে অনেক বেশী দরে লোকে কিনে খেতে বাধ্য হয়, ধানচাল দেশে থাকলেও অনেক মানুষের কিনে খাওয়ার ক্ষমতা হয়নি।

এই বিভীষিকার সঙ্গে আমরা সুপরিচিত। তাই ১৯৬৭ সালের নির্বাচনের পূর্বে যখন দেখলাম ফসল আরও কম হয়েছে, লোক আরও বেড়েছে, অথচ কংগ্রেসী সরকার হাত পা ছেড়ে দিয়েছে, আভ্যন্তরীণ সংগ্রহের চাড় নেই, দর নামাবারও লক্ষণ নেই—তখনই আমরা প্রকাশ্যেই এই আশংকা প্রকাশ করেছি যে ১৯৬৭ সালে খাদ্য সংকট আরও তীব্র হবে, কমবে না। জনসাধারণকে মিথ্যা আশা দিয়ে, স্তোকবাক্যে ভূলিয়ে আমরা ভোট চাইনি।

উপরে উল্লিখিত পৃক্তিকায় আমরা তখনই লিখেছিলাম:

"খাদ্যে মুনাফাখোরীর বিশেষত্বই এখানে—গরীব চাষী যে দামে বেচে তার চেয়ে অনেক বেশী দামে কেনে, বেশীর ভাগ চাষী যে দামে বেচে তার চেয়ে অনেক বেশী দামে কিনে খায় গ্রামের খেতমজুর, কৃটির শিল্পী, পান পাট আলু চাষী, শহরের মজুর, নিম্নমধ্যবিত্ত, কেরানী কর্মচারী, ছোট দোকানী। এখানে লক্ষ্য করার ব্যাপার হলো চাষীদের বেচার দাম এবং সাধারণ লোকের কিনে খাওয়ার দামের মধ্যে এই তফাৎ ক্রমশঃই বাড়ছে। তাই ভাবি এ বছর সুক্রতেই যখন পশ্চিমবাংলায় সমস্ত জেলাতেই ২৫ টাকা থেকে ৩৫ টাকা মণ ধান বিক্রি হচ্ছে তখন শেষ পর্যন্ত দর দাঁড়াবে কোথায়?"

"...ঘাটতি রাজ্য কেরল এবং পশ্চিমবাংলায় ত অনাহার অর্জাহার লক্ষ লক্ষ মানুষের নিত্যসঙ্গী। প্রফুল্ল সেন ঘটা করে মৃষ্টি ভিক্ষা তুলছেন পার্কে পার্কে পূর্ভিক্ষ পীড়িত পুরুলিয়া জেলাকে 'সাহায্য' করার জন্য, আগামী নির্বাচনের কথা ভেবে।...পশ্চিমবাংলার বেশীরভাগ জেলায় বিস্তৃত অঞ্চলে এবার সাংঘাতিক অবস্থা। জনসাধারণ শংকিত, ভাবছে এবারে কী করে চলবে, কী করে আর জোটাব সংসারকে?

"নতুন ধান উঠেছে। তবু প্রফুল্ল সেন বলছেন, কলকাতা ও শিক্ষাঞ্চলে রেশন যোগাতে পারছি না। সপ্তাহে মাথা প্রতি মাত্র দু'কিলো রেশন কেটে দিয়ে করা হয়েছে পৌনে দু'কিলো তাও বেশিরভাগ গম। সপ্তাহে মাথা প্রতি এক কিলো চালের রেশন কমিয়ে করা হয়েছে মাত্র তিনশ' গ্রাম, বলছেন ভবিষ্যতে চারশ' গ্রাম করব। আর রেশন এল কার বাইরে সারা বাংলাদেশে সংশোধিত রেশন ত প্রায় বন্ধই করে দেওয়া হয়েছে। খোলা বাজারে চোরা বাজারে যা পার কিনে খাও—সরকারের কোনও দায়িত্বই নেই; অথচ নতুন ফসল ওঠার পরেও বাজারে দর পড়ল না—২৮ টাকা থেকে ৩৫ টাকা মণ ধান বিক্রি হচ্ছে বছরের সুরুতেই! তাহলে ভবিষ্যতে কী হবে? ভাবতেও গা শিউরে উঠে।"

এ আশংকা আমরা তখনই প্রকাশ করেছিলাম—ভোটের আগেই। আমাদের দুর্ভাগ্য যে সেই আশংকাই সত্য হলো।

#### সবার পিছে-সবার নীচে

কংগ্রেসী রাজত্বে সারা ভারত জুড়ে সব জিনিবই অগ্নিমূল্য হয়েছে, একচেটিয়া পুঁজিপতি গোষ্ঠী এবং মুনাফাখোর বড় ব্যবসাদারদের কজা শক্ত হয়েছে সমস্ত বাজার জুড়ে এবং সাধারণ মানুষের রোজগার টাকার অক্তেও বাড়েনি, আর জিনিসপত্রের দাম তার চেয়ে অনেক বেশি বেড়েছে। তাই বেশিরভাগ সংসারে এত টানাটানি চলছে এবং দরিদ্রের সংসারে দিন চলাই দায় হয়ে পড়েছে।

কিন্তু আমাদের মত গরীব দেশে তণুপজাতীয় খাদ্যই প্রধান। এবং খাদ্যের ওপর মুনাফাখোরের কজা না ভাঙ্গতে পারলে দেশের অসংখ্য মানুষ শোচনীয় দুর্দশার হাত থেকে বাঁচবে কী করে? তার জন্য ন্যায্য ভিত্তিতে জনসহযোগিতা নিয়ে খাদ্যের পাইকারী ব্যবসা রাষ্ট্রায়ত্ত করা নিতাক্তই দরকার।

তবু একথা ঠিকই যে, খাদ্যের উৎপাদন যথেষ্ট বাড়াতে পারলে এতখানি মুনাফাখোরী নিশ্চয়ই সম্ভব হয় না। তার কিছুটা আঁচ পাওয়া গেছে এ বছর ১৯৬৮ সালে। মোটামুটি সর্বভারতীয় ক্ষেত্রে ১৯৬৫-৬৬ এবং ১৯৬৬-৬৭ সালে পরপর দুবছর খারাপ ফসল হওয়ার পর ১৯৬৭-৬৮ সালে খুব ভাল ফসল হলো—এত ভাল যা এর আগে কখনও হয়নি—সাড়ে ৯ কোটি টনেরও বেশি, তার আগের দুবছরের চেয়ে দু কোটি টনেরও বেশি। ধান মোটের ওপর ভালই হয়েছিল। অন্যান্য ফসল আরও ভাল হয়েছিল। অনেক রাজ্যের অনেক মুণ্ডীতে (বাজারে) অবিক্রিত ফসল জমে গেল। যুক্তপ্রদেশ এবং হরিয়ানার বহু চাষী মাত্র ২০/২২ টাকা মণ দরে গম বিক্রি করতে বাধ্য হল। ফুড কর্পোরেশনও আগের চেয়ে বেশি প্রায় ৪০ লক্ষ টন খাদ্যশস্য সংগ্রহ করল।

১৯৬৮ সালে খাদ্যশস্যর বাজার দর খানিকটা নেমে যাওয়ার এই ছিল প্রধান কারণ—হঠাৎ প্রচুর উৎপাদন বৃদ্ধি। যদিও চাষীরা কোনও কোনও অঞ্চলে ন্যায্য দাম পায়নি, যদিও তাদের বেচার দামের চেয়ে অনেক বেশি দরে লোককে কিনে খেতে হয়েছে, এবং যদিও মানুষের দারিদ্র্য বেড়ে যাওয়ার ফলে দাম কিছুটা কমে যাওয়া সত্ত্বেও অনেকেরই পেট ভরে খাওয়ার মত চাল কেনার ক্ষমতা ছিল না—তবু সাধারণভাবে খাদ্য সংকটের তীব্রতা অনেকটা হ্রাস পেয়েছে।

কিন্তু এই ভাল ফসলও যথেষ্ট নয়। আমেরিকার যুক্তরাষ্ট্রে যেখানে মাথা প্রতি বছরে ১ টনেরও বেশি এবং সোভিয়েত যুক্তরাষ্ট্রে সৌনে এক টনের মত খাদ্য ফসল উৎপন্ন হচ্ছে সেখানে আমাদের সবচেয়ে ভাল ফসলের বছরে মাথাপ্রতি মাত্র <sup>১</sup>/<sub>৫</sub> টন, অর্থাৎ ৫ মণের একটু বেশি উৎপন্ন হয়েছে। যে সব নিকৃষ্ট শস্য অন্য দেশে গবাদি পশুদের খাওয়ান হয় তাও আমাদের দেশে মানুষকে খেতে হয়। সমস্ত মানুষকে পেট ভরে খাওয়াতে হলে এবং গৃহপালিত পশুদের খাদ্য যোগাতে হলে আরও অনেক বেশি শস্য উৎপাদন বাড়াতে হবে। জন্মসংখ্যা বাড়ছে তাও মনে রাখতে হবে।

থিতীয়তঃ এই যে খুব ভাল ফসল হলো ১৯৬৭-৬৮ সালে তা প্রধানতঃ সুবৃষ্টির জন্য। ভাল ফসলের ভিন্তি এখনও ন্যায্য নয়। কংগ্রেস সরকার পুঁজিবাদী পথে কৃষির উন্নতির চেষ্টা করে আসছেন। তাঁরা বলছেন "গম বিপ্লব" হয়ে গেছে, এইবার "ধান বিপ্লব" হবে! একথা ঠিকই যে কতকগুলি রাজ্যে কোনও কোনও অঞ্চলে সেচ ব্যবস্থা ও বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা অনেক প্রসারিত ও উন্নত হয়েছে, এবং বড় জমিদার ও ধনী চাবী নানাভাবে সরকারি বেসরকারি ঋণ পেয়ে ও মুনাফাখোরীর সুযোগ পেয়ে চাযে অনেক পুঁজি খাটাছে—বেশি সার, উন্নত বীজ ও ট্রাক্টর পাম্প প্রভৃতি যন্ত্রপাতি ব্যবহার করছে। কিন্তু ভারতের বেশির ভাগ অঞ্চলেই এখনও সেচ ও জলনিকাশী ব্যবস্থা খুবই অনুন্নত, বেশির ভাগ গ্রামে বিদ্যুতও আসেনি, দেশে মোট সারের ও কীটনাশক ঔবধের উৎপাদনও খুবই কম। সর্বোপরি দেশে অসংখ্য কৃষক জমিহীন হয়ে আছে শুধু তাই নয়, যাদের জমি আছে তাদেরও বেশির ভাগই গরীব, পুঁজি নেই, ঋণের দায়ে মহাজনের কাছে হাত পা বাঁধা, ধনিকশ্রেণীর কংগ্রেসী সরকার এদের উপেক্ষাই করে আসছে। তাই সব মিলিয়ে দ্রুত এবং ব্যাপক উৎপাদন বৃদ্ধির পাকা ভিত্তি এখনও সৃষ্টি হয় নি।

তৃতীয়তঃ উৎপাদন বাড়লে মুনাফাখোরী কমে বটে কিন্তু তার কন্ধা আপনা আপনি ভেঙ্গে যায় না। তার জন্য খাদ্যশস্যের পাইকারী ব্যবসা রাষ্ট্রের হাতে নেওয়া ও জনসহযোগিতায় পরিচালনা করা দরকার। কিন্তু কেন্দ্রীয় সরকার ও কংগ্রেস "হাইকমান্ডের" মতলব তা নয়। তাঁরা কিছুতেই খাদ্য শস্যের পাইকারী ব্যবসা রাষ্ট্রের হাতে নিচ্ছেন না। এমনকি বাজার থেকে সরকারি দামে শস্য কেনার জন্য যে ফুড কর্পোরেশন গঠন করেছেন তাকে দিয়েও যথেষ্ট শস্য কেনাচ্ছেন না। ১৯৬৮ সালে সবচেয়ে বেশী কিনিয়েছেন—৪০ লক্ষ টন। কিন্তু খাদ্য শস্য উৎপন্ন হয়েছিল প্রায় ১০ কোটি টন, শতকরা ২৫ থেকে ৩২ ভাগ বাজারে আসে শতকরা মাত্র ১০ ভাগ কিনলেও এক কোটি টন কেনা যেত। তাহলে সরকারের হাতে অনেকটা স্টক থাকত এবং ঘাটতি রাজ্যগুলিকে পরের বছর প্রথম থেকেই সরবরাহ করতে পারতেন। তাঁরা তা না করে এখনও খাদ্যশস্যের বাজার মোটের ওপর মজুতদার মুনাফাখোরদের হাতেই ছেড়ে রেখে দিয়েছেন এবং গম সরবরাহের জন্য আমেরিকার কাছে হাত পেতেই রেখেছেন।

সারা ভারতের এই ছবি মোটেই ভরসা যোগায় না। কিন্তু এর মধ্যে পশ্চিমবাংলার অবস্থা অতি ভয়াবহ, অন্ধকারময়। কংগ্রেসী শাসনে পশ্চিমবাংলা সবার পিছে, সবার নীচে!

ভারত সরকারের পরিসংখ্যান থেকে দেখা যায় ১৯৫২-৫৩ সাল থেকে ১৯৬৪-৬৫ সাল পর্যন্ত ১২ বছরে যেখানে (চক্র বৃদ্ধিহারে) জনসংখ্যা বৃদ্ধি পেয়েছে ২.৯২% হারে, সেখানে খাদ্য উৎপাদন বৃদ্ধি পেয়েছে মাত্র ১.১৪% হারে—অর্থাৎ অর্থেকেরও অনেক কম! ফলে গড়পড়তা ঘাটতি ক্রমশঃই বাড়ছে।

অথচ, ঐ ১২ বছরে পশ্চিমবাংলার জনসংখ্যা বৃদ্ধির হার অন্যান্য রাজ্যের তুলনায় এমন কিছু বেশী ছিল না। কারণ, বেশীরভাগ উদ্বাস্থা ১৯৫২-৫৩ সালের আগেই এসে গেছেন। ঐ ১২ বছরে জনসংখ্যা বৃদ্ধির গড় হার ছিল ঃ হিমাচলে বাৎসরিক ২.২২%, মহারাষ্ট্রে ২.৩২%, মধ্যপ্রদেশে ২.৫২%, পাঞ্জাবে ও গুজরাটে ২.৬১%, রাজস্থানে ২.৬৮%, আর পশ্চিমবাংলায় ২.৯২%। কিন্তু ঐ ১২ বছরে খাদ্য ফসল উৎপাদন বৃদ্ধির বাৎসরিক গড় হার অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবাংলায় অনেক কম ছিল ঃ মাদ্রাজে ৪.১৭%, কেরলে ৩.৬৮%, পাঞ্জাবে ৩.৬৬%, হিমাচলে ৩.৬৩%, মহীশুরে ৩.৩১%, অন্ধ্রে ৩.২১%, বিহারে ৩.০৫%, আর পশ্চিমবাংলায় মাত্র ১.১৪%। অর্থাৎ পশ্চিমবাংলার তুলনায় অন্য অনেক রাজ্যে ৩ গুণ বেশী হারে খাদ্য শস্যের উৎপাদন বেড়েছে। ১৫টি রাজ্যের মধ্যে আমাদের স্থান ১২টি রাজ্যের নীচে, ১৩ নম্বর।

কেরল ছাড়া অন্যান্য রাজ্যের তুলনায় জনসংখ্যার অনুপাতে আমাদের চাষযোগ্য জমি কম ঠিকই। তার ফলে কৃষি উৎপাদন প্রসারিত করার সুযোগ আমাদের কম। কিন্তু যে জমি চাবে আছে তাতেই আরও অনেক বেশী ফসল বাড়ানো যায়—একই চাবে ফলন বেশী হতে পারে এবং একই জমিতে একাধিক চাষও করা যেতে পারে—যদি তার উপযুক্ত ব্যবস্থা হয়। অর্থাৎ একর প্রতি ফলন অনেক বেশী বাড়াবার ব্যবস্থা করতে হবে—নইলে বাঁচার রাস্তা নেই।

তার জন্য প্রয়োজন জোতদারী, মহাজনী, মুনাফাখোরী শোষণ থেকে গরীব ও মাঝারী কৃষকদের মুক্তি। তার জন্য প্রয়োজন প্রকৃত ভূমি-সংস্কার, ব্যান্ধ জাতীয়করণ, রাষ্ট্রায়ত্ব বাণিজ্য প্রভৃতি। এ ব্যাপারে সারা ভারতেরই কংগ্রেসী শাসকবর্গ কমবেশী অবহেলা করেছে কারণ তারা শোষকশ্রেণীগুলিরই পৃষ্ঠপোষক। কিন্তু তবু সেচব্যবস্থা, বিদ্যুৎ নিয়ে আসা, সার, উন্নত বীজ, যন্ত্রপাতি ও ঋণ সরবরাহের ব্যাপারে অন্যান্য রাজ্যের সরকার যেটুকু করেছে পশ্চিমবাংলায় অতৃল্য-প্রফুল্ল চক্রের সরকার তাও করেনি। দেখুন ঃ ধানই আমাদের প্রধান ফসল এবং উপযুক্ত জল ছাড়া ধান হয় না। অথচ ১৯৬৫ সাল পর্যন্ত ধান ক্ষেতে সেচ-ব্যবস্থা যেখানে ছিল মাদ্রাজে ৯২% জমিতে, অক্ত্রে ৯০%, পাঞ্জাবে ৭৪%, মহীশুরে ৬১%, কেরলে ৪৬%, সেখানে পশ্চিমবাংলায় ২৩%। ১৯৬৪-৬৫ সালে প্রতি হেক্টর জমি যেখানে গড়ে সার ব্যবহার হয়েছিল মাদ্রাজে ৯.৯ কিলো, অক্ত্রে ৮.৫ কিলো, পাঞ্জাবে ৫.৭ কিলো, কেরলে ৪.৭ কিলো, সেখানে পশ্চিমবাংলায় মাত্র ১.৮ কিলো। ১৯৬২ সালে রিজার্ভ ব্যাঙ্কের অনুসন্ধানে দেখা যায় সারা ভারতের গড়ে একটি কৃষক পরিবার ২২৪ টাকা পুঁজি নিয়োগ করেছে কৃষিতে—মাদ্রাজে ৩৬৭ টাকা, পাঞ্জাবে ৩৭০ টাকা, অন্ধ্রে ৩৯০ টাকা আর পশ্চিমবাংলায় মাত্র ৯০ টাকা। বিদ্যুৎ সেরবরাহের কথা না বলাই ভাল। ১৯৬৬ সাল পর্যন্ত মাদ্রাজে বিদ্যুৎ গেছে প্রায় ১২শ গ্রামে, ৩৮ হাজার গ্রামের মধ্যে।

এই হচ্ছে পশ্চিমবাংলায় ১৯ বছরের কংগ্রেসী শাসনের রেকর্ড—কৃষিতে পশ্চিমবাংলা পড়ে আছে সবার পিছে, সবার নীচে। অতুল্য-প্রফুল্ল চক্র কৃষিকে ও কৃষককে চুড়ান্ত অবহেলা করেছে। তাদের হাতেই আবার শাসনভার গেলে পশ্চিমবাংলাকে আর বাঁচতে হবে না!

## কংগ্ৰেস হটাও—দেশ বাঁচাও

যদিও এবার ফসল ওঠার পর নির্বাচন হচ্ছে তবুও যুক্তফ্রন্ট জয়ী হলে ১৯৬৯ সাল একরকম করে চলে যাবে। নির্বাচনের আগে রাজ্যপালের ওপর চাপ দিয়ে কিছু শস্য সংগ্রহ করান যাবে; নির্বাচনের পরও যুক্তফ্রন্ট সরকার কিছু সংগ্রহ করতে পারবে; বাইরে থেকেও কিছু আমদানী করা যাবে, কেন্দ্রের ওপর চাপ দিয়েও কিছু আদায় করা যাবে। জনসহযোগিতা নিয়ে দুর্নীতি ও মুনাফাখোরী কমানর এবং ন্যায্য বন্টনের চেষ্টা করা যাবে।

কিন্তু ১৯৬৯ সালে খাদ্য পরিস্থিতি কী হবে এটাই কি বড় প্রশ্ন ? খাদ্য সংকট ত এক বছরের মামলা নয় ! বরাবরের জন্য এর সমাধানের রাস্তা বার করাই সবচেয়ে বেশী জরুরী প্রয়োজন।

মাত্র ৯ মাসের শাসনেই যুক্তফ্রন্ট সরকার ফসল বাড়ানোর জন্য এবং ন্যায্য মূল্যে কেনাবেচার জন্য বিভিন্ন ব্যবস্থা অবলম্বন করতে উদ্যোগী হয়েছিল। যুক্তফ্রন্ট সরকার পুনঃ প্রতিষ্ঠিত হলে এই সব ব্যবস্থা ত্বরান্বিত হবে—কৃষি উৎপাদন বৃদ্ধি দ্রুত হবে, কৃষকদের ওপর জুলুমও কিছুটা কমবে, কৃষকদের সুযোগ সুবিধা কিছুটা বাড়বে, খাদ্যে মুনাফাখোরীও অনেকটা কমবে, খাদ্য সংকটও অনেকটা প্রশমিত হবে।

কিন্তু তার জন্য পদে পদে যেমন পশ্চিমবাংলার কায়েমী স্বার্থের বিরুদ্ধে লড়তে হবে, তেমনি কেন্দ্রীয় সরকারের অন্যায় অবিচারে বিরুদ্ধেও লড়তে হবে।

এই দেখুন না—উত্তর ও দক্ষিণ বাংলার বন্যাবিধ্বস্ত মানুষদের রিলিফ বন্ধ হচ্ছে, পুনর্বসতি হচ্ছে না, রাজ্যপাল কেন্দ্রের কাছে যেটুকু সাহায্য চেয়েছে তার অর্থেকও কেন্দ্রীয় সরকার দিচ্ছে না। আর এই বন্যার জন্য তারাই দায়ী। ২২ বছরের শাসনেও বন্যানিয়ন্ত্রণ পরিকল্পনাগুলি তারা কাজে পরিণত করতে আগ্রহ দেখায়নি।

আবার, নতুন পঞ্চবার্ষিকী পরিকল্পনার জন্য রাজ্যপালের সরকার যে সামান্য টাকা চেয়েছে তারও অর্ধেক কেন্দ্রীয় সরকার ছাঁটাই করছে। ভাবুন ঃ পাঁচ বছরের পশ্চিমবাংলায় সেচ, জল নিকাশ, বন্যানিয়ন্ত্রণ সব কিছুর জন্য মাত্র ২৫ কোটি টাকা রাজ্যপাল বরাদ্দ করেছে, তাও পাওয়া যাবে কি না কেউ জানে না!

क्टियुत धेर मत्नाভाবের विक्रम्ह ना मा कि कि रूरे जानाग्र करा यात ना।

কিন্তু একটা গভীরতর প্রশ্ন উঠেছে যা এড়িয়ে যাওয়া যায় না।

রাজ্য সরকারগুলোর রাজকোব পাৎলা হয়ে এসেছে, দেউলিয়া হওয়ার উপক্রম। কেন্দ্রীয় সরকারের অবস্থাও সুবিধের নয়। পুঁজিবাদী পথে দেশের উন্নতি করতে গিয়ে কংগ্রেস যে শুধু একদিকে কোটিপতির সংখ্যা, অপরদিকে দরিদ্রের সংখ্যা বাড়িয়েছে শুধু তাই নয়—সারা দেশের অর্থনীতিকে এক বিরাট সংকটের মধ্যে ফেলেছে। আবার সংকটজর্জ্জরিত জনসাধারণের প্রতিবাদ ও আন্দোলনকে আরও কঠোরভাবে দমন করার জন্য ক্রমশঃই গণতান্ত্রিক অধিকার খর্ব করছে, চরম স্বেচ্ছাচারী শাসনের পথে চলেছে।

এই অর্থসংকট এবং নির্মক্ত অত্যাচারের হাত থেকে দেশকে বাঁচাতে হলে মৌলিক পরিবর্তন চাই। বিদেশী শোষণ, দেশী একচেটিয়া পুঁজিপতি, বড় জোতদার, মহাজন, মুনাফাখোর বৃহৎ ব্যবসায়ীর কজ্ঞা ভাঙ্গা চাই। জনবিরোধী শাসনযন্ত্র ঢেলে সাজা চাই। এবং এর জন্য রাষ্ট্রক্ষমতা থেকে, কেন্দ্রীয় সরকার থেকে কংগ্রেসকে হটিয়ে দিয়ে সমস্ত দেশপ্রেমিক ও গণতান্ত্রিক শক্তির সম্মিলিত সরকার প্রতিষ্ঠা করতে পারা চাই।

সারাভারতব্যাপী জনগণের সেই অভিযান গড়ে তুলতে হবে, পশ্চিমবাংলাকে তার পুরোভাগে থাকতে হবে, এবং যুক্তফ্রন্টকে তারই নেতৃত্ব দিতে হবে। এ ছাড়া প্রকৃত সমাধানের পথ নেই।

# খাদ্যনীতি সম্পর্কে পশ্চিমবংগ কৃষক সভার প্রস্তাব

[স্বাধীনতা, ৩০শে জ্বানয়ারী, ১৯৫৯]

- ১। নৃতন ফসল ওঠার সঙ্গে সঙ্গে আভ্যন্তরীণ সংগ্রহের দ্বারা সরকারকে ৫ লক্ষ টন চালের উপযোগী ধান চাল সংগ্রহ করিতে হইবে। সরকারকে নিজ দায়িত্বে প্রত্যক্ষভাবে প্রতি গঞ্জে কৃষক ও মহাজনদের নিকট হইতে ক্রয় করিতে এবং মিলের উৎপাদনের ওপর শতকরা ৫০ ভাগ লেভী করিতে হইবে। ব্যাঙ্ক হইতে মহাজন ও মিল মালিকদের অগ্রিম দেওয়া বন্ধ করিয়া ব্যাক্কের টাকা সরকারি ক্রয়ের জন্য ব্যবহার করিতে হইবে।
- ২। সারা বছরের জন্য মাঝারি ধানের সর্বনিম্ন ও সর্বোচ্চ মূল্য যথাক্রমে মন প্রতি ১২ টাকা ও ১৩ টাকা ধার্য্য করিতে হইবে। মাঝারি চালের এইরূপ মূল্য ২০ টাকা ও ২২ টাকা ঠিক করতে হইবে। এই অনুপাতে মোটা ও মিহি ধান চালের দর নির্দ্ধারণ করিতে হইবে। ধানের দরের অনুপাত কৃষকদের নিত্য প্রয়োজনীয় জিনিষপত্রের বিশেষতঃ খইল ও সরকারি সারের দাম কমাইতে হইবে।
- ৩। সরকারি খাদ্যভাগুার হইতে সাব্সিডি দিয়া রেশন ব্যবস্থায় ১৭.৫০ টাকা দরে চাল বিক্রয় করিতে ও অধিকন্ত অভাবের সময় গরীব কৃষকদের কর্জ দিবারও ব্যবস্থা করিতে হইবে।
- ৪। ফসল ওঠার পরেই কেন্দ্রীয় সরকারকে আনুমানিক ঘাটতির কথা জানাইতে ও তাঁহা প্রণের জন্য কেন্দ্রীয় সাহায্যের দাবি করিতে হইবে।
- ৫। খাদ্য সংগ্রহ, সরবরাহ রিলিফ প্রভৃতি বিষয়ে জনগণের সহযোগিতা নিশ্চিত করিতে হইবে। সর্বস্তারে বিশেষতঃ ইউনিয়ন স্তারে সর্বদলীয় কমিটি গঠন করিতে হইবে। প্রতি ব্যাপারে কমিটির সহযোগিতা ও পরামর্শ লইতে হইবে।

# Scarcity and soaring prices in midst of record production

[New Age, Independence Day (15 August) 1959]

The Central Executive Committee of the National Council of The Communist Party of India Views with alarm the fast deteriorating food situation in the Country. Vast regions are experiencing acute food shortage and Prices of food grains gave registered an unprecedented rise everywhere, even in the surplus states. The situation is bound to worsen still further in the coming lean months.

The fact that food crisis of such a magnitude has developed in a year in which there has been a record Production of food grains as claimed by the Government of India, is the sharpest condemnation of the policies pursued by the central and state government in this respect.

The so-called scheme of state-trading in food grains enforced this year leaves the market entirely in the grip of big dealers who have been appointed by government licences but who have themselves conspired to make a farce of the whole scheme by purchasing as little as possible on government account and by purchasing and hoarding large stocks on their own personal accounts. In several states, they have created a situation in which normal flow of food grains to the market has been reduced to the lowest level ever reached in recent years. In such surplus states as Andhra, the Central Government has purchased very inadequate stocks from the millers and other big traders, thereby allowing the latter to corner large stocks and raise the prices to abnormal heights.

Neither the central nor the state governments have taken any action against their anti-social activities. The corrupt administrative machine has, on the contrary, abetted and encouraged them. The State Government have obstinately resisted the popular demand for de-hoarding and for strict enforcement of the Essential Commodities Act. In fact, some state Governments with this artificially created scarcity in the market, have withdrawn all Price control orders, thus giving full freedom to the black marketeers to push up the prices and fleece the people, as is happening in Bengal today.

The central Government has not only connived at such developments but has in many ways itself contributed to leaving them alone The Union Food Ministry has shown utter callousness and incompetence in tackling the country's food situation.

Thus, it can be stated that the present food crisis in the country is the result of the bankrupt food policies of the central and state Governments which despite the introduction of their scheme of state-trading were unable to buy more than a tiny fraction of the total marketable surplus immediately after the harvest and allowed the monopolistic trading interests, millers and big landlords to corner the greater part of the Produce.

The Central Executive Committee expresses its strong condemnation of these policies of the central and state Government which have resulted in a calculated strengthening of the parasitic and exploiting classes, within the towns and in the country side.

Moreover, the Congress Governments in the states, either refuse to form Popular Committees or deliberately make them, where these exist, ineffective and useless. Even the consultative committee on food constituted by the Prime Minister at the centre remains a meaningless show. The Central Executive Committee deplores this negative attitude towards popular co-operation.

The Committee demands that the following measures should be immediately put into effect in order to provide enough food at reasonable prices to the people and to alleviate the prevailing distress:

- (1) All food stocks lying with traders, millers and big landlords should be immediately requisitioned and all acts of hoarding and black marketeering should be severely punished.
- (2) Anti-haording campaigns should be launched with people's cooperation in all areas affected by scarcity.
- (3) Cheap grain-shops should be opened in adequate numbers in all urban areas and also in such rural areas as are affected by scarcity and high prices of food grains.
- (4) Adequate relief measures in the form of test works and gratuitous relief payments should be under taken in rural areas where mass distress and starvation due to high prices of food grains prevail. Taqaavi loans on a liberal scale should be granted to peasants.
- (5) Prices of all other essential commodities required by the common people should be controlled and brought down.
- (6) Food Advisory Boards of a Proper representative character should be constituted at all levels, from district upwards and these boards should be functioned in a manner that they can safeguard Popular interests effectively as against the anti-social activities of the big traders and landlords.

The Central Executive Committee calls upon all units of the party to take steps to mobilise and Unite the people on the biggest scale possible against the present bankrupt food policies of the central and state Governments and for the achievement of the above-mentioned immediate.

New Age 15 August, 1959

### Text of Resolution adopted by the Central Executive Committee of the Communist Party of India on September 23, 1959

[New Age, 4 October 1959, Sunday]

The Central Executive Committee of the National Council of the Communist Party of India has given its anxious thought to the present situation in West Bengal arising out of the total failure of the Government's food policy and the orgies of unbridled police violence against the people.

Over the past three years, the food situation in the state has gone from bad to worse as a result of the cornering of food grains by the hoarders and all-round corruption and mal-administration in the Food Ministry under the minister-in-charge Sri P. C. Sen. Despite the fact that the centre had, according to official figures, met the entire deficit, artificial scarcity was created to benefit the hoarders and profiteers. Prices have soared far beyond the reach of the common man and the entire state has been thrown into conditions of semi-starvation and acute distress. In all this, the guiding policy of the State Government, particularly its Food Minister, has been one of deliberate and direct abetment of the anti-social elements.

#### **Shocking and Deplorable**

What is even more shocking and deplorable is that, instead of changing its discredited food policy, the state Government chose to suppress the peaceful food movement which the Price-Increase-and-Famine-Resistance-Committee (PIFRC) was compelled to launch after all their constructive proposals for tackling the food Problems had been arrogantly spurned by the Government.

Begining with August 31, when a massive peaceful demonstration in Calcutta was surrounded by the police and mercilessly lathi-charged from all sides so that there could be no-escape, a large number of persons, men as well as women, unofficially estimated at 80 and officially at 43, were killed in Calcutta and Howrah and the 24-parganas in the course of six days as a result of police firings, lathi-charges and tortures in Police lock-ups.

Moreover, a number of people missing since those days remain yet untraced and it is feared that at least some of them must have been killed. Dead bodies of the victims were removed by the Police and secretly burned and otherwise disposed of.

In these unprovoked and barbarous police attacks, about 3,000 persons suffered bullet and other injuries and many are still lying in hospitals in rather serious condition. The police broke into houses of peace-living citizens, assulted the inmates and even dishonoured their womenfolk before taking young men of the family into custody. At onetime, in Howrah even the military was called out to assist in this terror campaign against the people. In its long history of Police excesses and savagery, first under the British and bow under the Congress, West Bengal has scarcely experienced such premeditated and revengeful police brutalities. And it is now officially admitted that Chief Minister Dr. B. C. Roy and the Police Minister Sri Kalipada Mukherjee, personally directed many of these police operations from the control room of Calcutta's Police headquarters.

#### **Need for Public Enquiry**

The Central Executive records its strongest condemnation of these police atrocities and fully supports the demand for impartial public enquiry into them. The committee notes with indignation that the State Government still refuses to meet this very legitimate demand even when all sections of Public opinion, including practically every newspaper in Calcutta are clamouring for such as public enquiry. No civilised society can tolerate this attitude on the part of a Government after it has taken so many human lives in an insane bid to suppress a perfectly legitimate and democratic movement. The committee appeals to all right-minded men throughout India to voice their protest against this repression and lend their active support to the demand for public enquiry. In the larger interests of the country and its future, the crimes of the West Bengal Government cannot be allowed to go unchallenged and unanswered.

The Central Executive Committee is firmly of opinion that the demands of the food movement are not only just but they can also be easily met by the Government. These demands include the distribution of surplus lands already in the hands of the Government among the agricultural labourers and the Poor peasants; the requisite extension of modified rationing scheme to cover all needy people, the building up of adequate people, the building up of adequate food stocks through Government purchases at fair prices to the peasants, the curbing of hoarding and speculation through such Government procurement and effective anti-hoarding measures; the reduction food prices, provision for adequate agricultural loans and other relief measures; and finally, the setting up of all-parties food advisory committees at all levels. No one who is at all serious about West Bengal's food situation being brought under control will say that these are realistic or impossible demands.

Yet, the state Government has thought it fit to brush them aside and persisted in their policies which stand self-condemned. It is regrettable that the Chief Minister of West Bengal, Dr. B. C. Roy should have refused to initiate discussions with the leaders of the Price-Increase-and-Famine-Resistance Committee on the basis of these popular and just demands.

The Central Executive Committee is confident that once the Government gives up its present rigid attitude and approaches the problem with an open mind and imagination, there will be no difficulty whatsoever in finding a way out of the impasse.

In this connection, the Central Executive Committee strongly feels that the resignation of the State Food Minister, Sri P. C. Sen, has become an urgent necessity not only in broader public interest but also from and administrative angle. People have lost confidence in this Minister and his continuance in office, especially after the resignation of the Union Food Minister, Sri A. P. Jain, can only cause constant irritation to the people and obstruct any fresh and constructive approach.

The Committee notes with satisfaction that all sections of public opinion have very rightly called for his resignation. The Chief Minister of West Bengal will be well advised to pay heed to this popular demand.

The Central Executive Committee notes with deep regret that although a number of persons arrested in connection with the food movement have been released, many still continue to remain in Jails. Moreover, a large number of these prisoners are being denied the status of political prisoners and this can only be interpreted as a sign of vindictiveness on the part of the authorities. The committee urges upon the Government to release all persons and withdraw all cases pending in connection with the food movement. This is essential to clear the atmosphere and initiate a new constructive approach.

The Central Executive Committee of the National Council of the Communist party of India

records its profound administration for the people of West Bengal for their heroic struggle for food and relief under the leadership of the PIFRC. It is the Unity of the people, their peaceful methods and, above all, the Universal character of their demands which gave heightened the moral prestige of the movement and given it enormous sweep and strength. The committee is confident that whatever the provocations, the people of West Bengal will continue to seek redress of their legitimate grievances regarding food and relief through peaceful methods.

The Central Executive Committee appeals to the people in other states to express their solidarity in a befitting manner with this great movement of the people of West Bengal for food.

New Age, 4 October, 1959 Sunday

# Statement by the PIFRC dated 27 May 1959

২৭শে মে তারিখে মৃশ্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি আবার একটি বিবৃতি দেন। পূর্বোক্ত তেরোই মের বিবৃতিতে সামগ্রিকভাবে সমগ্র চিত্রটি তুলে ধরা ও সমগ্র রাজ্য জুড়ে এক প্রবল বিপর্যয়ের আশংকা করা সত্ত্বেও রাজ্য সরকার খাদ্যাবস্থার অবনতিরোধে সুদৃঢ় কোন পদক্ষেপ গ্রহণ করতে উদ্যোগী হন নি। গোপন মজুত উদ্ধারের লোক দেখানো খেলা খেলে বাজীমাৎ করতে চাইছিলেন তাঁরা। স্বয়ং খাদ্যমন্ত্রী চোদ্দই মে আকস্মিকভাবে সতেরোটি সন্তা দরের দোকান পরিদর্শন করেছিলেন। এও ছিল স্টান্ট। যেহেতু মূল সমস্যাটি ছিল ভিন্ন, এবং স্বাভাবিকভাবেই স্বীয় শ্রেণীস্বার্থকে লগুঘন করে মূল সমস্যার সমাধানের জন্য তাঁরা উদ্যোগী হতে পারেন নি। যাইহোক ২৭শে মে পুনরায় মূল্য বৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি দুঃখ প্রকাশ করে আবার একটি বিবৃতি দিলেন। এই বিবৃতিতে তাঁরা সুস্পষ্টভাবে দাবি করলেন ঃ (এক) সংশোধিত রেশনিং মারফত রাজ্যব্যাপী সর্বস্তরের জনসাধারণকে সাড়ে সতের টাকা মণ দরে চাল সরবরাহ করতে হবে। (দুই) সংশোধিত রেশনিং ব্যবস্থা ব্যাপকভাবে চালু করতে হবে। (তিন) খুচরা দোকান মারফত খোলাবাজারে নিয়মিত নিয়ন্ত্রিত মূল্যে চাল সরবরাহ করতে হবে। (চার) চাল কলগুলির উপর শতকরা পঞ্চাশ ভাগ লেভি বসাতে হবে। (পাঁচ) পাঁচ লক্ষ টন খাদ্য মজুত করতে হবে। (ছিয়) পর্যাপ্ত কেন্দ্রীয় সাহায্য্যের ব্যবস্থা করতে হবে। (সাত) ব্যাপকভাবে মাথাপিছু দৈনিক দেড় টাকা হারে সপ্তাহব্যাপী টেস্ট রিলিফ চালু করতে হবে। (আট) দুঃস্থ ব্যক্তিদের খয়রাতি সাহায্য দিতে হবে। (নায়) সর্বস্তরের সর্বদলীয় কমিটি গঠন করতে হবে।

# Statement of the PIFRC signed by Jyoti Basu, Niranjan Sen (CPI), Hemanta Basu, Tara Dutta (F.B), Makhan Pal (RSP) and Nihar Mukherjee (SUCI)

[ मिनिक वत्रुमणी, ১७ म ১৫৫৯ ]

এই রকম পরিস্থিতিতে দ্রবামূল্য ও দূর্ভিক্ষ প্রতিরোধ কমিটির পক্ষ থেকে শ্রীজ্যোতি বসু, শ্রীহেমন্ত বসু, শ্রীনিরঞ্জন সেন, শ্রীমাখন পাল, শ্রীতারা দত্ত, শ্রীনীহার মুখার্জী প্রমুখরা এক বিবৃতিতে বললেন—"খোলাবাজারে চাউলের দুষ্প্রাপ্যতা, চাউলের ক্রমবর্দ্ধমান মূল্যবৃদ্ধি প্রভৃতির ফলে সারা রাজ্যে শস্যের ব্যাপারে যে সংকটজনক পরিস্থিতির উদ্ভব হইয়াছে তাহাতে দ্রব্যমূল্য বৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি উদ্বেগ প্রকাশ করিতেছে। খাদ্যাবস্থায় এইরূপ অবনতি ঘটায় শহর ও গ্রামাঞ্চলের মানুষের দুর্গতি বৃদ্ধি পাইয়াছে এবং উহা ক্রমশঃ ব্যাপক ও তীব্র আকার ধারণ করিতেছে। প্রসঙ্গত ইহা উল্লেখযোগ্য যে পশ্চিমবঙ্গ মুনাফা রোধ আইন ও ধান চাউলের মূল্য নিয়ন্ত্রণ আদেশ গত কয়েকমাস যাবৎ রাজ্যব্যাপী চালু ও বলবৎ রহিয়াছে। ইহা লক্ষণীয় বিষয় যে, ব্যবসায়ীরা এই সমস্ত আইন ও আদেশকে লব্দন ও ফাঁকি দিয়া তাহাদের অসাধু কার্যকলাপ চালাইয়া যাইতেছে এবং জনসাধারণকে অবর্ণনীয় দুঃখ দুর্দশার মধ্যে ঠেলিয়া দিয়াছে। কলিকাতা ও শিল্পাঞ্চলে চাউলের দাম মণ প্রতি গড়ে তিন-চার টাকা বৃদ্ধি পাইয়াছে এবং অন্যত্র আরো চড়া দামে বিক্রয় হইতেছে। বিভিন্ন জেলায় চাউলের দুষ্প্রাপ্যতা তীব্র আকার ধারণ করিয়াছে এবং অপর দিকে সংশোধিত রেশনিং ব্যবস্থা আদৌ নিয়মিত ও পর্যাপ্তভাবে চাল নহে। সাথে সাথে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি পাইয়াছে। এইরূপ এক অবস্থায় রাজ্য খাদ্যমন্ত্রী যে উদাসীন ও আত্ম সন্তুষ্টির মনোভাব অনুসরণ করিতেছেন তাহা অতীব নিন্দনীয় ও পরিতাপের বিষয়। খাদ্যমন্ত্রী অবস্থার গুরুত্ব উপলব্ধি করিতে পারিতেছেন না। কমিটির ঘোরতর আশংকা রহিয়াছে যে, খাদ্যমন্ত্রীর এইরূপ হৃদয়হীন মনোভাব ও বাস্তববর্জিত নীতি রাজ্যের জনসাধারণকে এক শোচনীয় পরিস্থিতির মুখে ঠেলিয়া দিবে। দ্রব্যমূল্যবৃদ্ধি ও দূর্ভিক্ষ প্রতিরোধ কমিটি ও বিরোধী দলসমূহ বহু পূর্ব হইতে খাদ্যে বিপুল ঘাটতির দরুণ সংকটজনক পরিস্থিতির আশংকা করিয়া কিছু সুচিন্তিত মত যথা ঃ খোলা বাজারে চাউল সংগ্রহ, পাঁচ লক্ষ টন চাউলের স্টক রাখা, চাউল কলগুলির উপর ্শতকরা ৫০ ভাগ লেভি করা প্রভৃতি রাজ্য সরকার, বিধানসভা ও রাজ্য খাদ্য উপদেষ্টা বোর্ডের নিকট উপস্থিত করিয়াছিলেন। অপরদিকে কমিট খাদ্য সমস্যার সৃষ্ঠ ও সন্তোষজ্ঞনক সমাধানের জন্য সর্বস্তরে সর্বদলীয় খাদ্য কমিটি গঠনের দাবি করেন। কিন্তু অতীব দুঃখের ও ক্ষোভের বিষয় যে. দলীয় রাজনীতির দ্বারা চালিত হইয়া সরকার এই সমস্ত বক্তব্যকে আমল দেওয়া প্রয়োজন মনে করেন নাই। সরকারের এইরূপ অসহযোগিতামূলক ও দলীয় মনোভাবের প্রতিবাদে কমিটি খাদ্য উপদেষ্টা বোর্ডের সভা বর্জন করিতেছেন। কমিটির সুস্পষ্ট অভিমত বর্তমান খাদ্য পরিস্থিতির অবনতির জন্য সরকারী নীতি ও মনোভাব সম্পূর্ণরূপে দায়ী। সমস্ত অবস্থার গুরুত্ বিবেচনা করিয়া কমিটি সরকারকে অনতিবিলম্বে খোলা বাজারে নিয়ন্ত্রিত মূল্যে চাউল সরবরাহের ও অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের দাবি জানাইতেছে। কমিটি সংশোধিত রেশনিং ব্যবস্থা ব্যাপক ও নিয়মিত ভাবে চালু করার দাবি জানাইতেছে। কমিটি সরকারের আচরণ ও কার্যপদ্ধতি সম্পর্কে যে তিক্ত অভিজ্ঞতা রহিয়াছে তাহা স্মরণ করিয়া জনসাধারণকে এই বিষয় সজাগ ও সতর্ক করিয়া দিতেছে এবং খাদ্যাবস্থার অবনতি রোধের জন্য এবং নায্য দাবি দাওয়া আদায়ের জন্য রাজ্যব্যাপী প্রবল জনমত ও আন্দোলন গডিয়া তুলিবার আহান জানাইতেছে।"

# খাদ্য সংকট ও দুর্ভিক্ষ প্রতিরোধে জঙ্গী গণ-সংগ্রাম গড়ে তুলুন

[ সোস্যালিষ্ট ইউনিটি সেন্টার ]

দীর্ঘ বারো বছর কংগ্রেসী শাসনের ইতিহাসে একমাত্র ১৯৫৩-৫৪ সাল বাদে আর সব বছরেই পশ্চিমবাংলায় ব্যাপক আকারে খাদ্য-সংকট ও দুর্ভিক্ষাবস্থা দেখা দিয়েছে। আমাদের দল সোস্যালিষ্ট ইউনিটি সেন্টার বাংলাদেশের এই স্থায়ী ব্যাধিটি হতে মুক্তি পাবার পথ কংগ্রেসী সরকারকে বারবার নির্দেশ দিয়েছে। কিন্তু সরকার পক্ষ আমাদের সে কথায় কর্ণপাত ত' করেই নি, পক্ষান্তরে এমন সব পন্থা গ্রহণ করেছে যাতে খাদ্য সংকটের তীব্রতা বৃদ্ধিই পেয়েছে। ধান চালের "মূল্য নিয়ন্ত্রণ আদেশ" প্রত্যাহার, এই রকম একটি জন স্বার্থবিরোধী সরকারি পন্থা। এই আদেশ প্রত্যাহারের ফলে খোলা বাজারে চাল আমদানীর পরিমাণ বেড়েছে সে বিষয়ে কোন সন্দেহ নেই—এবং এই ঘটনা এই সত্যই প্রমাণ করে যে মজুতদার মূনাফাখোরদের হেফাজতে প্রচুর পরিমাণ চাল ছিল যা সরকার অনায়াসেই উদ্ধার করতে পারত। কিন্তু চালের দাম দিনের পর দিন বেড়েই চলেছে এবং বর্তমানে এমন এক অবস্থায় এসেছে যে এই বর্দ্ধিত দামে চাল কেনার ক্ষমতা জনসাধারণের নেই। সরকারি নীতির কল্যাণে কালোবাজারী দাম আজ্ব খোলাবাজারী দামে রূপ নিয়েছে। এর ফলে জনসাধারণের বাস্তব অবস্থা ক্রমণঃ অধিকতর খারাপ হচ্ছে।

সরকার পক্ষ থেকে বলা হয়ে থাকে যে, পশ্চিমবাংলা যেহেতু খাদ্য বিষয়ে ঘাটতি অঞ্চল, সেইহেতু এখানে খাদ্য সংকট দেখা দিতে বাধ্য। সরকারের ঐ বন্ধব্য ঠিক নয়। কারণ, পশ্চিমবাংলায় গতবছর ৭ লক্ষ টনের মত ঘাটতি থাকলেও কেল্রের কাছ থেকে ৮ লক্ষ টনের মত খাদ্য শাধ্য পাওয়া গিয়াছিল। এই ভাবে ঘাটতি মিটলেও গত বছর খাদ্য সংকটের তীব্রতা আদৌ কমেনি। এ বছরও ঠিক সেই অবস্থা। সরকারী তথ্য মতে এ'বছরের ঘাটতির পরিমাণ প্রায় ৯ লক্ষ টন। কেন্দ্রীয় সরকার এই ঘাটতি পূরণ করবে বলেছে এবং মাসে মাসে খাদ্যশধ্য এই ব্যাপারে সরবরাহ করছেও। তা' সত্ত্বেও এ'বছরের দুর্ভিক্ষাবস্থা ক্রমেই বেড়ে চলেছে। সূতরাং এই স্থায়ী খাদ্য সংকট শুধু উৎপাদন সমস্যা নয়, বিশেষ করে ইহা বন্টন সমস্যাও। ভূমি ব্যবস্থার আমূল সংস্কার, জনসাধারণের ক্রয় ক্ষমতা বৃদ্ধি, নিত্য ব্যবহার্য জিনিষপত্রের দাম ক্যানো প্রভৃতি মৌলিক সমস্যাওলির সংগেও খাদ্য সমস্যা অঙ্গাঙ্গীভাবে জড়িত।

দেশবাসী আজ যে অবস্থায় এসে পৌঁছেছে তাতে আজই উপরিউক্ত রিষয়গুলি সম্পর্কে কোন কার্য্যকরী পদ্মা গ্রহণ না করলে তাদের বাঁচানো সম্ভব হবে না। সেই দিকে লক্ষ্য রেখে আমরা দাবি করি যে অবিলম্থে নিম্নলিখিত দাবিগুলি সরকারকে গ্রহণ করতে হবে।

- ১। যে সমস্ত জমি ইতিমধ্যে সরকারের হাতে এসেছে, সেই সমস্ত জমি অবিলম্বে বিনামূল্যে ভূমিহীন চাষী ও ক্ষেত্তমজুরদের মধ্যে পাকাপাকিভাবে বিলি করতে হবে।
- ২। জ্বোতদার জমিদাররা যে সমস্ত জমি বেনাম করেছে সেগুলি এখনি বাজেয়াপ্ত করে ভূমিহীন চাষী ও ক্ষেতমজুরদের মধ্যে বিনামূল্যে পাকাপাকিভাবে বিলি করতে হবে।
- ৩। যে সমস্ত আবাদযোগ্য পতিত জমি ও জোতদারের বেনাম করা জমি চাষী মজুররা দখল করেছে সেগুলি আইনসিদ্ধ করতে হবে।
  - ৪। জমি হতে চাষী ও বর্গাচাষীদের সমস্ত রকমের উচ্ছেদ বন্ধ করতে হবে।
  - ৫। নামমাত্র সূদে পর্য্যাপ্ত পরিমাণে কৃষি-ঋণ ও গো-ঋণ উপযুক্ত সময়ে দিতে হবে।
  - ৬। এ' বছরের মত ঋণ ও খাজনা আদায় স্থগিত রাখতে হবে।
  - १। काम विनम्न ना करत উन्नज्जत जनस्मा ज्ञान वार वीज ७ मात मतवतार कतरा रहा।

- ৮। গ্রামীন ক্ষেতমন্ত্র্র ও শহরে বেকারদের উপযুক্ত মন্ত্র্রিতে নিয়মিত কান্ধ দিতে হবে এবং তা না দিতে পারঙ্গে বেকার ভাতার ব্যবস্থা করতে হবে।
  - ৯। অক্ষম ও অভাবী লোকদের খয়রাতি সাহায্য দিতে হবে।
- ১০। কৃষিজ্ঞাত দ্রব্যের দাম শিল্পজাত দ্রব্যের দামের সাথে এমন সুসমভাবে বাঁধতে হবে যাতে কৃষককুল ক্ষতিগ্রস্ত না হয়।
  - ১১। নিত্য প্রয়োজনীয় জিনিষপত্রের দাম কমিয়ে জনসাধারণের ক্রয় ক্ষমতার মধ্যে আনতে হবে।
  - ১২। খাদ্য দ্রব্যে বে-সরকারী ব্যবস্থা বন্ধ করতে হবে।
  - ১৩। চালকলগুলি জাতীয়করণ করতে হবে।
- ১৪। গ্রামে ও শহরে সমস্ত লোকদের সাড়ে ১৭ টাকা মণ দরে খাদের উপযোগী চাল উপযুক্ত পরিমাণে সরকারকে সরবরাহ করতে হবে।
  - ১৫। ভূমি ও ভূমিরাজস্ব বিভাগ, কৃষি বিভাগ ও খাদ্য বিভাগকে এক মন্ত্রীদপ্তরের অধীনে আনতে হবে।
  - ১৬। উপরোক্ত দাবিগুলি অবিলম্বে পূরণ করতে হবে, তা না হলে মন্ত্রীসভাকে পদত্যাগ করতে হবে।

জনসাধারণের অভিজ্ঞতা এই কথাই বলৈ যে, কংগ্রেসী সরকারের রাজত্বে জনসাধারণের কোন দাবি সংগ্রাম ছাড়া আদায় করা যায় না। এ' ক্ষেত্রেও সরকারের জনস্বার্থ-বিরোধী মুনাফাখোরদের স্বার্থরক্ষণকারী খাদ্যনীতিকে সাধারণ মানুষের স্বার্থের অনুকূলে পরিবর্তিত করতে হলে দেশব্যাপী ব্যাপক গণ-আন্দোলন গড়ে তোলা ছাড়া অন্য পথ নেই। পশ্চিমবাংলার সাধারণ মানুষ যে, সরকারের খাদ্যনীতি সমর্থন করে না তা' অতি স্পষ্টভাবে প্রমাণ হয়ে গেছে গত ২৫শে জুনের সফল হরতাল ও সাধারণ ধর্মঘটের মধ্য দিয়ে। এখন প্রয়োজন এই আন্দোলনকে ব্যাপকতর করা এবং একে এমন ভাবে উন্নীত করা যাতে জনবিরোধী সরকারকে তার খাদ্যনীতি পরিবর্তনে বাধ্য করা যায়।

প্রশ্ন হোলো এ' আন্দোলনের রূপ কি হবে? গত কয়েকবছর ধরে বামপন্থীদলগুলি এবং তাদের নিয়ে গঠিত মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি এক বিশেষ জাতের সত্যাগ্রহ আন্দোলন পরিচালনা করে আসছে। এই জাতীয় আন্দোলন যেন বাংসরিক এক কাজ হয়ে দাঁড়িয়েছে। জনসাধারণ বংসরের পর বংসর ভূগবে, বামপন্থীদলগুলি বছরের পর বছর আন্দোলন করার নামে আন্দোলনের প্রহসন করে চলবে যার কোন সুফলই গণ-জীবনে আসবে না—এ জিনিষ ঘটা উচিৎ নয়। এবং জনসাধারণের নিজস্বার্থে ঘটতে দেওয়া উচিৎ নয়। এই জাতীয় ছককাটা সত্যাগ্রহ আন্দোলন জনতার সমস্যা সমাধান করতে পারে না এবং তার প্রতি জনতার কোন আস্থাও নেই, এ' সত্য বামপন্থীদলগুলির বোঝা উচিৎ। এবার ওজাতের আন্দোলন অবশ্যই পরিহার করে এমন ভাবে আন্দোলন করতে হবে যাতে সরকারকে উপরোক্ত দাবিগুলি গ্রহণ করতে বাধ্য করানো যায়। সত্যাগ্রহ আন্দোলনে যেমন কোন কাজ হবে না, তেমনি সু-সংগঠিত নেতৃত্বহীন বিক্ষিপ্ত আন্দোলনের দু' চারিটি বিস্ফোরণও লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করবে না। বোঝা দরকার যে, আন্দোলন দীর্ঘস্থায়ী হবে এবং তাকে সু-সংগঠিত নেতৃত্বের অধীনে পরিচালিত করতে হবে। সরকারের খাদ্যনীতির বিরুদ্ধে গণমনে বিক্ষোভের সীমা নাই, এ কথা যথার্থ, কিন্তু শুধু বিক্ষোভ থাকলেই আন্দোলন সফল হয় না, সেই বিক্ষোভকে সাংগঠনিক রূপ দিতে পারলে তবেই সংগ্রামে সফলতা আশা করা যায়। জনসাধারণের বিক্ষোভ এবং তাদের সংগ্রামশীলতা এক বস্তু নয়। এমতাবস্থার প্রয়োজন জনসাধারণের সু-সংগঠিত সংগ্রামশীলতা। এই আন্দোলন সম্পর্কে বামপন্থীদলগুলির মধ্যে স্বভাবতঃই পার্থক্য আছে। কোন কোন দল চায় কেরালায় তাদের পার্টি-গঠিত সরকারের বিরুদ্ধে অন্য দলগুলি যে সংগ্রাম চালাচ্ছে তার পান্টা উত্তর হিসাবে পশ্চিমবাংলায় এখনই একটা কিছু সুরু করে দেওয়া—কেরালার ঘটনাবলীর উপর এখানকার আন্দোলনের মান নির্দ্ধারণ করা, সংগঠনের প্রস্তুতির কোন দরকার নেই। এটা হঠকারিতা হবে এবং এর দ্বারা দলীয় প্রচারের সুবিধা হলেও জ্বনসাধারণের বিশেষ কিছু সুবিধা হবে না। কারণ, আগেই বলা হয়েছে—সংগ্রাম দীর্ঘস্থায়ী হবে এবং দীর্ঘস্থারী সংগ্রামের জন্য সু-সংবদ্ধ সংগঠন অবশ্য প্রয়োজনীয়। এ' কথাও আলোচিত হয়েছে যে, গণমনে বিক্ষোভ থাকলেও সে বিক্ষোভকে আন্দোলনে রূপ দিতে গেলে জনগণের নিজস্ব যে সংগঠন দরকার তা' আজো গড়ে তোলা হয়নি। ফলে, প্রস্তুতিবিহীনভাবে এখনি একটি আন্দোলন সুক্র করে দিলে তাকে বেশী দূরে নিয়ে যাওয়া যাবেনা। এবং সে আন্দোলন ব্যর্থ হতে বাধ্য। অন্যদিকে কিছু কিছু দল চান যে কেরালার প্রতিউত্তর হিসাবে যখন এরা আন্দোলন সূক্র

করতে চান তখন তাঁদের সেই সুযোগ হতে যে কোন রকমে বঞ্চিত করতে হবে এবং তার জন্য প্রয়োজন হলে খাদ্য আন্দোলনই বন্ধ করতে হবে ; সব চাইতে আশ্চর্য্যের বিষয় এই যে এদের নিজস্ব কোন কার্য্যসূচী ও সংগ্রামের পরিকল্পনা নেই। আন্দোলন যারা আদপেই করতে চায় না অথচ আন্দোলন না করলে জনসাধারণের কাছে রাজনৈতিক দল হিসাবে বে-ইজ্জত হবার সম্ভাবনা যেখানে আছে সেখানে এই "হত-ইতি-গজ" পথে পা বাড়ান ছাড়া এদের দ্বিতীয় পন্থা নেই। এই উভয় পথই ভ্রান্ত এবং জনস্বার্থ বিরোধী। আমরা মনে করি আন্দোলনকে দু'পর্য্যায়ে ভাগ করা দরকার। প্রথম পর্য্যায়ে দীর্ঘস্থায়ী জঙ্গী গণ আন্দোলনের উপযোগী সাংগঠনিক প্রস্তুতি গড়ে তোলা দরকার। জনসভা, মিছিল, প্রচার প্রভৃতির মাধ্যমে দাবিগুলিকে জনপ্রিয় করে তুলতে হবে। প্রতিটি অঞ্চলে আন্দোলন পরিচালনার জন্য সংগ্রাম কমিটি গড়ে তুলতে হবে এবং এই সংগ্রাম কমিটিগুলির অধীনে হাজার হাজার স্বেচ্ছাসেবক সংগঠিত করতে হবে। এই কাজগুলি শেষ করতে হবে প্রথম পর্য্যায়ের মধ্যে। বোঝা দরকার, আন্দোলন বলতে কেবলমাত্র মারামারি কাটাকাটি বোঝায় না, সঠিক আন্দোলনের জন্য উপযুক্ত সাংগঠনিক প্রস্তুতি গড়ে তোলাও আন্দোলন। এ প্রস্তুতি আবশ্যিক এবং এছাড়া সত্যিকারের ব্যাপক জঙ্গী আন্দোলন গড়ে তোলার কথা ভাবা বাতুলতা। ভাদ্র-আন্ধিন মাসে অবস্থা আরো সঙ্গীন হবে। তার মধ্যেই আমাদের প্রাথমিক পর্য্যায়ের কাজগুলি সুসম্পন্ন করতে হবে। এই প্রাথমিক পর্য্যায়ের কাজ সম্পাদনের উপর নির্ভর করবে দ্বিতীয় পর্য্যায়ের প্রত্যক্ষ সংগ্রামের রূপ। কোনো সংগ্রামের রূপের শেষ কথা গোড়াতেই বলে দেওয়া যায় না। এ ক্ষেত্রেও এখনি সব কথা বলা সম্ভব নয় ; সাংগঠনিক প্রস্তুতি যেমন যেমন হবে প্রত্যক্ষ সংগ্রামের রূপ ও পদ্ধতি তেমন তেমন হবে। তবে সাধারণ ভাবে সংগ্রামের মূল রূপ সম্পর্কে একটা ধারনা করে নেওয়া যেতে পারে। আর যাই হোক দ্বিতীয় পর্য্যায়ের প্রত্যক্ষ আন্দোলন তথাকথিত সত্যাগ্রহ অথবা বিক্ষিপ্ত এক-আধদিনের বিস্ফোরণমূলক আন্দোলন হবে না। শহরে সভা, পথসভা, মিছিল, সরকারী কর্ম্মচারীদের ঘেরাও থেকে সুরু করে ট্যাক্স-বন্ধ আন্দোলনের মধ্য দিয়ে নিরবচ্ছিন্ন সাধারণ ধর্ম্মঘটে আন্দোলনকে উন্নীত করার চেষ্টা করা যেতে পারে। অন্য দিকে গ্রামাঞ্চলে সভা-সমিতি, মিছিল, ঘেরাও, জোতদার ও আরতদারদের মজুত চাল ধরা ও ন্যায্য মূল্যে বিক্রি করা প্রভৃতির মাধ্যমে চাষের উপযোগী পতিত জমি ও জোতদারদের বেনাম করা জমি জোর পূর্ব্বক দখল ও চাষ করা এবং খাজনা ও কর বন্ধ আন্দোলনের চেষ্টা করা যেতে পারে। মূল কথা, আন্দোলনকে ধাপে ধাপে এগিয়ে নিয়ে গিয়ে গোটা শাসন ব্যবস্থায় অচল অবস্থার সৃষ্টি করতে হবে। এই ভাবে আন্দোলন পরিচালিত করতে পারলে খাদ্য-সমস্যার স্থায়ী প্রতিকার করার জন্য সরকারকে বাধ্য করানো সম্ভব—অন্যান্য বামপন্থী দলগুলিকে আমরা আমাদের এই বক্তব্য লিখিতভাবে জানিয়েছি। তার ফল কতদুর কি হবে তা ভবিষ্যতের কথা। তবে আমরা মনে করি, পশ্চিমবাংলার বামপন্থী দলগুলি আন্দোলনের এই কর্ম্মসূচী গ্রহণ করলে খাদ্য সংকটের দ্বারা বিদ্ধস্ত পশ্চিমবাংলার জনসাধারণ স্থায়ী একটি ব্যধি হতে মুক্তি পেতে পারে। সে মুক্তি গণজীবনে কিছুটা সুদিন আনবে। পশ্চিমবাংলার সাধারণ মানুষকেও তাই আমরা আহ্বান করি যে, আপনারাও এগিয়ে আসুন বামপন্থী দলগুলির উপর উপরোক্ত পথে আন্দোলন পরিচালনার জন্য চাপ সৃষ্টি করুন, আন্দোলনে হাজার হাজার সামিল হোন, কংগ্রেসী সরকার তথা পুঁজিবাদী রাষ্ট্র ব্যবস্থার বিরুদ্ধে জঙ্গী গণ-আন্দোলন গড়ে তুলে নিজেদের দাবি প্রতিষ্ঠা করুন। এইভাবে আন্দোলন পরিচালনা করলে শুধু খাদ্য সমস্যার সমাধানের পথ অনেকটা সরল হবে তাই নয়, গণ-আন্দোলনের নতুন ইতিহাসও রচনা হবে।

- ৫ জঙ্গী গণ সংগ্রাম গড়ে তুলুন
- রু জনস্বার্থ বিরোধী খাদ্যনীতি পরাস্ত করুন
- 🖈 देन्किलाव जिन्मावाम

এস. ইউ. সি'র পশ্চিম বঙ্গ রাজ্য কমিটির পক্ষে কমরেড সুকোমল দাসগুপ্ত কর্তৃক ৪৮ নং ধর্ম্মতলা ষ্ট্রীট, কলিকাতা-১৩ হইতে প্রকাশিত এবং ইমপ্রিউ প্রেস হইতে মুদ্রিত।

### পঞ্চবার্ষিক পরিকল্পনার সংকট

[২৫শে জুলাই ১৯৫৮, পশ্চিমবংগ বিধানসভায় ভাষণ]

#### জ্যোতি বসু

জ্যোতি বসু : মাননীয় স্পিকার মহাশয়, আমরা বহু পূর্বে এই সেসন আরম্ভ হবার আগে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা সম্বন্ধে একটা আলোচনা চেয়েছিলাম। আলোচনা এইজন্য চেয়েছিলাম যে সংবাদপত্রে আমরা দেখছিলাম এবং বহু খবর আমাদের কাছে ছিল যে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার একটা সংকট দেখা দিয়েছে সর্বভারতীয় ক্ষেত্রে। স্বভাবতই আমরা ভেবেছিলাম পশ্চিমবাংলায় নিশ্চয়ই তাহলে এর একটা প্রতিফলন আমরা দেখতে পাব এবং এখানকার যেটুকু পঞ্চবার্ষিকী পরিকল্পনা আছে তারও নিশ্চয়ই কিছু কাটতে হবে বা কমাতে হবে, বা কিছু অদল-বদল হবে। কিন্তু দুর্ভাগ্যবশত আমাদের সরকারের তরফ থেকে পঞ্চবার্ষিকী পরিকল্পনা সম্বন্ধে এবং এই আলোচনার সুবিধার জন্য বোধ করি—যে বইটা দেওয়া হয়েছে সেটা আমি পড়ে দেখলাম তাতে পড়বার কিছু নেই। পুরানো ব্যাপার যা যা ছিল লাল বই ও নীল বইয়ে বাজেটের সময়, সেই সমস্ত জিনিস আর একটা বইতে টুকে দেওয়া হয়েছে। আমরা যেভাবে জানতে চেয়েছিলাম সেটা অন্য জিনিস। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার তৃতীয় বৎসরে আজ কতটা কাজ হয়েছে, কতটা কাজ হয়নি, কত টাকা খরচ হয়েছে, কোথায় টাকা খরচ করা যায়নি, কেন যায়নি, একটা বিশেষ কোনো পরিকল্পনার কোনো বিপদ আছে কিনা এবং ভবিষ্যতে তাহলে কি করা হবে ইত্যাদি, সর্বভারতীয় ক্ষেত্রে যে ঘটনা ঘটছে বৈদেশিক মুদ্রার ব্যাপারেই হোক, বা অন্য কোনো ব্যাপারেই হোক, বেকার সমস্যার ব্যাপারে হোক এগুলি পশ্চিমবাংলায় কি হবে এবং আমাদের সরকার এ বিষয়ে আলোচনা করেছেন কিনা, ভেবেছেন কিনা—এগুলি জানতে চেয়েছিলাম। যদি তাঁরা ভেবে থাকেন তার প্রতিকার কি ভেবেছেন ং দুর্ভাগ্যবশত সেসব কিছুই এখানে পেলাম না। আমি যেগুলি বলবো, তা আমার নিজস্ব ধারণা যা, তা থেকেই বলবো। বই থেকে বিশেষ কিছু আলোচনার মধ্যে যেতে পারবো না।

এটা আপনারা বুঝতে পারেন এইসব রিপোর্ট সংবাদপত্রে দেখে আমরা বিচলিত না হয়ে পারি না। পঞ্চবার্ষিকী পরিকল্পনা যদিও কংগ্রেস সরকারের পরিকল্পনা, তবুও আমরা চাই না এই পরিকল্পনা ব্যর্থ হয়ে যাক। আমাদের দেশ এত পিছিয়ে পড়া দেশ, এখানে দু-চারটি কারখানা হোক, কৃটিরশিল্প পুনর্জীবিত হোক, কোনো জায়গায় দুটো রেল লাইন হোক স্বভাবত আমরা এসব সমর্থন করবো। আমরা চাইব সেগুলো হোক। দেশের অগ্রগতির জন্য এসব প্রয়োজন। এমন যদি শিল্প গড়ে ওঠে আমাদের দেশের যা সাম্রাজ্যবাদী দেশের উপর নির্ভরশীল মেশিনারির জন্য, অন্যান্য জিনিসের জন্য, সেসবও আমরা চাই। সেজন্য হঠাৎ আমরা দেখছি ভারত সরকার একথা বললেন যে আমাদের একটা ক্রাইসিস উপস্থিত হয়েছে এবং আমাদের মুখ্যমন্ত্রী অবশ্য বলছেন বারে বারে ওখানে যা হয় হবে, তাতে আমাদের কিছু এসে যাবে না। আমাদের এখানে যা খরচ করতে যাচ্ছি, আমরা তা খরচ করবো, আমাদের যা পরিকল্পনা নেওয়া হয়েছে, তাই থাকবে। আমাদের যৌ করবার, তাই করব। কিন্তু এটা আমার কিছুতেই বিশ্বাস হছে না এবং কমনসেন্স থেকে বুঝতে পারছি না, কি করে, কোথা থেকে উনি টাকা পাবেন। উনি কি করবেন কিছুই বুঝতে পারছি না। কিন্তু সংকটটা আমাদের কি, এ সম্বন্ধে গভীরভাবে আমাদের চিন্তা করা আবশ্যক। এই সংকটের হাত থেকে কি করে পরিত্রাণ পাবেন তা আমি জানি না।

প্রথম দেখছি এঁদের বৈদেশিক মুদ্রার অবস্থা হচ্ছে—গত তিন বছরে অর্থাৎ ১৯৫৫ থেকে ১৯৫৮ সাল পর্যন্ত, ৭২৩ কোটি থেকে ২১০ কোটিতে গিয়ে নেমেছে এবং যে রেটে এ এখনও খরচ করছেন এই বৈদেশিক মুদ্রা, তাতে এই জিনিস হবে খুব পরিষ্কারভাবে, আর কিছুদিন পরে, এ বছরের শেষে ঐ যে ২১০ কোটি বৈদেশিক মুদ্রা খরচ হতে বাকি আছে, তাও ফুরিয়ে যাবে। কারণ এমন আমরা দেখছি আমাদের দেশের জ্বিনিস যা রপ্তানি হচ্ছে তার চেয়ে অনেক বেশি জিনিস বিদেশ থেকে আমাদের এখানে আমদানি হচ্ছে। সূতরাং এটা শুধু অর্থনৈতিক অবস্থার প্রশ্ন নয়, এর মানে হচ্ছে যে আমাদের

বেশি বেশি নির্ভরশীল হতে হবে ভালের সঙ্গে, যাদের সঙ্গে আমাদের বেশি অর্থনৈতিক সম্বন্ধ আছে, বোধ করি ধানিকটা রাজনৈতিক এবং তার সঙ্গে **বানিকটা অর্থনৈতিকও বটে।** যেমন **আমেরিকা, প্রেট ব্রিটেন ইত্যাদি, তাদের উপরে**, বেশি বেশি আমাদের নির্ভরশী**ল হওরা ছাড়া আর কোনো উপায় নেই**। এদের **কাছে আমাদের টাকা চাইতে যেতেই হবে এবং** এর ফলে এরা আমাদের উপর নানা রকম চাপ সৃষ্টি করবেন এদের কবলে ভারতবর্ষকে আনবার জন্য। আমরা জানি বর্তমানে আমেরিকাতে যে **সংকট দেখা দিয়েছে ভার প্রভাব খুব ভালোভাবে আমাদে**র দেশে এসে পড়েনি। ঐ প্রভাবে পড়ে ওঁদের ৫০ লক্ষ মানুষ বেবলর হয়ে গিয়েছে। এটা ওঁদের হিসাব আমাদের হিসাব আরও বেশি। আমেরিকাতে যদি এই অবস্থা চলতে থাকে, তাহলে তার কিছুটা প্রভাব আমাদের এখানে পড়ছে। আমাদের এখানে জুট ট্রেডের ব্যাপারে, চায়ের ব্যাপারে, এই দুটোর <del>দূরবছা</del> হবে সে বিষয়ে সন্দেহ নেই। এবং এটা হতে বাধ্য, এই কারণে যে আমরা কখনও দরকার বোধ করি নি যে আমাদের এই ট্রেড-এর কোনো ড্রাইভার্সিফিকেশন করা বায় কিনা। আমরা অন্য জায়গায় যেতে পারি কিনা ? সূতরাং এদের উপর নি<del>র্ভরশীল</del> হয়ে আমাদের থাকতেই হবে। আমাদের দেশের ভিতর ব্যবস্থা করতে পারব কি করে ? এইমাত্র প্রস্তাব আলোচনা বখন হচ্ছিল মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন আমাদের কিছু করবার উপায় নেই। উনি রেকমেন্ড করেননি, আমি কিছু করতে পারব না। কিন্তু আজ্বকের যে প্রস্তাব এখানে এসেছে, সেটা বছদিনের প্রস্তাব, টি, জুট, ফরেন এক্সচেঞ্জ আর্নার্স সম্বন্ধে আমরা অনেক কিছু বঙ্গেছি, কিছু এ কথা শোনেননি; বিশেষ করে এগুলি যদি সরকারের হাতে না থেকে প্রাইভেট ব্যবসায়ীদের হাতে থাকে তাহলে আরও অসুবিধার মধ্যে পড়ব। সেগুলি এতক্ষণ ধরে বোঝাবার চেষ্টা করা হলো, তিনি বুঝলেন না। যাই হোক, সংকট আরও কোখার দেখছি? বলা হলো প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এমন ব্যবস্থা করব, যে বিদেশ থেকে আমাদের আর খাদ্য আমদানি করতে হবে না, খাদ্যে আমরা স্বয়ংসম্পূর্ণ হব। তারপর বলা হলো ১২ লক্ষ টন প্রতি বছর খাদ্য আমদানি করব। আর ৬০ লক্ষ টন দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সমস্ত ভারতবর্ষের ক্ষেত্রে বলেছেন। ভারপর এখন বলছেন প্র্যানিং কমিশন ১২ লক্ষ টনের জায়গায় ২০ থেকে ৩০ লক্ষ টন খাদ্য প্রতি বছর আমদানি করতে হবে। আরও বলেছেন ১৯৫৭-৫৮ সালে অনেক ক্ষেত্রে আমাদের অর্থনৈতিকভাবে ১৩৩ কোটি টাকার মেশিনারি প্রাইভেট সেক্টরে আনতে দেওয়া হয়েছে; যা না আনলেও চলতো। তারপর মেশিনারি মডার্নিইজেশন, ন্যাশনালাইজেশন এমন জায়গায় করতে গিয়েছিলেন, যা না করলেও চলত। ফলে কি হয়েছে? এইগুলি সরকার পলিসি করে, এখন হঠাৎ আমাদের সরকার বললেন, তাঁরা ডিসকভার করলেন, আবিষ্কার করলেন আমাদের ভয়ত্কর অবস্থা ফরেন এক্সচেঞ্জ কমে যাচ্ছে, টাইটেন ইউর বেল্টস, লোক ছাঁটাই হবে কিছু করবার উপায় নেই, এই সমস্ত কথা শুনতে হচ্ছে। লোক ছাঁটাই আরম্ভ হয়েছে দেশকে নষ্ট করে।

কারণ দেশকে স্বয়ংসম্পূর্ণ ভারা খানিকটা করতে পারেননি, ১২ লক্ষর জায়গায় যদি ২০ লক্ষ ৩০ লক্ষ খাদ্য—অবশ্য আমরা মনে করি আরও বেশি খাদ্য আনতে হবে আধ পেটাও যদি লোককৈ খাওয়াতে হয়—কারণ যে জিনিস করবার কথা ছিল ওদের সে জিনিস ওরা করেননি। অর্থাৎ আমাদের দেশের কৃষির ব্যবস্থা, খাদ্যের উন্নতির ব্যবস্থা এইসব জিনিসগুলি ওরা করতে পারেননি, বা ওদের টার্গেট ছিল সেখানে ওরা পৌছাতে পারেননি এই সমস্ত বিষয় আমরা দেখি এবং আর কি ওরা করেছেন, আরও সংকট হয়েছে বে লোকের উপর তাঁরা বোঝা চাপিয়েছেন দুভাবে, এক হচ্ছে ট্যান্সের দ্বারা, পরোক্ষভাবে তারা ট্যাক্স বসিয়েছেন লোকের উপর, জিনিসের দাম বাড়িয়েছেন, ইনফ্রেশন করেছেন, মুম্রাম্থীতি হয়েছে, নেটি ছাপিরে গিয়েছেন কত মাল উৎপাদন হছে না হছে এইগুলির দিকে না তাকিয়ে, যার ফলে আমরা দেখছি এখন নিজেরাই বলকেন বে পরিক্রনার খরচা যা ওরা হিসাব করেছিলেন তার উপর ৯৫০ কোটি টাকার মধ্যে তিনি কি পড়েন না, খরচা যে বেড়ে গেল পরিক্রনার আমাদের মুখ্যমন্ত্রী পশ্চিমবাংলার, এই ৯৫০ কোটি টাকার মধ্যে তিনি কি পড়েন না, খরচা যে বেড়ে গেল পরিক্রনার আমাদের এখানে কি তার কোনো একেক্ট হবে না ং আমরা যে টাকা খরচ করছি দ্বিতীয় পরিক্রনায় তার উপর কি কোনো এক্টেই হবে না এ কিভাবে আমরা যে খরচ করছিলাম, বতটা আমরা পাবো ভেবেছিলাম তাই পাবো একি কখনো হতে পারে ং সেখানে সমস্ত ভারতবর্ষে ৯৫০ কোটি টাকা খরচা বেড়ে গেল এই জিনিসের দাম বাড়াতে এবং এইমাত্র কথা হচ্ছিল যে এইসব কথা বললেই ওরা বলেন যে টাকা কোথায় পাওয়া যাবে উনি নাকি খুব মনোযোগ দিয়ে শুনছিলেন যে টাকা কি করে পাওয়া যার, কি করে আমরা পরিক্রনার দেরকার নেই, প্রথম পরিক্রনান। থেকে

একথা ৮ বংসর ধরে বোঝাবার চেষ্টা করছি কিছু ওরা বুঝেও বুঝকেন না এটা ওরা ঠিক করেছেন, কারণ বোঝা ওদের অসুবিধাও আছে, ষেরকম ধরনের ওদের সরকার, যাদের ওরা সরকার সেই হিসাবে বোঝার একটু অসুবিধা আছে। যাই হোক এই কথা যে আমাদের দেশে যে ট্যান্স ইভেসন হয়, বডলোকের দল যে ট্যান্স ফাঁকি দেয় দুইশত তিনশত কোটি টাকা প্রতি বংসর এটা ধরবার তো চেষ্টা করতে পারতেন, এটা ধরণেও তো একটা টাকা সরকারের হাতে আসত। সেই টাকা তাঁরা অন্য কাচ্ছে লাগাতে পারতেন শিল্প গডবার ছান্যে এবং অন্যান্য কাচ্ছে। কিছু তা করলেন না। এখনও কি এমন হয়েছে কেউ বলবেন, সরকার বলবেন, মুখ্যমন্ত্রী বলবেন যে বড় লোকদের উপর, কোটিপতিদের উপর, লক্ষপতিদের উপর আর ট্যান্স করা যায় না, তাদের থেকে আর টাকা নেওয়া যায় না। আমাদের মনে হয় এখনও অনেক টাকা তাদের থেকে নেওয়া যায় নতুন ট্যান্স করে। তারপর এইমাত্র যে আলোচনা হচ্ছিল কয়েকটি ট্রেড নিয়ে নেওয়া নিচ্ছের হাতে, সেখান থেকে সরকার সেই ট্রেড করে টাকা সংগ্রহ করতে পারবেন, তাঁরা তাদের নিজেদের রিসোর্সেস অনেক বাড়াতে পারবেন, এটা ছাডা তো কোনো উপায় নেই। মানবের উপর ট্যাক্স করে কি কোনো প্ল্যানিং হয়, এটা কি কখনও হতে পারে ? কোনো দেশে কখনও হতে পারে না. কোনো দেশে হয়নি। সেইভাবে এটাও কি ভাববার সময় আসেনি যে ফরেন প্রফিট যেগুলি আমাদের দেশ থেকে চলে যাচ্ছে সেগুলির উপর সমস্তটা নিয়ে নিতে. হয়ত তা পারবেন না. তাদের সঙ্গে বন্ধত আছে, তাদের চটানো মূশকিল কিন্তু যে লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা দেশ থেকে বেরিয়ে যাচেছ, বিদেশে চলে যাচ্ছে, তার খানিকটা রেস্ট্রিকশনও কি করা যায় না? তারা তো আপনাদেরই বন্ধু, ইংরাজদের এই কথা কি বলতে পারেন না যে আমাদের ২৫টা বৎসর সময় দাও, কিছদিন তোমরা কম করে রেমিট কর এবং সেই টাকাটা আমাদের ধার দাও। ভারতবর্ষের সরকার আমরা এই টাকা নিয়ে দেশের শিল্প আমরা গড়ে তুলি, আমরা ২৫ বংসর পর শোধ দেবার চেষ্টা করব এই টাকা। এইভাবেও তো তাদের বলা যেতো। রেস্ট্রিস্ট করো কিছুটা। যত টাকা প্রতি বংসর নিয়ে যাচ্ছিলে. কিছুদিন আমাদের রেহাই দাও একথাও তো আপনারা বলতে পারলেন না। কিন্তু এইরকমভাবে যদি লিকেজ থাকে, এইরকমভাবে যদি টাকা সংগ্রহ না করেন. যে টাকা আপনাদের প্রাপ্য তা যদি আদায় না করেন বডলোকের কাছ থেকে. ৩০০ কোটি টাকা যদি ফাঁকি যায় তাহলে কোথা থেকে আপনারা প্ল্যান করছেন। স্বভাবতই আপনাদের আসতে হয় ঐ গরিবের উপর আবার নতন করে কিভাবে ট্যাক্স বসানো যায়. পরোক্ষ ট্যাক্স কি করে বাড়ানো যায় এইসব ব্যাপারে এবং সেইখানে আমরা দেখেছি যে আপনাদের কোনো ন্যায় নীতি নেই যে জাতীয় আয় যা বাডছে, খানিকটাও বাডছে, জাতীয় আয় না বাডছে এইটাকে অন্তত ছড়িয়ে দেওয়া এর মধ্যে কোনো ন্যায় নীতি আছে? নেই। আপনাদের লক্ষ্য ছিল দুইটি পরিকল্পনারই যে যারা নাকি মৃষ্টিমেয় ধনী লোক আছে আর যারা অগণিত মানুষ তলায় আছে এইটার মধ্যে যে ব্যবধান দুটো আমরা কমিয়ে দেবো এই কথাই আপনারা বলেছিলেন। এমন পরিকল্পনা আমরা করবো যে মৃষ্টিমেয় বড়লোক তারা আরও বডলোক হবে না. যারা গরিব মানুষ তাদের সঙ্গে তাদের যে প্রভেদ এইটা আমরা আন্তে আন্তে কমিয়ে দেবো। অবশ্য আমরা দেখেছি যে প্রথম পরিকল্পনায় কমেনি, তৃতীয় বৎসর হয়েছে দ্বিতীয় পরিকল্পনার তাতে এটা কমেনি বরং বেডেছে। ধনদৌলত যা কিছু আমাদের দেশের তা এক জায়গায় গিয়ে জমা হচ্ছে. মৃষ্টিমেয় কয়েকটি পরিবারের হাতে গিয়ে জমা হচ্ছে—আর অগণিত মানুবের ক্রয় ক্ষমতা কমে যাচ্ছে। আমি একটাই কথ শুধু বলি। ১৯৫৩-৫৪ সালের হিসাবে বলি, জাতীয় আয় আমাদের যা হয়েছে সেখানে দেখেছি ন্যাশনাল ইনকাম ওয়েজেস অ্যান্ড স্যালারিজ লেখা আছে ২.৮৯০ কোটি টাকা। আর প্রফিটস রেন্টস আন্ডে ইন্টারেস্ট এতে ৩.০২০ কোটি টাকা এইভাবে আমাদের জাতীয় আয় ভাগ হচ্ছে। এটা মনে রাখবেন এই যে ৩,০২০ কোটি টাকা এর মধ্যে ১,৫৮৫ কোটি টাকা আসছে এগ্রিকালচারাল প্রপার্টি বড়ো বড়ো ধনী জমিদার জোতদার এইসব থেকে তার মধ্যে এই টাকাণ্ডলি থাকছে। এবং আগেই আমি বলেছি ওয়েজেস অ্যাভ স্যালারিজ সেখানে ২,৮৯০ কোটি টাকা এভাবে জাতীয় আয় যেগুলি বাড়ত সেগুলি যদি জনসাধারণের মধ্যে ছড়িয়ে না দিতে পারেন তাদের মধ্যে যদি না যায় তাহলে মৃষ্টিমেয় ধনী লোক আরও ধনী হতে থাকবে এবং যারা গরিব তারা আরও গরিব হতে থাকবে, ক্যাপিটালিস্ট সিস্টেমে ধনতান্ত্রিক দেশে যে নিয়ম আছে সেই নিয়মেই যা চলেছে সেই বিপথে দিনের পর দিন বছরের পর বছর নিয়ে যাচ্ছেন। সেজন্য এইসব কারণে একটি নতন বই বেরিয়েছে দেখলাম, প্রফেসর পাল অ্যান্ড বার্ট আমেরিকান ইকনমিস্ট বলেছেন—দি পলিটিক্যাল ইকনমি অফ গ্রোথ করতে that fifteen per cent of national income could be invested without any reduction in mass consumption.

ভারতবর্ষের কথা পিখেছেন শতকরা ১৫ ভাগ সাধারণ মানুষের ক্রয় ক্ষমতা না কমিয়ে তাকে বোঝা না চাপিয়ে তাদের যে আয় তা না কমিয়ে আবশ্যকীয় ১৫ ভাগ আপনারা ইনভেস্ট করতে পারেন, আর কর্জ না করেও নতুন প্রডাকশন ইত্যাদি হতে পারে—

"What is required for this purpose is fullest attainable mobilation of the economic surplus that is currently generated by the country's economic resources. This is to be found in the more than twentyfive per cent of Indian's national income which that poverty-ridden society places at the disposal of its unproductive strata."

এদের মতে এই টাকা কোথায় পাওয়া যাবে, এই টাকা পাওয়া যাবে আমাদের যে আনপ্রভাকটিভ স্ট্র্যাটা রয়েছে আমাদের সোসাইটিতে পুঁজিপতি, যারা ধনী, যাদের টাকা কোন প্রভাকটিভ পারপাজে নিয়োগ হয় না—তাদের হাতে ন্যাশনাল ইনকামের শতকরা ২৫ ভাগ—সেজন্য বলছি ১৫ ভাগ খরচ করা, যেখানে আয় থেকে কঠিন ব্যাপার ছিল না—লোকের উপর বোঝা না চাপিয়ে। দুভার্গ্যবশত আমাদের সরকার সেদিকে যাবে না। এদের বিরুদ্ধে গেলে মুশকিল হবে। সেজন্য রেভেনিউ বাড়ানোর উপায় কি? পঞ্চবার্ষিকী পরিকল্পনা একেবারে ভুল পথে যাছে। ধরুন একটা হিসাবের কথা বলছি। গত ৩ বছরে প্রায় ৯০০ কোটি টাকা ট্যাক্স থেকে যোগাড় হয়েছে এবং এর মধ্যে ভারত সরকারের কথা বলছি শতকরা ৭০ ভাগ হচ্ছে প্রত্যক্ষ ট্যাক্স নয়, যেগুলি বসানো আছে তার মধ্যে বড়লোক অনেক, কিছুটা মধ্যবিত্ত লোক থেকে, শতকরা ৭০ ভাগ ৯০০ কোটির মধ্যে, এভাবে পরিকল্পনা সার্থক করার জন্য আমরা দেখেছি চায়নাতে ১৯৫৬ সালে যে পরিকল্পনা করেছে—অবশ্য তাদের অন্য রকম সমাজ ব্যবস্থা তাতে দেখছি এখন হতে আরম্ভ হবে স্টেট এন্টারপ্রাইজ শতকরা ৫০ ভাগের কাছাকাছি সেখান থেকে তাদের রেভেনিউ আসছে।

শিল্প এবং অন্যরকম ব্যবসা বাণিজ্য থেকে তাঁরা ট্যাঙ্গ বসিয়ে শতকরা ৩৩ ভাগ বা তার কিছু উপরেই নিচ্ছেন। আর এগ্রিকালচার থেকে শতকরা দশ ভাগ নিচ্ছেন। দুই বৎসর আগে ১৯৫৫-৫৬ সালে ২৫ ভাগ ছিল এখন দশ ভাগে কমিয়ে এনেছেন। এর মানে কৃষক যারা তাদের ওপর বোঝা তাঁরা কমিয়েছেন—এই তাদের প্ল্যানিং-এর উদ্দেশ্য—শিল্প, বাণিজ্য, ট্রেড, কমার্স, ইন্ডাস্ট্রি থেকে টাকা আদায় করবেন আর সেগুলি থেকে যে প্রফিট হবে তার বিনিয়োগ নতুন প্রভাকটিভ ব্যাপারে হবে। টাকা ধার দেবার জন্য কো-অপারেটিভ গড়ে তোলবার পরিকল্পনাও সেখানে রয়েছে। আমাদের প্ল্যানিং কমিশন বলছেন—দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার এই হলো আমাদের পরিকল্পনা—

structure of the economy will change only marginally over the plan period. প্ল্যানিং কমিশন নিজেই বলেছেন, আমাদের স্ট্রাকচার অফ দি ইকনমির বিশেষ কিছু পরিবর্তন হবে না। কৃষকরা যেটুকু দিত তাই দেবে, সেই রকম শিল্প থেকে যা আদায় হতো প্রায় সেই রকমই হবে, অল্প কিছু পরিবর্তন হতে পারে। অথচ চীন দেশে দেখি জাতীয় আয় তারা শতকরা ১৮ ভাগ থেকে ২৬ ভাগ করেছে। এখানে ইন্ডাস্ট্রিতে হয়তো ৫২ ভাগ হবে। আর এগ্রিকালচার সেকশনে দুই ভাগ কমবে। যদি এর পরও আমরা বলে বেড়াই কৃষি প্রধান দেশ তাহলে কি বলতে পারব যে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা সার্থক হবে আর দেড় বৎসর পরে? জগতে আরও সব দেশ থাকতে কেন শুধু চায়নার কথা বলছি? সে কথায় পরে আসছি, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা আমরা দেখেছি, যদি অগ্রগতি বলা হয়, অতি ধীরে ধীরে হচ্ছে। আমরা দেখেছি আমাদের ন্যাশনাল ইনকাম বাড়বার রেট শতকরা ৩.৬, আজকাল হয়েছে—শতকরা ৯.৫, প্রতি বৎসর রেট অফ গ্রোথ অফ আওয়ার ন্যাশনাল এইভাবে চলেছে। তারা আমাদের পরে স্বাধীন হয়েছে এর মধ্যে পার ক্যাপিটা ইনকাম আমাদের ছাড়িয়ে গেছে। অথচ চায়না আমাদের চেয়ে পিছিয়ে ছিল, আমাদের চেয়ে তারা ব্যাকওয়ার্ড ছিল। তারা আমরা প্রায় একই সঙ্গে স্বাধীন হয়েছি, সেই জন্য এই দুই সিস্টেম-এ কম্পেয়ার করতে হয়। একই রকম সমস্যা আমাদের এখানে আছে। চায়নার থেকে আমরা বেশি জায়গায় চাষ করি চায়নার অনেক জায়গা এখনো চাষ হয়নি। কিন্তু তারা প্রতি একর জমিতে যে চাষ করছে তা আমাদের চেয়ে অনেক বেশি আমাদের চেয়ে তারা এগিয়ে গিয়েছে। যেমন এর মধ্যে হিসেব করে দেখেছি আমাদের এখানে ধানচাষ যেখানে হয় প্রতি একরে, ১,০৬৮ পাউন্ড সে জায়গায় চায়নায় ২,৬৭৫ পাউন্ড প্রতি একরে পৌঁছচ্ছে। সেচ ব্যবস্থার ব্যাপারে আমরা দেখি এই ৮ বৎসরে—৮ বৎসর বলছি যে ৬ বছর সাড়ে ছয় বছরে যে জমিতে জল সেচ করেছি সে হচ্ছে ১৪.৬ থেকে ১৪.৮ ঐ জায়গায় আমরা নতন করে জল দিতে পেরেছি। ২ ভাগ

আমরা বাড়িয়েছি, কিন্তু চায়নায় ২০.৭ থেকে ২৩.৭, ৩ ভাগ বেশি বাড়ানো হয়েছে। ঠিক সেইভাবে দেখছি ভারতবর্ষে দৃটি ফসল হয় এইরকম জমির পরিমাণ কত, পরিমাপ করে এক জায়গায় দেখি ১১ পয়েন্টের নিচে আর এক জায়গায় দেখি ১১। আর চায়না ৩৭.১—যেখানে দুটি করে ফসল হয়। এর ফলে কি হয়েছে? চায়নায় তারা বলছে—তাদের খুব বেকার সমস্যা ছিল, গ্রামে বেকার তারা দূর করেছে, কিন্তু শহরে এখনো কিছু কিছু বেকার আছে, সেগুলি দূর করতে আরও কিছু সময় লাগবে। কিন্তু একটা কথা, সেখানে দ্রুত গভর্নমেন্ট এগিয়ে চলেছে। দু'বৎসর আগে, আমরা জ্ঞানি তারা সম্পূর্ণরূপে দূর করতে পারেনি, বড়ো বড়ো শহরে বেকার দূর করতে পারেনি, কিন্তু গ্রামে তারা দূর করতে পেরেছে। আর আমাদের কি? প্রথম যখন আন্এমপ্লয়মেন্ট প্ল্যানিং হয় ড্রাফট প্ল্যান তখন তাঁরা ভাবলেন ১ কোটি ২০ লক্ষ লোককে চাকরি দেওয়া হবে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায়, পরবর্তীকালে বললেন, না, অত লোককে দিতে পারব না, ৮০ লক্ষ লোককে দিতে পারব, মিনিস্টার নন্দ বলছেন---৮০ লক্ষকেও দেওয়া যাবে না, এখন যে সংকট দেখা দিয়েছে তাতে ৬০ লক্ষকে বর্তমানে দেওয়া যাবে। আগেই তো ৪০ লক্ষ বেরিয়ে গেছে এখন ২০ লক্ষ বেরিয়ে গেল। অবশ্য বেরিয়ে যাবার পর যা রইল তাতেও আমাদের সন্দেহ আছে, সেটাও করা যাবে কিনা, মনে রাখবেন—নতুন চাকরি দেবার ব্যাপারে যাদের চাকরি চলে যাচ্ছে তাদের ধরা হয়নি। সমস্ত ধনতান্ত্রিক দেশেই বেকার আছে, আমাদের থাকবে না? সে চীন দেশেই থাকবে না, সোভিয়েট দেশে প্রথম পরিকল্পনার পর বেকার সমস্যা দূর করেছে। তারা থামেনি, এগিয়েই যাচ্ছে। তারা এত অল্প সময়ে কি করে পেরেছে আমি শুধু এটুকু বলতে চাই। আমি একটা কম্পারিজন দেখাছি—দুটো দেশের প্ল্যানিং-এ ক্যাপিটালিস্ট দেশ আমেরিকা আর সোভিয়েত ইউনিয়নের মধ্যে এইরকম একটা অগ্রগতির ব্যাপারে তারা হঠাৎ একসিডেন্টাল উপায়ে এরকম একটা জিনিসের অভাবনীয় ক্রমে এগিয়ে গিয়েছে কিন্তু আমরা তা পারছি না তা নয়। এটা এই কারণে যে দুটো আলাদা আলাদা সমাজব্যবস্থা। তাদের হচ্ছে সামাজবাদ আর আমেরিকা গ্রেট ব্রিটেনের যে সমাজ ব্যবস্থা আমাদেরও সেই ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থা। আমাদের এখানে তাই টাটা, বিড়লা, সিংহানীয়ার দল বহু প্রফিট করে করে বেড়ে উঠবে। সেই জন্যই আমরা দেখছি পঞ্চবার্ষিকী পরিকল্পনার লক্ষ্যে আমরা কখনো পৌঁছতে পারব না। কারণ যে পছা অনুসরণ করে এরা চলতে শুরু করেছেন তাতে ধনিককে আরও ধনী করা হবে এবং গরিবকে আরও গরিব করা হবে। কোটিপতির মূনাফা কিছু কমিয়ে গরিব মানুষের কাছে তার জীবনযাত্রার জন্য তার আয় যেটুকু বাড়াবার কথা সে স্তুরে আমরা পৌছতে পারছিনে। তাতে পৌছাতে গেলে অন্য রকম সমাজ ব্যবস্থার কথা বলতে হয়। আমরা গত বছর এই পরিকল্পনাকে বাঁচাবার জন্য জনসাধারণের মান যাতে করে বাড়ে সে সম্বন্ধে যে কথা বলেছিলাম তা শোনা হয় নি। এবার উনি এই কক্ষের মধ্যে বললেন—টাকা কোথায় পাব? পাওয়া যাবে না—একথা আগে শুনিনি, বড়লোক চোর যারা তাদের ধরতে পারেন না. টাকা পাবেন কি করে? বিডলা, সিংহানীয়া প্রভৃতি কোটিপতি যারা তাদের কি ডাক্তার বিধানচন্দ্র রায় জানেন না ? তাদের বাড়ি কি উনি যান না ? কি করে তারা প্রচুর ট্যাক্স ফাঁকি দিয়েও নির্দোষ থেকে যাচ্ছে—তা কি উনি জানেন না ? টাক্স ফাঁকি দিয়েও লোক যেখানে নির্দোষ থাকে তাকে আপনারা বলেন আমাদের গণতন্ত্র। আপনারা তাদের কীর্তিকলাপ প্রকাশ হতে দিতে চান না, কিন্তু তবু কোনো কোনো কেস লিকেজ হয়। আজকে ফুড ক্রাইসিসের জন্য দু-চারটা ধরপাকড় যা করেছিলেন তা কেবল লোক দেখানোর জন্য। আসল কথা তাদের ধরবেন আপনারা কি করে? যদি ধরা হয় তাহলে আমাদের রাজ্য চলে যাবে। আমাদের পশ্চিমবাংলার কি অবস্থা হয়েছে সেটা যে অঙ্ক সময় আমার আছে তার মধ্যে দেখাবার চেষ্টা করছি।

আমরা প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কিছু করতে পারিনি—গ্রামে একটু করেছি—তবে দ্বিতীয় পরিকল্পনায় আমাদের আর ভাবনার কিছু নেই। দুই বৎসর আগে নির্বাচনের সময় শুনেছি যে এবার আমরা শহরের উন্নতি করব। মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন যে কলকাতায় ২৬টা সিটের মধ্যে আমরা ৮টা সিট পেয়েছি, কিন্তু গ্রামে আমাদের মেজরিটি। এর কারণে হিসাব তিনি দিয়েছেন যে গ্রামের লোককে আমরা খাদ্য দিয়েছি, চাকরি দিয়েছি এর ক্রয় ক্ষমতা বাড়িয়েছি বলে তাঁরা আমাদের এসে ভোট দিয়ে গেছে। প্রফুল্ল সেন মহাশয় বলেছেন যে আগে গ্রামেরলোক ডাল, ভাত নুন খেত আর এখন তারা কেক, বিস্কুট, খেতে আরম্ভ করেছে। মুখ্যমন্ত্রী মহাশয় প্রায় বলেন যে আমরা শূন্য তহবিল নিয়ে শুরু করেছিলাম, মাইনাস নিয়ে শুরু করেছিলাম, খরচ করেছি ৭১ কোটি টাকা। কিন্তু কি হয়েছে তাতে? ৯ লক্ষ একর জমিতে সেচ ব্যবস্থা করার কথা ছিল কিন্তু মাত্র ২ লক্ষ ৩৩ হাজার একর জমিতে তা করতে পেরেছেন। ১৯৫৫ সালে দুর্গাপুর কমপ্লিট হয়েছে

কিছু আমরা দেখছি যে এক লক্ষ একর জমিতে যেখানে জল দেওয়া যায় সেখানে এক ইঞ্চি জমিতেও জল দেওয়া হয় না। ঠিক সেইভাবে শিল্পের ক্ষেত্রেও একই অবস্থা। এই ব্যাপারে ওঁরা কিছুই করেননি। কারণ প্রাইভেট ক্যাপিটালিস্ট্রস্থ যা মডার্নালাইজেশন করছেন তা ছাড়া বিশেষ কিছু হয়নি। এঁরা বলেছিলেন যে শ্রমিকদের জন্য ৭১৬টা বাড়ি করব, কিছু হয়েছে মাত্র ১০০টা। এর পর ক্ষরাল হেলথ সেন্টারের বেলায় কি হয়েছে দেখুন। আমাদের মুখ্যমন্ত্রী না কি খুব বড় ডান্ডার তিনি যদি এই হেলথ সেন্টারগুলির দিকে নজর দিতেন তাহলেও কিছু হতো। কিছু উনি এতো সমস্ত জায়গায় ইটারফিয়ার করেন যে কিছু আর করতে পারলেন না। যেখানে ৩৫০টা হবার কথা ছিল সেখানে ২৯৭টা মাত্র হয়েছে। যাই হোক আমার আর ফিগারে যাবার দরকার নেই কারণ এসব আগেই বলেছি। ওঁরা বলছেন যে ছিতীয় পরিকল্পনায় ওঁরা ১৫৭ কোটি টাকা খরচ করবেন, কিছু তাতে কি হবে ? ১৯৫৫-৫৬ সালে মুখ্যমন্ত্রী মহাশয় একটা রিয়েলিস্টিক বন্তৃতা দিয়ে বলেছিলেন যে—

An investment of Rs. 1,400 crores will be necessary to create full employment conditions in West Bengal in course of the Second Five-Year Plan.

অর্থাৎ উনি ধরেই নিয়েছিলেন যে ১৬ লক্ষ লোক পশ্চিমবাংলায় বেকার আছে এবং তাদের জন্য যদি ১ হাজার ৪০০ কোটি টাকা খরচ করা যায় তাহলে উনি এমপ্লয়মেন্ট দিতে পারবেন। আমাদের পশ্চিমবাংলায় প্রথম পরিকল্পনায় যা হয়েছে তা দেখে আমাদের মুখামন্ত্রী মহাশয় বলেছেন যে এটার নাম হচ্ছে 'ডেভেলপিং ইকনমি'। এটার নাম যদি ডেভেলপিং ইকনমি হয় তাহলে আমাদের আর বলার বিশেষ কিছু থাকে না। এইসমন্ত বড়ো বড়ো অর্থনীতির কথা শুনলে জনসাধারণ একটু ঘাবড়ে যায়। কিন্তু আমরা জানতে চাচ্ছি যে এই বংসরের শেষে, অর্থাৎ দ্বিতীয় পরিকল্পনায় তিন বংসর পূর্ণ হলে এর শতকরা ৫৩ ভাগ টাকা খরচ হওয়ার পর পশ্চিমবংগ কতখানি এগুবে? অর্থাৎ জনসাধারণের ক্রয় ক্ষমতা বাডবে কিনা। বেকার সমস্যার কিছু সমাধান হবে, কিনা, কতগুলি কারখানা বন্ধ হবে, কতগুলি কমপ্লিট হবে ইত্যাদি সব আমরা জানতে চাই। ইন্ডার্সিয়াল হাউসিং স্ক্রিমে শ্রমিকদের জন্য ১৪ হাজার টেনামেন্টস করবার কথা ছিল কিন্তু করেছেন মাত্র ১ হাজার ৩২৮টা। তাহলে বাকিগুলি কি সব আডাই বছরে হয়ে যাবে? ঠিক সেইভাবে কম বেতনের লোকদের বাডি করবার জন্য টাকা ধার দেবার কথা হলো। এই ব্যাপারে ৪ হাজার ৭৫০টা বাডি করবার জন্য ২ কোটি ৮৫ লক্ষ টাকা দেবার কথা ছিল। কিন্তু এখন সেটা কমিয়ে দিয়ে তাঁরা বলছেন যে এটাকে চার হাজারে নেওয়া হোক। কেন যে ওঁরা টার্গেট নেন তা আমরা বুঝতে পারি না। সেইভাবে লো ইনকাম গ্রুপদের জন্য চার হাজার বাড়ি করবার কথা ছিল তাও তাঁরা শেষ করতে পারবেন কিনা সন্দেহ। তারপর ১ লক্ষ ৩২ হাজার পরিবার যারা বন্ধিতে আছে তাদের সম্বন্ধে অনেক কথাই হচ্ছে। এদের জন্য বাড়ি তৈরি করবার জন্য আমাদের পশ্চিমবংগ সরকার কেন্দ্রের কাছে প্রায় সাডে সাত কোটি টাকা চেয়েছিলেন, কিন্তু মাত্র ২ কোটি ৮০ লক্ষ টাকা তাঁরা পেয়েছেন। অর্থাৎ এই ব্যাপারেও তাঁরা যেভাবে চলছেন তাতে কোলকাতার বন্তি ক্রিয়ার করতে ১৫০ বংসর কমপক্ষে লাগবে। অর্থাৎ এরা এইভাবেই সমস্ত জিনিস করছেন। যাই হোক গ্রামের যে কি উন্নতি করছেন সে সম্বন্ধে একটু বলা যাক। কৃষির ব্যাপারে কথা ছিল যে তাঁরা ৯ লক্ষ ৩২ হাজার টন বেশি খাদ্য উৎপাদন করবেন, কিন্তু ১৯৫৬-৫৭ সালে ওয়েস্টবেঙ্গল গভর্নমেন্ট প্ল্যানিং কমিশনের কাছে যে রিপোর্ট দিয়েছেন তাতে তাঁরা বলেছেন যে ৮৪ হাজার টন বেশি করতে পেরেছেন এবং ১৯৫৭-৫৮ সালে তাঁরা বলছেন যে ১ লক্ষ ২৭ হাজার টন বেশি করতে পেরেছেন। তাহলে দেখুন কোথায় ৯ আর কোথায় ১, এবং এইভাবেই তাঁরা পরিকল্পনাকে সার্থক করছেন। ১৯৪৭ সাল থেকে আমরা অনেক হিসাব শুনছি, কিন্তু একমাত্র ১৯৫৪ সালে কিছুটা সারপ্লাস হয়েছিল। সেই যে সারগ্লাস হয়েছিল সেটা শুধু পরিকল্পনার জন্যই নয়, সেসময় সময়মত বৃষ্টি হয়েছিল বলে সেটা সম্ভব হয়েছিল। অর্থাৎ ৭ লক্ষ টন সেইসময় বাড়তি হয়েছিল। কিন্তু এবার আমরা দেখছি যে খাদ্যে সাড়ে সাত লক্ষ টন ডেফিসিট হছে। এইভাবেই খাদ্যে শর্টেজ গত বংসর ৪ লক্ষ টন, ১৯৫৫ সালে ৫ লক্ষ ৪০ হাজার টন, ১৯৫৩ সালে ২ লক্ষ ৪২ হাজার টন, ১৯৫২ সালে ৫ লক্ষ ৮২ হাজার টন ছিল। ঠিক সেইভাবে সেচ ববস্থার কথা যদি নেওয়া যায় তাহলে সেখানেও এক অন্তত ব্যাপার। ডি ভি সি সম্বন্ধে তিন-চারদিন ধরে অনেক আলোচনা চলছে বলে বিশেষ কিছু বলব না। সেখানেও প্রথম কথা হচ্ছে कि করে ট্যান্স ধরা যাবে সেই ব্যবস্থাই করা হচ্ছে। আমার মনে হয় ওয়ার্ল্ড ব্যাঙ্ক বোধহয় টাকা চাইছেন। কিন্তু আমাদের ইণ্ডিয়া গর্ভ্নমেন্ট তো ওয়ার্ল্ড ব্যাঙ্ককে বলতে পারতেন যে, তোমরা আমাদের বন্ধ—যেমন

কৃষ্ণমাচারী আমেরিকায় বলেছিলেন যে আমাদের যদি টাকা পয়সা না দাও তাহলে কমিউনিষ্ট রাজত্ব করবে এবং তোমরা একজন বন্ধু হারাবে—আরও কিছুদিন না হয় অপেকাই কর। এইসমন্ত বললে কৃষকরা বাঁচতে পারে। যাই হোক সেচ ব্যবস্থা যা হচ্ছে তাতে দেখছি যে এখন অনেক দেরি আছে। যেখানে ৯ লক্ষ একরে দেবার কথা ছিল সেখানে তারা এ পর্যন্ত মাত্র সাড়ে তিন লক্ষ একর জমিতে দিতে পেরেছেন।

কিছু যাই হোক, কত করতে পারবেন জানি না, বলে কোনো লাভ নেই। আপনারা যা বলেছিলেন তার কাছাকাছিও পৌছাতে পারেননি জল দেবার জন্য। ঠিক সেইরকম ময়ুরাক্ষীতে ঠিক করেছিলেন আপনারা ৬ লক্ষ একর জমিতে জল দেবেন, কিন্তু এখন বলছেন ৬ লক্ষ একরের টার্গেট আর আমাদের নেই। এখন আপনারা ৪ লক্ষ একরে নেমে এসেছেন। এই তো গ্রামের উন্নতি, দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করবার ব্যবস্থা। যাই হোক, এভাবে আমরা দেখছি একটা চমৎকার হিসাব আমার কাছে আছে প্রতি একর জমিতে কি আপনারা ফলিয়েছেন আপনাদের সাইণ্টিফিক কৃষিব্যবস্থার মাধ্যমে। ১৯৩৭-৩৮ সালে প্রতি একরে ১২.১৮ ফসল হতো, ১৯৫৩-৫৪ সালে হয়েছে ১৩.৪৮, ১৯৫৪-৫৫ সালে হয়েছে ১০.৪০, ১৯৫৫-৫৬ সালে ১১.১১ ---অর্থাৎ ১৯৩৭-৩৮ সালে যা ছিল ফলন তাও আপনারা করতে পারেননি। অথচ ১০ বংসর রাজত্ব করছেন আপনারা, এই দশ বংসরে চমংকার ব্যবস্থা করেছেন কৃষির জন্য। কিন্তু এখানে তো আপনারা উন্নতি করতে পারতেন, এখানে তো কোনো সমাজ ব্যবস্থার দরকার হতো না—যেখানে একফসল হতো সেখানে দোফসলা করতে পারতেন, কিন্তু কত জ্বমিতে আপনারা তা করেছেন? কিছুই করতে পারেননি। আমাদের পশ্চিমবঙ্গে ১ কোটি ১৯ লক্ষ একর জমিতে ফসল হয় তার মধ্যে ১৮ লক্ষ একর জমিতে দুই ফসল হয় এবং ১ কোটি একর জমিতে খালি এক ফসল হয় তার বেশি হয় না। এখানেও আপনারা কিছ করতে পারেননি, কই, এদিকে তো নজর গেল না আপনারা অথচ বারে বারে বলছেন লোক বাডছে, ইস্টবেঙ্গল থেকে লোক আসছে। কিন্তু এই জমিগুলি যদি দোফসলী করতে পারতেন যে মানুষ এখন আছে তাদের খাওয়াতে পারতেন, বাকি যা জন্ম নিচ্ছে এবং ইস্টবেঙ্গল থেকে যারা আসছে তাদেরও খাওয়াতে পারতেন। ঠিক সেইভাবে আমরা দেখেছি আপনারা সারের ব্যবস্থাও করতে পারেননি। এমোনিয়া সালফেট ৪০ হাজার টন প্রয়োজন পশ্চিমবাংলায়, কিন্তু ১৯৫৮-৫৯ সালে ১৮ হাজার টনের বেশি আপনারা দিতে পারেননি। তারপর, ভূমিসংস্কারের ব্যবস্থার কথা বলছি। বিমলবাবু অনেক বইটই পড়েন, তিনি অনেক কিছু করতে চান বলে আমরা শুনেছিলাম। কিন্তু তিনি কি পারবেন ? কারণ, মূল লক্ষ্যেই তো গোলমাল হয়ে গিয়েছে। আপনারা বড়ো বড়ো কথা বলেন. কিন্তু এভাবে তো ভূমিসংস্কার সত্যি হবে না, এভাবে চার্বীকে জমি দেওয়া যাবে না। শুধুমাত্র জমিদারি ক্রয় করে নিলেই হবে না। নানারকম কো-অপারেটিভের ব্যবস্থা করে অন্ধ সদে দীর্ঘমেয়াদী ঋণ দেবার ব্যবস্থা করতে হবে। এভাবে ইরিগেশন ট্যান্স. সাডে বার টাকা পনের টাকা ট্যাক্স বসালে তো হবে না। মেণ্টিন্যাল খরচ ধরে ৩-৪-৫-৬ টাকা এইরকম ট্যাক্স ধার্য করতে হবে। কিন্তু এসব আপনারা করলেন না। আবার আপনারা বড়ো কথা বলেন—আমেরিকার অমৃক ব্যবস্থা তমুক ব্যবস্থার কথা বলেন। আমাদের দেশ তাঁদের দেশ থেকে অনেক বিষয়ে পুথক, অন্যরকম তাঁদের সমাজ ব্যবস্থা। আমেরিকা একটা বডো দেশ. তাঁদের থেকে নিশ্চয়ই আমাদের নেবার অনেক কিছুই আছে। কিন্তু এখানে প্রয়োগ করার পূর্বে অনেক জিনিস বিবেচনা করতে হবে। প্ল্যানিং কমিশন প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কমিউনিটি প্রজেক্ট সম্বন্ধে বলেছেন—

"Community project is a method and rural extension the agency through which the Five-Year Plan seeks to initiate a process of transformation of the social and economic life of the villagers."

তারপর, মামুদবাজ্ঞারে কি হয়েছে এরকম আরও অনেক আছে—একথা আমার নয়—আমি কমিউনিষ্ট, আমি আপনাদের বিরুদ্ধে প্রচার করছি বলতে পারেন। কিন্তু আপনাদেরই ফোর্থ ইভ্যালয়েশন রিপোর্টে বলা হয়েছে—

"The major portion among the under-privileged groups is constituted by the agricultural labourers and no improvement is noticed in their economic or social conditions. There has been no activity in the C.D.P. movement for the specific benefit of the people. On the contrary the gradual rise in the prices of essential commodities has aggravated their economic condition and they feel also that some rich people who get project contracts and the big cultivators have become richer as a result of making profits in contracts and the increase in the yield of

agricultural produce due to the availability of irrigation water from the Mayurakshi Project and a rise in agricultural prices."

তাহলে কি হলো? আমরা এসব চোখে দেখে বলেছিলাম, এখন তাঁরাই বলছেন। সি ডি পি এবং এন ই এস ব্লক করে দেশের মধ্যে একটা রিভলিউশন নিয়ে আসবেন মুখ্যমন্ত্রী এমন কথা পর্যন্ত বলেছেন। দশ বছর তো আপনারা রাজত্ব করছেন—দেশে কি রিভলিউশন এসেছে? শিল্পের ক্ষেত্রেও আমার বেশি কিছু বলার প্রয়োজন নেই। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বিশেষ কোন শিল্পের কথা ছিল না—আমি এখানে দুর্গাপুর বাদ দিয়ে বলছি—দুর্গাপুর লং-টার্ম প্রজেক্ট। তিনটে স্পিনিং মিল করবার কথা ছিল। এখন দটো বাদ গিয়েছে, যেটা হবে তার মেসিনারি কবে আসবে কেউ জানে না। তারপর, কল্যাণীতে গুড়ের ইন্ডাস্ট্রি করছেন, গুড়কেও আবার ইন্ডাস্ট্রি বলা হয়। এসব আপনারা করছেন, কিন্তু এই করে তো বাংলাদেশের সমস্যার সমাধান হবে না। তারপর আমি হিসাব করে দেখেছি যে, সম্প্রতি এই কয়েক মাসের মধ্যে ১৫ হাজার লোক ছাঁটাই হয়ে গিয়েছে এই ডালহৌউসি স্কোয়ার এলাকার হঠাৎ ইস্পোর্ট রেস্ট্রিকশন ঘোষণা করার ফলে. এবং এই বছরের শেষে আরও দশ হাজার লোক ছাঁটাই হবেন। এঁরা সবাই মধ্যবিত্ত পরিবারের লোক। তারপর, আমাদের এখানে ৫ লক্ষ টি বি পেসেন্ট আছে, কিন্তু বেড আছে মাত্র ২,৭৭১টি। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৬০০টি বেড করবার ব্যবস্থা করেছেন। আমাদের মুখ্যমন্ত্রী ডাক্তার, লোক তো তাঁর কাছে এটুকু আশা করতে পারে যে, তিনি তাঁর ডাক্তারি বিদ্যা এই ব্যাপারে কাচ্চে লাগাবেন যাতে করে টি বি রোগীর চিকিৎসার জন্য আরও কিছু বেড বাড়তে পারে এবং এই রোগটা ছভাতে না পারে। পরিকল্পনায় কি দেশের মধ্যে টি বি রোগ বেডে যায়, পরিকল্পনায় কি বেকারী বাডে, পরিকল্পনায় কি লোকের ক্রয়ক্ষমতা কমে যায় ? আপনাদের ধনতান্ত্রিক সমাজব্যবস্থায় আজকে দেশে এই হচ্ছে। সেইজন্যই আমরা দেখছি গত বংসরের চেয়েও চালের দাম এই বংসর ৬-৭-৮ টাকা বেশি এবং ক্রমশ বেডেই যাচ্ছে। আমি একটা হিসাবে দেখলাম, এই কলকাতার শতকরা ৩৬ ভাগ লোক ৩০ টাকার কম রোজগার করে এবং গ্রামে যারা বাস করে তাদের মধ্যে শতকরা ৩০ ভাগ লোক ১৬ টাকার বেশি খরচ করতে পারে না প্রতি মাসে। এই তো গ্রামের উন্নতি করেছেন আপনারা। তারপর পশ্চিমবাংলায় বেকারীর হিসাব দেবার দরকার নেই. দ্রুতগতিতে বেকারী বেডে যাচ্ছে। আপনারা বলেন—আমরা কি করব, যদি কিছু না করতে পারেন তাহলে অন্তত গদিটাতো ছাড়তে পারেন।

গদি ধরে থাকতে হবে—ভগবান বলে দিয়েছেন আমাদের গদিতে থাকতেই হবে। একথা বললে তো হবে না। কেন সরকার বলতে পারবেন না—আমরা গদিতে থাকবো মানুষের উপকার করবার জন্য নয়? একথা বলার অধিকার তাদের নেই। সেজন্য আমি বলছি যে আপনারা এইসব ব্যবস্থার মধ্যে যদি আপনাদের মনোভাবের পরিবর্তন না করেন, নতুন করে ভাবতে না শেখেন কোথায় নতুন করে টাকা পাওয়া যাবে, পুরানো বন্ধুদের কাছে থেকে টাকা পাওয়া যাবে কিনা, একথা যদি না বলেন স্টেট ট্রেডিং অনেস্টলি করবো; ডাঃ ঘোষ বলছেন টি জুটের কথা বলছিলেন আমরা সবাই মানি করা উচিত ছিল, সরকারের নিয়ে নেওয়া উচিত। কিন্তু এদের হাতে দিতে আপনারা রাজী আছেন? আমি তখন উত্তর দিতে পারিনি। অন প্রিন্দিপল বলি তো। ন্যাশনালাইজেশনে এমন ব্যবস্থা করছেন যে চুরি ডাকাতি করে একেবারে সব শেষ করে দিছেন, আত্মীয়স্বজন পোষণ করছেন তার মারফত। তার ফিরিন্ডি আমার কাছে আছে। মুখ্যমন্ত্রীর ভাইপো থেকে প্রতাপ মিত্র যত লোক আছে সেইভাবে তারা ব্যবসা করছেন, যে ব্যবসা করতে গেছেন, সেখানে ক্ষতি করেছেন। মানুষকে কেন ন্যাশনালাইজেশনের কথা বলেন? যখন গদিতে আসবেন তখন দেখবেন। আমি অন্তত বলি গদিতে যাবার আশা রাখি বলেই বলছি আগে থাকতে হয়ে যাক। চুরিচামারি যা করছে করুক, পরে এসে দেখা যাবে। সেইজন্য এই কথা বলি।

আজ আমরা জনসাধারণের যে কোনো পরিকল্পনাকে বিচার করবো জনসাধারণের জীবনের মান উন্নয়নের দিকে তাকিয়ে। সেদিকে আপনারা ব্যর্থ হয়েছেন। এ বিচার করে এখন লাভ নেই। আমরা যদি না থাকতাম, তাহলে অবস্থা আরও খারাপ হতো। এই রামরাজত্বের কথা বলে আর লাভ নেই। কথা হচ্ছে আপনাদের নিজেদের লক্ষ্যে পৌঁছতে পারছেন না। গরিবকে আরও গরিব করছেন, বড়োলোককে আরও বড়োলোক করছেন। যেকোনো লোক জানেন, তিনি রাজনীতি করুন আর নাই করুন, যে খাদ্য থেকে আরক্ত করে নিত্যপ্রয়োজনীয় জিনিসের কোনোটার দামই তাঁরা কমান নি। মাছ পর্যন্ত বাঙালীকে আপনারা খাওয়াতে পারছেন না। মোটা ভাত, নুন আজকে সাধারণ মানুষকে খেতে দিতে পারছেন না। মানুষকে কোনো নিত্যপ্রয়োজনীয় জিনিস দিতে পারছেন না। এরচেয়ে বেশি তো তারা চায় না। ৮-১০ বছরে যদি

এগুলো করতে পারতেন তাহলে অগ্রগতি বুঝতে পারতাম। চায়নার মতো দ্রুতগতিতে হবে না—তা ঠিক। কিছ্ক তা তো করতে পারলেন না। পার্চেজিং পাওয়ার লোকের কমিয়ে দিয়েছেন এই পরিকল্পনার মধ্য দিয়ে। সেইজন্য বলবো লাভ এতে বিশেষ কিছু হলো না। মুখ্যমন্ত্রী মহাশয় কিছুই আমাদের বলেননি, সব লুকিয়ে রাখতে চেয়েছেন। এই কথার জবাব চাই জনসাধারণের দিকে তাকিয়ে। শুধু এত কোটি টাকা খরচ করবো। এ কথা বললে কেউ সন্তুষ্ট হবে না। এই টাকায় কি হয়েছে—তা তার কাছ থেকে জানতে চাই। কোন্ পথে তিনি আমাদের নিয়ে যাচ্ছেন, তার কাছ থেকে সেটা জানতে চাই? আমরা বুঝেছি—কিছু তাঁরা কি বলেন—তার কৈফিয়ত আমি তাঁর কাছে আর একবার চাই।

পিশ্চিমবংগ বিধানসভায় প্রদন্ত জ্যোতি বসুর ভাষণ কার্যবিবরণী থেকে সংগৃহীত। ১৯৫৮-র ২৫ জুলাই বসু বাংলাতেই এই ভাষণ দিয়েছিলেন। সেই সময় বিধানসভার অধ্যক্ষ ছিলেন শঙ্করদাস ব্যানার্জি। উপাধ্যক্ষ ছিলেন আশুতোষ মল্লিক। এর আগে ১৯৫৭-র মার্চের প্রথমার্ধে দ্বিতীয় বিধানসভা নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল। মার্চের শেষদিকে কেরালাতেও সি পি আই একক গরিষ্ঠতা লাভ করে। ই এম এস নামুদিরিপাদের নেতৃত্বে গঠিত হয় মন্ত্রিসভা। পশ্চিমবংগে সি পি আই-র ভোট আগের বারের তুলনায় দ্বিগুণ বেড়েছিল। মুখ্যমন্ত্রী পদে ডা. বিধানচন্দ্র রায় পুনর্বার দায়িত্বভাব গ্রহণ করেন। নতুন অধ্যক্ষ শঙ্করদাস ব্যানার্জি বসুকে বিরোধী নেতা হিসেবে স্বীকৃতি দেন। উল্লেখ্য, বসু তখন সি পি আই পশ্চিমবংগ রাজ্য কমিটির সম্পাদকও।

## বর্তমান পরিস্থিতি ও ভবিষ্যতের ইঙ্গিত

[*খাধীনতা-*র শারদীরা সংখ্যায় (বঙ্গাব্দ ১৩৬৮) প্রকাশিত প্রবন্ধ।]

#### জ্যোতি বসু

পরিকল্পনাসমূহ এবং "কল্যাণমূলক রাষ্ট্র গড়ে তোলা হচ্ছে", "আমাদের লক্ষ্য সমাজতন্ত্রবাদ"—শাসকশ্রেণীর এই দাবি ও প্রতিশ্রুতি সন্ত্রেও আজ্ব ভারতবর্ষের জনসাধারণের চোখে-মুখে কিন্তু শঙ্কার কালো ছায়াই পরিলক্ষিত হয়।

পরিকল্পনার জন্য প্রতি পাঁচ বৎসর অন্তর বিরাট অন্তের অর্থ ব্যয়িত হচ্ছে। কিছু কিছু কলকারখানা এবং নতুন শিল্প গজিয়ে উঠছে; কয়েকটি বছমুখীন নদী পরিকল্পনার কাজ এগিয়ে চলেছে; শিল্প ও কৃষির উৎপাদন এবং জাতীয় আয়ও কিছুটা বেড়েছে। কিন্তু এই উৎপাদন বৃদ্ধির হার, চাহিদা, সুযোগ ও সন্তাবনার তুলনায় এবং বর্ধিত জনসমষ্টির পটভূমিকায় খুবই নগণ্য। উৎপাদন বৃদ্ধির মন্থর গতিতে আতদ্ধিত হওয়ার হয়তো কোনো কারণ ছিল না যদি জনসাধারণ দেখতেন যে, তাঁরা তাঁদের শ্রমার্জিত আয়ের ন্যায্য অংশ পাচ্ছেন, বরং তাহলে তাঁরা আদ্মবিশ্বাসের সাথে ভবিষ্যতের সম্মুখীন হতে পারতেন।

সরকার এবং কংগ্রেস দলের সমস্ত প্রতিশ্রুতি সন্থেও দুইটি পরিকল্পনার দশ বৎসরে জনসমষ্টির অতি ক্ষুদ্র একটি অংশের হাতে প্রভূত ধন সম্পদ এবং অশ্রুতপূর্ব মুনাফা সঞ্চিত হয়েছে; কোটিপতির সংখ্যা বেড়েছে, এবং এই কোটিপতিরা বর্ধিত জাতীয় আয়ের বৃহত্তর অংশ কজা করেছে। জনসমষ্টির বিপুল সংখ্যাগরিষ্ঠ অংশের আয় হ্রাস পেয়েছে, ধনী-দরিদ্রের মধ্যেকার ব্যবধান আরও বেড়েছে এবং দুঃস্থু ও দুর্দশাগ্রস্ত লোকের সংখ্যাও বেড়েছে। অবস্থা এমন দাঁড়িয়েছে যে জনসাধারণকে শান্ত করার প্রচেষ্টায় ভারত সরকার দুইটি পরিকল্পনালালে বর্ধিত জাতীয় আয় প্রধানত কাদের হাতে গিয়ে সঞ্চিত হয়েছে তা অনুসন্ধান করার জন্য একটি কমিটি নিয়োগ করতে বাধ্য হয়েছেন। সাধারণ লোকের আসল আয় অথবা ক্রয়-ক্ষমতা ১৯৩৯ সালের, অর্থাৎ যুদ্ধ-পূর্ব সময়কার স্তরেই থেকে গিয়েছে। সরকারের পরিকল্পনাগুলি জনসাধারণের নিত্য প্রয়োজনীয় পণ্যসমূহের মূল্যবৃদ্ধি রোধ করতে ব্যর্থ হয়েছে। তথু তাই নয়, দ্বিতীয় পাঁচসালা পরিকল্পনাকালে সমস্ত পণ্যের সর্বভারতীয় পাইকারি দর শতকরা ত্রিশ ভাগ বেড়েছে। তৃতীয় পরিকল্পনাকালেও এই মূল্যবৃদ্ধি রোধ করার ব্যবস্থা গ্রহণের কোন আভাস নেই, বরং তৃতীয় পরিকল্পনার রিপোর্টে বলা হয়েছে যে এই পরিকল্পনাকালে মূল্যবৃদ্ধি তো ঘটবেই, এমনকি অস্বাভাবিক বৃদ্ধিও ঘটতে পারে। এগুলি হচ্ছে কঠিন বান্তব যা কেউ অবহেলা করতে পারেন না। পরিকল্পনার দশ বৎসরে ভোগ্য পণ্যের বাজারের উপর জ্যোতদার, আড়তদার, পাইকারি ব্যবসায়ী, চালকল মালিক এবং কালোবাজ্ঞারিদের আধিপত্য প্রভূত শক্তিশালী হয়েছে।

পরিকল্পনার মাধ্যমে বেকারের সংখ্যা হ্রাস পায়নি বরং বেড়েই চলেছে। দ্বিতীয় পাঁচসালা পরিকল্পনা ৫৩ লক্ষ পূর্ণ বেকার নিয়ে শুরু হয়েছিল। পরিকল্পনার শেষে অর্থাৎ ১৯৬০-৬১ সালে এই সংখ্যা ৯০ লক্ষে দাঁড়িয়েছে। অর্থাৎ তৃতীয় পরিকল্পনা ৯০ লক্ষ বেকার নিয়ে শুরু করা হয়েছে। তৃতীয় পরিকল্পনায় নতুন কাজ সৃষ্টির লক্ষ্য পূর্ণ হলেও পরিকল্পনার শেষে অর্থাৎ ১৯৬৫-৬৬ সালে ১ কোটি ২০ লক্ষ বেকার লোকের এক বিরাট বাহিনী সৃষ্টি হবে। তাছাড়া আছেন ১ কোটি ৫০ লক্ষের উপর অর্ধ-বেকার যাদের জন্য পূর্ণ কর্মসংস্থানের ব্যবস্থা করার, ধরতে গেলে কোনো সরকারি পরিকল্পনা নেই।

১৪ বংসর স্বাধীনতার পরেও পশ্চিমবাংলার আমরা যে চিত্র দেখতে পাই, তা হলো ঃ দারিদ্রোর, বেকারীর, রোগের এবং অরাজকতার চিত্র।

পশ্চিমবাংলার একর প্রতি ধান্যের গড় ফলন বিগত ১৪ বংসরে বাড়েনি বরং কিছুটা কমেছে এবং মোট আবাদী জমিতে সেচপ্রযুক্ত জমির অংশ দুটি পরিকল্পনার দশ বংসরে শতকরা ২০-২১ ভাগ থেকে বেড়ে শতকরা ২৫-২৬ ভাগ হয়েছে মাত্র। গ্রামাঞ্চলে অবশ্য একটা পরিবর্তন লক্ষ্য করা যায় পুরানো জমিদারী প্রথার অবসান ঘটেছে। কিন্তু খুবই কম সংখ্যক কৃষক জমির মালিকানা পেরেছেন এবং হাজার হাজার কৃষক জমি থেকে উচ্ছেদ হয়েছেন। বেশিরভাগ জমি বড় বড় জমিদারেরা নিজেদের মধ্যে ভাগাভাগি করে নিয়েছে।

দুর্গাপুরে এবং অন্যান্য করেকটি সীমাবদ্ধ এলাকায় কিছু কিছু কলকারখানা ও নৃতন শিল্প গড়ে তোলা হয়েছে এবং হচ্ছে। কিন্তু কলকারখানা বৃদ্ধির তুলনায় কারখানায় নিযুক্ত শ্রমিকের সংখ্যা খুবই কম বেড়েছে। ১৯৪৮-৪৯ সালে পশ্চিমবাংলায় সংগঠিত কারখানাগুলিতে ৬ লক্ষ ৮৭ হাজার জন শ্রমিক কাজ করতেন আর ১৯৬০-৬১ সালে কাজ করছেন ৭ লক্ষ ৪ হাজার জন শ্রমিক অর্থাৎ স্বাধীনতার ১৩ বৎসরে পশ্চিমবাংলার কারখানাগুলিতে নিযুক্ত শ্রমিকের সংখ্যা ১৭ হাজার মাত্র বেড়েছে। এই বৃদ্ধিকে আদৌ বৃদ্ধি বলা চলে না। নৃতন কিছু কিছু শিল্প গড়ে উঠেছে এবং সেগুলিতে কর্মসংস্থান বেমন একদিকে বেড়েছে অপর দিকে চট এবং আরও কয়েকটি বৃহৎ শিল্প থেকে হাজার শ্রমিক কর্মচ্যুত হয়েছে।

শিক্ষার ক্ষেত্রেও আমরা যে চিত্র দেখতে পাই তা হতাশারই চিত্র। ১৯৫১ এবং ১৯৬১ সালের মধ্যে লিখতে পড়তে পারেন পশ্চিমবাংলায় এমন লোকের অংশ শতকরা ২৪ ভাগ থেকে বেড়ে শতকরা ২৯ ভাগ হয়েছে। অর্থাৎ দশ বৎসরে কোনোক্রমে লিখতে পড়তে পারেন এমন লোকের সংখ্যা শতকরা ৫ ভাগ মাত্র বেড়েছে। এই হারে অপ্রসর হলে পশ্চিমবাংলায় সমস্ত লোককে শিক্ষিত করে তুলতে অক্তত ১০০ বৎসর লাগবে।

বাসগৃহের ক্ষেত্রে একই হতাশার চিত্র আমরা দেখতে পাই। জেলার শহরগুলিতে এবং গ্রামাঞ্চলে জনসাধারণ যে দুর্দশার মধ্যে বাস করেন তা কারুর অজ্ঞাত নয়। গ্রাম ও জেলা শহরগুলিতে বাসগৃহ নির্মাণ ও সংস্কারের জন্য সরকারের কোনো পরিকল্পনাই নেই। কিন্তু পশ্চিমবাংলার শিক্ষা ও সংস্কৃতির প্রাণকেন্দ্র কলকাতা মহানগরীর অবস্থাটা কি দেখা যাক। আজও কলকাতার চার ভাগের এক ভাগ লোক বন্তিতে বাস করেন। কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত কলকাতা নগরীর সামাজিক ও অর্থনৈতিক তদল্ভের রিপোর্ট থেকে দেখা যার; শতকরা ৭.৫ জন লোক মাত্র আলাদা গৃহে বাস করেন; শতকরা ২৮ জন লোক কাঁচাগৃহে বাস করেন এবং শতকরা ২০.৫ জন মেস, বোর্ডিং, হোটেল, দোকানঘর ইত্যাদিতে বাস করেন; শতকরা ৪৯টি গৃহে বৈদ্যুতিক আলোর কোনো ব্যবস্থা নেই; ১০০টির মধ্যে ২৩টি গৃহেই পৃথক কোনো জলকল নেই এবং প্রায় শতকরা ৭০টি পরিবার ভিড়ের মধ্যে বাস করেন। বিগত করেক বছর ধরেই কলকাতার বাড়ি ভাড়া বৃদ্ধি পাচ্ছে। এবং আজ এমন অবস্থার পৌছেছে যে কলকাতার বাড়ি ভাড়া করে থাকা সাধারণ মানুষের পক্ষে প্রায় অসম্ভব হয়ে পড়েছে, যার ফলে গরিব জনসাধারণ এক চরম অবস্থার মধ্যে দিনযাপন করতে বাধ্য হচ্ছেন।

অতিরিক্ত ভিড়, অস্বাস্থ্যকর পরিবেশ, পুষ্টিকর খাদ্যের অভাব, এই সমস্ত কারণেই যক্ষ্মার মতো ভয়াবহ রোগ বিস্তার লাভ করছে যা জনসাধারণের জীবনীশক্তিকে ক্ষয় করে দিছে।

এসবের সঙ্গে পাল্লা দিয়ে চলছে শাসক পার্টির দুর্নীতি ও স্বজনপোষণ যা আজ প্রবাদ বাক্যে পরিণত হয়েছে। পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় এবং খাদ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেনের নেতৃত্বে কংগ্রেসী মন্ত্রিসভাই হচ্ছে এই দুর্নীতির প্রধানতম উৎস। উপর তলার এই দুর্নীতি ও স্বজনপোষণ সমাজের বিভিন্ন স্তারে অনুপ্রবেশ করেছে, এবং সমাজজীবনকে পঙ্গু করে দিছে।

চাল, মাছ, মাংস, ডিম, তেল, কাপড় এবং অন্যান্য সমস্ত নিত্য প্রয়োজনীয় জিনিসের দরের অস্বাভাবিক বৃদ্ধি ঘটেছে। ফলে মধ্যবিত্ত ও জনসমষ্টির দরিদ্রতম অংশ অত্যন্ত সঙ্কটে পড়েছেন। সাধারণ মানুষ ও গৃহবধুদের অবস্থা এইভাবে চরমে পৌঁছেছে; কিন্তু লাভবান হয়েছে সরকারের যোগসাজ্ঞশে মুষ্টিমেয় বৃহৎ ব্যবসায়ী, আড়তদার, জোতদার, কালোবাজারি প্রভৃতি। চাল, ডাল, মাছ প্রভৃতির দর বৃদ্ধিতে কিন্তু কৃষক ও মৎস্যজীবীরা লাভবান হননি। বরং তাঁদের উৎপাদিত ফসল ও মাছের ন্যায্য দর থেকে তাঁরা বঞ্চিত হয়েছেন।

উল্লিখিত পরিস্থিতির জন্য সরকারই সম্পূর্ণ দায়ী। সরকার কালোবাজারি ফাটকাবাজারি, মুনাফাখোর প্রভৃতি সমাজবিরোধীদের কার্যকলাপ বন্ধ করার জন্য ব্যবস্থা গ্রহণ করতে অস্বীকার করেছেন এবং এইভাবে এদের পুষ্ট করেছেন।

কিন্তু শাকসশ্রেণী আমাদের রাজ্যের জনসাধারণকে দমাতে সক্ষম হননি। সরকারের প্রতিক্রিরাশীল ও জনস্বার্থ-বিরোধী নীতির বিরুদ্ধে জনসাধারণের প্রতিবাদ চতুর্দিকে ধ্বনিত হয়েছে এবং হছে। সভা শোভাষাত্রা, সমাবেশ, ধর্মঘট প্রভৃতির মাধ্যমে এই প্রতিবাদ ধ্বনিতে প্রধানমন্ত্রী শ্রীনেহরুকে বিনিম্র রজনী যাপন করতে হছে। আসামে সংখালঘু-বিরোধী দাঙ্গার বিরুদ্ধে, কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের ধর্মঘটের প্রতি সহানুভৃতি জানানোর জন্য, খাদ্যের জন্য এবং জলপাইগুড়ি জেলার বেরুবাড়ি ইউনিয়নের একটি অংশ পাকিস্তানের নিকট হস্তান্তরের বিরুদ্ধে পশ্চিম-বাংলার জনসাধারণের গৌরবময় সংগ্রাম ও আন্দোলগুলি এই প্রসঙ্গে বিশেষভাবে উল্লেখযোগ্য। জনসাধারণের গৌরবময় সংগ্রামগুলি এই ভরসা ও গ্যারান্টি দেয় যে শাসকশ্রেণী, ইচ্ছা থাকলেও নিজের খেয়াল-খুশিমত চলতে পারবেন না। কেবলমাত্র দেশের অর্থনৈতিক চিত্রই উদ্বেগ সৃষ্টি করছে না, নৈতিক অধঃপতন এবং ভাবপ্রবণ সংহতির অভাবও পরিলক্ষিত হচ্ছে। এর জন্য প্রধানত কংগ্রেস সরকারই দায়ী। তাছাড়া, সরকারের ক্রটি-বিচ্যুতির ফল হিসাবে চারিদিকে বিচ্ছিন্নতাসুলভ প্রবৃত্তির ঝোঁকও মাথাচাড়া দিয়ে উঠছে এবং গণতান্ত্রিক বিকাশ ব্যাহত হচ্ছে। "বৈচিত্র্যের মধ্যে ঐক্য" এর চিরাচরিত ধারণা এবং ভাষার ভিত্তিতে প্রদেশ গঠনের মাধ্যমে তার বাস্তব রূপায়ণের দাবিকে সরকার কার্যত মানতে অস্বীকার করেছেন এবং তার জন্য আন্দোলনকে দমন করতে বলপ্রয়োগের আশ্রয় গ্রহণ করেছেন। মহারাষ্ট্র, গুজরাট এবং অদ্ধপ্রদেশ গঠনের কাজ শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয় নি বা সরকার স্বেছহায় এগুলি গঠনের সম্মতি দেননি।

পশ্চিম বাংলার সাথে বিহারের সংযুক্তিকরণের আজগুবি প্রস্তাবের মাধ্যমে এই সরকার পশ্চিমবাংলার জাতীয় সন্তার বিলুপ্তির পরিকল্পনা করেছিলেন। সরকারের এই প্রস্তাব কার্যকরী হলে পশ্চিমবাংলা এবং বিহারের মধ্যে বিরোধ তীব্রতর হতো। পশ্চিমবাংলার মানুষের ঐক্যবদ্ধ ও সংগঠিত আন্দোলন কংগ্রেস সরকারের এই বড়যন্ত্র ব্যর্থ করে দিয়েছিল। এটা আশ্চর্যের কিছু নয় যে এখনও পর্যন্ত পাঞ্জাবের সমস্যার সমাধান হয়নি। ন্যায় বিচারে এই অস্বীকৃতি এবং ভারতবর্ষের প্রত্যেকটি অঞ্চলে সমস্ত সংস্কৃতির সুষ্ঠু বিকাশের বাধাদানের প্রচেষ্টাই ভারতীয় ঐক্যের শক্তিকে দুর্বল করে। আসামে যখন বাঙালী এবং সংখ্যালঘূ-বিরোধী সংগঠিত দাঙ্গা শুরু হলো, এবং যখন সমাজবিরোধী শক্তিগুলি দিনের আলোকে ১৪ হাজার গৃহ জ্বালিয়ে দিল, বছ লোককে হত্যা করল, মেয়েদের সম্মান নম্ভ করল, হাজার হাজার লোককে বাসগৃহ ত্যাগ করতে বাধ্য করল এবং যখন এই সমাজ-বিরোধীদের কার্যকলাপের ফলে আসামের আইন শৃদ্ধলা সম্পূর্ণরূপে ভেঙ্গে পড়ল তখন কেন্দ্রীয় সরকার সম্পূর্ণ নিলিপ্ত থাকলেন, এবং আসাম সরকারকে গদিতে আসীন থাকতে অনুমতি দিলেন। প্রধানমন্ত্রী শ্রীনেহক সে সময় কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের ধর্মঘট দমন করার জন্য সরকারের সমস্ত উৎপীড়নমূলক হাতিয়ারগুলি সমাবেশ করার কাজে ব্যস্ত ছিলেন, সুতরাং ভারতের ঐক্য বিনন্তকারী আমাদের সামাজবিরোধীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের তাঁর সময় ছিল না। এর চাইতে ভারতীয় ঐক্যের পরিপন্থী কাজ আর কী হতে পারে?

আসামের ঘটনাবলী স্বভাববতই পাশ্চিমবাংলার জসাধারণের মধ্যে আলোড়ন সৃষ্টি করেছিল; এবং এখানেও ঐক্যের মনোভাব ব্যাহত হওয়ার লক্ষণ দেখা দিয়েছিল। পশ্চিমবাংলার অন্যান্য বামপন্থী দলগুলির সহযোগিতায় কমিউনিষ্ট পার্টির কর্মতৎপরতাই, প্রচণ্ড প্ররোচনা সম্বেও, পশ্চিমবাংলায় ঐক্য সংরক্ষিত করেছিল।

আসামের ঘটনাবলীর সাথে কমিউনিস্ট পরিচালিত সরকারের শাসনকালে কেরালার ঘটনাবলীর তুলনা খুবই প্রাসন্ধিক হবে। কেরালায় কংগ্রেস হাই-কমান্ডের অনুপ্রেরণায় কংগ্রেস, মুসলিম লীগ, প্রজা সোস্যালিস্ট পার্টি, ক্যাথলিক গীর্জা এবং নায়ার সার্ভিস সোসাইটির প্রতিক্রিয়াশীল আঁতাতের ভিত্তিতে কমিউনিস্ট পরিচালিত মন্ত্রিসভার বিরুদ্ধে বিভিন্ন প্রকারের আন্দোলন শুরু করা হয় : শ্রীনেহরু আমাদের মন্ত্রিসভাকে পদত্যাগ করে পুনরায় নির্বাচনের সম্মুখীন হবার উপদেশ দিলেন। কিন্তু তিনি এই প্রতিক্রিয়াশীল এবং অশুভ আঁতাতের বিরুদ্ধে নিন্দাসূচক একটি কথা বললেন না বরং তিনি প্রতক্রিয়াশীল আন্দোলনগুলিকে "গণ-অভূগুখান" বলে অভিহিত করলেন। স্বভাবতই কেরালায় আমাদের পর্টি শ্রীনেহরুর উপদেশ প্রত্যাখান করলেন। কেন্দ্রীয় মন্ত্রিসভার পরামর্শ অনুযায়ী রাষ্ট্রপতি কর্তৃক এক আদেশের বলে কেরালার কমিউনিষ্ট পরিচালিত মন্ত্রিসভাকে বাতিল করা হলো। এইভাবে কংগ্রেস নেতৃবৃন্দের স্বরূপ প্রকাশ পেলো। এই স্বরূপ তখনই প্রকাশ পেলো যখন দেখা গেলো যে ভারতবর্ষের ছোটো একটি কোণে কংগ্রেসের একচেটিয়া ক্ষমতায় ফাটল ধরেছে। কংগ্রেস নেতৃবৃন্দ বলছেন যে দেশের চতুর্দিকে ভাবপ্রবণ সংহতির অভাব এবং বিচ্ছিন্নতাসুলভ প্রবৃত্তির ঝোঁক পরিলক্ষিত হছে। কিন্তু এর জন্যও কংগ্রেস নেতৃবৃন্দই দায়ী। কংগ্রেস নেতৃবৃন্দ, শ্রীনেহরুর বিনা আপন্তিতে, তাঁদের সংকীর্ণ স্বার্থসিদ্ধি করার উদ্দেশ্যে কেরালায় মুসলিম লীগের প্রতাদ্ধাকে রাজনৈতিক মর্যাদায় প্রতিষ্ঠিত করলেন। এর পর যদি হিন্দু সাম্প্রদায়িকতাবাদ মাথা চাড়া দিয়ে ওঠে এবং ভারতের ঐক্য ও সংহতি ব্যাহত করে তাহলে কংগ্রেস নেতৃবৃন্দ নিজেদের নির্দোধন বলে প্রতিপন্ন করতে পারেন না। তাছাড়া সংখ্যালঘিষ্টদের সুযোগ-সুর্বিধা দানের ক্ষেত্রে শাসক পার্টি হিসেবে কংগ্রেস চরম ব্যর্থতার পরচিয় দিয়েছে। এই ব্যর্থতা ও ক্রটি-বিচ্যুতিগুলি আডাল করার জন্য সরকারকে ফ্রেট্যী আইন সংশোধন করতে

হচ্ছে এবং বিচ্ছিন্নতাসুলভ প্রবৃত্তির সংগ্রামের জন্য জাতীয় সংহতি সম্মেলন আহ্বান করার কথা বলতে হচ্ছে। কিন্তু শাসক শ্রেণী তাদের নীতি ও পদ্ধতি না পাল্টালে, এবং জনসাধারণ উদ্যোগ গ্রহণ না করলে শুধু সম্মেলন অথবা প্রচারের মাধ্যমে ভাবপ্রবণ সংহতি সংরক্ষিত করা যাবে না।

গণতন্ত্র এবং ব্যক্তিস্বাধীনতার ক্ষেত্রেও চরম স্বৈরাচারী ঝোঁকের বিকাশ দেখা যাচ্ছে। এই ঝোঁককে প্রতিরোধ করতে না পারলে বিশৃষ্খলা দেখা দেবে। পশ্চিমবাংলায় সরকারি কর্মচারীদের ক্ষেত্রে বিশেষ করে ট্রেড ইউনিয়ন অধিকারকে প্রহসনে পরিণত করা হয়েছে। বিধিবদ্ধ সংস্থাগুলিতেও ট্রেড ইউনিয়ন অধিকারের উপর নানা প্রকারের বিধিনিষেধ আরোপ করা হয়েছে। কর্মচারী রাজ্য বীমা পরিষদের ডাক্তার, "কলকাতা ইম্প্রুভমেণ্ট ট্রাস্ট"-এর কর্মচারী এবং প্রাথমিক ও মাধ্যমিক স্কুল এবং কলেজের শিক্ষকদের নিয়োগ করা হছেে পুলিশ রিপোর্টের ভিত্তিতে। পুলিশ রিপোর্টের ভিত্তিতে সরকারি এবং সরকারি সাহয্যপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে বছ শিক্ষককে ছাঁটাই করা হয়েছে। কমিউনিষ্ট পার্টি কর্তৃক আছত কোনো জনসভাতে যোগদান করাও সরকারি কর্মচারীদের পক্ষে বিপজ্জনক। কিন্তু শাসক পার্টি কংগ্রেস কর্তৃক আহত কোনো জনসভায় যোগদান করলে চাকরি যায় না। অনুরূপভাবে কোনো না কোনো প্রকারে সরকারি নিয়ন্ত্রণ আছে কমিউনিষ্ট পার্টি কর্তৃক এমন কোনো সংস্থার ইউনিয়ন পরিচালনা আদৌ নিরাপদ নয় কারণ তাতে ঐ সমস্ত ইউয়িনের সদস্যদের অনর্থক নিপীড়িত হওয়ার আশঙ্কা থাকে।

জলপাইগুড়ি জেলার বেরুবাড়ি ইউনিয়নের একটি অংশ পাকিস্তানের নিকট হস্তান্তর করা হল সরকারের গণতান্ত্রিক রীতি-নীতির প্রতি অবজ্ঞার আর একটি জ্বলন্ত উদাহরণ। শ্রীনেহরু ভূল তথ্যের এবং সংবিধানের ভূল ব্যাখ্যার ভিত্তিতে (পশ্চিমবাংলা সরকার সমস্তই জানতেন এবং হস্তান্তরে তাদের মৌন সম্মতি ছিল। পশ্চিমবাংলার বিধানসভায় এই সম্পর্কে বিতর্কে তাদের মুখোশ খুলে পড়েছিল।) নেহরু-নূন চুক্তির এই ধারাটি আঁকড়ে ধরেছিলেন এবং ভারতীয় ইউনিয়নের এই অংশটিকে পাকিস্তানের নিকট হস্তান্তরের ব্যবস্থা করেছিলেন।

পশ্চিমবাংলার বিধানসভায় সর্বসম্মতিক্রমে গৃহীত প্রস্তাব, সুপ্রীমকোর্ট কর্তৃক বেরুবাড়ি হস্তান্তর সংবিধানবহির্ভূত বলে রায় দান এবং পশ্চিমবাংলার মানুষের তীব্র প্রতিবাদ সত্ত্বেও প্রধানমন্ত্রী শ্রীনেহরু পাকিস্তানের বর্তমান সরকারের সাথে বিষয়টি পুনর্বিবেচনার জন্য আলাপ-আলোচনা করতে অস্বীকার করেছেন। শুধু তাই নয়, বেরুবাড়ি হস্তান্তরকে সংবিধানসম্মত করার জন্য শ্রীনেহরুর উদ্যোগে সংবিধানের অংশবিশেষ সংশোধন করা হয়েছে।

কমিউনিষ্ট পার্টির বিরুদ্ধে কুৎসা রটনার এবং জনসাধারণকে ভাঁওতা দেবার উদ্দেশ্যে পার্লামেণ্টে— সংখ্যাগরিষ্ঠতার জ্যোর—"ফৌজদারী দশুবিধি আইনের সংশোধন" হল কংগ্রেস দল কর্তৃক হীন পদ্ধতি অনুসরণের সর্বশেষ উদাহরণ। ভারত-চীন সীমান্ত এলাকায় কমিউনিষ্ট পার্টি ভারতের কিছু অংশ চীনকে ছেড়ে দেবার জন্য প্রচারকার্য চালাচ্ছে—এই মিথ্যা এবং কুৎসামূলক অভিযোগের তথাকথিত গুপ্ত পুলিস রিপোর্ট প্রধানমন্ত্রী শ্রীনেহরু পার্লামেণ্টে পাঠ করে শোনালেন। এবং এইভাবে ফৌজদারী দশুবিধি আইন সংশোধন করার জন্য বিল আনয়নের ক্ষেত্র প্রস্তুত করা হলো। কিন্তু প্রত্যেকটি ক্ষেত্রেই তথাকথিত পুলিশ রিপোর্টে বর্ণিত অভিযোগগুলি অকাট্য তথাদ্বারা মিথ্যা বলে প্রমাণিত হয়েছে। কিন্তু যাই হোক, সংখ্যাগরিষ্ঠতার জ্যোরে সংশোধন বিলটি আইনে পরিণত করা হলো। আইনটি সাধারণ নির্বাচনের সময়ে শাসকশ্রেণী কর্তৃক কমিউনিষ্ট পার্টির বিরুদ্ধে বিশেষ করে প্রচারের হাতিয়ার হিসেবে ব্যবহৃত হবে, এ আশদ্ধা অমূলক নয়। কিন্তু এই পদ্ধতি এবং এই পথ গণতন্ত্রের বিকাশকেই ব্যাহত করবে। সূতরাং জনসাধারণের সচেতন এবং সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে গণতন্ত্রের বিকাশকে ব্যাহত করার জন্য সরকারের এই অপচেষ্টাকে পান্টানোর প্রয়োজনীয়তা সমধিক গুরুত্ব লাভ করেছে।

তা ছাড়া, কংগ্রেস পার্টিকে পুষ্ট করার জন্য সমস্ত গণতান্ত্রিক রীতি ও পদ্ধতি বর্জন করে এই সরকার নির্লক্ষিভাবে সরকারি শাসনযন্ত্রকে ব্যবহার করে আসছেন। সরকারি চাকুরির এবং পারমিট ও কন্ট্রাক্ট বণ্টনের ক্ষেত্রে এই সরকার বৈষম্যমূলক ব্যবহার করে থাকেন। বস্তুত জীবনের প্রতিটি ক্ষেত্রেই সরকারের বৈষম্যমূলক আচরণ পরিলক্ষিত হয়।

আমাদের অভিজ্ঞতা হল এই যে, পশ্চিমবাংলা এবং অন্যান্য রাজ্যের জনসাধারণের প্রায় সমস্ত অংশই আজ অসন্তুষ্ট ও বিক্ষুদ্ধ। বর্তমান অবস্থার প্রতিকারের কোনো উপায় খুঁজে না পেয়ে জনসাধারণের একটি অংশের মধ্যে হতাশার সৃষ্টি হয়েছে। এই হতাশার মনোভাব শাসক পর্টি এবং সরকারকেই সাহায্য করে। কিন্তু এই মনোভাব দেশের পক্ষে খুবই বিপক্ষনক। জনসাধারণের মধ্যে হতাশার মনোভাবের সুযোগ নিয়ে অনেক দেশে দক্ষিণপন্থী রাজনীতিবিদরা, সামরিক

চক্রসমূহ এবং অন্যান্য প্রতিক্রিয়াশীল শক্তি "পার্লামেন্টারি গণতন্ত্রকে" বিলোপ করে চরম প্রতিক্রিয়াশীল একনায়কছ প্রতিষ্ঠা করতে সক্ষম হয়েছে। সৌভাগ্যক্রমে জনসাধারণের বৃহন্তর অংশ তাঁদের অবস্থার পরিবর্তনের এবং দাবি আদায়ের জন্য সংগ্রাম ও আন্দোলনের মাধ্যমে সরকারের বিরুদ্ধে অসন্তোব ও বিক্ষোভ প্রকাশ করে থাকেন।

উদাহরণ হিসেবে সাম্প্রতিক কালে, সমস্ত রকম হমকি ও বিধিনিবেধ অগ্রাহ্য করে লক্ষ লক্ষ কেন্দ্রীয় সরকারি কর্মচারী বিতীয় বেতন কমিশনের সুপারিশসমূহ সংশোধনের এবং প্রয়োজন-ভিত্তিক ন্যূনতম বেতনের দাবিতে ধর্মঘট সংগ্রামে নেমেছিলেন। কেন্দ্রীয় সরকারি কর্মচারিদের এই ঐতিহাসিক ধর্মঘট অধিকার রক্ষার লড়াইয়ে জনসাধারণের অগ্রসর অংশের ইছো ও দৃঢ় প্রতিজ্ঞার এক গৌরবোজ্জ্বল উদাহরণ। কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের বিগত সাধারণ ধর্মঘটের ভিতর দিয়ে, তুলনামূলকভাবে অবস্থা কিছুটা উন্নত জনসমন্তির এমন একটা অংশ কী শোচনীয় অবস্থার মধ্যে বাস করেন তা উদ্বাটিত হয়েছে। শাসকশ্রেণী ব্যক্তিস্বাধীনতা পদদলিত এবং ট্রেড ইউনিয়ন অধিকার ধর্ব করার উদ্দেশ্যে কী হিংস্রতম দমন নীতির আশ্রয় গ্রহণ করতে পারে, এই ধর্মঘটের মধ্যে দিয়ে তাও উদ্বাটিত হয়েছে।

ধর্মঘটের পরে কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের অটুট মনোবল ও ঐক্যবদ্ধ আন্দোলনের ফলেই সরকার সম্প্রতি কর্মচারীদের ইউনিয়নের স্বীকৃতি ফিরিয়ে দিতে বাধ্য হয়েছেন।

১৫৫৯ সালে পশ্চিমবাংলায় খাদ্যের দাবিতে এক বিরাট আন্দোলন সুরু হয়। ৩১শে আগস্ট সন্তায় পর্যাপ্ত পরিমাণে খাদ্যের দাবিতে ৩ লক্ষ্ণ শ্রমিক, কৃষক ও মধ্যবিত্ত জনসাধারণের বিপুল শান্তিপূর্ণ সমাবেশ ময়দানে অনুষ্ঠিত হয়। শোভাযাত্রাকারীগণ যখন শান্তিপূর্ণভাবে সত্যাগ্রহ করতে চেষ্টা করেন তখন শুরু হয় সশস্ত্র পূলিস বাহিনীর আক্রমণ। হাজার হাজার লোককে গ্রেপ্তার করা হয়। গুলি ও লাঠি চালিয়ে পূলিস আশি জন নরনারীকে হত্যা করে এবং বছ লোককে জখম করে। খাদ্যের দাবিতে পশ্চিম বাংলায় ১৯৫৯ সালের ঐতিহাসিক আন্দোলন গণতান্ত্রিক আন্দোলনের ইতিহাসে একটি গৌরবোজ্জ্বল অধ্যায় হিসাবে লিপিবদ্ধ থাকবে।

১৯৫৯ সালের ঐতিহাসিক খাদ্য আন্দোলন এবং তার উপর পুলিশের নির্মম অত্যাচারের কাহিনী, রাজ্যের কংগ্রেসী মন্ত্রিসভার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব, মুলতুবী প্রস্তাব, বেসরকারি প্রস্তাব উত্থাপন প্রভৃতির মাধ্যমে পশ্চিম-বাংলার আইনসভায় প্রতিফলিত করা হয়েছে। আইনসভার বাইরেও সভা, শোভাযাত্রা, মন্ত্রীদের বয়কট আন্দোলন প্রভৃতির মধ্য দিয়ে পশ্চিমবাংলার জনসাধারণ কংগ্রেস সরকারকে ধিকার দিয়েছেন।

পশ্চিমবাংলার আইনসভার বিগত "সেপ্টেম্বর অধিবেশন" চলাকালীন প্রায় প্রতিদিনই পাট-চাষী, চটকল শ্রমিক, বাস ও ট্রামের শ্রমিক-কর্মচারী, বাস্তহারা, অন্যান্য কলকারখানার শ্রমিক, দোকান কর্মচারী, ডি. ভি. সি. কর্মচারী এবং অন্যান্যরা নিজেদের দাবিদাওয়া আদায়ের জন্য আইনসভার দিকে অভিযান ও শান্তিপূর্ণ বিক্ষোভ সংগঠিত করেছে। সুযোগ না থাকার জন্য সরকারি কর্মচারী প্রভৃতিরা প্রকাশ্যে কোনো বিক্ষোভ প্রদর্শন করতে পারেননি বটে কিন্তু তাঁদের অসন্তোষ ও বিক্ষোভ রাজ্যের সর্বত্র প্রতিধ্বনিত হচ্ছে।

জনসাধারণের বিভিন্ন অংশের মধ্যে বিক্ষোভ এবং অসন্তোব নিশ্চয়ই অর্থনৈতিক অগ্রগতি এবং জীবনযাত্রার মানোন্নয়নের চিহ্ন নয়। এর ভিতর দিয়ে যে অবস্থা উদ্বাটিত হয় তার পরিবর্তন প্রয়োজন। এই পরিবর্তনের জন্য আবার প্রয়োজন হলো জনসাধারণের ব্যাপকতম অংশের ঐক্যবদ্ধ আন্দোলন। যতদিন বর্তমান সরকার ক্ষমতায় অধিষ্ঠিত থাকবেন ততদিন জনসাধারণ ঘটনাবলী ঘটার জন্য অপেক্ষা করতে পারেন না। সূতরাং নিয়ত সজাগদৃষ্টির এবং পরিবর্তনের জন্য নিরবচ্ছিন্ন সংগ্রামের প্রয়োজনীয়তা জরুরী হয়ে পড়েছে।

জনগণের সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে কংগ্রেস সরকারকে পরিবর্তন করার সম্ভাবনার বাস্তব পরিস্থিতি পশ্চিম-বাংলায় বর্তমান রয়েছে। বার বার পশ্চিমবাংলার সরকার জনসাধারণের আন্দোলনের সামনে পশ্চাদপসরণ করেছেন এবং কোণঠাসা হয়েছেন। কিন্তু শাসক পার্টির বিরুদ্ধে দাঁড়াতে সাহায্য করার উদ্দেশ্যে সুনির্দিষ্ট উদ্দেশ্য ও লক্ষ্যের ভিত্তিতে জ্বনসাধারণকে শিক্ষিত করে তোলার জন্য বৃহত্তর এবং আরও সদৃঢ় প্রচেষ্টার প্রয়োজন।

স্বাধীনতার ১৪ বংসরে প্রতি পদে পদে কংগ্রেস সরকার যে ব্যর্থতা দেখিয়েছেন তা আকস্মিক নয়। "আমাদের সক্ষ্য সমাজতন্ত্রবাদ" এ ঘোষণা সম্বেও কংগ্রেস সরকার ধনতান্ত্রিক পথেই অর্থনীতির বিকাশ ঘটাতে চেষ্টা করছেন। ফলে এই ব্যর্থতা। একচেটিয়া পূঁজিপতিশ্রেণী এবং অন্যান্য কায়েমী স্বার্থের স্বার্থ পূষ্ট করবার জন্য এই সরকার পরিচালিত হয়। সরকারের উপর আবার কায়েমী স্বার্থসমূহ প্রভাব বিস্তার করে থাকে। যার জন্য আমরা দেখতে পাই যে, "টাটা", "বিড়লা", "মার্টিন বার্ন" প্রভৃতি বৃহৎ পূঁজিপতি গোষ্ঠী কংপ্রেস দলের এবং অন্যান্য প্রতিক্রিয়াশীল দলের তহবিলে প্রকাশ্যেই চাঁদা দিয়ে থাকে এবং তাদের (অর্থাৎ কায়েমী স্বার্থের) স্বার্থে কাজ করতে বাধ্য করে। এমন কি রাষ্ট্রায়ন্ত ক্ষেত্রকেও একচেটিয়াপতিরা বেসরকারি ক্ষেত্রকে পৃষ্ট করার কাজে ব্যবহার করে থাকেন।

ধনতন্ত্রবাদের সূর্যান্তের যুগে বিশেষ করে যখন পৃথিবীর জনসমষ্টির এক-তৃতীয়াংশ সমাজতান্ত্রিক শাসন ব্যবস্থা দ্বারা পরিচালিত হচ্ছেন এবং সুখী ও সমৃদ্ধ জীবন গড়ে তোলার ও চিরতরে বেকারির অভিশাপ দ্রীভূত করার কাজে এগিয়ে চলেছেন, তখন ধনতান্ত্রিক পথে বিকাশ ঘটানোর প্রচেষ্টার অর্থ দাঁড়ায় জনসাধারণের দুর্দশা ট্যাক্সের বোঝা ও বেকার সমস্যার তীব্রতা আরও বৃদ্ধি। ধনতান্ত্রিক পথে অর্থনীতির দ্রুত, সুদৃঢ় এবং সুসামঞ্জস্যপূর্ণ বিকাশ ঘটে না এবং সঙ্কট লেগেই থাকে।

ভারতবর্ষের বর্তমান পরিস্থিতিতে গণতন্ত্রের অন্তিত্ব আদৌ নিরাপদ নয় এবং থাকতে পারে না। কারণ যখনই শাসকশ্রেণী অসুবিধার এবং জনসাধারণের ব্যাপক গণবিক্ষোভের সম্মুখীন হন তখন তাঁরা এমনকি পার্লামেন্টারি গণতন্ত্রের অন্তিত্বকেও বিলোপ করতে কুষ্ঠিত হন না।

স্বভাবতই প্রশ্ন উঠতে পারে যে, এই অচল অবস্থা থেকে বেরিয়ে আসার কি কোনো পথ নেই? আমাদের উত্তর হলো, যদি কনিউনিষ্ট পার্টি তার কর্তব্য পালন করে এবং জনসাধারণ যদি বাস্তব অবস্থা সময়মত উপলব্ধি করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করেন তাহলে নিশ্চয়ই পথ আছে।

প্রকৃত বৈজ্ঞানিক সমাজতন্ত্রবাদের পথে মৌলিক পরিবর্তন সূচিত করার সুযোগ জনসাধারণের সামনে আগের চাইতে আরও বেশি করে উপস্থিত হয়েছে। সমাজতান্ত্রিক সমাজব্যবস্থায় উৎপাদন জনসাধারণের প্রয়োজন মেটাবার কাজেই ব্যবহৃত হয় এবং জনসাধারণ নিজেদের ভাগ্য নিজেরাই নির্ধারণ করেন। এই ব্যবস্থায় একচেটিয়া পুঁজিপতি, মুনাফাখোর, জমিদার ও অন্যান্য পরগাছা শ্রেণীগুলির ইতিহাসের আবর্জনার স্তুপে নিক্ষিপ্ত হয়। এই পথে আমরা ভারী শিল্প গড়ে তোলার, কৃষি সম্পর্ক পরিবর্তনের, কৃষকের স্বার্থে ভূমি সংস্কারের এবং জনসাধারণের স্বার্থে অর্থনৈতিক রূপান্তরের পথে দ্রুত এগিয়ে যেতে পারি। এইভাবেই বেকারির অভিশাপ চিরতরে দূর করা যায়। এবং জনসাধারণের জীবনযাত্রার মানোল্লয়ন ও সংস্কৃতির বছমুখী বিকাশ সুনিশ্চিত করা যায়।

এটাই হলো সংক্ষেপে সুখী ও সমৃদ্ধ জীবন গড়ে তোলার এবং গণতন্ত্রের পূর্ণ বিকাশ ঘটানোর কাজে এগিয়ে যাওয়ার রাস্তা।

[দৈনিক 'স্বাধীনতা'র ১৩৬৮ বঙ্গাব্দের শারদীয় সংখ্যায় (পৃষ্ঠা : ১-১০) প্রকাশিত জ্যোতি বসুর প্রবন্ধ। ১৯৬১ খ্রীস্টাব্দের নভেম্বরে এই লেখা ছাপা হয়। ১৯৬২'র ফেব্রুয়ারিতে অনুষ্ঠিত হয়েছিল তৃতীয় সাধারণ নির্বাচন।]

# পশ্চিমবংগে চাউলের বাজারে ব্যাপক সংকটঃ শহরে-মফঃস্বলের দোকানে সরবরাহে চরম অব্যবস্থাঃ শ্রীজ্যোতি বসু কর্তৃক খাদ্যমন্ত্রীর আত্মসন্তুষ্টির তীব্র সমালোচনা।

[ স্বাধীনতা ১লা যেক্রয়ারী, ১৯৫৯]

পশ্চিমবাংলায় ব্যাপকভাবে চাউলের বাজারে সংকট ঘনায়মান হইয়া উঠিয়াছে, ইহার প্রতিকারে ব্যাপক আন্দোলনের প্রয়োজন—এই মাসে বিরোধীদল নেতা শ্রীজ্যোতি বসু স্বাধীনতার রিপোর্টারের সঙ্গে আজ এক সাক্ষাৎকারে বলেন। তিনি বলেন মফঃস্বলের বহু অঞ্চলে বাজার হইতে চাউল উধাও হইয়াছে। প্রকাশ্যভাবে নিয়ন্ত্রিত দর অপেক্ষা বেশী মূল্যে বেচাকেনা চলিতেছে। চাউল সরবরাহে অব্যবস্থা ও নিয়ন্ত্রিত মূল্য প্রকাশ্যে লঙ্খিত হইতে দেখিয়া পশ্চিমবংগে কংগ্রেস সরকারের কোন অক্তিত্ব আছে বলিয়া মনে হয় না। ঠিনি এই মন্তব্য করেন। তিনি বলেন—বিধান সভার অধিবেশনে এই সমস্যাটিই প্রধান আলোচ্য হইয়া দাঁডাইবে।

শ্রীজ্যোতি বসু বলেন সম্প্রতি কাটোয়া, বাঁকুড়া প্রভৃতি স্থান ঘুরিয়া দেখিলাম সর্বত্রই বাজারে চাউলের দুষ্প্রাপ্যতা বাড়িয়া চলিয়াছে। ধান, চাল কেনা-বেচা নিয়ন্ত্রিত মুল্যে চলিতেছেনা। মফঃস্বলের ন্যায্য মুল্যের দোকান ও প্রকাশ্য বাজারের দোকানে প্রয়োজনীয় চাউল নাই। তিনি আরও বলেন যে শহর ও শহরতলীর দোকানগুলিতে অতি অল্প পরিমাণ চাউল পাওয়া যায়। ঘণ্টার পর ঘণ্টা লাইনে দাঁড়াইয়া থাকিয়াও চাউল কিনিতে পারা যাইতেছেনা বলিয়া ২৪ পরগণা ও হাওড়ার বছ অঞ্চল হইতে তাঁহার নিকট অভিযোগ আসিতেছে। সাধারণ মানুষ প্রতিদিনই বসুর নিকট অভিযোগ করিতেছেন—বেশী দাম দিলে গোপনে চাউল পাওয়া গেলেও সরবরাহ সুনিশ্চিত নহে। শ্রীবসু বলেন চাউলের দুষ্প্রাপ্যতা ও চোরাবাজার সম্পর্কে তিনি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করিয়াছেন। নিয়ন্ত্রিত মূল্যের আইন লব্দন ও চোরাবাজার সম্পর্কে ব্যবস্থার জন্য ডাঃ রায় শ্রীবসুকে পুলিশ মন্ত্রীর সহিত যোগাযোগ করিতে বলেন। পরিশেষে শ্রীবসু বলেন, এইরূপ সংকটজনক পরিস্থিতিতে বৎসরের শুরুতেই ফসলের মরসুমে ব্যাপক আন্দোলনের কথা আমাদের চিন্তা করিতে হইতেছে। ইহাপেক্ষা আশ্চর্যের আর কি আছে? খাদ্যমন্ত্রীর আত্মতুষ্টি ও "সব ঠিক হ্যায়" মনোভাবের বিরুদ্ধে শ্রীবসু তীর সমালোচনা করেন। তিনি জানান যে খাদ্য সমস্যার সমাধান হইয়া গিয়াছে বলিয়া খাদ্যমন্ত্রী যতই বড়াই করুন না কেন, বিধান সভার আসন্ধ অধিবেশনে খাদ্য সমস্যাটিই অন্যতম প্রধান আলোচ্য বিষয় হইয়া দাঁড়াইবে।

### Statement of Jyoti Basu, 24 August 1959

[সাধীনতা, ২৫ আগস্ট ১৫৫৯]

"নিজেদেরই পলিসির ফলে রাজ্যে যে খাদ্য সমস্যা দেখা দিয়াছে তাহার সমাধানের চেষ্টা না করিয়া পশ্চিমবংগ সরকার মুল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির বিরুদ্ধে এবং যথেষ্ট খাদ্য সরবরাহের দাবিতে ও দ্রব্যমূল্যবৃদ্ধির বিরুদ্ধে আন্দোলনরত জনগণের উপর বর্বর দমননীতি চালাইতেছেন। যে সরকার বছরের পর বছর মজতদার ও মূনাফাখোরদিগকে নির্বিবাদে সকল সরকারি নিয়ন্ত্রণাদেশ ভঙ্গ করিতে দিয়াছেন সেই সরকারই আজ গর্জন করিয়া উঠিয়াছেন যে, জনসাধারণের খাদ্য স্নিশ্চিত করিবার জন্য এবং অসাধু ব্যবসায়ীদের ঘৃণ্য আচরণ নিয়ন্ত্রিত করিবার জন্য সরকারকে ব্যবস্থা গ্রহণ করিতে বাধ্য করিবার উদ্দেশ্যে চালিত জনসাধারণের আন্দোলন তাঁহারা বরদান্ত করিবেন না। পাইকারীহারে নিবর্তনমূলক আটক আইন, নিরপত্তা আইন, ফৌজদারী কার্যবিধি আইন প্রযুক্ত হইতেছে—শান্তিপূর্ণ গণআন্দোলনকে ধ্বংস করিবার জন্য সমগ্র পুলিস বাহিনীকে মোতায়েন করা হইয়াছে। কিন্তু ন্যায্যভাবে খাদ্যশস্য বিতরণের জন্য এমন কর্মোদ্যম করিতে কখনো দেখা যায় না। অর্ধাশনের বিরুদ্ধে প্রতিবাদ ও সংগ্রাম পরিচালনার যে অধিকার আমাদের আছে সরকার সর্বপ্রকার সন্ত্রাসবাদী কার্যকলাপ চালাইয়াও সেই অধিকার কাড়িয়া লইতে পারিবেন না। পশ্চিমবংগের জনগণ যেভাবে এক অভুতপূর্ব শান্তিপূর্ণ গণসংগ্রাম পরিচালনা করিতেছেন সেজন্য তাঁহাদিগকে সবিশেষ প্রশংসা করিতেছি। পশ্চিমবংগ মন্ত্রীসভায় মৃষ্টিমেয় একদল অত্যাচারী যেন আমাদিগকে ভীত সম্ভন্ত করিয়া আত্মসমর্পণ করাইতে সক্ষম না হয়। পশ্চিমবংগের জনগণ বিনা প্রতিবাদে ও স্বেচ্ছায় প্রায় দুর্ভিক্ষ পরিস্থিতি মানিয়া লইয়াছেন এই অপবাদ যেন শুনিতে না হয়। আমি যখন আসামে ও ত্রিপুরায় সফর করিতেছি তখন শুনিতেছি নাকি আমাকে বিনা বিচারে আটক করিবার জন্য গ্রেপ্তারী পরোয়ানা জারী করা হইয়াছে। অবশ্য আমি বারবার সরকারি নির্দেশ অমান্যকারী খাদ্যচোরদিগকে এবং উহাদের পৃষ্ঠপোষক মন্ত্রী শ্রীপ্রফুল্ল সেনকে গ্রেপ্তার করিবার আবেদন জানাইয়া বিফল হইয়াছি—কাজেই আমি অপরাধ করিয়াছি বৈকি ! আমাদের এই পার্টি সংগ্রামের সম্মুখ সারিতেই আছেন এবং যতদিন বাহিরে থাকিব ততদিন আমি জনসাধারণের সেবাই করিব। তবে জনসাধারণ ইতিমধ্যেই প্রমাণ করিয়া দিয়াছেন যে, নেতাদিগকে গ্রেপ্তার করিলে আন্দোলন বন্ধ হয় না। গত কয়েকদিন যেখানেই গিয়াছি সেখানেই পশ্চিমবংগের খাদ্য আন্দোলনের সমর্থনে বড বড জনসভা ইইয়াছে। লক্ষ লক্ষ লোককে অনশনে অর্দ্ধাশনে জর্জরিত করিবার পর কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী যে পদত্যাগ করিয়াছেন ইহা আশাজনক সংবাদ। কিন্তু আজও পশ্চিমবংগের অপরাধী খাদ্যমন্ত্রী সমস্ত লচ্চ্চাবোধ জলাঞ্জলি দিয়া গদি আঁকড়াইয়া বসিয়া আছেন। আমাদের সংগ্রাম, আত্মত্যাগ ও দুঃখবরণ বৃথা যাইবে না। আমি এ বিষয়ে নিশ্চিত যে, আমাদের এই সংগ্রামের মাধ্যমে আমরা জনসাধারণকে কিছুটা স্বন্ধিলাভের সুযোগ করিয়া দিতে পারিব। আমি আশা করি যে, নিজেদের পলিসির ব্যর্থতা স্বীকৃত হইবার পর এখন কেন্দ্রীয় সরকার তদনুযায়ী পশ্চিমবংগের খাদ্য পরিস্থিতি সম্পর্কে তদন্ত করিবেন, আমাদের দাবিসমূহ মানিয়া লইবার ব্যবস্থা করিবেন এবং যাহার অপরাধ জঘন্য ধরণের পশ্চিমবংগের সেই খাদ্যমন্ত্রীকেও অপসারিত করা হইবে।"

### PART-II

## SPEECHES, WRITINGS AND MEMOIRS OF THE LEADERS OF LEFT POLITICAL PARTIES ON THE FOOD PROBLEM AND FOOD MOVEMENT IN WEST BENGAL, 1959

### বাংলা বাঁচাও অভিযান

[नाती युक्ति व्यारमानन ও व्यायता, नृ. ৫९-७১, ১७২-১७৪]

#### কনক মুখাৰ্জী

১৩৫০-এর ভয়স্কর সর্বনাশা মন্বন্ধর ! বাংলার ঘরে ঘরে, আকাশে বাতাসে আর্তনাদ উঠল—বাঁচাও ! বাঁচাও ! সোনার বাংলার প্রায় ৫০ লক্ষ মানুষ অনাহার ও মহামারীর কবলে মৃত্যুর কোলে ঢলে পড়ল। আরো অন্ততঃ এক কোটি মানুষ অনাহারের উপর মহামারী—ম্যালেরিয়া, কলেরা, শোধ, বসন্ত রোগে আক্রান্ত হয়েছে। কলকাতা ছাড়াও মেদিনীপুর, ঢাকা, হুগলী, ফরিদপুর, নোয়াখালি, চট্টপ্রাম, ২৪ পরগনা প্রভৃতি জেলায় ম্যালেরিয়া মড়কের আকারে দেখা দিয়েছে। বছ গ্রামে শতকরা ৫০ জন মানুষই ম্যালেরিয়ার শ্য্যাশায়ী হয়েছে। মাঠে-ঘাটে নদীতে মানুষের মৃতদেহ ইতন্তত ছড়িয়ে রয়েছে। অনাহার-মহামারী মৃত্যু বিভীষিকা সারা বাংলায় ভয়াবহ রূপ ধারণ করেছে।

গ্রাম-গ্রামান্তর থেকে কাতারে কাতারে মানুষ, অসহায় নিরন্ন মানুষ মহানগরীর রাজপথে এসে আশ্রয় নিতে থাকল। দুভিক্ষ-পীড়িত দুঃস্থ নর-নারী শিশুর হাহাকারে কলকাতার রাজপথ কেঁপে উঠল। কদ্বালসার মা-শিশুরা দুয়ারে দুয়ারে ভিক্ষে চেয়ে কান্নার রোল তুলল—ফ্যান দাও, ফ্যান দাও। ভাতের আশা তখন প্রায় ছেড়েই দিয়েছে, এতটুকু ভাতের ফ্যান কেউ দিলেই কৃতার্থ হয়ে যায়। ক্ষুধার দ্বালায় মা তার শিশু সন্তানকে বিক্রি করছে। নারীর ইচ্ছত সর্বনাশা ক্ষুধার গ্রাসে বিলুপ্ত হচ্ছে। কোথায় ভেসে যাচ্ছে নৈতিক মূল্যবোধ, সামাজিক-মানবিক বন্ধন—স্বামী-স্ত্রী, পিতা-মাতা, ভাই-ভগ্নী, সন্তান-সন্ততি—বাংলার লক্ষ লক্ষ গ্রাম-শহরের কৃষক-শ্রমিক মধ্যবিত্ত মানুষ দুর্ভিক্ষের করাল গ্রাসে পড়েছে।

সরকারি হিসাবে ১৯৪৩-৪৪-এর মধ্যে বাংলার অন্তত ৩৫ লক্ষ নর-নারী শিশুর অনাহারে ও মহামারীতে মৃত্যু হয়েছে। বেসরকারি হিসাবে এই সংখ্যা ৫০ লক্ষও হতে পারে। বিদেশী সাম্রাজ্যবাদী আমলাতান্ত্রিক অর্থনীতিই এই ভয়ন্ধর সংকট ডেকে এনেছে। যুদ্ধের বাজারে মানুষের ক্ষুধার অন্ন কেড়ে নিয়ে তাদের কালোবাজারী মুনাফাখোরী ব্যবসা ফুলে-ফেঁপে উঠেছে। তখন বাংলার সবচেয়ে বড় বড় মজুতদার মুনাফাখোররা ছিল ইউরোপীয় ব্যবসাদাররাই। তাদেরই সঙ্গে যোগসাজশে এখানকার ব্যবসাদাররাও চরম নৃশংস, দুর্নীতির পথ গ্রহণ করল।

বাজার থেকে চাল ডাল কেরোসিন লবণ শিশুর দুধ চিনি বার্লি—সমস্ত নিত্য প্রয়োজনীয় অত্যাবশ্যক জিনিস বাজার থেকে উধাও হয়ে মজুতদারদের গুদামজাত হতে থাকল। শহরের খোলাবাজারে দশগুণ দাম দিলেও কিছু মেলে না। মফঃস্থল ও গ্রামের অবস্থা আরো ভয়াবহ। চাষী নিরুপায় হয়ে তার গরু লাঙল বেচে দিছে। জেলে বেচে দিছে তার জাল। কামার কুমাররা সব বিক্রি করে দিছে তাদের শেষ সম্বল ছোট ছোট যন্ত্রপাতি সবই। সমাজ্ব সংসার সব দুর্ভিক্বের কবলে পড়ে ছারখার হয়ে যেতে থাকল। শত শত বৎসরের গড়ে ওঠা সভ্যতার রীতিনীতি, মূল্যবোধ ধূলায় লুটিয়ে পড়ল। দলে দলে বুভুকু নরনারী মানমর্যাদা ভূলে, নারী-শিশুর নিরাপন্তার কথা ভূলে একমুঠো অন্নের জন্য গ্রাম-গ্রামান্তর থেকে কাতারে কাতারে শহরের পথে ছুটতে থাকল। তখন ফুটে উঠল বিদেশী সাম্রাজ্যবাদীদের শাসন-শোষণের চরম নৃশংস বীভৎস চেহারা। শহরে পথের দুধারে মানুষের কঙ্কাল, নারী শিশু বৃদ্ধের মৃতদেহ। গ্রামে গ্রামে মৃত বা অর্থমৃত মানুষের কঙ্কাল নিয়ে শিয়াল কুকুরের টানাটানি। আর দেখা গেল সাম্রাজ্যবাদী বৃটিশ সরকারের নিষ্ঠুর নির্মম হাদয়হীন নিষ্ক্রিয়তা—অর্থলোভী নরপিশাচ দেশী-বিদেশী মুনাফাখোর ব্যবসাদারদের কদর্য কুৎসিত চেহারা।

কিন্তু মানুষ অপরাজেয়। মৃত্যুর চেয়ে জীবনের আহান অনেক বড়। তাই দুর্ভিক্ষ কবলিত ধ্বংসের মুখোমুখি এই বাংলাই প্রবল বিক্রমে রূখে দাঁড়িয়েছিল সর্বশক্তি দিয়ে। মৃত্যু মহামারীর মাঝে বাংলাকে বাঁচাবার শপথের মধ্য দিয়েই সেদিন স্বাধীনতা দিবস পালিত হয়েছিল। ২৬শে জানুয়ারি, ১৯৪৪, সকল দলমতের মানুবের কাছে ঐক্যের আবেদন জানিয়ে। কমিউনিষ্ট পার্টির নেতৃত্বে জনগণের মধ্যে সেদিন স্বাধীনতা দিবসের সংকল্প হয়েছিল: গান্ধীজী, জওহরলাল প্রমুখ সমস্ত কংগ্রেস নেতাদের মৃক্তি চাই, আমলাতদ্ধের দম্দনীতি রোধ করো, অনাহার মহামারীর বিরুদ্ধে জনগণের ঐক্য-

সংহতি গড়ে তোলো, কংগ্রেস-সীগ ঐক্য গড়ে তোলো, দেশরক্ষার জন্য জাতীয় সরকার চাই। রাজনৈতিক দলমত, ধর্মবিশ্বাস, সামাজিক নানা স্তরের পার্থক্য ভূলে গিয়ে সেদিন বাংলার ব্যাপক জনগণ রুখে দাঁড়িয়েছিল নিরন্ন মানুষের মুখে অন্ন তুলে দেবার জন্য, মুমুর্ব শিশুদের রক্ষার জন্য, অসহায় মা-ভগ্নীদের মান-ইচ্জত রক্ষার জন্য। দুর্ভিক্ষের কবলে বুকফাটা বাংলার অন্তস্থল থেকে সন্মিলিত কঠের আওয়াজ উঠেছিল:

"সোনার বাংলা হলো শ্মশান, একসাথে সব চল—"

এই একসাথে চলার আহ্বানে সাড়া দিয়ে আর্তের সেবায় সেদিন পথে নেমে এসেছিল বাংলার সর্বস্তরের মানুষ। এসেছিল দলমত নির্বিশেষে রাজনৈতিক নেতা ও কর্মীরা—কংগ্রেস, মুসলিম লীগ, কমিউনিষ্ট পার্টি, হিন্দু মহাসভা, মিশনারী প্রতিষ্ঠানগুলি ও সেবা প্রতিষ্ঠানগুলি। এসেছিলেন শ্রমিক-কৃষক, মধ্যবিত্ত, ছাত্র-যুব সর্বস্তরের নারী-পুরুষ, এসেছিলেন বুদ্ধিজীবী, শিল্পী সাহিত্যিক কবি নাট্যকার অভিনেতা গায়ক চিত্রকর সকলেই। সর্বাত্মক সমবেত প্রচেষ্টায় 'বাংলা বাঁচাও' 'Save Bengal' আওয়াজ উঠেছিল জাতীয় চেতনার গভীর অন্তস্থল মন্থন করে। পথে পথে জনরক্ষা, আত্মরক্ষা সমিতির মিছিলে, ধ্বনিত হয়েছিল গণসঙ্গীত ঃ

'শোন ওরে ও শহরবাসী শোন ক্ষুধিতের হাহাকার দেশবাসী না এগিয়ে এলে দেশ বাঁচানো বিষম ভার—" 'চাইরে অর্থ চাইরে বস্ত্র চাইরে অন্ন জল—', ইত্যাদি

একদিকে যেমন ব্যাপক প্রচার আন্দোলন চলতে থাকল, অন্যদিকে গড়ে উঠতে থাকল সর্বদ্র সর্বদলীয় খাদ্য কমিটি, অসংখ্য রিলিফ কমিটি, লঙ্গরখানা, খাদ্য বস্ত্র অর্থ ঔষধ সংগ্রহের ও বিতরণের অসংখ্য কেন্দ্র। তেমনি বাংলার বাইরে সারা ভারতে এবং ভারতের বাইরেও সংগঠিত হতে থাকল বাংলাকে বাঁচানোর অভিযান। সিংহল থেকেও বাংলার রিলিফের জন্য বিভিন্ন প্রতিষ্ঠান তহবিল সংগ্রহ করে পাঠাতে থাকল। এমনকি লগুনে পর্যন্ত বাংলার সাহায্যে রিলিফ কমিটি গড়ে উঠল। গ্লাসগো, ম্যাঞ্চেস্টার, বার্মিংহামেও কমিটির শাখা খোলা হলো। এইসব সাহায্য তহবিল সংগ্রহের কাজের মধ্যে লগুনের প্রগতিশীল সংগঠনগুলি ভারতে বৃটিশ সাম্রাজ্যবাদের শোষণ অত্যাচারের স্বরূপ প্রকাশ করে রাজনৈতিক প্রচারও চালাতে থাকল।

বাংলা থেকে গণনাট্যের সাংস্কৃতিক স্কোয়াডগুলি ভারতের বিভিন্ন রাজ্যে ঘুরে ঘুরে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে বাংলার দুর্ভিক্ষ রিলিফের জন্য সাহায্য সংগ্রহ করেছে। এইভাবে লক্ষ লক্ষ টাকা 'বাংলা বাঁচাও' তহবিলে জমা হতে থাকল।

ক্ষুধিতের সেবার জন্য জনরক্ষা সমিতি ও আত্মরক্ষা সমিতির যৌথ উদ্যোগকে সাহায্য করার আবেদন জানালেন বিশিষ্ট নাগরিকবৃন্দ ঃ

"'বাংলার ক্ষুধিত ও মৃতপ্রায় নরনারীকে বাঁচাইবার ভার সহদেয়ে দেশবাসীরাই না লইলে কে লইবে? সে জন্যই আজ দিকে দিকে দেশবাসীর মধ্যে সাড়া পড়িয়া গিয়াছে। বছ দাতা অকাতরে অর্থ বস্ত্র ও অন্ন দান করিতেছেন। কত জনপ্রিয় প্রতিষ্ঠান ওদেশভক্ত কর্মী ক্ষুধিতের অন্নদান সেবার অক্লান্ত পরিশ্রম করিতেছেন।

কলকাতা জনরক্ষা সমিতি ও মহিলা আত্মরক্ষা সমিতি প্রায় দেড় বংসর ধরিয়া নানাভাবে সেবাকার্য করিয়া আসিতেছেন। ...ইহাদের চেষ্টায় ও স্থানীয় মহানুভব জনসাধারণের সাহায্যে বর্তমানে কলিকাতার বিভিন্ন এলাকায় প্রায় ৩৫টি খাদ্য বিতরণ কেন্দ্র হইতে বিনামূল্যে বা অক্সমূল্যে জাতিধর্ম নির্বিশেষে প্রায় দশ সহস্র নরনারী ও শিশু প্রত্যহ খাদ্য পাইতেছেন। ...আমরা সমস্ত ভারতবাসীর কাছে বিশেষ করিয়া কলিকাতার মহানুভব নাগরিকদের কাছে আবেদন করিতেছি—যিনি যাহা পারেন ইহাদের ক্ষুধিতের সেবাকার্যে দান করুন ও আর্ত দেশবাসীকে অভাবযন্ত্রণা ও মৃত্যু হইতে রক্ষা করিবার চেষ্টা করুন।" [১০ সেপ্টেম্বর, ১৯৪৩]

এই আবেদনে রামানন্দ চট্টোপাধ্যায়, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, সৈয়দ নৌসের আলি, ডাঃ সুন্দরী মোহন দাস, আর আহমেদ, সতেন্দ্রনাথ মজুমদার, স্নেহাংশুকান্ত আচার্য প্রমুখের সঙ্গে স্বাক্ষর করেছিলেন বিশিষ্ট মহিলা নেত্রীবৃন্দ ঃ ইন্দিরা দেবী, লীলা মজুমদার, মোহিনী দেবী, উর্মিলা দেবী, লাবণ্যপ্রভা দত্ত (এম. এল. সি.), এলা রীড ও মিসেস ডি এম বসু।

মহিলা আত্মরক্ষা সমিতি ভারতের সর্বত্র ও ভারতের বাইরে রিলিফের আবেদন জানিয়ে ইংরাজী 'CALL TO WOMEN' [২০ ডিসেম্বর, ১৯৪৩] প্রকাশ করেন। এই পুস্তিকায় বাংলা 'নারীজাতির প্রতি আহ্বান'ও বাংলার সর্বত্র প্রচারিত হয়। এই পুস্তিকায় বাংলার দুর্ভিক্ষের কয়েকটি ছবিসহ দুর্ভিক্ষের মর্মান্তিক বর্ণনা ও আমাদের রিলিফ কাজের সংক্ষিপ্ত বিবরণ দেওয়া

হয়। এই পুস্তিকার আবেদনে বলা হয় : "...বাংলা আজ নিশ্চিক্ হইবার পথে। জাপানী বোমা আজ বাংলার ছেলে-মেয়েদের রক্তে বাংলার মাটি রাঙ্গা করিয়া দিতেছে। বাংলার সমস্ত অসহায় নরনারী আজ মৃত্যুর নাভিশ্বাস ফেলিতেছে, তাই দায়িত্ব আজ কেবল আমাদের নয়, আপনাদেরও। ...আসুন আমরা সকলে আজ এক হইয়া সমস্ত রাজনৈতিক দলগুলির কাছে আবেদন করি। ...অতীতের বীভংস অভিজ্ঞতা যদি আমরা ভূলিয়া না গিয়া থাকি, তাহা হইলে আমাদের নিজেদের জন্য, আমাদের শিশু সন্তানদের জন্য, মৃত ও অর্ধমৃত কৃষক সম্প্রদায়ের জন্য, মজদুর সম্প্রদায়ের জন্য, জনসাধারণের জন্য, আমাদের প্রিয় মাতৃভূমির জন্য আমাদের আজ কাঁধে কাঁধ মিলাইয়া দাঁড়াইতে হইবে ইহাই আমাদের একান্ত আবেদন।"

মহিলা আত্মরক্ষা সমিতির আবেদনে ভারতের বিভিন্ন প্রদেশে ও ভারতের বাইরেও সাড়া পাওয়া যায়। অর্থ বস্ত্র কম্বল ঔষধ প্রভৃতি দানে মহিলা আত্মরক্ষা সমিতির সাহায্য ভাণ্ডার ভরে ওঠে। হায়দ্রাবাদ, বোম্বাই, গুজরাট, মাদ্রাজ, বেনারস, দিল্লি, সিংহল থেকে প্রচুর সাহায্য আসতে থাকে। বিভিন্ন প্রদেশে যে সব মহিলা সংগঠনগুলি সাহায্য পাঠায় তাদের মধ্যে ছিল গুজরাট মহিলা সঙ্গা, গুনুইর মহিলা সমিতি, মাদ্রাজ মহিলা সঙ্গা, বেনারস মহিলা সমিতি প্রভৃতি।

বাংলার নারীসমাজ সেদিন অভ্তপূর্ব উদ্যমে এগিয়ে এসেছিল পীড়িতের সেবার কাজে, দুর্ভিক্ষ-মহামারীর বিরুদ্ধে প্রচারমূলক ও গঠনমূলক কাজে, দুঃস্থ নারী শিশুদের জন্য খাদ্য বন্ধ্ব ঔষধ সংগ্রহের কাজে। আর এইসব কাজই রূপ নিয়েছে এক বিরাট ব্যাপক গণ-আন্দোলন।

সঙ্গে সঙ্গে গড়ে উঠল রিলিফ কাজের জন্য প্রয়োজনীয় সংগঠন। ২২ ডিসেম্বর, ১৯৪২ সালেই গঠিত হয়েছিল সর্বদলীয় খাদ্য কমিটি। এই কমিটির মধ্যে ছিল কংগ্রেস, মুসলিম লীগ, কমিউনিষ্ট পার্টি, হিন্দু মহাসভা, কৃষকসভা, ট্রেড ইউনিয়ন কংগ্রেস, ফিরিঙ্গি সমিতি, লেবার পার্টি ও র্য়াডিকাল পার্টি প্রভৃতি বিভিন্ন রাজনৈতিক পার্টি ও দলমতের প্রতিনিধিরা। বিভিন্ন জেলায় সর্বদলীয় খাদ্য কমিটি ও জনরক্ষা কমিটি গড়ে উঠতে থাকল।

তারপর থেকে সর্বত্র সংগঠিত হতে থাকল ব্যাপক খাদ্য আন্দোলন, মজুত বিরোধী আন্দোলন ও রিলিফ আন্দোলন। প্রায় ছয় মাস একটানা আন্দোলন ও রিলিফ সংগঠনের কাজের শেষে ১৩-২০ জুন, ১৯৪৩ সমগ্র প্রদেশব্যাপী খাদ্য-সপ্তাহ উদ্যাপিত হয়। এই উপলক্ষেও সর্বত্র সভা সমিতি প্রচার স্কোয়াডের মারফত খাদ্য আন্দোলনের দাবিগুলির প্রচার করা হয়। মহিলা আত্মরক্ষা সমিতিও ব্যাপক কর্মসূচী নিয়ে কাজ করে। এই সপ্তাহের শেষে ২০ জুন ১৯৪৩ টাউন হলে এক বিরাট খাদ্য সন্মেলন অনুষ্ঠিত হয়। এই প্রসঙ্গে 'জনযুদ্ধ', ২৩ জুন ১৯৪৩ পত্রিকার "১০,০০০ নর-নারীর খাদ্য সন্মেলন" শীর্ষক রিপোর্টের বর্ণনা উল্লেখ্য ঃ

"২০শে জুন রবিবার। হাজার হাজার বৃভূক্ষু নারী কলিকাতার টাউন হলের দিকে চলিয়াছে। কলিকাতার সমস্ত অঞ্চলের বস্তি হইতে মেয়েরা আসিতেছে। আশেপাশের গ্রাম হইতে মেয়েরা আসিতেছে। টুপটাপ বৃষ্টি পড়িতেছে, তাহাতে ক্রাক্ষেপ নাই। পথ জলকাদায় সিক্ত, কিন্তু সেদিকে তাকাইবার অবসর নাই, শিশুপুত্র কোলে করিয়া মা ছুটিয়াছে, কুজ্জ দেহে বৃদ্ধা ছুটিয়াছে, অসীম উৎসাহে তরুণীরা চলিয়াছে কলিকাতার খাদ্য সম্মেলনে যোগ দিতে। এ মহা খাদ্যসংকটে তাহাদেরই আগাইয়া আসিতে হইবে। খাবার ব্যবস্থা তাহাদের করিতেই হইবে।

টাউন হলে বসিবার তিলমাত্র স্থান নাই। বাইরের প্রাঙ্গণে জনসমুদ্র, জনতার ঢেউ রাস্তায় আসিয়া পড়িয়াছে। শত শত মেয়ে-পুরুষ ভলান্টিয়ার শৃংখলা রাখিতেছে।

'নারী, শিশু, বালক, মজুর, ছোট ছোট দোকানদার, ব্যবসাদার, ছাত্র প্রভৃতি সর্বশ্রেণীর দশ হাজার নর-নারীর এমন রিবাট সমাবেশ কলিকাতায় অনেকদিন পর্যন্ত হয় নাই। খাদ্যসংকট কলিকাতাকে জাগাইয়া তুলিয়াছে...।''

এই খাদ্য সন্মেলনের আয়োজন করা হয়েছিল কেন্দ্রীয় জনরক্ষা সমিতি থেকে। এই সন্মেলন থেকে আওয়াজ তোলা হয় ঃ কলিকাতা ও হাওড়ায় মজুতবিরোধী আন্দোলন চাই। চাউলের মন ১০ টাকায় বাঁধো। র্যাশন প্রথা চালু করো। পাড়ায় পাড়ায় কন্ট্রোলের দোকান ও চাহিদা অনুযায়ী চাউল চাই। দলে দলে জনরক্ষা সমিতিতে যোগ দাও। জনরক্ষা সমিতিকে মানিয়া লও।

এই সম্মেলনে যে বিপুল সংখ্যক নারীর সমাবেশ হয়েছিল তা দেখে সকলেই অভিভূত হয়ে গিয়েছিলেন। এই সর্বদলীয় খাদ্য সম্মেলনে চতুর্দিকে বিপুল সাড়া পড়ে যায়। কেন্দ্রীয় জনরক্ষা কমিটির সম্পাদক স্নেহাংশুকান্ত আচার্য, কংগ্রেস নেতা জ্বে সি গুপ্ত, মৌলবী আব্দুল ওয়াহব, ডাঃ আমীর হোসেন প্রমুখ নেতৃবৃদ্দের সঙ্গে মহিলা আত্মরক্ষা সমিতির অপর্ণা দেবী বস্তৃতা দেন। তিনি তাঁর ভাষণে বলেন ঃ অনেক মহিলা আজ্ব জনরক্ষা সমিতির ভলান্টিয়ার হইয়া কলিকাতার কিউতে

কাজ করিতেছেন। আশা করা যায় এই একতাবদ্ধ আন্দোলনের ভিতর দিয়া আরও মহিলা এই কাজে আগাইয়া আসিবেন। বাংলার এই তীব্র খাদ্যসংকট, দুর্ভিক্ষ মহামারীর বিরুদ্ধে জনগনের অন্যান্য অংশের সঙ্গে সঙ্গে সর্বস্তুরের মহিলা ও মহিলা সংগঠনগুলির কাজ বিশেষ উল্লেখযোগ্য। মহিলা আত্মরক্ষা সমিতি, বেঙ্গল উইমেল ফুড রিপ্রেজেনটোটিভ কমিটি, খৃস্টান মহিলা প্রতিষ্ঠান (YWCA) প্রভৃতি ১৪টি মহিলা সংগঠনের প্রতিনিধিদের নিয়ে সংযুক্ত রিলিফ কাজের জন্য গঠির হলো 'বেঙ্গল উইমেল ফুড কমিটি'। তার মধ্যে প্রধান উদ্যোক্তা হিসাবে মহিলা আত্মরক্ষা সমিতি কাজ করে।

১৯৫৯ সালের সূচনা থেকেই পশ্চিমবাংলায় সর্বত্র দারুল খাদ্যাভাব দেখা দিতে থাকল। সরকার থেকে চালের দাম নিয়ন্ত্রণ আদেশ চালু করার পরই বাজার থেকে চাল উধাও হতে থাকল। চোরাকারবারী ফুলে-ফেঁপে উঠল। হাওড়া, হুগলী, মেদিনীপুর বর্ধমান, বীরভূম, জলপাইগুড়ি, মুর্শিদাবাদ, দিনাজপুর ও ২৪ পরগণা প্রভৃতি জেলায় চালের জন্য হাহাকার পড়ে গেল। কলকাতার ন্যায্যমূল্যের দোকানে অতি অন্ধ পরিমাণ এবং অখাদ্য চাল দেওয়া হতে থাকল। অথচ অত্যন্ত উচ্চমূল্যে কালোবাজারে ভালো চাল বিক্রি হতে থাকল, খাদ্যমন্ত্রী প্রফুল্ল সেনকে মানুষ 'দুর্ভিক্ষ-মন্ত্রী' আখ্যা দিয়ে প্রতিবাদ জানাতে থাকল।

কলকাতা মহানগরীতে ক্ষুধার অন্নের দাবিতে গণসমাবেশ ও মিছিলের জোয়ার উঠল। অগণিত মানুষের এই দাবির জবাবে উদ্ধত কংগ্রেসী সরকার দমন-পীড়নের রথচক্র চালিয়ে এক কলঙ্কিত ইতিহাস তৈরি করল। খাদ্য আন্দোলনে হাজার হাজার কৃষক শ্রমিক মধ্যবিস্ত মানুষ সর্বত্র আইন অমান্য করে কারাবরণ করতে থাকলেন। কলকাতার রাজপথে ভিক্ষাপাত্র হাতে গ্রামাঞ্চলের চাবীরা দলে দলে স্ত্রী-পূত্র-কন্যাকে নিয়ে ক্ষুধার মিছিলে সামিল হলেন। এমনিভাবেই মানুষস্ট দুর্ভিক্ষের পরিস্থিতি জনজীবনকে গ্রাস করতে থাকল।

সর্বদলীয় খাদ্য কমিটি আওয়াজ তুলল অবিলম্বে রেশনে সন্তাদরে চাল দাও, গ্রামাঞ্চলের দুঃস্থদের খয়রাতি সাহায্য দান কর, চালের বাজারদর নিয়ন্ত্রণ কর, অসাধু ব্যবসায়ীদের মজুতগুলি উদ্ধার করে সন্তাদরে বিক্রি কর। কিন্তু সরকার তাদের কথায় কর্ণপাত না করে অসাধু ব্যবসায়ীদের সঙ্গেই জোট বেঁধে চলল এবং জনসাধারণের উপর নৃশংস দমন-পীডন শুরু করল।

খাদ্য আন্দোলনে শত শত বামপন্থী নেতা ও কর্মীরা গ্রেপ্তার হলেন। অবশেষে এল সেই অবিস্মরণীয় ৩১ আগস্ট, যখন নিরস্ত্র লক্ষ লক্ষ নর-নারীর সমাবেশের উপর উন্মন্ত পুলিশী আক্রমণে শহীদ হলেন ৮০ জন গ্রাম-শহরের নারী-পুরুষ। আজও সেই ভয়ন্কর হত্যাকাণ্ডের জ্বলন্ত সাক্ষী হয়ে রয়েছে কলকাতার সুবোধ মল্লিক স্কোয়ারের অমর শহীদ বেদী। প্রতি বৎসর ৩১ আগস্ট সেখানে মালা দিয়ে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে আসেন অসংখ্য মানুষ, বামপন্থী পার্টি ও গণ-সংগঠনগুলির প্রতিনিধিরা।

১৯৫৯ সালের আগস্ট মাসের শেব সপ্তাহ থেকে সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত নিহতের সংখ্যা অন্তত ৮০ জন। আহতের সংখ্যা তিন হাজ্ঞারেরও অধিক, বিনা বিচারে ও নিরাপত্তা আইনে আটক ও আইন অমান্য করে গ্রেপ্তারের সংখ্যা দাঁড়ায় প্রায় ২১ হাজার।

প্রায় দুই মাসব্যাপী আন্দোলনের দীর্বে এসে ৩১ আগস্ট দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির আহ্বানে কলকাতায় প্রায় তিন লক্ষ মানুষের সমাবেশ হয়। গ্রামাঞ্চল থেকে নারী-পূরুষ নির্বিশেষে কৃষকরা এসেছিলেন প্রায় বিশ হাজার। কল-কারখানায় প্রমিক, কর্মচারী, সাধারণ প্রমঞ্জীবী মানুষের ঢল নেমেছিল। দলে দলে সত্যাগ্রহীরা কারাবরণ করেছিলেন ডালহৌসী এলাকায় গিয়ে। তাঁদেরই পিছনে লক্ষ লক্ষ মানুষের জনসমাবেশ, কংগ্রেস সরকারের নৃশংস পুলিসবাহিনী জনগণের চারদিকে ব্যুহ রচনা করা নারকীয় উল্লাসে বাঁপিয়ে পড়েছিল তাদের উপর। আশিজন নারী-পূরুষকে লাঠিপেটা করে হত্যা করেছিল তারা, আহত করেছিল কয়েক সহস্র মানুষকে। মুখ্যমন্ত্রী বিধানচন্দ্র রায় ও পুলিসমন্ত্রী কালীপদ মুখাজীর পরিকল্পনা অনুযায়ীই কলকাতার বুকে সেই দ্বিতীয় জালিয়ানওয়ালাবাগ ঘটেছিল। এরপরই আবার ১ সেপ্টেম্বর ছাত্র শোভাযাত্রার উপর বর্বর পুলিসী আক্রমণ চলে। শুধু কলকাতায়ই নয়, ২৪ পরগনা, হাওড়া, হুগলী, মেদিনীপুর প্রভৃতি জেলায় জেলায় চলে খাদ্য আন্দোলনের জনজ্ঞায়ারের উপর পুলিসী আক্রমণ।

এই পর্যায়ের খাদ্য আন্দোলনে পশ্চিমবংগ মহিলা সমিতির কর্মীরা সর্বশক্তি নিয়ে এগিয়ে এসেছিলেন। দলে দলে আইন অমান্য করে কারাবরণ করেছিলেন। সমিতির সংগঠন সর্বতোভাবে এই আন্দোলনকে সফল করে তুলবার জন্য এগিয়ে এসেছিল।

### মুখ্যমন্ত্রীর অসত্য ভাষণ

[দিলীপ মজুমদার, পশ্চিমবংগের গণ আন্দোলন ও খাদ্য আন্দোলন, কলকাতা ১৯৯১]

#### হরেকৃঞ্চ কোডার

ডাঃ বিধানচন্দ্র রায় ক্রমবর্ধমান খাদ্য আন্দোলন দমনের জন্য শুধু হিংল্র দমননীতির উপর আর নির্ভর করিতে পারিতেছেন না। শ্রী জ্যোতি বসুর বিবৃতির উত্তর দিবাব নামে খাদ্য আন্দোলনের বিরুদ্ধে মূলতঃ কুৎসা প্রচারের জন্য তিনি অর্দ্ধসত্য ও অসত্য তথ্যে ভরা এক বিবৃতি দিয়াছেন। কেরালায় তাঁহার দলবল যে পদ্বা গ্রহণ করিয়াছিলেন পশ্চিমবংগে খাদ্য আন্দোলনকে তাহার সহিত সমপর্য্যায়ভূক্ত করিয়া তিনি তাঁহার চণ্ডনীতির বর্বরতার সাফাই দিতে চাহিয়াছেন। ভাষার কারসাজিতে ডাঃ রায়ও যোগ্যতা দেখাইবার চেষ্টা করিয়াছেন। কিন্তু তিনি একটু "ছোট্ট" পার্থক্যের কথা ভূলিয়া গিয়াছেন। কেরালায় আন্দোলনের উদ্দেশ্য ছিল সরকারকে উচ্ছেদ করা, আর এখানকার আন্দোলনের উদ্দেশ্য হইল মজুতদার পোষক সরকারি খাদ্যনীতির পরিবর্তন ঘটান। কেরালায় ছিল সেক্রেটারিয়েট "অবরোধ" ও "দখলের" পরিকল্পনা; আর এখানে রাইটার্স বিল্ডিং অভিমূখে "অভিযান" ও "আইন অমান্য"। "অবরোধের" (Seire) সহিত "অভিযানের" (March) এবং "দখলের" সহিত "আইন অমান্যের" যে আকাশ পাতাল পার্থক্য আছে তাহা ডাঃ রায় ঘুলাইয়া দিতে চাহিলেও পশ্চিমবংগের মানুষের ভাষাজ্ঞান যে কিছুটা আছে তাহা ডাক্তার রায়ের ভোলা উচিত নয়। সংযুক্তি বিরোধী আন্দোলনের সময় একই পথ লওয়া হইয়াছিল। তবে যদি ডাঃ রায় বলেন যে তাঁহারা মুনাফা লোভীদের যুপকাষ্ঠে মানুষকে বলি দিলেও এবং জনসাধারণের শত চীৎকার ও যুক্তিতে কর্ণপাত না করিলেও বাংলার মানুষের ভাল মানুষের ন্যায় মরা ছাড়া কোন "আইন অমান্যের" পথ লওয়া উচিত নয় এবং তাহা হইলেই "বিদ্রোহ" আখ্যা দেওয়া হইবে তাহা হইলে আমরা নাচার। বাংলার মানুষ তাঁহাকে বাধিত করিতে পারিবেনা। ডাঃ রায় যখন কেরালার কথা তুলিয়াছেন তখন তাহার বিব্রত হওয়ার মত একটি কথা বলা প্রয়োজন। তাহার সমগোষ্ঠীর কেরালায় "অবরোধ", "দখল" ও "উচ্ছেদের" সহিংস আন্দোলন করিলেও সেখানের মন্ত্রিসভা বিনাবিচারে আটক আইন ও কুখ্যাত নিরাপত্তা আইন প্রয়োগ করেন নাই এবং বিরোধী পক্ষের সহিত আলোচনা চাহিয়াছিলেন। আর এখানে "মিছিল" ও শান্তিপূর্ণ "আইন অমান্যের" জন্য তাহার মন্ত্রিসভা খাদ্যনীতির ব্যর্থতা সত্ত্বেও ফ্যাসিস্টসুলভ পছা লইয়াছেন। ডাঃ রায় দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির "মজুত বিরোধী অভিযানের" কথা তুলিয়া আতঙ্ক সৃষ্টির চেষ্টা করিয়াছেন। সর্বনাশ। যাহাদের রক্ষার জন্য বিধানবাবুদের অন্তিত্ব তাহাদের বিরুদ্ধেই বিক্ষোভ। তাই ইহার কদর্থ করিতে হইবে এবং ইহাদের গুদাম রক্ষার জন্য পর্য্যন্ত পূলিস দিতে হইবে!(খ্রী নেহরুর মজুতদারদের ফাঁসিতে ঝুলান উক্তির ইহাই তাৎপর্য!) কিন্তু ডাঃ রায়ের বোঝা উচিত যে পশ্চিমবংগের সংগ্রামে পোড়খাওয়া বামপন্থী নেতৃত্ব নিশ্চয়ই এতটা অর্বাচীন নয় যে "মজুত বিরোধী অভিযানের" নামে ডাঃ রায়ের ইচ্ছামত তাহারা লুটপাটের পথ লইয়া তাহার সুবিধা করিয়া দিবেন। আমরা তাহাকে বাধিত করিতে পারিব না। এই অভিযানের সহজ্ব অর্থ হইল মজুতদার ও তাহাদের সমর্থক সরকারকে বাধ্য করা চাউল ছাড়িতে। হাঠখোলা ও বেহালায় বিক্ষোভ কর্মসূচী তাহাই প্রমাণ করিতেছে। এই অভিযান ডাঃ রায়ের মন্ত্রীসভার মজুতদার রক্ষক চেহারাটি আরো নগ্ন করিয়াছে বলিয়াই ইহা কদর্য করার প্রয়াস তাহার বিবৃতিতে সুস্পষ্ট।

অতঃপর ডাঃ রায় দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির দাবিগুলিকে এবং শ্রী জ্যোতি বসুর বিবৃতিকে "ভুল" প্রতিপন্ন করিবার জন্য নানারূপ সংখ্যাতত্ত্বের অরণ্যে প্রবেশ করিয়াছেন। দেখা যাইতেছে যে সংখ্যাতত্ত্ব "বানানোর" ব্যাপারে ডাঃ রায় মনগড়া সংখ্যাতত্ত্বের মাষ্টার শ্রী প্রফুল্ল সেনের বিদ্যা প্রায় আয়ন্ত করিয়া ফেলিয়াছেন।

পশ্চিমবংগের শহর ও গ্রামাঞ্চলে বিভিন্ন শ্রেণীর লোকের যে হিসাব শ্রী জ্যোতি বসু দিয়াছেন তাহাকে ডাঃ রায় চ্যালেঞ্জ

করিয়া নিচ্ছে এক হিসাব দিয়াছেন। শ্রী জ্যোতি বসু একথা বলেন নাই যে তাঁহার হিসাব নিশুঁত। সরকারি তথ্যের ভিত্তিতে ইহা মোটামুটি হিসাব। ডাঃ রায় হয়ত ভাবিয়াছেন যে অন্যের শ্বৃতিশক্তি দুর্বল, অতএব তিনি যা খুসী তাই বলিতে পারেন। ১৯৫৫-৫৬ সালের বাজেট বক্তৃতায় ডাঃ রায় নিজেই ১৯৫১ সালের লোক সম্বন্ধে যে হিসাব দিয়াছেন এবং তাঁহার নিজের সরকারের দ্বারা প্রকাশিত Statistical Abstract of 1955 পুস্তকে যে হিসাব আছে তাহা মিলাইয়া দেখিতে ডাঃ রায়কে অনুরোধ করিব। বর্তমান লোকসংখ্যা ৩ কোটি ধরিলে উপরোক্ত হিসাবে দেখা যাইবে যে কৃষির উপর নির্ভরশীল পরিবারের সংখ্যা প্রায় ৩৪ লক্ষ। ইহার মধ্যে শতকরা ২১ ভাগ কৃষি শ্রমিক। ইহাদের বাদ দিলে বাকীদের মধ্যে শতকরা ৩৪.৫ ভাগ হইল বর্গাদারসহ ২ একরের কম জ্বমির কৃষক এবং শতকরা ৩৬.২ ভাগ হইল ২ হইতে ৫ একরের মধ্যে জ্বমির মালিক। এই হিসাবে দেখা যাইবে যে শ্রী জ্যোতি বসুর হিসাব মোটামুটি সঠিক। এই সবই ডাঃ রায়ের নিজের বাজেট বস্তৃতা ও সরকার প্রকাশিত পুস্তকের ভিত্তিতে হিসাব করা হইয়াছে। তবে যদি এখন ডাঃ রায় বলেন তাঁহার তখনকার তথাগুলি অন্য উন্দেশ্যে 'বানানো' হইয়াছিল, এখন অন্য উন্দেশ্যে নতুন তথ্য তিনি "তৈয়ারী" করিতেছেন এবং ইহাই মানিতে হইবে, তাহা হইলে আমরা নাচার।

ডাঃ রায় বলিয়াছেন যে তাঁহার ও ডাঃ প্রফুল্ল ঘোষের বিবৃতি অনুযায়ী ৪ একরের কম ব্যক্তিদের রেশন দিলে শহর ও গ্রামাঞ্চলে মোট সংখ্যা হয় ১ কোটী ৩৪ লক্ষ মাত্র। জ্যোতি বসুর হিসাবমত ১ কোটি ৮২ লক্ষ্য নহে। ডাঃ রায় কি অস্বীকার করিতে পারিবেন যে তাঁহার সরকারের হিসাব মত শহরে রেশনযোগ্য লোকের সংখ্যা ৫৮ লক্ষ ও গ্রামাঞ্চলে ক' শ্রেণীর সংখ্যা ৯৩ লক্ষ ও 'খ' শ্রেণীর সংখ্যা ৮০ লক্ষ? ডাঃ রায় কি আরো অস্বীকার করিতে পারিবেন যে ২৭শে জুলাই খাদ্য উপদেষ্টা কমিটির সভায় তাঁহার দলের লোকেরাও 'ক' ছাড়াও 'খ' শ্রেণীর রেশন দেওয়ার দাবি করিয়াছিলেন? তাই হিসাবের তারতম্য বাদ দিলেও ডাঃ রায়ের নিজের কথায় ইহা পরিষ্কার দেখা যাইতেছে যে 'খ' শ্রেণী দূরের কথা শুধু 'ক' শ্রেণীর শহরবাসীদের রেশন দিতে হইলেও যত লোককে রেশন দিতে হইবে, রায়-ঘোষ ফরমূলা অনুযায়ী "ন্যায়সঙ্গত" ভিত্তি নামে আসলে রেশনযোগ্য লোকের সংখ্যা তাহা হইতেও কমানো হইতেছে। ধন্যবাদ ডাঃ রায়। আপনার এই তথ্য ডঃ ঘোষ ও পি, এস, পি, নেতৃত্বের স্বরূপ যেমন উদ্ঘাটিত করিয়াছে, তেমনি আপনার উদ্দেশ্যও পরিস্ফুট করিয়াছে। শ্রী জ্যোতি বসু এই মতলবের কথাই বলিয়াছেন।

জোতদার ও মজুতদারদের প্রকৃত বদ্ধু হিসাবে ডাঃ রায় বলিয়াছেন যে মিল মালিক ও বড় ব্যবসায়ীরা নহে, উৎপাদনকারী কৃষকরাই খাদ্য মজুত করিতেছে। ইহা অপেক্ষা নগ্ধ দালালী আর কি হইতে পারে ? তিনি একবার বলিয়াছেন ৩০ লক্ষ কৃষিজীবী পরিবারকে একনায়কত্ববাদী উপায়ে ছাড়া অন্য কোন ভাবে নিয়ন্ত্রণ করা সম্ভব নহে, অর্থাৎ লক্ষ পরিবারের সকলেই বা বেশীর ভাগই মজুতদার বলিয়াছেন মাঝারি ও বৃহৎ উৎপাদনকারীরা গুরুত্বপূর্ণ স্থান অধিকার করিয়াছে। কাহারা এই বৃহৎ উৎপাদক, ডাঃ রায় ? ইহারাই বড় বড় মৃষ্টিমেয় জোতদার। কিন্তু ইহাদের আড়াল করিবার জন্যই তিনি ৩০ লক্ষ কৃষিজীবী পরিবারের কথা বলিয়াছেন। রিক্সাওয়ালা শ্রমিক আধপেটা খাইয়া বাড়িতে কিছু টাকা পাঠাইলে সেও পুঁজিপতি এবং বিড়লা সাহেবও পুঁজিপতি এই অপূর্ব যুক্তি জোতদার বন্ধু ডাঃ রায় শোনাইতেছেন। বড় বড় ব্যবসায়ী ও মিল মালিকেরা ডাঃ রায়ের মতে মজুত করে নাই এবং সেই জন্যই তিনি তাঁহাদের বড় বড় গুদামগুলি পাহারা দিবার জন্য অনুগত কর্মচারীর মত পুলিশ দিয়াছেন। ধৃষ্টতা ও অসত্য ভাষণেরও সীমা থাকা উচিত।

একই উদ্দেশ্যে ডাঃ রায় আর এক অপূর্ব তথ্য দিয়াছেন। বাংলাদেশে চাউলের শতকরা মাত্র ১০ ভাগ নাকি মিলে প্রস্তুত হয়, বাকী ৯০ ভাগ হয় ঢেকি ও ধানভানা ছোট কলে। তথ্যবিশারদ শ্রীপ্রফুল্ল সেনের হিসাবেই ইহাকে মিথ্যা প্রতিপন্ন করে। গত বৎসরে খাদ্য উপদেষ্টা কমিটির সভায় শ্রী সেন মিলের শতকরা ২৫ ভাগ লেভীর ভিত্তিতে পৌনে দুই লাখ টন চাউল পাইবেন বলিয়াছিলেন, অর্থাৎ তাঁহার মতে বড় বড় মিলে কমপক্ষে ৭-৮ লাখ টন চাউল হয় অর্থাৎ শতকরা ২০ ভাগেরও বেশী হিসাব বানাইতে হইলেও যেটুকু সতর্কতা অবলম্বন করা দরকার ডাঃ রায় তাহাও ভুলিয়া গিয়াছেন, ইহাই আশ্চর্য।

শ্রী জ্যোতি বসুর বিবৃতিতে "একমাসের" বদলে "দুই মাসের" ছাপার ভূলের সুযোগ লইয়া ডাঃ রায় বলিয়াছেন যে তিন সপ্তাহ আগে হইতেই বাজারে আউস চাল চলিতেছে। অথচ তিনিও জানেন যে সেপ্টেম্বরের মাঝামাঝির আগে বাজারে আউস চাল ঠিকমত আসেনা। এখনও আউস ধান প্রায় মাঠেই রহিয়াছে। কাটোয়া কালনাতে ১৫ লক্ষ একর জমির আউস ধান জলে ডুবিয়া নষ্ট হওয়ার সংবাদও সংবাদপত্রে প্রকাশিত হইয়াছে। মাঠে ধান, অথচ বাজারে এমন আউস চাল আসিয়া গোল যে দর কমিয়া যাইতেছে। প্রধানতঃ গঙ্গা অঞ্চলে বাংলাদেশের মাত্র ১০ ভাগ জমিতে আউসের চাষ হয়, সেই চালও বাজারে আসিল না, অথচ আসানসোলে ও তাহার চাপে দর কমিয়া গোল। ডাঃ রায় এক স্থুল যাদুবিদ্যার আশ্রয় লইয়াছেন। মজুত বিরোধী আন্দোলনের তাৎপর্য্য ঢাকার কি আপ্রাণ চেষ্টা। ডাঃ রায় কেরালার কথা তুলিতেও সাহস পাইয়াছেন। ডাঃ রায় নিশ্চয়ই জানেন যে কেরালায় শতকরা ৫০ ভাগ ঘাটতি হওয়া সত্ত্বেও এবং কংগ্রেস পরিচালিত কেন্দ্রীয় সরকার এই ঘাটতি পূরণের জন্য কেরালাকে খাদ্য প্রায় না দেওয়া সত্বেও সেখানে সরকার বাজার দরকে কোন সময়ে ২৫-২৬ টাকার উর্দ্ধে উঠিতে দেয় নাই। কিন্তু পশ্চিমবঙ্গে শতকরা মাত্র ২৫ ভাগের ঘাটতি হওয়া সত্ত্বেও এবং কেন্দ্রীয় সরকার ঘাটতি অপেক্ষা বেশী দেওয়া সত্বেও তাঁহার সরকার চালের দাম ৩০ টাকার নীচে থাকিতে দেন নাই। নির্লজ্জতারও সীমা থাকা প্রয়োজন।

পরিশেষে ডাঃ রায় ও তাঁহার সহকর্মীদের আমরা বলিতে চাই যে নগ্ন দমননীতি ও অসত্য ভাষণ গণতন্ত্রের ঠিক বিপরীত পাহাড়ই সূচনা করে। লাঠি, গুলি, কাঁদুনে গ্যাস, জেল ও মিথ্যা প্রচারের দ্বারা তাহাদের মনিব মুনাফা লোভীদের কিছুদিন রক্ষা করিলেও বেশিদিন তিনি পারিবেন না, বরং জনতার বিক্ষোভ বহ্নিতে মনিবদের সঙ্গে সঙ্গে নিজেদেরও ছাই হইয়া যাইতে হইবে। ইতিহাসের নির্দেশ অমোঘ। তাই দেশের, জাতির ও তাহাদের নিজেদের স্বার্থেও বলিব। ক্ষান্ত হউন, আর সেই সঙ্গে জনসাধারণকে ডাক দিয়া বলিব ক্ষমতামদমন্ত শাসকদের হিংস্র পাগলামীকে শৃঙ্খলিত করুন।

## সরকারি খাদ্যনীতি কোন পথে?

[ স্বাধীনতা, ৩০শে জানুয়ারী, ১৯৫৯]

#### আবদুল্লাহ রসুল

জানুয়ারী মাস থেকে পশ্চিমবংগ সরকার যে নৃতন খাদ্যনীতি চালু করেছেন তার সম্বন্ধে পর্য্যালোচনা করার সময় এখনও আসেনি। তা না হলেও এই নীতি কিভাবে কার্যকরী হচ্ছে বিশেষ করে গ্রামাঞ্চলে সে সম্বন্ধে দু-চার কথা বলার প্রয়োজন এখনি দেখা দিয়েছে বলে মনে করি। সরকারি খাদ্য নীতির মধ্যে আশু ব্যবস্থা হিসাবে কয়েকটা বিষয় বিশেষভাবে উল্লেখযোগ্য: (ক) ধান ও চালের সর্বনিম্ন ও সর্বোচ্চ দর (দুই দর একই) সারা বছরের জন্য ধার্য্য করে দেওয়া হয়েছে। (খ) কিছু পরিমাণ ধান ও চাল সংগ্রহ করা স্থির হয়েছে, যেমন মিলে ছাঁটা চালের সিকি অংশ লেভী করে এবং উড়িয়া থেকে আড়াই লাখ টন চাল কিনে। (গ) কলকাতা ও শিল্পাঞ্চলে আংশিক রেশনের ব্যবস্থা চালু রাখা হয়েছে। এখানে আমি কলকাতার বিষয়ে আলোচনা না করে গ্রামাঞ্চলের অবস্থা সম্পর্কে কিছু বলব।

#### বাজারে ধানের আমদানী কম

মফঃস্বলের বাজারে বা গঞ্জে সাধারণতঃ মাঘ মাসে যে পরিমাণ ধানের কারবার হয়ে থাকে এবার তার চেয়ে কম পরিমাণ আমদানী হছে বলে জানা যাছে। আমদানী কম হওয়ার কারণ কৃষক বা উৎপাদকরা মনে করছে সরকারের নির্দ্ধারিত দরে ধান বিক্রী করলে তাদের লোকসান হবে, চাষের খরচও পোষাবে না। সেই কারণে বাজারে ধানের গাড়ী এনেও দরের কথা শুনে লোকে ধান বিক্রী না করে গাড়ী ফিরিয়ে নিয়ে গেছে এমন ঘটনাও ঘটেছে। কয়েকদিন পূর্বে হাওড়া জেলার এক গ্রামে কৃষকদের সঙ্গে ধানের দর সন্বন্ধে আলোচনা করছিলাম। তারা বঙ্লেন ১৫/১৬ টাকা দামে ধান কিনে খেয়ে চাষ করেছি। এখন ৯/১০ টাকায় ধান বিক্রী করলে বাঁচবো কেমন করে? দর একটু না চড়লে বেচতে পারবো না। তারা আশা করছেন কিছুদিন পরে দর চড়বে যদিও সারা বছরের জন্য দর বাঁধা হয়েছে।

বাস্তব অবস্থার সাথে সামঞ্জস্য না রেখে সরকার যে দর ধার্য্য করেছেন তাই হল বাজারে ধানের আমদানী কম হওয়ার কারণ। আমদানী কম হলে মিলে চালের উৎপাদনও কম হবে, চালের বাজারে অস্বাভাবিক অবস্থা দেখা যাবে, লোকে পয়সা থাকতেও চাল কিনতে পারবে না। অনেক বড় বড় চালের ব্যবসাদার ঘোষণাই করে দিয়েছে যে সরকারি বাঁধা দরে চাল কিনে ও বেচে তারা কারবার চালাতে পারবে না।

### সরকারি দর অবাস্তব ও অচল

দর যে অবান্তব তার আর এক প্রমাণ হচ্ছে এই যে মহাজন সরকারি বাঁধা দরে ধান কিনছে না, বেশী দরে কিনছে (সরকারি কাগজে কলমে হয়তো তার প্রমাণ পাবেন না)। কিছুদিন পূর্বে বর্জমান জেলায় একটা বড় ধানের বাজারে এক পরিচিত আড়তদারের কাছে খবর নিয়ে জানতে পারলাম সেখানে সাড়ে উনিশ টাকা বস্তা দরে ধান (সরু) কেনা হচ্ছে। বস্তায় সাধারণতঃ দেড় মন ধান থাকে। কিন্তু এক্ষেত্রে চুরাশীর ওজনে (১ মন ২৬ সের নেওয়া হচ্ছে) এই হিসাবে ৪০ সেরে পড়তা হল প্রায় ১১ টাকা ১৩ আনা। অথচ সরকারি দর হল ১১ টাকা। কাজেই বাজারে চলতি দরের পরিবর্তে সরকারি দরে বিক্রী করতে হলে কৃষককে মন প্রতি ১৩ আনা লোকসান দিতে হয়। এখন যে ব্যবসাদাররা এই বেশী দরে ধান কিনছে, তারা কি সরকারের ধার্য্য দরে এই ধান বিক্রী করবে? তা অবশাই করতে পারে না। সরকারের পাইকারী বিক্রী দর সরু ধানের ক্ষেত্রে সাড়ে ১১ টাকা, ব্যবসাদারের খরিদ দরের চেয়ে পাঁচ আনা কম। কাজেই ধানের খরিদ ও বিক্রী দুই ক্ষেত্রেই সরকার নির্দ্ধারিত দর অবান্তব ও অচল।

#### কলওয়ালাদের দার্পট

শুধু আড়তদাররা নয়, চাল কলের মালিকরাও ধার্য্য দরের চেয়ে বেশী দরে ধান কিনছে এবং সেকথা সকলেই জানে। কিছুদিন পূর্বে জানুয়ারী মাসেই একটা জেলায় জেলায় জেলালাসকের খাস কামরায় জেলার মিলমালিকদের সঙ্গে আলোচনার সময় মালিকরা খোলাখূলি বলে দেয় তারা বাঁধা দরের চেয়ে বেশী দরে ধান কিনছে। কিছু এই বেআইনী কারবারের কথা নিজের খাস কামরায় বসে আইন ভঙ্গকারীদের মুখ থেকে শুনেও জেলাশাসক তার বিরুদ্ধে একটা প্রতিবাদ জানাতে পারেন নি। হয়তো তাঁর সে সাহসও ছিল না, ইচ্ছাও ছিল না। সূতরাং ধার্য্য দরের চেয়ে বেশী দরে ধান কিনে কলওয়ালায় কি লোকসান দিয়ে সরকারি দরে চাল বিক্রী করবে? তা অবশাই করবে না। তবে এই অবান্তব দর ধার্য্য করার অর্থ কি? এই সমস্ত ঘটনা সরকার জানেন না তা নয়। কিছু সব জেনে শুনেও এই দরকে তাঁরা চালু করছেন না কেন? ধার্য্য দরকে চালু করার ক্ষমতা বা ইচ্ছা যদি না থাকে তবে তেমন দর ধার্য্য করা কি ধায়াবাজ্ঞি নয়? মরসুমের প্রথমে উৎপাদকের কাছ থেকে ধান কেনার সময় যদি বেআইনীভাবে বেশী দর দেওয়া হয় তাহলে চাবীর হাত থেকে ধান বেরিয়ে যাওয়ার পর ধান চাল ধার্য্য দরের চেয়ে বেশী দরেই কি বিক্রী করা হবে না? গভর্নমেন্ট কি তখন তাঁদের দর ঠিক ভাবে চালু রাখতে পারবেন? সে ক্ষমতা যদি তাঁদের না থাকে তাহলে এরকম অবান্তব দর তাঁরা ধার্য্য করতে গেলেন কেন?

## কৃষক ও খুচরা ক্রেতা প্রতাড়িত

সরকারের বর্তমান খাদ্যনীতি এবং সেই নীতিকে যেভাবে কার্য্যকরী করা হচ্ছে (অথবা হচ্ছে না) তা দেখে এখনও পর্যন্ত এই কথাই মনে হয় যে সরকার উৎপাদক বিক্রেতাকে এবং খাদ্যভোগী ক্রেতাকে দুজনকেই ঠকাবার ব্যবস্থা করেছেন। উৎপাদক কৃষক ধার্য্য দরের চেয়ে কিছু বেশী পেলেও ন্যায্য দর পাছেন না। অন্যদিকে খুচরা ক্রেতারাও ধার্য্য দরের চেয়ে বেশীদরে চাল কিনতে বাধ্য হচ্ছে। এই দর পরে আরও চড়বার সম্ভাবনা রয়েছে। কারণ সরকার চালের দর চড়াবার পথ বন্ধ করার ব্যবস্থা করছেন না। কৃষককে ঠকাবার আর একটা ব্যবস্থা হয়েছে বিভিন্ন নামের ও জাতের ধানের তালিকা করে এবং তাহা মিহি মোটা ইত্যাদি ভাগে বিভক্ত করে। এরকম ভাগ করা সম্বন্ধে হয়তো আপন্তি না থাকতে পারে কিছু এই তালিকা জনগণের মধ্যে ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা না করায় সকলে জানে না কোন ধানটা কোন ভাগে পড়বে। ফলে সরকার যাকে সরু ধান বলছেন তার জন্য কৃষক হয়তো মাঝারি ধানের দর পাছে। আবার সরকারি তালিকায় একই নামের ও জাতের ধানকে সরু এবং মাঝারি দুইভাগেই রাখা হয়েছে অথবা মিহি ও অতিমিহি দুইভাগেই রাখা হয়েছে। আবার মিল মালিকরাও অনেক ক্ষেত্রে যে ধানকে মাঝারি বলে কিনছে ভারী চালকে মিহি বলে বিক্রী করছে। এই কারণে সরু ধানের জন্য মাঝারির দর পেয়ে চাষী ঠকছে, মাঝারি ধানকে সরু চালের দরে কিনে ক্রেতাও ঠকছে। মাঝ থেকে মিল মালিকরা অতিরিক্ত মুনাফা করে নিচ্ছে।

### মিল মালিক ও খুচরা ব্যবসাদারের ছম্ছ

সরকারি দরের ব্যাপার নিয়ে এবছর নতুন এক পরিস্থিতির উদ্ভব হয়েছে বলে কোথাও কোথাও দেখা যাচছে। চালের ব্যবসা নিয়ে মিল মালিক ও খুচরা দোকানদারদের মধ্যে স্বার্থের দ্বন্দ্ব লাগছে। মিল বিক্রী করে পাইকারী দরে। খুচরা দোকানদার বিক্রী করে খুচরা দরে, এবং এই দুই দরের মধ্যে যে ব্যবধান থাকে তাই হচ্ছে খুচরা দোকানদারের মুনাফা। এইভাবে ছোট-বড় সবাই এতকাল কারবার করে আসছে। কিন্তু এবার মিল মালিকরা পাইকারী বিক্রীর মুনাফা নিয়ে সন্থাই না থেকে খুচরা কারবারের মুনাফা নিজেরাই ভোগ করতে চায় এবং তাই নিয়ে বাধছে গোলযোগ। সিউড়ী, বর্দ্ধমানে এই গোলযোগ প্রকাশ পেয়েছে। অন্যত্রও এমন ঘটনা ঘটে থাকবে, খবর জানি না। কলওয়ালারা যদি দুই কারবারের মুনাফা ভোগ করতে চায় তো খুচরা দোকানদাররা তাদের কারবার চালাবে কেমন করে? কলকাতায় খাদ্যমন্ত্রীর সাথে মিল মালিকদের এই নিয়ে আলোচনা হয়েছে। এর ওপর আছে সরকারি সংগ্রহের ব্যবস্থা। সরকার যে অল্ক পরিমাণে ধান চাল সংগ্রহ করবেন বলে ঘোষণা করেছেন তাও সংগ্রহ করা হছে বলে মনে হয় না। উড়িব্যা থেকে আড়াই লাখ টন চাল পশ্চিমবংগ সরকার কিনবেন বলে স্থির হয়েছিল। এখন দেখা যাচেছ যে তারা দু লাখ টনের বেশী পারেন না।

কারণ উড়িষ্যার মোট চার লাখ টন চালের মধ্যে ভারত সরকার দু লাখ টন কিনছেন। এখানকার মিল থেকেও লেভী বাবদ যথেষ্ট চাল এখনো পাওয়া যাচ্ছে না। এছাড়া কৃষক যে দরে ধান বিক্রী করছে সেই পড়তায় তেল, খোল, সার, কাপড়, কেরোসিন ইত্যাদি কিনতে পারছে না। সরকার ধান চালের দর ধার্য্য করলেও অন্যান্য নিত্যপ্রয়োজনীয় জিনিষপত্রের দর সেই পড়তায় ধার্য্য করেন নি। এখানেও কৃষককে ঠকাবার ব্যবস্থা হয়ে গেছে।

## বেআইনী কারবারে সরকারি সমর্থন

মোটকথা সরকারি খাদ্যনীতি ও মূল্যনীতি সম্বন্ধে এখনও চূড়ান্ত মতামত প্রকাশ করার সময় না এলেও এপর্যন্ত একমাসের অবস্থা দেখে এ সম্বন্ধে একটা ইঙ্গিত পাওয়া যাচ্ছে। দেখা যাচ্ছে যে ধান বিক্রি করতে গিয়ে কৃষক ঠকছে নিতাপ্রয়োজনীয় জিনিস কিনতে গিয়েও তাকে ঠকতে হচ্ছে। আরও দেখা যাচ্ছে যে চালের খুচরা ক্রেতাও ঠকছে। আর চালের খুচরা ব্যবসাদারও দেখছে তাদের কারবারের উপর মিল মালিকদের হামলা আসছে। আর এই তিন পক্ষকে ঠকিয়ে ধান চালের কারবারের মুনাফাটা বোল আনা মেরে নিতে চাইছে চাল কলের মালিকরা এবং সরকার তাদের বেআইনী ও অন্যায় ব্যবসাকে কার্যত সমর্থনই জানাচ্ছে। সরকারি খাদ্যনীতি যদি এই পথে চলতে থাকে তাহলে এই নীতি বানচাল হতে বাধ্য। তাহলে জনগণের খাদ্য নিয়ে আবার মারাত্মক খেলা চলবে। সরকারের এই খাদ্যনীতির বিরুদ্ধে কৃষক সভা ও কমিউনিষ্ট পার্টি একটা পাল্টা নীতি দিয়েছে। মৌলিক বিষয় বাদ দিলেও, ভূমি সংস্কার ইত্যাদির প্রশ্ন আপাততঃ না তুললেও ধান চালের দর সংগ্রহ, বন্টন প্রভৃতি বিষয়ে সরকার এখনো সেই নীতির কথা বিবেচনা করলে জনগণের স্বার্থ অন্ততঃ কিছু পরিমাণে রক্ষা করতে পারেন।

## পরিস্থিতির পুনর্বিবেচনা চাই

কৃষক সভা মাঝারি ধানের দর ধার্য্য করতে চেয়েছিল সর্বনিম্ন ১২ ও সর্বোচ্চ ১৩ টাকা। সেই অনুপাতে সরু ধানের মনকরা সর্বনিম্ন দর ১৩ টাকা হলে কৃষকরা সরকারি ধার্য্য দরের চেয়ে তো বটেই, এখনকার চলতি বাজার দরের চেয়েও কিছু বেশী—প্রায় এক টাকা তিন আনা বেশী—পেতে পারত। দ্বিতীয়তঃ খোলা বাজার থেকে সরকার পাঁচ লাখ টন চাল বা সেই অনুপাতে ধান কিনে বিভিন্ন এলাকায় সরকারি গুদামে জমা করলে বাজারে চালের দর অস্বাভাবিক বাড়াবার পথ বন্ধ করা যেত। তৃতীয়তঃ মিল মালিক ও আড়তদারদের ন্যায্য মুনাফা নিয়ে সন্তুষ্ট থাকার ব্যবস্থা করলে সরকার উৎপাদক কৃষকদের, শ্রমিক ও মধ্যবিত্ত ইত্যাদি খুচরা ক্রেতাদের এবং খুচরা দোকানদারদের স্বার্থ অনেকটা রক্ষা করতে পারতেন। জনগণের খাদ্য সমস্যা সমাধানের জন্য সরকারের যদি কিছুমাত্র আন্তরিকতা থাকে তাহলে মরশুমের এই প্রথম দিকেই খাদ্য পরিস্থিতির মধ্যে যে সব ইঙ্গিত পাওয়া যাচ্ছে তা বিবেচনা করে তাঁরা কর্তব্য স্থির করবেন এবং সেজন্য উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করবেন।

# তাঁদের মৃত্যুবরণবৃথা যায় নি

[গণশক্তি, ৩১শে আগস্ট ১৯৯৪]

#### শৈলেন দাশগুপ্ত

আজ যাদের বয়স কম তাদের পক্ষে এ দৃশ্য অনুমান করাই কঠিন যে এরাজ্যের মানুষ গ্রাম উজাড় করে শহরে আসছেন খাদ্যের জন্য। খাদ্যের জন্য মিছিল করতে হচ্ছে, সেই মিছিলে লাঠি-গুলি চলছে এসব দৃশ্যও আজ আর দেখা যায় না। অথচ পশ্চিমবংগে এমন অবস্থা একদিন সত্যিই ছিল।

আজ ৩১শে আগস্ট আমরা শহীদ দিবস পালন করছি। ১৯৫৯ সালের এইদিনে তৎকালীন কংগ্রেসী সরকার খাদ্যের দাবিতে আন্দোলনরত বুভূক্কু মানুবের শান্তিপূর্ণ মিছিলের উপর লাঠি-গুলি চালায়। মারা যান ৮০ জন, আহত হন কয়েক হাজার মানুষ। সেইদিন সেই মিছিলে আরো অনেকের সঙ্গে আমিও ছিলাম। কংগ্রেস সরকারের পুলিশ কত নৃশংসভাবে লাঠিপেটা করে গ্রামের গরিব মানুষকে মারতে পারে তা স্বচক্ষে দেখেছি। পুলিশ মারবে বলে আগে থেকে তৈরী হয়েই এসেছিল। কেউ যাতে পালাতে না পারে তার জন্য ধর্মতলার চারদিক দিয়ে পুলিশ ঘিরে ফেলেছিল। মেট্রো সিনেমার গলি, চিৎপুর রোড, ডেকার্স লেন সর্বত্রই লাঠি, বন্দুক, কাদানে গ্যাস নিয়ে পুলিশ আর পুলিশ। ওরা মানুষকে এমন শিক্ষা দিতে চেয়েছিল যাতে ভবিষ্যতে গ্রামের মানুষ আর কোনদিনও কলকাতায় আসার সাহস না পায়। বিশেষ করে মহিলাদের উপর পুলিশ সেদিন যা অত্যাচার করেছিল তা অকল্পনীয়। সেই থেকে ৩১শে আগস্টের ঘটনা স্বাধীন দেশে কংগ্রেসী সরকারের এক নজিরবিহীন নৃশংসতার নমুনা হয়ে রইল।

সেই সময়ে পশ্চিমবংগে যে খাদ্য সংকট তৈরী হয়েছিল তার জন্য দায়ী ছিল কংগ্রেস সরকারের মানুষমারা খাদ্যনীতি। পশ্চিমবংগে কংগ্রেসী মন্ত্রীসভার অনুসৃত খাদ্যনীতির ফলে ৫ বছরের মধ্যে রাজ্যে চালের দর মণ প্রতি ১৬/১৭ টাকা থেকে বেড়ে ২৮/৩৫ টাকায় দাঁড়িয়ে যায়। বিরোধীপক্ষ বারবার দাবি করা সত্ত্বেও সরকার ধানচাল সরাসরি সংগ্রহ করতে অস্বীকার করে এবং বাজার নিয়ন্ত্রণের ভার সম্পূর্ণ ভাবে ছেড়ে দেয় বড় বড় ব্যবসায়ী ও ফাটকাবাজারীদের হাতে। এই ফাটকাবাজরা ধান চাল মজুত করার মাধ্যমে কৃত্রিম ভাবে অভাব সৃষ্টি করে দর বাড়িয়ে দেয় এবং বৃভূক্ষু মানুষের মুখের অন্ন কেড়ে নিয়ে লক্ষ লক্ষ টাকা মুনাফা করে। এর ফলে কংগ্রেস দলেরও লাভ হয়, কারণ ফাটকাবাজরা মুনাফার একটা অংশ কংগ্রেস তহবিলে দান করে। ১৯৫৮ সালে পশ্চিমবংগের কংগ্রেস সরকার চালকলগুলির উপর মাত্র ২৫ শতাংশ লেভি করেছিল এবং বলেছিল এর থেকে সরকার ১ লক্ষ ৭৫ হাজার টন চাল সংগ্রহ করতে পারবে। কিন্তু ৭০ হাজার টনের বেশি পারেনি। আসলে ইচ্ছা করেই তারা সংগ্রহ করেনি। ১৯৫৯ সালে আরো কম সংগ্রহ করা হয় এবং লেভি আদেশও তুলে নেওয়া হয়। ১৯৫৮ সালে রাজ্য সরকার কয়েকটি নির্দিষ্ট জেলায় কর্ডন আদেশ দেয়। কর্ডনের এলাকা থেকে চাল রপ্তানির জন্য সরকার তাদের অনুগ্রহভাজন ব্যবসায়ী ও চালকল মালিকদের "বিশেষ" পারমিট দেয় এবং তাদের অতিরিক্ত মুনাফার সুযোগ করে দেয়। ধান-চালের দর নিয়ন্ত্রণের ব্যাপারটিই সম্পূর্ণ বানচাল হয়ে যায়। তার সঙ্গে এরাজ্যে ভূমি সংস্কার না করা, সেচ ব্যবস্থার সম্প্রসারণে, বন্যা নিয়ন্ত্রণে কংগ্রেস সরকারের ব্যর্থতার ফলে খাদ্য সংকট আরো ভয়ানক চেহারা নেয়। তারই বিরুদ্ধে মানুষের আন্দোলন তীব্র হতে থাকে। এই আন্দোলনকে দমন করতে কংগ্রেসী সরকার যে ভূমিকা নেয় তা ১৯৫৯ সালেই থেমে থাকেনি। পরবর্তী দশকেও একদিকে মানুষের লড়াই ও অন্যদিকে সরকারের দমননীতি চলতে থাকে। এর ফলে মানুষের থেকে কংগ্রেস ক্রমশই বিচ্ছিন্ন হয়ে যায়। গ্রাম-শহরের মানুষ, শ্রমিক-কৃষক-ছাত্র-যুব-শিক্ষক-মহিলা-বৃদ্ধিজীবী সব অংশের মানুষের তীব্র আন্দোলনের টানা-পোড়েনের মধ্য দিয়ে ১৯৬৭ সালে ও পরে ১৯৬৯ সালে যথাক্রমে প্রথম ও দ্বিতীয় যুক্তফ্রন্ট মন্ত্রীসভা গঠিত হয়। এই দুই সরকারের আমলে বেনামী জমি উদ্ধার ও তা ভূমিহীনদের বন্টনের লড়াই তীব্রতা লাভ করে। পরে কংগ্রেস জমানায় সে প্রক্রিয়া সাময়িকভাবে ব্যাহত হলেও, মানুষের উপর নতুন করে আক্রমণের খড়গ নামলেও লড়াই আন্দোলন থেমে থাকেনি।

যে কথা দিয়ে শুরু করেছিলাম। আজ আর খাদ্যের জন্য গাঁ উজাড় করে মানুবকে শহরে আসতে হয় না। বামফ্রন্টের ঘারতর শত্রুরাও আজ এই সত্যকে খীকার করতে বাধ্য হয়েছে। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসে। কিন্তু ঘর গুছিয়ে বসতে না বসতেই ১৯৭৮ সালে দেখা দিল ভয়ঙ্কর বন্যা। বিশেষ করে দক্ষিণবংগের জেলাগুলিতে লক্ষ্ণ ক্ষমানুব বিপন্ন হলেন। কিন্তু গ্রাম থেকে একজন মানুবও ছুটে এলেন না শহরে। তার প্রধান কারণ ১৯৭৮ সালে নবগঠিত ব্রিস্তর পঞ্চায়েতী ব্যবস্থা। এই পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে সরকারি উদ্যোগকে সফল করতে সাধারণ মানুবই এগিয়ে এলেন। বিকেন্দ্রীকৃত পরিকল্পনার মাধ্যমে কীরকম কর্মোদ্যোগ সৃষ্টি করা যায় তা পশ্চিমবংগ দেখলো, গোটা দেশ দেখলো। তারপর ধরা হয়েছে, ফের বন্যা হয়েছে এরাজ্যে বারে বারেই এর মোকাবিলায় সাফল্য অর্জন করা গেছে।

বিশেষ করে গত ১৭ বছরে পঞ্চায়েতী ব্যবস্থার মাধ্যমে বিকেন্দ্রীকৃত গ্রামোন্নয়নের কাজ পশ্চিমবংগে যা হয়েছে তা সারা দেশের সামনেই এক দৃষ্টান্ত।১৯৭৭ সালে যখন বামফ্রন্ট ক্ষমতায় এল তখন এই রাজ্যে দারিপ্রসীমার নিচে বসবাসকারী মানুষের সংখ্যা (গ্রামীণ ৫৮.৩ শতাংশ এবং মিলিত ৫২.২ শতাংশ) সমগ্র দেশের গড় হিসেবের চেয়ে (গ্রামীণ ৫১.২ শতাংশ এবং মিলিত ৪৮.৩ শতাংশ) বেশি ছিল। ১৯৮৭-৮৮ সালের যে হিসাব পাওয়া গেছে তাতে দেখা যাছেছ পশ্চিমবংগে ঐ শতকরা হার (গ্রামীণ ৩০.৩ শতাংশ এবং মিলিত ১৬.৭ শতাংশ) শুধু যে সারা ভারতের শতকরা হারের (গ্রামীণ ৩৩.২ শতাংশ এবং মিলিত ১৯.৯ শতাংশ) তুলনায় কম তা নয়, এই সময় রাজ্যে দারিপ্র হ্রাসের শতকরা হার (গ্রামীণ ২৮.৮ শতাংশ এবং মিলিত ২৪.৬ শতাংশ) সারা ভারতের দারিপ্র হ্রাসের শতকরা হারের (গ্রামীণ ১৭.৮ শতাংশ ও মিলিত ১৮.৪ শতাংশ) চেয়ে বেশি। ১৯৮৭-৮৮-র পরবর্তীকালে পরিস্থিতির আরো উন্নতি হয়েছে এ বিষয়ে সন্দেহ নেই।

পশ্চিমবংগে ভূমি সংস্কারের সাফল্যটি বিশেষ ভাবে উদ্রেখ করতেই হয়। ১৯৯৩ সালের জুন মাস পর্যন্ত ৯ লক্ষ ৪০ হাজার একর উত্বৃত্ত জমি ভূমিহীনদের মধ্যে বিলি করা হয়েছে, যার ফলে উপকৃত হয়েছেন ২০ লক্ষ ৫৬ হাজার মানুষ। ১৯৭৬-৭৭ সালে খাদ্যশস্য উৎপাদন হয়েছিল ৭৪ লক্ষ টন, তা ১৯৯২-৯৩ সালে বেড়ে হয়েছে ১২৩.৮৯ লক্ষ টন। খাদ্যশস্য উৎপাদনে বার্ষিক বৃদ্ধির হারে পশ্চিমবংগ ভারতের মধ্যে প্রথমে হেক্টর প্রতি উৎপাদনেও পশ্চিমবংগ ভারতের অন্যান্য রাজ্যগুলির মধ্যে শীর্ষে রয়েছে। এরই সঙ্গে মৎস্য উৎপাদনে, বনসৃজনে ক্ষুদ্রশিক্ষের অগ্রগতিতে পশ্চিমবংগ উল্লেখযোগ্য সাফল্য দেখিয়েছে।

এই সাফল্য এলো কি করে? এসেছে আমাদের একটি আলাদা বিকল্প দৃষ্টিভঙ্গির জন্য। পঞ্চায়েতের মাধ্যমে ক্ষমতার বিকেন্দ্রীকরণ, উন্নয়ন প্রক্রিয়ায় গরিব ও খেটে খাওয়া মানুষদের শামিল করে শ্রেণীশক্তির পারস্পরিক সম্পর্কের পরিবর্তন, ঘটানো এ ছিল আমাদের লক্ষ্য। অপারেশন বর্গা, উদ্বৃত্ত জমি বিলি, ভূমি সংস্কার আইনের গুরুত্বপূর্ণ পরিবর্তন, ভূমিসংস্কার ট্রাইব্যুনাল, রাজস্ব ব্যবস্থার সংস্কার, গ্রামের দরিদ্রদের বাস্তুজমি, প্রশাসন যন্ত্রের অদলবদল ও পুনর্বিন্যাস, ঋণসংস্থার ও কৃষির অন্যান্য উপকরণ সরবরাহ প্রভৃতি কর্মসূচী ১৭ বছরে গ্রামাঞ্চলের চেহারা অনেকটাই বদলে দিয়েছে।

এক্ষেত্রে কয়েকটি কথা আমি মানে করিয়ে দিতে চাই। আমাদের কিছুতেই ভুললে চলবে না, আমাদের প্রতিটি কর্মসূচী, প্রতিটি সাফল্যের পিছনে আছে গণ-আন্দোলনের দীর্ঘ ইতিহাস। ৫০-এর দশক থেকেই কংগ্রেসী নীতির বিরুদ্ধে এরাজ্যে বামপন্থী আন্দোলন দানা বাঁধতে শুর করে, তারপর বিগত দশকগুলিতে বিভিন্ন ঘটনার পরিপ্রেক্ষিতে কিছু কিছু বামপন্থী দল বেরিয়ে গেলেও, পরস্পর বিরোধিতা দেখা দিলেও অভিজ্ঞতার মধ্য দিয়ে ১৯৭৭ সালে বামফ্রন্ট সংহত রূপ নেয়। আজ পশ্চিমবংগে বিশেষ করে গ্রামাঞ্চলে যে পরিবর্তন সংগঠিত হয়েছে তার পিছনে আছে অগণিত মানুবের কন্টভোগ ও দুঃখবরণ। লড়াই ছাড়া সাধারণ মানুবের অধিকার এক ইঞ্চিও আদায় করা যায়নি। এই সব লড়াইয়ে বাঁরা প্রাণ দিয়েছেন তাঁদের রক্তের বিনিময়েই আমরা এ জায়গায় আসতে পেরেছি। অনেকে বলেন, আন্দোলনের সে তীব্রতা আজ আর নেই। কিছু তাঁরা ভূলে যান আজও বামফ্রন্ট কর্মীদের প্রাণ দিয়েছেন রাজনৈতিক আন্দোলনে শুর্ভনের হাতে, কেউবা দুষ্কৃতিকারীদের মোকাবিলায়, কেউবা প্রণ বিয়েছেন আর্ত মানুবের সেবা করতে গিয়ে। এঁদের কারোরই জীবনদান বৃথা যায়নি।

এ কথা মনে করার কোন কারণ নেই এবং আমরা কখনও এ দাবি করিনা যে পশ্চিমবংগের প্রাম-শহরে সাধারণ মানুষের কোন দুঃখকষ্ট নেই, তাঁদের কোন সমস্যা নেই, আমরা সব সমস্যার মৌলিক সমাধান করে দিয়েছি। না একথা আমরা বলি না, বরং সমস্যা ও সংকটের রূপ পালটেছে মাত্র। জটিলতাও বেড়েছে অনেক। আমাদের দেশকে পরিচালনা করে কংগ্রেস সরকার। তাদের নীতিই দেশকে সর্বনাশের পথে নিয়ে যাচ্ছে। রাজ্য সরকারের ক্ষমতা সীমাবদ্ধ। তার হাত-পা বাঁধা। এই সরকার কিছু কিছু রিলিফ দিয়েছে এবং দেওয়ার চেষ্টা করছে। তাই সংকটের হাত থেকে মৃক্তির জন্য লড়াই আন্দোলন ছাড়া কোনও পথ নেই।

আজ কেন্দ্রীয় সরকার আই এম এফ-বিশ্বব্যাঙ্কের নির্দেশে দেশের স্বনির্ভরতা ধ্বংস করছে। ধরা যাক কৃষির ক্ষেত্রে। গ্যাট চুক্তিতে সই করার ফলে বিশেষ করে কৃষিক্ষেত্রে যে ভয়ানক প্রভাব পড়বে এ আশঙ্কা তো বিশেষজ্ঞদেরই। বীজ উৎপাদন ও বন্টন যদি বিদেশীদের হাতে চলে যায় তবে গোটা কৃষিক্ষেত্র বিপর্যন্ত হয়ে পড়বে, আমরা বিদেশীদের উপর নির্ভরশীল হয়ে পড়ব। সব থেকে ক্ষতিগ্রন্ত হবেন গ্রামের গরিব কৃষকরা। জাতীয় অর্থনীতিতেও এর মারাত্মক ক্ষতিকারক প্রভাব পড়বে।

আমি একটিমাত্র উদাহরণ দিলাম। কেন্দ্রের নীতি অর্থনীতির সর্বক্ষেত্রে বিপদ ডেকে আনছে। এর বিরুদ্ধে আন্দোলন শুরু হয়েছে দেশজুড়ে। পশ্চিমবংগেও সেই আন্দোলন চলছে। সাধারণ মানুষকে সঙ্গে নিয়েই আমাদের লড়াই। বামফ্রন্টকে আরো ঐক্যবদ্ধভাবে লড়াই পরিচালনা করতে হবে। শহীদদের মৃত্যুবরণ সেই লড়াইয়ে আরো প্রেরণা দিক।

# স্মৃতির রেখায় ১৯৫৯

#### ডঃ বিপ্লব দাশগুপ্ত

[কেন্দ্রীয় কমিটির সদস্য, ভারতের কমিউনিষ্ট পার্টি (মার্কসবাদী) ও এম পি (রাজ্ঞাসভা), সম্পাদক নন্দন]

১৯৫৯ সালে খাদ্য আন্দোলনের সময় বাড়ি থেকে গ্রেপ্তার হই। আমিই একমাত্র ছাত্রনেতা ছিলাম যাকে গ্রেপ্তার করা হয় ঐ আন্দোলনে। এটা হতে পারে যে আমার গ্রেপ্তার খাদ্য আন্দোলনে অন্য ছাত্র নেতাদের সতর্ক করে দিয়েছিল। কিন্তু আমার মুক্তি দাবি করে তখনকার যুগে বেশ কিছুদিন ধরে আন্দোলন চলেছিল ছাত্রদের মধ্যে।

এই দ্বিতীয়বার আমি জেলে গেলাম, কিন্তু এ এক আলাদা অভিজ্ঞতা। তার আগের বছরই ১৯৫৮ সালে এক ছাত্র আন্দোলনে আমি গ্রেপ্তার বরণ করি। কিন্তু গ্রেপ্তার হওয়ার সময় কোন বিদ্বেষ দেখিনি। সেদিন প্রায় সারাক্ষণ এসপ্ল্যানেড ইস্টে ছিলাম। রাত দশটা নাগাদ আমাদের ফুলমালা পরা শহীদদের পুলিশ গ্রেপ্তার করল। দ্বিতীয়বার হল আলাদা। ভোর রাত তিনটের সময় পুলিশ আমার বাড়ির চারপাশ ঘিরলো এবং আমাকে গ্রেপ্তার করলো। সেই পুলিশের গাড়িতে আর মাত্র একজন ছিলেন। তিনি শিক্ষক আন্দোলনের নেতা শিবুদা। আমাদের গ্রেপ্তার করার পর নিয়ে গেল নারকেলডাঙা থানায়, এবং সেখান থেকে শিয়ালদহ কোর্ট হয়ে প্রেসিডেশী জেলে। দু'বারই প্রেসিডেশী জেলের প্রায় এক জায়গাতে থাকলাম। এই ওয়ার্ডের নাম ছিল সাতখাতা। ওয়ার্ডের নীচেই স্নান করবার ব্যবস্থা ছিল। আমরা অবশ্য কাছের পুকুরই পছন্দ করতাম, যতক্ষন না একজন দেখিয়েছিলেন যে জেলের সমস্ত নোংরা-জলের ধারা বয়ে ওই পুকুরে পড়ছে। প্রথমবার জেলখানা যেন ছিল সাজানো গোছানো এবং মধ্যবিত্ত সুলভ। দ্বিতীয়বার ছিল সেই তুলনায় অনেক বেশী পেশাদারী। দ্বিতীয়বার সত্যিসত্যিই একটা রাজনৈতিক কার্যকলাপে রয়েছি বলে মনে হয়েছে। যদিও প্রথমবার যেন জেলের কর্তৃপক্ষের কাছ থেকে কিছু প্রশ্রয় পেয়েছিলাম।

পঞ্চাশের দশকে খাদ্য আন্দোলন বা আন্দোলনই ছিল নিত্যনৈমিত্তিক ঘটনা। তখন ১৯৫২ সাল, পরবর্তীকালে ১৯৫৮ এবং ৫৯ সালে বড় আন্দোলন হয়েছে যার লক্ষ্য ছিল মূলতঃ দুই ধরণের।

এক—ছিল ফসল রক্ষার আন্দোলন। চাষী যে ফসল তৈরী করল কয়েকমাস হাড়ভাঙা খেটে, জলে এবং রোদ্দুরে, কোন নিশ্চয়তা ছিল না যে ঐ ফসল ও ঘরে তুলতে পারবে। সব সময়েই সম্ভাবনা ছিল যে ঐ ফসল বাইরে থেকে এসে জমিদার বা জোতদার আত্মসাৎ করবে। কাজেই ফসল রক্ষার আন্দোলন ছিল কৃষকের জীবনের এক বড় উপাদান এবং বছলোক ঐ আন্দোলনে জমিদারের গুণ্ডার কাছে বলি হয়েছেন।

দুই—আন্দোলন ছিল সত্যিকারের খাদ্য আন্দোলন যা শহর ও গ্রামকে কাছাকাছি এনে ফেললো। শহরের মানুষ বললো সস্তায় খাদ্য চাই। গ্রামের চাষী তার ফসলের ন্যায্য দাম চাইলো। এই দুই পরস্পর বিরোধী লক্ষ্য একসঙ্গে পালন হল মধ্যবতী মানুষজনকে সরিয়ে। যদি মজুতদার বা সুদখোর না থাকে, এবং চাষী শহরের মানুষের সঙ্গে সরাসরি যোগাযোগ করে, তাহলে একই জিনিস শহরের মানুষ পাবে সস্তায় এবং গ্রামের মানুষ সেই ফসলের জন্য ন্যায্য দাম পাবে। অতএব প্রয়োজন এই মধ্যবতী মানুষগুলোকে সরানো, যারা গ্রামের মানুষকে কম পয়সায় চাল বিক্রি করতে বাধ্য করে এবং শহরের মানুষকে বাধ্য করে বেশী পয়সায় একই জিনিস কিনতে। ওদের লাভের অংশ ছেঁটে ফেললে চাষী এবং শহরের মানুষ দুইই লাভবান হবে।

সেই সময়কার খাদ্য আন্দোলনে এটাই ছিল এক বড় লক্ষ্য। চাষীকে তার ফসলের জন্য ন্যায্য দাম দাও এবং একই সঙ্গে শহরের মানুষকে ঐ জিনিস সস্তায় দাও। দুটোই সম্ভব যদি চাষী শহরের মানুষের সঙ্গে সরাসরি কারবার করে জোতদার মহাজন-মজুতদারকে সরিয়ে। এই সমস্ত আন্দোলনে প্রচুর মানুষ এলেন গ্রাম থেকে শহরে। এর ফলে গ্রাম ও শহরের মধ্যে একটা ঐক্য তৈরী হল। এই প্রসঙ্গে একটা ব্যক্তিগত কথা না বলে পারছিনা। ১৯৫৯ সালের ৩১শে জুলাই বিরাট

গণ আন্দোলনে চাষীরা শহরে এলেন এবং অনেকে মারা গেলেন। পরের দিন >লা আগস্ট, কোলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ছাত্রদের মিছিল বের হল। সেই মিছিলের ওপর পুলিশী হামলা হল কলেজস্ট্রিটে বিধান রায়ের বাড়ির সামনে। ছাত্ররা পিছিয়ে গিয়ে কোলকাতা বিশ্ববিদ্যালয়ে আশ্রয় নিলেন। আমার মনে আছে যে, তৎকালীন উপাচার্য পুলিশকে বিশ্ববিদ্যালয় চন্তরে ঢুকতে দিলেন না, এবং সারাদিন ছাত্রদের সঙ্গে পুলিশের লড়াই হল। তার পর দিন থেকে আন্দোলন ছড়িয়ে পড়ল কোলকাতার প্রত্যেক কোণে।

কিন্তু শাসক শ্রেণী প্রথম থেকেই চেষ্টা করল এ আন্দোলনকে ভূলপথে চালিত করতে। সেইজন্য 'রাজনৈতির বন্দী' হিসেবে জেল ভর্তি করা হল এমন প্রচুর মানুষ দিয়ে যাদের সঙ্গে রাজনীতির কোন সম্পর্ক নেই। কেউ হয়তো খিদিরপুরের ডাকাত বা জানবাজারের ড্রাগ স্মাগলার। এরাই হল রাজনৈতিক বন্দী যাদের দিয়ে প্রেসিডেন্দী জেলের ভেতরটাকে কলুষিত করা যায়।

এছাড়া চলল প্রচণ্ড দমননীতি পুলিশকে দিয়ে সাধারণ মানুষকে ঠেঙিয়ে। কিন্তু তাতে বিশেষ কিছু করা গেল না, যখন মানুষ রূখে দাঁড়ালেন ওদের বিরুদ্ধে। এমনও হয়েছে যে হাজার হাজার মানুষের ভীড়ে হারিয়ে গেছে থানার প্রাঙ্গন। এই অবস্থায় কত গুলি করবে এবং কত বুলেটই বা থাকবে। তার থেকে অনেক সহজ রাত্রিবেলা বেরোনো, যখন মানুষ থাকবে না।

আমরা বোধহয় ২রা সেপ্টেম্বর সুকান্ত জয়ন্তী করছিলাম, তখন মানুষের আর্তচীৎকারে জেল ভরে গেল এবং আমরা অনুষ্ঠান বন্ধ করে দিলাম। দেখলাম, বেশ কিছু মানুষকে পুলিশ নিয়ে এসেছে যাদের প্রাণশক্তি রয়েছে খুব সামান্যই। আমরা অনুষ্ঠান বন্ধ করে এই নতুন বন্দীদের সেবা সুশ্রুষা করলাম। এরা কেউ রাজনীতির মানুষ নয় এবং পুলিশের হাতে নিগৃহীত হবেন একথা কখনো ভাবেননি। অথবা কংগ্রেসকেই ভোট দিয়েছেন। পুলিশ কিন্তু কোন বাছবিচার করেনি, রাতের অন্ধকারে ওদের বন্দুকের কুঁদো, বা জুতোর মুখ দিয়ে মেরেছে, ওদের দরজা ভেঙে দিয়েছে। গ্রেণ্ডার করে লালবাজার হয়ে প্রেসিডেলী জেলে পাঠিয়ে দিয়েছে। অথচ এই মানুষগুলো অধিকাংশেরই রাজনীতির সঙ্গে সম্পর্ক ছিল না। কিন্তু কংগ্রেসী পুলিশের হাতে অন্যায়ভাবে মার খেয়ে ওরা সত্যিসতিই কংগ্রেস বিরোধী হয়ে গেল। এটাই এক অন্তুত অভিজ্ঞতা যে, কিভাবে অনর্থক কিছু শত্রু তৈরী করল শাসক শ্রেণী। জেলের জীবনটা দু'বারই দেখেছি বড় কৃত্রিম। এর ফলে অনেকের মধ্যেই অনেক ব্যবহারের প্রকাশ দেখেছি যা সচরাচর তার মধ্যে আছে বলে মনে হয়নি। যেমন একটুকরো মাছ। ঐ মাছের সাইজ কি, বা ওজন কি—এসব নিয়ে যারা কোন দিন কখনো ভাবেননি তারাই আজ অন্যরকম ব্যবহার দেখালেন। এর কারণ হছে যে, জেলের বাইরে যাওয়ার কোন উপায় নেই এবং জেলের মধ্যেকার জীবন পরিচালিত হছে খাওয়ার সময় দিয়ে। ঘুম থেকে উঠে ধরুন ব্রেকফাস্ট হল। তখন ভাবছি লাঞ্চে কি দেবে? লাঞ্চ যখন হল তখন পরবর্তী ভাবনা বিকালের চাকে কেন্দ্র করে, এবং বিকালের চা'র পর আছে রাতের খাওয়ার। একটার পর একটা। কাজেই খাওয়াটাই জেলে একটা মন্ত কাজ এবং খাওয়া নিয়ে দারুণ উত্তেজনা। এমন মানুষগুলো জেলের বাইরে এসব নিয়ে কখনোই ভাবে না।

আমাদের রান্না করত ফোর্থ গ্রেড জেলবাসীরা, যারা পকেটমার থেকে আরও অনেক কাজে জড়িয়ে আছেন। স্বভাবতই এই ফালতুদের সঙ্গে একটা যোগাযোগ গড়ে উঠত, যেটা আমাদের রাজনৈতিক দাদারা অপছন্দ করতেন।

বন্দীরা আবার যখন প্রশ্ন করতো যে, কি অপরাধে ওরা জেলে, ওরা অম্লান বদনে বলতো মার্ডার। জেলের জীবনে খুনীই হচ্ছে সবচেয়ে ওপরে। কাজেই খুনী আর পকেটমার কখনো এক হতে পারে না। খুনী যত সম্মান পাবে এবং শ্রদ্ধাও পাবে তার সঙ্গে তুলনীয় কিছু অন্যরা পাবে না।

আমাদের সঙ্গে ছিলেন অধুনা মৃত কিন্তু সর্বজন পরিচিত রাম চ্যাটার্জী। রামদা আবার পার্টি করত—মার্কসবাদী ফরোয়ার্ড ব্লক। বাইরে থেকে যখন নতুন রাজনীতিকরা আসতো তখন জেল কমিটির পক্ষে মাঝে মাঝে রামদাও যেত ওদের বরণ করতে। রামদার সেই বন্ধৃতা যে কতবার শুনেছি তার ইয়ন্তা নেই। সেই বন্ধৃতায় না আছে ব্যাকরণ, না ভাষা। তবে তৎকালীন ঘটি ভাষায় তিনি বলতেন—'তোময়া এওচো কেন? কেন এওচো?' এটাই প্রথম বুঝতে হবে। রামদা কিছু গশুগোল করলেই আমরা অভিযোগ করতাম অমরদার কাছে। অমরবাবু ছিলেন মার্কসিস্ট ফরোয়ার্ড ব্লকের নেতা। তিনি সদাড়ি। স্মিত হাস্যে রামদাকে বকতেন এবং তারপরেই দেখতাম রামদা ঝর ঝর করে কাঁদছেন। ও জেলের মধ্যেই একটা

দল তৈরী করে ফেললেন এবং একবার জেলারকে বললেন, 'একটা গাড়ী দিন ঘুরে আসি'। যেন জেলারের সৌভাগ্যবান জামাই, যাকে প্রত্যাখ্যান শ্বশুরমশাই করতে পারবেন না।

১৯৫৯ সালের খাদ্য আন্দোলন নানা কারণে এক উদ্লেখযোগ্য ঘটনা। ১৯৫২ সালের খাদ্য আন্দোলনে গুলি চলে, ১৯৫৩ সালের ট্রামভাড়া বৃদ্ধির বিরুদ্ধে আন্দোলনে এবং ১৯৫৪ সালের শিক্ষক আন্দোলনেও চলে। কিন্তু ১৯৫৫ সালের বিহার বাংলা সংযুক্তি বিরোধী আন্দোলনে এবং তার পরবর্তীকালের আন্দোলনে কোন গুলি চলেনি। বিরোধীরা তাদের বক্তব্য বলবার পূর্ণ স্বাধীনতা পান এবং অনেকেই জেলে যান। তখনকার যুগের এক প্রচলিত পদ্ধতি ছিল মালা পড়ে সত্যাগ্রহ করে গ্রেপ্তার হওয়ার। মোটামুটি শান্তিপূর্ণ ভাবেই ১৯৫৫ থেকে ১৯৫৮ সাল পর্যন্ত আন্দোলন হয়েছে। কিন্তু ১৯৫৯ সালে সরকার ঠিক করলেন যে, সত্যাগ্রহীদের ও অন্যান্যদের 'শিক্ষা' দেবেন। সেই মতো যখন ময়দানে লোক জড়ো হল এবং রাজভবনের দিকে চললো তখন লাঠি নিয়ে তার ওপর আক্রমণ হল। এই আক্রমণ অপ্রত্যাশিত এবং অনেকেই হকচকিয়ে যান। এই লাঠির ঘায়ে প্রায় আশি জন ঐদিনই মারা যান, এবং ময়দানের গাছের ফাঁকে লুকিয়ে থাকা পুলিশও গুলি করে—লাঠি চালায়। যারা সেদিন মারা গেছিলেন তাদের অনেকেই ছিলেন গ্রামের মানুষ এবং কোলকাতা ভালো চিনতেন না। তা সত্বেও এই আক্রমণ কয়েকঘণ্টা ধরে চললো, বর্বরোচিত লাঠির ঘায়ে অন্ততঃ আশি জন মারা গেলেন, এত মৃত্যু মাত্র একদিনে এর আগে কখনও হয়নি।

সরকারি প্রতিহিংসার একটা বড় কারণ ছিল, ঐ বছরই কয়েকমাস আগে কেরালার কমিউনিস্ট সরকার উচ্ছেদ। এই সরকারকে উচ্ছেদ করার কোন যুক্তি ছিল না, কারণ বিধানসভায় ওদের সংখ্যা গরিষ্ঠতা ছিল। কিন্তু তা সত্ত্বেও এই সরকারকে ৩৫৬ ধারায় সরানো হল। তার প্রতিবাদে সঙ্গে সঙ্গে কোলকাতায় এক বিশাল মিছিল হয়। এমনকি স্টেটস্ম্যান পত্রিকা পর্যন্ত বিশাল বড় হেডলাইন দিয়ে লেখেন : 'The city of processions record broken—the Communist show of strength'। ওদের ভয় ছিল যে কেরালায় যে অন্যায় হয়েছে তার বদলা পশ্চিমবংগে নেওয়া হবে। এই অনুমানের কোন যুক্তি ছিল না। তাহলেও পশ্চিমবংগে সরকার ভেবেছিল যে মার্কস্বাদীরা একটা কিছু করবে, এবং ওদের আক্রমণ ছিল সেটা ঠেকাবার একটা পদ্ধতি।

জেল থেরে বেড়িয়ে মনে হয়েছিল যে পরবর্তী নির্বাচনে কংগ্রেস হারবে এবং বামপন্থী সরকার তৈরী হবে। ১৯৫৯ সালের ৩১শে জুলাই হামলা নিয়ে প্রচুর ছবি অনেকে তুলেছেন। যেমন স্বাধীনতার বিখ্যাত আলোকচিত্রী শস্তু বন্দ্যোপাধ্যায়। প্রায় নিজের জীবন হাতে করে ঐ ছবিগুলি ওঁরা তুলেছিলেন। আসন্ন পুজোর সময় প্যাণ্ডেলে বহু জায়গায় এই ছবি দেখানো হয়েছিল। সমস্ত কিছু মিলে যেমন একটা আতঙ্কের পরিবেশ ছিল, তেমন ছিল ধারণা যে, পরবর্তী নির্বাচনে কংগ্রেস হারবে।

কিন্তু ঠিক সেই সময়েই আর একটা ঘটনা ঘটল যার ফলে কমিউনিষ্টদের সেভাবে জেতা সম্ভব হল না। সেটা হল চীন এবং ভারতের মধ্যে সীমান্ত সংঘর্ষ। জেলে থাকতেই আমরা এই খবর পেয়েছি। জেল থেকে বেড়িয়ে দেখলাম এই ঘটনার পূর্ণ রেখাপাত মানুষের মনে হয়েছে—এবং তা আমাদের বিরুদ্ধেই। আমরা ময়দানে এক বড় মিটিং করলাম। কিন্তু নানা জায়গা থেকে যে মিছিল এল তার ওপর আক্রমণ হল। আমার মনে আছে, কোলকাতা বিশ্ববিদ্যালয় থেকে বেড়িয়ে মলঙ্গালেনের কাছে আমাদের ওপর কিছু লোক সোডার বোতল নিয়ে আক্রমণ করলো। মিটিং-এ যখন সোমনাথ লাহিড়ী বলছেন তখন বোমা পড়লো। কোথাও কোথাও কমিউনিষ্টদের ওপর আক্রমণ সংঘটিত হল—অফিসে বা অন্যত্র। যার ফলে ১৯৫৯ সালের খাদ্য আন্দোলনের পূরো ফায়দা আমরা পেলাম না। কিন্তু তা সত্ত্বেও ১৯৫৯ সালের ৩১শে জুলাই বামপন্থী আন্দোলনের এক বড়দিন হিসেবে পরগণিত হয়েছে।

১৯৫৯ সালের খাদ্য আন্দোলনের আর একটা দিক ছিল। ১৯৫৯ সাল পর্যন্ত প্রায় প্রতি বছর একটা করে গণ আন্দোলন হত। কিন্তু ১৯৫৯ সাল থেকে সাত বছর প্রায় কোন আন্দোলনই হয়নি। যেহেতু কমিউনিষ্টদের কোনঠাসা করে রাখতে সরকার পেরেছিল সেই সময়ে। ১৯৬০ সালে এমনকি একটা সাম্প্রদায়িক দাঙ্গাও হয় যা ১৯৪৬ সালের পর কোলকাতায় হয়নি। সব মিলিয়ে এই সাতটা বছর বামপন্থী আন্দোলনের খরা যগ।

১৯৭৭ সালে যে বামফ্রন্ট সরকার তৈরী হল, বা তারও আগে ১৯৬৭ এবং ১৯৭০ সালের কংগ্রেস সরকার ভেঙে গিয়ে যুক্তফ্রন্ট সরকার তৈরী হল—তার পিছনে পঞ্চাশের দশকের বিভিন্ন গণ আন্দোলনের একটা ভূমিকা রয়েছে। এই গণ আন্দোলনের মধ্য দিয়ে গড়ে ওঠা বামফ্রন্ট সরকার আজও তার কর্তব্য পালনে নিয়োজিত।

# খাদ্য সংগ্রামের অগ্রগতি

[দেশহিতৈৰী, ১৫ আগস্ট ১৯৯৪]

#### সুধাংত দাশওপ্ত

বর্তমান মুহুর্তে পশ্চিমবংগ রাজ্য অভ্তপূর্ব ঘটনাবলীর মধ্য দিয়া চলিয়াছে। এই রাজ্যের জনসাধারণ সরকারের মজুতদারতোষণকারী খাদ্যনীতির ফলে কৃত্রিমভাবে সৃষ্ট শোচনীয় খাদ্যাবস্থার প্রতিকার এবং নিজেদের ক্রয়ক্ষমতার মধ্যে খাদ্যলাভের জন্য পশ্চিমবংগ মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির নেতৃত্বে একটি গণসংগ্রাম চালাইতেছেন। জনসাধারণের এই শান্তিপূর্ণ গণসংগ্রাম—গভীরতা, ব্যাপ্তি এবং জনগণের দৃঢ়সংকল্পের দিক হইতে এমন একটি গৌরবোজ্জ্বল রূপ গ্রহণ করিয়াছে যাহা এই রাজ্যে ইতিপূর্বে কখনও দেখা যায় নাই।

#### সংগ্রামের প্রথম পর্যায়

গত ১৪ই জুলাই বিভিন্ন জেলার কোর্টগুলিতে এবং স্থানীয় সরকারি অফিসে অফিসে শান্তিপূর্ণভাবে স্বেচ্ছাসেবকগণের সীমাবদ্ধ আইন অমান্য দ্বারা বর্তমান প্রত্যক্ষ সংগ্রাম শুরু হয়। এই পর্যায় চলে ২০শে আগস্ট পর্যন্ত। ১৪ই জুলাই হইতে ২০শে আগস্ট—এই সময়ের মধ্যে কয়েকটি জেলায় ১,৬৩১ জন স্বেচ্ছাসেবক আইন অমান্য করার জন্য গ্রেপ্তার হন।

### সংগ্রামের দ্বিতীয় পর্যায়

২০শে আগস্ট হইতে সুরু হয় আন্দোলনের দ্বিতীয় উন্নত পর্যায়।

দ্বিতীয় পর্যায়ের কর্মসূচী থাকে ঃ কলিকাতা মহানগরী সমেত সমস্ত জেলায় আইন অমান্য সম্প্রসারণ ; ৩১শে আগস্ট তারিখে কলিকাতাসহ সমস্ত জেলা সদরগুলিতে যুগপৎ কেন্দ্রীয় গণ-অভিযান, জেলাগুলির সদর আদালতে গণ-আইন অমান্য এবং কলিকাতায় রাজ্য সরকারের দপ্তর অভিমুখে গণ-মিছিল ও কয়েকটি দলে আইন অমান্য ; এবং ৩রা সেপ্টেম্বর রাজ্যব্যাপী সাধারণ ধর্মঘট ও হরতাল।

৩রা সেপ্টেম্বর পর্যন্ত আইন অমান্যের জন্য গ্রেপ্তারের সংখ্যা দাঁড়ায় ১৪,২৩২ জন।

৩১শে আগস্ট কলিকাতায় মনুমেন্ট ময়দানে ৩ লক্ষ নরনারীর এক অভ্তপূর্ব সমাবেশ ও সভা শেষে লক্ষাধিক নরনারীর শান্তিপূর্ণ বিশাল শোভাযাত্রা এবং সদরে সদরে বিশাল বিশাল জনসমাবেশ ও গণ-আইন অমান্য হয়। বিপুল সংখ্যাধিক্যের দিক হইতে শুধু নহে, যে পরিস্থিতির মধ্যে ৩১শে-র সমাবেশ, শোভাযাত্রা ও আইন অমান্য হয়, সেই বিশেষ পরিস্থিতিও জনগণের এই বিপুল জাগরণের পূর্ণরূপটি সম্যক হুদয়ক্ষম করার পক্ষে একান্ত জরুরী।

কলিকাতার সমাবেশে পাশের জেলাগুলির কৃষকগণের যোগদানে বাধা দিবার জন্য রাজ্য-সরকার পূর্ব হইতে ব্যাপক প্রস্তুতি চালান। প্রকৃতপক্ষে কলিকাতার প্রবেশ পথগুলিতে বিরাট বিরাট পুলিস বাহিনী অবরোধ সৃষ্টি করে। কিন্তু অবিরাম বৃষ্টিপাতের মধ্যে এবং সরকারের প্রচণ্ডতম অবরোধকে অগ্রাহ্য করিয়া, বিভিন্ন কৌশলে উহাকে সম্পূর্ণ ব্যর্থ ও পরাস্ত করিয়া হাজ্ঞার হাজ্ঞার কৃষক নরনারী সেদিনের সমাবেশে কলিকাতা ও শহরতলীর শ্রমিক ও অন্যান্য নাগরিকের সহিত মিলিত হন।

সরকারের সকল কুটিল দ্রাকৃটি উপেক্ষা করিয়া তিন লক্ষের সমাবেশ এবং লক্ষ লোকের শোভাযাত্রায় রাজ্যের জনগণের যে সংগ্রামী মনোভাবের আভাস পরিস্ফুট হয়, জেলা সমাবেশগুলিতেও ঠিক অনুরূপ মূর্তিই দৃষ্ট হয়।

পশ্চিমবঙ্গের মহান জনগণের বর্তমান খাদ্য সংগ্রামের মহিমময়রূপ আরও স্পষ্ট হয় ৩রা সেপ্টেম্বরের রাজ্যব্যাপী সাধারণ ধর্মঘট ও হরতাল পালনের মধ্যে। ঐদিন ১৫ লক্ষ শ্রমিকসহ সরকারি ও বেসরকারি কর্মচারী যোগদান করেন এবং কলিকাতা মহানগরীসহ পশ্চিমবঙ্গের প্রতিটি শহর ও গ্রামে পূর্ণ ও সর্বাদ্মক হরতাল প্রতিপালিত হয়।

৩১শের কেন্দ্রীয় অভিযানের মতই ৩রা সেপ্টেম্বরের সাধারণ ধর্মঘট পালন হয় এমন হিংল্র দমননীতির মধ্যে, যাহা এদেশে কেহ কোন দিন দেখেন নাই।

৩১শে আগস্টের ময়দানে ৩ লক্ষের সমাবেশের পর শান্তিপূর্ণ লক্ষ নরনারীর মিছিল যখন সরকারি দফতর অভিমুখে যাইতে থাকে তখন ১৪৪ ধারার এলাকার বাহিরেই বিশাল পূলিস বাহিনী কর্ডন করিয়া মিছিলের পথরোধ করে। কর্মসূচী অনুসারে জনতা শান্তিপূর্ণভাবে দেড় ঘণ্টাকাল রাজপথে অবস্থান করার পর যখন স্বেচ্ছাসেবকদের একটি দল আইন অমান্য করেন সেই সময় অতর্কিতভাবে চারিদিক হইতে বিশাল সশস্ত্র পূলিস বাহিনী স্বন্ধপরিসর স্থানের মধ্যে, বাহিরে যাইবার সকল পথমুখ অবরুদ্ধ করিয়া জনতার উপর রাতের অন্ধকারে নির্বিচারে টিয়ার গ্যাস ও লাঠি চার্জ করে। ঐ স্থানেই পূলিসব্যুহে অবরুদ্ধ অবস্থায় বৃদ্ধ, নারী ও শিশু নির্বিশেষে সহস্রাধিক মানুষ আহত ও নিখোঁজ হন।

এই দিনেই মেদিনীপুর জেলায় সদরে তমলুকে ও ঘাটালে—এই তিন স্থানে এবং বর্ধমান, বহরমপুর, গঙ্গারামপুর (পঃ দিনাজপুর জেলা) এবং কোচবিহারেও শান্তিপূর্ণ মিছিলের উপর হিংস্ত লাঠি চার্জ হয় এবং বছ আহন হন।

৩১শে'র রক্তাক্ত ঘটনার পরের দিন ১লা সেপ্টেম্বর রাজ্যব্যাপী ছাত্র ধর্মঘট হয়। কলিকাতায় দশ সহস্র ছাত্র-ছাত্রীর মিছিল যখন মুখ্যমৃদ্ধী ডাঃ বিধানচন্দ্র রায়ের বাসভবনের সম্মুখ দিয়া ৩১শের পুলিসী কার্যাবলীর প্রতিবাদ ধ্বনিত করিতে করিতে শান্তিপূর্ণভাবে যাইতেছিলেন, সেই সময় ৩১শে'র মতনই চারিদিক হইতে সশস্ত্র পুলিস ছাত্র শোভাযাত্রাকে ঘিরিয়া ধরিয়া নৃশংস লাঠিচার্জ করে; পরে বিক্ষুক্ক শহরবাসীকে শায়েস্তা করিবার উদ্দেশ্যে অন্ধকার নিবিড় হইবার সঙ্গে সক্ষেউগ্রতর দমন চালাইয়া, বহু এলাকাতে টিয়ার গ্যাস, বেপরোয়া লাঠিচার্জ, এমনকি গুলিবর্ষণ করিয়া বহু নাগরিক হত্যাও করে। পরদিন ২রা সেপ্টেম্বরও সকাল হইতে টিয়ার গ্যাস ও লাঠিচার্জ এবং শেষ পর্যন্ত গুলিবর্ষণ চলে।

৩১শে আগস্টের সমাবেশে ক্ষিপ্ত কংগ্রেস সরকারের ১লা ও ২রা সেপ্টেম্বরের উন্মন্ত কার্যকলাপের দুইটি উদ্দেশ্যই থাকিতে পারে—একদিকে যেমন তাঁহারা প্রতিহিংসা গ্রহণ করিতে চাহিয়াছিলেন, অপরদিকে চণ্ডনীতির দ্বারা মানুষকে সন্ত্যুক্ত করিয়া ৩রা সেপ্টেম্বরের সাধারণ ধর্মঘট বানচাল করিবার আশা করিয়াছিলেন। এই পটভূমিকায় ৩রা সেপ্টেম্বরের সাধারণ ধর্মঘটের চমৎকার সাফল্য এই রাজ্যে সরকারি খাদ্যনীতির বিরুদ্ধে ও দমননীতির প্রতিবাদে গণজাগরণেরই প্রতীক।

#### সরকারি দমননীতি

পশ্চিমবংগ রাজ্যে জনগণের শান্তিপূর্ণ খাদ্যসংগ্রামকে স্তব্ধ করার জন্য রাজ্যসরকার যে বীভৎস রুদ্রমূর্তি ধারণ করিয়াছেন, তাহার কিঞ্চিৎ আভাস পূর্বে বর্ণিত বিবরণ হইতে পাওয়া যাইবে। নিম্নলিখিত তথ্যগুলি সরকারি চণ্ডনীতির সম্পর্কে স্পষ্টতর ধারণা লাভে সহায়ক হইবে। পশ্চিমবংগ সরকার ৩১শে আগস্ট হইতে একটি রীতিমত নরমেধ যজ্ঞের অনুষ্ঠান শুরু করেন বলিলে কিছুমাত্র অতিশয়োক্তি করা হইবে না।

৩১শে আগস্ট ইইতে ওরা সেপ্টেম্বর পর্যন্ত মাত্র এই চারদিনের মধ্যে পুলিস কর্তৃক গুলিবর্ষণ ও লাঠিচার্জে যে বছ সংখ্যক স্বাধীন ভারতের নাগরিকের জীবন বলিদান পড়ে তাহা ইইতে সরকারি কর্মকলাপের বীভংসরূপ প্রকট হয়। মুখ্যমন্ত্রী ডাঃ রায়ের ৮ই সেপ্টেম্বর তারিখে সাংবাদিকদের নিকট স্বীকৃতি অনুসারে এইরূপ মৃতের সংখ্যা হইতেছে ৩৯ জন ; কিন্তু 'স্বাধীনতা' পত্রিকার স্টাফ রিপোর্টার বিশ্বস্ত সূত্রে সংবাদ সংগ্রহ করিয়া প্রকাশ করিয়া দেন মৃতের সংখ্যা ৮০ জনের অধিক ছাড়া কম হইবে না।

ডাঃ বিধানচন্দ্র রায় যে সংখ্যা স্বীকার করিয়াছেন তাহাই তাঁহাদের অপরাধের পরিমাপ সম্পর্কে যথেষ্ট। কিন্তু তাঁহারা যে এখনও সম্পূর্ণ সত্যকে আড়ালে রাখিতে চেষ্টা পাইতেছেন সে বিষয়ে সন্দেহ করিবার পর্যাপ্ত কারণ আছে।

বর্তমান সংখ্যাও তাঁহারা সহজে স্বীকার করেন নাই ; প্রথমে তাঁহারা অনেক কম দেখাইতে চেষ্টা করেন। 'স্বাধীনতা' পত্রিকা মৃত্যুর খবরগুলি নিভীকভাবে বাহির করিতে শুরু করিলেই ডাঃ রায় উক্ত সংখ্যা স্বীকার করেন।

৩১শে আগস্টের পূলিসী তাশুবে কলিকাতাতেই সহস্রাধিক নরনারী আহত হন। তাঁহাদের অনেকেই বিকলাঙ্গ হইয়া সারা জীবনের মত পঙ্গু হইয়াছেন। এই আহতের সংখ্যা রাজ্যের বিভিন্ন জেলাগুলির সংখ্যা ধরিলে চার সহস্রাধিক হইবে। পশ্চিমবঙ্গ সরকারের নিষ্ঠুরতার ইহাই পূর্ণ চিত্র নহে। এই নিষ্ঠুরতা সম্যক্ত উপলব্ধি করিতে হইলে আরও কয়েকটি দিক স্মরণ রাখিতে হইবে।

(क) ৩১সে আগস্ট কলিকাতার ঘটনার পর বহু লোকের কোন সন্ধান পাওয়া যাইতেছে না। মৃতদেহগুলি গুম করা হইয়াছে—এরূপ ধারনা হওয়া স্বাভাবিক। (খ) শান্তিপূর্ণ খাদ্যসংগ্রামকে দমন নীতির তাগুবে স্তব্ধ করার জন্য সরকার তাঁহাদের হিস্ত্রেতায় বিক্ষুক্ক মানুষকে শায়েস্তা করিতে পুলিসকে আশ্রয় দিতে মিলিটারীর সাহায্য তলব করেন। (গ) যে সমস্ত ব্যক্তি নিহত হইয়াছেন, পুলিস বেশীর ভাগ ক্ষেত্রে তাঁহাদের মৃতদেহগুলি রাতের অন্ধকারে বিভিন্ন শ্মশানে পোড়াইয়া ফেলে। এমন কি, মৃতব্যক্তিদের আশ্বীয়-স্বজনদেরও বেশির ভাগ ক্ষেত্রে কোন প্রকার সংবাদ দেওয়া হয় না। মৃতের শেবকৃত্যের অধিকার হইতে আশ্বীয়দের বিশ্বিত করা হয়। (ঘ) ১লা সেপ্টেম্বর ও পরদিন গুলিবর্ষণ করিবার সময় পুলিস কলিকাতার ও হাওড়ার অনেক পল্লীর বাড়িতে বাড়িতে প্রবেশ করিয়া শিশু-নারী নির্বিশেষে পীড়ন চালায় ; ঘুমন্ত মানুষকেও গুলিবিদ্ধ করিয়া হত্যা করে। মিলিটারী কর্তৃক নারীধর্বণের সংবাদও সংবাদপত্রে প্রকাশিত হইয়াছে।

এইভাবে পশ্চিমবংগ রাজ্য কংগ্রেসী সরকার সভ্যতার লেশ-বিবর্জিত এক পৈশাচিক মূর্তিতে আত্মপ্রকাশ করিয়াছেন।

### জনসাধারণের খাদ্যের দাবিসমূহ

### রাজ্য সরকারের মজুতদারী ওকালতি

যে খাদ্য-আন্দোলনের জন্য পশ্চিমবংগ সরকার জনসাধারণের উপর এই অমানুষিক অত্যাচার চালাইতেছেন তাহার দাবি সমূহ কি?

ধান ও চাউলের অস্বাভাবিক উচ্চ দাম এবং তাহার সঙ্গে সঙ্গে নিত্য প্রয়োজনীয় অন্যান্য দ্রব্যাদির অগ্নিমূল্য আজ পশ্চিমবংগের জনজীবনে শোচনীয় দুঃখকষ্ট ও দুর্দশা সৃষ্টি করিয়াছে।

এই অবস্থার আশু উপশম যাহাতে হয় সেই উদ্দেশ্যে পশ্চিমবংগ দ্রব্য মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি কয়েকটি আশু দাবি সরকারের নিকট উত্থাপন করেন। দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির এই সমস্ত আশু দাবি সম্পর্কে সরকারি বক্তব্য গত ১৫ই আগস্ট মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় কর্তৃক একটি বিবৃতি মারফং প্রচার করা হয়।

পশ্চিমবংগের খাদ্য সংকটের আশু লাঘবের জন্য প্রতিরোধ কমিটি বিশেষভাবে খাদ্য-সংক্রান্ত যে সকল দাবি দেন এবং মুখ্যমন্ত্রীর বিবৃতিতে সেগুলি সম্পর্কে যে জবাব দেওয়া হয়, তাহা নিম্নরূপ ঃ

● প্রতিরোধ কমিটির দাবি ঃ সর্বশ্রেণীর মানুষকে সাড়ে ১৭ টাকা দরে চাউল সরবরাহ, সমস্ত অঞ্চলে সংশোধিত রেশন চালু করিয়া গ্রামাঞ্চলের জন্যও বর্তমানের ১ সের চাউল ও ১ সের গমের পরিবর্তে—চাউল বাড়াইয়া দেড় সের ও গম ১ সের করা হউক।

মুখ্যমন্ত্রীর জবাবে সংশোধিত রেশনিংয়ের চাউলের দর সাড়ে ১৭ টাকা মণ করা সম্পর্কে সম্পূর্ণ নীরব, গ্রামাঞ্চলে চাউলের পরিমাণ ১ সের হইতে দেড় সের বাড়াইতে অস্বীকার করা হয়। যুক্তি দেখান হয় যে, যেহেতু চাউলের সরবরাহ সীমাবদ্ধ, সেহেতু মাথাপিছু পরিমাণ না বাড়াইয়া বেশী সংখ্যক লোকের জন্য ব্যবস্থা প্রসারিত করাই যুক্তিযুক্ত বিবেচনা করা হইয়াছে।

● প্রতিরোধ কমিটির দাবি ঃ খোলা বাজারে চাউলের দর ২০ হইতে ২২ টাকার মধ্যে নিশ্চয়তা সৃষ্টির ব্যবস্থা করিতে হইবে।

মুখমন্ত্রীর জবাবে সরকারের পক্ষে ইহা সম্ভব নহে বলিয়া অগ্রাহ্য করা হয়। যুক্তি দেখান হয় যে, (ক) খুচরা বিক্রেতাদের উপর সরকারের নিয়ন্ত্রণ সম্ভব নহে, (খ) ইহা করিতে হইলে সরকারের পক্ষে খাদ্যশস্য সংগ্রহের ও বন্টনের পূর্ণ দায়িত্ব গ্রহণ করা জরুরী হইয়া পড়ে।

প্রতিরোধ কমিটি দাবি ঃ ৫ লক্ষ টনের খাদ্য রিজার্ভ গঠন করিতে হইবে।

মুখ্যমন্ত্রীর জবাবে পশ্চিমবংগের মত বিপুল ঘাটতি সম্পন্ন রাজ্যে এ ধরনের কোন বৃহৎ খাদ্য রিজার্ভ গঠন সম্ভব নহে মন্তব্য করিয়া দাবি অপ্রাহ্য করা হয়। কারণ হিসাবে বলা হয়, (ক) সরকারের নিকট বিক্রয় করিতে উৎপাদকদের উদ্বুদ্ধ করা সম্ভব নহে, কারণ তাহারা বেশী মুনাফা চাহে। (খ) রিজার্ভ গঠনের প্রচেষ্টার অর্থ হইবে যে, সরকারকে জনসাধারণের খাদ্যশস্যের সমগ্র প্রয়োজনীয়তা মিটাইবার পূর্ণ দায়িত্ব গ্রহণ; কিন্তু বর্তমান অবস্থার মধ্যে তাহা সম্ভব নহে। (গ) সরকার কর্তৃক রিজার্ভ গঠনের প্রচেষ্টা ইইলে খোলা বাজারে যে চাউল আসে তাহার পরিমাণ আরও হ্রাস পাইবে।

তাহাতে কষ্ট ও দুর্দশা আরও বাড়িবে। কারণ যাঁহারা সংশোধিত রেশনের আওতাধীন তাঁহাদেরও প্রয়োজ্বনের বাকী অংশের জন্য খোলা বাজারে যাইতে হইবেই।

প্রতিরোধ কমিটির দাবি ঃ নিত্য-প্রয়োজনীয় দ্রব্যাদির মৃল্য জনসাধারণের ক্রয়-ক্ষমতার ভিতরে নামাইয়া আনিতে

ইইবে।

মুখ্যমন্ত্রীর জবাব ঃ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির দাম নামাইয়া জনসাধারণের ক্রয়-ক্ষমতার ভিতরে আনা দুরূহ। ইহা সারা ভারতের বিষয়, পশ্চিমবংগ একা ইহা কার্যকরী করিতে পারে না।

#### প্রতিরোধ কমিটির ন্যায়সংগত দাবি

খাদ্য ও নিত্যপ্রয়োজনীয় জিনিসের দামের ক্রমাগত উর্ধ্বমুখী গতি, বিশেষ করিয়া ধান চাউলের অত্যধিক দামই যে পশ্চিমবংগে জনসাধারণের জীবনে সংকটের প্রধান কারণ তাহা অস্বীকার করার উপায় নাই। সূতরাং বর্তমান খাদ্য সংকটের হাত হইতে মানুষকে মুক্ত করিতে হইলে খাদ্য ও অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির দাম, বিশেষত খাদ্যের দাম, ব্যাপক সংখ্যক জনসাধারণের ক্রয়-ক্রমতার সীমার মধ্যে নামাইয়া আনার আশু ব্যবস্থা প্রথম জরুরী বিষয়। দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির খাদ্য সংক্রান্ত দাবিগুলিতে এই বিষয়েই জোর দেওয়া হইয়াছে। বলা হইয়াছে, রেশনে চাউলের দাম সাড়ে ১৭ টাকা মণ করিতে হইবে, খেলাবাজারে চাউলের দাম যাহাতে ২০-২২ টাকার মধ্যে থাকে তাহার ব্যবস্থা করিতে হইবে, অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম মানুষের ক্রয়ক্রমতার মধ্যে নামাইয়া আনিতে হইবে।

## মুখ্যমন্ত্রীর অসার যুক্তি

চাউলের দামের ব্যাপারে দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির দাবি সম্পর্কে, অর্থাৎ, খাদ্য সংকট উপশ্যমের প্রথম আশু জরুরী বিষয়ে মুখ্যমন্ত্রীর বিবৃতিতে কী দেওয়া ইইয়াছে?

মুখ্যমন্ত্রীর বিবৃতিতে খোলা বাজারের চাউলের দাম সম্পর্কে এবং অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম সম্পর্কে মুখ্যমন্ত্রী পরিষ্কার জানাইয়া দেন যে, এই সংক্রান্ত দাবি স্বীকার করা হইবে না।

খোলা বাজারে চাউলের দাম সম্পর্কে এবং অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম সম্পর্কে দাবি না মানার জন্য মুখ্যমন্ত্রী যুক্তি কী দেন ?

খেলাবাজারে চাউলের দাম ২০-২২ টাকার মধ্যে নামাইয়া আনা সম্ভব নহে; কারণ, প্রথমতঃ খুচরা বিক্রেতাদের উপর সরকারের কোন নিয়ন্ত্রণ নাই! অর্থাৎ মুখ্যমন্ত্রী সকলকে বুঝাইতে চাহেন যে, চাউলের বর্তমান অগ্নিমূল্যের জন্য খুচরা ব্যবসায়ীরাই দায়ী। এই প্রসঙ্গে এবং সমগ্র বিবৃতিটিতে একবারও মজুতদার কিংবা অসাধু মুনাফাবাজ পাইকারদের কথা কোথাও উল্লেখ কেহ দেখিতে পাইবেন না। দেশবাসী নিশ্চয় মুখ্যমন্ত্রীর নিকট জানিতে চাহিবেন যে, মজুতদার অথবা অসাধু পাইকার ব্যবসায়ীর নামোল্লেখ না থাকা কী নিতান্তই ভূলের ব্যাপার! এই সম্পর্কে সরকার পূর্বে কিন্তু অন্য কথা বলিতেন। এই বৎসর পশ্চিমবংগ চাউল-ধান (দাম নিয়ন্ত্রণ) ১৯৫৯ আদেশ বলবৎ হওয়ার তিন দিনের মধ্যেই গত ৩রা জানুয়ারী এক প্রেসনোটে বলা হয়, "কিছু বৃহৎ পাইকার ব্যবসায়ী মূল্য নিয়ন্ত্রণ আদেশে তাহাদের ইচ্ছানুযায়ী মূনাফা করার অনুমতি না দেওয়ার জন্য 'মুনাফাবাজি নিরোধের সরকারি প্রচেষ্টা' ব্যর্থ করার চেষ্টা করিতেছেন।"

২০-২২ টাকার মধ্যে চাউলের দাম রাখার ব্যবস্থা গ্রহণে অপারগতা সম্পর্কে মুখ্যমন্ত্রীর বিবৃতিতে যে দ্বিতীয় কারণটি দেখান ইইয়াছে তাহা ইইতেছে এই যে, এই ব্যবস্থা গ্রহণ করিতে ইইলে সরকারের পক্ষে নাকি খাদ্যশস্য সংগ্রহের ও বন্টনের পূর্ণ দায়িত্বগ্রহণ অত্যাবশ্যক হইয়া পড়ে। যদি তাহাই পড়ে, তাহাতে মন্ত্রিসভার আপত্তি কোথায় ? বিশেষতঃ নীতি হিসাবে খাদ্যশস্যের রাষ্ট্রায়ন্ত ব্যবসা প্রবর্তনের সিদ্ধান্ত যখন কংগ্রেস সরকার গ্রহণ করিয়াছেন ? কিন্তু সর্বাত্মক রাষ্ট্রায়ন্ত বাণিজ্য চালু না করিলে চাউলের বর্তমান চড়া দর নামাইতে অসাধু ব্যবসায়ীদের বাধ্য করা যায় না তাহা আমরা বলি না। দেশে যথেষ্ট সংখ্যায় সরকারি রেশন দোকানের সংখ্যা বাড়াইলে এবং সকলের পক্ষেই এই ব্যবস্থার সুযোগ অবারিত রাখিয়া নিয়মিত খাইবার উপযুক্ত চাউল সরবরাহের নিশ্চিত ব্যবস্থা করিলে, খোলাবাজ্ঞারের অসাধু ব্যবসায়ীদের বন্ধা টানিয়া রাখা খুবই অসম্ভব। বলা বাছল্য যে, প্রচলিত সংশোধিত রেশনিং ব্যবস্থা ও ন্যায্য দামের চাউলের দোকান ব্যবস্থা এই স্থীকৃত নীতি অনুসারেই গঠিত।

দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি এই দাবিগুলিই বার বার তুলিয়াছেন; বর্তমান সংগ্রাম শুরু করার পূর্বাহেও এই দাবিগুলিই দিয়াছেন।

মুখ্যমন্ত্রী ধান-চাউল সংগ্রহ করিয়া ৫ লক্ষ টন রিজ্ঞার্ড গঠনের দাবি প্রত্যাখ্যান করিয়াছেন কোন্ যুক্তি দিয়া? একবার বলা ইইয়াছে যে, সরকারের নিকট বিক্রয় করিতে ধান-চাউলের উৎপাদকের অর্থাৎ কৃষকদের নাকি উদ্বুদ্ধ করা যায় না; আবার বলিতেছেন যে—সরকার রিজার্ভ গঠন করিতে গেলে খোলা বাজারে ধান-চাউল দুস্প্রাপ্য হইয়া দাম আরও বাড়িবে। কিন্তু দুইটি যুক্তির কোন্টি আসল যুক্তি? সরকার হইতে ধান-চাউল সংগ্রহের জন্য শুরুত্ব দিয়া প্রকৃত কোন প্রচেষ্টা করা হয় নাই, প্রকৃত কোন বন্দোবন্ত করা হয় নাই। সূতরাং কৃষককে বিক্রয় করিতে উদ্বুদ্ধ করা যাইবে না—মুখ্যমন্ত্রীর এই যুক্তি 'নেহাৎ বলিবার জন্য' বলা হইয়াছে। সরকার কৃষককে প্রয়োজনীয় প্রকৃত সাহায্য করার ব্যবস্থা করুন। জমির নিশ্চয়তা দিন, পর্যাপ্ত ঋণ, সার ইত্যাদির গ্যারান্টি দিন ; কৃষকও বিনিময়ে তাঁহাদের নিকট ধান চাউল বিক্রয় করিবেনই। অবশ্য এই প্রসঙ্গে আরও একটি দিক আছে। সরকার প্রকৃত ভূমিসংস্কার কার্যকরী না করার ফলে কৃষকের মেহনতে তৈরী ফসলের বিপুল অংশ আজও অকৃষক বড় জোতদারের গোলায় চলিয়া যায়। ইহার প্রতিষেধক হিসাবে সরকার প্রকৃত ভূমিসংস্কার করিয়া কৃষককে জমি দিন এবং অন্তর্বতীকালের জন্য জোতদার, ব্যবসাদার, চাউল কলের মজুত চাউল সরকার কর্তৃক সংগ্রহের উপযুক্ত ব্যবস্থা প্রয়োজন।

কিন্তু খাদ্য রিজার্ভ গঠনে মুখ্যমন্ত্রীর দ্বিতীয় যুক্তিটির (প্রকৃতপক্ষে ইহাই তাঁহাদের আপন্তির প্রধান কারণ) অসারতা স্পন্ত। সরকার রিজার্ভ গঠনের জন্য ক্রম করিলে বাজারে সরবরাহ কমিয়া দাম বাড়িবে বলিয়া যে যুক্তি দেওয়া হয়য়াছে—তাহার জবাবে বলা যায় যে, সরকারই স্বীকার করিয়াছেন যে বর্তমানে কৃত্রিমভাবে বাজারে চাউল আসিতে দেওয়া হয় না। কাহারা ইহার জন্য দায়ী ? মজুতদারেরা। বৃহৎ জোতদার, ব্যবসায়ী, আড়ৎদাররাই এই মজুতদার। ন্যায্য মূল্যের দোকানের জনসংখ্যানুপাতে অপ্রত্বলতা, সরকারি সরবরাহে অনিয়মিত ও অনিশ্চিত অবস্থা, সরকারের হাতে অন্তত্পক্ষে খাওয়ার যোগ্য চাউলের মজুতের অপ্রাচ্র্য—এইগুলি হইতেছে কারণ, যাহা মজুতদার ও অসাধু ব্যবসায়ীদের খোলা বাজারে কৃত্রিম চাউলাভাবের অবস্থা বজায় রাখিতে ও চাউলের দাম চড়াইতে উৎসাহিত করে ও সুবিধা করিয়া দেয়। সরকার যদি ৫ লক্ষ টন রিজার্ভ করেন অন্তত্তপক্ষে ঐ পরিমাণ চাউল মজুতদারদের কবলে যাওয়া হইতে রক্ষা পাইবে। সরকারের হাতে যদি পর্যাপ্ত খাওয়ার উপযোগী চাউলের মজুত থাকে, যে কোন সময়ে যে কোন অঞ্চলে ন্যায্য মূল্যের দোকান মারফৎ অন্ততপক্ষে খাওয়ার যোগ্য চাউল মানুষের নিকট পৌঁছাইয়া দিবার একটি বন্দোবন্ত সদাসর্বদা থাকে, মজুতদাররা কখনই কৃত্রিম অভাব সৃষ্টি করিতে প্রেরণা বোধ করিবে না। অন্ততপক্ষে মজুতদারদের অসামাজিক মনোবৃত্তির বিরুদ্ধে উপরিউক্ত ব্যবস্থাবলী শ্রেষ্ঠ রক্ষাকবচরূপে কাজ করিবে।

সূতরাং দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি যেমন ন্যায্য দামের দাবি রাখিয়া, তেমনি সরকারি রিজার্ভের প্রশ্ন উঠাইয়া খাদ্য সংকট উপশমের জন্য ও উহা গভীরতর ইইয়া পড়ার বিরুদ্ধে অত্যন্ত ন্যায়সঙ্গত দাবিই উত্থাপিত করিয়াছেন। এই বৎসর ধান উৎপাদনের পড়তা লক্ষ্য রাখিলে মাঝারি চাউলের দম ২০-২২ টাকার উর্ধ্বে উঠিবার কোন ন্যায়সংগত কারণ নাই। আরও মনে রাখিতে ইইবে, এই বৎসর গোড়ার দিকে যখন ধান চাউল বাজারে আসা শুরু হয় তখন এই রাজ্যে দাম নিয়ন্ত্রণ আদেশ বলবৎ ছিল।

সুতরাং রাজ্য সরকার দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির দাবিগুলি অগ্রাহ্য করিয়া ইহাই প্রমাণ করিয়াছেন যে, তাঁহারা মজুতদার ও অসাধু পাইকার ব্যবসায়ীদের সমাজে বাঁচাইয়া রাখিতে দৃঢ়প্রতিজ্ঞ। তাঁহাদের অর্থনীতিক নীতি হইতেছে মজুতদার মুনাফাখোরদের অর্থনীতি। মুখ্যমন্ত্রীর ১৫ই তারিখের বিবৃতিতে এই অর্থনীতি পরিবর্তন করার জন্য তাঁহাদের কোন ইচ্ছা দেখা যায় না।

#### সরকারি প্রচার ও বাস্তব

গত ২রা সেপ্টেম্বর লোকসভায় নৃতন কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী শ্রী এস. কে. পাতিল মন্তব্য করেন যে, পশ্চিমবংগে যখন খাদ্যাবস্থার "উন্নতি হইতেছিল এবং স্বাভাবিক অবস্থা ফিরিয়া আসিতেছিল" সেই সময়ে নাকি এখানে আন্দোলন শুরু হয় এবং শ্রীপাতিলের মতে ইহা, "সমূহ দুঃখন্ধনক ঘটনা।" শ্রীপাতিল আরও বলেন, "আগস্ট মাস হইতেই পশ্চিমবংগে খাদ্যমূল্যের নিম্নগতি শুরু হয়।"

সন্দেহ নাই যে, কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী পশ্চিমবংগ সরকার কর্তৃক সরবরাহ করা তথ্যের ভিন্তিতেই তাঁহার বক্তব্য বলেন। কিন্তু পশ্চিমবংগের জনসাধারণ এই কথা বলিত বাধ্য যে, শ্রীপাতিলের বিবৃতিতে এই রাজ্যের প্রকৃত অবস্থার প্রতিফলন ঘটে নাই। পশ্চিমবংগে বর্তমান খাদ্য আন্দোলন আরম্ভ হয় ১৪ই জুলাই হইত। ২০শে আগস্ট হইতে আন্দোলনের দ্বিতীয় পর্যায় শুরু হয়।

জুলাই মাসে এই রাজ্যে খোলাবাজারে মাঝারী ধরণের চাউলের গড় পড়তা দর দাঁড়াইয়াছিল ৩৫ টাকা মণ। কলিকাতা শহরেও গড় দর ছিল ৩৩-৩৪ টাকা মণ; মাঝে মাঝে ৩৫ টাকাও উঠিতেছিল। সন্দেহ নাই যে খোলাবাজারের চাউলের এই দর ছিল অস্বাভাবিক; ব্যাপক সংখ্যক মানুষের এই দরে চাউল কিনিয়া খাইবার সঙ্গতি নাই। ন্যায্যমূল্যের দোকানগুলিতে চাউল সরবরাহের অনিয়মিত অবস্থা এবং বেশীর ভাগ সময়ে খাইবার অযোগ্য চাউল তো কিংবদন্তীতে পরিণত হইয়াছে। জেলাগুলিতে অবস্থা ছিল অধিকতর শোচনীয়।

উপরিউক্ত অবস্থার মধ্যেই খাদ্য আন্দোলন আরম্ভ হয়। প্রথম পর্যায়ের আরম্ভ হইতে দ্বিতীয় পর্যায়ের আরম্ভ পর্যন্ত অর্থাৎ ২০শে আগস্ট পর্যন্ত—না কলিকাতায়, না জেলাগুলিতে—কোনস্থানেই চাউলের দরে বিশেষ কোন হ্রাস ঘটে না। সূতরাং রাজ্য সরকার যদি কেন্দ্রকে জানাইয়া থাকেন যে "খাদ্যাবস্থার যখন উন্নতি ঘটিতেছিল তখনই" আন্দোলন আরম্ভ হয় তবে তাহা সম্পূর্ণ মিথ্যা কথা।

দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি কর্তৃক ১০ই আগস্ট তারিখে এক সাংবাদিক সন্মেলনে খাদ্য সংগ্রামকে দ্বিতীয় পর্যায়ে অগ্রসর করাইবার সিদ্ধান্ত ঘোষণা করা হয়। ইহার অব্যবহিত পরেই কলিকাতা ও হাওড়ার কয়েকটি বড় বড় ধান চাউল ব্যবসায়ীদের এক প্রতিনিধিদলের সঙ্গে সরকারি দপ্তরে মুখ্যমন্ত্রী ও খাদ্যমন্ত্রীর বৈঠক হয়। এই বৈঠকের পর বিভিন্ন সংপাদপত্রে প্রকাশিত সংবাদে জ্ঞানা যায়, এই বৈঠকে মুখ্যমন্ত্রী বৃহৎ ব্যবসায়ী প্রতিনিধিদের তাঁহাদের "নিরাপত্তা" সম্পর্কে সরকারি সাহায্যের আশ্বাস দেন; এবং বৃহৎ ব্যবসায়ীদের প্রতিনিধিগণ নাকি মুখ্যমন্ত্রীকে আশ্বাস দেন যে, চাউলের দামের নিম্নগতি লক্ষ্যিত হইয়াছে এবং শীঘ্রই দর আরও কমিবে।

মুখ্যমন্ত্রী, খাদ্যমন্ত্রী ও বৃহৎ ব্যবসায়ী প্রতিনিধিগণের উপরিউক্ত বৈঠকের পরেই কলিকাতা ও অন্যান্য বাজারে ২-৩ টাকা দাম কমিতে দেখা যায়।

উপরে বর্ণিত তথ্যগুলি হইতে কিরূপ উপসংহার টানা যুক্তিসঙ্গত হইবে?

জনসাধারণের দৃঢ় সংকল্প আন্দোলনের সম্মুখীন ইইয়া আতংকিত বৃহৎ ব্যবসায়ীরা চাউলের দাম নিম্নমুখী ইইয়াছে এই ধারণা জন্মাইয়া জনমনে আত্মসন্তুষ্টি সৃষ্টি করিয়া জনমনকে বিভ্রান্ত করিতে অপচেষ্টা করিয়াছিল। এই উদ্দেশ্যেই খাদ্যের দামের চাবিকাঠি যাহাদের হাতে সেই বৃহৎ মজুতদার ও ব্যবসায়ীকূল কিছুটা দাম হ্রাস করেন। এই ঘটনা ইহাই প্রমাণ করে যে খাদ্যের গোপন মজুত সম্পর্কে প্রতিরোধ কমিটি ও বামপন্থীদলগুলির বক্তব্য কত নির্ভূল। কিন্তু ইহার পর হইতেই চাউলের দাম ক্রমাগত হ্রাস পাওয়া সম্পর্কে সরকারি উদ্ভট প্রচার ক্রমেই বেপরোয়া ইইয়া ওঠে। মুখ্যমন্ত্রী দাবি করিয়াছেন রাজ্যে চাউলের দাম নাকি ৬-৭ টাকা পর্যন্ত কমিয়া গিয়াছে। এবং বর্তমানের দাম গত বৎসরের তুলনায় কম। আরও প্রচার করা হইতেছে আউস চাউল বাজারে আসার জন্যই দাম আরো কমিবে। আর আমনের দিন তো আবার নিকটবর্তী হইতেছে; সুতরাং আর ভাবনা কি?

আউস চাউল বাজারে আসায় চাউলের দাম কমা সম্পর্কে সরকারের মাত্রা-ছাড়া প্রচারের জবাবে আমরা দৈনিক 'যুগান্তর' পত্রিকার একটি মন্তব্য উদ্ধৃত করিতেছি। সকলেরই জানা আছে যে, দৈনিক 'যুগান্তর' কখনই সরকার বিরোধী দলের মুখপত্র নহে এবং তাহার মালিকের একজন পুত্র বর্তমান একজন মন্ত্রী। ৭ই সেপ্টেম্বরের যুগান্তর পত্রিকায় ''নানাকথা" কলমে নিম্নরূপ সম্পাদকীয় মন্তব্য প্রকাশিত হয় :

"চাউলের মূল্য কিছু কমিয়াছে বটে, কিন্তু যত রটনা হইতেছে তত নহে। সাধারণ গৃহস্থ যাঁহারা বাজার হইতে চাউল সংগ্রহ করেন তাঁহাদের অভিজ্ঞতা এই যে, মণপ্রতি আট আনা, এক টাকা, দেড় টাকা বা জোর দুই টাকা মূল্য হ্রাস হইয়াছে। এরূপ অবস্থায় যখন উচ্চকণ্ঠে বারবার প্রচার করা হয় যে,গত বৎসর এই সময়ের মূল্য অপেক্ষা মণ-প্রতি পাঁচ সাত টাকা দাম কমিয়া গিয়াছে, তখন স্বভাবতঃই জানিতে কৌতুহল জাগে যে কোথায়, কোন্খানে বা কোন্ দোকানে? খাদ্যের মূল্য বৃদ্ধির বিরুদ্ধে এত আন্দোলন হইবার পরে, অবশ্যই এ সম্পর্কে কোন প্রকাশ্য উক্তি বা বিবৃতিতে সতর্কতা অবলম্বনের প্রয়োজন

আছে। উহা বাস্তবের কাছাকাছি না হইলে লোকের বিরক্তি ও হতাশা বাড়ে। যাঁহারা পাঁচ সাত টাকা দাম কমিয়াছে বলেন, তাঁহারা হয়তো কোনো সূত্রে জানিয়াই উহা বলিয়াছেন। অথবা বিশেষ কোন এক শ্রেণীর চাউলে উহা কমিয়াছে শুনিয়া প্রচার করিতেছেন। যেখানেই উহা কমিয়া থাকুক, ক্রেতা সাধারণ অত কমে খুচরা দোকানে প্রয়োজন মত চাউল কিনিতে পারেন না, ইহাই আসল কথা। এরূপ অবস্থায় রটনা এবং সত্য ঘটনার মধ্যে একটা সামঞ্জস্য থাকা কি বাঞ্ছনীয় নহে ?"

সম্প্রতি বিভিন্ন স্থান হইতে যে সংবাদ আসিতেছে তাহাতে দেখা যায় যে, চাউলের দাম আবার উর্দ্ধমূখী হইয়াছে।

# সরকারি প্রচারে সত্যের অবলুপ্তি

### প্রত্যক্ষদর্শী সাংবাদিকদের রিপোর্টে মিথ্যার স্বরূপ উদ্ঘটন

কলিকাতা হাওড়ায় চার দিনব্যাপী হত্যালীলার সাফাই গাহিয়া পশ্চিমবংগ সরকার বলিয়াছেন ঃ গুণ্ডামি ও সমাজবিরোধী উচ্ছুম্খলতা বন্ধ করার জন্য পুলিস লাঠি-গুলি চালাইতে বাধ্য হইয়াছে। সরকারের এই বক্তব্যে রাজনৈতিক রং চড়াইয়া মুখ্যমন্ত্রী ডাঃ বিধান রায় বলিয়াছেন ঃ "পুলিস যাহাতে গুলিবর্ষণ করিতে বাধ্য হয় তেমন অবস্থা সৃষ্টি করার জন্য কমিউনিষ্টরা জনসাধারণকে উত্তেজিত করিয়াছে।" (স্টেটসম্যান, ৩-৯-৫৯)

সরকারের এই মিথ্যা প্রচারের জবাব ইতিপূর্বে বছবার আমরা দিয়াছি। সুতরাং আমাদের কথার পুনরাবৃত্তি আমরা আর করিতে চাহি না। কলিকাতার অন্যান্য যেসব দৈনিক পত্রিকা এই আন্দোলনের বিরোধী, তাহাদের প্রকাশিত সংবাদ হইতেই আমরা দেখাইতে চাই যে, গুণ্ডামি ও উচ্ছুখল আচরণ করিয়াছে পুলিস—জনসাধারণ বা কমিউনিষ্ট পার্টি নয়। পুলিস সম্পূর্ণ অকারণে লাঠি-গুলি চালাইতে আরম্ভ করিয়াছে এবং তারপর নিরবচ্ছিন্ন মিথ্যা ভাষণ দ্বারা তাহাদের সেই অপরাধের বোঝা জনসাধারণ ও খাদ্য আন্দোলনের নেতাদের ঘাড়ে চাপাইবার অপচেষ্টা করিতেছে।

কয়েক দিনের ঘটনা সম্পর্কে সরকারের বক্তব্য ও এই আন্দোলন বিরোধী পত্রিকাণ্ডলির বিবরণ হইতেই আমরা এই বক্তব্য প্রমাণ করিব।

- ৩১শে আগস্টের মিছিলের উপর লাঠিচার্জের ঘটনা দিয়াই আরম্ভ করি।
- ৩১শে'র ঘটনা সম্পর্কে সরকারি প্রেসনোটে বলা ইইয়াছে ঃ

"জনতা সামনের দিকে আগাইয়া আসে এবং তাহাদের মধ্য হইতে কিছু লোক পুলিসের প্রতি ইট, সোডার বোতল ও হাতবোমা নিক্ষেপ করিতে থাকে। ফলে পুলিস লাঠিচার্জ করিতে বাধ্য হয়।"

সরকারের এই বক্ত্যব্যের সঙ্গে স্টেটসম্যান, যুগান্তর ও হিন্দুস্থান স্ট্যাণ্ডার্ডের প্রত্যক্ষদর্শী রিপোর্টারদের বিবরণ মিলাইয়া দেখা যাক।

• স্টেটস্ম্যান লিখিয়াছেন ঃ

"আন্দাজ ৭-২০ মিনিটের সময় প্রায় বারো জন শোভাযাত্রী পুলিসের বেস্টনীর ফাঁক দিয়া সারিবদ্ধভাবে আগাইয়া আসেন। মনে হয়, পুলিস ইচ্ছা করিয়াই বেস্টনীর মধ্যে ঐ ফাঁকটি রাখিয়াছিল, যাহাতে যাঁহারা আইন অমান্য করিতে চাহেন, তাঁহারা আগাইয়া আসিয়া গ্রেপ্তার বরণ করিতে পারেন।....কিন্তু বিরাট জনতা আগাইয়া আসিতে থাকিলে পুলিসকে লাঠিচার্জ করার হকুম দেওয়া হয়।"

• 'যুগান্তর লিখিয়াছেন ঃ

"কয়েকটি দলে বিভক্ত হইয়া আইন অমান্য আন্দোলনকারীরা পুলিস বেষ্টনী ভাঙ্গিয়া অগ্রসর হইতে শুরু করিবেন বলিয়া কথা ছিল। প্রথম দল কর্ডন ভাঙ্গিয়া সামনে আগাইয়া আসিলে তাঁহাদিগকে গ্রেপ্তার করা হয়। বেষ্টনীর একাংশে যেখানে জনগণের প্রবল চাপ পড়িতেছিল সেখানে একটা ঠেলাঠেলির সৃষ্টি হয়। কয়েক মুহুর্তের মধ্যেই আবহাওয়া বদলাইয়া যায়। কর্ডনের ভিতরের দিকে যেখানে সাংবাদিকরা দাঁড়াইয়া ছিলেন সেখান হইতে পুলিসের হাতের লাঠি শুন্যে উঠিতে দেখা যায় এবং আওয়াজ শুনিতে পাওয়া যায়। পুলিস জনতাকে হটাইয়া লইয়া যায়... তাহাদের পিছনে পিছনে মুখে জালের মুখোস লাগানো লাঠিধারী পুলিসের আর একটি বাহিনী প্রবলভাবে লাঠি চালনা করিতে করিতে অগ্রসর হইয়া যায়।"

- হিন্দস্থান স্ট্রান্ডার্ড লিখিয়াছেন ঃ
- · "প্রথম দল সত্যাগ্রহীর গ্রেপ্তারের পরে জনতা পুলিস বেষ্টনীর ফাঁক দিয়া প্রবেশ করিলে পুলিস লাঠিচার্জ করে। অন্যান্য পত্রিকার উদ্ধৃতি দিলাম না, কেননা তাহাদের বক্তব্যও অনুরূপ।

প্রত্যক্ষদর্শী সাংবাদিকদের এই সব বিবরণ হইতে নিম্নলিখিত তথ্যগুলি প্রমাণিত হয় :

- (১) জনতা "পুলিসের প্রতি ইট, সোডার বোতল ও হাতবোমা নিক্ষেপ করিতে থাকে" বলিয়া পুলিস লাঠি চালাইয়াছে—সরকারি প্রেস-নোটের এই বক্তব্য সর্বৈব মিথ্যা। লাঠি চলাইবার সময় জনতা শান্তিপূর্ণ ছিল।
- (২) জনতা শান্তিপূর্ণভাবে "কয়েকটি দলে বিভক্ত হইয়া আইন অমান্য করিবেন" একথা বহু পূর্বে আন্দেলনের নেতারা ঘোষণা করিয়াছিলেন এবং পুলিসও এই কথা জানিত।
- (৩) আইন অমান্যকারীরা যাহাতে অগ্রসর হইয়া গ্রেপ্তার বরণ করিতে পারেন তাহার জন্য পুলিস তাহদের বেস্ট্রনীর মধ্যে একটি ফাঁকও রাখিয়াছিল। কিন্তু প্রথম দল গ্রেপ্তার হইবার পরে দ্বিতীয় দল অগ্রসর হইলেই পুলিস লাঠিচার্জ আরম্ভ করে।

প্রত্যক্ষদর্শী রিপোর্টারদের প্রত্যেকের বিবরণীতেই এই কথার উল্লেখ আছে। স্টেস্ম্যানের রিপোর্টার লিখিয়াছেন, "পূলিশ ইচ্ছা করিয়াই তাহাদের বেষ্টনীর মধ্যে ফাঁক রাখিয়াছিল।" ৩রা তারিখ 'বসুমতী' সম্পাদকীয় প্রবন্ধে লিখিয়াছেন, ঐ ফাঁকটি ছিল আসলে ফাঁদ। জনতাকে অগুসর হইতে প্রলুব্ধ করার জন্যই ঐ ফাঁক রাখা হইয়াছিল, যাহাতে সুযোগ মত পূলিস তাহাদের পিটাইতে পারে। 'বসুমতী' এই সম্পর্কে বিচার বিভাগীয় তদন্তের দাবি জানাইয়াছেন

১লা তারিখের ঘটনা সম্পর্কে সরকারি প্রেসনোটে বলা হইয়াছে ঃ

"আন্দান্ত দুপুর ১টার সময় ছাত্রদের একটি মিছিল নির্মল চন্দ্র স্ট্রীট ধরিয়া অগ্রসর হইবার কালে মুখ্যমন্ত্রীর বাসভবনের সামনে দাঁড়ায় এবং কিছুক্ষণ স্লোগান চিৎকার করার পরে মুখ্যমন্ত্রীর বাড়ীতে ইটপাথর ছুড়িতে আরম্ভ করে। তখন ঐ জনতাকে তাড়াইবার জন্য পুলিসকে কাঁদুনে গ্যাস-গোলা ছুড়িতে হয়।"

একই ঘটনা সম্পর্কে স্টেটসম্যানের রিপোর্টার লিখিয়াছেন ঃ

"শোভাযাত্রাটি ডাঃ রায়ের বাড়ীর নিকটে আসিলে ছাত্র স্বেচ্ছাসেবকরা উহার পুরোভাগটিকে ঘিরিয়া রাখে। মিছিলের কিয়দংশ ডাঃ রায়ের বাড়ী ছাড়াইয়া গেলে একদল পুলিস প্রিলেপ ষ্ট্রীট হইতে বাহির হইয়া আসিয়া মিছিলটিকে তাড়া করে। কয়েকজন ছাত্রকে রাস্তায় পড়িয়া যাইতে দেখা যায়। মিছিলটি ছোট ছোট দলে ভাঙ্গিয়া যায়। তারপর পুলিশ লাঠি চালাইতে চালাইতে গলি-ঘুচির মধ্যে ছাত্রদের পিছু ধাওয়া করিতে থাকে।"

- 'যুগান্তর' লিখিয়াছেন ঃ "মিছিলের সম্মুখ ভাগটি ডাঃ রায়ের বাড়ী পার হইয়া যাইবার পর পুলিস ছাত্রদের উপর লাঠিচার্জ করে।.....পুলিস বাহিনী লাঠি চালাইতে চালাইতে ছাত্রদের পিছু ধাওয়া করিলে ওয়েলিংটন স্কোয়ার অঞ্চলের পরিস্থিতি ঘোরালো হইয়া উঠে।"
- হিন্দুস্থান স্ট্যান্ডার্ড লিখিয়াছেন : "মিছিলের সম্মুখ ভাগ যখন শান্তিপূর্ণ ভাবে স্লোগান দিতে দিতে মুখ্যমন্ত্রীর বাড়ীর সম্মুখ দিয়া যাইতেছিল...তখন পশ্চাদ্ভাগের উপর পূলিস লাঠিচার্জ করে।"

প্রত্যক্ষদর্শী রিপোর্টারদের বিবরণী হইতে প্রমাণিত হয় যে:

- ১। ছাত্র মিছিলটি সম্পূর্ণ শান্তিপূর্ণ ছিল। কোনরূপ বিশৃত্বলা যাহাতে না ঘটে তাহার জন্য ছাত্র ভলান্টিয়ারগণ প্রথম ইইতেই সচেষ্ট ছিলেন।
- ২। মুখ্যমন্ত্রীর বাড়ীতে ইটপাথর ছোড়ার কোন ঘটনা উপস্থিত রিপোর্টারগণ কেহই দেখেন নাই। বরং ছাত্রদের শান্তি রক্ষার জন্য উদ্বেগের প্রমাণ তাঁহারা পাইয়াছেন।
  - ৩। পুলিশ পিছন হইতে অতর্কিতে শান্তিপূর্ণ মিছিলকে আক্রমণ করে।
  - ৪। প্রেসনোটে লাঠিচার্জের কথা বেমালুম চাপিয়া যাওয়া হইয়াছে।
  - ৫। হিন্দুস্থান স্ট্যান্ডার্ডের ভাষায় "শান্তিপূর্ণ ছাত্রমিছিলের উপর লাঠিচার্জের ফলেই ঐ দিনের হাঙ্গামার সূত্রপাত হয়।" পরবর্তী দিনের ঘটনাবলী সম্পর্কেও সরকারি ভাষ্য ও প্রত্যক্ষদর্শী রিপোর্টারদের বিবরণীতে আকাশ-পাতাল তফাৎ। লাঠি ও গুলিতে হতাহতের সংখ্যা সম্পর্কে সরকারি ভাষ্যের কথাই ধরা যাক।

#### ৩১শের লাঠিচার্জে কড আহত হইয়াছে?

সরকারী প্রেসনোটে বলা হইয়াছে:

"১২ জনকে আহত অবস্থায় হাসপাতালে ভর্তি করা হইয়াছে।" এবং ইহাদের সকলেও আবার পুলিসের লাঠিতে নয়। ইহাদের কেহ কেহ "ভিড়ের চাপে বা জনতার নিক্ষিপ্ত ইটে" আহত হুইয়াছেন।

কিন্তু বিভিন্ন হাসপাতাল হইতে তথ্য সংগ্রহ করিয়া স্টেটসম্যান জ্ঞানাইয়াছেন, রাত ১১-৩০ মিঃ পর্যন্ত প্রায় ৩৪০ জন আহতকে হাসপাতালে আনা হইয়াছে।

যুগান্তর-অমৃতবাজারের সংখ্যা প্রায় ৪০০, আনন্দবাজার-হিন্দুস্থান স্ট্যান্ডার্ডের সংখ্যা প্রায় ৩৫০।

**১লা তারিখের হতাহতের সংখ্যা** সরকারি প্রেসনোটের মতে : নিহত—৬, আহত—১১০।

আনন্দবাজারের সংবাদ : নিহত-৭, আহত প্রায় এক হাজার।

অন্যান্য পত্রিকাতেও প্রকাশিত হতাহতের সংখ্যাও প্রায় অনুরূপ।

**ওরা তারিখের ঘটনা সম্পর্কে** প্রেসনোটে বলা হইয়াছে যে, গুলিবর্ষণের ফলে হাওড়ায় ৭ জন এবং কলিকাতায় একজনের মৃত্যু হইয়াছে।

বিভিন্ন সংবাদপত্ত্রের মতে ঐদিন কমপক্ষে ১২ জন গুলিতে মারা গিয়াছে এবং আহতের সংখ্যা যুগান্তরের মতে প্রায় ১৫০ জন এবং আনন্দবাজারের মতে ১৭২ জন।

তরা তারিখ কয়টা স্থানে কতবার গুলিবর্ষণ ইইয়াছে সে সম্পর্কে প্রেসনোট নীরব।

বিভিন্ন সংবাদপত্তে ঐদিনের গুলিবর্ষণের যে বিবরণ প্রকাশিত হইয়াছে তাহা মিলাইলে দেখা যায় যে, ৩রা তারিখ কলিকাতায় ১৭টি স্থানে, ২৪ পরগণায় ৮টি স্থানে এবং হাওড়ায় ৫টি স্থানে—এই মোট ৩০টি স্থানে গুলিবর্ষণ হইয়াছে।

পুলিস বহু লাস গুম করিয়াছে বলিয়া জনসাধারণের মধ্যে যে সন্দেহ জাগিয়াছে হতাহতের সংখ্যা কম করিয়া দেখাইবার সরকারের এই চেষ্টা দেখিয়া সেই সন্দেহ আরও দৃঢ় হয়।

পরিশেষে "গুণ্ডামি" সম্পর্কে একটি কথা বলিয়া আমাদের বক্তব্য শেষ করিতে চাই। সরকারের অভিযোগ—খাদ্য আন্দোলন এখন "গুণ্ডামিতে" পর্যবসিত হইয়াছে এবং "গুণ্ডারা" এখন আন্দোলনের নেতৃত্ব করিতেছে।

আমাদের ভাষায় নয়, কট্টর আন্দোলন বিরোধী আনন্দবাজার পত্রিকার (৪ঠা তারিখের) দুইটি সংবাদের উল্লেখ করিয়া সরকারের এই প্রচারের সত্যতা যাচাই করিতে চাই।

মুচিপাড়া থানা "আক্রমণ" সম্পর্কে আনন্দবাজার লিখিয়াছেন যে, "আক্রমণকারীরা" থানা বা পুলিসের কোন ক্ষতি সাধন করে নাই।

আসানসোলের হরতালের বিবরণ দান প্রসঙ্গে আনন্দবাজারের সংবাদদাতা লিখিয়াছেন :

"এক জায়গায় গুণ্ডা শ্রেণীর একদল লোক হরতাল বানচাল করার উদ্দেশ্যে লাঠি-সোটা ও লোহার ডাণ্ডা লইয়া পিকেটিংকারীদিগকে আক্রমণ করে এবং তাহাদের কয়েকজনকে গুরুতরভাবে জখম করে।"

শ্রীভূপেশ গুপ্ত এম. পি.'র অভিযোগের জবাবে ডাঃ রায় বলিয়াছেন যে, শ্রী গুপ্তর অভিযোগ "নির্ভেঞ্জাল মিখ্যা।" 'সত্যমেব জয়তু' সিলমারা সরকারি কাগজে লেখা অভিযোগগুলি সত্য, না সরকারের বিরুদ্ধে আমাদের অভিযোগগুলি সত্য সাধারণ মানুষ তাহা বিচার করিবেন।

(৬ই সেপ্টেম্বরের 'স্বাধীনতা' পত্রিকা হইতে)

## জ্ঞয়ের নব দিগন্ত

৩১শে আগস্ট হইতে ৩রা সেপ্টেম্বর—মাত্র এই চারদিনের মধ্যে পশ্চিম বাংলায় খাদ্যসংগ্রামে আশিটির অধিক মানুষ শহীদ হইয়াছেন। এইসব শহীদের রক্তে রঞ্জিত পশ্চিম বাংলায় জনসাধারণের খাদ্যসংগ্রামের তৃতীয় পর্যায়ের উদ্বোধন হইয়াছে।

পশ্চিমবংগ রাজ্যসরকার শান্তিপূর্ণ খাদ্যসংগ্রামকে রীতিমত সাম্রাজ্যবাদী পদ্ধতিতে রক্তের বন্যায় ডুবাইয়া দিবার চক্রান্ত করিয়াছিলেন। কুখ্যাত নিবর্তনমূপক আটক আইন, নিরাপন্তা আইন, ইত্যাদি প্রয়োগ করিয়া প্রথমেই দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির এবং বামপন্থী নেতৃবৃন্দকে ও শ্রেষ্ঠ সংগঠকদের নির্বিচারভাবে গ্রেপ্তার করা হয়। এইসব কাচ্চে সরকারের মতলব খুব স্পষ্ট ছিল: তাঁহারা চাহিয়াছিলেন আন্দোলনকে নেতৃত্বলীন করিয়া জনসাধারণকে ছত্রভঙ্গ করিয়া দিতে। কিন্তু তাঁহাদের সেই অপচেন্টা পরান্ত হয়। নির্দিষ্ট দিন হইতে প্রতিটি জেলায় নির্দিষ্ট কর্মসূচী অনুযায়ী শান্তিপূর্ণ সৃশৃত্বল সংগ্রাম অগ্রসর হইয়া চলে এবং সর্বত্র কার্যসূচীর প্রতিটি দফা বাস্তবে রূপায়িত করা হয়। জনসাধারণ আইন অমান্যের নৃতন নৃতন কার্যক্রম গ্রহণ করিয়া সংগ্রামকে করিয়া তোলেন আরও ব্যাপক আরও গভীর।

প্রাথমিক পরাজয়ে ক্ষিপ্ত সরকার পরাজয়ের প্লানি ঢাকিতে চাহিলেন রক্তাক্ত প্রতিশোধ গ্রহণ করিয়া। তাঁহারা ৩১শে আগস্ট ও তাহার পরের দিনগুলিতে যাহা কিছু অনুষ্ঠিত করিলেন, তাহা 'এদেশে বৃটিশ আমলের জালিয়ানওয়ালাবাগ ও রসিদ আলী দিবসের' স্মৃতিই সকলকে স্মরণ করাইয়া দেয়। কিন্তু এ সব সত্ত্বেও খাদ্য সংগ্রামের দৃঢ় সংকল্প তৃতীয় পর্যায়ের উদ্বোধন নবদিগন্তেরই সংকেত।

এবং দেশব্যাপী প্রবল গণ বিক্ষোভের মুখে আরও পরাজয়ের গ্লানি বহন করিয়া সরকারকে নতি স্বীকার করিতে হইয়াছে। কলিকাতা ও হাওড়া হইতে ১৪৪ ধারা প্রত্যাহার করিতে হইয়াছে, আটক আইন, নিরাপন্তা আইন ও বিভিন্ন ধারায় বন্দী ও ধৃত ও শান্তিপ্রাপ্ত আরও বহু বন্দীর মুক্তির আদেশ দিতে হইয়াছে। ওয়ারেন্ট ইত্যাদি প্রত্যাহার করিতে হইয়াছে।

কিন্তু সরকার এখনও হিংসাত্মক কাজে অভিযুক্ত ইত্যাদি বুলি আওড়াইয়া খাদ্য সংগ্রামের বছ বন্দীকে মুক্তি দিতে অস্বীকার করিতেছেন, তাঁহারা ৩১শে আগস্ট ও পরবর্তী দিনগুলিতে অনুষ্ঠিত পুলিসী দুষ্কৃতিগুলির প্রকাশ্য তদন্তে স্বীকৃত হন নাই।

সংশোধিত রেশনিংয়ের সম্প্রসারণ ও গ্রামাঞ্চলের জন্য তথাকথিত 'ক, খ, গ' শ্রেণী বিভাগের বিলোপ সাধন ও ৪ একরের কম জমিসম্পন্ন প্রত্যেকের জন্য সংশোধিত রেশনিংয়ের সুযোগ উন্মুক্ত রাখার কথা—

এইগুলি কিছুটা অগ্রগতি কিন্তু খাদ্য সংকটের স্থায়ী সমাধানের ব্যবস্থা কোনক্রমেই নহে। বিশেষভাবে আগামী ফসলের সময় খাদ্যসংগ্রহ করার এবং উহার সাফল্যের জন্য সর্বস্তরে জনগণের কমিটির সহযোগিতা গ্রহণের নীতি সম্পর্কে এখনও তাহারা আশ্চর্য নীরবতা বজায় রাখিয়াছেন।

দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির নেতৃবৃন্দের সঙ্গে মীমাংসা আলোচনায় বসিবার সদিচ্ছার কোন প্রকাশ নাই।

রাজ্যসরকার জনসাধারণের খাদ্য লইয়া সুদীর্ঘ এগার বৎসর কাল যে মিথ্যাচার চালাইয়া আসিয়াছেন তাহার ক্রেদাক্ত ইতিহাস মানুষের ভুলিবার কোন উপায় নাই।

## খাদ্য সংগ্রামের দাবি সমূহ

- (क) রাজ্যব্যাপী সর্বস্তরের মানুষকে ১৭.৫০ টাকা মণ দরে খাদ্যোপযোগী চাউল সরবরাহ করিতে হইবে।
- (খ) সংশোধিত রেশনিং ব্যবস্থা রাজ্যব্যাপী সম্প্রসারিত করিতে হইবে এবং সর্বস্তরের মানুষকে মাথাপিছু দেড় সের চাল ও ১ সের গম নিয়মিতভাবে সরবরাহ করিতে হইবে।
- (গ) খোলা বাজারে খুচরা দোকান মারফৎ পর্যাপ্ত পরিমাণে ও নিয়মিতভাবে ২০ ইইতে ২২ টাকা মণ দরে চাউল সরবরাহ করিতে হইবে।
  - (घ) চাউল কলগুলির উপর শতকরা ৫০ ভাগ লেভি বসাইতে হইবে।
  - (ঙ) রাজ্য হইতে সংগৃহীত পরিমাণ হিসাবে ৫ লক্ষ টন খাদ্য মজুত করিতে হইবে।
  - (চ) রাজ্যের ঘাটতি সম্পূর্ণভাবে কেন্দ্রীয় সাহায্যের মাধ্যমে পূরণ করিতে হইবে।
  - (ছ) টেস্ট রিলিফ ব্যাপকভাবে সপ্তাহব্যাপী মাথা পিছু দৈনিক দেড় টাকা হারে চালু করিতে হইবে।
  - (জ) খয়রাতি সাহায্য সমস্ত দুঃস্থ ব্যক্তিদের দিতে হইবে।
  - (ঝ) অবিলয়ে পর্যাপ্ত পরিমাণ কৃষি ঋণ বন্টন করিতে হইবে।
  - (ঞ) সর্বস্তরে সর্বদলীয় খাদ্য কমিটি গঠন করিতে হইবে।

- (ট) অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ ও স্থানীয় জনসাধারণের সহযোগিতায় মজুতদারীর বিরুদ্ধে তীব্র অভিযান চালাইতে হইবে। উদ্ধার প্রাপ্ত খাদ্যশস্য সন্তাদরে জনসাধারণের সহযোগিতায় বন্টন করিতে হইবে।
  - (ঠ) খাদ্যমন্ত্রী শ্রীপ্রফুল্ল সেনের অপসারণ চাই।
  - খাদ্য আন্দোলনে আটক সমস্ত রকম বন্দীদের মুক্তি চাই।
  - নিহত ও আহতদের উপযুক্ত ক্ষতিপুরণ চাই।
  - পুলিশ ও মিলিটারী কর্তৃক হত্যাকাণ্ডের ও জুলুমের প্রকাশ্য তদন্ত ও বিচার চাই।
  - নিখোঁজ ব্যক্তিগণের সন্ধান চাই।

তারিখ-১৫ই সেপ্টেম্বর, ১৯৫৯

পশ্চিমবংগ রাজ্য পরিষদ ভারতের কমিউনিষ্ট পার্টি

# শহীদ দিবস পালনের দৃষ্টিকোণ

[ গণশক্তি, ৩১শে আগস্ট ১৯৯৬]

৩১শে আগস্ট শহীদ দিবস। খাদ্য আন্দোলনের শহীদ দিবস। গণ-আন্দোলনের শহীদ দিবস। ১৯৫৯ সালের পরবর্তীকালে এ রাজ্যের বামপন্থী ও গণতান্ত্রিক আন্দোলনের প্রতিটি নেতা ও কর্মী গভীর নিষ্ঠা ও শ্রদ্ধার সঙ্গে শহীদ দিবসের কর্মসূচী পালন করে থাকেন। এছাড়াও রাজ্যের বিভিন্ন স্থানে বিভিন্ন সময়ে গণতান্ত্রিক আন্দোলনের বহু নেতা ও কর্মী নিহত হয়েছেন। নির্দিষ্ট দিনে সেই সমস্ত এলাকাতেও শহীদ দিবস পালিত হয়। আবার স্বাধীনতা আন্দোলনের বহু অগ্রণী নেতাও বিভিন্ন সময়ে শহীদের মৃত্যুবরণ করেছেন। যেমন ভগৎ সিং, ক্ষুদিরাম, গাদ্ধীজী প্রমুখ। এরা স্বাধীনতা আন্দোলন বা স্বাধীনভারতের অমর শহীদ। শহীদের মৃত্যুবরণ করেছেন ভারতের দুই প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গাদ্ধী ও রাজীব গাদ্ধী। স্বাধীনতা আন্দোলনের অমর শহীদ বা দেশনায়করা যারা শহীদ হয়েছেন তাঁরা ইতিহাসে চিরস্মরণীয় হয়ে আছেন এবং থাকবেন। এদের আত্মানের বিরাট মূল্য ও অবদানের কথা ভারতবাসী কোনদিনই ভুলবেন না। ইতিহাস প্রসিদ্ধ এই সমস্ত শহীদদের স্মরণ করার জন্য রাষ্ট্রীয় পর্যায়ে শহীদ দিবস পালিত হয় ৩০শে জানুয়ারি। ১৯৪৮ সালের ৩০শে জানুয়ারী গাদ্ধীজী আততায়ীর গুলিতে নিহত হন।

আমরা যখন গণ-আন্দোলনের শহীদদের কথা বলি, সেই শহীদদের প্রতি শ্রন্ধা জানাবার জন্য শহীদ দিবস পালন করে থাকি তখন সেই দিবসের বৈশিষ্ট্যটা ভিন্ন প্রকৃতির। বামপন্থী ও গণতান্ত্রিক আন্দোলনের শহীদেরা হলেন শ্রেণী-সংগ্রামের শহীদ, শোষণ-বঞ্চনার বিরুদ্ধে আন্দোলন করতে গিয়ে এঁরা সংগ্রামের ময়দানে শ্রেণী শত্রুদের হাতে সরাসরি নিহত হন। তাই এই সমস্ত শহীদকে যখন আমরা স্মরণ করি বা শহীদ দিবস পালনের মধ্য দিয়ে এঁদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করি বিষয়টি নিছক মামূলি বা আনুষ্ঠানিক ব্যাপার থাকে না।প্রতিটি শহীদের প্রতিটি রক্তবিন্দু আমাদের ভবিষ্যৎ ঐতিহাসিক কর্তব্য স্মরণ করিয়ে দেয়। বিশেষ করে কমিউনিষ্টদের কাছে শহীদ স্মরণের তাৎপর্য খুবই সুদুর প্রসারী। কেননা শ্রেণী-সংগ্রামের ময়দানে যাঁরা শহীদ হয়েছেন তাঁরা তাঁদের নিজ গুণ বা কর্মধারার মধ্য দিয়েই শ্রেণীশত্রুর কুনজরে পড়েছিলেন। এই সমস্ত শহীদদের অন্তরে ছিল অফুরন্ত শ্রেণী ঘূণা--্যে শ্রেণীর একমাত্র হাতিয়ার হলো, শোষণ ও বঞ্চনা। গণ-আন্দোলনের অমর শহীদেরা কোন ব্যক্তি স্বার্থের জন্য নয়, সামগ্রিকভাবে সমাজকে শোষণ, অত্যাচার ও বঞ্চনার কলুষমুক্ত করার কাজেই ব্রতী ছিলেন। শোষক-শ্রেণীর প্রতিভূ ও তাদের ঘাতক বাহিনীও এই বাস্তব সত্য সম্পর্কে সতর্ক, সজাগ ছিলো। তাই তাদের সামনে সহজ্ঞতম পথ ছিলো শ্রেণী-আন্দোলনের সৈনিকদের পৃথিবী থেকে সরিয়ে দেওয়া, তাদের হত্যা করা। শ্রেণী ও গণ-আন্দোলনের শহীদদের প্রতিটি জীবনদানের পিছনে রয়েছে এক একটি রাজনৈতিক শাসন ব্যবস্থার বিরুদ্ধে আন্দোলনের গৌরবোজ্জ্বল অধ্যায়। আবার এই সমস্ত জীবনদানের মধ্য দিয়েই যে রাজনৈতিক প্রেক্ষাপট সৃষ্টি হয়েছে সেই প্রেক্ষাপটে ইতিহাসে নতুন অধ্যায় সৃষ্টি হয়েছে। ১৯৫৯ সালের খাদ্য আন্দোলনের পরবর্তীকালে গণতান্ত্রিক আন্দোলনের শহীদ দিবস হিসাবে চিহ্নিত ৩১শে আগস্ট। ঐ বছরের আন্দোলন ছিল খাদ্যের দাবিতে আন্দোলন যে আন্দোলনে অংশগ্রহণ করতে গিয়ে ৮০ জন মানুষ পুলিসের লাঠির ঘায়ে জীবন বিসর্জন দেন। তার পরবর্তীকালে বিভিন্ন সময়ে ভিন্ন ভিন্ন রাজনৈতিক পরিবেশে আরও বহু সংখ্যক নরনারী শহীদের মৃত্যুবরণ করেছেন। এঁদের কেউ নিহত হয়েছেন ১৯৬৬-এর দুর্বার গণ-আন্দোলনের দিনগুলিতে, কেউ নিহত হয়েছেন ১৯৭১-৭২ সালের আধা-ফ্যাসিবাদী সন্ত্রাসের দিনগুলিতে, আবার কেউ বা নিহত হয়েছেন বামফ্রন্ট সরকারের আমলে সরকার রক্ষা ও জ্বনস্বার্থবাহী কর্মসচীবে বাস্তবায়িত করতে গিয়ে। তা হলে দেখা যাচ্ছে ভিন্ন ভিন্ন সময়ে, ভিন্ন ভিন্ন রাজনৈতিক পরিবেশে গণ-আন্দোলনের শহীদরা জীবন বিসর্জন দিয়েছেন। কিন্তু তাদের ঘাতকরা এক ও অভিন্ন : একই শ্রেণীস্বার্থের স্বার্থবাহী। ৩১শে আগস্ট আমরা

যে শহীদ দিবস পালন করি তা কেবল '৫৯-র ঐতিহাসিক খাদ্য আন্দোলনের দিনগুলি স্মরণ করার জন্য নয়—৩১শে আগস্টের তাৎপর্য হলো '৫৯-র পরবর্তীকালেও যাঁরা বিভিন্ন শ্রেণী আন্দোলনের ময়দানে বা গুপ্ত ঘাতকদের হাতে নিহত হয়েছেন তাঁদেরও স্মরণ করার দিন হলো এই দিনটি। গণ-আন্দোলনের শহীদ দিবসের ঐতিহাসিক তাৎপর্য যেমন আমরা কোন অবস্থাতেই খাটো করে দেখতে পারি না, ঠিক তেমনি এই দিনে আমরা আমাদের ভবিষ্যৎ কর্তব্যপথ সম্পর্কেও নীরব থাকতে পারি না। আজকের শহীদ দিবস মূলত পশ্চিমবংগের মাটিতেই উদযাপিত হয়ে থাকে। আর এই শহীদ দিবস পালন করার উদ্যোক্তা এ রাজ্যের বামপন্থী রাজনৈতিক দলগুলি। আজকের দিনে এটাও বাস্তব সত্যি দেশের খুবই ঘোরালো এবং কলচ্চিত রাজনৈতিক পরিমণ্ডলে বামপন্থী রাজনৈতিক দলগুলির বিশেষ করে কমিউনিষ্টদের উপর সব থেকে বেশি দায়-দায়িত্ব বর্তেছে। সব থেকে বড দায়িত্ব হলো রাজনীতি যেভাবে শ্রেণী-সংগ্রামের পথ ছেডে দুর্নীতির পঙ্কে নিমজ্জিত হচ্ছে তা থেকে কিভাবে তার গতিধারা ঘোরানো যায়। রাজনীতির মূলমন্ত্র নীতিনিষ্ঠতা। কিন্তু আজ নীতিভ্রষ্টতার নিয়ম নীতিগুলিই রাজনীতির নিয়মনীতিতে পরিণত করার চেষ্টা হচ্ছে। ধণিক ও বৃহৎ ভূস্বামীদের পরিচালিত রাজনৈতিক নেতারা এ কাজ শুরু করলেও এই নীতিভ্রষ্টতা আর কেবলমাত্র তাদের মধ্যে সীমাবদ্ধ নেই। এর প্রভাব সর্বগ্রাসী রূপ নিয়ে অন্যান্য রাজনৈতিক দলের নেতাদেরও গ্রাস করেছে। রাজনীতিতে নৈতিকতার মান নেমে যাচ্ছে। সমষ্টির স্বার্থের চেয়ে ব্যক্তিস্বার্থ বড় হয়ে পড়ছে। এ ধরনের প্রবণতা বিশেষ করে বামপন্থীদের কাছে এবং আরও বিশেষ করে কমিউনিষ্টদের কাছে খবই ভয়ঙ্কর। যাঁরা শহীদ হয়েছেন তাঁরা তাঁদের জীবন দিয়ে বিভিন্ন রাজনৈতিক দলের বিশেষ করে কমিউনিষ্ট পার্টির গণভিত্তি প্রসারিত করেছেন। যেহেত তাদের আত্মত্যাগের পিছনে কোন স্বার্থ ছিল না তাই যখনই কোন নেতা বা কর্মী শহীদ হয়েছেন তখনই সংশ্লিষ্ট এলাকার দলমত নির্বিশেষে সকলেই শহীদ পরিবারের পাশে সমবেত হয়েছেন। তাঁদের সকল ঘুণা কেন্দ্রীভূত হয়েছে ঘাতকদের বিরুদ্ধে। মানুষ বুঝতে পেরেছেন শোষক শ্রেণীর বীভৎসতা। শোষক শ্রেণীর প্রতি জনগণের বিশেষ করে গরিব জনগণের ঘূণা বামপন্থী তথা কমিউনিষ্ট পার্টির অগ্রগতিতে বিশেষ সাহায্য করেছে। মানুষ অন্তর দিয়ে কমিউনিষ্ট পার্টিকে ভালোবেসেছেন। তাঁরা এই পার্টিকে একান্ত নিজের পার্টি হিসেবে গণ্য করেছেন। এভাবেই কমিউনিষ্ট পার্টির জনগণের সঙ্গে নাডীর সম্পর্ক স্থাপিত হয়েছে। আমরা যখন গণ-আন্দোলন বা শ্রেণী আন্দোলনের অমর শহীদদের স্মরণ করি তখন আমাদের অবশাই প্রাথমিক ও প্রধান কাজ হবে যাঁদের রক্তের বিনিময়ে প্রাণের বিনিময়ে মানুষের সঙ্গে পার্টির নাডীর সম্পর্ক স্থাপিত হয়েছে. সেই সম্পর্ককে কিভাবে রক্ষা করা যায়. সেই সম্পর্ককে কিভাবে আরও দঢ় করা যায়। আমরা যখন রাজনীতিতে নৈতিকতার কথা বলি তখন এটাই বঝি যে সাধারণ মানুষের ভালো-মন্দের সঙ্গে পার্টি তথা পার্টিকর্মীরা কতটা যুক্ত, সাধারণ মানুষের স্বার্থে পার্টি কী করছে বা কী করতে পারছে না। পার্টির সঙ্গে মানুষের নিবিড সম্পর্কই কমিউনিষ্ট পার্টির নৈতিকতার মাপকাঠি। কোন নীতহীন মানষ কখনোই জনগণের সঙ্গে স্থায়ী ও বন্ধত্বপূর্ণ সম্পর্ক বজায় রাখতে পারে না। আবার এই পারস্পরিক সম্পর্কে চিড ধরা বা মানুষের সঙ্গে দৈনন্দিন জীবনযাত্রায় ও কাজকর্মে বৈরিতা সৃষ্টি হওয়ার মধ্য দিয়েই পার্টি বিচ্ছিন্ন হয়ে পডে। কোন ব্যক্তিকেন্দ্রিক বা সুবিধাবাদী মনোভাব কখনই পার্টির পরিধির মধ্যে সাধারণ মানুষকে সমবেত করতে পারে না। সাধারণ মানুষও পার্টিকে নিজের পার্টি বলে মনে করতে পারেন না। নীতি বিবর্জিতভাবে শত রাজনীতি দিয়েও মানুষকে পার্টির মঞ্চে সমবেত করা যায় না। আর মানুষ যদি আন্তরিক ও স্বতঃপ্রণোদিতভাবে রাজনৈতিক কর্মকান্ডে অংশগ্রহণ না করেন তবে শ্রেণী-সংগ্রামও বিস্তার লাভ করতে পারে না। অথচ কোন বিপ্লবী পার্টির বাঁচার গ্যারান্টি বাঁচার পথ হল শ্রেণী-সংগ্রামের পথ। এই পথ ছাড়া অন্য বিকল্প পথ নেই। আমরা যেমন শহীদ দিবস পালন করি, বুর্জোয়ারাও নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে শহীদ দিবস পালন করে থাকে। ধণিক শ্রেণীর প্রতিনিধিরা শহীদ দিবসে ব্যক্তির প্রশংসার ওপর বেশী জ্বোর দেয়। তাঁদের কাছে অনেক সময়ই আদর্শ থেকে ব্যক্তি বড় হয়ে পড়ে। ফলে শহীদ দিবসের কর্মসূচী ব্যক্তির গুণ কীর্তনে ভরপুর থাকে। আমরা অন্য ক্ষেত্রের মতো এক্ষেত্রেও ব্যক্তির চেয়ে আদর্শকেই বেশী প্রাধান্য দিয়ে থাকি। এখানেই শহীদ দিবস পালনের প্রশ্নে বুর্জোয়াদের সাথে আমাদের দৃষ্টিকোণগত পার্থক্য। আর সে কারণেই শহীদ দিবসটা আমাদের কাছে, কমিউনিষ্টদের কাছে কোন মামূলি অনুষ্ঠানের দিন নয়। আমাদের কাছে শহীদ দিবস হল আদর্শ প্রচারের দিন—যে আদর্শের জন্য শত শত নরনারী জীবন বিসর্জন দিয়েছেন। আমরা শহীদ দিবস পালন করি শপথ নেবার দিন হিসাবে। যে শপথের মর্মকথা হল সাধারণ মানুষের ব্যথা-বেদনার সঙ্গে পার্টিকে নিবিড্ভাবে যুক্ত করা।

# অভূতপূর্ব আন্দোলন, নজিরবিহীন আক্রমণ

[গণশক্তি, ৩১ আগস্ট, ১৯৯৬]

আজ থেকে ৩৭ বছর আগে ১৯৫৯ সালের ৩১শে আগস্ট খাদ্যের দাবিতে লক্ষ্ণ লক্ষ্ণ মানুষ কলকাতা মহানগরীর প্রাণকেন্দ্রে ভূখা মিছিলে শামিল হয়েছিলেন। মিছিলে মানুষের প্রধান দাবি ছিল 'খাদ্য চাই—খাদ্য দাও নইলে গদি ছেড়ে দাও', 'পশ্চিমবাংলায় নতুন কর দুর্ভিক্ষ তৈরি করা চলবে না' ইত্যাদি। কিন্তু তৎকালীন কংগ্রেস সরকার সুবিশাল ভূখা মিছিলে মানুষের খাদ্যের দাবিতে ন্যায্য গণতান্ত্রিক আন্দোলনকে লাঠি-টিয়ার গ্যাসের মাধ্যমে দমন-পীড়নের এক অভিনব কৌশল নিয়ে নিরন্ত্র-নিরীহ মানুষকে খুন করে এক সর্বকালীন রেকর্ড তৈরি করে। এই ঐতিহাসিক খাদ্য আন্দোলনে অংশগ্রহণকারীদের মধ্য থেকে ৮০ জনকে খুব ঠাণ্ডা মাথায় খুন করা হয়। এটা সরকারি রিপোর্ট অনুযায়ী, বে-সরকারি রিপোর্ট ১০০ জনের ওপরে খুন হয়েছিলেন।

কেন এই খাদ্য আন্দোলন? ১৯৫৬ সালে প্রলয়ঙ্কর বন্যায় পশ্চিমবাংলার বিভিন্ন জেলার মানুষ সর্বস্বান্ত হয়েছিলেন, বহু মানুষের প্রাণহানি ঘটেছিল। ১৯৫৭ সালে রাজ্যে ব্যাপক খাদ্য সংকট দেখা দেয়। '৫৭ সালের ৬ই ডিসেম্বর পশ্চিমবংগ বিধানসভায় রাজ্যের তৎকালীন খাদ্যমন্ত্রী কংগ্রেসী নেতা প্রফুল চন্দ্র সেন ঘোষণা করেছিলেন যে, খাদ্যের ঘাটতির পরিমাণ প্রায় ১২ লক্ষ টন। কিন্তু এই প্রফল্ল সেন একসময় আত্মন্তরিতার সঙ্গে বলেছিলেন— খাদ্যের উৎপাদন ব্যাপক বেডেছে. ফলে খাদ্যের আর ঘাটতি থাকবে না। আবার ৬ই ডিসেম্বর '৫৭, বিধানসভায় বিবৃতি দেওয়ার সময় উল্লেখ করেছিলেন যে, রাজ্যের কৃষি ব্যবস্থা প্রকৃতির খেয়ালখুশির উপর সম্পূর্ণ নির্ভরশীল। বিষয়টা যেন এমন, সরকার কি করবে? এই ধরনের উক্তির এবং সরকারের দায়িত্বজ্ঞানহীন নীতির ফলে ধান-চালের মজুতদার এবং ফটাকাবাজদের পৌষ মাস এবং মানুষের সর্বনাশ দেখা দেয়। রাজ্যের সর্বত্র খাদ্য সংকট তীব্র থেকে তীব্রতর হতে শুরু করে। তৎকালীন সময়ে যুক্ত কমিউনিষ্ট পার্টির পক্ষ থেকে (ক) কেন্দ্রীয় সরকারের সাহায্যে ঘাটতি পুরণের জন্য রাজ্যের বাইরে থেকে খাদ্য আমদানি করা ; (খ) কৃষক যে ধান-চাল বিক্রি করেন, তা যাতে মজুতদারের মুনাফা করতে গুদামজাত হয়ে আরও বেশি কৃত্রিম খাদ্যাভাব সৃষ্টি না করে এক পর্যাপ্ত অংশ যাতে নিয়ন্ত্রিত মূল্যে বিক্রির জন্য সরকারের হাত আসে, তার জন্য সরকার কর্তৃক ন্যাযামূল্যে রাজ্যের অভ্যন্তর থেকে সংগ্রহ করা; (গ) এইভাবে তৈরি খাদ্যভাগুরের সাহায্যে নিয়মিত খাদ্য সরবরাহের ব্যবস্থা করা, যা থেকে জনগণের চাহিদার একাংশ মেটানো যায়, সঙ্গে সঙ্গে প্রকাশ্য বাজারের দরকে নিয়ন্ত্রিত করা যায় ও ফাটকাবাজি প্রবৃত্তিকে দমন করা যায়। পার্টির পরিষ্কার বক্তব্য ছিল, একমাত্র উপরোক্ত পথেই খাদ্য সংকট সুরাহা করা সম্ভব। কিন্ত তৎকালীন কংগ্রেস সরকার জনগণের স্বার্থে খাদ্যসমস্যার সমাধানের পথে না গিয়ে মজ্বতদার-ফাটকাবাজ্বদের স্বার্থে খাদ্যনীতি পরিচালনা করতে থাকে। ফলশ্রুতিতে ১৯৫৮ সালে পশ্চিমবাংলা এক ভয়ঙ্কর বিপর্যয়ের সম্মুখীন হয়। যুক্ত কমিউনিষ্ট পার্টি তৎকালীন সময়ে এক পুস্তিকায় উল্লেখ করেছিল যে, "সরকারের নীতি শুধু এই সংকট সৃষ্টির জন্য দায়ী নয়, এতবড় সংকটের মুখেও তার পুরনো নীতি আঁকড়ে থাকা, তার আত্মসদ্ভষ্টি ও সঠিক ব্যবস্থা গ্রহণে অনিচ্ছা, তার আত্মন্তরিতা ও সকলের সহযোগিতায় সমস্যা সমাধানে অস্বীকৃতি বিপদকে বাড়িয়ে তুলেছে, সংকট প্রতিরোধের পথে বাধা সৃষ্টি করছে। কিন্তু বাংলার মানুষ একে অবশ্যম্ভাবী বলে মেনে নিতে পারে না। দৃঢ় প্রতিজ্ঞা ও আত্মবিশ্বাস নিয়ে সংকট প্রতিরোধের দায়িত্ব তার নিজের কাঁধে তুলে নিতে হবে। খাদ্য সমস্যার স্থায়ী এবং আশু সমাধানে এই উভয়বিধ দাবি নিয়েই সর্বসাধারণকে এগিয়ে আসতে হবে এক শক্তিশালী গণআন্দোলনে। কোনো বিশেষ দল বা বিশেষ সংগঠনের নিজস্ব একক শক্তি দ্বারা এ সমস্যার সমাধান হতে পারে না। শহরে এবং গ্রামে সর্বত্রই এজন্য বিপুল জনসমাবেশ ও ঐক্যবদ্ধ অভিযান সৃষ্টি করতে হবে। এ অভিযান হবে জাতীয় জীবনের এক বৃহৎ বিপর্যয় প্রতিরোধ করার

সংগ্রাম। সরকারের নীতির পরিবর্তন সাধন দ্বারা তাকে দিয়ে উপযুক্ত খাদ্যনীতি অনুসরণ করাবার জন্য জনগণের সর্বশক্তি প্রয়োগ করতে হবে, নতুবা মহাসংকটের শিকার হবে অগণিত নরনারী।" এই বক্তব্যকে সামনে রেখেই ১৯৫৮ সালে রাজ্যের সর্বত্র অসংখ্য আন্দোলন সংগঠিত হয়। কলকাতায় কেন্দ্রীয়ভাবে আইন অমান্য আন্দোলনে অংশগ্রহণ করে হাজার হাজার মানুষ কারাবরণ করেন। কিন্তু সরকার তার খাদ্যনীতির পরিবর্তন না করায় বছর বছর খাদ্যসংকট প্রকট হতেই থাকে। ফলে পার্টিকেও প্রতিনিয়ত রাজ্যব্যাপী গণ-আন্দোলন সৃষ্টি করা ও জনগণের নিজস্বসৃষ্টিশক্তি জাগ্রত করে সংকট সমাধানের প্রধান শক্তি হিসাবে ঘোষণা করতে হয়।

খাদ্য সংকট অব্যাহত থাকায় ১৯৫৯ সালের ফেব্রুরারী মাস থেকে যুক্ত পার্টি সরকারি খাদ্যনীতির দাবিতে জনগণকে অবহিত করে ও সরকার সমীপে দাবিপত্র পেশ করে। ১৯৫৯ সালের ১৬ই ফেব্রুরারী যুক্তপার্টি এক বিবৃতিতে উল্লেখ করেছিল ".....আমরা মনে করি এখনও সময় আছে। এখনও সর্বনাশ ঠেকানো যায়, কারণ, বাজারে বিক্রয়যোগ্য উত্বন্থ ধানচাল এখনো পুরোপুরি বড় বড় মিল মালিকদের, পাইকার ও মজুতদারদের হাতে চলিয়া যায় আই।(১) ৫ লক্ষ টন মজুত; (২) কেন্দ্র হইতে সম্পূর্ণ ঘাটতি পুরণ; (৩) সর্বত্র ন্যায্যমূল্যে দোকান ও দোকান মারফত খাইবার যোগ্য চাল সরবরাহ; (৪) খুচরা বিক্রেতাদের জন্য চাউলের ব্যবস্থা; (৫) মিল মালিক ও পাইকারদের খুচরা বিক্রয় লাইসেন্স বাতিল এবং তাহাদের খুচরা দোকানদারদের চাউল সরবরাহ করিতে বাধ্য করা। এই ব্যবস্থাগুলি অবিলম্বে গ্রহণ করা হউক।" বিধানসভার অভ্যন্তরে ও বাইরে মানুষের সমাবেশে খাদ্য সমস্যার বাস্তব সমাধান করতে সঠিক কৃষিনীতি ও খাদ্যনীতি গ্রহণ করার উপর গুরুত্ব আরোপ করলেও সরকার কর্ণপাত করেনি। তাই ১৯৫৯ সালে বিভিন্ন রাজনৈতিক দল ও গণসংগঠনের নেতৃত্বে গঠিত দ্রব্যমূল্য বৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির নেতৃত্বে দুই পর্যায়ে রাজ্যের সর্বত্র আন্দোলনসংগ্রাম সংগঠিত করার প্রস্তুতি চলতে থাকে। প্রথম পর্যায় ১৪ই জুলাই থেকে ২০শে আগস্ট জেলার কোর্ট ও স্থানীয় সরকারি অফিসে শান্তিপূর্ণভাবে আইন অমান্য আন্দোলন এবং দ্বিতীয় পর্যায়ে ২০শে আগস্ট থেকে ৩১শে আগস্ট কলকাতা–সহ সমস্ত জেলা শহরগুলিতে যুগপৎ কেন্দ্রীয় গণ-অভিযান, জেলাগুলোর সদর আদালতে আইন অমান্য এবং কলকাতায় রাজ্য সরকারের সদর দপ্তর অভিমুখে গণ-মিছিল ও কয়েকটি দলে আইন অমান্য কর্মসূচী। এবং পরিশেষে ৩রা সেপ্টেম্বর রাজ্যব্যাপী সাধারণ ধর্মঘট ও হরতাল। এই ছিল ১৯৫৯ সালের খাদ্য আন্দোলনের নির্দিষ্ট গণতান্ত্রিক কর্মসূচী।

১৪ই জুলাই থেকে ২০শে আগস্ট—এই সময়ের মধ্যে কয়েকটি জেলায় ১৬৩১ জন স্বেচ্ছাসেবক আইন আমান্য করার জন্য গ্রেপ্তার হন। কয়েকটি জেলা ৩১শে আগস্ট কলকাতায় কেন্দ্রীয় সমাবেশ ও ভূখা মিছিলের দিনে জেলাসদরে ও অন্যত্র সমাবেশ ও মিছিল সংগঠিত করেছিল। যেমন, মেদিনীপুর জেলা সদরে, তমলুকে ও ঘাটালে, বর্ধমান, মুর্শিদাবাদ ও কোচবিহার সদরে এবং তৎকালীন পশ্চিম দিনাজপুরের গঙ্গারামপুরে শান্তিপূর্ণ মিছিলের উপর পুলিসের নির্মম অত্যাচার নেমে এসেছিল। ৩১শে আগস্ট কলকাতার মনুমেন্ট ময়দানে প্রায় ৩ লক্ষ মানুষের সমাবেশ হয়। স্বন্ধ সময়ব্যাপী সভার কাজ শেষ করে দ্রব্যমূল্য বৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির ফেস্টুন সামনে রেখে প্রায় লক্ষাধিক মানুষের দৃপ্ত মিছিল রাণী রাসমণি রোড ছাড়িয়ে কার্জন পার্ক ডান হাতে রেখে ১৪৪ ধারার এলাকার সামনে গিয়ে হাজির হয়। উল্লেখ্য, ঐ সময়ে গ্রেট ইস্টার্ন হোটেলের দক্ষিণ দিক এবং রাজভবনের উত্তর গেটে যাওয়ার রাস্তার মুখ পর্যন্ত এলাকায় ১৪৪ ধারা বলবৎ থাকতো, এখনকার মতো সিদো-কানছ ডহরে যেখানে ১৪৪ ধারা বলবৎ আছে, তা তখন ছিল না।

প্রথম পর্যায়ে জেলায় জেলায় ১৪ই জুলাই থেকে ২০শে আগস্টের আন্দোলনে ব্যাপক মানুষের অংশগ্রহণের ও 'দ্রব্যমূল্য বৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কর'—এই স্লোগানে আকাশ-বাতাস কাঁপিয়ে আলোড়ন তোলায় মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় ১৫ই আগস্ট এক বিবৃতির মাধ্যমে প্রতিরোধ কমিটির দাবিসমূহের জবাব দেন। ডাঃ রায়ের ঐ জবাব দরবৃদ্ধি রোধ ও খাদ্যসমস্যা সমাধানের কোনো ইঙ্গিত দিতে না পারায় অগ্নিতে ঘৃতাছতি হয়। ফলে দ্বিতীয় পর্যায়ের আন্দোলনে নতুন গতি লাভ করে। এমনকি প্রথম পর্যায়ের শেষদিকেই মানুষ বৃঝতে পারেন, সরকার কোনো ব্যস্তবসম্মত ব্যবস্থা গ্রহণ করতে চাইছে না। তাই সব স্তরে আন্দোলনে সমাজের বিভিন্ন স্তরের মানুষের অংশগ্রহণ বাড়তে থাকে এবং আন্দোলন ভিন্ন মাত্রা পায়। ৩১শে-র প্রায় লক্ষাধিক মানুষের মিছিল যখন ১৪৪ ধারার সীমানায় উপস্থিত হয় দফায় দফায় আইন অমান্য করার উদ্দেশ্যে, তার মেজাজ ছিল একেবারে তুঙ্গে। দীর্ঘ সময় ধরে স্লোগানে স্লোগানে মুখরিত করে শান্তিপূর্ণ মিছিল এক বিরাট পুলিস বাহিনী কর্ডনের সামনে অবস্থান করতে থাকে। সন্ধ্যা ৭টা নাগাদ নেতৃত্বের প্রথম ব্যাচ আইন অমান্য

করে গ্রেপ্তার বরণ করেন। পূলিস বাহিনী প্রথম ব্যাচ গ্রেপ্তার করার সঙ্গে সঙ্গে মুহর্মুছ টিয়ার গ্যাস শেলিং ও বেপরোয়া লাঠিচার্জ শুরু করে। উল্লেখ্য, ঐ মিছিলে অংশগ্রহনকারী কোনো মানুব যাতে কোনো গলি বা অন্য রাস্তা দিয়ে চলে যেতে না পারে, তা আগেই পুলিস সিল করে রাখে। মানুষ এসেছিলেন বিভিন্ন জেলা থেকে। তাঁরা সকলে কলকাতার রাস্তাঘাট, অন্সিগলি চিনতেন না। সেই সুযোগকেও ব্যবহার করেছিল অত্যাচারী পুলিসবাহিনী। এত ব্যাপক টিয়ার গ্যাস শেলিং আমি নিজে কখনো প্রত্যক্ষ করিনি বা কোনো আন্দোলনের নেতৃত্বের কাছে শুনিনি। ফলে নিরন্ত্র মানুষ ছত্রভঙ্গ হয়ে কোথাও সরে যাওয়ার সুযোগ না পেয়ে বার বার পুলিসের লাঠিচার্জের শিকার হয়েছে এবং টিয়ার গ্যাসের জ্বালায় চোখে দেখতে না পাওয়ায় পুলিস নরমেধ যজ্ঞ করেছে। অনেকে রাস্তায় বা কার্জন পার্কের ভিতরে গুরুতর আহত অবস্থায় কাতরাচ্ছে বা গোঙাচ্ছে, আর পুলিস এই সুযোগে তাদের মাথায় লাঠির বাড়ি মেরে খুন করেছে—এইভাবেই শতাধিক মানুষকে শুধু টিয়ার গ্যাস ও লাঠি ব্যবহার করে খুন করা হয়েছে। মুখ্যমন্ত্রী ডাঃ রায় ৮০ জনের মৃত্যুর কথা স্বীকার করেছেন, কিন্তু বেসরকারি হিসাবে শতাধিক। যাদের দেহ গঙ্গায় ভাসিয়ে দেওয়া হয়েছে। আমার জানা আন্দোলন সংগ্রামের ইতিহাস থেকে এই ধরনের ঘটনার নজির নেই। সেই সময় আমরা জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডের সঙ্গে তুলনা করেছিলাম—তাও করা যায় না। কারণ, জালিয়ানওয়ালাবাগে নৃশংস হত্যাকাণ্ড সংগঠিত করা হয়েছিল বন্দুক আর রাইফেলে বা পরবর্তী সময়ের দক্ষিণ আফ্রিকার সোয়েটোর বর্ণবিদ্বেষী জঘন্য হত্যাকাণ্ড সংগঠিত হয়েছে পিস্তল ও রাইফেলে। কিন্তু ১৯৫৯ সালে ৩১শে আগস্ট রাজ্যের তৎকালীন কংগ্রেস সরকার ঠাণ্ডা মাথায় সিদ্ধান্ত গ্রহণ করে যে জঘন্য নরমেধ যজ্ঞ সংগঠিত করেছিল, তা শুধু টিয়ার গ্যাস ও লাঠির আঘাতে। শুধু লাঠির আঘাতে এতগুলি খাদ্যের দাবিতে আসা শান্তিপূর্ণ মানুষকে হত্যা করার ঘটনা ইতিহাসে বিরল—সম্ভবত নেই।

দুই পর্যায়ের খাদ্য আন্দোলনে অংশগ্রহণ করে যারা খাদ্য চেয়েছিলেন এবং ৩১শে আগস্টের কলকাতার মিছিলে অংশগ্রহণ করেছিলেন, তাঁদের মধ্যে মোট গ্রেপ্তার হয়েছিলেন ২১ হাজার, মোট আহত হয়েছিলেন ৩ হাজার, মোট নির্থোজ হয়েছিলেন ১০০ জন এবং মোট নিহত হয়েছিলেন ৮০ জন। এই ঘটনার প্রতিবাদে ১লা সেপ্টেম্বর রাজ্যব্যাপী ছাত্র বিক্ষোভ ও প্রতিবাদ সভা সংগঠিত হয়। কলকাতায় ডাঃ বিধানচন্দ্র রায়ের বাড়ির সামনে দিয়ে এক দুপ্ত প্রতিবাদ মিছিল অগ্রসর হতে থাকলে পুলিস অতর্কিতে লাঠিচার্জ-টিয়ার গ্যাস শেলিং এবং গুলি চালিয়ে মিছিলকে ছত্রভঙ্গ করে ও প্রায় ১ হাজার ছাত্রকে আহত করে এবং ৭ জন ছাত্রকে খুন করে। এসব ঘটনা একমাত্র কংগ্রেস রাজত্বেই সম্ভবপর ছিল। এর প্রতিবাদে ২রা সেপ্টেম্বর পুনরায় ছাত্র বিক্ষোভ ও হরতাল পালিত হয় এবং ৩রা সেপ্টেম্বর রাজ্যব্যাপী সর্বত্র সর্বাঘ্মক হরতাল-ধর্মঘট পালিত হয়। এখন যারা কংগ্রেস করেন বা বামপন্থী আন্দোলনে যুক্ত আছেন কিন্তু সেই সময় জন্মগ্রহণ করেননি বা নেহাত বালক ছিলেন, বান্তব কারণেই পঞ্চাশের/ষাটের দশকের কংগ্রেস রাজত্বের জনগণের উপরে পুলিস ও প্রশাসনের জম্বন্য চণ্ডনীতির ও দমন-পীড়নের প্রত্যক্ষ অভিজ্ঞতা নেই। প্রত্যক্ষ অভিজ্ঞতা থাকা-না-থাকার উপর তৎকালীন কংগ্রেস সরকারের জনস্বার্থ-বিরোধী নীতি উপলব্ধি করার বিষয়টি নির্ভরশীল হওয়া উচিত নয়। ১৯৫৯ সালের ৩১শে আগস্টের ঐতিহাসিক খাদ্য আন্দোলন এবং পরের দিন ছাত্র বিক্ষোভ ও আন্দোলনে অংশগ্রহণ করে যাঁরা শহীদের মৃত্যুবরণ করেছেন, তাঁরা আমাদের সকলের আত্মীয়। তাই লক্ষ্য করেছি, ৮ই সেপ্টেম্বর ছাত্রসমাজ কর্তৃক শহীদ দিবস উদ্যাপন করতে গিয়ে यामवপুর বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে ছাত্র-শিক্ষক-কর্মচারী সমাবেশে উপাচার্য ড. ত্রিগুণা সেনের কৃষ্ণপতাকা উদ্যোলনের পর দু মিনিট নীরবতা পালনের ঘটনা বা বঙ্গবাসী কলেজের অভ্যন্তরে অধ্যক্ষ প্রশান্ত বসুর শহীদবেদীতে মাল্যদান ও নীরবতা পালন। এরকম অনেক ঘটনা আছে যেখানে শ্রমিক-কৃষক শিক্ষক-কর্মচারী-ছাত্র-যুব-মহিলা-বুদ্ধিজ্ঞীবীদের ঐতিহাসিক খাদ্য আন্দোলনের স্মরণে শ্রন্ধা প্রদর্শনের ঘটনাবছল কাহিনী। ১০ই সেপ্টেম্বর কলকাতার বুকে সুবিশাল মৌন মিছিল বেরোয়। তাই ১৯৯৬ সালেও আমরা খাদ্য আন্দোলনের অমর শহীদদের স্মরণ করি আর প্রতিজ্ঞা গ্রহণ করি তাঁদের জীবনদান रयन वृथा ना হয়। थामा जात्मानतन जमत महीम जमत तरह।

# স্মরণ করি গণতান্ত্রিক আন্দোলনের অমর শহীদদের

[গণশক্তি, ৩১ আগস্ট, ১৯৯৬]

#### নারায়ণ দত্ত

আজ ৩১শে আগস্ট। গণতান্ত্রিক আন্দোলনের শহীদদের স্মরণ দিবস। গণতান্ত্রিক আন্দোলনে নিহত অমর শহীদদের প্রতি অন্তরের শ্রদ্ধা জানাবার দিন এই ৩১শে আগস্ট। পশ্চিমবাংলার রাজনৈতিক দিনপঞ্জীতে এই দিনটি তাই বিশেষভাবে স্মরণীয় হয়ে আছে। ১৯৫৯ সালের খাদ্য আন্দোলনের পর থেকে প্রতিবছর ৩১শে আগস্ট পশ্চিমবাংলায় শহীদ দিবস হিসাবে পালিত হয়। পশ্চিমবাংলার মানুষ, কংগ্রেস-বিরোধী বামপন্থী দল ও গণ-সংগঠনগুলি এই দিনটি শহীদ দিবস হিসেবে পালন করে থাকেন। সর্বত্র তৈরি করা হয় শহীদবেদী, মালা ও পুষ্পার্ঘ্য অর্পণ করে তাঁরা শহীদদের প্রতি প্রাণঢালা শ্রদ্ধা নিবেদন করেন। ৩১শে আগস্ট দিনটি খাদ্য আন্দোলনের শহীদ স্মরণ-দিবস হলেও স্বাধীনতার পর থেকে রাজ্যে গণতান্ত্রিক আন্দোলনে যাঁরা প্রাণ দিয়েছেন সামগ্রিকভাবে তাঁদের উদ্দেশে শ্রদ্ধা জানাতেই এই দিনটি শহীদ দিবস হিসেবে পালিত হয়ে থাকে। '৫৯ সালের খাদ্য আন্দোলনের ব্যাপকতা ও বিশালতা ৩১শে আগস্টের এই দিনটিকে ইতিহাসের পাতায় গৌরবময় অধ্যায় হিসেবে স্থান করে দিয়েছে। বুডুক্ষু মানুষ নিজেদের প্রাণ উৎসর্গ করে ইতিহাসের এই অধ্যায় রচনা করেছেন। ৩১শে আগস্ট দিনটির তাৎপর্য এখানেই। গণ-আন্দোলনের পবিত্রতম এই দিনটিতেই তাই স্মরণ করা হয় শত-সহস্র শহীদের উজ্জ্বল অবদান, যে অবদান তাঁদের অমর করে রেখেছে এ-রাজ্যের সংগ্রামী মানুবের মনের মণিকোঠায়।

১৯৫৯ সালের ৩১শে আগস্ট খাদ্য ও নিত্যপ্রয়োজনীয় দ্রব্য ন্যায্যমূলে সরবরাহ ও মূল্যবৃদ্ধি রোধের দাবিতে কলকাতা মহানগরীতে লক্ষ লক্ষ মানুষ বিক্ষোভ জানাতে আসেন রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে। তৎকালীন কংগ্রেসী সরকার নিরস্ত্র শান্তিপূর্ণ বিক্ষোভকারী মানুষকে নির্মম, নৃশংস ও বর্বরভাবে লাঠিপেটা করে তাঁদের ৮০ জনকে হত্যা করে। সংবাদত্তে প্রকাশিত সেদিনের ঘটনার বিবরণ কিছুটা এখানে তুলে ধরা বোধ হয় অপ্রাসঙ্গিক হবে না। কারণ এই বিবরণ থেকেই বোঝা যাবে সেদিন কংগ্রেস সরকারের পুলিশ কীরকম হিংস্থ নারকীয় কায়দায় ঝাঁপিয়ে পড়েছিল মহানগরীতে খাদ্য চাইতে আসা নরনারীর উপর।

"৩১শে আগস্ট মহানগরী কলকাতার রাজপথে জনতার উত্তাল জোয়ার। পশ্চিমবঙ্গ মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি ময়দানে মনুমেন্টের পাদদেশে (বর্তমান শহীদ মিনার ময়দানে) সমাবেশের ডাক দিয়েছে। সমাবেশের পর একটি সুবিশাল গণমিছিল যাবে মহাকরণের দিকে। মিছিল থেকে লক্ষ কণ্ঠে সরকারকে জানিয়ে দেওয়া হবেঃ "খাদ্য চাই, খাদ্য দাও। নইলে গদি ছেড়ে দাও।"এদিন কলকাতায় ছোট ছোট দলে বিভক্ত হয়ে আইন অমান্য আন্দোলনের কর্মসূচীও ছিল। মনুমেন্ট ময়দানের সমাবেশ ছিল খুবই স্বন্ধকালীন। বক্তারা একে একে আন্দোলনের তাৎপর্য ব্যাখ্যা করলেন। ঘোষণা করা হলো সেদিনের কর্মসূচী। নেতারা সাবধানবাণী উচ্চারণ করলেনঃ কংগ্রেস সরকার প্ররোচনার কুশলী জাল ছড়িয়ে রেখেছে গোটা শহরে। পা ফেলতে হবে খুব সাবধানে। এরপর শুরু হলো মিছিল। মনুমেন্ট ময়দান থেকে মিছিল এলো এসপ্লানেড ইস্টে।রাজভবনের দিকে তখন পর পর অনেক পুলিস বেষ্টনী।মিছিলের মুখ তখন ১৪৪ ধারার অনেক বাইরে। পুলিস বাহিনী এগিয়ে এসে মিছিলের পথরোধ করে দাঁড়ায়। এসপ্লানেড ইস্ট তখন জনসমুদ্র। গোটা ময়দান এলাকা পুলিস দিয়ে, অষ্টেপৃষ্টে ঘেরা। লাঠিধারী পুলিস তো ছিলই, সঙ্গে ছিল টিয়ার গ্যাস স্বোয়াড, রাইফেলধারী পুলিস, সাদা পোশাকের পুলিস। গোটা ময়দান এলাকা তখন যেন বিরাট একটা যুদ্ধক্ষেত্র।

"সন্ধ্যে ৭-২৫ মিনিট। হঠাৎ সামনের দিকের স্বেচ্ছাসেবকদের একটি দল পুলিস বেষ্টনী ভেদ করে আইন অমান্য করেন। সঙ্গে সঙ্গে বিরাট পুলিস বাহিনী হিংস্র নেকড়ের মতো ঝাঁপিয়ে পড়ে নিরস্ত্র শান্তিপূর্ণ সেই জনতার উপর। তারপর শুরু হয়ে যায় নারকীয় জঘন্য লাঠিচার্জ। সঙ্গে ফাটতে থাকে টিয়ার গ্যাসের সেল। স্তত্তিত হতচকিত মানুষ পালাবার পথ পায় না। সব পথই পুলিস বন্ধ করে দিয়েছে। ময়দানের লোহার বেড়া টপকে যারা প্রাণ ভয়ে কার্জন পার্কে আশ্রয় নিয়েছিল তারাও শিকার হলো পুলিসী হানার। ছোট একটা জায়গায় বেরিয়ে যাবার সব পথ বন্ধ করে যে অমানুষিক লাঠিচার্জ হলো তার কোন নজির ইতিহাসে নেই। স্বাধীন ভারতে কংগ্রেস সরকারের পুলিস শুধু লাঠিপেটা করে কয়েক মিনিটের মধ্যে খুন করলো ৮০ জন মানুষকে। পুলিসের নির্মম লাঠি থেকে শিশু-নারী-বৃদ্ধ্-যুবক কেউই রেহাই পায়নি। সেদিন গোটা এসপ্লানেড ইস্ট অঞ্চল তরতাজা মানুষের রক্তে লাল হয়ে গিয়েছিল। হাজারেরও বেশি মানুষ আহত হয়েছিলেন। অনেকেই চিরকালের জন্য পঙ্গু হয়ে গিয়েছিলেন। নিখোঁজ হয়েছিলেন বেশ কিছু মানুষ। শোনা যায় রাতের অন্ধকারে পুলিস লরির উপর ত্রিপল চাপা দিয়ে অনেক মৃতদেহ সরিয়ে ফেলেছিল।"

এই বিবরণ স্মরণ করিয়ে দেয় অতীত দিনের নিষ্ঠুরতা, নির্যাতন ও নির্মমতার অনেক ইতিহাস। ৩১শে আগস্টের খাদ্য আন্দোলনের উপর যে নিষ্ঠুর বর্বর আক্রমণ নেমে এসেছিল ইতিহাসের পাতায়, সংগ্রামী স্বদেশবাসীর হৃদয়ে তা চিরভাস্বর হয়ে আছে। ১৯৫৯ সালের গণহত্যার পরবর্তী সময় থেকে শহীদ দিবস পালিত হলেও দেশ স্বাধীন হবার পর পশ্চিমবাংলায় আন্দোলন সংগ্রামে যে হাজার হাজার নরনারী শহীদ হয়েছেন তাঁদের স্মরণ করার দিন হলো এই ৩১শে আগস্ট। ১৯৬০ সালে কংগ্রেসী সরকারের মানুষ-মারা খাদ্যনীতির ফলে রাজ্যের সর্বত্ত খাদ্য সংকট দেখা দেয়। কংগ্রেসী সরকারের দমন-পীড়ন ও নিষ্ঠুর আক্রমণ সত্ত্বেও ১৯৬৬, ৬৭ এবং ১৯৬৯-৭১ সালে পশ্চিমবংগের মানুষের আন্দোলন নবদিগন্তের সূচনা করে। ১৯৬৫ সালে খাদ্য ও কেরোসিনের দাবিতে রাজ্যজুড়ে ব্যাপক আন্দোলন গড়ে ওঠে। রাজ্যের ছাত্রসমাজ এই আন্দোলনে এক গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়। আন্দোলন দমনে পূলিস কৃষ্ণনগর ও বসিরহাটে গুলি চালায়। গুলিতে আনন্দ হাইত ও নরুল ইসলাম শহীদের মৃত্যু বরণ করে। এরা দৃ'জনেই ছিল স্কুলের ছাত্র।

উত্তাল গণ-সংগ্রামের প্রেক্ষাপটে এ-রাজ্যে গঠিত হয় যুক্তফ্রন্ট সরকার। এই সময়ে কংগ্রেসীরা সরকারের বিরুদ্ধে চক্রান্ত শুরু করে। ষড়যন্ত্র চলতে থাকে যুক্তফ্রন্ট সরকার ভেঙে দেবার। সরকার ভেঙে যাবার পর ১৯৬৯ সালে এ-রাজ্যে নতুন করে বিধানসভার নির্বাচনেও জয়লাভ করে কংগ্রেস-বিরোধী শক্তি। গঠিত হয় দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকার। দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকারের বিরুদ্ধেও কংগ্রেস ও কায়েমী স্বার্থবাদীরা গভীর ষডযন্ত্রে লিপ্ত হয়। এতে মদত দেয় কেন্দ্রীয় কংগ্রেস সরকার। রাজ্য সরকারের বিরুদ্ধে একের পর এক কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপ চলতে থাকে। কেন্দ্রীয় হস্তক্ষেপের বিরুদ্ধে রাজ্যের মানুষ দুর্বার আন্দোলন গড়ে তোলেন। এই সময়ে গণতান্ত্রিক আন্দোলন এক নতুন মাত্র পায়, নতুন শক্তি অর্জন করে। গ্রাম ও শহরের কায়েমী স্বার্থের শক্তি ক্ষিপ্ত হয়ে ওঠে। রাজ্যের গণতান্ত্রিক আন্দোলনের কর্মীদের উপর বিভিন্ন কায়দা ও পদ্ধতিতে আক্রমণ হানতে থাকে তারা। ৮০ জনেরও বেশি পার্টি নেতা ও কর্মী প্রতিক্রিয়াশীলদের হাতে এই সময়ে প্রাণ হারান। দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকার ভাঙার পর থেকে এই আক্রমণ প্রতিদিনই নৃশংস রূপ নিতে থাকে। শুরু হয় কংগ্রেসী শাসন। প্রতিপক্ষকে কোণঠাসা করতে এই সুযোগে কংগ্রেসীরা রাজ্যে আমদানি করে সন্ত্রাসের রাজনীতি। এই সন্ত্রাস আধা ফ্যাসিবাদী অভিযানের রূপ নেয়। খুন ও হিংসার রাজনীতি রাজ্যকে আচ্ছন্ন করে ফেলে। প্রতিপক্ষের বিরুদ্ধে হিংসার রাজনীতি পরিচালনার কার্যক্রম সুপরিকল্পিতভাবে গ্রহণ করা হয় ১৯৭০ সাল থেকে কংগ্রেস আমলে। জনগণের সংগ্রাম ও প্রতিরোধ তাই বলে থেমে থাকেনি। খুনো-খুনি, হাঙ্গামা, হামলাবাজি ও হিংসা-বিদ্বেষের বিভীষিকাময় দিনগুলিতেই সৃষ্টি হয়েছে রক্তে লেখা ইতিহাস। সত্তর দশকের পাঁচ বছরে এই পশ্চিমবাংলায় ২৩৯২ জন নরনারী, যুবক-যুবতী, শ্রমিক-কৃষক, ছাত্র-ছাত্রী, শিক্ষক, অধ্যাপক, ব্যবসায়ী, সাধারণ মানুষ, এমন কি উপাচার্য পর্যন্ত নিহত হয়েছেন। মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির ১১০০ নেতা কর্মী ও সমর্থককে খুন করা হয়েছে এই ক'বছরে। এই হিংসাশ্রয়ী রাজনীতির শিকার হয়েছেন আরো ১০০ বামপন্থী ও অন্যান্য দলের কর্মী ও সমর্থক। এরা ছিলেন সি পি আই, আর এস পি, ফরওয়ার্ড ব্লক, মার্কসবাদী ফরওয়ার্ড ব্লক, আর সি পি আই প্রভৃতি বামপন্থী দলের কর্মী ও সমূর্থক। ৪৫৬ জন নকশালপন্থীও খুন হয়েছেন এই সময়ের মধ্যে। পাঁচ বছর ধরে এই বিষাক্ত পরিবেশ রক্তক্ষয়ী পরিবেশ সৃষ্টির হোতা ছিল কংগ্রেস নেতৃত্ব, তাদের নীতি ও কার্যক্রম। কংগ্রেসীদের এই হত্যাযম্ভের লক্ষ্য ছিল পশিচমবাংলার রাজনৈতিক পটভূমি ও গণতান্ত্রিক পরিবেশকে ধ্বংস করা। যুক্তফ্রন্ট সরকার ক্ষমতাসীন হওয়ার সময় থেকেই কংগ্রেস নেতৃত্ব এ-ধরনের একটা চক্রান্তজ্ঞাল বিস্তার করার পরিকল্পনা গ্রহণ করে। ১৯৭২ সালে এই রক্তক্ষয়ী পরিবেশের মধ্যে কংগ্রেস নেতৃত্ব নির্বাচনী প্রহসনের জন্ম দেয়।

পশ্চিমবাংলার মানুষ এই তিক্ত অভিজ্ঞতায় সমৃদ্ধ হয়ে কংগ্রেসের জন-বিরোধী নীতির বিরুদ্ধে রায় দিয়ে ১৯৭৭ সালে

বামফ্রন্টকে রাজ্যের শাসনক্ষমতায় অধিষ্ঠিত করেন। কিন্তু রাজ্য শাসনের অধিকার পেলেও শোষকশ্রেণীর বিরুদ্ধে সংগ্রাম থেমে থাকেনি। নিজেদের সরকার থাকা সত্ত্বেও গণ-সংগ্রামের ময়দানে কায়েমী স্বার্থের হাতে, শ্রেণীশক্রদের হাতে প্রাণ দিতে হয়েছে অসংখ্য লড়াকু মানুষকে। গ্রামাঞ্চলে কৃষকের স্বার্থরক্ষায়, শহরে শ্রমিক কর্মচারীদের স্বার্থরক্ষায়, সারা রাজ্যে গণতন্ত্রকে সুপ্রতিষ্ঠিত রাখার স্বার্থে সংগ্রাম আন্দোলন অব্যাহত রয়েছে। গত ১৯ বছর ধরে জনগণের সংগ্রামের গণতান্ত্রিক অধিকার সুরক্ষিত রেখেছে বামফ্রন্ট সরকার। মনে রাখা দরকার, রাজ্যে জনগণের স্বার্থের প্রতিনিধিত্বকারী সরকার থাকলেও সংগ্রামের ময়দানে গ্রামে, শহরে ও শিল্পাঞ্চলে কায়েমী স্বার্থের সশস্ত্র আক্রমণ থেমে থাকেনি। কায়েমী স্বার্থ ও শোষকশ্রেণীর আক্রমণে গত ১৮ বছর ১৩৭১ জন সি পি আই (এম) নেতা, কর্মী ও সমর্থককে জীবন দিতে হয়েছে। অনেককে প্রাণ দিতে হয়েছে সাম্প্রদায়িক ও বিচ্ছিন্নতাবাদী শক্তির আক্রমণেও। এখানেই বামফ্রন্ট কর্মী, বিশেষ করে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির কর্মীদের বৈপ্লবিক নিষ্ঠার গৌরবময় দিক। তাঁদের অবিচল নিষ্ঠা ও বৈপ্লবিক আত্মদান এই রাজ্যে সি পি আই (এম)-কে প্রগতি ও অগ্রগতির স্তম্ভশক্তিতে পরিণত করেছে। গণতন্ত্র, জাতীয় সংহতি ও ঐক্য রক্ষার সংগ্রাম, জনগণের জীবন-জীবিকার লড়াই, বঞ্চনা ও শোষণের বিরুদ্ধে সংগ্রামে অংশগ্রহণ, বামফ্রন্ট সরকারের জনস্বার্থবাহী কর্মসূচী রূপায়ণে ও এই সরকারকে রক্ষা এবং সাম্প্রদায়িক সম্প্রীতি অক্ষুণ্ণ রাখতে এই সব মানুষ প্রাণ দিয়েছেন নিজেদের জীবন উৎসর্গ করেছেন। এভাবেই রক্তেলেখা ইতিহাসের গতি দিন দিন এগিয়ে গেছে। জন্ম দিয়েছে নতুন নতুন ইতিহাসের। গণ-আন্দোলনের এই বীর শহীদরা অমর হয়ে আছেন, চিরভাস্বর হয়ে রয়েছেন পশ্চিবংগবাসীর হৃদয়ে। কিন্তু বেঁচে থাকার দাবি নিয়ে ১৯৫৯ সালে যে পশ্চিমবাংলা আন্দোলিত হয়ে উঠেছিল, উত্তাল হয়ে উঠেছিল, সেই দাবিগুলির প্রয়োজনীয়তা কি আজ ফুরিয়ে গেছে? না, যায়নি। আজও কেন্দ্রে কংগ্রেস সরকার সমাসীন। তার অর্থনীতি, তার কৃষিনীতি, মূল্যনীতি দেশে ভিন্নতর সঙ্কট ডেকে এনেছে। এই নীতি সামাজিক অস্থিরতা তৈরি করছে। ঘটছে মূল্যবৃদ্ধি, গণ-বন্টন ব্যবস্থাকে তলে দেবার চেষ্টা হচ্ছে, হ্রাস করা হচ্ছে সারের ভরতৃকি। জ্বালানী ও রেলের মাসুল বৃদ্ধিতে অত্যাবশ্যকীয় পণ্য সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার বাইরে চলে যাচ্ছে। রাষ্ট্রায়ত্ত শিল্প ধ্বংস করার চক্রান্ত চলছে, চাকরির নিরাপত্তা বিপন্ন, গরিব-মধ্যবিত্ত মানুষের দুর্বিসহ অবস্থা ন্যূনতমভাবে বেঁচে থাকার অস্তিত্বকেই বিপন্ন করে তুলেছে। কিন্তু এর বিরুদ্ধে মানুষ চুপ করে নেই। শোষক ও শাসকশ্রেণীর বিরুদ্ধে তাঁদের প্রতিবাদ ও প্রতিরোধও জেগে উঠছে। সময় ও পরিস্থিতির ভিন্নতর চাহিদা ও ভিন্নতর পদ্বায় এই প্রতিবাদ-প্রতিরোধ শাসক ও শোষকশ্রেণীর ভিতকেও একেক সময় কাঁপিয়ে দিচ্ছে। এই বাংলার মাটিতে মানুষের প্রতিবাদী মননের বহিঃপ্রকাশ দেখা গেছে বারবার। আর তা ঘটেছে ঐতিহাসিক দিক থেকে স্মরণীয় কতকণ্ডলি পরিপ্রেক্ষিত ঘিরে। বহু আগুনঝড়া সংগ্রামের সূচনা হয়েছে এই ঐতিহ্যকে সামনে রেখে। আজ ৩১শে আগস্ট শহীদ দিবসের এই পবিত্রক্ষণটিও এবার পশ্চিমবাংলার মানুষের কাছে নিয়ে এসেছে এক দুর্বার আন্দোলনের ডাক। সাধারণ মানুষের দুঃসহ অবস্থার জন্য দায়ী যে কেন্দ্রীয় সরকারের নীতি তার বিরুদ্ধে আন্দোলনের রূপরেখা তৈরি করেছে এরাজ্যের বামফ্রন্ট। আর তার সূচনা হচ্ছে আজ থেকেই অমর শহীদদের স্মরণ করে, তাঁদের উদ্দেশে শ্রদ্ধা নিবেদন করে। এই পথেই তাঁদের আরব্ধ কাজ সম্পন্ন করতে শপথ নেওয়া হবে নতুন করে।

# ১৯৫৯ পশ্চিমবংগের খাদ্য সমস্যা ও খাদ্য আন্দোলন

আমাদের দেশে ১৯৪৭ খ্রীষ্টাব্দের ১৫ই আগস্ট ক্ষমতা হস্তান্তরের পর দৃটি সমস্যা খুব বড় করে দেখা দিয়েছিল। এক, ওপার বাংলা থেকে লক্ষ লক্ষ মানুষ বাস্তহারা হয়ে এপার বাংলায় চলে আসতে বাধ্য হয়। কাজেই পুনর্বাসনের সমস্যা দেখা দিলো। সঙ্গে সঙ্গে গোটা রাজ্যে খাদ্যাভাব চলে। চাল, গম, মানুষের নিত্যপ্রয়োজনীয় জিনিসের সরবরাহ প্রায় বন্ধ হবার উপক্রম হয় এবং এর সঙ্গে নিত্য প্রয়োজনীয় যেসব জিনিস মানুষ ব্যবহার করত তার দামও হু হু করে বাড়তে লাগল। এইরকম পরিস্থিতিতে পশ্চিমবাংলায় যাঁরা ক্ষমতাসীন হলেন না, যারা কংগ্রেসের সঙ্গে গিয়ে সরকারে যোগ দিলেন না—সেই সমস্ত বামপন্থী দল এবং ব্যক্তিরা ঐক্যবদ্ধ হয়ে খাদ্যাভাব, উদ্বাস্ত সমস্যা, নিত্যপ্রয়োজনীয় জিনিসের মৃল্যবৃদ্ধির বিরুদ্ধে জনমত গড়ে তুলতে লাগলেন এবং স্বাভাবিকভাবেই এটি হলো কংগ্রেস সরকার বিরোধী ঐক্য। এইসময় সরকারের বিরোধী দল হিসেবে ছিল বামপন্থী দলগুলির সংগটিত পার্টি—কমিউনিষ্ট পার্টি, আর. এস. পি., ফরোয়ার্ড ব্লক। সেইসময় বামব্যক্তিত্ব নিয়ে শরংবসুর নেতৃত্বে একটি সংগঠন ইউনাইটেড সোস্যালিস্ট অর্গানাইজ্বেশন গঠন করা হয়েছিল। এই দলগুলো পৃথকভাবে পরিস্থিতির মোকাবিলা করলেও ক্রমে সমস্যা জটিল আকার ধারণ করে সরকারের প্রশাসনিক চাপে। খাদ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন সেইসময় একটা জেলা থেকে আর একটা জেলায় চাল যেতে দেকেন না এমন নির্দেশ দিলেন। গ্রামাঞ্চলের কোনখান থেকে যেখানে রেশনিং ব্যবস্থা আছে একদানা চালও সেখানে ঢুকতে দেওয়া হবে না। এইগুলি কৃত্রিম বাধা ছিল এবং সেটা সাংঘাতিক সংকট সৃষ্টি করেছিল। এই বাধা নিষেধের ফলে হু হু করে চালের দাম বাডতে আরম্ভ করল। কলকাতায় তখনও গুদাম ছিল চালের, তখনও ব্যক্তিগতভাবে চালের ব্যবসাদাররা চাল নিয়ে এসে ছোট ছোট দোকানের জন্য ১০ মন, ২০ মন চাল বিক্রি করত। কিন্তু হঠাৎ চালের দাম ভীষণভাবে বাডতে আরম্ভ করল এবং সেটা মানুষের নাগালের বাইরে চলে গেল। আমাদের তখন দাবি ছিল সাড়ে সাত টাকা মন দরে চাল দিতে হবে। কিন্তু তখন চালের দাম উঠে গেছে প্রায় ৩০ টাকা মন ও তার বেশী। চারিদিকে মিটিং , মিছিল, প্রতিবাদ এবং চালের গুদামগুলোর সামনে গিয়ে বিক্ষোভ প্রদর্শন হচ্ছে। একটা সময় যখন এল, তখন কিন্তু আমরা সংগঠন গড়ে তুলতে পারিনি। এলাকায় এলাকায় বামপন্থী মনোভাবাপন্ন লোক ছিলেন। তাঁরা ঐক্যবদ্ধ হতে আরম্ভ করলেন। একটা দিনের কথা আমার মনে আছে, হেমন্তদা, অমর বোস, নেপাল রায়, চিন্ত বোস, নলিনী গুহ যাঁরা বামপন্থী নেতা ছিলেন তাঁরা মিছিল করে হাজির হলেন বড়বাজারের চাউলপট্টির আড়তের সামনে। আড়তদার ত ভয়ে ভীত। তাকে বলা হল, দেখ, তোমাকে এই সাড়ে সতেরো টাকা মন দরে চাল বিক্রি করতে হবে। সে বলল, তা অসম্ভব, আমার ত লোকসান হয়ে যাবে। নেতারা বললেন তা যদি তুমি না কর তাহলে তোমার সব চাল লুঠ হয়ে যাবে। তারপর সে বলল আমি চলে যাচ্ছি, আমার যে চাল আছে আপনারা দেখে নিন। আপনারা যা দাম দেবেন তা আমি মেনে নেব। আজকে ভাবা যায়। সেদিন সেই পাডার স্বেচ্ছাসেবকরা সেই চালের স্টক নিয়ে নিলো এবং নিজেরা স্বেচ্ছায় ভলেটিয়ার হয়ে দাড়িপাল্লা লাগিয়ে মাথাপিছ দুকেজি করে চাল দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হলো। বিরাট লাইন পড়ে যায়। আমার মনে আছে প্রায় সাতটা-আটটা পর্যন্ত ঐ লাইন চলেছিল। প্রথমে একটা লাইন ছিল। পরে দুটো লাইন করা হল। চাল বিক্রি হয়ে গেল। টাকা নিয়ে হেমন্তদাকে ডাকা হল। তারপর হেমন্তদা সেই টাকা চালের আড়তদারকে ডেকে দিয়ে দিলেন। এটা শুধু কলকাতার একটা ঘটনা নয়। দমদমেও সেইরকম একটা জনরোষ, জনবিক্ষোভ দেখা দিয়েছিল—আমরা যে যা খুশি দামে চাল বিক্রি করতে দেব না। ওখানকার লোকেরা মতি মৈত্রের নেতৃত্বে, বয়স ১৭ থেকে ১৮ বছর হবে, সেই নেতৃত্ব নিল। মতি ছিল দমদমের ফরওয়ার্ড ব্লকের নেতা। সমস্ত দোকান, যেগুলো চালের আরত ছিল, সবগুলোকে দখল করল হাজার হাজার লোক। শৃঙ্খলার সাথে সুষ্ঠুভাবে

সারাদিন ধরে সমস্ত দোকানের চাল ন্যায্য দামে বন্টন হলো। —এই যে অপারেশন হয়েছিল সেদিন তার নাম ছিল দমদম। যা কিছু দাম বললেই হল, মানুষ মেনে নেবে ? মানুষ মরবে ? কিছুদিন দোকান সব ফাঁকা—চাল নেই। কর্ডন করে রেখেছে। আন্দোলনটা গ্রামে চলে গেল। কর্ডন ভাঙ্গে। ১৯৫১ সালে আরামবাগ—এই প্রফুল্ল সেনের কেন্দ্র। সেখানে আমি নিজে কর্ডন ভেঙেছি। এইরকম শত শত হাজার হাজার ছেলে কর্ডন ভেঙেছে। কর্ডন মানে কি? মেয়েরা সাইকেলে করে, গোরুর গাড়ি করে একমন, দুইমন করে চাল আরামবাগ থেকে আনতে আরম্ভ করল। কিন্তু পলিশ কর্ডন করল, ফলে আনতে পারল না। নদী পার হয়ে চাল আসতে পারছে না। এইসময়ের ঘটনা আপনারা দেখেন নি। পুলিস মারধর করছে, চাল ছিনিয়ে নিচ্ছে। এগুলি তখন নিত্য ঘটনা ছিল। বামপন্থীরা, বিশেষ করে ফরওয়ার্ড ব্লক এটাকে নিয়ে একটা খুব বড় আন্দোলন শুরু করেছিল। কর্ডন ভাঙ্গার আন্দোলন আরামবাগ মহকুমায় শুরু হয়েছিল। গ্রেপ্তার হল অনেকে। তিনবছর ধরে এই আন্দোলন চলেছিল। একমাস অন্তর অন্তর আমাকে গিয়ে হাজিরা দিতে হত। সেই সময় পশ্চিমবাংলার মানুষের সব থেকে বড় সমস্যা হিসাবে দেখা দিলো চালের সমস্যা। হুড় হুড় করে মূল্যবৃদ্ধি, অন্যান্য নিতাপ্রয়োজনীয় জিনিসেরও মূল্য বৃদ্ধি--- চিনির, তেলের, সবজির, সবটার দাম বাড়ছে। সেইসময় আমরা সবকটা পার্টি আন্দোলন করি। এইসময় পশ্চিমবাংলার রাজ্যনীতিতে একটা পরিবর্তন ঘটে গেছে। ডক্টর সুরেশ বন্দ্যোপাধ্যায় প্রথম কংগ্রেসী মন্ত্রিসভায় একজ্ঞন জাঁদরেল মন্ত্রী ছিলেন ডঃ প্রফল্ল ঘোষের আমলে। সেই সময় তিনি শ্রমমন্ত্রী, নামকরা ট্রেড ইউনিয়ন নেতা। আচার্য কুপালিনীও কিন্তু কংগ্রেস থেকে বেরিয়ে এসেছিলেন। তিনি একটা দল খুললেন, তার নাম দিলেন কৃষক মজ্জদুর প্রজা পার্টি। এটি একটি সর্বভারতীয় দল। পশ্চিমবাংলায় যাঁরা প্রফুল্ল ঘোষের নেতৃত্ব মেনে নিতে পারছিলেন না তাঁরা প্রজ্ঞা পার্টিতে যোগ দেন। ১৯৫২ সালের আগের কথা বলছি এগুলো। ১৯৫৯ সালের ভিত্তি তৈরি হয়েছে ১৯৪৮, ১৯৪৯, ১৯৫০ সালে। এই কে. এম. পি. পির পশ্চিমবাংলার নেতা হলেন সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়। বয়সের দিক থেকে আমি এইসকল নেতাদের নাম বলি—সুরেশ ব্যানার্জ্জি (কে. এম. পি. পি), হেমন্ত বসু (সারা ভারত ফরওয়ার্ড ব্লক), জ্যোতি বসু (কমিউনিষ্ট পার্টি), আরও অনেক বামপন্থী দল যেমন বলশেভিক পার্টি, আর. এস. পি., আর. সি. পি. আই., এস. ইউ. সি. আই. ছিল। আমরা এইসকল দলগুলা মিলে গ্রামে. শহরে যে জনবিক্ষোভ সৃষ্টি করেছিলাম, সেগুলো মাত্রা ছাড়িয়ে যাচ্ছিল--এই খাদ্য পরিস্থিতি, খাদ্যসমস্যাশুলোকে নিয়ে জনগণের সঙ্গে যুক্ত হয়ে কাজ করেছিলাম। আমরা একটি সংগঠন গড়ে তুলি পশ্চিমবাংলায়। তার নাম হল মূল্যবৃদ্ধি, দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি। অর্থাৎ একদিকে দেশের দুর্ভিক্ষের অবস্থা, আর একদিকে দেশে হু হু করে জিনিসের দাম বাড়ছে, তাকে প্রতিরোধ করার জন্য এই কমিটি। এই কমিটির সভাপতি হলেন ডক্টর সুরেশ ব্যানার্জ্জি, সম্পাদক হলেন হেমন্ত বসু। সেদিন এই জাতীয় যতগুলি কমিটি হয়েছে সেগুলির অফিস ছিল ধর্মতলায়। ১৯৫১-৫২ সালে এই আর. এস. পির অফিস ছিল প্রধান কার্যালয়। আজকে যেমন ৩১ নম্বর আলিমদ্দিন স্টিট বামপন্থী আন্দোলনের পীঠস্থান, তখন এই ধর্মতলার আর. এস. পির প্রধান অফিস ছিল যুক্ত আন্দোলনের প্রাণকেন্দ্র। মুল্যবৃদ্ধি দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির নেতৃত্বেই ১৯৫৯ সালের খাদ্য আন্দোলন সংগঠিত হয়েছিল। আমিই এই কমিটি পরিচালনা করেছি। ১৯৬৬ সালের আন্দোলন ও এই কমিটি পরিচালনা করেছি। ১৯৬৭ সালে যখন পশ্চিমবাংলার কংগ্রেসী সরকারের পরাজয় ঘটল, প্রথম একটি অ-কংগ্রেসী সরকার যুক্তফ্রন্টের নামে গড়ে উঠল। তারপর থেকে এই কমিটির কাজ। এরই মাঝে ডক্টর বিধানচন্দ্র রায় ইংরেজ কোম্পানি ক্যালকাটা ট্রাম কোম্পানির ট্রামের ভাড়া এক পয়সা বাড়িয়ে দিয়েছিলেন। বিধানচন্দ্র রায় যেদিন ট্রামভাড়া বাড়িয়েছিলেন, তখন স্লোগানও উঠেছিলো হেঁটে যাব, বাসে যাব তবু ট্রামে চেপে যাবো না। বহু ছেলে গ্রেপ্তার হয়েছে, আহত হয়েছে, তারা অনেক ট্রামও দ্বালিয়েছিল। ট্রাম ভাডা এক পয়সা বাডিয়ে দেওয়াকে কেন্দ্র করে কলকাতা নয়, সারা পশ্চিমবাংলা আলোড়িত হয়েছিল এবং এগুলো হল এক একটা ঘাত যে ঘাতগুলোর মধ্যে আন্দোলন বেড়ে উঠল। এগুলোর মধ্যে থেকে দুটো জ্বিনিস হল—মানুষ সংগ্রামমুখী হল, সংগ্রাম ছাড়া কোন দাবি আদায় করা যায় না। এটা জনগণ বুঝলো। এর মধ্যে থেকে মানুষের রাজনৈতিক চেতনা জাগ্রত হল। প্রথম বামপন্থী ঐক্য এই সংসদীয় গণতন্ত্রের ইতিহাসে পশ্চিমবাংলায় দেখি। বামপন্থী দলগুলো লক্ষ্য করলো, আন্দোলনের মধ্যে দিয়ে মানুষের অভিজ্ঞতা হচ্ছে, সমস্যা আছে, সমস্যাগুলো আদায় করতে গেলে সংগ্রাম চায়। এটা একটা দিক। আরও একটা উপলব্ধি আমাদের হতে আরম্ভ করল—লড়াই করতে গেলে অর্থনৈতিক ভাবে নয়। রাজনৈতিক ভাবে লড়াই। এটি রাজনৈতিক চেতনার বিকাশ ঘটায়। লডাই-এর ফলে রাজনৈতিক চেতনার উল্মেষের মধ্যে আরও আরও দল নিজেদের

সংগটিত করল। যারা সফল হল, তারা এগিয়ে গেল, যারা দলকে টিকিয়ে রাখতে পারল না, তারা ইতিহাসের পাতায় চলে গেল। এটাই হল পশ্চিমবাংলার বামপছী আন্দোলনের বাস্তব অবস্থা। এই অবস্থার মধ্যে দেখতে পাই বামপছী মনোভাবাপন্ন লোকের সংখ্যা দিনের পর দিন বাড়ছে। ১৯৫২ সালের নির্বাচনে বামপন্থীরা খুব একটা শক্তিশালী নয়। তব আমরা নিজেরা সংগঠিত হয়েছি, ঐক্যবদ্ধ হয়েছি। আমরা সঙ্গে পেলাম না বলশেভিক পার্টিকে। পেলাম আর. এস. পি কে এবং সি. পি. আই কে। কিন্তু সঙ্গে এল এই সম্প্রতিকালে নেতাজীর অগ্রজ শরৎচন্দ্র বসুর নেতৃত্বে অনেক বাম মনোভাবাপন্ন ব্যক্তি, কিছু বিপ্লবী গোষ্ঠী। তাঁরা ঐক্যবদ্ধভাবে একটি সংগঠন গড়েছিলেন। তার নাম দিয়েছিলেন ইউনাইটেড সোস্যালিস্ট অরগানাইজেশন ( U.S.O)। USO, C.P.I এবং Forward Block একটা সাধারণ বোঝাবুঝির সাহায্যে নির্বাচনে লডেছিলাম। আমরা একটা যৌথ ইস্তাহার প্রকাশ করি। আজকে যে বামপন্থী সরকার, বিকল্প চিন্তার মাধ্যমেই তা গড়ে উঠছিল ১৯৫১ সালের ডিসেম্বরে। নির্বাচন হয়েছিল ১৯৫২ সালের ২২শে জানুয়ারী। সেই সময় নির্বাচনী ইস্তাহারে যে দুজনার নাম ছিল—সি. পি. আই এর পক্ষে জ্যোতি বসু ও ফরওয়ার্ড ব্লকের পক্ষে অশোক ঘোষ। বিকল্প সরকার গড়ার এটা ছিল যৌথ ইস্তাহার। পাঁচ বছর পর আমাদের বামপন্থীদের শক্তি আরো বাড়ল। প্রথমে এল মূল্যবৃদ্ধি দূর্ভিক্ষ প্রতিরোধ আন্দোলন, ট্রামভাড়া বৃদ্ধি প্রতিরোধ আন্দোলন ও মাধ্যমিক শিক্ষকদের আন্দোলন। হাজার হাজার মাধ্যমিক শিক্ষক গ্রেপ্তার হলো এই আন্দোলনে। তারপরে এল বিধানচন্দ্র রায়ের সময় বাংলা-বিহার সংযুক্ত করার এক উদ্যোগ (১৯৫৬)। পশ্চিমবাংলায় এই যে বামপন্থী জাগরণ, তাকে বন্ধ করতে গেলে বাংলার সাথে বিহারকে সংযুক্ত করতে হবে। তার বিরুদ্ধে যে আন্দোলন হয়েছিল, স্বাধীনতার পর সব থেকে ব্যাপক আন্দোলন, তাতে হাজার হাজার মানুষ গ্রেপ্তার হয়েছিল। এই আন্দোলন একমাস স্থায়ী হয়েছিল। সেইসময় ডক্টর মেঘনাথ সাহা (১৯৫২) বামপন্থীদের পক্ষে উত্তর পশ্চিম কেন্দ্র থেকে জিতেছিলেন। তাঁর মৃত্যু হয় ১৯৬৭ সালে। তাই আসনটি খালি হলো। এটি চ্যালেঞ্জ হিসাবে আসে সরকারের কাছে ও বামপন্থীদের কাছে। বিধানচন্দ্র রায় বললেন, নির্বাচনে যদি আমরা জিতি তাহলে সংযুক্তি মেনে নেব, আর যদি হেরে যাই তাহলে সংযুক্তি হবে না। সেদিন আমাদের বামপন্থীদের পক্ষ থেকে দাঁড়িয়েছিলেন প্রখ্যাত সাংবাদিক মোহিত মৈত্র। শরংবাবর সম্পাদনায় 'The Naton' পত্রিকার সম্পাদক ছিলেন তিনি। আমরা সবাই মিলে তাঁকে প্রার্থী করেছিলাম। কংগ্রেস প্রার্থী অশোক সেনকে হারিয়ে আমরা বাংলা-বিহার সংযুক্তি রূখেছিলাম। তাই বলা যায়, শুধু যে খাদ্য আন্দোলন হচ্ছে তা নয়, মানুষের সমস্যা যা সৃষ্টি হচ্ছে পশ্চিমবাংলায়, আমরা বামপন্থীরা তাকে ধরে নিয়ে highlight করছি এবং মানুষকে সঙ্গে নিয়ে আন্দোলন করছি। ১৯৫২-র পর ১৯৫৬। এবং এতগুলি আন্দোলনের ফল ১৯৫৭ খ্রীঃ। এর আগে যাঁরা আন্দোলনে আসেনি সুরেশ ব্যানার্জি আরো বেশি লোক নিয়ে এলেন, সোস্যালিস্ট পার্টি, কে. এম. পি. পি. পার্টি, সুভাষবাদী ফরওয়ার্ড ব্লক নিয়ে একটা নতুন দল গঠন হল। কৃষক প্রজা পার্টি তার নাম হয়। এর মধ্যে সোস্যালিস্ট পার্টির নরেন দে, সুশীল দাস, সুরেশ ব্যানার্জি, ট্রেড ইউনিয়নের দেবেন সেন প্রভৃতিরা ছিলেন। ১৯৫৭ সালে বামপন্থীদের বিধানসভায় শক্তি শুধু বাড়লো না, গণআন্দোলনের শক্তিটাও বাড়ল। এই সময় নির্বাচন হলে বিধানচন্দ্র রায় মুখ্যমন্ত্রী হলেন। প্রফুল্ল সেন আবার মন্ত্রী থাকলেন। চালের দাম আর কমছে না, হ হ করে বাডছে। জিনিসের দাম বাড়ছে, কমছে মানুষের জীবনের দাম। ১৯৫৮ সালের পর সব আন্দোলন চলছে মূল্যবৃদ্ধির বিরুদ্ধে। ১৯৫৮ সালে জুলাই, আগস্ট এই দুই তিনটে মাসের পর আকাশ ভালো থাকে। এইসময় গ্রামের মানুষের কাজ থাকে না, দাম বেড়ে যায়, আয় থাকে না, প্রতিবারই ঐ সময় একটা ভয়ঙ্কর দুর্ভিক্ষের সৃষ্টি হয়। স্বতঃস্ফুর্ত আন্দোলন হয়ে থাকে। পরের বছর ১৯৫৯ সালে গ্রামে অভাবের তাড়নাটাই বেশি শহরের তুলনায়। সেখানে চাল আসছে, গ্রামে হাহাকার এবং গ্রামের মানুষের মানসিকতায় তখন আসছে, চল, আমরা কলকাতায় গিয়ে একটা শেষ দেখে আসব। শেষ লড়াই করে আসব। আমরা ও মূল্যবৃদ্ধি প্রতিরোধ কমিটি আলোচনায় বসলাম। আর সহ্য হয় না সরকারের এই আচরণ। আমাদের কমিটির মিটিং-এ স্থির হল এক ব্যাপক আন্দোলনের। কলকাতা থেকে ৮০০ কিলোমিটারের মধ্যে যে সকল গ্রাম আছে. সেখান থেকে লক্ষ লক্ষ মানুষ কলকাতায় আসবে এবং কলকাতা অবরোধ করবে। আমরা বাঁচতে চাই, আমাদের বাঁচার অধিকার আছে, আমাদের খাদ্য দিতে হবে। সেইসময় চবিশ পরগণা, হাওড়া, হুগলী, নৈহাটি, নদীয়া, বর্ধমান থেকে মানুষের ঢল নেমে গেল। তার দুদিন আগে থেকে খবরের কাগজে ছবি বেরোচ্ছিল। বিভিন্ন জায়গা থেকে যেমন, চবিশ প্রগণার বাসন্তি থেকে, নদীয়া, বাগনান থেকে মিছিল বেরিয়েছে এসব খবরের কাগচ্জে বেরিয়েছিল। আমি ঘটনার প্রত্যক্ষদর্শী

নয়। কেননা রাজ্য সরকার ঘটনার ৪৮ ঘণ্টা আগেই বামপন্থী দলের সম্পাদকদের গ্রেপ্তার করেছিল। যাঁরা ঘটনায় ছিলেন, তাঁরা সেদিন জেলে এসে পৌঁছোলেন এবং সাংবাদিকদের কাছে শুনেছি, এত বড় জমায়েত এর আগে কখনও হয়নি। কোন নেতাকে কেন্দ্র করে সংবর্ধনা নয়, এখানে ক্রুসচেভ, বঙ্গুগানিন এসেছিন্সেন, কিন্তু এত বড় জমায়েত হয়নি। এই জমায়েতে বাঁচার অঙ্গীকার নিয়ে তাঁরা এসেছিলেন। হয় বাঁচব না হলে মরব। সব লোককে কলকাতায় ঢুকতে দেওয়া হয়নি। কর্ডন ভেঙ্গে, লাঠি চার্জ করে, মারপিট করে শেষ পর্যন্ত যাঁরা এসে পড়েছিল তাঁরা এই আন্দোলন করেছে। সামনের সারিতে যে সকল নেতারা ছিলেন—ডঃ সুরেশ ব্যানার্জি, হেমন্ত বসু, জ্যোতি বসু, নলিনী গুহ, ব্রিদিব চৌধুরী এদেরকে পুলিস গ্রেপ্তার করে তুলে নিয়ে গেল। এরপর লাঠি চার্জ, তারপর টিয়ার গ্যাস, Shot to Kill এরপর আরম্ভ হল। গ্রাম থেকে যেসব মানুষ এসেছিল তারা রাস্তা চেনে না। অসহায়ের মত অবস্থা হয়েছিল বুড়ো-বুড়ি, সাধারণ মানুষের উপর পুলিশের লাঠি। ঐ জায়গাটা হচ্ছে কে. সি. দাসের দোকান থেকে কলকাতা ইলেকট্রিক সাপ্লাইয়ের অফিস পর্যস্ত। এই অঞ্চলেই লোকগুলি মরল। আমরা শুনেছি ইংরেজদের অত্যাচার, জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড, যার ফলে রবীন্দ্রনাথ নাইট উপাধি ত্যাগ করেছিলেন, মহাত্মা গান্ধী ছুটে গিয়েছিলেন। কিন্তু ৩১শে আগস্ট ১৯৫৯ সালে কলকাতায় যে ঘুণ্য হত্যাকাণ্ড হয়েছিল, তার তুলনা হয় না। তার ইতিহাসও ঠিকমত লেখা হয়নি। আজকের এ প্রজন্মের ছেলেরাও তা জানে না। সেদিন এক প্রখ্যাত সাংবাদিক বিবেকানন্দ মুখোপাধ্যায় এ ঘটনার বর্ণনা নিয়ে দৈনিক বসুমতী কাগচ্ছে সম্পাদকীয় লিখলেন। সেই সম্পাদকীয়র নাম ছিল 'মাতৃগর্ভের লজ্জা'। এই সম্পাদকীয়তে তিনি পুঙ্খানুপুঙ্খ বিবরণ দিয়েছিলেন। পশুসূলভ আচরণ কিভাবে হয়েছিল, তা তিনি বলেছেন। ওদের অপরাধ—গ্রামে কোন রেশন ব্যবস্থা নেই, সেখানে কোন চাল দেওয়া হবে না, সেই চালটা নিয়ে শহরে বিক্রি করবে সে সুযোগও নেই। কর্ডন করে রেখে দেওয়া হয়েছে। আজকে কেউ আর সে কথা বলে না। ওড়িশ্যা, অন্ধ্রপ্রদেশ থেকে চাল চলে আসছে। এসব কথা বাদ দিন না। এখন বিদেশের চাল—যার দাম নাকি পশ্চিমবংগের উৎপাদিত চালের থেকে কম। আর সেইদিন লক্ষ লক্ষ মানুষকে নির্যাতিত হতে হয়েছিল। আমাদের দেশের মানুষকে একটা ঔপনিবেশিক দেশের মত নির্যাতিত হতে হয়েছিল।

[সাক্ষাৎকার : সৃদীপ সিংহরায়]

# ১৯৫৯ সালে কলকাতা ও পশ্চিমবংগে খাদ্য আন্দোলনঃ স্মৃতিচারণা

১৯৫৯ সালের ৩১শে আগস্ট তারিখটি কংগ্রেসী জমানায় কলকাতার একটি কলংকময় দিন হিসাবে চিহ্নিত হয়ে আছে এবং থাকবে। ডাঃ বিধানচন্দ্র রায় তখন এ রাজ্যের মুখ্যমন্ত্রী। ঐ দিন চৌরংগীর এসপ্লানেড ইষ্ট ও ওয়েলিংটন স্কোয়ার বর্তমান সুবোধ মল্লিক স্কোয়ারের সামনে ডাঃ বিধানচন্দ্র রায়ের বাস ভবনের নিকটে হাজার হাজার চাষীদের ভূখা মিছিলের ওপর নির্বিচারে গুলি চালায় পুলিশ। আশি জন চাষীকে হত্যা করা হয়েছিল। Cold blooded murder অর্থাৎ ঠাণ্ডা মাথায় খুন করা হল। চাষীর রক্তে লাল হল কলকাতার রাজপথ।

১৯৫৯ সালে বর্ষাকালে জুলাই-আগস্ট মাসে পশ্চিমবংগ জুড়ে চলছে চরম আকাল। চাল সহ অন্যান্য খাদ্য দ্রব্যের দাম আকাশ ছোঁয়া। গরীব মানুষের কেনার বাইরে চলে যাচ্ছে দ্রুত জিনিষপত্রের দাম। কংগ্রেস সরকারের ভ্রান্ত খাদ্য নীতির ফলে সৃষ্ট এই আকাল এই চরম সংকটে রাজ্যের ফ্রন্টের নেতারা এই মূল্য বৃদ্ধির বিরুদ্ধে আন্দোলনের ডাক দিলেন। জেলায় জেলায় খাদ্যের দাবিতে সমাবেশের ডাক। কলকাতাতেও কেন্দ্রীয়ভাবে ডাক দেওয়া হয়েছে জমায়েতের। ফলে ক্র্মা পীড়িত বুভুক্ষু মানুষের ঢল নামে কলকাতায়।

প্রথমে মিছিলকে হটিয়ে দেওয়ার জন্য শুরু হল পুলিশের ব্যাপক টিয়ার গ্যাস বিচ্ছোরণ ও লাঠি চালনা। নিষ্ঠুর নির্মম ও নৃশংস লাঠি চালনায় ৮০ জন কৃষক মারা গেলেন। ৩১শে আগস্ট ১৯৫৯ ইতিহাসের পাতায় কংগ্রেসি জমানায় Black Day, 'কালাদিবস', হিসাবে চিহ্নিত আছে।

শুধু ১৯৫৯ সাল নয়। দেশ স্বাধীন হওয়ার ১০/১২ বছর পরেও প্রতি বছর বর্ষার সময় খাদ্য শধ্যের এই আকাল দেখা দেয়। অস্বাভাবিক মূল্য বৃদ্ধি একটা ক্রনিক ফীচার ছিল। বর্ষার সময় যাতে আকাল না হয়, দ্রব্যমূল্য বৃদ্ধি যাতে না হয় তার জন্য সরকারি উদ্যোগে ধান চাল সংগ্রহ করা প্রয়োজন। সরকারি গুদামে সেগুলি রাখা। অভাবের সময় মানুষের কাছে তা সস্তাদরে বিক্রি করা, কালোবাজারী, ফাটকাবাজারী যাতে না হয় তার জন্য কঠিন measure নেওয়া একদমই হত না। এই দ্রান্ত নীতির ফলে ফি বছর খাদ্য সংকটের জন্য মানুষের নাকালের সীমা থাকতো না। এর পরিণামে জেলায় জেলায় ব্যাপক আন্দোলন হয়েছে।

১৯৫৯ সালের আগে মূর্শিদাবাদ, কোচবিহার ও মেদিনীপুরে ব্যাপক তীব্র আন্দোলনের কথা উল্লেখ করা যেতে পারে। অন্য জেলাতেও এর পুনরাবৃত্তি হয়েছে। ১৯৫৯ সালের আগস্ট মাসে বিস্ফোরক গণ আন্দোলনের background কিছিল ? শুধু খাদ্য আন্দোলন নয়, আরও কিছু ব্যাপক সৃতীব্র সমস্যার ফলে সরকারের বিরুদ্ধে জনমানসে বিক্ষোভের আগুন জ্বলতে থাকে। দেশ ভাগের ফলে ওপার বাংলা থেকে বাস্তুচ্যুত লক্ষ লক্ষ ছিন্ন-মূল মানুষের পুনর্বাসনের সঠিক পরিকল্পনা ছিল না, যা পাঞ্জাবে সুপরিকল্পিত ভাবে করা হয়েছিল। বিমাতৃসুলভ আচরণের ফলে এ রাজ্যে তা না হওয়ায় এবং তারই প্রতিবাদে আমরা দেখতে পাই ১৯৫১, ১৯৫২ এবং ১৯৫৩-এর গোড়ায় বাস্তুহারা মানুষের ব্যাপক আন্দোলন। ডঃ মেঘনাদ সাহা, ত্রিদিব চৌধুরী, তারাপদ লাহিড়ী প্রমুখ নেতৃত্বের ও অবিভক্ত কমিউনিষ্ট পার্টির যার অবিসংবাদী নেতৃত্বে ছিলেন প্রাণকৃষ্ণ মহাশয়। এই সমস্ত নেতাদের উদ্যোগে ব্যাপক বাস্তুহারা আন্দোলন জেলায় এবং কলকাতার আশে পাশে কলোনীগুলিতে ব্যাপক হয়ে উঠেছিল। ১৯৫৩ সালে বিদেশী ট্রাম কোম্পানীর ভাড়া বৃদ্ধির প্রতিবাদে কলকাতার মারমুখী আন্দোলন সেদিন আমরা দেখেছি। ১৯৫৪ সালে আমরা দেখেছি শিক্ষকদের আন্দোলন। কি প্রাইমারী শিক্ষক কি মাধ্যমিক শিক্ষক, সকলের বেতন অত্যন্ত কম ছিল। সম্মানজনক বেতন তারা পেতেন না। তার বিরুদ্ধে শিক্ষকদের অসন্তোষ ধূমায়িত হতে থাকে। ১৯৫৪ সালের ১৬ই ফেব্রুয়ারী মাসে এক বিশাল জ্বমায়েত থেকে হাজার হাজার মানুষ বেরিয়ে আইন

অমান্য আন্দোলনে ঝাঁপিয়ে পড়েন। তাতে গোটা কলকাতা উত্তাল হয়ে ওঠে। এরপর গোদের ওপর বিষয়োড়ার মত ডাঃ বিধানচন্দ্র রায় ১৯৫৫ সালের দিকে বাংলা বিহার সংযুক্তি করণের এক প্রস্তাব আনেন। তখন ভাষার ভিত্তিতে রাজ্য পূনর্গঠনের আন্দোলন সারা ভারতবর্ষ জুড়ে চলছে। এটাকে প্রতিহত করার জন্য ডাঃ বিধানচন্দ্র রায় সুপরিকল্পিতভাবে প্রস্তাব আনেন বাংলাকে বিহারের সাথে সংযুক্তকরণ। এর বিরুদ্ধে আমরা দেখেছি ১৯৫৫, ১৯৫৬ সালে সারা পশ্চিমবংগ জুড়ে কলকাতায় বিশাল আইন অমান্য আন্দোলন গড়ে ওঠে।

আমি সেই সময় মূর্শিদাবাদ ও বহরমপুর জেলায় পার্টির দায়িত্বে ছিলাম। সেই সময় মূর্শিদাবাদ জেলা ও পশ্চিমবংগের সমস্ত জেলাগুলিতে হাজার হাজার মানুষ বাংলা বিহার সংযুক্তি করণের বিরুদ্ধে আন্দোলন করে। এই আন্দোলনের ফলশুতি হিসাবে সেদিন ডাঃ বিধানচন্দ্র রায় এবং তাঁর সরকার পিছিয়ে যান। এই পটভূমিকায় পঞ্চাশের দশকের শেষে গণ আন্দোলনের চরম পরিণতি হল ১৯৫৯ সালের খাদ্য আন্দোলন।

এখন আমি খুব সংক্ষেপে কয়েকটি জেলায় এই খাদ্য আন্দোলনের গোড়ার দিককার কথা আলোচনা করতে চাইছি। প্রথমেই বলি মুর্শিদাবাদ জেলার খাদ্য আন্দোলন। এই জেলার ১৯৫৯ সালের দিনটা আমার মনে আছে। ৫ই আগস্ট। প্রায় পনের হাজার বুভুক্ষু মানুষের সমাবেশ ঘটেছিল জেলার DM-এর বাংলোর সামনে। মুর্শিদাবাদে তখন চলছে দারুল আকাল। মুর্শিদাবাদের পশ্চিম অঞ্চলটা রাঢ় বলে পরিচিত কান্দি মহকুমা শস্যাগার বলা যেতে পারে। কিন্তু সেই শস্যাগার থাকা সম্বেও ১৯৫৯ সালে ভয়ংকর খাদ্যাভাব দেখা দিয়েছিল মুর্শিদাবাদ জেলায়। চালের দাম অস্বাভাবিক হয়েছিল। সেই অস্বাভাবিক চালের দামের প্রতিবাদে মুর্শিদাবাদ গর্জে উঠেছিল। এই জেলা ছিল RSP বা একটি বিপ্লবী সমাজতান্ত্রিক দলের ঘাঁটি। প্রধানতঃ তাদের নেতৃত্বে সেই সময় গড়ে ওঠে মূল্যবৃদ্ধির প্রতিবাদ। সেই আকালের বিরুদ্ধে ডঃ মেঘনাদ সাহা, সর্বজন শ্রন্ধেয় নেতা সাংসদ ত্রিদিব চৌধুরীর নেতৃত্বে গড়ে উঠেছিল প্রতিরোধ কমিটি। প্রতিরোধ কমিটির ভাকে আন্দোলনের ডাক দেওয়া হয়েছিল। জুলাই মাসের শেষে এবং অগাস্টের প্রথম দিকে চতুর্দিকে মিছিলের পর মিছিল ও ভুখা মিছিলের সমাবেশ চলতে থাকে। ৫ই আগস্ট দুর্ভিক্ষ কমিটি ভাক দিলেন জেলা ম্যাজিষ্ট্রেটের বাংলোর সামনে বিক্ষোভ সমাবেশের। আমার সেদিন মনে আছে, বহরমপুরের আশে পাশে যে কলোনীগুলো ছিল সেখান থেকে এবং গ্রাম গ্রামান্তর থেকে প্রায় দশ পনের হাজার মানুব জমায়েত হল জেলা ম্যাজিষ্ট্রেটের সামনে গণ ডেপুটেশন দেবার জন্য। তখন মুর্শিদাবাদের জেলা ম্যাজিষ্ট্রেট ছিলেন জে সি তালুকদার। তালুকদার মহাশয় তাদের সঙ্গে সাক্ষাহ হাজার মানুবের মধ্যে বিক্ষোভ ফেটে পড়লো। এবং তখন ব্যাপকভাবে লাঠি চার্জ ও টিয়ার গ্যাস শুরু হল।

আমি সেই সময় কলকাতায় ছিলাম। এই সংবাদটি নিয়ে এবং আমার কয়েকজন বন্ধু-বান্ধবকে নিয়ে শরৎচন্দ্র বসু মহাশরের প্রতিষ্ঠিত Nation পত্রিকার আফিসে গিয়েছিলাম। পরের দিন কাগজে খবর বেরোল Nation পত্রিকায়। "Not food but lathi and teargas in Berhampur", এই বিশাল শিরোনামায় এই বিশাল খবরটি বেরোল সেদিন কাগজে। মূর্শিদাবাদ আগুন হয়ে উঠলো। এই আন্দোলনের নেতৃত্ব দিয়েছিলেন সেদিনকার RSP নেতারা। সেদিনের কথা অনেকেরই মনে আছে। দিলীপ সিংহ, নিতাই গুপ্ত, নবকৃষ্ণ চট্টোপাধ্যায় এবং তরুল RSP নেতা রাধারঞ্জন গুপ্ত প্রমুখ। এই আন্দোলনে মেয়েরাও হাজারে হাজারে সামিল হয়েছিলেন। ১৭ বছরের ছাত্রী নেত্রী ইন্সিতা বিশ্বাস পুলিশের আক্রমণে আহত হলেন। আহত হলেন করুণাদেবীর মত প্রবীন মহিলা নেত্রী। এই আন্দোলনের পুরোভাগে ছিলেন প্রথিত য়শা মহিলা নেত্রী সুবর্গলতা ভট্ট প্রমুখেরা। বহরমপুরে এই ঘটনার পর সারা মুর্শিদাবাদে সেই আগুন ছড়িয়ে পড়েছিল। সেই আন্দোলনের কথা আমার আজও মনে আছে। সেই সময় বিশেষ ঘৃণিত ব্যক্তিত্ব হিসাবে চিহ্নিত হয়ে গিয়েছিলেন গোটা মুর্শিদাবাদ জেলায় ৫ই আগস্ট তারিখে লাঠি চালনা এবং টিয়ারগ্যাস বুভুক্ষু ও গরীব মানুষের উপর যিনি লেলিয়ে দিয়েছিলে সেই প্রাণদা চক্রন্থর্তী মহাশয়। সে কথাটাও আমার আজও মনে পড়ে যাচেছ।

তারপর থেকে খাদ্য আন্দোলন দেখা দিল একের পর এক অন্যান্য জেলায়। বিস্ফোরক হিসাবে দেখা দিল কোচবিহার জেলায়। সেখানে মুর্শিদাবাদ ও বহরমপুরের মত সমাবেশ হয়েছিল। আমরা সকলেই জানি সেই আন্দোলনের, সেই ৫ই আগস্ট, পুলিশের গুলিতে নিহত হলেন দুই মহিলা নেত্রী বকুল, বন্দনা। দেশ স্বাধীন হওয়ার পর প্রথম লাঠি চললো মুর্শিদাবাদ জেলার বহরমপুরে তার পরেই গুলি চললো কোচবিহারে। নিহত হলেন বকুল বন্দনা। এই আন্দোলনে নেতৃত্ব দিলেন অবিভক্ত কমিউনিষ্ট পার্টির নেতারা, নেতৃত্ব দেন কোচবিহারের ফরওয়ার্ড পার্টির নরেশবাবু, দুর্গেশ নিয়োগী প্রমুখ নেতারা। RSP-র ছাত্র নেতা সৌরেন ভট্টাচার্য যিনি অধ্যপক সমিতির (ওয়েবকুটা) অবিসংবাদী নেতা হিসাবে প্রতিষ্ঠিত হয়েছিলেন, তিনি তখন কোচবিহারের মানুষ। কোচবিহারে বকুল বন্দনার হত্যার পরের দিন সারা পশ্চিমবাংলায় প্রতিবাদ দিবস হিসাবে পালিত হয়েছিল।

এরপর আমরা দেখলাম মেদিনীপুর জেলাতেও সেইরকম ব্যাপক আন্দোলন গড়ে উঠছিল। বিশাল জেলা মেদিনীপুর। এক প্রান্ত থেকে অপর প্রান্তে গর্জে উঠছিল ব্যাপক খাদ্য আন্দোলনে। সেই সূতাহাট থেকে তমলুক, সেখান থেকে কাঁথি, ভগবানপুরে বিস্তৃত হয়েছিল সেই আন্দোলন। ছড়িয়ে পড়ে ঘাটাল মেদিনীপুরের সদর মহকুমায়। মেদিনীপুরের আন্দোলনে নেতৃত্ব দিয়েছিলেন বিশ্বনাথ মুখাজী, ভূপাল পাণ্ডা, গীতা মুখাজী, সরোজ রায়, দেবেন দাস প্রমুখ নেতৃবর্গ। আমার যতদূর মনে পড়ে খড়গপুরে এই আন্দোলনের নেতৃত্ব দিয়েছিলেন নারায়ণ চৌবে মহাশয়। আরেকজন নেতার নাম উল্লেখ করতে ভূলে গিয়েছি, তিনি প্রথমে অভিভক্ত কমিউনিষ্ট পার্টিতে ছিলেন না, ছিলেন যতদূর মনে পড়ে RCPI-তে, পরে তিনি CPI ও CPIM-এ যোগ দেন, তিনি হলেন সুকুমার সেনগুপ্ত। তিনি দীর্ঘদিন ঐ জেলায় পার্টির জেলা সম্পাদক ছিলেন। তার নেতৃত্বে মেদিনীপুর জেলায় বিশাল আন্দোলন সংগঠিত হয়েছিল। আরও অন্যান্য জেলাতেও এই আন্দোলনের পুনরাবৃত্তি ঘটে। আমরা বিভিন্ন জেলায় এই আন্দোলনের বিস্ফোরণ দেখেছিলাম।

এইবার আমরা খাদ্য আন্দোলন এবং খাদ্য নীতি দুটোতেই আসি। পঞ্চাশের দশকের গোড়ার দিকে, তখন ভীষণভাবে খাদ্য সংকট দেখা দিয়েছে। তখন পশ্চিমবংগ বিধান সভাতে যেমন, লোকসভাতেও এই নিয়ে প্রচুর বিতর্ক হয়েছে। আমি একদিন পার্লামেন্টভবনে সেই সময় উপস্থিত ছিলাম। সেই বিতর্কে আমাদের পশ্চিমবাংলা থেকে নির্বাচিত সদস্যরা অংশ গ্রহণ করেছিলেন। খুবই যুক্তিপূর্ণ কথা তারা বলেছেন। বিশেষ করে আমার মনে পড়ে যায় চারজন বক্তার খাদ্য সংকটের কথা। যে জিনিসটা কংগ্রেস সরকার পালন করছেন না কি সর্বভারতীয় ভিত্তিতে অথবা পশ্চিমবাংলাতে, সেটা তারা সেদিন বিশেষভাবে উল্লেখ করেন। সেদিন যাদের আলোচনা গোটা হাউসে রেখাপাত করেছিল তাঁরা হচ্ছেন সর্বজন শ্রজেয় সাংসদ অধ্যাপক হীরেন মুখোপাধ্যায়, সর্বজন শ্রজেয় সাংসদ ও প্রবীন স্বাধীনতা সংগ্রামী ত্রিদিব চৌধুরী মহাশায়। বিশেষভাবে রেখাপাত করেছিল যার বক্তব্য তিনি হলেন রেণু চক্রবর্তী মহাশায়া। এছাড়া আর একজন তিনি অবশ্য ভাল বক্তা ছিলেন না, কিন্তু অন্তুত তাঁর যুক্তি দিয়ে বিভিন্ন তথ্য দিয়ে তিনি প্রায় বলা যেতে পারে হাউসকে মাতিয়ে দিয়েছিলেন, মুগ্ধ করেছিলেন, তিনি হচ্ছেন প্রতিযশা, আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন বিজ্ঞানী ডঃ মেঘনাদ সাহা। মেঘনাদ সাহার বক্তব্যের ওপরেই আলোচনা চলতে চলতেই প্রধানমন্ত্রী, আমার মনে পড়ছে interupt করেন। ডঃ মেঘনাদ সাহা তাতে ভয়ঙ্কর ক্ষিপ্ত হয়ে পড়েন। তখনই তিনি বলেছিলেন যে জওহরলাল নেহকুর মত রাজনীতিবিদ জন্মাবেন, কিন্তু মেঘনাদ সাহার মত বৈজ্ঞানিক আর অন্ধ সংখ্যকই তারা আসেন। তিনি রাগান্বিত স্বরে জওহরলাল নেহকুকে উদ্দেশ্য করে ঐ উক্তিটিই করেছিলেন। যাই হোক ঐ চার পাঁচজনের বিতর্কে যারা অংশগ্রহণ করেছিলেন এবং খাদ্য সংকটের কথা তুলে ধরেছিলেন, ব্রিদিব চৌধুরী, হীরেন মুখার্জী, বেণু চক্রবর্তী ও ডঃ মেঘনাদ সাহা, ওগুলো আজকে আমার স্মৃতিতে ভেসে আসছে।

এদিকে কলকাতায় বিধান সভাও তখন উচ্ছল জ্যোতিষ্কে ভরা। একদিকে কংগ্রেসের খুব নাম করা লোকেরা মন্ত্রিসভাতে সেদিন ছিলেন, তেমনি ছিলেন বামপন্থী তরফে। তাদের মধ্যে নিশ্চয়ই সর্বাগ্রে নাম করতে হবে জ্যোতি বসু মহাশয়ের। উনি ক্ষুরধার যুক্তির সাহায্যে তথ্য সমৃদ্ধ বক্তব্যসহ তিনি বিধান সভায় উপস্থাপনা করেছিলেন। সেই সময়ে মনে পড়ে যায় আরও তিন চারজনের কথা। বিশেষ করে দেবেন সেন, সুরেশ ব্যানার্জী, যতীন চক্রবতী, SUCI দলের সুবোধ বন্দ্যোপাধ্যায়-এর কথা। এরা সকলেই তুখোর বক্তা। খাদ্য সংকটের ওপর এরা বস্তু তথ্য দিয়ে ডাঃ বিধানচন্দ্র রায় এবং তাঁর সরকারের মন্ত্রীবর্গকে বিশেষ বিপাকে ফেলেছিলেন। একথাটাও আজকে উল্লেখ করা দরকার।

এবার আমি ১৯৫৯ খাদ্য আন্দোলন, একথাটা আমি গোড়া থেকেই বলেছি, স্বাধীনতা প্রাপ্তির পর থেকেই শুরু হয়েছিল। ১৯৪৯-৫০ সালের খাদ্য আন্দোলন যা আমি বিভিন্ন জেলার কথায় বলেছি, তখন প্রধানতঃ দুটি সংগঠন যারা পশ্চিমবংগ জুড়ে খাদ্য আন্দোলন পরিচালনা করেছিলেন। একটি হচ্ছে মেঘনাদ সাহা, ত্রিদিব চৌধুরী, নিখিল দাস, কমঃ মাখন পাল (RSP)-এর নেতৃত্বে গঠিত দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি, অন্যদিকে অবিভক্ত কমিউনিষ্ট পার্টির নেতৃত্বে গড়ে উঠেছিল খাদ্য অভিযান কমিটি। সেই খাদ্য অভিযান কমিটি এবং সংযুক্ত দুঃর্ভিক্ষ প্রতিরোধ কমিটি এরা সেই সময় বড় বড়

সমাবেশ করেছে। এই সমাবেশে উপস্থিত হওয়ার সুযোগ আমার হয়েছিল ময়দানে। উভয় কমিটির শাখা বিভিন্ন জ্ঞেলায় প্রসারিত হয়েছিল। এই দুই সংগঠনের নেতৃত্বে পঞ্চাশ দশকের গোড়ার দিকে সেই খাদ্য আন্দোলন সঞ্চালিত হতে থাকে।

১৯৫৯ সালের মাঝামাঝি সময় থেকে পশ্চিমবাংলার বিভিন্ন জেলা ও কলকাতাতেও চালের ও অন্যান্য খাদ্য দ্রব্যের দাম অস্বাভাবিক ভাবে বৃদ্ধি পেতে থাকে। এইরকম যখন অবস্থা, গোটা দেশ জুড়ে খাদ্যাভাব একটা চরম অবস্থায় এসে পৌঁছেছে। তখন আগস্ট মাসের প্রথমে বামপন্থী নেতৃত্বে কলকাতায় মুসলিম ইনষ্টিটিউট হলে একটি কনভেনশন ডাকা হয়। সেই কনভেনশনে ১৬টি জেলা থেকে প্রতিনিধি এসেছিলেন। বক্তব্য রেখেছিলেন ডঃ সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, জ্যোতি বসু, হেমন্ত বসু, নিখিল দাস প্রমুখ নেতারা। কেন্দ্রীয় ভাবে সুধীনকুমার বক্তব্য রেখেছিলেন। প্রত্যেক জেলা থেকেও প্রতিনিধিরা বক্তব্য রেখেছিলেন। যেমন আমার মনে পড়ছে বর্ধমান জেলা থেকে সেদিন প্রতিনিধিত্ব করেছিলেন আমাদের সকলের পরিচিত বিনয়দা, বিনয় চৌধুরী মহাশয়। আমি মূর্শিদাবাদ জেলার RSP-এর তরফ থেকে সেদিন বক্তব্য রেখেছিলাম। এই কেন্দ্রীয়ভাবে ৭/৮ জন বক্তব্য রেখেছিলেন। এই বক্তব্যে তারা আন্দোলনের কর্মসূচী বিশেষভাবে জেলায় জেলায় আইন আন্দোলনের কথা ঘোষণা করেছিলেন। কলকাতায় কেন্দ্রীয় জমায়েতের কথা বলেছিলেন। এইরকম একটা আন্দোলনের রূপরেখা সেখানে তৈরি হয়ে গিয়েছিল। সেই রূপরেখাগুলি আমরা সমস্ত জেলায় সংঘটিত করতে লাগলাম। আমরা কলকাতা থেকে ফিরে গেলাম। তার পরের দিনই কাগজে বেরোলো, বেতারেও মুখ্যমন্ত্রী বিবৃতি দিয়েছিলেন। বিবৃতি নয়, প্রায় হংকার বলা চলতে পারে। তার কথাটি আজও আমার কানে বাজছে। তিনি বলেছিলেন "no self respective government with the name can tolerate this attitude by creating lawlessness in the country" অর্থাৎ ''আত্মসম্মান জ্ঞান বিশিষ্ট কোন সরকার এই রকমের বামপন্থীরা যে বিশৃংখলা সৃষ্টি করার চেষ্টা করছে তা বরদাস্ত করা যায় না। আমি তা বরদান্ত করবো না। সঠিকভাবে তার মোকাবিলা করব।" এবং বলার কিছুদিন বাদেই আমরা দেখলাম পশ্চিমবাংলা জুড়ে ব্যাপকভাবে সকল বামপন্থী কর্মী এবং নেতাদের ধরপাকড় শুরু হয়ে গেল। দুদিনের মধ্যেই পশ্চিমবংগের সমস্ত জেলায় জেলখানাগুলো এবং কলকাতার কেন্দ্রীয় কারাগার সমস্ত জায়গাতে বামপন্থী নেতৃত্বকে এবং সক্রিয় কর্মীদের গ্রেপ্তার করে রাখা হল। আমাকে সেই সময় গ্রেপ্তার করে বহরমপুর জেলখানায় রাখা হয়েছিল। আমার সঙ্গে ছিলেন অভিভক্ত কমিউনিষ্ট পার্টির নেতা সনৎ রাহা মহাশয়। RSP জেলা সম্পাদক ছিলেন বর্তমান সেচমন্ত্রী শ্রী অমর রায় মহাশয়। RSP নেতা সহাস দাস ছিলেন। এই রকম আমাদের মূর্শিদাবাদ জেলার কয়েকজনকে গ্রেপ্তার করা হয়েছিল। আমাদেরকে P.P. Act অথবা নিবর্তন মূলক আটক আইনে আগস্ট মাসের মধ্যভাগ থেকে গ্রেপ্তার করে রাখা হয়।

আমরা জেলখানা থেকে প্রায়ই শুনতাম বহরমপুর শহরের আশেপাশে রোজই সেখানে মিছিল বেরোচ্ছে খাদ্যের দাবিতে, খাদ্য আন্দোলন সংগঠিত করার জন্য। মিটিং মিছিল পরিচালিত হচ্ছে। ৩১ আগস্ট দেখলাম যে জেলখানার পাশ দিয়ে হাজার মানুষের মিছিল সোচ্চার হয়ে তারা ঘোষণা করতে করতে যাছে। জেলখানার পাশেই ছিল বহরমপুরের বিরাট মাঠ Barrack Square Field, ময়দান বলে যা পরিচিত। সেখান থেকেই বুঝতে পারলাম যে হাজার হাজার মানুষ সেখানে জমায়েত হয়েছিল, তাদের Slogan থেকেই আমার কাছে স্পষ্ট হচ্ছিল। সেদিন সেখানেও ব্যাপক আন্দোলন হয়েছিল। সেই আন্দোলনের আগে শত শত কর্মীকে গ্রেপ্তার করা হচ্ছিল। ৩১ আগস্ট তারিখে বছ কর্মী ও নেতাকে গ্রেপ্তার করা হল এবং তার আগেও বছ কর্মী ও নেতাকে আমাদের মত কয়েকজনকে নিবর্তন মূলক আটক আইনে বন্দী করা হয়েছিল। পরে দেখলাম আরও অনেককে বিভিন্ন আইনে বন্দী করা হল।

শুধু মুর্শিদাবাদ জেলায় নয়, সমস্ত ১৬টি জেলাতেই সেদিন স্ফুলিংগের মত সেই আন্দোলন ছড়িয়ে পড়েছিল। আমি আগেই উল্লেখ করেছি কলকাতায় আমরা জানি গ্রাম গ্রামান্তর থেকে, জেলার Headquarter—এ কোন কোন HQ মফঃস্বলের জায়গায় এই আন্দোন সংঘটিত হয়েছিল। কলকাতার আশে পাশের জেলা থেকে বুভুক্ষু মানুষ ভূখা মিছিল (Hunger March) সংগঠিত করে কলকাতায় এসেছিলেন। জেল থেকে বেরিয়ে এসে সমস্ত খবরগুলো পেয়েছিলাম। জেলের মধ্যে যে কাগজ আমাদেরকে পড়তে দেওয়া হয়েছিল সেসব কাগজ পড়েও আমরা জানতে পাই কি উত্তাল আন্দোলন সারা পশ্চিমবাংলার জেলাগুলিতে চলেছিল।৩১শে আগস্ট দেখলাম হাজার হাজার মানুষ তদানীন্তন ওয়েলিংটন স্কোয়ারে, বর্তমান সুবোধ মল্লিক স্কোয়ার, হাজার হাজার মানুষ এসেছেন। সেই নিরীহ নিরশ্র শান্তিপ্রিয় মানুষের ওপরে বিধানচন্দ্র রায় লেলিয়ে দিলেন তাঁর পুলিশ বাহিনীকে। নির্বিচারে বেধড়ক পেটানো হল নির্মাভাবে, নিষ্ঠুরভাবে ও

নৃশংসভাবে। কাগজে দেখলাম ৮০ জন কৃষক কলকাতার রাজপথে মারা গেছেন। আমরা সকলেই স্তম্ভিত হয়ে উঠলাম। এর পরবতীকালে বিশেষ করে আবার যখন Assembly খুলেছে এই নিয়ে উত্তাল হয়ে উঠেছে। বামপন্থী নেতারা ততদিনে জেল থেকে বেরিয়ে এসেছেন। তাঁরাও সোচ্চার হয়েছেন।

সেই আন্দোলনের কথাটা আজও মনে পড়ে যাছে। ৩১শে অগাস্টের পরই ছাত্ররা ধর্মঘট ডাকলো ২রা সেপ্টেম্বর তারিখে। সেদিন তাদের ওপর গুলি চালানো হয়েছিল। ফলে কলকাতা হয়ে উঠেছিল সাংঘাতিকভাবে উত্তাল। কলকাতায় প্রথম কৃষক হত্যার পর শুরু হল ছাত্র নিধন পালা। এই সমস্ত অত্যাচারের বিরুদ্ধে, হত্যাকাণ্ডের বিরুদ্ধে সেদিন সারা পশ্চিমবাংলায় বিক্ষোভ দিবস পালিত হল এবং সর্বত্র বিক্ষোভ মিছিলে মুখরিত হয়ে উঠেছিল।

# ১৯৫৯ সালের খাদ্য আন্দোলন

বিংশ শতাব্দীর পঞ্চাশের দশক বিভিন্ন গণ আন্দোলনের দশক। এই দশকে ট্রাম-বাস ভাড়া বৃদ্ধি প্রতিরোধ আন্দোলন, শিক্ষক আন্দোলন, ডাঃ বিধানচন্দ্র রায় মুখ্যমন্ত্রী থাকাকালীন বাংলা-বিহার মার্জার বিরোধী আন্দোলন, মূলবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ আন্দোলন ইত্যাদি বছবিধ গণ-আন্দোলন পশ্চিমবাংলায় গড়ে উঠেছিল।

সর্বাপেক্ষা ব্যাপক ও তীব্র গণ আন্দোলন হোল মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ আন্দোলন। এই আন্দোলন গড়ার জন্য একটি দীর্ঘস্থায়ী আন্দোলন কমিটি গড়ে ওঠে; যার নাম দেওয়া হয় "পশ্চিমবংগ মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি"। এর সভাপতি ছিলেন ডঃ সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, হেমন্তকুমার বসু (ফরোয়ার্ড ব্লক), মাখন পাল (RSP), বিমলানন্দ মুখোপাধ্যায় (R.C.P.I.) বরদা মুকুটমণি (বলশেভিক পার্টি), পরবর্তীকালে হরেকৃষ্ণ কোঙার (C.P.I.), CPI(M) পার্টি তখনও জন্ম নেয়নি। এই কমিটির নেতৃত্বেই গড়ে ওঠে ১৯৫৯ সালের ঐতিহাসিক তীব্র ও ব্যাপকতম খাদ্য আন্দোলন। ১৯৫৯ সালের খাদ্য আন্দোলনের মূল পটভূমি ছিল তীব্র খাদ্যাভাব, বছলাংশে কৃত্রিম অভাব সৃষ্টি এবং কালোবাজারী।

১৯৫৯ সালের খাণ্য আন্দোলনের মূল পঢ়ভূমে ছিল তাব্র খাণ্যাভাব, বছলাংশে কৃত্রিম অভাব সৃষ্টি এবং কালোবাজার। হাওড়া শহরের হালদার পাড়া এলাকায় RCPI নেতা অনাদি দাস, শঙ্কর মগুলের নেতৃত্বে কালোবাজারীর চাল উদ্ধার করে সন্তা দামে তা বিক্রী করে দেওয়া হয়। RCPI নেতা অনাদি দাস ও সনাতন মগুল প্রমুখের নেতৃত্বে রামকৃষ্ণপুর এলাকায় বিশাল মিছিল যায় এবং জেলা ম্যাজিস্ট্রেটের কাছে সুলভে চাল সরবরাহের দাবি জানানো হয়।

দুইদিন পর কলকাতার এন্টালি এলাকায় "লোকসেবক সংঘের" অফিসে "মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি"-এর একটি বর্ধিত বৈঠকে RCPI প্রতিনিধি বিমলানন্দ মুখোপাধ্যায় হাওড়ায় খাদ্য উদ্ধার ও সুলভে তা বিক্রয়ের বিষয়টি বর্ণনা করেন। তার ২/৩ দিনের মধ্যেই দমদমে অনুরূপ ঘটনা হয়। সেখান থেকেই অনুরূপ আন্দোলনকে "দমদম দাওয়াই" বলা হোতে থাকে।

ঐ সময় "পশিচমবংগ মূল্যবৃদ্ধি ও দূর্ভিক্ষ প্রতিরোধ কমিটির" নেতৃত্বে ১৯৫৯ সালের ঐতিহাসিক খাদ্য মিছিলে বিশাল জনতা জমায়েত হয়। এই মিছিল কলিকাতা সুবোধ মল্লিক স্কোয়ার থেকে রাজভবনের দিকে যায়। লক্ষ্যাধিক মানুষের এই মিছিল কংগ্রেস সরকারকে আতদ্ধিত করে। অভৃতপূর্ব এই মিছিলের নেতৃত্বে ছিলেন জ্যোতি বসু, হেমন্ত বসু, বিমলানন্দ মুখোপাধ্যায়, মাখন পাল, বিমান মিত্র প্রমুখ। এরপরই জেলায় জেলায় মূল্যবৃদ্ধি ও দূর্ভিক্ষ প্রতিরোধ কমিটি গড়ে ওঠে। ব্যাপক সভা ও মিছিল চলতে থাকে। বর্ধমান, বীরভূম, নদীয়া, ২৪ পরগণা, মূর্শিদাবাদ, হুগলী, হাওড়া প্রভৃতি জেলায় RCPI মূল নেতৃত্বে থাকেন।

এই সময় হগলী জেলার জঙ্গিপাড়া এলাকায় ব্যাপক অনাবৃষ্টি ও জলসংকটের ফলে ১৬,০০০ একর জমির সম্পূর্ণ ফসল তীব্র খরায় নষ্ট হবার উপক্রম হয়। স্থানীয় RCPI কর্মী কেশব সিংহ রায়ের নেতৃত্বে ও আহ্বানে পশ্চিমবংগ মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির সদস্য বিমলানন্দ মুখোপাধ্যায় সেখানে যান। বিরাট বিক্ষোভ মিছিল সংগঠিত হয়। দামোদরের যে জল উপর দিকে আটকে রাখা হয়েছিল তা খুলে দেওয়া হয়, ফসল বেঁচে যায়। সেই সময় পশ্চিমবংগ সরকারের পরবর্তীকালের স্বাস্থ্যসচিব তরুণ সেনগুপ্ত এলাকার মহকুমা শাসক ছিলেন। জঙ্গিপাড়ায় বিরাট গণ সংগঠন "পল্লী সেবী পরিষদ" গড়ে ওঠে। এই সংগঠনের নেতৃত্বে চার শতাধিক মানুষের মিছিল ছোট ট্রেনে কলিকাতা ও বিধানসভায় আসে। হাওড়ায় মানুষরা তাদের খাবার ব্যবস্থা করেন, মিছিল যায় রাজভবনের দিকে।

কলিকাতা, হাওড়া ও নদীয়া থেকে চার সহস্র মানুষের একটা মিছিল বড়বাজার অভিযান করে। নেতৃত্বে ছিলেন পরবর্তীকালের খাদ্যমন্ত্রী সুধীন কুমার। ছিলেন RCPI নেতা অনাদি দাস, বলরাম চট্টোপাধ্যায়, বিমলানন্দ মুখোপাধ্যায় প্রমুখ। ১৯৫৯ সালের খাদ্য আন্দোলনের পর ১৯৬৬ সালর তীব্র ও ব্যাপক খাদ্য আন্দোলনের উল্লেখ না করা অসমীচীন হবে।

ঐ সময় বসিরহাটে বারো বছরের কিশোর নুরুল ইসলাম মিছিল নিয়ে মহকুমার শাসকের কাছে কেরোসিনের দাবি করতে গিয়ে গুলিতে প্রাণ হারায়। এরপর আন্দোলন ব্যাপক স্থানে প্রসারিত হয়।

নদীয়া জেলার কৃষ্ণনগরে মিছিল এক প্রচণ্ড বিক্ষোভের রূপ নেয়। গুলিতে মারা যান আনন্দ হাইত প্রমুখ কমরেড। শান্তিপুরে RCPI এর নেতৃত্বে দীর্ঘস্থায়ী আন্দোলন গড়ে ওঠে।

# R.C.P.I.-১৯৫৯ সালের খাদ্য আন্দোলন

১৯৪৭ সালের স্বাধীনতা লাভের পর দেশে যখন বিভক্ত হোল তখন ধানচাষ পূর্ববাংলায় এবং পাঁট চাষ পশ্চিমবাংলায় কেন্দ্রীভূত হয়। তৎকালীন প্রধানমন্ত্রী পশুত জওহরলাল নেহরু ঘোষণা করলেন এর ফলে খাদ্যে যে ঘাটতি দেখা দেবে তা পূরণ করবে ফুড কর্পোরেশন অব ইণ্ডিয়া (F.C.I.)। ধানি জমির অধিকাংশ পূর্ববাংলায় চলে যাওয়ায় খাদ্য উৎপাদনে ঘাটতি দেখা দেয়। ১৯৫৭-৫৮ সালে সংঘটিত খরা ও বন্যায় সেই ঘাটতি আরো ভয়াবহ আকার ধারণ করে। ১৯৫৮ সালে উৎপাদনে মন্দা ঘটে। এরই ফলশুভিতে ১৯৫৯ সালের চৈত্র-বৈশাখ মাসে (সুখা মরসুমে) চাল ও অন্যান্য খাদ্যশস্যের দাম অস্বাভাবিক বৃদ্ধি পায়।

এর বিরুদ্ধে পশ্চিমবংগের বিভিন্ন বামপন্থী দলগুলি আন্দোলন সংগঠিত করে। মে, জুন, জুলাই এই ৩ মাসব্যাপী বিভিন্ন জেলায় জেলায় বিক্ষোভ মিছিল সংগঠিত হয়। কেন্দ্রীয় কর্মচারীদের আহানে ৩১শে আগস্ট শহীদ মিনারে মিছিল সংগঠিত হয়। তদানীন্তন মুখ্যমন্ত্রী বিধানচন্দ্র রায় সেই সময় বিদেশে থাকায় শ্রীপ্রফুল্ল সেন ছিলেন কার্য্যকরী ভারপ্রাপ্ত মুখ্যমন্ত্রী। সেই দিন পশ্চিমবংগের বিভিন্ন গ্রাম থেকে হাজার হাজার মানুষ কলকাতায় শহীদ মিনার প্রাঙ্গনে এসে জমায়েত হয়ে মিছিল করে। এসপ্ল্যানেড ইস্টে এই মিছিলের উপর পুলিস অতর্কিতে লাঠি চার্জ করে এবং কাঁদানে গ্যাস ছোঁড়ে। লাঠির আঘাতে মিছিলে অবস্থানকারী ৮৪ জনের প্রাণহানি ঘটে। প্রকৃতপক্ষে ভারতের স্বাধীনতা আন্দোলনে এবং পরবর্তী স্বাধীন ভারতের কোন গণ-আন্দোলনেই পুলিশী আক্রমণে একসঙ্গে এত লোকের মৃতু ঘটেনি। ১৯১৯ সালে অমৃতসরের জালিয়ানওয়ালাবাগে পুলিশের গুলিতে ৫০০ জনের মৃত্যু—অত্যন্ত শোচনীয় ঘটনা হোল ও তা হয়েছিল একটি অবরুদ্ধ স্থানে বন্দুকের গুলিতে মৃত্যু; কিন্তু লাঠির আঘাতে ৮৪ জনের মৃত্যুর ঘটনা পৃথিবীর ইতিহাসে প্রথম। এই বর্বরোচিত পুলিশী আক্রমণের প্রতিবাদে সমগ্র পশ্চিমবংগ উত্তাল হয়ে উঠেছিল।

ইতিমধ্যে সমগ্র জেলায় খাদ্য আন্দোলন প্রত্যক্ষ সংঘর্ষের রূপ পরিগ্রহ করে। সেপ্টেম্বরে হাওড়ার রামকৃষ্ণপুরে R.C.P.I-এর কমরেড শৈলেন হাইত, কমঃ অনাদি দাস, কমঃ শঙ্কর মণ্ডল—প্রমুখের নেতৃত্বে খাদ্যশস্য মজুত গুদামণ্ডলিতে বিক্ষোভ শুরু হয়। গুদামে সঞ্চিত চালগুলি বলপূর্বক বের করে ন্যায্য দামে তা বিক্রীর ব্যবস্থা করা হয়। এই সময় এন্টালীতে লোকসেবক সঙ্ঘের অফিসে বামপন্থী পার্টিগুলির যে সভা হয় সেখানে R.C.P.I. নেতা কমঃ বিমলানন্দ মুখার্জী রামকৃষ্ণপুরের চাল উদ্ধারের কথা জানান। এই ঘটনা শুনে P.S.P.-এর নেতা বিদ্যুৎ বোস এর নেতৃত্বে দমদমেও অনুরূপ একটি আন্দোলন সংগঠিত হয় যা "দমদম দাওয়াই" নামে খ্যাত।

হাওড়ায় খাদ্য আন্দোলন এই সময় প্রবল আকার ধারণ করে। R.C.P.I., C.P.I. ফরোয়ার্ড ব্লক প্রমুখ বামপন্থী পার্টির নেতৃত্বে জেলাশাসকের বাংলোর সামনে সশস্ত্র আন্দোলন দেখানো হয়। এর বিরুদ্ধে পুলিশী নির্যাতন বৃদ্ধি পায়। প্রতিদিন মিটিং-মিছিলে পুলিশ-জনতা প্রত্যক্ষ সংঘর্ষ চলতে থাকে। ব্যাটরা থানার অন্তর্ভুক্ত কুরুর পুলিস ফাঁড়ির কাছে ১জন পুলিশ কনস্টেবলকে জনতা আগুনে পুড়িয়ে হত্যা করে। R.C.P.I. এর নেতৃত্বে মিছিল, মিটিং-এ দাসনগর উন্তাল হয়ে ওঠে। পুলিশের সঙ্গে পার্টির সংঘর্ষ শুরু হয়। সরকার সেখানকার সংঘর্ষ দমনের উদ্দেশ্যে মিলিটারি নামাতে বাধ্য হয়। স্বাধীনতার পর পশ্চিমবংগে এই প্রথম কোন স্থানের গণ আন্দোলন দমনের জন্য পুলিশ মিলিটারি নিয়োগ করে।

ইতিমধ্যে জ্যোতি বসু, মাখন পাল, অশোক ঘোষ, বিমলানন্দ মুখার্জী প্রমুখ শীর্ষ বামপন্থী নেতারা গ্রেপ্তার হয়েছেন। একদিকে নেতৃবৃন্দের মুক্তির দাবি এবং অন্যদিকে খাদ্যের দাবিতে জ্বেলায় জেলায় বিক্ষোভ আন্দোলন চলতে থাকে। নদীয়া জ্বেলার শান্তিপুর থেকে R.C.P.I.-এর কানাই পালের নেতৃত্বে ৩০০০ মানুষের মিছিল কৃষ্ণনগরের ডি. এম. (D.M.)-কে দুই দিন, দুই রাত্রি ঘেরাও করে রাখে। কানাই পাল, পবিত্র চ্যাটার্জী, কার্তিক ঘোষ গ্রেপ্তার হন এই ঘটনার

পরেই। রাণাঘাটে R.C.P.I.-এর মিছিলের উপর পুলিশ লাঠি চার্জ করে। বীরসিউড়িতে R.C.P.I. এর জেলা সম্পাদক নৃসিংহ সেনগুপ্তের নেতৃত্বে বিরাট মিছিল সংঘটিত হয়। বোলপুরে R.C.P.I. এর নেতা জগদীশ ঘোড়াই ও অনাথ হাজরার নেতৃত্বে মিছিল হয়। অনুরূপভাবে রামপুরহাটে R.C.P.I. নেতা যুগল দাস ও ব্রিলোচন মাল মিছিলের নেতৃত্বে ছিলেন। মুর্শিদাবাদের কান্দি মহকুমায় R.C.P.I. এর নেতৃত্বে ব্যাপক আন্দোলন গড়ে ওঠে যার নেতৃত্ব দেন বলরাম চ্যাটাজী। পুলিশ ব্যাপকভাবে গ্রেপ্তার করে। এই আন্দোলনে রোহিনী দাস, নকুলেশ ব্যানাজী, বৈদ্যনাথ দাস প্রমুখও ছিলেন নেতৃত্বের পুরোভাগে। ব্যারাকপুরে R.C.P.I. এর নেতৃত্বে যে আন্দোলন সংঘটিত হয় তার নেতৃত্ব দেন নৃপেন দে এবং সুনীল দে। এইভাবে মে মাস থেকে শুরু করে সেন্টেম্বর-অক্টোবর পর্যন্ত যে আন্দোলন চলে তা নভেম্বরে আবার তীব্ররূপে দেখা দেয়। ১৯৫৯ সালে পশ্চিমবংগে যে খাদ্য আন্দোলন দেখা দেয় তার বৈশিষ্ট্য হোল—স্বাধীনতার পর এই আন্দোলনইছিল পশ্চিমবংগের সর্ববৃহৎ আন্দোলন। এর পূর্বে ট্রাম ভাড়া বৃদ্ধি আন্দোলন, শিক্ষক আন্দোলন প্রমুখ-গণ আন্দোলনের রূপ নিলেও খাদ্য আন্দোলনের গণভিত্তি ছিল আরো ব্যাপক। এই খাদ্য আন্দোলনের মধ্যে দিয়ে জনমানসে কংগ্রেস বিরোধী মানসিকতা তীব্রতর হয় এবং জেলায় জেলায় বিভিন্ন বামপন্থী দলের সংগঠন আরো বৃদ্ধি পেতে থাকে।

# ১৯৫৯ সালের খাদ্য আন্দোলন

## কমরেড প্রভাস ঘোষ S.U.C.I

১৯৫৯ সালের খাদ্য আন্দোলনের প্রাক্কালে প্রায় প্রতি বছর দূর্ভিক্ষ দেখা দিত এবং তার বিরুদ্ধে আন্দোলন সংগঠিত হোত। বামপন্থীদের নিয়ে "মূল্যবৃদ্ধি ও দূর্ভিক্ষ প্রতিরোধ কমিটি" নামক একটি যৌথ কমিটি গড়ে ওঠে। প্রথমদিকে বামপন্থীদের নিয়ে সংগঠিত দূটি কমিটি ছিল। একদিকে ছিল C.P.I., S.U.C.I. এবং অন্যদিকে ছিল R.C.P.I.। S.U.C.I. পার্টির প্রচেষ্টায় দূটি কমিটি যৌথভাবে সংগঠিত হোল। কমিটিতে প্রতি বছর যে মিটিং হোত, তার নেতা ছিলেন তৎকালীন রাজ্য সম্পাদক ও বর্তমান সাধারণ সম্পাদক নীহার মুখাজী। ১৯৫৯ সালের আগে ষ্ট্রীট হলে অনুষ্ঠিত সর্বদলীয় কনভেনশনে প্রসাইড কমিশনার ছিলেন কংগ্রেস নতা ডঃ সুরেশ ব্যানাজী।

এই কনভেনশনে অন্যান্য বামপন্থীদের সঙ্গে S.U.C.I.-এর মত পার্থক্য শুরু হয়। S.U.C.I.-এর দাবি ছিল খাদ্যদ্রব্যের ব্যবসা প্রত্যক্ষভাবে সরকারের অধীনে আনতে হবে, ব্যবসায়ীদের হাতে তা থাকবে না। তারা State trading-এর কথা বলেন। অর্থাৎ সরকার সমস্ত ধান কিনে নেবে যাতে গরিব চাষী নির্ধারিত দামে তা কিনতে পারে—এই ছিল একমাত্র স্থায়ী সমাধান সূত্র। তাদের মতে এর সঙ্গে যুক্ত করতে হবে ভূমি সংস্কার। অর্থাৎ জমিদার, জোতদারদের বেনামী জমি উদ্ধার করে ভূমিহীনদের মধ্যে তা বন্টন করে দিতে হবে। জনসাধারণের ক্রয়ক্ষমতা বৃদ্ধির জন্য বেকারদের চাকরীর ব্যবস্থা করতে হবে, যতদিন পর্যন্ত চাকরীর ব্যবস্থা না হয় ততদিন পর্যন্ত উপযুক্ত বেকার ভাতা তাদের দিতে হবে। এই প্রশ্নকে কন্ধে করে অবিভক্ত C.P.I. পার্টির সঙ্গে S.U.C.I.-এর তীব্র মত পার্থক্য শুরু হয়। S.U.C.I.-এর দাবি অর্থাৎ State trading তারা বাতিল করলেন। তাদের মতে ভূমিসংস্কার বা বেকারভাতা কোন আশু দাবি নয় তা দীর্ঘ মেয়াদী দাবি। কিন্তু শেষ পর্যন্ত ভোটাভূটির স্তরে গিয়ে S.U.C.I. পার্টি পরাক্ত হেল।

এই ব্যর্থতা সম্পর্কে S.U.C.I. দলের বক্তব্য হোল অবিভক্ত C.P.I. পার্টি গান্ধীবাদী সত্যাগ্রহ আন্দোলনের যে নীতি গ্রহণ করেছে তাতে সংকট মোচন হবে না। উপরস্ক অসংগঠিত ও বিচ্ছিন্ন মার্ক্সবাদী আন্দোলনে শুধুমাত্র পুলিসের গুলিতে নীরিহ যুবকদের প্রাণহানী ঘটবে; আন্দোলন সফল হবে না। S.U.C.I.-এর মতে আন্দোলন তখনই সফল হবে যখন সমাজের একদম নীচু স্তর অর্থাৎ তৃণমূল স্তরের জনগণের সহায়তায় দল গঠন করে, যুবক শ্রেণীকে ভলান্টিয়ার বা স্বেচ্ছাসেবক হিসেবে সংগঠিত করা যাবে। পাড়ায়-পাড়ায়, গ্রামে-গ্রামে আন্দোলনের হাতিয়ার রূপে স্বেচ্ছাসেবী বাহিনী গড়ে উঠলে আন্দোলন সফল ও সুদৃঢ় হয়ে উঠবে। এর পরবর্তী স্তরে ধাপে ধাপে আন্দোলন প্রসারিত করতে হবে—ঘেরাও, সাধারণ ধর্মঘট, প্রয়োজনে নিরবচ্ছিন্ন ধর্মঘট করতে হবে। S.U.C.I.-এর মতে যেভাবে অবিভক্ত যুক্তফট আন্দোলন চালাচ্ছে তা আসলে লোক দেখানো। কিছু মানুব পুলিসের গুলিতে নিহত হচ্ছে এবং সেই শহীদদের নামে তারা জনগণকে শপথ নেওয়ায় আগামী নির্বাচনে কংগ্রেসকে পরাস্ত করে তাদের যেন জ্বয়ী করা হয়। S.U.C.I. এই আন্দোলনের মাধ্যমে জনগণকে বোঝাতে চায় যে তাদের মূল শত্রু হোল পুঁজিবাদী অর্থনীতি ও পুঁজিবাদী রাষ্ট্র। তাই পুঁজিবাদের বিরোধীতায় স্থায়ী সংগ্রাম চালিয়ে যেতে হবে।

৩১শে আগস্টের মূল মিছিলের প্রস্তুতি হিসেবে ২৮শে আগস্ট ডায়মগুহারবারে একটি সভা হয়। যার প্রতিষ্ঠাতা, সাধারণ সম্পাদক, বিশিষ্ট মাকর্সবাদী চিন্তানায়ক ও প্রধান বন্ধা ছিলেন কমরেড শিবদাস ঘোষ। মিটিং চলাকালীন তাকে এবং আরো ২৫১ জনকে গ্রেপ্তার করে মিথ্যা মামলায় কারাক্ষদ্ধ করা হয়। অন্যান্য বামপন্থী নেতাদের সঙ্গে সুবোধ ব্যানাজী, নীহার মুখাজী প্রেপ্তার হন।

৩১শে আগস্টের বিশাল মিছিল গ্রেট ইষ্টার্নের সামনে আটকানো হয়। ধর্মতলা স্ট্রিটের সামনে সশস্ত্র পুলিস বাহিনী মোতায়েন ছিল। আইন অমান্য করার সময় আচমকা লাটি চার্জ, গ্যাস, গুলি চালনা করা হয় পুলিসের পক্ষ থেকে। চারদিক থেকে অবরুদ্ধ স্থানে আবদ্ধ থেকে জনতার পক্ষে বাইরে বেরিয়ে আসার উপায় ছিল না। এই নারকীয় অত্যাচারে সঠিক কত জন প্রাণ হারিয়েছেন তার সঠিক হিসাব পাওয়া যায় না। রাতের অন্ধকারে মৃতদেহগুলি সমুদ্রে ফেলে দেওয়া হয়। এই আক্রমণের প্রতিবাদে কলকাতা বিক্লুদ্ধ হয়ে উঠল। সেই রাত্রেই পূলিশ ও জনতার মধ্যে Street fight শুরু হয়। জনতা বিভিন্ন রাস্তা, থানা, পূলিসের গাড়ি অবরোধ করে। রাস্তাঘাটে এমনকী পাড়ায় পাড়ায় বিভিন্ন স্থানে যুবকরা দাড়িয়ে থাকে। 'যুগান্তর' পত্রিকার সম্পাদক লিখেছিলেন এই অবরোধের কথা। ১লা সেপ্টেম্বর যে ছাত্র মিছিল হয় তাতে কমরেড প্রভাস ঘোষ উপস্থিত ছিলেন। এই মিছিলে পূলিশের গুলিতে ছাত্ররা প্রাণ হারায়।

বাংলাদেশেও এই বিদ্রোহ ছড়িয়ে পড়ে। ৪ঠা সেপ্টেম্বর বাংলাদেশে সাধারণ ধর্মঘট হয়। পশ্চিমবংগে তখন প্রচণ্ড আন্দোলন ফেটে পড়ে। সেইসময় একদিকে দাবি অন্যদিকে পুলিসী আন্দোলন—এতসত্ত্বেও সেদিন মানুষের সংগ্রামী মানসিকতা ছিল অনেক দৃঢ়। নেতাগণ কারাাগারে বন্দী, আন্দোলন চলবে কিনা সে সম্পর্কে সিদ্ধান্ত নিতে পার্টি বিলম্ব করে। S.U.C.I.-এর প্রতিবাদ সত্ত্বেও আন্দোলন প্রত্যাহ্বত হওয়ায় একটি গৌরবজনক বিপ্লবের পরিসমাপ্তি ঘটল।

জেলে বন্দী নেতাদের চোর, ডাকাত, এমনকী মানসিক রোগীদের সাথে এসকঙ্গে রাখা হোত। এ সম্পর্কে সরকারের দৃষ্টিভঙ্গী ছিল অত্যন্ত কঠোর।

বর্তমানে C.P.I., C.P.I.(M) এবং S.U.C.I.-এর মধ্যে যে মতপার্থক্য তা একদিনে হয়নি। কাইউনিস্টরা মানুষের বিক্ষোভ, রণনীতি, পুলিসী অত্যাচার, শহীদ প্রভৃতি ইস্যুগুলিকে কেন্দ্র করে নির্বাচনে কংগ্রেসের প্রতিদ্বন্দ্বিতায় নিজেদের এগিয়ে রাখতে চেয়েছিল। অপরদিকে S.U.C.I.-এর লক্ষ্য ছিল—বিপ্লবী আন্দোলনকে সামনে রেখে সুসংবদ্ধ, সুশৃঙ্খল এবং দীর্ঘস্থায়ী আন্দোলন যাতে সমস্যার স্থায়ী সমাধান হয়। এই আন্দোলনের কর্মসূচী সম্পর্কে জনগণকে অনুপ্রাণিত করার জন্য কমরেড সুবোধ ব্যানার্জী অসংখ্য মিটিং করেছেন। সমস্যা এবং আন্দোলনকে প্রসারিত করার ক্ষেত্রে তিনি কমরেড শিবদাস ঘোষ এর দৃষ্টান্ত অণুসরণ করেছিলেন।

[সাক্ষাৎকার: শাশ্বতী সেনগুপ্ত]

# ৩১শে আগস্টের ঘটনা—একজন প্রত্যক্ষদর্শীর বিবরণ

[ ডঃ দিলীপ মজুমদার, পশ্চিমবংগ গণ আন্দোলন ও খাদ্য আন্দোলন, কলকাতা, ১৯৯১, পৃঃ ৮০-৮২ ]

## ডাঃ গোলাম ইয়াজদানি এম. এল. এ

গত ৩১শে আগস্ট রাজভবনের অনতিদূরে বিধান সরকারের পুলিশ যে শান্তিপূর্ণ লক্ষ লোকের শোভাযাত্রার উপর অতর্কিতে আক্রমণ করে তখন বিধানসভার সদস্য ডাঃ গোলাম ইয়াজদানি সেই শোভাযাত্রার সম্মুখ সারিতে ছিলেন। সেদিন তিনিও গুরুতরভাবে আহত হন। পুলিসের লাঠিচার্জে ডাঃ গোলাম ইয়াজদানির ডান দিকের পাঁজরের ৭নং হাড়টি ভাঙ্গিয়া গিয়াছে। তিনি বর্তমানে ইসলামিয়া হাসপাতালে শয্যাশায়ী।

৩১শে আগস্টের ঘটনাবলীর একটি বিবরণী ডাঃ ইয়াজদানি 'স্বাধীনতায়' পাঠাইয়াছেন একজন প্রত্যক্ষদর্শীর এই বিবরণীটি নীচে মুদ্রিত হইল। জোর করিয়া বলিতে পারি যে, শান্তিপূর্ণ সত্যাগ্রহী, বিক্ষোভ প্রদর্শনকারী কিংবা অগণিত পথচারী দর্শকবৃন্দ কাহারও তরফ হইতে বিন্দুমাত্রও প্ররোচনামূলক কোন কাজ করা হয় নাই। সত্যাগ্রহীদের প্রথম দল পুলিশ কর্ডন ভেদ করিয়া ভিতরে প্রবেশ করিবার পর বিশাল জনতা হইতে মুহর্মুছ অভিনন্দন সূচক ধ্বনি উত্থিত হয় ও কর্ডনের ভিতরে ফটোগ্রাফারদের ফ্লাস লাইট ঘন ঘন জ্বলিতে দেখা যায়। মিনিটের মধ্যে কর্ডনের দুপাশ হইত নৃশংস লাঠিচার্জ শুরু হইয়া যায়। বিমৃঢ় জনতা অপ্রত্যাশিত আক্রমণে কিংকর্তব্যবিমৃঢ় হইয়া পড়ে। মুহুর্তেই তাহারা দক্ষিণমুখী হইয়া ছটিবার চেষ্টা করে। পূর্ব হইতেই গভর্ণর হাউসের সামনা সামনি গেট হইতেই সমস্ত রাস্তা জুড়িয়া এই বিশাল জনতাকে নৃশংসভাবে ঠেঙাইবার জন্য আর একদল পূলিসবাহিনী প্রস্তুত করিয়া রাখা হইয়াছিল—যাহা মিছিলের সম্মুখ ভাগে থাকিয়া জানিতে পারি নাই। একদিকে, পিছন হইতে নৃশংস লাঠিচার্জে জনতাকে ঠেঙাইয়া তাড়া করা হইতেছে, অপরদিকে অগ্রবর্তী পুলিস লাইন পলায়ণপর জনতাকে—পুরুষ, নারী, শিশু, বৃদ্ধ-বৃদ্ধা নির্বিশেষে নির্দয়ভাবে লাঠির আঘাত হানিতেছে। এবং তাহার ফলে অনেকেই ধরাশায়ী হইতেছে। সে এক করুণ দৃশ্য ! আমি তখন গভর্ণর হাউসের ফুটপাতের উপর উঠিয়াছি। সামনেই মারমুখ পুলিস জনতাকে ঠেডাইতেছে। যাহার ফলে অনেকে আহত হইয়া ফুটপাতের পাশে পড়িয়া গেল। ইহাতেও রেহাই নাই। আহত নরনারীর গগনভেদী আর্তনাদ চারিদিকেই ছড়াইয়া পড়িল। আমার সামনেই আহত হইয়া কয়েকজন পড়িয়া গেল। তাহাদের উপর আমি পড়িয়া গেলাম এবং সঙ্গে সঙ্গে আসিয়া পড়িল পুলিশের লাঠি। পড়িয়া যাওয়া লোকগুলিকে পুলিশ উপর্যুপরি লাঠিচার্জ করিতে লাগিল। এই সময় দেখিতে পাইলাম, সমস্ত রাস্তায় যদ্ধক্ষেত্রে আহত ধরাশায়ী লোকের ন্যায় অগণিত নরনারী পডিয়া আছে। এবং যাহারা পালাইতেছে তাহাদের উপর পুরুষ. নারী নির্বিশেষে লাঠিচার্জ হইতেছে। ঠিক সামনেই একজন মাথায় গুরুতর আঘাত খাইয়া রক্তাক্ত দেহে পড়িয়া গেল। ২/৩ জন লোক তাহাকে সাহায্য করিবার জন্য ছুটিয়া গেল কিন্তু তাহাদেরকে পুলিস লাঠির প্রচণ্ড আঘাতে হটাইয়া দিল। বুকের আঘাতের চোটে আমার তখন ভীষণ নিঃশ্বাসের কন্ট হইতেছে—দম যেন বন্ধ হইয়া যাইতেছে, অতি কন্টে কোনও রকমে লাঠি চার্জের বেষ্টনী ভেদ করিয়া আত্মরক্ষা করি। আহতদের করুণ চিৎকার তখনও থামে নাই। বাহিরে আসিয়া দেখি চারিদিকেই পুলিশের অত্যাচার তাণ্ডব আকারে চলিতেছে—লাঠিচার্জ, টিয়ারগ্যস ইত্যাদি।

আমি তখন হাঁপাইতেছি। দারুণ শ্বাসকষ্ট। একটু বিশ্রামের প্রয়োজন। অথচ উপায় নাই। যেদিকেই তাকাই—পলায়নপর লোকদের উপর লাঠিচার্জ হইতেছে। তখন কার্জন পার্কের উত্তর ধারে ঘন ঘন টিয়ারগ্যাস বোমা ফাটিতেছে। কার্জন পার্কের মধ্য দিয়া মেট্রো সিনেমার সামনে চৌরঙ্গিতে আসিয়া পড়িলাম। সমস্ত দোকান, রেষ্টুরেন্ট বন্ধ। আশ্রয়ের কোন স্থান নেই। বিক্ষিপ্ত জনতা এদিকে সেদিকে ছুটিতেছে। দেখিলাম উত্তর দিকে চৌরঙ্গির মোড়ে এবং সুরেন্দ্র ব্যানার্জি রোডের একটু পশ্চিমে চৌরঙ্গির উপরেও লাঠিচার্জ হইতেছে। সুরেন্দ্র ব্যানার্জি রোড দিয়া পূর্বমুখে চলিলাম। কিন্তু কর্পোরেশন বিল্ডিং- এর কাছেও পুলিশ। তখন শুধু মনে হইতেছে যে, পালাইবার সব পথগুলিতেই কি পুলিস দিয়া ঠেঙাইবার বন্দোবস্ত

হইয়াছে? এই সব ব্যহ ভেদ করিয়া গ্রান্ট ষ্ট্রীট দিয়া কোনও রকমে চাঁদনি আসিয়া একটি বাসার কাছে শুইয়া পড়িলাম। সেখানকার লোকজন রিক্সা করিয়া হাসপাতালে পৌঁছাইয়া দিল।

সেদিন যে নৃশংস হাদয় বিদারক দৃশ্য দেখিয়াছি তাহা আমি এককালে শুধু রণক্ষেত্রেই প্রত্যক্ষ করিয়াছি। তফাৎ শুধু এই যে—সেদিনের দৃশ্য একডরফা যুদ্ধের পরিণতি।

আমার দৃঢ় ধারণা যে, সেদিনের ঘটনাস্থলেই অনেকে নিহত হন। তাহাদের সন্ধানই বা কোথায়?

# **PART-III**

# FOOD MOVEMENT IN CALCUTTA PRINT MEDIA

## Amrita Bazar Patrika

## **Food Crisis**

[Amrita Bazar Patrika, Monday, 22 June 1959]

On June 2, at a meeting of the West Bengal Food and Relief Advisory Committee, the State's Food Minister admitted the plain fact which could no longer be concealed under a bushel of brave words or of official statistics viz., that the price control in the free market did not work effectively. I spite of the best efforts of the Govt. he went on to say, it had not been possible satisfactorily to control retail prices in the state. Even in January when the Price Control Order came into force the retail prices of the rice did not conform to the controlled rates but the gap tended to widen but the Govt. remained unperturbed. Rice prices have at present soared to fantastic heights and, worse still, rice has apparently disappeared from the open market and all these the harassed consumer has, rightly or wrongly, put down to the Govt.'s ill – conceived food policy. When the house was burning, when reports of acute scarcity and mounting distress were pouring in form of the deficit districts, the Govt. initiated protracted talks with the officials of the local Food Department and the Union Food Secretary, while the outcome of these talks is not yet known and no relief is necessarily in right, Mr.P.C.Sen has come out with an amusing defence of his food policy and his achievement as Food Minister.

The Food Minister had the usual dig at newspapers and critics of the Govt.'s food policy. The trek of famished humanity into this city from the surroundings scarcity-hit areas in search of food and shelter constitutes a visible and necessarily more damaging indictment of the Govt.'s handling of the food situation than any newspaper has indicted. The severest criticism of the Govt.'s food policy has come not from politicians belonging to the opposition parties alone but from members of the ruling party itself. Mr. Sen made much of the fact (?) that one crore people throughout the state were none getting rice and wheat under the modified rationing system. He would have us all believe that the proper sections of the people in Calcutta and Industrial area were "much satisfied" to obtain two and a half seers of rice and wheat from the Govt. shops – all this has not evidently reached the Food Minister's ears. The modified rationing system is on the point of breakdown and that has created all the panic. It is breaking down because of the Govt.'s failure to procure food grains locally – only 54000 tons have been so far procured from the mills under the levy system.

The Food Minister had not a word to say about whole-sellers and millers whose anti-social activities have brought about the present food crisis. The popular belief that there are enormous hoarded stocks finds confirmation from the report that some 8000 maunds of rice were unearthed by the Enforcement Branch Police following a surprise raid in Sovabazar area. The Govt. will not have to complain (from the public) of any lack of co-operation from the public if they initiate a vigorous drive for the unearthing of the hidden-stocks. But they are apparently lying on increased assistance from the centre for tiding over the crisis. The agriculturists, those of them who have no holding capacity, had to part with rice at Rs.15 per maund, the controlled price is Rs.21 per maund and the consumers have to pay round about Rs.30 for each maund of rice. The consumers have not even the consolation that if they are being made to pay much too high prices the State's peasantry are being

benefited. The duly tangible beneficiary of the Govt.'s food policy based on the Price Control Order is the breed of hoarders and profiteers. The Govt.'s food policy has met with disastrous failure because they depend too much on help from the centre and too little on self-help.

## In Public Interest?

[Amrita Bazar Patrika, Wednesday, 24 June 1959]

To withdraw an order under a statutory law on the plea of inability to enforce it is nothing short of admitting the impotency of the administration. In announcing the West Bengal Govt's decision to suspend the price control order and the Levy order in respect of paddy and rice in the state. The Chief Minister told a Press conference on Monday evening this might mean a loss of prestige for the Govt. But the prestige of the Govt: is not a matter of sentiment concerning certain individuals. It is the bed-rock of the Govt:, especially by the impact of event like those in the matter of food during the last six months, the administration and the community at large may be much more seriously endangered than what the Chief Minister and his colleagues have apparently foreseen. Dr. Roy has sought to assure the public that the orders have been revoked in their interest. It is, however, more likely that this retreat by itself will further embolden the anti-social elements to fleece the public more openly and defiantly.

The Chief Minister briefly recounted the stages leading to the promulgation of the Price Control and the Levy Orders on rice and paddy. What he wanted to emphasize was that the Govt. was never convinced of the soundness of the measures ant that it was more or less prevailed upon by the public and the political parties to resort to them. To join issue with him on this point, none is useless, though cool and careful consideration would still suggest that the policy was not only correct but the only reasonable way out of the situation that was developing at the time. Its miscrable failure has defect but to the evident weakness of the Govt. in implementing it with as much promptness and vigour as it called for. Dr. Roy pleaded the difficulty of enforcing the three-tier control order on the vast number of producers, whole-sellers and retailers covered by it and scattered throughout the state. This explanation is hardly convincing in the face of the fact that the task of implementing the order was left only to the small contingent of the enforcement Branch and the large and wellorganized police force was never employed for the purpose. The Chief Minister's reason for not procuring adequate quantities of rice and paddy as an essential preparatory measure for countering the activities of hoarders and profiteers also does not seem very substantial. If a sizeable portion of the state's total production were procured over a reasonable spread out period, neither the stocks in the market would have dangerously depleted not the prices shot up abnormally, as Dr. Roy supposes.

The Chief Minister now looks in retrospect and realises the unwisdom of the price control policy. But what is the prospect before us? He hopes that the withdrawal of control would improve the market availability of rice and paddy and also bring down their prices. This optimism, however, is not supported by logic. If, as Dr.Roy himself admitted, stocks have gone under-ground as a result of the Govt.'s efforts to enforce price control, how can he be so sure that, after its withdrawal, they will flood the market to such an extent as to bring down the price appreciably? The bulk of the stocks are now in the hands of big dealers and producers who have hoarded them, despite the anti-hoarding law, with a view to making larger profits. Naturally, they cannot be expected to disgorge their hoards competitively after decontrol to bring about a slump in prices. On the contrary, it is more likely that, free from any restrictive law, they will continue their unholy alliance to manipulate supply in the market in such a way as to maintain the price at an abnormally high level! The only result of Govt.'s pusillanimity in enforcing the control order has been the loss sustained by small producers, who have been compelled to sell their stocks at controlled prices, free licence to profiteers

to exploit the public and surrender the millions of rural people to the tender mercies of the black marketeers because, unlike in Calcutta, they are not going to be adequately covered by modified rationing system. If in the face of all this, the Govt. contends that decontrol decision has been taken in public interest, the conclusion is irresistible that, in the eye of the popular Govt., their interests are safer in the hands of profiteers and black marketeers than in those of their chosen representatives.

#### [Amrita Bazar Patrika, 20 August 1959]

Programme of 20th August of PIFR Committee emphasised the objective of the "Food movement". Their target was the residence of the Food Minister against whom charges of mishandling the situation had been levelled. Despite its original intention, however, owing to the extension of section 144 of CPC. The agitators squatted on the safe side of the border line before a 5 feet deep police cordon. The demonstrators left after half an hour, warning the authorities for the demonstration slated for 314 Aug. Earlier at a rally in Maidan, several committee members claimed that contrary to the joint statement of the C.M. and Food Minister, prices were beginning to go down under pressure from the Food Movement. (Another SR's column: PI&FRC's programme of civil disobedience started with a surprise. It has announced earlier that they would break law at Chief Presidency magistrate's court at Bankshall street at 1 p.m. Even though police were stationed and alert the demonstrators moved into the compound individually with their flags hidden. At about 12.50 Jaan Majumdar (MLA) appeared with a group of people waving flags of CPI & FB. The police managed to hustle the demonstrator out - arresting 30 demonstrators. As the court premises did not fall under the .... Of section 144 order issued, almost every one was free to enter the area. Thus at 2.30 p.m. a lone agitator had to be thrown out of a courtroom, after which for the rest of the day entry to court room was restricted.17 persons were arrested at BDO's office at Dhaniakhali for staging demonstrations. Over 2000 men were reported to march in protest at Howrah - mostly from the working classes, demanding cheap rice. Similar protests and squatting took place at Bagnan, Domjur and Mahiary. 31 food agitators were held at Burdwan on charges of unlawful assembly and trespass into court room of Additional District Magistrate. 11 more were arrested at Kalna for agitating before the office of BDO.

#### [Amrita Bazar Patrika, 22 August 1959]

73 people (6 women) were arrested on 22 Aug. in Calcutta while trying to force their way into Sealdah court premises through a police cordon and hold a demonstration in response to PIFRC's programme of agitation against govt. Later 46 were released. Despite considerable police presence, some of the agitators did manage to get in and raise slogans. While they were being evicted, ordinary people in the court cheered the demonstrators on. Slogans like "Prafulla Sen Gaddi Chhoro, Abhi Chhoro, Jaldi Chhoro" could not be .... before a couple of hours. Another procession of over 100 men from Canning, Sonarpur, Vishnupur and other areas of 24 Parganas went in a procession to Alipore court on Friday. 46 were arrested trying to force their way into D.M.'s office and SDO's court. 6 person, demonstrating before SDO's court at Bongaon were arrested on same day.

#### Letter to Editor

#### [Amrita Bazar Patrika, 25 August 1959]

S.P.Banerjee from Calcutta reminds the Editor of an editorial on Kerala situation regarding how general strikes could be against public interest and the spirit of democracy. Then he expressed his astonishment at the paper's departure from those principles in choosing not to condemn the Food Movement categorically.

#### [Amrita Bazar Patrika, 26 August 1959]

Agitation boosted by the presence of two visiting opposition MPs (Pravat Kar & K.T.K. Thangama who were arrested from among a crowd of demonstrators outside a court room in Chinsurah on charges of inciting people to violate law. Secretariat sources revealed that they were subsequently released. Sources also stated that the police had to make Lathi-charges – once in Amta, twice in Amta and Srirampur. At Srirampur 12 rounds of tear-gas shells were fired. At separate occasions of food agitation on 25th August, 15 were arrested in Amta, 97 in Howrah, 63 in Barrackpore, 40 in Barasat, 6 in Bongaon, 7 in Basirhat and 25 in Diamond Harbour. From July 31, 1959, when first stage of movement had begun, nearly 3,500 arrests were made of whom 421 were women. 45 people associated with PIFRC were arrested while trying to force their way into the D.M.'s office at Baker Road, Calcutta. The demonstrators coming from Howrah, Canning, Bishnupur and 9 other adjoining areas were fined Rs.5/- each, in default to be detained till the rising of the court – the detainee chose not to pay the fine. 12 people were arrested in office. Over 1,000 food marchers attempted to breach the police cordon at Serampore court, failing which a section took to throwing stone. To disperse the agitators police had to Lathi-charge and throw tear gas shells. 12 people (including 10 policemen) were injured. 54 people were arrested.

#### [Amrita Bazar Patrika, 27 August 1959]

Extensive agitation by Food Movement activists and arrests dominated all districts in Bengal. 70 were arrested in Midnapore town, 27 in Garbeta, 25 in Keshpur, 168 in Tamluk, 53 in Ghatal, and 12 in Contai. In Asansol town alone 244 people were arrested; 47 in Bankura district; 44 in Cooch Bihar and 16 in Birbhum. 6 were arrested at Jalpaiguri, 11 at Chinsurah and 39 agitators were held at Burdwan – all on charges of trying to break police cordon and forcing entry into public offices.

## **Editorial**

Defends charge levelled against paper's attitude towards Food Movement by saying unlike the Kerala case, opposition in Bengal was not trying to oust an elected ministry forcibly. Labelled Food movement, as much as Kerala agitation "undemocratic" since " in a parliamentary democracy demonstrations are legitimate if their aim is to convince the authorities of popular backing for a point of view they ignore without inconveniencing the general public". Also defended criticism of govt. by saying unlike Kerala preventive detention was being carried out in Bengal, which the Statesman resented on principle, being based only upon suspicion. Editorial agreed with the Movement that state govt. should revaluate its food policy, and hoped if this was achieved then opposition should desist from the movement and get prisoners released.

#### [Amrita Bazar Patrika, 28 August 1959]

Hemanta Basu (F.B. MLA, Secretary of PIFRC), Sachin Sen (CPM councillor), Nirmal Sinha (FB) Shibdas Ghosh (Secretary, SUC), Sachin Banerjee (Commissioner, Jaynagar Municipality) were taken into preventive custody. 49 lawyers & 3 educationists W.B. Govt.'s 'anti-people food policy' under which people hoarding food were left free while agitation were being hounded out.

## [Amrita Bazar Patrika, 29 August 1959]

PIFRC: Programme for 31 Aug. includes a rally at Maidan, after which people would go along various routes and squat outside area when section 144 has been applied. Also said that hospitals, dispensaries, electricity, milk supply bodies, fire brigade, ambulance and doctors would be exempted from strike called on 3 September. Number of arrests were reported to be as high as 6,408 till that date.

#### [Amrita Bazar Patrika, 30 August 1959]

PIFRC: DM at Burdwan put a ban on processions with lighted torch in the district for the next two months, especially with reference to the food movement. Over 500 supporters of PIFRC took a new technique, marching from Batanagar, to Alipore court, shouting slogans but not violating any law. 7 of them later met the ADM, 24 Parganas and represented their grievances before him. No arrests were made.

#### [Amrita Bazar Patrika, 1 September 1959]

Life in Calcutta seriously disrupted as shops were closed down, transport pulled off streets and even lights put out in certain areas. Areas worst affected were Dalhousie Square, Chowringhee, Dharmotala, Central Avenue & College Street. Attempts were made to set fire to state buses, to rip up tramtracks and tamper with power supply. Several roadside shops were stoned. Gunsmith shops near Esplanade also came under attack. Trouble followed dispersed by police of large crowd of food demonstrators by a lathicharge, and use of tear-gas in Govt. Place. East at about 7.20 p.m., when demonstrators wanted to march into Writers Building in violation of order under section 144 Cr.P.C. Demonstrators were dispersed only after intensive operations for a couple of hours. The police made 7 lathicharges and fired 20 tear-gas shells. They clashed with demonstrators in College Street, Wellington Street, Dharmotala Street, Chowringhee and Esplanade East. About 340 people were injured in skirmishes (20 policemen). Injured demonstrators were removed by ambulance and RWAC members.

Arrests following the disturbances continued till date into the night – by 11 p.m. 70 were put under arrest – including MLAs like Amar Basu & Chitta Bose. Ram Chatterji, Makhan Pal, Mohit Moitra, Abdullah Rasul (Kisan leader) were among others to be arrested.

Over 300 arrests were made in and around Calcutta among people believed to have been coming to participate with the demonstrations. Many of them were held for travelling without tickets. These included a procession of 50 people, held at Sheoraphuli Station; over 110 in Naihati (24 Prgs); 25 in Diamond Harbour, 45 in Habra, 23 in Bistupur, 18 in Behala, 9 in Kakdwip & 23 in Bongaon.

An estimated 25,000 food demonstrators congregated at the Maidan in response to a PIFR committee call for March on Writers Building to force the govt. to reconsider its food policy & remove P.C,Sen. Several thousand policemen including mounted over / stood ready to prevent demonstrators from entering the Writers Building. A dozen state buses were parked nearby to remove detainees, if any. Tear gas squad soon went into action and fired 10 rounds. Demonstrators dispersed in difference directions, leaving streets strewn with shoes, festoons, banners, food, tiffin box, umbrellas and scores of injured people. Thousands of other people had collected near Esplanade East & Govt. Place East, who cheered the demonstrators and were themselves cleared by the Police.

Trouble then spread in to Dharmatala Street, Central Avenue, Mission Row. Stone throwing began near Curzon Park & then spread quickly. The City was normal by 10 pm. No one had any idea where the agitators from outside Calcutta when after being dispersed.

The PIFRC, chiefly CPI had prepared well for this show of strength. Its call was also well responded to. Despite bad weather & frequent showers, and notwithstanding Police detaining many hundreds, the rest freckled through individually into Calcutta, heading for the Maidan Rally (which started at 4 pm.).

Demonstrators, including farm workers, women & children from districts attended the rally in the midst of a heavy down pour, and then set off for the Writers demanding cheap rice and resignation of the Food Minister.

Police cordon near Govt. Place East was deliberately left open so that those choosing to violate the law could break into Police lines & be arrested. But this missed fired (7.20 pm.) as huge crowds surged forward. To hold them back order was given for lathicharge. When the drove the agitators into Curzon Park, stone throwing at the Police began. At about 7.30 pm. a state but was stoned at Chowringhee – Dharmatala crossing some glass windows smashed. Orders were then issued to garage the plying buses and by 9.00 pm. all buses were taken off the roads. Attempts to rip up tram tracks were failed at S.N.Banerjee Road – Rani Rasmoni Road crossing. Transport plying through Esplanade had to take a detour via Park Street and Wellington.

On the same day Darjeeling saw its first food agitation when 8 people courted arrest demonstrating before the District Court. Several procession were also taken out in Asansol, though the working classes stayed out by and large. A rally of 5000 demonstrator had to be broken up by a lathicharge when they were demonstrating before the room of the D.M. Stones were pelted injuring 9 Police men. 69 arrested.

## [Editorial, Amrita Bazar Patrika, 1 September 1959]

The result of the analysis by Calcutta corporation's Health Department of some of foodstuff seized during the three week anti adulteration drive in the city confirm public suspicion about the extent of this vile practice. Of the eight three samples of essential foodstuffs analysed so far, fifty to hundred per cent have been found adulterated. It may be taken for granted that the remaining specimens will present to better picture. The stuffs analysed and awaiting analysis have been seized from big manufacturers and wholesale dealers. But there is no reason to suppose that the retailers do not contribute their mite in this nefarious practice, at least in respect of articles that can be easily adulterated. The joint drive by the Corporation's Health Department and the Enforcement Branch of the police is commendable as far as it goes. But such occasional swoops are not likely to yield any ordinary result for which deterrent punishment and sustained campaigns, jointly by the Corporation and the Govt., are necessary. The suspicion that adulteration has been developed into a well – organised art is underlined by the fact that it is practised on so large a scale and articles seized from manufacturers and wholesalers have been found adulterated. Hard pressed between high price and adulterated foodstuffs – even medicines are not free from it – common people are naturally exasperated at the failure of the authorities to check either.

## **Growing Lawlessness**

[Editorial, Amrita Bazar Patrika, 2 September 1959]

There is very little doubt that the W.B. food movement has got out of control in Calcutta; it may do so elsewhere. If this is not admitted by leaders who have so far escaped arrest, they are false to their peaceful intensions. In Monday's processions, children & old woman were conspicuous. Why the latter were allowed to take part is hard to understand. Some of the former were involved in the disgraceful scene which took place later at night. But by that time inevitable mischief-maker had began to play his usual role and entirely justified Police severity. Tuesday's developments showed that this had not prevented the spread of violence.

We have no doubt that there are many of the more sensible leaders, some of them perhaps in jail, who will agree with us that the movement should be called off before it reached a further peak of ugliness on Thursday. To help them in this a less uncompromising statement of Govt. policy may be necessary including some kind of bid for renewed collaboration in solving the state's food problems with aid from the centre. Even on this basis they may find it difficult to persuade some of their more extreme associate to join them, since these may fill encouraged if not by the actions of their

undisciplined followers, at least by the passive support of a large number of onlookers and the attitude of the students. The temptation to produce the appearance of a "mass up surge is perhaps stronger than ever".

The Govt. challenged naturally find its difficult to yield on any major point. But if it discovers a spirit of accommodation among influential opponents, it would do well to add this of its own in combating the lawbreakers and disturbers of the peace. There should be no yielding to the impulse to break the movement once and for all. There is far too much bitterness already.

## [Amrita Bazar Patrika, 2 September 1959]

PIFRC একটি বিবৃতি প্রচার করে যাতে ১৪ আগস্ট মুখ্যমন্ত্রী এবং খাদ্যমন্ত্রীর যৌথ বিবৃতিকে বিদ্রান্তিমূলক বলে সমালোচনা করা হয়। রাজ্য সরকারকে পরিসংখ্যানভিত্তিক "ভেঙ্কিবাজী" থেকে নিবৃত্ত থাকতে বলে PIFRC। PIFRC অভিযোগ করে যে খাদ্যসংকটের মূলে থাকা মুজদদার এবং চোরাকারবারীদের বিষয়ে বিবৃতিতে কোনো উল্লেখ নেই, যাতে সরকারের সদিছা নিয়ে সংশয় জাগে। এরা আরও সংশয় প্রকাশ কারে যে সরকারের সংশোধিত রেশন নীতিতে শিল্পাঞ্চলের বাইরে বসবাসকারী লোকেরা উপকৃত হবে না। এমন ১২ বিঘার কম জমি চাষকারী কৃষকদের রেশনের সুবিধা দেওয়ার প্রসঙ্গে PIFRC বলে যে ১৮ বিঘার কম জমির চাষীদেরই এই সুবিধা পাওয়া উচিত। এই কারণেই PIFRC আন্দোলন চালানোর পক্ষপাতী।

## অপচেষ্টা

[ আনন্দবাজার পত্রিকা, ১৭ আগস্ট ১৯৫৯, সম্পাদকীয়]

পশ্চিমবংগের খাদ্য পরিস্থিতি যে উদ্বেগজনক তাহাতে সন্দেহ নাই, কী গ্রামে, কী শহরে সর্বপ্রকার খাদ্যসামগ্রীর মূল্য দ্রুত বাড়িয়া এমন এক পর্যায়ে উঠিয়াছে যে সাধারণ মানুষের দুর্গতির অন্ত নাই। বিশেষ করিয়া মধ্যবিত্ত শ্রেণীর জীবনযাত্রা বিপর্যস্ত হইতেছে খাদ্যমূল্যের অস্বাভাবিক বৃদ্ধিতে। আয় তাহাদের সীমিত অথচ জীবনযাত্রার মান উঁচু পর্দায় বাধা। সামাজিক প্রয়োজন মিটাইয়া সংসার চক্রের দৈনন্দিন তৈল যোগানো সেই আয়ে সম্ভব নহে। প্রতিটি মধ্যবিত্ত পরিবার তাই ঋণগ্রস্ত, প্রতিটি মধ্যবিত্ত পরিবার তাই আশাহত। অথচ মধ্যবিত্ত সম্প্রদায়ই জাতির মেরুদণ্ড স্বরূপ। সেই মেরুদণ্ড আজ ভাঙিয়া পড়িতেছে ইহা জাতির পক্ষে কখনোই কল্যাণকর হইতে পারে না।

এই শোচনীয় অবস্থার জন্য সরকারি খাদ্যনীতি যেমূন দায়ী, অন্য কিছুই তেমন নহে। ...ইহা অস্বীকার করিয়া লাভ নাই যে দেউলিয়া সরকারি খাদ্যনীতিই মধ্যবিত্ত সমাজকে সর্বনাশের পথে ঠেলিয়া দিতেছে এবং সমগ্র পশ্চিমবঙ্গে অসন্তোষ ও অশান্তির আগুন জ্বালিয়া দিতেছে।

কিন্তু এ কথাও এ প্রসঙ্গে মনে রাখিতে হইবে যে নৈরাশ্যের বশীভূত হইয়া অসন্তোষের আগুনে আত্মাছতি দিলে জ্বালা বাড়িবে বই কমিবে না। দেখিতেছি, সেই ভ্রান্ত পথে জনগণকে চালিত করিতে বামপন্থী নেতারা উদ্যত হইতেছেন। তাঁহারা ঘোষণা করিয়াছেন বর্তমান সপ্তাহে তাঁহারা সমগ্র রাজ্যব্যাপী এক প্রচণ্ড আন্দোলন সুরু (Sic) করিবেন এবং যে পর্যন্ত না বর্তমান খাদ্যনীতি পরিহার করিয়া সরকার তাঁহাদের অনুমোদিত খাদ্যনীতি গ্রহণ করেন ততদিন আন্দোলন চলিবে। এই আন্দোলন অহিংস হইবে, তাহা জানাইতে বামপন্থী নেতারা ভোলেন নাই। কিন্তু এবারে তাঁহারা যে শুধু শোভাযাত্রা এবং সভাসমিতি করিয়া ক্ষান্ত থাকিবেন না, তাহাও তাঁহারা স্পষ্ট ভাষায় জানাইয়া দিয়াছেন। এবার তাহাদের প্রধান অস্ত্র হইবে আইন ভঙ্ক।

আন্দোলনের ফলশ্রুতি কি হইবে তাহার সম্পর্কে কোনওরূপ ভবিষ্যৎ বাণী করিতে চাহি না, কিন্তু ইহা নিশ্চিত রূপেই জানি, খাদ্য ইহাতে এক ছটাকও বাড়িবে না, চাউল ও অন্যান্য খাদ্যসামগ্রীর মূল্য ইহাতে এক নয়া পয়সাও কমিবে না এবং মধ্যবিত্তের জীবনযাত্রার আরও দুর্বিষহ হইবে।......

আসলে বামপন্থী নেতারা জনসাধারণের দুঃখভার হরণ করিতে চাহেন না, চাহেন না তাহাদের কণ্ঠ লাঘব করিতে। তাহারা চাহেন শোচনীয় খাদ্য পরিস্থিতির সুযোগ লইয়া তাঁহাদের রাজনৈতিক স্বার্থসিদ্ধি করিতে। ....যে রাজনৈতিক পাশা খেলায় তাহারা মাতিয়াছেন, খাদ্য এখন তাহার ঘুঁটি হইয়া দাঁড়াইয়াছে। যখন দেখিবেন তাহাদের উদ্দেশ্য সিদ্ধ হইল না, তাহারা নতুন ঘুঁটি খুঁজিয়া লইবেন।...

বামপন্থী জোট যদি সতাই জনগণের বন্ধু হইতেন তাহা হইলে আইন অমান্য আন্দোলন করিয়া একটা বিশৃত্বলার সৃষ্টি করিয়া এ রাজ্যে অনর্থক অশান্তি ডাকিয়া আনিতেন না।

## [আনন্দবাজার পত্রিকা, ১৮ আগস্ট ১৯৫৯]

রাজ্য সরকারের খাদ্যনীতির প্রতিবাদে PIFRC-র নেতৃত্বে 20শে আগস্ট থেকে প্রত্যক্ষ সংগ্রাম আরম্ভ হবার আগেই প্রায় দুই শতাধিক বামপন্থী নেতা ও কর্মী গ্রেপ্তার। ধৃতরা মূলত CPI-এর। এছাড়া FB, RSP, Democratic Vanguard, SUCI, Bolshevik Party-র লোক বন্দী হয়েছে। নিবারক নিরোধ আইনে ধৃত ব্যক্তিদের মধ্যে অন্যতম ছিলেন বিনয়কৃষ্ণ চৌধুরি।

## খাদ্য সম্পর্কে অইন অমান্য আন্দোলন আরম্ভ

[আনন্দবাজ্ঞার পত্রিকা, ২১ আগস্ট ১৯৫৯]

সরকারি খাদ্যনীতির প্রতিবাদে এবং সস্তাদরে খাদ্যোপযোগী চালের দাবিতে মূল্যবৃদ্ধি ও দূর্ভিক্ষ প্রতিরোধ কমিটির উদ্যোগে বৃহস্পতিবার হইতে ব্যাপকভাবে আইন অমান্য আন্দোলন শুরু হয়। ঐদিন কলকাতায় খাদ্যমন্ত্রী শ্রী প্রযুক্ষচন্দ্র সেনের গৃহাভিমুখে বিক্ষোভ মিছিল পরিচালিত হয় এবং ব্যাঙ্কশাল কোর্টে বিক্ষোভ প্রদর্শন করা হয়।

ঐ ব্যাঙ্কশাল আদালত এলাকার মধ্যে বিশৃষ্খল আচরণের অভিযোগে ডাঃ জ্ঞান মজুমদার এম এল এ সহ ৩২ জনকে পুলিশ গ্রেপ্তার করে।

সন্ধ্যায় ময়দানে মনুমেন্টের পাদদেশে জনসমাবেশের পর উক্ত প্রতিরোধ কমিটির নেতৃবৃন্দের পরিচালনায় রাজভবনের উত্তর পশ্চিম কোণে খাদ্যমন্ত্রীর বাসভবন অভিমুখে বিক্ষোভ মিছিল শুরু হয়। মিছিলটি চৌরঙ্গী ও এসপ্ল্যানেড ইষ্ট হয়ে ৭টা নাগাদ ওল্ড কোর্ট হাউস স্ট্রীটে প্রবেশ করলে ১৪৪ ধারা অনুযায়ী রাজভবনের পূর্বদ্বারের নিকট পুলিশ মিছিলটির গতিরোধ করে। খ্রীহেমন্ত কুমার বসু, খ্রীমোহিত মৈত্র, খ্রীবিভৃতি ঘোষ মিছিলের পুরোভাগে ছিলেন।

ঐ স্থানে কিছুক্ষণ পথসভার পর 'চাউল চাই, চাউল দাও নইলে গদী ছেড়ে দাও', 'প্রফুল্ল সেন গদী ছাড়' ধ্বনিসহ বিক্ষোভ প্রদর্শনের পর মিছিলে অংশগ্রহণকারীরা ফিরে যান। রাজভবনের পূর্বদ্বারের দিকে ওল্ড কোর্ট হাউস স্ট্রীটের উপর পূলিশ বেষ্টনী রচনা করা হয়েছিল। পূলিশ বাহিনীর ৩ জন ডেপুটি কমিশনারের নেতৃত্বে পূলিশের বহুসংখ্যক অফিসার ও কর্মচারী ঐ স্থানে মোতায়েন ছিলেন।

## ময়দানে সমাবেশ

মিছিলের পূর্বে ময়দানে যে সমাবেশ হয় তাতে উক্ত প্রতিরোধ কমিটির সম্পাদক শ্রীহেমন্তকুমার বসু সভাপতির করেন। শ্রীবসু বলেন যে, মুনাফাবাজ এবং মজুতদারদের হাত থেকে থাঁরা দুস্থ জনগণকে বাঁচাবার চেষ্টা করেছিলেন অথবা করতেন তাঁদেরই গ্রেপ্তার করা আরম্ভ করেছেন। কিন্তু এভাবে দমননীতি দ্বারা আন্দোলন বন্ধ করা যাবে না এবং চালের দাম না কমা পর্যন্ত আন্দোলন চলতে থাকবে বলে তিনি মত প্রকাশ করেন।

শ্রীহেমন্ত বসু ঘোষণা করেন, তাদের কমিটির পক্ষ থেকে আজ শিয়ালদহ কোর্টে বিক্ষোভ প্রদর্শন করা হবে।

## আদালতে বিক্ষোভ প্রদর্শন

ঐদিন দুপুর ১টা নাগাদ প্রতিরোধ কমিটির উদ্যোগে ব্যাঙ্কশাল কোর্টে বিক্ষোভ প্রদর্শন করা হয়। বিক্ষোভ প্রদর্শনকারীরা সরকারি খাদ্যনীতির বিরুদ্ধে ধ্বনি দিতে শুরু করলে পুলিশ ভ্যানে করে তাদের স্থানান্তরিত করা হয়। ৩৫ জনকে আদালতের এলাকা থেকে এবং ১ জনকে কোর্টের ভিতর থেকে গ্রেপ্তার করা হয়।

ঐ স্থানে বিক্ষোভ প্রদর্শন করা হবে অনুমান করে কোর্টের নিকট পুলিশ মোতায়েন করা হয়। কিন্তু ব্যাঙ্কশাল কোর্ট রাস্তাটি ১৪৪ ধারার অন্তর্গত হওয়ায় বিক্ষোভকারীরা দল বেঁধে না এসে অলক্ষ্যে ১জন ১জন করে আদালতের অঙ্গনে প্রবেশ করে এবং ১টা নাগাদ সহসা জামার পকেট থেকে বিভিন্ন পতাকা বাহির করে ধ্বনি দিতে আরম্ভ করে। যাদের প্রেপ্তার করা হয় তার্দের মধ্যে ২৫জন কম্যুনিস্ট পার্টির এবং ৫ জন ফরোয়ার্ড ব্লকের সদস্য ছিলেন।

গ্রেপ্তারের পর ডাঃ জ্ঞানেম্রনাথ মজুমদার এবং অপর ৩৪জনকে প্রধান প্রেসিডেন্সী ম্যাজিস্ট্রেট শ্রীবিজয়েশ মুখার্জীর আদালতে হাজির করা হয়। তিনি ডাঃ মজুমদারকে প্রথম শ্রেণীর ও অন্যান্য আসামীদের দিতীয় শ্রেণীর বন্দীরূপে সুবিধা দেওয়ার নির্দেশ দেন।

ঐদিনই প্রেসিডেন্সী ম্যাজিস্ট্রেট শ্রী এস. এন. চন্দের আদালতে ধ্বনি দেওয়ার অভিযোগে বাসুদেব মুখার্জীকে ২২৮ নং ধারানুযায়ী ২৫ টাকা জরিমানা, অনাদায়ে ৫ দিন বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত করা হয়। তিনি জেলে গিয়েছিলেন।

ইতিমধ্যে ডেমোক্র্যাটিক ভ্যানগার্ডের অন্যতম নেতা শ্রীঅজিত সেন নিবর্তনমূলক আটক আইনে এবং ইন্দু গাঙ্গুলী, চিন্তরঞ্জন গোস্বামী নিরাপত্তা আইনে গ্রেপ্তার হয়েছেন। কলকাতা জেলা ফরোয়ার্ড ব্লকের সাধারণ সম্পাদক শ্রী সনৎ চট্টোপাধ্যায়ের নেতৃত্বে কোর্টের মধ্যে বিক্ষোভ প্রদর্শন করলে ফরোয়ার্ড ব্লকের কর্মীগণ ধৃত হন।

## ছাত্রদের প্রতিবাদ

ছাত্র ইউনিয়নের সভাপতি শ্রীপ্রতুল লাহিড়ী এক বিবৃতিতে জানান আজ দুপুর ১টায় সেনেট হলে বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের সভা হবে।

বৃহস্পতিবার বজবজ ফরোয়ার্ড ব্লকের নেতৃত্বে খাদ্যের দাবিতে সাব রেজিস্ট্রি অফিসে আইন অমান্য অভিযান পরিচালিত হয়। ডাঃ প্রফুল্ল হাজরার নেতৃত্বে ৮জন কর্মীকে পুলিশ গ্রেপ্তার করে। অমৃতলাল অধিকারী, বলাই সাধুখাঁ, সন্ম্যাসী করাল, বিশ্বনাথ বসুর নামে গ্রেপ্তারী পরোয়ানা বের হয়।

চুঁচুড়ায় ফরোয়ার্ড ব্লকের নেতৃত্বে অভিযান পরিচালিত হয়। সূর্যনারায়ণ দাস ও গৌরাঙ্গ দাসের নেতৃত্বে বিভিন্ন দলের মোট ২২জন স্বেচ্ছাসেবক পুলিশ কর্তৃক গ্রেপ্তার হন। গ্রেপ্তারকালে পুলিশ জনতার উপর লাঠি চার্জ করলে তিনজন স্বেচ্ছাসেবক আহত হন।

ডায়মণ্ড হারবারের বিভিন্ন স্থান থেকে ১২জনকে গ্রেপ্তার করে কোর্টে হাজির করা হয়।

অশোকনগর কলোনীর বাড়ি থেকে কম্যুনিষ্ট নেতা মি. সেনকে পশ্চিমবংগ সরকারের আইনে পুলিশ গ্রেপ্তার করেছে বলে প্রকাশ।

রবিবার রাত্রে নিবারক নিরোধ আইনে নৈহাটির পুলিশ শ্রীঅজিত বসু ও দ্বিজেন ঘোষকে গ্রেপ্তার করেছে। এঁরা সকলেই পার্টির সঙ্গে সংশ্লিষ্ট। খাদ্য আন্দোলনের নেতৃবৃন্দের গ্রেপ্তারের পর গতকাল বৈকালে কয়েকটি বিক্ষোভ অনুষ্ঠিত হয়।

## [আনন্দবাজার পত্রিকা, ২৭ আগস্ট ১৯৫৯, সম্পাদকীয়]

খাদ্য আন্দোলনের পদ্ধতি কি হইবে তাহা লইয়া মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির বিভিন্ন দলের সদস্যদের মধ্যে মতবিরোধ দেখা দিয়াছে বলিয়া বিশ্বস্তস্ত্রে খবর পাওয়া গিয়াছে, ইহাও জানা গিয়াছে আগামী ৩১শে আগস্ট যে রাইটার্স অভিযান হইবে, কম্যুনিষ্টগণ ইহা শান্তিপূর্ণ উপায়ে পরিচালনার পক্ষে মত দিয়াছে। কম্যুনিষ্টরা আইন বা শৃঙ্খলাভঙ্গের পক্ষপাতী না হওয়ায় অন্যান্য কয়েকটি দলের সদস্যরা তাদের প্রতি বিরক্ত হইয়াছেন। অকম্যুনিষ্ট সদস্যগণ অপেক্ষাকৃত উগ্রতর পদ্বা অবলম্বনের কথা চিন্তা করিতেছেন। তাহাদের অনেকের মতে আন্দোলন এইরূপ নিরামিষ ভাবে চালাইয়া গেলে জনগণের মনে প্রভাব ফেলা যাইবে না।

"কিন্তু এই যুক্তিতে কম্যুনিষ্টদের মন ভিজে নাই বলিয়াই প্রকাশ। কারণ তাঁহাদের চোখ পড়িয়া আছে কেরালার আগামী নির্বাচনের উপর। কেরালার সরকারবিরোধী আন্দোলনকারীদিগকে কম্যুনিষ্টরা যে দোবে দোবী করিয়াছেন, পশ্চিমবংগের বেলায় সেই দোব (অর্থাৎ আইন অমান্য, শৃত্মলাভঙ্গ) এ রাজ্যের নেতারা নিজ স্কন্দে নিতে রাজী নহেন।

## [আনন্দবাজ্ঞার পত্রিকা, ৩০ আগস্ট ১৯৫৯, সম্পাদকীয়]

মূল্যবৃদ্ধি ও দূর্ভিক্ষ প্রতিরোধ কমিটি পরিচালিত বর্তমান খাদ্য আন্দোলন সম্পর্কে সমগ্র পশ্চিমবংগে এ পর্যন্ত ৬৪০৮ জন গ্রেপ্তার হয়েছেন বলে জানা গেছে।

প্রকাশ এর মধ্যে নিবারক নিরোধ আইনে ৯৮জন এবং নিরাপত্তা আইনের বিশেষ অভিযোগে জ্বেলার ২৬৪ জন ও কলিকাতার ৯৯ জন ধরা পড়িয়াছেন, ইহা ছাড়া আদালত অবমাননা ও অন্যান্য অভিযোগে কলকাতার ২৩৩ জন ও জ্বেলার ৫৭১৪ জন ধৃত হয়েছেন।

## [আনন্দবাজার পত্রিকা, ৩১ আগস্ট ১৯৫৯, সম্পাদকীর]

পশ্চিমবংগ প্রদেশ জাতীয় ট্রেড ইউনিয়ন কংগ্রেসের ওয়ার্কিং কমিটি রাজ্যের খাদ্যসংকট পর্যালোচনা করে গভর্নমেন্টের নিকট কয়েকটি প্রস্তাব পেশ করেছেন। তাদের মতে বন্টন ব্যবস্থায় প্রশাসনিক অব্যবস্থার ফলেই এই সংকট সৃষ্টি হয়েছে। এর ফলে ব্যবসায়ীগণ এবং চালকলের মালিকগণ গভর্নমেন্টের দূর্বলতার সুযোগ গ্রহণ করে এইভাবে তারা মুনাফা করছে। জনগণের স্বার্থে অবিলম্বে এই রাজ্যে খাদ্যনীতির পরিবর্তন প্রয়োজন। কমিটি মনে করেন যে কেন্দ্রীয় নতুন খাদ্যমন্ত্রী কর্তৃক পরিস্থিতি সম্পর্কে পূর্ণাঙ্গ তদণ্ড হলে এই সংকটের সমাধান হতে পারে। তার মতে খাদ্য সমস্যা দলীয় নীতির উর্ম্বে হওয়া উচিত।

এই কমিটি মনে করেন, ৩রা সেপ্টেম্বর যে সাধারণ ধর্মঘট আহ্বান করা হয়েছে তার দ্বারা খাদ্য সংকটের সমাধান অসম্ভব। এর ফলে সাধারণের ক্রেশ বৃদ্ধি পাচ্ছে। শিল্পসমৃদ্ধ রাজ্যে ধর্মঘটের ফলে উৎপাদন হ্রাস পাবে। অভাবগ্রন্থ অঞ্চলে যে খাদ্য পাঠানো হচ্ছে, যার ফলে মূল্য হ্রাস পাবে, তা পাঠানোও বন্ধ হবে, এর ফলে জনগণের ক্লেশ বৃদ্ধি পাবে এবং মজুতদারদের সুবিধা হবে। এই জন্য শ্রমিক শ্রেশীর কমিটির অনুরোধ তারা যেন ধর্মঘটে সামিল না হয়।

সমগ্র কেরলের অধিবাসী কম্যুনিষ্ট কুশাসন থেকে মুক্তি পাবার জন্য যে দৃঢ় সম্বন্ধ হয়েছিল যেহেতু রাজ্যের সমগ্র অধিবাসীদের আন্দোলনে বাধ্য হয়ে কেন্দ্রীয় সরকার হস্তক্ষেপ করেছেন। কম্যুনিষ্টগণ দেশের অন্যান্য অংশে এর প্রতিবাদ গ্রহণ করার ইচ্ছা গোপন রাখে নাই।

দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির অন্তরালে থেকে পার্টি পশ্চিমবংগের জনগণের জীবনধারাকে বিপর্যন্ত করার জন্য আন্দোলন আরম্ভ করেছে। তাঁরা ঘোষণা করেছে যে আইন ও শৃষ্খলা লঙ্ঘন করা হবে। ৩১শে আগস্ট সেক্রেটারিয়েট অবরোধ এবং ৩রা সেপ্টেম্বর ধর্মঘটের আহান গৃহবিবাদের প্ররোচনা ছাড়া কিছুই নয়। শ্রীনাম্বুদিরিপাদও কেরলে একই কথা বলেছিলেন।

কমিটি মনে করেন যে, প্রধানমন্ত্রী সংসদে সে বিবৃতি দিয়েছেন, তার প্রতি জনগণ সচেতন হবেন। ঐ বিবৃতিতে বঙ্গা হয়েছে, ভারতের কম্যুনিষ্ট পার্টি অন্যান্য পার্টির ন্যায় জাতীয় পার্টি নয়।

## রাইটার্স বিশ্ভিং অভিযান সম্পর্কে কলিকাতায় হাঙ্গামা

[আনন্দবাজার পত্রিকা, ১ সেপ্টেম্বর ১৯৫৯]

সোমবার প্রধানত কম্যুনিষ্ট প্রভাবিত মূল্যবৃদ্ধি ও দূর্ভিক্ষ প্রতিরোধ কমিটির পূর্বঘোষিত খাদ্য আন্দোলনকারীদের রাইটার্স বিল্ডিং অভিযানকে কেন্দ্র করে রাজভবনের দক্ষিণ-পূর্ব পার্শ্বে ওল্ড কোর্ট হাউস স্ট্রীটের মূখে এক হাঙ্গামাজ্ঞনিত পরিস্থিতির উদ্ভব হয়। পূলিশ অশান্ত বিক্ষোভমুখীন আন্দোলনকারীদের ছত্রভঙ্গ করিবার উদ্দেশ্যে কয়েকবার লাঠি চালনা করে এবং অনুন্য ১০ রাউণ্ড কাঁদানে গ্যাস ছোড়ে। অপরদিকে উত্তেজিত জনতার একাংশ পূলিশকে লক্ষ্য করিয়া ইট পাটকেল বর্ষণ করে, কয়েকটি হাতবোমাও সশব্দে বিস্ফোরিত হয়।

উপরক্ত হাঙ্গামাজনিত ঘটনার বিভিন্ন কারণে মোট প্রায় ৩৩০ জন আহত হয়। তন্মধ্যে প্রায় ২১৩ জনকে কর্পোরেশনের এ্যস্থুলেন্স যোগে বিভিন্ন হাসপাতালে স্থানান্তরিত করা হয়। আহতদের মধ্যে ২০ জনের অবস্থা সঙ্কটজনক বলে চিহ্নিত হয়। পুলিশ ঘটনাস্থল এবং নিকটবর্তী কয়েকটি অঞ্চল হইতে ৮০ জনকে গ্রেপ্তার করে।

আহতদের মধ্যে অনেক লোক ওল্ড কোর্ট হাউস স্ট্রীটে পুলিশের লাঠি চালনা ও কাঁদানে গ্যাস ছুড়িবার ফলে আহত হয়। পুলিশ রাত্রে কার্জন পার্ক এলাকা হইতে দুইটি তাজা বোমা কুড়াইয়া পায় বলিয়া সরকারিসূত্রে জানা যায়। পুলিশ সার্জেন্ট আহত হয়।

লাঠি চার্চ্চের ঘটনার পর এক শ্রেণীর বিক্ষুব্ধ জনতার মধ্য হইতে কয়েকজন জনৈক পুলিশ সার্চ্চেন্টকে আক্রমণ করে, উক্ত সার্চ্চেন্টের চিৎকার শুনিয়া পুলিশ বাহিনীর অন্যান্য লোকজন ঘটনাস্থলে ছুটিয়া যায় এবং তাহাকে বিক্ষুব্ধ জনতার হাত থেকে উদ্ধার করে।

সম্মুখের দিকে যখন পুলিশের লাঠিচালনা ও কাঁদুনে গ্যাস ছাড়া হইতে থাকে তখন কার্জন পার্ক এবং এসপ্ল্যানেড ইষ্টের দিকে জ্বনতার মধ্যে থেকে হাতবোমা বিস্ফোরিত হয়। ঐ অঞ্চলের বিপুল জ্বনতা ভীতবিহুল হইয়া অন্ধ্বনান্ত্রের মধ্যে পলায়ন করিতে থাকে। এর ফলে যে হড়োছড়ির সৃষ্টি হয় তাতে জ্বনতার পদতলে পিষ্ট হয়ে অনেকে আহত হয়। ইট পাটকেল বর্ষণের ফলে কয়েকজ্বন পুলিশ এবং কতিপয় পথচারীও আহত হয় বলিয়া প্রকাশ। যত লোক মিছিল করে ঐ অঞ্চলে সমবেত হয়েছিল তদপেক্ষা অনেক বেশী লোক ঘটনাস্থল এবং চতুষ্পার্শবতী এলাকায় জমায়েত হইয়াছিল। আহতদের মধ্যে তাহাদের সংখ্যা কম নয়।

উপরোক্ত ঘটনার পর পুলিশ কর্তৃক বিতাড়িত হইয়া বহুসংখ্যক বিক্ষোভকারী মিশনরো এক্সটেনসন, সেন্ট্রাল এভিনিউ, ম্যাডাম স্ট্রীট, ধর্মতলা স্ট্রীটের চাঁদনী চকের নিকটবতী এলাকায় ছড়িয়ে পড়ে। কয়েক স্থানে বিক্ষোভকারীরা রাজার বৈদ্যুতিক আলো নিভিয়ে দেয়, বাস ঘেরাও করার চেষ্টা করে এবং দুই একটি স্থানে পুলিশের গাড়ির উপর ইট ছোড়ার চেষ্টা করে। পুলিশের বিভিন্ন দল ঐ সমস্ত এলাকায় বিক্ষোভকারীদের তাড়া করে, কাঁদুনে গ্যাস ও লাঠি চালায়। এই উপলক্ষ্যে অধিক রাত্রি পর্যন্ত গ্রেপ্তার চলে। এই ঘটনার পরিপ্রেক্ষিতে এবং দুই একটি আলো নিভে যাওয়ায় বিস্তীর্ণ এলাকার নাগরিকদের মধ্যে অস্বন্তিকর অবস্থার সৃষ্টি হয়। এছাড়া আন্দোলন শুরু হওয়ার কিছু পূর্ব থেকেই অনেক অঞ্চলে বাস ও ট্রাম বন্ধ হয়ে যাওয়ায় অফিস ফেরত নাগরিকদের বিশেষ কন্ত হয়।

খাদ্য অভিযানকারীদের বাধা দেবার জন্য ডালইোসী স্কোয়ার অঞ্চলে প্রচুর পুলিশ বাহিনী মোতায়েন করা হয়। পূর্ব হইতে ঠিক ছিল অভিযানকারীরা পাঁচটি পথে শোভাযাত্রা পরিচালনা করবে। কিন্তু পরে ওল্ড কোর্ট হাউস থেকে রাইটার্স বিল্ডিং অভিমুখে অগুসর হয়। ঐ স্থানে অভিযোগকারীদের মধ্যে থেকে দুইটি দল পুলিশ বেষ্টনী অতিক্রম করে গ্রেপ্তার হয়। এদের নেতৃত্ব দেন শ্রীঅমর বসু ও মোহিত মৈত্র। তাঁরাও আহত হন। এরপরই মিছিলকারীরা বেষ্টনী অতিক্রম করার জন্য প্রবল চাপ দেয়। এই চাপ প্রতিরোধের জন্য পুলিশ লাঠি চালায়।

আহতদের মধ্যে এ্যাম্বুলেন্দে ১৫০ জন লোককে হাসপাতালে স্থানান্তরিত করা হয়।প্রায় ২০০ জন লোককে সংজ্ঞাহীন অবস্থায় পাওয়া যায়।

## সরকারি বাস আক্রান্ত

ঐদিন সন্ধ্যায় রাজভবনের নিকট চৌরঙ্গী রোড দিয়ে চলাচলকারী কয়েকটি সরকারি বাস জনতা কর্তৃক আক্রান্ত হয়। ইট পাটকেল ছোড়ার ফলে চারটি বাস ক্ষতিগ্রস্থ হয়। পুলিশের হস্তক্ষেপের ফলে তা ব্যাহত হয়। চালক ও বাস কণ্ডাক্টর আহত হয়।

এ্যাম্বলেনের চালক কয়েকজন ব্যক্তির হাতে গ্রেপ্তার হয় বলে জানা যায়।

রাত প্রায় দশটা নাগাদ কর্ণওয়ালিশ স্ট্রীটের বাতি নিভিয়ে দেওয়া হয়। এরপর পুলিশ বিশেষ তৎপরতায় পাহাড়া দেয়। রাত প্রায় ১১টার সময় কলকাতার বিভিন্ন অঞ্চলে উত্তেজিত পরিস্থিতির সন্ধান পাওয়া যায় নি।

পূর্ব পরিকল্পনা অনুযায়ী মিছিল গভর্ণমেণ্ট প্লেস ইষ্ট পর্যন্ত উপনীত হওয়ায় পূর্ব থেকে লাঠিধারী পূলিশ দুই দলে বেষ্টনী রচনা করে। পূলিশের দুই সারির পিছনে কয়েদী গাড়ি এবং খালি ষ্টেট বাস প্রস্তুত রাখা হয়েছিল। টিয়ার গ্যাস, মুখোস ও গ্যাস সচ্ছিত সশস্ত্র পূলিশও মোতায়েন করা হয়েছিল।

ঐ অঞ্চলে ফুটপাথ এবং পথিপার্শ্বে বিপুল দর্শকের সমাগম হয়। মিছিল দেখা মাত্র বিপুল ধ্বনি উত্থিত হয়। ইতিমধ্যে একদল জনতা গ্রেট ইষ্টার্নের নিকট পুলিশ বেষ্টনীর সম্মুখীন হয়।

সদ্ধ্যা সোয়া ছটা নাগাদ মিছিল ওল্ড কোর্ট স্ট্রীটের অগ্রভাগে প্রবেশ করে। শোভাযাত্রীগণ পথের উপর অবস্থান করেন। সেখানে ১ ঘণ্টার অধিক দূর্ভিক্ষ প্রতিরোধ কমিটির নেতৃবৃন্দ শোভাযাত্রীদের উদ্দেশ্যে বক্তৃতা করেন। তারা খাদ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেনের পদত্যাগ দাবি করেন।

প্রায় ৭.২৫ মি. শোভাষাত্রীদের চাপে পূলিশ বেষ্টনী ডঙ্গ হবার উপক্রম হয়। শ্রীঅমর বসুর নেতৃত্বে প্রথম দলটি ইনুক্লাব জিন্দাবাদ ধ্বনি দিয়ে বেষ্টনী অতিক্রম করে। এই দলে মহিলারাও ছিলেন। দ্বিতীয় দলটিকে পূলিশ গাড়িতে ঢোকাবার পর বেষ্টনীর অগ্রভাগে জনতার প্রচণ্ড চাপ পড়তে থাকে। এর ফলে বেষ্টনী ভেঙ্গে পড়ার উপক্রম হয়। জনতাকে প্রতিরোধ করার জন্য আরো ১ দল পূলিশ ছুটিয়া যায় এবং জনতা পূলিশ ঠেলাঠৈলি চলতে থাকে। জনতা পূলিশকে ঠেলা দিলে পূলিশ লাঠি চালাতে শুরু করে। পূলিশের লাঠির শব্দে ঐ অঞ্চল মুখরিত হয়ে ওঠে।

পুলিশ কর্তৃক লাঠি চালনা সুরু করার সঙ্গে সঙ্গে জনতা পিছু হটে। পলায়মান জনতা ঐ এলাকার পূর্ব হইতে অপেক্ষমান বিপুল জনতার উপর গিয়া পড়ে এবং এর ফলে ধাক্কাধাক্তি শুরু হয়। কয়েকজন গুরুতর আহত হয়। পুলিশ কর্তৃক বিতাড়িত হয়ে জনতা গলিতে আশ্রয় গ্রহণ করলে পুলিশ সেখান থেকেও তাদের তাড়িয়ে দেয়। তখন জনতার মধ্যে থেকে পুলিশকে লক্ষ্য করে ইট ছোড়া হয়। কার্জন পার্কের কোনা হইতে হাতবোমা প্রচণ্ড শব্দে বিস্ফোরিত হয়। এর ফলে বৈদ্যুতিক বাল্ব বিচুর্গ হয়ে রাজ্ঞায় ছড়িয়ে পড়ে।

১০/১৫ মি. মধ্যে এই ঘটনা ঘটে। পুলিশ জনতাকে ছত্রভঙ্গ করার জন্য কাঁদানে গ্যাস ছোড়ে। পুলিশ কর্তৃক তাড়িত এবং কাঁদানে গ্যাসের ধোঁয়ায় কয়েক মিনিটের মধ্যেই জনতা পলায়ন করে। রাজভবনের নিকট ৬ জন সংজ্ঞাহীন হয়ে পড়েছিল। আহত কয়েকজনকে পুলিশ কয়েদী গাড়িতে তোলে। গ্রেট ইস্টার্নের নিকট যে জনতা সমবেত হয়েছিল তারা অগ্রসর হলে একদল অশ্বারোহী পুলিশ তাদের ধাওয়া করে হাটিয়ে দেয়।

সোমবার খাদ্য অভিযানে যোগদানের জন্য যারা নিকটবর্তী স্থান থেকে কলকাতা অভিমুখে রওনা হয় তাদের মধ্যে কিছু লোককে পুলিশ গ্রেপ্তার করে। বেহালা অঞ্চলে ১৮ জন এবং কাকদ্বীপ অঞ্চলে ৯ জনকে আটক করে।

খাদ্য আন্দোলনে যাদের গ্রেপ্তার করা হয় তাদের মধ্যে ২৩৬০ জন কারান্তরালে রয়েছে। এর মধ্যে ২৬৩ জন নারী। SUCI পক্ষ থেকে জানা যায় ঐদিন সদ্ধ্যায় রাজভবনের কাছে পুলিশের লাঠিচার্জের ফলে শ্রীরেণুপদ হালদার সহ ১৪ জন সদস্য আহত হন। ফটিক ঘোষ ও সনৎ চক্রবর্তী আহত হয়ে মেডিক্যাল কলেজে স্থানান্তরিত হয়। শ্রীমতী বকুল চৌধুরী, শোভা রায় আহত হন।

### নতুন খাদ্যনীতি

[আনন্দবাজার পত্রিকা, ২ সেপ্টেম্বর ১৯৫৯, সম্পাদকীয়]

শ্রী এস. কে. পাতিল খাদ্যমন্ত্রীর পদ গ্রহণ করার পর থেকে খাদ্য সমস্যার উন্নতির জন্য জন্ধনা-কন্ধনা চলছে। পাতিল জানিয়েছেন নতুন খাদ্যনীতি জানার জন্য কয়েকদিন অপেক্ষা করতে হবে।

খাদ্যনীতির ২টি দিক। এক দিক হল দীর্ঘমেয়াদী নীতি এবং স্বন্ধমেয়াদী নীতি। প্রথম নীতি সম্পর্কে পাতিল বলেন—তিনি ৫ বছরের মধ্যে দেশকে খাদ্যের ব্যাপারে স্বাবলম্বী করতে পারবেন। এর জন্য সকলের সহযোগিতা প্রয়োজন। এবং ১০ বছরের মধ্যে দেশে বড় খাদ্য ভাণ্ডার গড়ে তুলতে হবে।

স্বন্ধমেয়াদী নীতির উদ্দেশ্যে সরকার দেশের উদ্বৃত্ত অঞ্চল থেকে নিজেরা খাদ্যশস্য ক্রয় করবেন এবং ঘাটতি অঞ্চলে রেশনের মাধ্যমে নির্দিষ্ট দরে নির্দিষ্ট পরিমাণে খাদ্যশস্য সরবরাহ করবেন। এজন্য দেশের এক অঞ্চল থেকে অন্য অঞ্চলে খাদ্যশস্যের অবাধ রপ্তানি বন্ধ করা হয়েছে।

খাদ্য নিয়ন্ত্রণের ফলে জনগণের চূড়ান্ত দূর্গতি হয়েছিল। জনাব কিদওয়াই তা উপলব্ধি করে নিয়ন্ত্রণ ব্যবস্থা তুলে দেন। ফলে দেশের খাদ্যবাজারে স্বাভাবিক অবস্থা আসে এবং ব্যবসায়ীদের মধ্যে স্বাভাবিক প্রতিযোগিতার জন্য বাজারে খাদ্যশস্যের মূল্য ন্যয্য স্তরে বলবং হয়। কিন্তু বর্তমান অবস্থা ভিন্নতর। নতুন খাদ্যমন্ত্রী খাদ্যশস্যের ব্যবসাকে বিনিয়ন্ত্রিত করার পক্ষপাতী বলে অভিমত জ্ঞাপন করলেও এই সময় তিনি তা কিভাবে করবেন তা বোঝা যাচ্ছে না।

নতুন খাদ্যমন্ত্রীর বিবৃতিতে কোন আশার আলো নেই। তবে আমাদের বক্তব্য দেশ থেকে খাদ্যশস্য সংগ্রহ করেই হোক এবং বিদেশ থেকে আমদানি করেই হোক ভারত সরকার বর্তমানে যদি বিভিন্ন ঘাটতি সরবরাহের ব্যবস্থা না করেন তার ফল মারাদ্মক হবে।

### শুভবৃদ্ধির প্রতি আবেদন

[আনন্দবাজার পত্রিকা, ৩ সেপ্টেম্বর ১৯৫৯, সম্পাদকীয়]

সোমবার হইতে কলিকাতায় যে অসহনীয় অবস্থার সৃষ্টি হইয়াছে, নাগরিক মাত্রেই তাহাতে ব্যথিত, শঙ্কিত বোধ করিতেছেন। নগরীর স্বাভাবিক জীবনযাত্রা বিপর্যস্ত হইয়াছে, রাজপথ রণক্ষেত্রে পরিণত হইয়াছে; অগণিত সাধারণ নরনারীর দৈনন্দিন কাজকর্ম চালানো প্রায় অসম্ভব হইয়া পড়িয়াছে। দুর্ভোগের ঘনীভূত অন্ধকারে শুভবুদ্ধি আলোকের চিহ্নমাত্র দেখা যাইতেছে না।....

সরকার আইন ও শৃথলা রক্ষা করিতে দৃঢ় প্রতিজ্ঞ হইবেন ইহা অবশ্য চিরাচরিত যুক্তিসম্পন্ন নীতি। তবে যে কারণেই হউক, ব্যাপক বিক্ষোন্ডের ফলে আইন শৃথলা রক্ষা ব্যবস্থার উপর প্রবল চাপ পড়িয়া অত্যন্ত অস্বাভাবিক পরিস্থিতির উদ্ভব হইলে দলনিরপেক্ষ, শান্তিপ্রিয় জনসাধারণ পর্যন্ত সরকারের বাস্তববৃদ্ধির উপর আস্থাহীন হইয়া পড়ে, বর্তমানে তাহারই সন্তাবনা দেখা যাইতেছে। খাদ্যের দাবিতে সরকারের বিরুদ্ধে আইন অমান্য আন্দোলন পরিচালনা আমরা আগেও সমর্থন করি নাই, এখনও করি না। কিন্তু খাদ্যের দাবিতে আন্দোলন প্রতিরোধ করিবার জন্য সরকার যে সব ব্যবস্থা অবলম্বন করিতে বাধ্য হইয়াছেন তাহার পরিণাম বিচার করা আমরা কর্তব্য বিবেচনা করি। খাদ্য আন্দোলনের উদ্যোক্তরা প্রতিশ্রুতি দিয়াছিলেন যে আন্দোলন সম্পূর্ণ শান্তিপূর্ণ হইবে। তাহা যে হয় নাই, কলিকাতায় গত কয়েকদিনের মর্মান্তিক ঘটনায় তাহার প্রমাণ পাওয়া গিয়াছে। আন্দোলন অনেক ক্ষেত্রে হিংল সংঘর্ষে পরিণত হইয়াছে। ইহা হইতে পারে যে আন্দোলনের উদ্যোক্তারা সকলেই বর্তমান অশুভ পরিস্থিতির জন্য প্রস্তুত ছিলেন না, অথবা তাঁরা সকলেই এর জন্য দায়ী নহেন। সে যাহাই হউক, খাদ্য আন্দোলন যে আকার নিয়াছে তাহাতে উদ্যোক্তাদের উদ্দেশ্য যে ব্যর্থ হইয়াছে তাহাতে সন্দেহ থাকিতে পারে না।

#### পাতিলের ঘোষণা

[আনন্দবাজার পত্রিকা, ৩ সেস্টেম্বর ১৯৫৯]

শ্রী পাতিন ঘোষণা করেন পশ্চিমবংগকে সেপ্টেম্বর মাসের জন্য ৫০ হাজার টন চাল সরবরাহ করতে হবে। শ্রীপাতিল বলেন পশ্চিমবংগে খাদ্যমূল্য ক্রমশ হ্রাস পাচ্ছে। খাদ্যশস্য সরবরাহের ব্যাপারে কেন্দ্রীয় সরকার পশ্চিমবংগের অভিপ্রায় অনুযায়ী সর্বপ্রকার সাহায্য দান করছেন।

তিনি আরো বলেন রাজ্যের অভ্যন্তরে খাদ্যশস্য বন্টনের দায়িত্ব রাজ্য সরকারের। রাজ্য সরকার এ সম্পর্কে ব্যবস্থা অবলম্বন করছেন। রাজ্যের খাদ্য পরিস্থিতির যখন উন্নতি ঘটছে ঠিক সেই সময় বিরোধী দলগুলি আন্দোলন আরম্ভ করছেন যা নিতান্তই দূর্ভাগ্যজ্ঞনক। এই আন্দোলনের ফলে বাজারে প্রতিক্রিয়া দেখা দিতে পারে এবং তাতে মূল্যের নিম্নগতি ব্যাহত হবার সম্ভাবনা আছে বলে তিনি উল্লেখ করেন।

কেন্দ্রীয় খাদ্যমন্ত্রীকে পশ্চিমবংগ পরিদর্শনের অনুরোধ ঃ দৃষ্টি আকর্ষণের জন্য শ্রী এস. এম. ব্যানার্জ্রী, শ্রীত্রিদিব চৌধুরী, রেণু চক্রবর্তী, শ্রী.এ. বি. বাজপেয়ী এবং অপর তিনজন কম্যুনিস্ট সদস্য কর্তৃক উত্থাপিত হয়।

পশ্চিমবংগের বিরোধী দলের সদস্যরা বলেন, কেন্দ্রীয় সরকার পশ্চিমবংগে খাদ্য বন্টনের দায়িত্ব অস্বীকার করতে পারেন না। তাঁরা শ্রীপাতিলকে পশ্চিমবংগে যাওয়ার জন্য এবং দূর্ভিক্ষ প্রতিরোধ কমিটির নেতৃবৃন্দের সাথে সাক্ষাৎ করার জন্য অনুরোধ জানান।

শ্রীপাতিল বলেন তিনি অবিলম্বে পশ্চিমবংগে যাইতে প্রস্তুত আছেন এবং তাতে যদি অবস্থার উন্নতি হয় তা হলে তিনি যতবার প্রয়োজন ততবারই যাবেন। তবে তাদের মনে রাখতে হবে, পশ্চিমবংগে সরকার অবস্থা আয়ন্তে আনার চেষ্টা করছেন এবং বর্তমানেও আন্দোলন চলছে।

খাদ্যমন্ত্রী বলেন, গত ২৪শে জুন পশ্চিমবংগ সরকার কর্তৃক মূল্য নিয়ন্ত্রণ আদেশ এবং লেভি সম্পর্কিত আদেশ প্রত্যাহাত হইবার পর থেকে বাজারে আমদানীর পরিমাণ বৃদ্ধি পাচ্ছে। আগস্ট মাসের প্রথম থেকেই মূল্য হ্রাস পেতে থাকে। তিনি বলেন মূল্য আরো হ্রাস পাচ্ছে এবং আমদানী বৃদ্ধি পাচ্ছে। অবস্থার ক্রমশই উন্নতি হচ্ছে।

### পশ্চিমবংগে কেন্দ্রীয় সাহায্য

খাদ্য সম্পর্কের বিতর্কের সময় পশ্চিমবংগে কেন্দ্রীয় সাহায্য বিষয়ে শ্রীজৈন যে সকল তথ্যের উল্লেখ করেছিলেন তা উদ্বৃত করে শ্রীপাতিল বলেন, মাথাপিছু দৈনিক ১৫.৩০ আউল খাদ্যের প্রয়োজনের ভিত্তিতে পশ্চিমবংগ সরকার তাদের ঘাটতির পরিমাণ বছরে ৮.৩৫ লক্ষ টন করেন। আগস্ট মাস পর্যন্ত প্রায় ৭.৮ লক্ষ টন খাদ্যশস্য সরবরাহ করা হয়েছে।

চালের উৎকর্ষ সম্পর্কে অভিযোগের উদ্রেখ করে তিনি বলেন, যে চাল সরবরাহ করা হয় তা হয়ত অধিবাসীদের পক্ষে আদর্শ নয়। তবে আমাদের হাতে যা আসে আমরা তাই সরবরাহ করে থাকি। পশ্চিমবংগের আগামী ফসলের অবস্থা খুবঁই আশাশ্রদ, পশ্চিমবংগ আরো অধিক পরিমাণ চাল পাবে এ বিষয়ে তিনি নিঃসন্দেহ।

#### মূল সমস্যা

### [আনন্দবাজার পত্রিকা, ৪ সেপ্টেম্বর ১৯৫৯, সম্পাদকীয়]

ভারতের খাদ্যনীতির মূল সমস্যা আমরা, বর্তমান বৎসরে মোট কত খাদ্যের প্রয়োজন এবং প্রতি বছরে কী পরিমাণ খাদ্যশস্য উৎপন্ন হচ্ছে, তার সঠিক হিসাব জানি না।

এই সমস্যা সমাধানে প্রথমে খাদ্য উৎপাদনের কথা বলা যায়। চলতি বছরে দেশে ৭ কোটি ৩৫ লক্ষ টন খাদ্যশস্য উৎপন্ন হয়েছে। গত বছরের তুলনায় তা ১ কোটি ১০ লক্ষ টন বেশী। বিদেশ থেকে ৩৫ লক্ষ টন খাদ্যশস্য আমদানি করা হয়েছে। চলতি বছরে দেশে প্রয়োজনের তুলনায় অতিরিক্ত ৬০ লক্ষ টন উদ্বৃত্ত রয়েছে। কিন্তু রাজ্যে বাজ্ঞার দর আকাশচুস্বী। এরপর রিপোর্ট প্রকাশ পায় খাদ্যশস্যের উৎপাদন ৪০ লক্ষ টন কম। অর্থাৎ গলদপূর্ণ হিসাব সহজেই ধরা পড়ে।

সূতরাং মূল সমস্যা হল (১) দেশে খাদ্যশস্যের উৎপাদন ও চাহিদা কিরূপ তা সঠিক নির্ধারণ করা এবং চাহিদা অনুযায়ী উৎপন্ন শস্যের সুষ্ঠু ব্যবস্থা করা। (২) দেশের যেখানে যত উদ্বৃত্ত খাদ্যশস্য রয়েছে তা সরকারের আয়ত্তে এনে যাদের খাদ্যাভাব রয়েছে তাদের বন্টন করা। (৩) ব্যবসায়ীদের খাদ্যশস্য মজুতকে কঠোরভাবে নিয়ন্ত্রণ করা। (৪) কেন্দ্রীয় সরকার বিভিন্ন রাজ্যকে যে খাদ্যশস্য দেন তার যাতে অপচয় না ঘটে তা দেখা। (৫) উৎপাদনকারীরা যাতে উদ্বৃত্ত শস্য বেশি ব্যবহার করতে না পারে তা দেখা।

আমরা আশা করি খাদ্যশস্যের উৎপাদন, তার সঠিক চাহিদা, বন্টন, ভোগের পরিমাণ নিয়ন্ত্রণ সম্বন্ধে জাতীয় উন্নয়ন পর্বদ ও রাজ্যের খাদ্যমন্ত্রীগণ তাদের আগামী বৈঠকে সৃষ্ঠু কর্মপন্থা নির্ধারণ করবেন।

#### [আনন্দবাজার পত্রিকা, ৪ সেপ্টেম্বর ১৯৫৯]

কমাউনিষ্ট প্রভাবিত খাদ্য আন্দোলনকে কেন্দ্র করে এদিনও কলকাতায় ইতস্ততঃ বিক্ষিপ্ত হামলা চালানো হয়। এদিন সকাল, দুপূর, বিকেল এবং রাত্রে বিভিন্ন স্থানে বিক্ষুন্ধ জনতা এবং হাঙ্গামা দমনকারী পুলিশের মধ্যে খণ্ড সংঘর্ষ হয়। তবে ঐ সংঘর্ষের ঘটনা অপেক্ষাকৃত কম হয় এবং সরকারি প্রেসনোট অনুযায়ী রাত্রি সাড়ে দশটা নাগাদ শহরের অবস্থা শান্ত হয়ে আসে। ঐদিন উত্তর কলকাতার জোড়াবাগান, শ্যামপুকুর থানা এলাকা এবং দক্ষিণ কলকাতার ভবানীপুর, একবালপুর, ওয়াটগঞ্জ থানা এলাকায় ঐ সংঘর্ষের ঘটনা সীমাবদ্ধ ছিল। মধ্য, উত্তর ও দক্ষিণ কলকাতার অন্যান্য স্থান অপেক্ষাকৃত শান্ত ছিল।

বৃহস্পতিবার প্রধান রাজপথগুলিতে পুলিশের উপর আক্রমণ এবং সন্ধ্যায় নিষ্প্রদীপ অবস্থা সৃষ্টি, টহলদারী পুলিশ কর্তৃক কাঁদানে গ্যাস প্রয়োগ লাঠি ও গুলিচালনা পূর্ব দিনের মতোই ছিল।

সরকারি সংবাদে প্রকাশ ঐদিন বিভিন্ন স্থানে মোট ৩ জন আহত হয়। তন্মধ্যে ১ জন হাসপাতালে মারা যায়। বেসরকারি সূত্রে জানা যায় ঐ দিন বিভিন্ন স্থানে গুলিবর্ষণ চলে।

#### এ পর্যন্ত ১৫ জন নিহত

দূর্ভিক্ষ প্রতিরোধ কমিটির আন্দোলনকে কেন্দ্র করে কলকাতায় যে হাঙ্গামাজনক পরিস্থিতির উদ্ভব হয় তাতে বৃহস্পতিবার পর্যন্ত নিহতের সংখ্যা দাঁড়ায় ১৫ জন। এদের মধ্যে ১ জনের মৃত্যু ঘটে লাঠির আঘাতে। বৃহস্পতিবার আরো ৩ জন পুলিশের গুলিতে নিহত হয়।

বৃহস্পতিবার গুলিতে আহত হয়েছেন যারা তাদের কলকাতা ও পার্শ্ববর্তী অঞ্চলের বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়। আর. জ্ঞি. কর হাতপাতাল ঃ কার্তিকচন্দ্র রায় (১৮), নেপাল মাইতি (২৬), ভূলো সেন (২৮), সবলামণি দেবী (৩০), সুখদেও (২৬), কালীপদ গুহ (১৬), আল্পনা (৩০), গৌরী ভট্টাচার্য (২৬), অশোক মজুমদার (২৭), ও কানন ঘোষ (১০)। কলিকাতা মেডিকেল কলেজ ঃ দিলীপ রায় (৮), রখীন দাস, কেষ্ট দাস, ধারী সিং। শজুনাথ পশুত হাসপাতাল ঃ শৈলেজনাথ ঘোষ (২১), নন্দদুলাল দাস (১৭), কালু ঘোষ (১৮)। সাগরদন্ত হাসপাতাল ঃ অরবিন্দ চৌধুরী (১৮), কানাইলাল দে (১৮), গৌরহরি পাল (২৩), কমল পাল (১৩), সমরেজ সোম (১৮)। উক্ত ৫ জনকেই সোদপুর অঞ্চল থেকে সাগর দন্ত হাসপাতালে ভর্তি করা হয়। এর মধ্যে অরবিন্দ চৌধুরী ও কমল পালের অবস্থা আশঙ্কান্ধন বলিয়া প্রকাশ।

## मृখ्यमञ्जी ७। त्रारत्रत्र विवृष्टि

প্রধানত কম্যুনিস্ট প্রভাবিত মূল্য বৃদ্ধি ও দূর্ভিক্ষ প্রতিরোধ কমিটির খাদ্য আন্দোলনের জেরস্বরূপ এক্ষণে কলিকাতা, হাওড়া, রাজ্যের অন্যান্য স্থানে যেসব হাঙ্গামা হচ্ছে, পশ্চিমবংগের মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় বৃহস্পতিবার সাংবাদিকদের সঙ্গে আলোচনা কালে ক্ষুদ্ধ ও ব্যথিত কণ্ঠে তার নিন্দা করে বলেন যে, কোন কোন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ নাশকতামূলক ঐসব কাজকে তৃচ্ছে করে দেখানোর যে চেষ্টা করছেন তাতে দৃষ্কৃতিদের সাথে ঐসব দলের একটা প্রছন্ধ যোগাযোগ আছে বলে সন্দেহ হইতে পারে।

## প্রত্যাহারের নীতি

[আনন্দবাজার পত্রিকা, ৫ সেপ্টেম্বর ১৯৫৯, সম্পাদকীয়]

সংসদ বিরোধী দলভুক্ত ছয়জন সদস্য পশ্চিমবংগে খাদ্য আন্দোলন প্রত্যাহারের জন্য মূল্যবৃদ্ধি ও দূর্ভিক্ষ প্রতিরোধ কমিটির বিবেচনার্থে ৪ দফা দাবির উল্লেখ করেন।

- (১) সংকটকালের জন্য মজুতের উদ্দেশ্যে সরকারকে ৫ লক্ষ টন খাদ্য সংগ্রহ করতে হবে।
- (২) চালের মণ প্রতি মূল্য ১৭ টাকা থেকে ১৯ টাকা করতে হবে।
- (৩) রেশন কার্ডে চাল সরবরাহ করতে হবে।
- (৪) পর্যাপ্ত ও নিয়মিত চাল সরবরাহের ব্যবস্থার জন্য সর্বস্তরে সর্বদলীয় খাদ্য উপদেষ্টা কমিটি গঠন করতে হবে। সংসদ সদস্য ও R.S.P নেতা ত্রিদিবকুমার চৌধুরী বলেন—পশ্চিমবংগ সরকার যদি এই সকল নৃন্যতম দাবি স্বীকার করে নেন তবে দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি আন্দোলন প্রত্যাহারের সিদ্ধান্ত বিবেচনা করবে।

# দৈনিক বসুমতী

## হলং যায় ধৃলে স্বভাব যায় মলে (শ্রী হেমেন্দ্রপ্রসাদ ঘোষ)

[ দৈনিক বসুমতী, ২৫ জুন ১৯৫৯ ]

যখন আপনার সর্বনাশকারী খাদ্যনীতি আত্মরক্ষা করা যায় নাই, তখন কয়দিন চিন্তার পরে, পশ্চিমবংগের খাদ্যসচিব আবার চাঙ্গা হইয়া উঠিয়া হিসাবের বৃজ্জক্বকি আরম্ভ করিয়াছেন।

তিনি বলিয়াছেন,—তাঁহার অবলম্বিত নীতি যেমন লোকমতের দ্বারা, তেমনই ভারত সরকারের দ্বারাও পদাঘাতে ভূলুষ্ঠিত হইলেও তিনি এখনও বিদ্যমান—তিনি এখন কেবল দরিদ্রদিগের কথা বিবেচনা করিতেছেন—"I am now thinking of the poor people alone."

ভাষার একটু মারপেঁচ আছে—কথার দুই অর্থ হইতে পারে—

- (১) এখন আমি কেবল দরিদ্রদিগের কথা বিবেচনা করিতেছি;
- (২) আমি একান্তে (অথবা আমিই একা) দরিদ্রদিগের কথা বিবেচনা করিতেছি; যতদিন তাঁহার নিয়ন্ত্রণনীতি ছিল, ততদিন কি তাঁহার দরিদ্রদিগের বিষয় বিবেচনা করিবার প্রয়োজন বা ইচ্ছা হয় নাই—এখন তাহা হইল? তখন তিনি ছিলেন—

"like and lie reclined on the hills like Gods together, Careless of mankind"

এখন তিনি ভাবিতেছেন—দরিদ্রের ভাবনা। তিনি হিসাব করিয়া দেখাইয়াছেন—পশ্চিমবংগে বাঙালীর অনাহারে মৃত্যু অত্যন্ত স্বাভাবিক—in strict accordance with economic law. কারণ—

পশ্চিমবংগে যে চাউল উৎপন্ন হয়, তাহার শতকরা প্রায় ২৫ ভাগ বাজারে বিক্রীত হইতে পারে—সূতরাং যদি মোট উৎপন্ন চাউলের পরিমাণ হয় ৪২,০০,০০০ টন তবে ১০,০০,০০০ টনের কিছু অধিক চাউল শহরের—যাহারা ধানোৎপাদন করে, বা প্রয়োজন তুলনায় কম ধান্য উৎপাদন করে, তাহারাও পাইতে পারে। কিছু এইসব লোকেদের জন্য প্রয়োজন—৭০,০০,০০০ টন। ইহা হইতে ঐ ১০,০০,০০০ টন বাদ দিলে অবশিষ্ট থাকে ৭,০০,০০০ টন। এই অভাব (তিনি খাদ্যসচিব থাকিলে) তাঁহার হিসাব অনুসারে থাকিবেই।

তাঁহার এই হিসাব দেখিয়া আমাদিগের একটি কথা মনে পড়িতেছে। তখন বুয়র যুদ্ধ চলিতেছে। একদিন অফিসের 'বড়সাহেব' তাঁহার 'বড়বাবুকে' জিজ্ঞাসা করিলেন—"বুয়রদিগের খবর কি?"—বড়বাবু উত্তর দিলেন, "তাহারা হারিতেছে। কেন, আপনি কি খবরের কাগজ পড়েন না?" তাহাতে 'বড় সাহেব' বলিলেন "না"। কত বুয়র ইংরেজদের কাছে ধরা পড়িল, তাহার হিসাব দেখিয়া সে দিন আমি দেখিলাম—"যত বুয়র ধরা পড়িয়াছে সংবাদ দেওয়া হইয়াছে—বুযুরদিগের মোট সংখ্যা তত নহে—সেই দিন হইতে আমি (মিথা খবরের জন্য) সংবাদপত্র পড়া ছাড়িয়া দিয়াছি।"

আমরাও তেমনই বলি—পশ্চিমবংগ সরকারের হিসাব ছাপিয়া ছাপিয়া যেমন সংবাদপত্তের পক্ষে স্থান নষ্ট করা, তেমনই তাহা পড়িয়া…।

পশ্চিমবংগের কতকলোক—

- (১) অভ্যাসানুসারে গমজাত দ্রব্য (আটা ও ময়দা) খায় ;
- (২) অভ্যাসানুসারে কিছু ভাত ও কিছু রুটি খায়।
- (৩) অভাবের তাড়নায় কিছু রুটি ব্যবহার করিতে বাধ্য হয়।

ইহাদিগের সংখ্যা অন্ধ নহে। কিন্তু ইহারা খাদ্যসচিব মহাশয়ের সুক্ষ্ম হিসাবে ধরা পড়িয়াছেন কিনা, তাহা প্রকাশ নাই।

আর খাদ্যসচিব উৎপন্ন চাউলের ও লোকের প্রয়োজনের যে হিসাব দিয়াছেন, তাহার ভিন্তি আছে কিনা, তাহাই বা কে বলিবে?

এই খাদ্যসচিব কোন প্রতিষ্ঠানে স্ট্যাটিসটিক্স রচনার কৌশল আয়ন্ত করিয়াছেন অর্থাৎ হিসাব করিবার যোগ্যতা তাহার আছে কিনা—তাহাও জিজ্ঞাসা।

খাদ্যসচিব যে পাটোয়ারী বুদ্ধিতে বুদ্ধিমান, তাহার প্রমাণের অভাব নাই। খাদ্যনীতির পরিবর্তন অনিবার্য্য জানিয়া—সে নীতির সমর্থনে যে বিবৃতি তাহা তিনি দেন নাই—তাহা দেওয়াইয়াছেন প্রধান সচিবের দ্বারা আবার খাদ্যনীতির আমূল পরিবর্তন ভারত সরকারের আদেশে করার বিষয়ও তিনি ঘোষণা করেন নাই—ঘোষণা করাইয়াছেন—প্রধান সচিবের দ্বারা

তিনি এখন একগালে চ্ণ ও আর একগালে কালি "স্ট্যাটিসটিক্সের" লোনা জলে ধৃইয়া কিরূপে লোকের নিকট মুখ দেখাইবেন, তাহার উপায় উদ্ভাবনেই ব্যস্ত ছিলেন।

কারণ লোকে বলিতেছিল---

"সচিবত্বাবধি কালীয় বদন না ধূলি লাজের ঘাটেরে।"

তিনি আবার দেখা দিয়াছেন।

যেদিন পশ্চিমবংগের খাদ্যসচিব ধূলা ঝাড়িয়া উঠিয়াছেন, তাহার পূর্বদিন গয়ায় ভারত সরকারের রেল বিভাগের মন্ত্রী শ্রী জগজীবন রাম কংগ্রেস কর্ম্মীদের এক সম্মেলনে বলিয়াছেন—

কংগ্রেস কন্মীরা গ্রামে যাইয়া গ্রামবাসীদের উন্নতির জন্য কাজ করুন, কারণ গ্রামই কংগ্রেস প্রতিষ্ঠানের ভিত্তিভূমি। আর তাহারা অন্যের দোষ দেখাইতে নিরস্ত হইয়া আপনাদিগের দোষ সংশোধনে অবহিত হউন। কতকগুলি কংগ্রেসকন্মী চাকরীয়াদিগের তুলনায় দশগুণ অধিক দুর্নীতি পরায়ণ।

শুনিয়া কংগ্রেসকর্মীরা নিশ্চয়ই পরমপ্রীত হইয়াছিলেন। কারণ, দুর্নীতি যদি বির্দ্ধিত হয়, তবে কে কোথায় থাকিবেন ? গত ১৬ই জুন কোন সহযোগী (কংগ্রেস সমর্থক) লিখিয়াছিলেন—কোন মহকুমা ম্যাজিস্ট্রেট নিয়মবিরুদ্ধভাবে চাউল মজুদ করিয়াছেন—ধরায় পুরস্কার তাঁহাকে বদলী হইতে হইয়াছে কারণ যাঁহারা ধরা পড়িয়াছিলেন—তাঁহাদিগের মধ্যে ছিলেন একজন উপসচিব, একজন বিধান পরিষদের সদস্য, আর একজন কংগ্রেসের মাতবুর। ধরা পড়িয়াই তাঁহারা কলিকাতায় আসিয়া প্রতীকার প্রার্থনা করেন এবং ব্যাপারটি চাপা পড়িয়াছে। এ বিষয়ে কি শ্রী জগজীবনরামের উক্তি অনেকের মনে পড়িবে না?

ভারত সরকারকেও বলিহারি। তাঁহারা—যতদিন রোগ আরোগ্যসাধ্য ছিল, ততদিন পশ্চিমবংগের খাদ্যনীতি পরিবর্তন করা ত পরের কথা...উড়িষ্যা হইতে পশ্চিমবংগে সরাসরি চাউল আমদানির ব্যবস্থা বানচাল করিতেও দ্বিধা করেন নাই। আর আজ যখন 'শিবে কৈল সর্পাঘাত' এখন সে বিষয়ে মনোযোগী হইয়াছেন। কিন্তু যখন কি সত্য সত্যই কোন সুষ্ঠু ব্যবস্থা হইতে পারিবে?

পশ্চিমবংগের খাদ্যসচিব তাঁহার 'অমূল্য' হিসাবে একটি কথার কোন উল্লেখ করেন নাই......

বিগত দ্বাদশ বর্ষে পশ্চিমবংগ সরকার রাজ্যে খাদ্যশস্যের উৎপাদন বৃদ্ধির কোন উপায় করিয়াছেন বা করিতে চেষ্টা করিয়াছেন কি?

এ প্রশ্ন নিশ্চয়ই প্রীতিপদ হইবে না। কিন্তু জিজ্ঞাসা করিতে লোকের আগ্রহ একান্তই অবশ্যম্ভাবী।

পশ্চিমবংগের খাদ্যনীতি সম্বন্ধে পদত্যাগকালে শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় যাহা বলিয়াছেন—তখনও কি ভারত সরকার সে বিষয়ে বিবেচনা করা প্রয়োজন মনে করেন নাই? লোক তাঁহাদিগের কাজের আন্তরিকতায় বিশ্বাস করিতে পারিতেছে না বলিয়াই হরতাল বন্ধ হইল না।

সরকারী খাদ্যনীতি পরিবর্তনের দাবীতে ব্যাপক আইন অমান্য আন্দোলন মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির সিদ্ধান্ত

## প্রশাসনিক ক্ষেত্রে সংকট সৃষ্টি ও একাদিক্রমে দুই-ডিনদিন সাধারণ ধর্মঘটের সিদ্ধান্ত সিদ্ধান্ত কার্যকরী করার জন্য ৫০ হাজার স্বেচ্ছাসেকক সংগ্রহের কথা

[ দৈনিক বসুমতী, ৭ জুলাই ১৯৫৯ ]

পশ্চিমবংগ সরকারের জনস্বার্থ বিরোধী খাদ্যনীতি পরিবর্তনের দাবীতে দ্রব্যমূল্য বৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি আগামী আগস্ট মাসে সারা পশ্চিমবংগে ব্যাপকভাবে গণআইন অমান্য আন্দোলন পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। এই সিদ্ধান্ত অনুযায়ী প্রশাসনিক ক্ষেত্রে অচল অবস্থার সৃষ্টি ও নিরবচ্ছিন্নভাবে দুই-তিন দিন সাধারণ ধর্ম্মঘট পালনের প্রস্তাব সোমবার কমিটির সভায় গ্রহণ করা হয়। এই সিদ্ধান্তকে কার্য্যকরী করিয়া তুলিবার জন্য কমিটি কেন্দ্রীয় ও স্থানীয় ভিত্তিতে ৫০ হাজার স্বেচ্ছাসেবক সংগ্রহ করিবেন।

কমিটির পক্ষ হইতে শ্রীহেমন্ত বসু, শ্রীজ্যোতি বসু, শ্রীঅমর বসু, শ্রীমাখন পাল, শ্রীনির**ঞ্জন সেনগুপ্ত, শ্রীনীহার** মুখোপাধ্যায়, শ্রীবরদা মুকুটমণি, শ্রীঅজিত সেন, শ্রীনীরেন দাশগুপ্ত, শ্রীবসন্ত মুখোপাধ্যায় ও শ্রীঅনিল চট্টোপাধ্যায় সোমবার নিম্নলিখিত বিবৃতি দিয়াছেন :

সরকারের সাম্প্রতিক "মুনাফাখোরের নিকট আত্মসমর্পণ নীতির" পরিপূর্ণ সুযোগ লইয়া অসাধু ব্যবসায়ীগণ মূল্য নিয়ন্ত্রণাদেশ প্রত্যাহারের পূর্বের বাজার দর অপেক্ষা অধিক দামে চাউল বিক্রয় করিয়া সর্বাধিক মুনাফা করিতেছে। অপরদিকে বিশেষ করিয়া গ্রামাঞ্চলে সংশোধিত রেশন ব্যবস্থা আদৌ পর্য্যাপ্ত বা নিয়মিত নহে। সরকারও রাজ্যব্যাপী সর্বস্তরের মানুষের মধ্যে মাথাপিছু দেড় সের চাউল ও এক সের গম সরবরাহ করিবার নিশ্চিত ব্যবস্থা করিতেছেন না।

কমিটির পক্ষ হইতে খাদ্য সমস্যার সন্তোষজনক সমাধানের উপায় হিসাবে বহু প্রস্তাব উপস্থিত করা সম্থেও সরকার ইহা সরাসরিভাবে অগ্রাহ্য করিয়াছেন। কমিটি মনে করে যে, আণ্ড দাবী আদায়ের সংগ্রাম সংগঠিত করিবার সঙ্গে সঙ্গে ভূমি বন্টন, সেচব্যবস্থা সম্প্রসারণ, কর্ম সংস্থানের পরিকল্পনা, খাদ্য, কৃষি, ও ভূমিরাজস্ব দপ্তরগুলিকে একীকরণ প্রভৃতি দীর্ঘমেদায়ী দাবীগুলির উপর ব্যাপক প্রচার অভিযান চালাইতে হইবে।

কমিটি লক্ষ্য করিতেছে যে, সাধারণ ধর্মঘট ও হরতালের মাধ্যমে জনসাধারণ তাহাদের ব্যাপক বিক্ষোভ সুস্পষ্টভাবে ব্যক্ত করিলেও সরকার তাহার জনস্বার্থ বিরোধী খাদ্যনীতির পরিবর্ত্তনের জন্য উদ্যোগ দেখাইতেছেন না। কমিটির দৃঢ় মত যে, এই অবস্থায় বৃহত্তর গণ সংগ্রাম অপরিহার্য্য হইয়া পড়িয়াছে। আগস্ট মাসে ব্যাপকভাবে গণ-আইন অমান্য, প্রশাসনিক ক্ষেত্রে অচল অবস্থার সৃষ্টি, লাগাতার সাধারণ ধর্মঘট প্রভৃতির মাধ্যমে বৃহত্তর সংগ্রাম পরিচালিত হইবে। এইরূপ তীব্র সংগ্রামের দ্বারা সরকারের উপর প্রবল চাপ সৃষ্টি করিয়া জনগণের ন্যায্য দাবী মানিতে নতুবা সরকারকে পদত্যাগে বাধ্য করিতে হইবে। ইহাকে কার্য্যকরী করিবার জন্য কমিটি অবিলম্বে কেন্দ্রীয় ও স্থানীয় ভিত্তিতে ৫০ হাজার স্বেচ্ছাসেবক সংগ্রহ করিবেন।

এই বৃহত্তর সংগ্রামের গুরুত্বপূর্ণ অঙ্গ হিসাবে জেলা, মহকুমা ও অন্যান্য সরকারী দপ্তরে স্মারকলিপি পেশ, অবরোধ, ঘেরাও, অবস্থান, ধর্মঘট প্রভৃতির মাধ্যমে স্থানীয়ভাবে প্রত্যক্ষ সংগ্রাম চালাইয়া যাইতে হইবে।

### পশ্চিমবংগের খাদ্য পরিস্থিতি ও রাষ্ট্রায়াত্ত খাদ্যশস্যের ব্যবসা বেসরকারী খাদ্য পরামর্শদাতা কমিটিতে আলোচনা

আজ এখানে বেসরকারী খাদ্য পরামর্শদাতা কমিটির বৈঠকে পশ্চিমবংগের খাদ্য পরিস্থিতি এবং বিভিন্ন রাজ্যে সরকারী পরিচালনায় খাদ্যশস্যের ব্যবসায়ের অগ্রগতি এবং ঐ ব্যবসায় যে সকল অসুবিধার সম্মুখীন হইতে হইতেছে তা সম্পর্কে আলোচনা হয়।

প্রধানমন্ত্রী শ্রীনেহরু, কেন্দ্রীয় কৃবি ও খাদ্যমন্ত্রী শ্রীঅজিতপ্রসাদ জৈন, সমাজ উন্নয়ন ও সমবায় সচিব শ্রীএস. কে. দে, কেন্দ্রীয় খাদ্য উপমন্ত্রী শ্রী এ. এম. টমাস, শ্রী অশোক মেটা এম-পি, শ্রী মহান্তি এম-পি, শ্রী ত্রিদিব চৌধুরী এম-পি ও শ্রী জেড এ আমেদ প্রভৃতি এই বৈঠকে যোগদান করেন।

মনে হয় শ্রীজৈন প্রথমে দেশের সাধারণ খাদ্য পরিস্থিতি ও সরকারী পরিচালনায় খাদ্যশস্যের ব্যবসায়ের অগ্রগতির একটি বিবরণ দেন। সরকারী পরিচালনায় খাদ্যশস্যের ব্যবসায়ের অগ্রগতি এবং উহার অসুবিধা সম্পর্কে এক একটি কমিটির সদস্যদের মধ্যে বিলি করা হইতেছে বলিয়া জ্ঞানা গিয়াছে। বুধবার কমিটির পরবর্তী বৈঠকে ঐ নোট সম্পর্কে আলোচনা হইবে বলিয়া আশা করা হয়।

#### তিন দফা দাওয়াই

[ দৈনিক বসুমতী, ১২ জুলাই ১৯৫৯, সম্পাদকীয় ]

পশ্চিমবংগের সরকারী কর্ত্তারা এবার নাকি খাদ্য উৎপাদন বৃদ্ধির দিকে বিশেষ মনোযোগী হইয়াছেন। কৃষি ও খাদ্য উৎপাদন দপ্তরকে গুরুত্ব দিয়া একজন নৃতন মন্ত্রী নিয়োগ করা হইয়াছে দপ্তরের জন্য। শুধু তাহাই নয়, খাদ্য উৎপাদন বৃদ্ধির ভারপ্রাপ্ত মন্ত্রিসভার সাব-কমিটির একটি বৈঠকও হইয়াছে। খাদ্যদ্রব্যের মূল্যবৃদ্ধির দরুণ যখন লোকে খুব হৈ-চৈ করিতেছিল তখন পশ্চিমবংগ মন্ত্রিসভা অনেক ভাবিয়া চিন্তিয়া একটি খাদ্য উৎপাদন বৃদ্ধির সাব-কমিটি গঠন করিয়াছিলেন। এবার এই সাবকমিটি খাদ্য-সমস্যা সমাধানের জন্য তিন দফা দাওয়াই বাৎলাইয়াছেন। তাঁহারা অনেক চিন্তার পর স্থির করিয়াছেন যে, খাদ্য সমস্যা সমাধান করিতে হইলে খাদ্য উৎপাদন বাড়াইতে হইবে আর খাদ্য উৎপাদন যদি বাড়াইতে হয় তবে (১) চাষীদের উন্নত ধরনের বীজের বন্যায় ভাসাইয়া দিতে হইবে, (২) সেচ ব্যবস্থার উন্নতির জন্য ছোট ছোট সেচ পরিকল্পনা কার্য্যকরী করিতে হইবে, (৩) সবুজ এবং মিশ্রসারের ব্যবহার চাষীরা যাহাতে বেশি করিয়া করে, সেজন্য তাহাদের উৎসাহিত করিত হইবে।

অনেক গবেষণার পর মন্ত্রিসভার সাব-কমিটী যে দাওয়াই আবিষ্কার করিয়াছেন, তাহা যে অতি উত্তম বস্তু, সে বিষয়ে কোন সন্দেহ নাই। কিন্তু এই ধরনের দাওয়াই-এর কথা দেশের লোক স্বাধীনতার অনেক আগে হইতেই কি শুনিয়া আসিতেছেন না? 'ফসল বাড়াও' আন্দোলনের সৃষ্টি প্রাক-স্বাধীনতার আমলে। এই আন্দোলনের নামে সরকারী অর্থ কম খরচ হয় নাই। তাহাতে কিছু ধড়িবাজ্ব লোকের সুবিধা হইয়াছে, কিন্তু দেশের খাদ্য সমস্যার কোন সমাধান হইয়াছে কি? স্বাধীনতার পরবর্তী আমলেও কংগ্রেস সরকারের তরফ হইতে বীজধান বন্টন, সেচ পরিকল্পনা, সার বিক্রয় পরিকল্পনা ইত্যাদি হরেক রকমের পরিকল্পনার কোন কমতি ছিল না। কিন্তু তৎসত্বেও খাদ্য ঘাটতি দূর হইতেছে না কেন? আসল সমস্যাটা হইয়াছে এই যে, মন্ত্রিদপ্তরে বসিয়া যে সব প্রান করা হয় তাহার সঙ্গে যেমন লোকের কোন যোগাযোগ নাই, তেমনি যে আমলাতন্ত্রকে দিয়া প্র্যান কার্য্যকরী করিবার ব্যবস্থা হয়, তাহার সহিতও দেশের গ্রামাঞ্চলের লোকের, বিশেষ করিয়া কৃষক সমাজের কোন যোগাযোগ নাই। সেচ পরিকল্পনাগুলির দোষ ক্রটি দেখাইয়া উহা সংশোধনের জন্য বিভিন্ন অঞ্চলের লোকে দাবী করিলে তাহা উপেক্ষিত হয়, সেচ পরিকল্পনার জল ব্যবহারে ফসল বাডুক আর নাই বাডুক, সেচ করের বোঝায় লোকে হাপাইয়া উঠে।

সর্বোপরি লক্ষ্য করিবার বিষয় এই যে, খাদ্য উৎপাদন বৃদ্ধির জন্য মূল করণীয় কাজটি সরকারী কর্ত্তারা সযত্নে এড়াইয়া যাইতেছেন। পরিকল্পনা কমিশন খাদ্যোৎপাদন বৃদ্ধির জন্য ভূমি সংস্কার ও ভূমি বন্টনের উপর সর্বাপেক্ষা বেশি জোর দিয়াছেন। কিন্তু ১৯৪৭ খৃষ্টাব্দ হইতে ১৯৫৭ খৃষ্টাব্দ পর্যন্ত সময়ের মধ্যে ভূমি বন্টনের কোন সৃষ্ঠ্য পরিকল্পনা পশ্চিমবংগ মন্ত্রিসভা করিয়া উঠিতে পারিলেন না। যে সাব কমিটির বৈঠকের কথা ইতিপূর্বে উল্লেখ করা হইয়াছে, সেই বৈঠকে একথা ধরিয়া লওয়াই হইয়াছে যে, "আপাততঃ শীঘ্র ভূমি ব্যবস্থার পরিবর্তনের কোন সম্ভাবনা নাই এবং এই ভিত্তিতেই খাদ্য উৎপাদন বৃদ্ধির সমস্যাটা যে এক সপ্তাহ বা এক মাসের মধ্যে সমাধানের মত সমস্যা নায়, তাহা বলাই বাছল্য। সূতরাং "আপাততঃ ভূমি সংস্কারের সম্ভাবনা" বাদ দেওয়ার অর্থ কি এই নয যে, কয়েক বৎসরের মধ্যে এরূপ কোন সম্ভাবনা পশ্চিমবংগের কংগ্রেস মন্ত্রিসভা দেখিতে পাইতেছেন নাং যদি তাহাই হয়, তবে স্বীকার করিতেই হইবে যে, তাঁহারা পশ্চিমবংগের স্বর্বাপেক্ষা গুরুতর ব্যাধির হাতুড়ে চিকিৎসার চেষ্টাতেই ব্যস্ত রহিয়াছেন।

### পশ্চিমবংগে খাদ্যাভাব

[ দৈনিক বসুমতী, ১৫ জুলাই ১৯৫৯, সম্পাদকীয় ]

পশ্চিমবংগ সরকার যে লোককে খাদ্য বিষয়ে স্বাবলম্বী করিতে আগ্রহশীল তাহা মনে হয় না। কারণ বলা হইয়াছে—সমবায়

খামার ব্যতীত খাদ্য-সমস্যার সমাধান হইবে না এবং করে সে খামারের ব্যবস্থা সম্ভব হইবে—কখন হইবে কিনা—তাহা বলা যায় না।

কিন্তু ইতোমধ্যে সরকার ব্যয়বৃদ্ধির একটি নৃতন উপায় উদ্ভাবিত করিয়াছেন—

স্বাস্থ্য বিভাগ (অর্থাৎ চক্রনতী বিভাগ) নাকি এক রিপোর্ট পেশ করিয়াছেন—খাদ্যের পৃষ্টিকারিতা বৃদ্ধি ও খাদ্যে ভেজাল নিবারণ সম্বন্ধে অবহিত হইবার জন্য একটি স্বতন্ত্র বিভাগ সৃষ্টি করা হউক। প্রস্তাবটি এখন প্রধান সচিবের বিবেচনাধীন। কে এই বিভাগে সচিব হইবেন এবং এই বিভাগে বার্ষিক কত টাকা ব্যয় হইবে, তাহার বিষয় এখনও জানা যায় নাই। এদিকে একদিনের সংবাদ ঃ

- (১) "কোটেয়া দাঁইহাট অঞ্চলে মধ্যবিত্ত পরিবারে হাহাকার—চাউলের মণ ৩৪ টাকা।"
- (२) मानपर्दत जन्माना शात्य ठाउँ तत मृनावृष्ति।
- বাঁকুড়া জিলায় "পাত্রসায়ার থানায় শোচনীয় খাদ্যসংকট—অর্দ্ধাহারে অনাহারে বছলোকের দিনযাপন।"
- (৪) "জলপাইগুড়ী অঞ্চলে বীজধানের অভাব।" অর্থাৎ যে বীজধান কৃষক রাখিয়াছিল, তাহা অভাবের তাড়নায় খাইয়া ফেলিয়াছে।

পশ্চিমবংগ সরকার, বোধ হয়, এখনও খাদ্যনীতি উদ্ভাবনের বিষয় চিন্তা করিতেছেন। লোক না খাইয়া মরিতে পারে—কিন্তু নীতি স্থির করা সময়সাধ্য।

কেন্দ্রীয় সরকার বলিয়াছেন—পশ্চিমবংগ সরকার যাহা চাহিয়াছেন, কেন্দ্র তাহাই দিয়াছেন তবে এই হাহকার কেন? অবশ্য (কেন্দ্রীয় সরকারের নিকট হইতে) খাদ্যশস্য সংগ্রহের ও প্রাপ্ত শস্য বন্টনের ভার যে সচিবের নীতির ব্যর্থতা প্রধান সচিব স্বীকার করিয়াছেন এবং যে নীতি শেষে পরিত্যাগ করিতে হইয়াছে, যিনি নাভিশ্বাস পর্যাপ্ত সেই নীতির সমর্থন করিয়াছেন, সেই সচিবের হন্তেই রহিয়াছে। কথায় বলে—"ডাকিনীর হন্তে পুত্র সমর্পন।" পশ্চিমবংগের প্রধান সচিব—এই প্রচলিত প্রবাদ কুসংস্কার বলিয়া বিবেচনা করিবেন কিনা জানি না।

পশ্চিমবংগের খাদ্যবিভাগ যে হিসাব দিয়া আসিয়াছেন, তাহা যে বিরাট ধাপ্পা তাহা ভারত সরকারও বুঝিয়াছেন, কিন্তু জিজ্ঞাস্য—

- (১) কে সেই ধাপ্পার জন্য দায়ী?
- (২) কি উদ্দেশ্যে ধাপ্পা দেওয়া হইয়াছে?

যদি বণ্টনের দোষে দুর্দশা, বিবদ্ধিত হইয়া থাকে, তবে যিনি সেজন্য দায়ী তাহাকে কি আবার বণ্টন সভায় দিয়া রাখা সঙ্গত ? আশা করি, ইহার মধ্যে ছড়ান জাল গুটাইবার সময়ের কোন কথা নাই।

সে যাহাই হউক—এখন কি হইবে?

### ২৫শে জুন সাধারণ ধর্মঘট

[ দৈনিক বসুমতী, ২৭ জুলাই ১৯৫৯ ]

রিপোর্টারের অভিমত—"সাম্প্রতিককালে এরূপ স্বতঃস্ফুর্ত হরতাল পালন বছনিন নগরীতে পরিলক্ষিত হয় নাই। বাংলায় জাগ্রত জনগণ এই স্বতস্ফুর্ত হরতালের মধ্য দিয়া তাঁহাদের সুস্পষ্ট অভিমত ও প্রতিবাদ জ্ঞাপন করেন। অধিকাংশ সওদাগরী ও বেসরকারী অফিসমূহ সম্পূর্ণ বন্ধ থাকে। সরকারী অফিস ও আদালত সমূহ খোলা থাকিলেও অতি অল্পসংখ্যক কর্মচারী কার্যে যোগদান করেন। পশ্চিমবংগের কয়েকজন মন্ত্রীকে পুলিসের সাহায্য লইয়া রাইটার্স বিল্ডিংস-এ আসিতে হয় বলিয়া সংবাদ পাওয়া যায়। সামান্য কয়েকটি ব্যবসা প্রতিষ্ঠানে আংশিক ধর্মঘট হয়। এই সকল প্রতিষ্ঠানের শ্রমিক ইউনিয়নগুলি প্রজা সমাজতন্ত্রী দলের পরিচালনাধীন। এই দিনের হরতালের বৈশিষ্ট্য হইতেছে—কোথাও কোন পিকেট করিতে হয় নাই।"

### স্পষ্ট কথায় কন্ট নাই

[ দৈনিক বসুমতী, ৭ আগস্ট ১৯৫৯, সম্পাদকীয় ]

পশ্চিমবংগের খাদ্যাবস্থা সম্বন্ধে লোকসভায় উত্তেজনার উদ্ভব হইলে যখন ধরা পড়ে খাদ্যমন্ত্রী সকল রাজ্যের চাউলের দাম জানাইয়াছেন, কেবল পশ্চিমবংগের দাম জানান নাই, তখন লোকসভার সভাপতি তাঁহাকে ২ দিনের মধ্যে সে হিসাব দাখিল করিতে নির্দেশ দেন এবং খাদ্যমন্ত্রীও ব্যবসায়ী বিশেবের রাত্রিবাসই লাভ মনে করিয়া চুপ করেন। কিন্তু সভাপতি কৌশলে ব্যাপারটি ধামাচাপা দিবার পূর্বেই পশ্চিমবংগ সরকারের খাদ্য বিভাগের হিসাবের কেরদানী সপ্রকাশ হইয়াছিল। শ্রীমতী রেণু চক্রবতী যখন বলেন, সরকারের বিবরণেই দেখা যায়—গত বৎসর এপ্রিল মাসে পশ্চিমবংগে চাউলের দাম যাহা ছিল—এবার এপ্রিল মাসে তদাপেক্ষাও অধিক হইয়াছে, তখন উত্তরে "কিন্তিমাৎ" করিবার আশায় উপখাদ্যমন্ত্রী মিন্তার টমাস (অবশ্য পশ্চিমবংগর খাদ্য সচিবের প্রদন্ত হিসাবে নির্ভর করিয়া) বলেন—ঐ উক্তি সত্যের ভিন্তিতে প্রতিষ্ঠিত নহে, কারণ গত বৎসর এপ্রিল মাসে পশ্চিমবংগে চাউলের মূল্য ছিল—২৩ টাকা ৬০ নয়া পয়সা মণ, আর এবার নামিয়া হইয়াছে ২১ টাকা ৬০ নয়া পয়সা অর্থাৎ মণকরা ২ টাকা কম। শুনিয়া যখন শ্রীমতী রেণু চক্রবতী বলেন—যদি তাহাই হয় অর্থাৎ গত বৎসরের তুলনায় যদি এ বৎসর চাউলের মূল্য কমিয়া থাকে, তবে সরকার খাদ্যনীতির ব্যর্থতা স্বীকার করিয়া সেনীতি প্রত্যাহার করিলেন কেন?—তখন উপমন্ত্রী আপনার ফাদে আপনি পড়িয়া নির্বাক হইয়া থাকেন। অর্থাৎ তিনিও বুঝিতে পারেন—পশ্চিমবংগ সরকারের হিসাব বিশ্বাসযোগ্য বলা দুস্কর। যদি কেন্দ্রীয় সরকারের খাদ্যমন্ত্রী লোকসভার সভাপতির নির্দেশানুসারে মূল্যভান্সিকা উপস্থাপিত করেন—তবে লোকসভায় আলোচনায় কি প্রকাশ পায়, তাহা দেখিবার বিষয়। এদিকে পশ্চিমবংগের ব্যবস্থাপক সভার সদস্য অধ্যাপক শ্রীনির্ম্মলচন্দ্র ভট্টাচার্য্য রাজ্যসরকারের খাদ্য বিষয়ে পরামর্শনাতা সমিতির সদস্যপদ ত্যাগ করিয়া মুখ্যমন্ত্রীকে যে পত্র লিখিয়াছেন, তাহাতে তিনি স্পষ্ট কথা—কঠোর হইলেও

তিনি বলিয়াছেন, ২ বৎসর ঐ সমিতির সদস্য থাকিয়া তিনি যে অভিজ্ঞতা সঞ্চয় করিয়াছেন, তাহাতে তিনি বুঝিয়াছেন—ঐ সমিতির সদস্য থাকিয়া কোন ফল নাই।

কথাটা যত সতাই কেন হউক না—নির্মালবাবু যে ২ বংসরে বুঝিয়াছেন তাহাই বিস্ময়ের বিষয়। কারণ, যখনই কোন আন্দোলন প্রবল ও সরকারের পক্ষে বিব্রতকর হয়, তখনই কমিটী বা কমিশনে বা বোর্ড নিযুক্ত করিয়া বিষয়টি চাপা দিবার হীন কৌশল ভারতের বর্তমান সরকার ইংরেজ সরকারের নিকট হইতে উত্তরাধিকারসূত্রে লাভ করিয়া—তাহাতে "গুরুমারা বিদ্যার" পরিচয় দিয়াছেন। শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ের অভিযোগের ফলেও কি ইহাই হয় নাই?

আর একটি দৃষ্টান্ত—গোরক্ষা আন্দোলন নির্বাচন পর্যন্ত স্থিমিত রাখিবার জন্য সমিতি গঠন। সে সমিতিরও সভাপতি ছিলেন—বর্ত্তমান খাদ্যমন্ত্রী—শ্রীপ্রফুলচন্দ্র সেন। অক্সদিনের মধ্যেই সমিতি গঠনের প্রকৃত উদ্দেশ্য বৃঝিয়া অন্তঃত ২ জন বেসরকারী সদস্য—সেই ধায়ার প্রতিবাদে Prolonging the agony তে অসম্মত হইয়া—সে কথা বলিয়া পদত্যাগ করেন। সরকার কেবল জনকয়েক বৃদ্ধকে অস্থায়ী চাকরী দিয়া কিছু অর্থের অপব্যয় করেন।

নির্মালবাবুর অভিযোগ দুইজনের বিরুদ্ধে—

(১) খাদ্যমন্ত্ৰী

বলিতে দ্বিধান্ভব করেন নাই।

(২) মুখ্যমন্ত্রী

তিনি বলিয়াছেন—যতদিন বর্তমান খাদ্যমন্ত্রীকে স্থানান্তরিত করা না হইবে—ততদিন পশ্চিমবংগের খাদ্যসমস্যার সুষ্ঠ্ সমাধান হইবে না। কারণ উক্ত মন্ত্রী কেবল বোর্ডকে—

- (১) বিশ্বাসের অযোগ্য হিসাব দিয়া আসিয়াছেন।
- (২) রাজ্যে খাদ্যের অবস্থা ও সমাগত প্রায় দূর্ভিক্ষ সম্বন্ধে মিথ্যা ছবি দেখাইয়া আসিয়াছেন।
- (৩) যাহারা ধান ও চাউপ মজুদকারী—সকলেই জ্ঞানে তাহাদিগের সম্বন্ধে আইনগত ক্ষমতা প্রয়োগে বিরত থাকিয়াছেন।
  - (৪) পল্লীগ্রামে সাহায্য বিতরণে পক্ষপাতিত্ব দেখাইয়াছেন।
  - (e) यथाकारन टिन्टे तिनिक वा **चग्नता**ठी **जाहाया वावज्ञा करतन ना**है।
  - (৬) সরকারের চাউল চোরাবাজ্ঞারে যাইবার পথ বন্ধ করিতে পারেন নাই।
- (৭) যে সকল সাধু সরকারী কর্মাচারী মজুদ করার বিরোধী হইয়াছেন, তাঁহাদিগকে স্থানান্তরিত করিয়া শান্তি দেওয়া হইয়াছে। আমাদিগের মনে হয়, ভট্টাচার্য মহাশয়ের অভিযোগ তালিকায় আর কোন অভিযোগ যোগ করিবার উপায়ও নাই—প্রয়োজনও নাই।

ভট্টাচার্য মহাশয়—খাদ্যনীতির ব্যর্থতা প্রতিপন্ন ও স্বীকৃত হইবার পরেও যে খাদ্যমন্ত্রী—জীববিশেষের অঙ্গে পরাঙ্গপৃষ্ট

আঁঢুলীর মত চাপিয়াছেন তাহাতে গণতন্ত্রের মর্য্যাদা নষ্ট করা হইয়াছে। ঐ নীতির ব্যর্থতা স্বীকারের সঙ্গে স্ত মন্ত্রীর পদত্যাগ করা এবং তিনি স্বেচ্ছায় পদত্যাগ না করিলে তাঁহাকে স্থানান্তরিত করাই গণতন্ত্রানুমোদিত। তাহা করা হয় নাই। এইস্থানে নির্ম্বলবাবু মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ উপস্থাপিত করিয়াছেন—

বিশ্ময়ের বিষয় এই যে, তিনি (মুখ্যমন্ত্রী) ঐ মন্ত্রীকে পদত্যাগ করিতে বন্দেন নাই বা রাজ্যপালিকাকে তাঁহার পদত্যাগের নির্দেশ দিতে বন্দেন নাই। ভট্টাচার্য্য মহাশয় বন্দেন—তাহা না করিয়া মুখ্যমন্ত্রী ঐ মন্ত্রীর বিরাট ব্যর্থতা আবরণ করিবার জন্য কৃষিমন্ত্রীকে স্থানান্তরিত করিয়াছেন। কিন্তু সেজন্য তিনি যে কুজ্বটিকার আবরণ সৃষ্টি করিয়াছেন, তাহা ভেদ করিয়া লোক প্রকৃত অপরাধী কে, তাহা অনায়াসে বুঝিতে পারিতেছে—("The people can clearly see through this thin smoke screen who the real culprit is.")

অর্থাৎ খাদ্যমন্ত্রীকে সংযত রাখা মুখ্যমন্ত্রীর পক্ষে সম্ভব হয় নাই।

নির্মালবাবু বলিয়াছেন, তিনি কোন বিশেষ রাজনীতিক দলভুক্ত নহেন। তিনি যথাবুদ্ধি তাঁহার কর্ম্বব্য সম্পাদনের চেষ্টাই করিয়াছেন। কিন্তু—

- (১) খাদ্যমন্ত্রী যেভাবে তাঁহার কার্য্যসাধনে অযোগ্যতার পরিচয় দিয়াছেন।
- (২) খাদ্যমন্ত্রী তাঁহার নীতির ব্যর্থতা স্বীকৃতির পরেও যেভাবে মন্ত্রিত্বের গদী আঁকড়াইয়া আছেন।
- (৩) বোর্ড যেভাবে পরিচা**লি**ত হইয়াছে এবং বোর্ডের সহিত যে ব্যবহার করা হইয়াছে তাহাতে নির্ম্ম**লবাবুর পক্ষে** বোর্ডের সদস্যপদ ত্যাগ করা ব্যতীত গত্যন্তর নাই। এই পত্রের পরে কোনরূপ মন্তব্য প্রকাশ আমরা বা**হল্য বলি**য়া বিবেচনা করি।

#### [দৈনিক বসুমতী, ১১ আগস্ট ১৯৫৯]

PIFRC খাদ্য আন্দোলনের দ্বিতীয় পর্যায়ে ব্যাপক গণআন্দোলনের ডাক দেয়। এক সাংবাদিক বৈঠকে বলা হয় যে জেলা মহকুমার H.Q., বিভিন্ন সরকারি অফিস এবং কলকাতায় বহু জায়গায় অবস্থান বিক্ষোভ, পিকেটিং ছাড়া মজুত রাখা চাল কম মূল্যে জনগণের কাছে বেচে দেওয়ার প্রস্তাব করা হয়। PIFRC-র তরফে ডঃ রণেন সেন জানান যে আইন অমান্য করে স্বেচ্ছায় কারাবরণ করা নয়, আন্দোলনকারীর গ্রেফতারিতে বাধা দেবেন। এছাড়াও সরকারের অসহযোগীতাপূর্ণ আচরণের কারণে PIFRC-র যে সব সদস্য Food Advisory Council-এ ছিলেন তাদের পদত্যাগ করতে নির্দেশ দেওয়া হয়।

### "মূলার ঘায় কামান সিদে"

[ দৈনিক বসুমতী, ১৫ আগস্ট ১৯৫৯, সম্পাদকীয় ]

গল্প আছে, এক প্রসিদ্ধ কর্ম্মকার বাদশাহের সেনাদলের জন্য একটি বড় কামান প্রস্তুত করিয়াছিল। যুদ্ধ বিভাগের লোকরা যখন সেটি লইতে আসিয়া—বহু চেষ্টায় গাড়িতে তুলিল, তখন কর্ম্মকার দেখিল—তাহার গুরু বাজার হইতে মূলা কিনিয়া লইয়া বাড়ীতে যাইতেছে। সে গুরুকে নমস্কার করিয়া বলিল, "ওস্তাদ, দেখ—কেমন কামান করিয়াছি।" ওস্তাদ কামানটি দেখিয়া বলিল, "ভালই হইয়াছে—কেবল এই একটি স্থান একটু নীচু—ঠিক করিয়া দিতেছি।" বলিয়া সে একটি মূলা লইয়া তাহা দিয়া কামানের একটি স্থানে আঘাত করিয়া বলিল, "এইবার ঠিক হইয়াছে।"

তৃতীয় পরিকল্পনার শেষে পশ্চিমবংগে খাদ্যোপকরণ বৃদ্ধির ফলে কিরূপে রাজ্যকে স্বয়ংসম্পূর্ণ করা যাইবে—কৃষি ও উৎপাদন সচিবের দীর্ঘ বিবৃতি পাঠ করিয়া অনেকের সেই গল্প মনে পড়িবে।

যদি বর্ত্তমানে অবস্থার উন্নতি সাধিত না হয়, তবে যখন তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার আয়ুদ্ধাল শেষ হইবে, তখন—

- (১) অনাহারে মৃত্যুর ফলে পশ্চিমবংগে এত লোকের মৃত্যু অনিবার্য যে, লোকথায়হেতু খাদ্যোপকরণের প্রয়োজন হ্রাস হইবে—হয়ত বা সব জমি চাব করিবার লোকেরও অভাব (ছিয়ান্তরের মন্তরের পরে যেমন হইয়াছিল, তেমনই) হইবে।
  - (২) তখন আজিকার সচিব, বক্তা, আমলার দল—কে কোথায় থাকিবেন, তাহা কে বলিতে পারে?
- (৩) তখন যদি হয়—"খুলিল তৃতীয় অঙ্কে দৃশ্য অভিনব"—তবে যে বর্তমান সরকারের অবলম্বিত নীতিই অনুসৃত হইবে, তাহা কে বলিতে পারে?

সূতরাং তৃতীয় পরিকল্পনার শেষে কি হইবে বা হইতে পারে 'ইহা বাহ্য।"

তাহার জন্য সচিবদিগের শিরঃপীড়া ইইতে পারে—কিন্তু তাহার জন্য লোক ব্যস্ত নহে। তাঁহারা বর্ত্তমানের ভাবনা ভাবিয়া—অসহ্য অবস্থা অনুভব করিয়া অঞ্চপাত করিতেছে।

সচিবসঙ্ঘ নিশ্চয়ই লক্ষ্য করিতেছেন---

- (১) চাউল যে মূল্যে বিক্রীত হইতেছে, তাহাতে তাহা সচিব, সচিবদিগের অনুগৃহীত ব্যক্তি, তাঁহাদিগের দালাল ও চোরাকারবারী ব্যতীত সাধারণ লোকের পক্ষে ক্রয় করা অসম্ভব।
  - (২) গৃহস্থ সাধারণের পক্ষে 'যশোদার দড়ীর দুই মুখ এক করা" আর সম্ভব নহে।
  - (৩) "স্টাষ্টিসটিক্সে" উদরপূর্ত্তি হয় না—তাহাতে কেবল সচিবদিগের নির্লজ্জতা প্রকাশ পায়।
- (৪) মেদিনীপুর জিলায় প্রায় ৩০ লক্ষ লোক দুর্ভিক্ষের সম্মুখীন। হাওড়ার অবস্থা শোচনীয়—দামোদরের জল নিয়ন্ত্রণ ব্যবস্থা এর জন্য দায়ী—ইহাই অনেকের মত। নদীয়ায় খাদ্যাভাব।

এদিকে—সরকার খাদ্য সম্বন্ধে পরামর্শ দিবার জন্য যে বোর্ড গঠিত করিয়াছিলেন, তাহা হইতে প্রথমে অধ্যাপক শ্রীনির্মালচন্দ্র ভট্টচার্য্য পদত্যাগ করেন—পরে আর ১৩ জন পদত্যাগ করিয়াছেন। ইহদিগের অভিযোগ—যেভাবে বোর্ডের কাজ হইতেছে, তাহাতে তাহার সদস্য থাকিয়া কোন আবশ্যক কাজ করা যায় না। নির্মালবাবুর পদত্যাগপত্রের অতি সামান্য অংশ অন্যসকল সংবাদপত্রে স্থান পাইলেও তাহার যে অংশ "স্টেটসম্যান" পত্রে প্রকাশিত হইয়াছিল, তাহাতে তিনি অভিযোগ করিয়াছেন—বোর্ডের অধিবেশনে খাদ্যসচিবের ব্যবহার আপত্তিকর এবং প্রধান সচিব (সভাপতিরূপে) খাদ্যসচিবকে সংযত রাখিতে পারেন নাই।

ইহাও লক্ষ্য করিবার বিষয়—কেন্দ্রীয় সরকারের প্রধানমন্ত্রী যেমন খাদ্য মন্ত্রীকে পক্ষ-পুটে আশ্রয় দিয়া রক্ষা করিয়াছেন, রাজ্যসরকারে তেমনই প্রধানসচিব খাদ্যনীতি ভূল স্বীকার করিয়াও যে নীতির জন্য যিনি প্রধানতঃ (কারণ যৌথ দায়িত্বে সকলেই দায়ী) দায়ী তাঁহাকে আহরণ ও বন্টন ভারমুক্ত করেন নাই। অথচ বন্টনেই অনেক ছিদ্রপথ থাকে।

## পশ্চিমবংগে ১৫ জন এম-এল-এ সহ প্রায় ৮০ জন গ্রেপ্তার আইন অমান্য আন্দোলন দমনে সারা বাঙলায় ব্যাপক ধরপাকড় বিভিন্ন বামপন্থী দল ও গণ-সংগঠনের কার্য্যালয়ে পুলিসের তল্লাশী

[ দৈনিক বসুমতী, ১৮ আগস্ট ১৯৫৯, ]

মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি আগামী ২০শে আগস্ট হইতে সারা পশ্চিমংগে ব্যাপক আইন অমান্য আন্দোলন শুরু করিবার জন্য যে কর্মসূচী ঘোষণা করিয়াছেন, তাহাতে আতঙ্কিত হইয়া রাজ্যসরকার রবিবার মধ্যরাত্রি হইতে কলিকাতা ও রাজ্যের বিভিন্ন জেলায় ব্যাপকভাবে ধরপাকড শুরু করিয়াছেন।

সোমবার সন্ধ্যা পর্যন্ত রাইটার্স বিল্ডিংসে যে সংবাদ আসিয়াছে, তাহাতে জানা যায়, কলিকাতা, ২৪ পরগণা, হাওড়া, হুগলী, বর্জমান, মেদনীপুর ও কুচবিহার জেলা হইতে পুলিশ নিবর্তনমূলক আটক আইনে ও নিরাপত্তা আইনে মোট ৮০ জনকে গ্রেপ্তার করিয়াছে। ধৃত ব্যক্তিদের মধ্যে পশ্চিমবংগ বিধান সভার ১৩ জন কম্মুনিষ্ট, ১জন আর. এস. পি ও ১জন এস. ইউ. সি সদস্য আছেন।

গ্রেপ্তার করা ছাড়াও পুলিস কলিকাতা ও মফঃস্বলে বিভিন্ন বামপন্থী দল ও সংগঠনের কার্য্যালয়ে হানা দিয়া তল্লাসী কার্য্য চালায়।

কম্যুনিষ্ট নেতা শ্রীজ্যোতি বসু, বিধানসভার কম্যুনিষ্ট সদস্যদ্বয় শ্রীহেমন্ত ঘোষাল ও শ্রীধীরেন ধর, ফরওয়ার্ড ব্লক সদস্য শ্রীচিন্ত বসুকে প্রেপ্তারের জন্য পুলিস তাঁহাদের বাসস্থান তল্লাসী করে, কিন্তু সোমবার সন্ধ্যা পর্যন্ত তাঁহাদের কোন সন্ধান পাওয়া যায় নাই।

রবিবার মধ্যরাত্র হইতে সোমবার পর্যন্ত পুলিস যাঁহাদের গ্রেপ্তার করিয়াছে তাঁহাদের মধ্যে আছেন ডাঃ রণেন সেন এম-এল-এ, (কমা), শ্রীনিরশ্বন সেন, এম-এল-এ (কমা), শ্রীগণেশ ঘোষ এম-এল-এ (কমা), শ্রীসুধীর ভাণ্ডারী এম-এল-এ (কমা), শ্রীগোপাল বসু এম-এল-এ (কমা), শ্রীঅজিত গাঙ্গুলী এম-এল-এ (কমা), শ্রীরবীন মুখাজ্জী এম-এল-এ (কমা), শ্রীমনোরশ্বন হাজরা এম-এল-এ (কমা), শ্রীসমর মুখাজ্জী এম-এল-এ (কমা), শ্রীশ্যামাপ্রসন্ন ভট্টাচার্য্য এম-এল-এ (কমা), শ্রীবিনয় চৌধুরী এম-এল-এ (কমু), শ্রীতারাপদ দে এম-এল-এ (কমু), শ্রীভূপাল পাণ্ডা এম-এল-এ (কমু), শ্রীবতীন চক্রবতী এম-এল-এ (আর. এস. পি), শ্রীসুবোধ ব্যানাজ্জী এম-এল-এ (এস-ইউ-সি), সারা ভারত কৃষক সভার সাধারণ সম্পাদক শ্রীভবানী সেন, বলীয় প্রাদেশিক ট্রেড ইউনিয়ন কংগ্রেসের সাধারণ সম্পাদক শ্রীইন্দ্রজিৎ গুপ্ত, সহঃ সভাপতি শ্রীমনোরঞ্জন রায়, শ্রীশৈলেন বসু, শ্রীপ্রকৃতি মিত্র, শ্রীনরেন ঘোষ, শ্রীপ্রশান্ত সুর (কাউলিলার), শ্রীনিরঞ্জন মুখার্জ্জী, শ্রীবিন্ধনাথ চক্রবতী, শ্রীকান্তি ভৌমিক, শ্রীনরেন দাশগুপ্ত, শ্রীবীরেন ব্যানাজ্জী, শ্রীবিজ্ঞয় পাল, শ্রীঅমৃতেন্দু মুখার্জ্জী, শ্রীবিজ্লয় পাল, শ্রীঅমৃতেন্দু মুখার্জ্জী, শ্রীর্বারেন রায়, শ্রীনিশি চক্রবর্তী, শ্রীইন্দু ভৌমিক, শ্রীঅমৃল্য সাহা (ফঃ বঃ), শ্রীতারা দন্ত, শ্রী নীহার মুখার্জ্জী (এস ইউ সি), শ্রীগোবিন্দ কাঁড়ার (কম্মু), শ্রীভূপেন ব্যানাজ্জী (কমু), শ্রীরাধিকা ব্যানাজ্জী (কমু), শ্রীবিকাশ দাস, শ্রীসুনীল সেন, শ্রীমণা দাস ও শ্রীসারোজ মিত্র (কমু), শ্রীগোপী সাহা (কমু), শ্রীঅজিত বসু (কমু), শ্রীবিকাশ দাস, শ্রীসুনীল সেন, শ্রীমণা দাস ও শ্রীদীনেশ সাহা (কমু- দমদম), শ্রীবৈদ্যনাথ মণ্ডল (বিক্তপুর), শ্রীতাতুল দাস ও শ্রীকালীকা সরকার (হাবড়া), শ্রীদ্বিজেন ঘোষ, শ্রীগণেশ রায় (নেহাটী), শ্রীগোপাল ব্যানাজ্জী (ঝড়দহ), শ্রীনিরঞ্জন সমাজ্ঞপতি (বিজ্ঞপুর), শ্রীবর্দা মুকুটমণি (বলশেভিক পার্টি), শান্তি গান্ধুলী (ফঃ বঃ), শ্রীঅমিল চ্যাটাজ্জী (সাধারণতন্ত্র), শ্রীললিত সিংহ ও শ্রী বিশ্বনাথ ঘোষ (আর-এস-পি)। বুধবার রাত্রি প্রায় দুইটায় কম্মুনিন্ট পার্টির কেন্দ্রীয় কার্য্যালয়ে কলিকাতা ও মফঃস্বলের কার্য্যালয়গুলিতে হানা দিয়া তল্লাসী চালায়।

সরকারী সূত্রে যে সংবাদ পাওয়া গিয়াছে, তাহাতে জানা যায়, পুলিশ এ পর্যন্ত কলিকাতা হইতে ১৩, ২৪ পরগণা হইতে ১৪, হাওড়া হইতে ১৭, ছগলী হইতে ৬, বর্দ্ধমান হইতে ২, কুচবিহার হইতে ৫, মেদিনীপুর হইতে ৬, জনকে গ্রেপ্তার করিয়াছে।

এক সংবাদে প্রকাশ, কমূনিষ্ট পার্টির কৃষক নেতা শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায় (সেচমন্ত্রী অজয় মুখোপাধ্যায়ের স্রাতা) সোমবার পুলিস কর্তৃক ধৃত হন।

বিপ্লবী কম্যুনিষ্ট পার্টি প্রদন্ত অপর এক সংবাদে প্রকাশ উক্ত পার্টির রাজ্য কমিটির সম্পাদক শ্রী অনাদি দাস এবং সদস্য শ্রীনৃপেন দেকেও পুলিস গ্রেপ্তার করিয়াছে।

### মোক্ষম দাওয়াই

[ দৈনিক বসুমতী, ১৯ আগস্ট ১৯৫৯, সম্পাদকীয় ]

পশ্চিমবংগের সরকারী কর্ডারা এতদিনে সক্রিয় হইয়াছেন। খাদ্য-সমস্যা সমাধানের জন্য পশ্চিমবংগ সরকার কিছুই করিতেছেন না বিলয়া যাঁহারা এতদিন সরকারের সুনামে কলঙ্ক লেপন করিতেছিলেন, পশ্চিমবংগ সরকার এবার তাঁহাদের মুখের মত জবাব দিয়াছেন। নিরাপন্তা আইন এবং বিনা বিচারে আটক আইনের অন্ত্র লইয়া তাঁহারা আসরে অবতীর্ণ হইয়াছেন; কলিকাতা, হাওড়া, ২৪ পরগণা, নদীয়া, বর্জমান এবং অন্যত্র হইতে প্রায় ১০০ (কোন কোন সংবাদপত্রের মতে ২০০) ব্যক্তিকে তাঁহারা গ্রেপ্তার করিয়াছেন। তাহারা প্রেপ্তার করিয়াছেন মজুতদার ও চোরাকারবারীদের নয়, খাদ্যের দর কমাইতে হইবে এবং দেশের লোককে ঠিকমত খাদ্য সরবরাহ করিতে হইবে বলিয়া যাঁহারা অশোভন ও অযৌক্তিক দাবী তুলিয়া দেশে গণতন্ত্র কেংগর করিবার চেষ্টা করিতেছিলেন তাঁহাদের। পশ্চিমবংগে গণতন্ত্র অতঃপর নিরাপদ হইল দেখিয়া আমরা আশ্বন্ত হইতেছি এবং দেশের সুসন্তান চোরাকারবারী ও মজুতদাররা খাদ্যশস্যের দরবৃদ্ধি করিয়া নির্বিবাদে ও নির্বিদ্ধে দেশসেবা করার সুযোগ লাভ করিতে পারিবে দেখিয়া পুলকিত হইতেছি।

দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি খাদ্যশস্যের মূল্যবৃদ্ধি রোধে সরকারকে বাধ্য করার জন্য ২০শে আগস্ট হইতে গণ আন্দোলন সুরু করিবেন বলিয়া ঘোষণা করিয়াছিলেন। কমিটির নেতারা বারবোর বলিয়াছিলেন যে, গণতান্ত্রিক ব্যবস্থায় সরকার উচ্ছেদ আন্দোলন চালাইবার অধিকার বিরোধী দলদের আছে। দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি সরকার উচ্ছেদ আন্দোলন আরম্ভ করিতে চাহেন নাই—তাঁহারা সম্ভায় দেশের লোককে খাদ্য দিবার জন্য আন্দোলন করিতে চাহিয়াছেন। সম্ভবতঃ এই কারণেই পশ্চিমবংগ সরকার আন্দোলনকারীদের ভালচক্ষে দেখেন নাই। দেখা যাইতেছে, বিরোধী দলদের সরকার উচ্ছেদের আন্দোলন করিবার অধিকার থাকিলেও সম্ভায় খাদ্য চাহিবার অধিকার নাই।

খাদ্য আন্দোলন দমনের জন্য পশ্চিমবংগ সরকার যে উদ্যম ও উৎসাহ দেখাইয়াছেন, তাহার সহিত মজুদারদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের ব্যাপারে তাঁহাদে নিরুৎসাহিতা বিশেষভাবেই লক্ষ্যণীয়। এবার খাদ্যমূল্য নিয়ন্ত্রণ আদেশ জারীর সময় খাদ্যমন্ত্রী প্রফুল্ল সেন বলিয়াছিলেন, মজুতদার ও চোরাকারবারীদের জন্যই চাউলের দাম অগ্নিমূল্য হইয়াছে এবং সরকারের খাদ্যনীতি তাহারা বানচাল করিবার চেটা করিতেছে। কিন্তু তৎসত্ত্বেও ঐ সব চোরাকারবারী ও মজুতদারদের আইনের সাহায্যে ধরিবার কোন ব্যবস্থা সরকার করেন নাই। কোন বড় মজুতদার বা চোরাকারবারীকে বিনা বিচারে আটক আইনে ধরিবার ব্যবস্থাও করা হয় নাই। কারণ সন্তবতঃ এই যে, মজুতদারদের মৌলিক অধিকার ক্ষুপ্প করিতে গণতত্ত্বপ্রিয় সরকারের বিবেকে বাধিয়াছিল, কিন্তু শেবে যখন দেখা গেল যে, দেশের লোক নিজেরাই উদ্যোগী হইয়া মজুত চাউল টানিয়া বাহির করিতেছে এবং খাদ্যমূল্য নিয়ন্ত্রণাদেশ থাকায় পুলিসকেও বাধ্য হইয়া ঐ কাজে সহায়তা করিতে হইতেছে, তখন পশ্চিমবংগ সরকার প্রমাদ গণিলেন। তাঁহারা তখন খাদ্যমূল্য নিয়ন্ত্রণ আইন প্রত্যাহার করিলেন—মজুতদারী ও চোরাকারবারী আইনসঙ্গত হইল। মজুত চাউল উদ্ধারের চেষ্টা অতঃপর বেআইনী বলিয়া গণ্য করিবার ব্যবস্থা হইল। খাদ্য আন্দোলনকারীদের সায়েন্ডা করার তাহারই পরবর্তী ধাপ।

খাদ্য-সমস্যা সমাধানের জ্বন্য পশ্চিমবংগ সরকার যে নীতি গ্রহণ করিয়াছেন, তাহার মূল কথা এই ঃ (১) মজুতদার ও মুনাফাবাজদের কেশস্পর্শ করা চলিবে না ; (২) খাদ্য শস্য অগ্রিমূল্য হইলেও বিবৃতির সাহায্যে তাহা অস্বীকার করিতে হইবে ; (৩) যাহারা সন্তায় খাদ্য চাহিবে তাহাদের শায়েন্তা করিতে হইবে। দুই বেলা দুই মুঠি ভাত খাইবার জন্য হৈ চৈ করার যে রোগ দেশের লোকের মজ্জাগত হইয়া উঠিয়াছে, তাহা সারাইবার এ যে মোক্ষম দাওয়াই তাহাতে আর সন্দেহ কি?

## ১৯৫৯ এর বাঙ্গালায় ১৯৪৬-এর দুর্ভিক্ষের করাল ছায়া এন সি চ্যাটাজ্জী, দেবজ্যোতি বর্ম্মণ ও দেবেন্দ্র নাথ মুখাজ্জীর যুক্ত বিবৃতি [দৈনিক বসুমতী, ২৩ আগস্ট ১৯৫৯]

কলিকাতা, ২২শে আগস্ট ঃ সারা ভারত ব্যক্তি স্বাধীনতা কাউনিলের সভাপতি শ্রী এন সি চ্যাটাজ্জী, 'যুগবাণী'-র সম্পাদক শ্রী দেবজ্ঞ্যোতি বর্ম্মণ ও কলিকাতার প্রাক্তন মেয়র শ্রী দেবেন্দ্রনাথ মুখাজ্জী এক যুক্ত বিবৃতিতে বাঙ্গলাদেশের খাদ্য পরিস্থিতি এবং খাদ্য আন্দোলন সম্পর্কে বলিয়াছেন যে, সমাজ বিরোধী লোকদের মুনাফাবাজীর ফলে বাঙ্গালাদেশে ক্রমণই খাদ্যের মূল্য বৃদ্ধি পাইতেছে এবং ইহার ফলে ১৯৪৩ সালের দুর্ভিক্ষের পদধ্বনি পুনরায় ১৯৫৯ সালে উপনীত হইতেছে। এই বিবৃতিতে বলা হইয়াছে যে রাজধানী দিল্লী ও অন্যান্য স্থানে পশ্চিমবংগ্রের খাদ্য পরিস্থিতি অতিরঞ্জিত করা হইতেছে। তাহা না হইলে তেমন কোন খারাপ পরিস্থিতি নয়। কংগ্রেস কেরলে যাহা করিয়াছে, পশ্চিমবংগের খাদ্য আন্দোলনের মাধ্যমে তাহার পাল্টা গাওয়া হইতেছে। শ্রী চ্যাটাজ্জী, শ্রীবর্ম্মণ ও শ্রীমুখাজ্জী সরকারী ও কংগ্রেসী মহলের এই কানাঘুবার তীব্র প্রতিবাদ জানান।

এই বিবৃতিতে প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহরুকে অন্ততঃ একবার বাঙ্গালাদেশে আসিয়া বাঙ্গালাদেশের অবস্থাটা স্বচক্ষে দেখিয়া লইবার জন্য অনুরোধ জ্ঞানান হইতেছে।

#### নাহার ও আহার

[ দৈনিক বসুমতী, ২৬ আগস্ট ১৯৫৯, সম্পাদকীয় ]

কলম্বাস আমেরিকা আবিষ্কার করিয়াছিলেন, আইজ্যাক নিউটন মাধ্যাকর্ষণ আবিষ্কার করিয়াছিলেন পশ্চিমবংগ কংগ্রেস কমিটীর ধনাধ্যক্ষ শ্রীবিজ্ঞয়সিংহ নাহার তাহাদিগকে পরাভূত করিয়াছেন। কারণ, তিনি "ডবল" আবিষ্কার করিয়াছেন—

- (১) কংগ্রেসাতিরিক্ত একটি দলকে (কম্যুনিষ্ট) গালি দিলে পশ্চিমবংগে খাদ্য-সমস্যার সমাধান হয়।
- (২) পশ্চিমবংগে অন্নাভাবে ধৈর্য্যহারা জনগণ (কংগ্রেস সরকার তাঁহাদিগের খাদ্যনীতির ব্যর্থতা স্বীকার করিবার পরে) খাদ্যের দাবীতে যে আন্দোলন আরম্ভ করিয়াছেন, তাহা কংগ্রেসাতিরিক্ত বিভিন্ন দলের নেতৃত্বাধীন হইলেও এবং বহু কংগ্রেস দলীয় লোকসভার সদস্যও খাদ্যনীতির জন্য সরকারকে লোকসভায় নিন্দা করিলেও—সে আন্দোলন ঐ কয়্যুনিষ্ট

দল—কেরলের ব্যাপারে লোকের মনোযোগ অন্যদিকে আকৃষ্ট করিবার জন্য—আরম্ভ করিয়াছেন। অর্থাৎ "যত দোয—নন্দ ঘোষ।"

নিরপেক্ষতা যে সকল সংবাদপত্তের নীতি এবং জনগণের কল্যাণই (অর্থাৎ দলবিশেবের শক্তি ও সমৃদ্ধি নহে) যাঁহাদিগের অভিপ্রেত, তাঁহারা কিন্তু অতি সহজেই নাহার মহাশয়ের আবিদ্ধারের স্বরূপ উপলব্ধি করিতে পারিবেন। কারণ, যাঁহারা Whip-hand পশ্চিমবংগে কংগ্রেস কমিটীর পরিচালনা করে, সেই প্রধান সচিব ভব্বর বিধানচন্দ্র রায় বলিয়াছেন— কংগ্রেস সরকার ভূল করিয়াছিলেন; দিল্লীতে সেই ভূলের জন্য খাদ্য মন্ত্রীকে পদত্যাগ করিতে হইয়াছে। আর সেই ভূলের ফল ভোগ করিয়াছে দেশের লোক। সেজন্য কি কংগ্রেস দায়ী নহে?

কলিকাতার উপকঠে—বেলঘরিয়ার দেশপ্রিয় নগরের পূজার মাঠে এক সভায় শ্রীবিজয় সিং নাহার বলিয়াছেন

- (১) কম্যুনিষ্টদিগের নীতি জাতির প্রতি বিশ্বাসঘাতকতা।
- (২) পশ্চিমবংগে যে খাদ্য আন্দোলন আরম্ভ হইয়াছে এবং যাহার পরিণাম কি হয়, বলা যায় না—তাহা কেবল ক্যানিষ্টদিগের দ্বারা পরিচালিত ও কেরলের ব্যপার চাপা দিবার জন্য।

দেশের সম্বন্ধে বিশ্বাসঘাতকতা অতি ঘৃণ্য অপরাধ এবং তাহা নিন্দনীয় (হয়ত দণ্ডনীয়ও বটে)। আমরা আশা করি, নাহার মহাশয়কে "Good judge of traitors" বলিবেন না। কারণ বিশ্বাসঘাতকতা কাল ও পাত্রসাপেক্ষ। মুসলমান শাসককে সরাইয়া ইংরেজ বণিককে সিংহাসনে বসাইবার জন্য যদি কোন ষড়যন্ত্র হইয়া থাকে, তবে তাহাও কাল ও পাত্র বিবেচনায় বিশ্বাসঘাতকতা। সেই বিশ্বাসঘাতকতার সঙ্গে ধনী জৈন জগৎ শেঠের পরিবারের সম্পর্ক ছিল। তাহার পরে যখন ইংরেজ আমলাতন্ত্রের প্রাধান্য তখন জৈন ধনীরা এমনই রাজভক্ত ছিলেন যে, সেতাব চাঁদ নাহার ও মণিলাল নাহার পিতা ও পুত্র উভয়েই সরকারের নিকট আদৃত ও "রায় বাহাদুর"উপাধিতে ভূষিত হইয়াছিলেন।

কেরলে কম্যুনিষ্ট সরকারের পতন ইইয়াছে। সেই সরকারের কার্য্যকালে তথায় চাউলের মূল্য কিরূপ ছিল সে আলোচনায় পশ্চিমবংগের লোক কি সান্তনা লাভ করিবে? তাহাতে কি তাহাদিগের অন্নকষ্টের উপশম ইইবে?

যে খাদ্যনীতির ফলে আজ পশ্চিমবংগে এই দুরবস্থা—যাহার ব্যর্থতা প্রধান সচিবও স্বীকার করিয়াছেন—তাহা কম্যুনিষ্ট বা কংগ্রেসাতিরিক্ত কোন রাজনীতিক দল রচনা করেন নাই। তাহার জন্য কংগ্রেস সরকার ও সেই সরকারের সমর্থক কংগ্রেস কমিটি দায়ী। ইহারাই শেষ পর্যন্ত সেই নীতি সমর্থন করিয়াছেন। যখন শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় এই নীতির বিরুদ্ধে অভিযোগ উপস্থাপিত করেন ও সচিবের পদত্যাগ করেন তখন পশ্চিমবংগ সরকার কি তাঁহার উপস্থাপিত অভিযোগ অস্বীকার করেন নাই গ আর তিনি যখন পুনরায় নির্বাচিত হইবার চেষ্টা করেন (ও সফলকাম হ'ন), তখন কি পশ্চিমবংগ কংগ্রেস সমিতি তাঁহার বিরুদ্ধে প্রার্থী দিয়া সরকারের সমর্থনের চেষ্টা করেন নাই গেই কংগ্রেস কমিটিতে কি শ্রীবিজয় সিং নাহার ছিলেন না গ তিনি কি জানেন না, যখন কেন্দ্রীয় সরকারের "ওঁতোর চোটে" পশ্চিমবংগ সরকারকে তাঁহাদিগের খাদ্যনীতি ত্যাগ করিতে হইয়াছিল, তখনও খাদ্যসচিব সেই নীতির সমর্থন করিয়াছিলেন, অথচ তিনি এখনও স্থপদে প্রতিষ্ঠিত আছেন এবং তাঁহার অনিষ্টসাধন সুযোগ সমানই রহিয়াছে।

মোহনদাস করমচাঁদ গান্ধীর দোহাই দিয়া—ভূল স্বীকার করিয়া নিষ্কৃতি লাভের প্রয়াস—যে ঋণী বলে, ''ঋণ স্বীকার করিলেই ও ঋণ পরিশোধ হয়'' তাহার উক্তিরই মত।

শ্রীবিজয় সিং নাহার যখন শিশু এবং তাঁহার পরিবারস্থ ব্যক্তিরা যখন ইংরেজ সরকারের প্রিয়পাত্র, তখন যে বাঙ্গালী "বয়কট" নীতি গ্রহণ করিয়াছিল সে সম্বন্ধে কংগ্রেসে গৃহীত গ্রন্তাব—যেহেতু জনগণের কথায় সরকার যথেষ্ট মনোযোগ দেন না সেই কারণে বাঙ্গলায় বন্ধবিভাগ উপলক্ষ করিয়া প্রবর্তিত "বয়কট" সঙ্গত ("Was and is Legitimate") তেমনই যেহেতু সরকার আজ্ব তাঁহাদিগের ভূল স্বীকার করিলেও সেই ভূল দেখাইয়া দেশের লোক যাহা বলিয়াছেন, তাহাতে কোনরূপ গুরুত্ব আরোপ করেন নাই, সেইজন্য খাদ্যের দাবীতে আন্দোলন সঙ্গত।

শ্রীবিজয় সিং নাহার নিশ্চয়ই তাঁহার যে নীতি ব্যর্থ হইয়াছে তাহাতে তাঁহার সমর্থন করিয়া আসিয়াছেন এবং এখনও তিনি সেই নীতির জন্য তাঁহার অপসারণ সমর্থন করিতেছেন না।

তবে কোন মুখে তিনি আর এটি রাজ্বনীতিক দলের নিন্দা করিয়া কংগ্রেসের দোষ ঢাকিবার চেষ্টা করিতেছেন? তাহার পরে কথা—বিদায়ী বক্ততায় কেন্দ্রীয় সরকারের খাদ্যমন্ত্রী জৈন—সেন কোম্পানীর প্রধান অংশীদার পশ্চিমবংগ সরকার সম্বন্ধে যে অভিযোগ প্রকাশ্যভাবে উপস্থাপিত করিয়াছেন, তাহা মিথ্যা প্রতিপন্ন করিতে না পারা পর্যন্ত পশ্চিমবংগের নরনারী এই সরকারের ও এই সরকারের তদ্ধীদারদিগের কথায় কিরূপে বিশ্বাসস্থাপন করিবে ? শ্রীঅজিতপ্রসাদ জৈন বলিয়াছেন, পশ্চিমবংগ সরকার ইছোমত হিসাব দাখিল করিয়াছেন। ইহার অর্থ—পশ্চিমবংগ সরকার সত্য হিসাব দাখিল করেন নাই। কোন ভদ্রলোক বা ভদ্র সরকার সম্বন্ধে ইহা অপেক্ষা আর কি গুরুত্বপূর্ণ অভিযোগ উপস্থাপিত হইতে পারে ? বাস্তবিক অজিতপ্রসাদ পশ্চিমবংগ সরকারের মুখে যে আলকাতরার পোঁচ টানিয়া দিয়াছেন, তাহার সম্বন্ধে সরকার কি বলিবেন ?

কম্যুনিষ্টদিগের সম্বন্ধে শ্রীঅতুল্য খোষের বিবৃতি " সেকরার ঠুক্ঠাক্—কামারের এক ঘা"—তাহার পরে বিজয় সিং আর কি বলিবেন ?

কিন্তু পশ্চিমবংগ সরকারের অযোগ্যতা, অক্ষমতা ভূল ও সে সরকারের মিথ্যা হিসাব দাখিলের অভিযোগ—এ সকল কিরূপে খণ্ডিত হইবে? যে স্বয়ং অসিদ্ধ, সে কিরূপে অপরকে দোষ দিয়া অব্যাহতি লাভ করিতে পারে?

যে দীর্ঘ দ্বাদশবর্ষকাল—এইসব সচিব ইচ্ছামত কাজ করিয়াচ্ছেন, ছাড় দিয়াচ্ছেন, বিনা টেন্ডারে মাল লইয়াচ্ছেন—ইত্যাদি। সৈ সরকারকে আজ কৈফিয়ৎ দিতে হইবে—কেন তাহারা রাজ্যে খাদ্যদ্রব্যের উৎপাদন বৃদ্ধির ব্যবস্থা করেন নাই? —হত্যাকারী ব্যক্তির প্রাণদণ্ড হয়, লোকের অনাহারে মৃত্যুর জন্য দায়ী সরকারের কিরূপ দণ্ড হওয়া উচিৎ?

#### একতরফা

[ দৈনিক বসুমতী, ৩০ আগস্ট ১৯৫৯, সম্পাদকীয় ]

পশ্চিমবংগের খাদ্য-সমস্যার ব্যাপার ক্রমে ভয়াবহ আকার ধারণ করিয়াছে। অথচ ইহার আলোচনা বহু পরিমাণে একতরফা হইতেছে।

কয়দিন পূর্বে শ্রীনির্ম্মলচন্দ্র চট্টোপাধ্যায়, শ্রীদেবজ্যোতি বর্ম্মণ ও শ্রীদেবেন্দ্রনাথ মুখোপাধ্যায় যে বিবৃতি প্রচার করিয়াছেন, তাহাতে তাহারা সত্যই বলিয়াছেন—ইহা বিশেষ দুঃখের বিষয় যে পশ্চিমবংগের খাদ্য সমস্যা দলগত রাজনীতির ব্যাপার হইয়া দাঁড়াইতেছে।

তাঁহারা প্রস্তাব করিয়াছেন—প্রধানমন্ত্রী স্বয়ং কলিকাতায় আগমন করুন এবং বিভিন্ন দলের ও সম্প্রদায়ের প্রতিনিধিস্থানীয় ব্যক্তিদিগকে আহান করিয়া সমস্যা সমাধানের উপায় নির্দ্ধারণের চেষ্টা করুন। তাঁহারা সরকারের ভূল ও চাকরীয়াদিগের মধ্যে দুর্নীতির উল্লেখও করিয়াছেন।

"The greater danger is the ministerial bungling and administrative corruption add to the miseries of the people and there is greater short coming ineffective distribution and failure to checkmate the profiteers and hoarders."

কিন্তু এক কারণে, ইহাদিগের প্রস্তাব গৃহীত হইলেও তাহা ব্যর্থ হইবার সম্ভাবনা। যিনি বা যাঁহারা ভূলের জন্য দায়ী এবং যিনি বা যাঁহারা অতিলোভী ও মজুদদারদিগকে দমিত করিতে অক্ষমতা প্রকাশ করিয়াছেন বা দমিত করেন নাই—তিনি বা তাঁহারা পূর্বাসনে খোসমেজাজে কাজ করিতেছেন।

মেজাজ এত খোস আছে যে, খাদ্য সচিব (অর্থাৎ যাঁহার নীতিতে ও ব্যর্থতায় আজ পশ্চিমবংগে এই খাদ্য-সমস্যা) তিনি আবার "স্ট্যাটিসটিক্স" নিক্ষেপ করিতে আরম্ভ করিয়াছেন। যদিও শ্রীঅজিতপ্রসাদ জৈন লোকসভায় বলিয়াছেন—তাঁহার হিসাব ইচ্ছামত রচিত (সূতরাং নির্ভরযোগ্য নহে), তথাপি তিনি সেই "ছড়াইতে ছাড়িব না"। গত বৎসর আশু ধান্যের ফলন কিরূপ হইয়াছিল ও এবার কিরূপ হইতেছে—তাহার নিখুঁত হিসাব তিনি মগজ হইতে বাহির করিয়া দিয়াছেন। কিন্তু —

- (১) তাহাতে তাঁহার কেরদানী কি?
- (২) যদি স্বাভাবিক নিয়মে—অর্থাৎ সুবর্ষণে ও প্রাকৃতিক দুর্য্যোগের অভাবে ফলন ভাল হয়, তবে কোন 'অপরাধে'' ডক্টর আহমেদকে কৃষি-সচিবের পদ হইতে সরান হইল?

ংফলন ভাল হইলেও বণ্টনের পথে যাহা করিবার তাহা অবশ্য খাদ্য সচিব করিতেন পারিতেন। পশ্চিমবংগ সরকার বলিয়াছেন—তাঁহারা অকাতরে "বেআইনী আইন" বলিয়া অভিহিত প্রতিরোধক গ্রেপ্তার ও কারাবাস ব্যবস্থা করিবেন নিশ্চয়। কারণ যাঁহাকে তাঁহার সহকর্মী দলগুলি বিশ্বাসঘাতক বলিয়া অভিহিত করিয়াছেন, সেই ডক্টর প্রফুল্লচন্দ্র ঘোষকে তাঁহার দলে পাইয়াছেন—এমনকি দিল্লীও দেখাইয়া আনিয়া "দিল্লীকা লাড্ছু" দিয়াছেন। ইহাই ভেদনীতি। যদি ডক্টর সম্পূর্ণানন্দ আসামে রাজ্যপাল হইতে পারেন, তবে কি প্রফল্লচন্দ্র ঘোষ—

সর্বাপেক্ষা বিস্ময়কর যুক্তি উপস্থাপিত করিয়াছেন—সহযোগী "অমৃতবাজ্ঞার পত্রিকা"। আমরা সহযোগীর উপভোগ্য উক্তি উদ্ধৃত করিবার প্রলোভন সম্বরণ করিতে পারিতেছি না—সহযোগীর প্রথম যুক্তি—বর্বাকালে চাউলের দর স্বভাবতঃই বাড়ে; সূতরাং নৃতন নীতি প্রবর্তিত করার পক্ষে এ সময় অসময়; সূতরাং যাঁহারা খাদ্যের দাবীতে আন্দোলন করিতেছেন, আমাদিগের বৈষ্ণব সহযোগী গোপীভাবে তাহাদিগকে বলিয়াছেন—

"আর কি সময়

নাহি. রসময়

বাজাতে মোহন বাঁশী।"

সূতরাং সিদ্ধান্ত হইল—নূতন সচিব মহাশয়ের উৎপাদন ব্যবস্থা, পুরাতন সচিবের বন্টন ব্যবস্থা—আর (কাহার জ্ঞানি না) মূল্য নির্দ্ধারণ ব্যবস্থা—এই তিনের কোনটিতেই এখন সাহস করিয়া পরিবর্তন প্রবর্তিত করা যায় না। সূতরাং মূখ বৃদ্ধিয়াই মর।

তাহার পরে "দুকুল রক্ষার" চেষ্টার ধুমাবরণ ভেদ করিয়া উদ্দেশ্য সপ্রকাশ—

"Blunders might have been committed in the past but it is no good, as they say, crying over split milk and creating further difficulties for the Government at a time when all efforts should be concentrated on mitigating of past sins of omission and commission, on alleviation of distress."

প্রধান সচিব স্বীকার করিয়াছেন ভূল হইয়াছে—তথাপি সহযোগী বলিয়াছেন—''অতীতে হয়ত ভূল হইয়াছে'—''হয়ত'' নহে—নিশ্চয়।

সহযোগী বলিয়াছেন—"হয়ত ভুল হইয়াছে"—অতীতে পাপের প্রতীকার করিতে হইবে—তিনি Blunder ও Sin শব্দদ্বয় ব্যবহার করিয়াছেন—কিন্তু Crime শব্দটি ব্যবহার করেন নাই। ইহাও লক্ষ্য করিবার বিষয়। এইরূপ ভিত্তি রচনা করিয়া সহযোগী বলিয়াছেন—

"What a tremendous waste of energy the food agitation launched throughout the State.....represents."

উঃ এই আন্দোলনে কি অসাধারণ উদ্যমের অপচয় হইতেছে। কিন্তু এই অবস্থার দায়িত্ব যে সরকারের, সে সরকারের সম্বন্ধে নিন্দাবাচক কোন উক্তি নাই। লোক যে আন্দোলন করিতেছে, তাহার বিরাটত্ব (রাজ্য-ব্যাপকতা) কি তাহার সমর্থক কারণ নির্দেশ করিতেছে না? সরকারের উদ্যম যাহাতে লোকের অন্নাভাবজনিত কষ্ট নিবারণে প্রযুক্ত হয়, সেই চেষ্টাই কি এই আন্দোলনের উদ্দেশ্য নহে?

হয়ত ক্রমে লক্ষ লোক-অম্লাভাবে কারাবরণ করিতে অসগ্রর হইবে—কারাগারে আর কিছু না হইলেও অম মিলিবে। সূর আরও এক পর্দ্দা চড়াইয়া সহযোগী লিখিয়াছেনঃ

খাদ্যদ্রব্যের মৃল্যের অসম্ভবরূপ বৃদ্ধি এবং মৎস্য পর্যন্ত খাদ্য দ্রব্যের শোচনীয় অভাবে—লোকের কষ্টের সীমা নাই। তাহার পরে আবার এই আলোচনা!

"Where is the sense in adding to it by attempts at dislocating normal life and diverting the energies of the Government from the task that calls for undivided attention namely, fighting hunger and starvation."

আমরা সহযোগীকে জিজ্ঞাসা করি—বর্তমান খাদ্য বিভাগ কি লোকের অন্নাভাব ও অন্নাহারে মৃত্যুর সহিত যুদ্ধ করিয়া তাহাদিগকে রক্ষা করার চেষ্টা করিতেছেন?

যাঁহারা "হয়ত" ভুল করিয়াছেন ও অতীতে "পাপ" করিয়াছেন—তাঁহারা কি দণ্ডিত নহেন?

গল্প আছে—কথক ঠাকুর যখন হনুমানের লন্ধায় গমন বর্ণনা করিতে যাইয়া বলেন—বীর হনুমান পর্বতের মত হইল—তাহার দেহের প্রতি লোম তাল গাছের মত দেখাইতে লাগিল—তখন পাড়ার গঞ্জিকাসেবী গদাধর তাহা শুনিয়া বলিয়াছিল—"ঠাকুর, আমরাও (গাঁজা) খাঁই, তব এত নহে।"

সরকারকে সমর্থন ও খাদ্যের দাবীতে আন্দোলনের যে অন্নি জ্বলিয়াছে তাহা নির্বাপিত করিবার চেন্টায় সহযোগী যাহা বলিয়াছেন—যে যুক্তির অবতারণা করিয়াছেন, যেভাবে "অপরাধ" কথাটি ব্যবহারে বিরত রহিয়াছেন, তাহাতে গদাধরের গল্পই অনেকের মনে পড়িবে না কি? এই উচ্চি ও যুক্তি কি একান্তই একতরফা হয় নাই?

#### শেষ কোথায়? দোষ কাহার?

[দৈনিক বসুমতী, ২ সেপ্টেম্বর ১৯৫৯, সম্পাদকীয়]

ইংলও যখন আয়ার্ল্যান্তে প্রচও দমননীতি পরিচালিত করিতেছিল সেই সময়ের কথায় কোন ঐতিহাসিক লিখিয়াছিলেন সরকারের মনে হইয়াছিল—"It seemed necessary either crush the country into pensive submission or to free it into open rebellion." গত সোমবারে কলিকাতার সরকারের শৃষ্মলা রক্ষার নামে ও কতগুলি লোকের যে কোন উপায়ে প্রতিবাদ জ্ঞাপনের সংকল্পে যাহা হইয়াছে, তাহাতে সেই কথা আজ অনেকের মনে পড়িবে।

"....নিহতের কোন কথা এই (সরকার সমর্থিত সংবাদে) নাই। কিন্তু জনরব আহতদিগের সঙ্গে নিহতও সংলগ্ন করিয়াছে। জনরব অনেক সময় নির্ভরযোগ্য হয় না, কারণ অতিরঞ্জন তাহার পক্ষে স্বাভাবিক। কিন্তু কোন কোন স্থানে জনরব সত্য হয়, তাহার প্রমাণ আমরা পাইয়াছি।"

"....বর্তমান ক্ষেত্রে যদি প্রাণহানি না হইয়া থাকে ভালই। কিন্তু তাহা হওয়া অসম্ভব ছিল না। কারণ যখন পুলিশ বা দৈনিক সম্মুখ হইতে আক্রমণ করে আর পশ্চাৎ হইতে জনতার চাপ আসে তখন লোকের পক্ষে পতিত হওয়া ও পিষ্ট হইয়া পড়া অসম্ভব নহে। বিশেষ আক্রান্ত জনগণ যখন পলায়নের চেষ্টা করে তখন অবস্থা আরও ভয়াবহ হয়। এক্ষেত্রে পুলিশ ও পুলিশের আদেশদাতারা এসব বিবেচনা করিয়াছিলেন কিনা তাহা আমরা বলিতে পারি না।"....

"....রাজ্যে বিদ্রোহ হয় নাই। কাজেই পুলিশ ও সরকার বিদ্রোহীগণকে দমন করিবার কাজে প্রবৃত্ত ছিলেন না। যাহারা প্রতিবাদ করিতে অপ্রসর হইয়াছিল তাহারা সরকারের নহে—সরকারের যে খাদ্যনীতির প্রতিবাদ করিতেছিল সে নীতি যে প্রান্ত তাহা রাজ্যের প্রধান সচিব স্পষ্ট স্বীকার করিয়াছেন,.... এই দিন যে প্রতিবাদকারীরা সমবেত হইবেন তাহাও সরকার জানিতেন, এবং জানিতে পারিয়া কি এই ব্যবস্থা অবলম্বন করাই অনিবার্য্য মনে করিয়াছিল।"

"জালিয়ানওয়ালাবাগে যেমন গ্রাম হইতে বহু লোক ছিল, কলিকাতাতেও গত সোমবারে গ্রামের বহু লোক ছিল। তাহারা রাজনীতি বুঝে না।.....তাহাদের আশাও নাই, আকাজ্কাও নাই—তাহারা জন্মিয়াছিল, তাই বাঁচিয়া আছে। ইহারা কেউ ক্ষুধার তাড়না ভোগ করিয়া আসিয়াছিল, কেহ বা সেই তাড়না হইতে অব্যাহতি লাভের উপায় হইবে আশা করিয়া আসিয়াছিল। তাহারা সভ্য সরকারের কৃপার পাত্র, আঘাতের পাত্র নহে।"

#### কে দায়ী ?

[ দৈনিক বসুমতী, ৩ সেপ্টেম্বর ১৯৫৯, সম্পাদকীয়]

গত মঙ্গলবার পশ্চিমবংগের মুখ্যমন্ত্রী ডঃ বিধানচন্দ্র রায়.... তিনটি এম্বুলেন্স গাড়ী এবং একটি সরকারি দুধের গাড়িতে অগ্নিসংযোগের কথা উল্লেখ করিয়া সাংবাদিকদের বলেন যে এই অবস্থায় শান্তি-শৃঙ্খলা রক্ষার জন্য সরকারের পক্ষে সর্বশক্তি নিয়োগ করা ছাড়া আর অন্য কোনো পথ নাই।.... সে সম্পর্কে তাঁহার সহিত আমাদের কোন মতডেদ নাই।....কিন্তু শান্তি-শৃঙ্খলা রক্ষা করার পদ্ধতি কি, শান্তি ও শৃঙ্খলা রক্ষার সর্বোৎকৃষ্ট পদ্থা কি এবং সরকার সেই পদ্থা গ্রহণ করিতেছেন কিনা, এই প্রশ্নও আমরা উপেক্ষা করতে পারি না।"

"....ডাঃ রায় বলিয়াছেন যে খাদ্য আন্দোলন বর্ত্তমানে সমাজবিরোধীদের হাতে পড়িয়াছে। তাঁহার কথাই যদি ঠিক হয় তবে কেন এই শান্তিপূর্ণ খাদ্য আন্দোলন সমাজবিরোধীদের হাতে যাইয়া পড়িল তাহার কারণগুলি একবার তিনি ভাবিয়া দেখিবেন কি? ১৯৪২ সালে আন্দোলনের জন্মলগ্রেই বড় বড় কংগ্রেস নেতাকে বিদেশী সরকার বন্দী করিয়া রাখেন। নেতা নাই, নির্দেশ নাই। ফলে আন্দোলন তাহার নিজের গতিবেগেই চালিত হইয়াছিল। খাদ্য আন্দোলনের নেতাদের সম্পর্কে ডাঃ রায়ের সরকার কি বিদেশী সরকারে নীতিই অনুসরণ করেন নাই?"

"...সরকারি, বেসরকারি সম্পত্তি ধ্বংস করা যেমন গুরুতর অপরাধ, নাগরিকদের জীবন নষ্ট করা তাহা অপেক্ষা কম গুরুতর অপরাধ নয়।"

#### [দৈনিক বসুমতী, ৫ সেপ্টেম্বর ১৯৫৯, সম্পাদকীর]

".....যে সকল সমাজবিরোধী ব্যক্তি ধ্বংসাম্বক কার্য্যাবলীর অনুষ্ঠান করিতেছে, তাহাদের কার্য্য দ্বারা শান্তিপূর্ণভাবে পরিচালিত খাদ্য আন্দোলনকেই দমিত করিয়াছে। ....সরকার খাদ্য আন্দোলন দমন করিতে চাহিয়াছিলেন কিছ সমাজবিরোধীদের জন্যই তা দমিত হইয়াছে। এ সকল সমাজবিরোধীর কার্যকলাপের কারণে নাগরিক জীবনযাত্রা বিপর্যন্ত হইয়াছে, কিন্তু পূলিশের গুলিতে শুধু তাহারাই নিহত ও আহত হইয়াছে একথা সরকার নিশ্চয় করিয়া বলিতে পারেন কি? ....অনেক সময় পূলিশের গুলিতে নিরীহ পথচারীই নিহত ও আহত হওয়ার আশঙ্কা থাকে। হাঙ্গামার সময়েও তাদের নিহত বা আহত হওয়ার সম্ভাবনা উপেক্ষার বিষয় নয়। এ সকল কারণেই আমরা গুলিচালনার বিরোধী।"

### ভারতের খাদ্য সংকট শ্রীহেমেন্দ্রপ্রসাদ ঘোষ

[ দৈনিক বসুমতী, ১৩ সেপ্টেম্বর ১৯৫৯ ]

ভারত যুদ্ধে অর্চ্ছুনের প্রতি প্রয়োগ করিবার জন্য কর্ণ যে একাদ্মী বান সযত্নে গোপনে রক্ষা করিয়াছিলেন—ঘটোৎকচ কৌরব সেনা নিঃশেষ করিবার সঞ্জাবনা ঘটিলে বাধ্য হইয়া তাহা ঘটোৎকচকে বধ করিবার জন্য ব্যবহার করিয়াছিলেন। তেমনই ভারতে খাদ্যের যে অবস্থা ভারত সরকারের খাদ্যমন্ত্রী—অন্যমন্ত্রী ও সচিবদিগের নিকট না হইলেও—দেশের লোকের নিকট গোপন রাখিয়াছিলেন, তাহা পশ্চিমবংগ সরকারের ব্যবহারে—অনন্যোপায় হইয়া প্রকাশ করিয়া বিদায় লইয়াছেন। বৎসরের পর বৎসর বিদেশ হইতে ভারত কোটি কোটি টাকার খাদ্যশস্য আমদানী করিতেছে। রাষ্ট্রপতি রাজেন্দ্রপ্রসাদ প্রথমে বলেন—এই ব্যবস্থা বিপজ্জনক। আত্মসম্মানের ভগ্নাংশ বজায় রাখিয়া পদত্যাগকালে ভারত সরকারের খাদ্যমন্ত্রী বলিয়া গিয়াছেন ঃ—

- (১) পশ্চিমবংগ সরকার ইচ্ছামত (অর্থাৎ প্রকৃত নহে) হিসাব প্রস্তুত করিয়া ভারত সরকারের নিকট হইতে খাদ্যশস্য লইয়াছেন।
- (২) ভারত সরকার অন্যান্য রাজ্য সরকারকে বঞ্চিত করিয়াও পশ্চিমবংগের চাহিদা মিটিয়াছেন, তবু—"নাই। নাই!" রবের নিবৃত্তি হয় নাই।
- (৩) ভারত রাষ্ট্রে যে খাদ্যোপকরণ উৎপন্ন হয়, তাহাতে প্রত্যেক নাগরিকের পক্ষে ১২ আউ**লের অ**ধিক প্রতিদিন পাইবার উপায় নাই।

এই উক্তিত্রয়ের প্রথমটি যে কোন সরকারের পক্ষে লচ্চ্চাজনক হইলেও তাহা পশ্চিমবংগ সরকারের সচিব গোষ্ঠীর বা কোন সচিবের প্রতি প্রযুক্ত বলা যায়। দ্বিতীয় উক্তিতে পশ্চিমবংগ সরকারের বন্টন ব্যবস্থা সম্বন্ধে কোন অপ্রীতিকর সন্দেহের পরিচয় পাওয়া যায় কিনা, তাহা আমরা বলিতে পারি না।

ভৃতীয় উক্তিই—সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ ও আতঙ্কজনক। দেখা গিরাছে—যাহারা কারিক শ্রম করে, তাহাদিগের দৈনিক প্রয়োজন ১৫ আউল খাদ্যদ্রব্যেরও অধিক। যাহারা তাহা করে না তাহাদিগের প্রয়োজন কম হইক্রোও গড় ধরিলে ১৫ আউল ব্যতীত হয় না। অথচ যাহা উৎপন্ন হয়, তাহাতে ১২ আউলের অধিক দেওয়া যায় না।

यिन পরিপুরক খাদ্যের কথা বলা হয় তবে বলিতে হয়—তাহার উপায় নাই। কারণ—

- (১) সর্বাপেক্ষা পৃষ্টিকর খাদ্যোপকরণ—দৃগ্ধ দৃষ্ণাপ্য। বিদেশ হইতে কি পরিমাণ গুঁড়া দৃধ আমদানি ইইতেছে, তাহার হিসাব দেখিলে স্তন্ধিত ইইতে হয়। এই গুঁড়া দৃগ্ধে প্রকৃত দৃগ্ধের সকল গুণ থাকে না। যে সকল দেশ ইইতে ইহা আমদানী হয়, সে সকল দেশের লোক ইহা অনেক সময় শুকর প্রভৃতিকে পৃষ্ট করিবার জন্য ব্যবহার করে। বিখ্যাত ইংরেজ লেখক জনসন যেমন তাঁহার অভিধানে জই সম্বন্ধে লিখিয়াছিলেন—"Oat is a commodity eaten by horses in England and by men in Scotland" —তেমনই গুঁড়া দৃধ যে সকল দেশ হইতে আমদানী হয়, সে সকল দেশের পশুখাদ্যরূপে ব্যবহাত ইইলেও এদেশে শিশুরও ব্যবহার্য্য।
- (২) পরিপূরক খাদ্য অধিক উৎপাদনের আবশ্যক চেষ্টা নাই। এ বিষয়ে পশ্চিমবংগের সরকারের কাজ বেদনাদায়ক না হইলে হাস্যোদ্দীপক হইত।

পশ্চিমবংগ সরকার ---

- (क) গোজাতির উন্নতি সাধন না করিয়া "টোনড" দুধ সরবরাহের ব্যবস্থা করিয়াছেন। হেমচন্দ্র লিখিয়াছিলেন—"দুধের কেঁড়ের খাঁটি পানী তিনপো ছেড়ে উঠে।"
- (খ) বালিগঞ্জে মুর্গীর ও গোবরডাঙ্গায় হাঁসের চাষ করিতেছেন। শতকরা কডজন লোক মুর্গীর আণ্ডা গণ্ডা—পাইলেও খাইতে পারে, তাহা তাঁহারা বিবেচনা করেন নাই।
- (গ) যে মূল্যে মুর্গীর মাংস ও হাঁসের বা মুর্গীর ডিম কিনিতে হয়, তাহার দিবার ক্ষমতা সচিব, উপসচিব, কালোবাজ্ঞারী, পারমিট হোল্ডার প্রভৃতি ব্যতীত কাহারও আছে কি?

এই প্রসঙ্গে উল্লেখ করিতে হয়—সরকারের হিসাবেই গত বৎসর ভারতবাসীর গড় আয় কমিয়াছ—এবার কি হইবে বলা যায় না।

পশ্চিমবংগ সরকারের এই অর্থব্যয়ে ফ্রান্সের সেই রাজকন্যার গল্প মনে পড়ে—প্লোক যদি রুটি না পায়, তবে কেক খায় না কেন?

সরকারের পৃষ্ঠপোষিত প্রতিষ্ঠানের ঠাণ্ডা গুদামে গোল আলুর দাড়ী গজায়—চুঁচুড়ায় কৃষিক্ষেত্রে যে কলা হয়, তাহা কাহাদিগের ভোগে লাগে তাহা অনেকে জানেন।

আম, জাম, কাঁঠাল প্রভৃতি ফলের গাছ কাঠের জন্য কাটিয়া নি—শেষ করা হইতেছে।

পশ্চিমবংগে অন্যান্য রাজ্য হইতে যে ফল আমদানী হয়, তাহা আনিবার সূব্যবস্থা রেলে না থাকায়—প্রায় এক-চতুর্থাংশ নষ্ট হয়।

মাছের কথা আর না বলাই ভাল। যে টাকা সমুদ্রে ধরিবার কন্ধনার নেশায় ব্যয়িত হইয়াছে, তাহা থাকিলে, হয়ত ট্যান্থের মাত্রা হ্রাস করা সম্ভব হইত। যদি বিবেচনা করিয়া দেখা যায়, তবে দেখিতে পাওয়া যাইবে—পশ্চিমবংগ সরকার রাজ্যে মৎস্যের উৎপাদন বৃদ্ধির কোন উল্লেখযোগ্য চেষ্টাই করেন নাই।

এইরূপ অবস্থায় লোক যদি ভাতও না পায়, তবে—সে তাহাদের ভাগ্য ব্যতীত আর কি বলা যায় ? অনাহারে ও পুলিসের গুলিতে জনসংখ্যা হ্রাস হইলেও সরকারের আশানুরূপ লোকসংখ্যা হ্রাস হয় কি ?

একদিকে অবস্থা এইরূপ, আর একদিকে কি করা হইতেছে? —

- (১) বহু চাবের জমি বাসের জন্য দেওয়া ইইতেছে—ফলে ধানের ফলন কমিতেছে। যে সরকার পূর্ববঙ্গ ইইতে উদ্বান্তর আগমন যে অনিবার্য্য তাহাও বুঝেন নাই, সেই সরকারের বুদ্ধির প্রশংসা করা যায় কি? দেশ বিভাগের সময় কেন—অধিবাসি বিনিময় অসম্ভব বলিয়া বিবেচিত ইইয়াছিল? যে সকল মুসলমান ভারত ত্যাগ করিয়া চলিয়া গিয়াছিল, তাহাদিগকে কেন আবার ভারতে আসিলে তাহাদিগের গৃহাদি ফিরাইয়া দেওয়া ইইল?
- (২) যে প্রদেশে খাদ্যদ্রব্যের একান্ত অভাব সেই প্রদেশে চটকলের জন্য বহু জমী পাট চাষে দেওয়া হয় কোন যুক্তিতে ? পশ্চিমবংগে খাদ্যাভাবের অন্যতম কারণ যে ধানের জমী পাট চাষে ব্যবহার করা—তাহা প্রকাশ্য সভায় পশ্চিমবংগ ব্যবস্থা পরিষদের ভূতপূর্ব সভাপতি শ্রী শঙ্করদাস বন্দ্যোপাধ্যায় একদিন বলিয়াছিলেন। তাঁহার সহিত পল্লীগ্রামের পরিচয় আছে।
- (৩) ধান্যক্ষেত্র নষ্ট করিয়া বড় বড় রাস্তা নির্মিত ইইতেছে। ঠিকাদাররা অর্থার্চ্জন করিতেছে—রাজ্যের ধানের উৎপাদন কমিতেছে।
- (৪) সেচের যে ব্যবস্থা ইইয়াছে, তাহা যে প্রয়োজনোপযোগী নহে, তাহা বিশেষজ্ঞগণও স্বীকার করিতেছেন। যে সকল স্থানে সেচের জন্য খাল খনন করা ইইয়াছে, সে সকলের অধিকাংশ ক্ষেত্র—যখন সেচের জন্য জল প্রয়োজন তখন জল পাওয়া যায় না—আর যখন জলের প্রয়োজন হয় না, তখন জল পাওয়া যায়—সময় সময় ক্ষেত্র প্লাবিত ইইয়া শস্যহানি হয়।

ভারত সরকারের ভৃতপূর্ব খাদ্যমন্ত্রী শ্রী অজিতপ্রসাদ জৈন জবাব দিয়া গিয়াছেন—ভারতে যে খাদ্যশস্য উৎপন্ন হয়, তাহাতে রাষ্ট্রের লোকের পূর্ণাহার প্রাি৫র সম্ভাবনা নাই। অথচ সেই ভয়াবহ অবস্থার পরিবর্তন করিয়া রাষ্ট্রকে খাদ্য সম্বন্ধে স্বয়ংসম্পূর্ণ করিবার আবশ্যক ব্যবস্থা করা হয় নাই। কৃষককে পাম্প দিয়া মিশরের মত ব্যবস্থা করা ত পরের কথা—কেবল বলা ইইয়াছে—প্রয়োজন—সেচ—উৎকৃষ্ট বীজ—আবশ্যক পরিমাণ সার। অথচ এই তিনের কোন ব্যবস্থা দীর্ঘ দ্বাদশ বর্ষকালে হয় নাই। না ইইবার অন্যতম কারণ—সরকারের অক্ততা ও অবজ্ঞতা। শ্রী অজ্ঞিতপ্রসাদ জৈনকে রক্ষা করিতে

যাইয়া সর্বৃজ্ঞ পণ্ডিত জওহরলাল নেহরু লোকসভায় বলিয়াছেন—খাদ্য সমস্যার গুরুত্ব তিনিও ২/৩ বংসর পূর্বে বৃঝিতে পারেন নাই। অর্থাৎ তিনি পণ্ডিত জওহরলাল নেহরু—যিনি ব্যতীত ভারতের প্রধানমন্ত্রী হইবার লোকের উদ্ভব হয় নাই—যিনি কাশ্মীর সমস্যার সৃষ্টি করিয়াও প্রধানমন্ত্রী আছেন—যিনি পাকিস্তান টুকারগ্রাম অধিকার করায় যুদ্ধ করিবেন না বলিয়াছেন—যিনি বছ ট্রাইবিউন্যাল সম্বদ্ধে অপমানজনক উক্তি করিয়া তাহা প্রত্যাহার করিয়াছেন, কিন্তু প্রমাণ করেন নাই—তিনি যে সমস্যা আট বৎসরে বুঝেন নাই, "কম-জ্বোর"—ছৈন প্রভৃতি তাহা সহজ্বে বুঝিতে পারিবেন—এমন হইতেই পারে না।

পশ্চিমবংগের লোককে ভাত খাওয়া বদঅভ্যাস ত্যাগ করিয়া গম খাইতে বলা হয়। কিন্তু গম কি বিদেশ হইতে আমদানী করা হয় নাং

মোটকথা ভারত রাষ্ট্রে যে খাদ্যশস্য উৎপন্ন হয়, তাহাতে ভারতবাসীর পূর্ণাহার মিলিতে পারে না। তবে যে অবস্থা সত্যই ভয়াবহ এবং সেই অবস্থার পরিবর্ত্তন করা সরকারের প্রথম কর্ত্তব্য তাহা যে সরকার বুঝেন না—সে সরকার লোকের কিরূপ কল্যাণ করেন?

অথচ খাদ্যশস্যের ফসল ফলিতে এক বৎসরও লাগে না। সুতরাং যদি উপযুক্ত ব্যবস্থা হয় অর্থাৎ যদি উপযুক্ত সেচের, ভাল বীজের ও আবশ্যক সারের সরবরাহ হয়, তবে—বৈজ্ঞানিক প্রথা অবলম্বন করিলে সহজেই ফলন বৃদ্ধি করা যায়।

প্রিন্স ক্রোপটকিন যে বহুলোৎপাদিকা কৃষির পদ্ধতি আবিষ্কার করিয়াছিলেন, এতদিনে তাহারও প্রতি সাধিত হইয়াছে। পশ্চিমবংগে যখন চালের চাহিদা অধিক ও ধান্য আবশ্যক পরিমাণ উৎপন্ন হইতেছে না, তখন এই রাজ্যে কেন সেই পদ্ধতি অবলম্বিত হয় না? কৃষকদিগকে সে বিষয়ে অবহিত করিবার এবং সঙ্গে আবশ্যক সেচের সারের ও বীজের ব্যবস্থা করিবার কোন উপায় কি সরকার অবলম্বন করিয়াছেন?

সরকার উৎকৃষ্ট বীজ অধিক পরিমাণে উৎপন্ন করিয়া কৃষকদিগকে সঙ্গত মৃল্যে (এমনকি ক্ষতি স্বীকার করিয়াও) দিবার ব্যবস্থা অবিলম্থে করেন। বর্তমান বৎসরেই যেন তাহা হয়।

পশ্চিমবংগে সারের কারখানা প্রতিষ্ঠিত করিতে সরকার তৎপর হউন। যতদিন তাহা না হয়, ততদিন সিঁদরী হইতে পশ্চিমবংগ যাহাতে তাহার প্রয়োজন অনুসারে প্রাপ্য সার পায় এবং সেই সার বন্টনে ক্রটি না হয়, তাহা করা হউক। সেচের জন্য প্রথমেই কৃষকরা যাহাতে সমবায় প্রথায় ভাড়া লইয়া পাম্প বসাইয়া অঙ্ক শ্রমে সেচ দিতে পারে, তাহা করা হউক।

খাদ্যশস্যের উৎপাদন বৃদ্ধি সর্বপ্রথম কাজ। আর সঙ্গে সঙ্গে আমরা বলিব, উৎপাদন বৃদ্ধি হইলে যেন বন্টনের ব্যবস্থায় লোকের যে অভাব সেই অভাবই থাকিয়া না যায়।

পশ্চিমবংগের যে কৃষি-সচিব উৎপাদন বৃদ্ধির ব্যবস্থার ভার লইয়াছেন, তিনি ও যিনি বন্টন নীতির জ্বন্য দায়ী, উভয়ে একসঙ্গে দিল্লীতে গিয়াছিলেন দেখিয়া অনেকে বলিতেছেন—তবেইত। বন্টনব্যবস্থার সম্পূর্ণ পরিবর্তন প্রয়োজন। সে কাজ কাহার দ্বারা হইতে পারে, তাহা যেন বিবেচিত হয়।

## গণদাবী

## বিগত খাদ্য আন্দোলনের পর্যালোচনা

[ शंगमार्वी, ১৭ नर्छच्य ১৯৫৯, चामर्ग वर्व विर्मय সংখ্যা-১ ]

দীর্ঘদিনের উন্তেজনা আলোড়ন, প্রচার ও প্রোপাগাণ্ডা, অভূতপূর্ব্ব উদ্দীপনা ও জনসমর্থন সম্বেও যে প্রচুর ক্ষয়ক্ষতি ও প্রাণনাশের মধ্য দিয়ে এতবড় এক বিরাট আন্দোলন (একটিও মূল দাবী স্বীকৃত হওয়ার পুর্বেই) আজ্ঞ যেভাবে তার অনিবার্য যবনিকার পথে এগিয়ে চলেছে তাতে ব্যাপক জনসাধারণের মনে খুব স্বাভাবিকভাবেই বিভিন্ন ধরণের প্রশ্ন দেখা দিয়েছে। প্রশ্ন হচ্ছে, এতবড় জ্বনসমর্থনপৃষ্ট আন্দোলনের কেন এই ব্যর্থতা? কি তার কারণ? "জ্বনসাধারণ আন্দোলনের জন্য প্রস্তুত ছিলেন না"—একথা যে কত বড় মিথ্যা এবারকার আন্দোলন তা নিঃসন্দেহে প্রমাণ করেছে। কিন্তু তা সত্ত্বেও কি করে কংগ্রেসী সরকারের পক্ষে একমাত্র লাঠি ও বুলেটের জোরে এহেন একটি বিরাট আন্দোলনকে এত সহজে পিষে মারা সম্ভব হ'ল? এত লোক প্রাণ দিল, ততোধিক লোক জখম ও পঙ্গু হল—তবুও সমস্যার সমাধান তো দুরের কথা তা পুরোদমে বেড়েই চলেছে। যে কোন ব্যাপক আন্দোলনের সামনে জনসাধারণকে নানাপ্রকার আত্মত্যাগ করতে হয়, এমনকি মৃত্যুকে বরণ করার জন্যও প্রস্তুত থাকতে হয়—একথা সত্য ; এবং একথাও অনস্বীকার্য্য যে আত্মত্যাগ করতে হয় বলেই আন্দোলনের পথ পরিত্যাগ করার কোন প্রশ্নই আসে না ; কিন্তু তাই বলে নিছক প্রাণদান ও অহেতুক আত্মত্যাগ নিশ্চয়ই আমাদের উদ্দেশ্য হতে পারে না। জনতা জ্ঞান কবুল করতে প্রস্তুত, কিন্তু নিশ্চয়ই তা হক আদায় করার উদ্দেশ্যে। কিন্তু তার মানে এই নয় যে, জনসাধারণের প্রত্যেকটি আন্দোলনই জয়যুক্ত হবে। এখানে একমাত্র বিবেচ্য বিষয় হচ্ছে এই যে, এমন কোন সম্ভাবনা আন্দোলনের সামনে ছিল কি না যাকে সময় থাকতে সঠিক পথে দূরদৃষ্টি সহকারে সংগঠিত করতে পারলে আন্দোলন জ্বয়যুক্ত হতে পারতো কিন্তু যা হয় নেতৃত্বের চরিত্রগত দুর্ব্বলতার জন্য এবং দুরদর্শিতার অভাবে অথবা জনসাধারণের সহযোগিতার অভাবেব জন্য মার খেয়ে বসেছে? বিগত খাদ্য আন্দোলনের এই বিশেষ দিকটির বৈজ্ঞানিক পর্য্যালোচনা করা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে আমরা মনে করি। সূতরাং যে পরিস্থিতি ও পটভূমির ওপর দাঁড়িয়ে এবারকার খাদ্য আন্দোলনের সূত্রপাত সেই পরিস্থিতি, আন্দোলনের দাবী দাওয়া এবং রূপ ও পদ্ধতি সম্পর্কে বিভিন্ন দলগুলির কি বক্তব্য ছিল তার বিশদ আলোচনা প্রয়োজন।

এই আন্দোলনের সামনে আমাদের পরিষ্কার বন্ধব্য ছিল, প্রতি বছরই এই যে দুর্ভিক্ষ দেখা দিছে এবং প্রত্যেকবার "মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি"কে দুর্ভিক্ষবিরোধী আন্দোলন করতে হছে এ পরিস্থিতির অবসান ঘটা একান্ত প্রয়োজন। জনসাধারণকে অংশ গ্রহণ করিয়ে প্রতিবারই আন্দোলন করছি এবং রেশন ব্যবস্থা ও টেষ্ট রিলিফ ইত্যাদির সম্প্রসারণের মত কিছু কিছু প্রলেপমূলক দাবীও প্রতিবারই স্বীকৃত হছে কিছু দুর্ভিক্ষের পুনরাবৃত্তিকে তাতে রোধ করা সম্ভবপর হছে না। আমরা মনে করেছিলাম যে, খাদ্য সমস্যা সমাধানের জন্য জনসাধারণকে যখন আন্দোলন করতেই হছে—তখন তা এমন দাবী দাওয়ার ভিত্তিতেই হওয়া উচিৎ এবং আন্দোলনের রূপ ও পদ্ধতি এমন হওয়া উচিৎ যাতে বছর বছর দুর্ভিক্ষের কবল থেকে জনসাধারণকে মুক্ত করা সম্ভব হয়। যেহেতু গোটা খাদ্য সমস্যাটি (১) উৎপাদন বৃদ্ধি, (২) বন্টন ব্যবস্থার সুরাহা এবং (৩) জনসাধারণের ক্রয় ক্রমতা বৃদ্ধির সাথে সাথে সংশ্লিষ্ট সূতরাং অন্যান্য দাবী দাওয়ার সাথে আমরা নিম্নলিখিত দাবীগুলির ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেছিলাম।

- (১) উৎপাদন বৃদ্ধি খাদ্য উৎপাদন বৃদ্ধি একান্তভাবে ভূমি ব্যবস্থার ওপর নির্ভরশীল বলে এবং কৃষককূলের জীবনযাত্রার মান উন্নত না করে খাদ্যোৎপাদন বৃদ্ধি অসম্ভব জেনেই আমরা প্রস্তাব করেছিলাম ঃ—
- (ক) জ্বমিদার জ্বোতদারেরা যে জ্বমি বেনাম করে রেখেছে সেই জ্বমি সরকারকে বাজ্বেয়াপ্ত করতে হবে এবং সেই জ্বমি ও যে জ্বমি ইতিমধ্যেই সরকারের হাতে এসেছে তাকে ভূমিহীন চাবী ও ক্ষেত্যজুরদের মধ্যে বিনামূল্যে পাকাপাকি ভাবে বিলি করতে হবে।

- (খ) সমস্ত আবাদযোগ্য পতিত জমিকে উদ্ধার করে ভূমিহীন চাবী ও ক্ষেত মজুরদের মধ্যে বিনামূল্যে পাকাপাকিভাবে বিলি করতে হবে।
- (গ) যে সমস্ত আবাদযোগ্য পতিত জমি ও জোতদারদের বেনাম করা জমি চাবী মজুররা দখল করেছে সেওলোকে আইনসিদ্ধ করতে হবে।

এই সমস্ত দাবীগুলিকে আমরা "অসম্ভব" দাবী বলে মনে করি না, অথচ এই দাবীগুলি পরিপ্রণের মধ্য দিয়ে খাদ্য বিষয়ে ঘাটতির সমস্যাকে অতি সহজ্ঞে সমাধান করা সম্ভব।

- (২) বন্টন ব্যবস্থার সুরাহা—পঃ বঙ্গ সরকারের বন্ধব্য থেকেই পাওয়া গেছে যে কেন্দ্রীয় সরকার হিসাবমত ঘাটিতি মিটিয়ে দেওয়া সন্ত্বেও গতবার এবং এবছর চালের দাম হ হ করে বেড়েই গেছে। সমাজ বিরোধী মুনাফাখোর সম্প্রদায় অতি মুনাফার আশায় কৃত্রিম অভাব সৃষ্টি করে চলেছে বলেই নাকি এই সমস্যা। তাই আমরা প্রস্তাব করেছি ঃ—(ক) খাদ্য দ্রব্য নিয়ে সমস্ত ব্যক্তিগত ব্যবসায় বন্ধ করতে হবে এবং পুরোপুরি ষ্টেট ট্রেডিং চালু করতে হবে।
- (৩) জনসাধারণের ক্রেয় ক্রমতা বৃদ্ধি—উৎপাদন ও বন্টন সমস্যার সমধানের পরও যদি জনসাধারণের কিনে খাবার মত সঙ্গতি না থাকে তাহলে সমস্যার সমাধান হবে না। তাই আমাদের প্রস্তাব ছিল ঃ—(ক) সমস্ত বেকারকে কাজ দিতে হবে এবং যতদিন পর্যন্ত তা সন্তব না হচ্ছে ততদিন বেকারদের বেকার ভাতা দিতে হবে। "ঘাটতি বাজেট" (Deficit Finance)—এর জন্য যদি একাজও সন্তব না হয় সেক্রেরে আমাদের পরিষ্কার বক্তব্য যে গ্রামাঞ্চলে যেমন টেষ্ট রিলিফ, খয়রাতি সাহায্য প্রভৃতির ব্যবস্থা আছে সেই রকম শহরাঞ্চলের বেকারদের জন্য অন্ততঃ দুর্ভিক্ষকালীন বেকার ভাতা দেওয়া একান্ত প্রয়োজনীয়।

প্রথমেই বলা দরকার যে উপরোক্ত সমস্ত দাবীর মধ্যে খাদ্যদ্রব্যে ব্যক্তিগত ব্যবসা বন্ধ করা এবং পুরোপুরি ষ্টেট ট্রেডিং চালু করা—এই দাবীটিকেই আমরা সবচাইতে গুরুত্বপূর্ণ দাবী বলে মনে করেছি। কেননা উৎপাদন ঘাটতি কি বাড়তি আজ তার ওপর সমস্যার তীব্রতা বাড়া বা কমা ততটা নির্ভর করছে না যতটা করছে উৎপাদিত সামগ্রীকে, বৈজ্ঞানিক পছায় বন্টন করার ওপর। উৎপাদন বাড়াতে হবে সন্দেহ নেই—কিন্তু তার সাথে সাথে বন্টন ব্যবস্থার বর্তমান অনিশ্চয়তাকে যদি দূর করা না যায় এবং জনসাধারণের জীবন-মরণ সমস্যাকে যদি এইভাবে মৃষ্টিমেয় মূনাফাখোর সম্প্রদায়ের দয়ার উপর ছেড়ে দেওয়া হয়—তাহলে উৎপাদন বৃদ্ধি পেলেও অবস্থার উন্নতি আশা করা বৃধা। এর ফলে শুধু যে সমস্যার সমাধান হচ্ছে না তাই নয়—সরকার প্রতিবারই এই "সমাজ বিরোধী সম্প্রদায়"কে দেখিয়ে দিয়ে নিজের দায়িত্ব এড়িয়ে যাচ্ছে। অথচ জনসাধারণকে খাওয়াবার দায়িত্ব সরকারেরই গ্রহণ করা উচিৎ। ষ্টেট ট্রেডিং চালু হলে পরে যেমন যেমন উৎপাদন বাড়বে সমস্যার তীব্রতা তেমন তেমন হ্রাস পাবে। সে অবস্থায় উৎপাদনে ঘাটতি থাকলে সমস্যা থেকেই যাবে কিন্তু তখন উৎপাদন বাড়াবার দিকেই সমস্ত নজর দিতে হবে। আজ যেমন একদল লোককে দেখিয়ে দিয়ে সরকার তার দায়িত্ব খালন করে চলেছে তখন সে জ্বিনিষ চলবে না এবং সরকারকে জ্বনতার খাওয়ার দায়িত্ব গ্রহণ করতে হরে ; অপরদিকে জনসাধারণও সরাসরি সরকারের সাথে সমস্ত বোঝাপরার সুযোগ পাবে। সুতরাং ষ্টেট ট্রেডিং চালু করা হবে কিনা—এই দাবীটিই ছিল খাদ্য আন্দোলনের সামনে সবচেয়ে গুরুত্বপূর্ণ দাবী। এই দাবী মেনে নিলে এই "সমাজ বিরোধী সম্প্রদায় সৃষ্ট" দূর্ভিক্ষের হাত থেকে রক্ষা পাওয়া সম্ভব হ'ত। "পূঁজিবাদ যতদিন থাকবে ততদিন দূর্ভিক্ষের হাত থেকে রেহাই পাওয়া সম্ভব নয়"—একথা বলেও অনেকে এই দাবীটির শুরুত্ব ছোট করে দেখাবার চেষ্টা করেছেন। পুঁজিবাদী কায়েম থাকা অবস্থায় সাধারণ মানুষের মূল সমস্যার স্থায়ী সমাধান তথা গণমুক্তির কথা চিন্তা করা অসম্ভব, একথা ঠিক—কিন্তু পুঁজিবাদে দুর্ভিক্ষ দেখা দিতে বাধ্য এ যুক্তি অচল। অন্যান্য অনেক পুঁজিবাদী দেশের দিকে তাকালে এ সত্য ধরা পড়বে।

যাই হোক, অত্যন্ত আশ্চর্য ও পরিতাপের বিষয় এই যে, পুরোপুরি ষ্টেট ট্রেডিং-এর দাবীটিকে আমরা বহু চেষ্টা করেও "দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি" বা বিগত খাদ্য সন্মেলনে গ্রহণ করাতে পারিনি। কম্মুনিষ্ট পার্টি, আর-এস-পি, ফরোয়ার্ড ব্লক্ষ সহ প্রায় প্রত্যেকটি দলই এই দাবীটির তীব্র বিরোধীতা করেছে। এক্ষেত্রে সবচেয়ে আশ্চর্য্যের বিষয় হচ্ছে এই যে, পরবতী সময়ে কম্মুনিষ্ট পার্টির বিভিন্ন নেতা যথা ভূপেশ গুপ্ত, গোপালন ও আরোও অনেকেই পার্লামেটে এবং মাঠে ময়দানের বিভিন্ন বন্ধৃতার ষ্টেট ট্রেডিং চালু করার দাবীকে সমর্থন জ্ঞানানো সম্বেও (অর্থাৎ কম্মুনিষ্ট পার্টি অনুরূপ নীতি গ্রহণ করা

সংখ্যেও) বিগত খাদ্য সম্মেলনে আমরা তাদের কাছ থেকে এই দাবীর পেছনে বিরোধীতা ভিন্ন সমর্থন পাইনি। দাবীটি কে বা কারা পেশ করলো তার ওপর যদি এদের গ্রহণ করা না করা নির্ভর করে তো আমাদের কিছু বলার নেই। এছাড়া আর কি কারণ থাকতে পারে আমরা জানি না? যেখানে সরকারও এই ষ্টেট ট্রেডিং চালু করার কথা ভাবতে সুরু করেছে সেখানে সকলে মিলে এই দাবীর ভিত্তিতে লড়াই করলে দাবী আদায় করা কি একেবারে অসম্ভব ছিল? আমরা তা মনে করি না। সরকার যদি দাবী মেনে নিতে ইতন্ততঃ করতো তাহলে যে পর্যন্ত না দাবী স্বীকৃতি হয় এবং তার জন্য যেকোন স্তরের আন্দোলন গড়ে তোলার উদ্দেশ্যে আমাদের জনসাধারণকে আহ্বান জানানো উচিৎ ছিল। আন্দোলন যখন করতেই হবে, তখন যে দাবী সমস্যা সমাধানে সাহায্য করবে সেই দাবীরই তো প্রাধান্য লাভ করা উচিৎ ছিল।

ভূমি সংস্কার সম্পর্কিত প্রভাব সম্পর্কেও ঐ সব বামপন্থী দলগুলির এক অদ্ভূত মনোভাব প্রকাশ পেয়েছে। এরা ভূমি সংস্কারের দাবীকে বর্তমানে অসম্ভব বলে মনে করেন অথবা নিজেরা ক্ষমতায় প্রতিষ্ঠিত না হলে, এই দাবী চালু করা সম্ভব না—মোটামৃটি এটাই তাদের ধারণা। যেখানে খাদ্য উৎপাদন বৃদ্ধি ভূমি সংস্কারের ওপর নির্ভরশীল, সেখানে সহরের আন্দোলনের সাথে সাথে গ্রামের ভূমিহীন চাবী ও ক্ষেত মজুরদের জমি দখলের লড়াইকে গড়ে তোলা এবং এই দুইটি আন্দোলনের সাথে এক পারস্পরিক যোগাযোগ স্থাপন করার কথা তাঁরা ভাবতেন। কিন্তু উপরোক্ত দৃষ্টিভঙ্কীর জন্য "ভূমিসংস্কার" সমস্যার ওপর এসেম্বলীতে গরম গরম বক্তৃতা করা ছাড়া এদের সামনে আজ আর কোন কার্য্যক্রম খোলা নেই।

ভূমি সংস্থারের ওপর আমাদের পূর্ব্বোল্লিখিত দাবীগুলোকে বর্তমান অবস্থায় "অবান্তব" বলে তীব্র সমালোচনা করা হলেও শেষ পর্যন্ত বরঞ্চ সেই দাবীগুলিই কমিটির দাবী হিসেবে সম্মেলনে গ্রহণ করা হয়। কিন্তু এই দাবীগুলোকে অন্যান্য দাবী থেকে যে ভাবে আলাদা করে উল্লেখ করা হয় তাতে আমাদের এ কথা বুঝতে বিন্দুমাত্র অসুবিধে হয় নি যে, ঐ দাবীগুলোকে দীর্ঘ মেয়াদী দাবী হিসেবে ব্যাখ্যা করা হবে এবং আপোষ আলোচনার সময়ে এই দাবীগুলির ওপর জাের তাে দেওয়া হবেই না বরং ছেড়ে দেবার দাবী হিসেবেই তাকে গ্রহণ করা হছে। পরবর্তী ঘটনা আমাদের এই আশঙ্কাকে সত্য বলে প্রমাণ করেছে। এই সমস্ত দাবী দাওয়া নিয়ে সে দিন কি ঘটেছিল তা নিয়ে এই বিশদ আলোচনা করার উদ্দেশ্য একটিই। তাহছে একটি কথা প্রমাণ করা যে কমিটির বেশীর ভাগ দলগুলি একটি সুষ্ঠ দাবীর ভিত্তিতে দীর্ঘস্থায়ী বলিষ্ঠ আন্দোলন গড়ে তােলার কথা সেদিন ভাবেনি এবং তার জন্য তারা বিন্দুমাত্র প্রস্তুত ছিল না।

কেন না ষ্টেট ট্রেডিং-এর দাবী গৃহীত না হওয়ায় এবং ভূমি সংস্কারের দাবীগুলি দীর্ঘমেয়াদী হিসেবে ফেলে রাখার ফলে কমিটির সামনে আর যে সব দাবী ছিল তা নিতান্তই সাধারণ বা প্রলেপমূলক দাবী। এই দাবীগুলির যৌক্তিকতা স্বীকার করে নিয়েও এ কথা বলা যায় যে, এতে সমস্যার স্থায়ী সমাধান হতে পারে না। সূতরাং সেইসব দাবী নিয়ে এক বিরাট এবং দীর্ঘস্থায়ী আন্দোলন গড়ে তোলার প্রশ্ন আসে না এবং ঐ সমন্ত দলগুলি সেদিন সেভাবে চিন্তাও করে নি। অন্যান্য বারের মত এবারও ঐ সাড়ে সতেরো টাকা মণ দরে চাল বা রেশন ব্যবস্থার সম্প্রসারণ ইত্যাদি দাবীর ভিত্তিতে মোটাম্টি একটা মামূলি ধরণের আন্দোলন গড়ে তোলার কথাই এরা চিন্তা করেছিলেন। কেরালার ঘটনা সামনে থাকায় একটি বিশেষ রাজনৈতিক মহলে আন্দোলনের উৎসাহ বা বক্তৃতার ভাবায় কিছুটা গরম ভাব লক্ষ্য করা গেলেও তাতে আন্দোলন সম্পর্কে মৌলিক মনোভাবের কোন পরিবর্তন হয়নি। সূতরাং এ কথা পরিষ্কার যে, "মূল্য বৃদ্ধি ও দূর্ভিক্ষ প্রতিরোধ কমিটি"র প্রভাবশালী দলগুলি আন্দোলনের সাথে থেকেও সমস্যার ব্যাপকতা ও যথাযথ গুরুত্ব অনুভব করে মোটামুটি স্থায়ী সমাধানের উন্দেশ্য নিয়ে দীর্ঘস্থায়ী বলিষ্ঠ আন্দোলন পরিচালনার কথা গোড়া থেকেই চিন্তা করেন নি। তা যদি করতেন তাহলে আমাদের এই প্রস্তাবগুলোকে অপ্রাহ্য করার কোন যুক্তিসঙ্গত কারণ ছিল না।

আন্দোলনের পদ্ধতি ও রূপ সম্পর্কে এদের মনোভাব থেকেও একথা পরিস্কার প্রমাণিত হয়। আমাদের প্রস্তাবে শুধু আন্দোলনের দাবীই স্থান পায়নি—আন্দোলনের রূপ ও পদ্ধতি সম্পর্কে আমরা আমাদের পরিস্কার বক্তব্য পেশ করেছিলাম। বর্তমান আলোচনার সুবিধার জন্য আমরা আমাদের সেই প্রস্তাবের প্রয়োজনীয় অংশ উল্লেখ করছি।

"…..প্রশ্ন হোলো এ আন্দোলনের রূপ কি হবে? গত কয়েক বছর ধরে বামপন্থী দলগুলি এবং তাদের নিয়ে গঠিত, মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি এক বিশেষ জাতের সত্যাগ্রহ আন্দোলন পরিচালনা করে আসছে। এই জাতীয় আন্দোলন যেন বাৎসরিক এক কাজ হয়ে দাঁড়িয়েছে। জনসাধারণ বৎসরের পর বৎসর ভূগবে, বামপন্থী দলগুলি বছরের পর বছর আন্দোলন করার নামে আন্দোলনের প্রহুসন করে চলবে যার কোন সুফলই গণজীবনে আসবে না—এ জিনিষ

ঘটা উচিৎ নয় এবং জনসাধারণের নিজ স্বার্থে ঘটতে দেওয়া উচিৎ নয়। এই জাতীয় ছককাটা সত্যাগ্রহ আন্দোলন জনতার সমস্যার সমাধান করতে পারে না এবং তার প্রতি জনতার কোন আস্থাও নেই। এ সত্য বামপন্থী দলগুলির বোঝা উচিৎ। এবার ও জাতের আন্দোলন অবশ্যই পরিহার করে এমনভাবে আন্দোলন করতে হবে যাতে সরকারকে উপরোক্ত দাবীগুলি গ্রহণ করতে বাধ্য করানো যায়। সত্যাগ্রহ আন্দোলনে যেমন কাজ হবে না, তেমনি সুসংগঠিত-নেতৃত্বহীন, বিক্ষিপ্ত আন্দোলনের দু' চারিটি বিস্ফোরণও লক্ষ্যে পৌছতে সাহায্য করবে না। বোঝা দরকার যে, আন্দোলন দীর্ঘস্থায়ী হবে এবং তাকে সুসংগঠিত নেতৃত্বের অধীনে পরিচালিত করতে হবে।... জনসভা, মিছিল, প্রচার প্রভৃতির মাধ্যমে দাবীগুলিকে জনপ্রিয় করে তুলতে হবে। প্রতিটি অঞ্চলে আন্দোলন পরিচালনার জন্য সংগ্রাম কমিটি গড়ে তুলতে হবে এবং ঐ সংগ্রাম কমিটিগুলির অধীনে হাজার হাজার স্বেচ্ছাসেবক সংগ্রহ করতে হবে। এই কাজগুলি শেষ করতে হবে প্রথম পর্যায়ের মধ্যে।....সাংগঠনিক প্রস্তুতি যেমন যেমন হবে প্রত্যক্ষ সংগ্রামের রূপ ও পদ্ধতি তেমন তেমন হবে। তবে সাধারণভাবে সংগ্রামের মূল রূপ সম্পর্কে একটা ধারণা করে নেওয়া যেতে পারে। আর যাই হোক দ্বিতীয় পর্যায়ের প্রত্যক্ষ আন্দোলন তথাকথিত সত্যাগ্রহ অথবা বিক্ষিপ্ত এক-আধদিনের বিস্ফোরণমূলক আন্দোলন হবে না। সহরে সদ্ধা, পথসভা, মিছিল, সরকারী কর্মচারীদের ঘেরাও থেকে শুরু করে ট্যাক্স বন্ধ আন্দোলনের মধ্য দিয়ে নিরবচ্ছিন্ন সাধারণ ধর্মঘটে আন্দোলনকে উন্নীত করার চেষ্টা করা যেতে পারে। অন্যদিকে গ্রামাঞ্চলে সভা-সমিতি, মিছিল, ঘেরাও জ্বোতদার ও আরতদারদের মজুত চাল ধরা ও ন্যায্যমূল্যে বিক্রি করা প্রভৃতির মাধ্যমে চাষের উপযোগী পতিত জমি ও জোতদারদের বেনামকরা জমি জোরপূর্বক দখল করা যেতে পারে। মূল কথা আন্দোলনকে ধাপে ধাপে এগিয়ে নিয়ে গিয়ে গোটা শাসন ব্যবস্থায় অচল অবস্থার সৃষ্টি করতে হবে। এইভাবে আন্দোলন পরিচালিত করতে পারলে খাদ্য সমস্যার স্থায়ী প্রতিকার করার জন্য সরকারকে বাধ্য করানো সম্ভব।"

এই বক্তব্য থেকে পরিষ্কার বোঝা যায় যে কমিটির মধ্যেকার দু'ধরণের চিন্তাকেই আমরা সমালোচনা করেছি। কোন কোন দল কর্তৃক প্রস্তাবিত typical সত্যাগ্রহ আন্দোলনকে তীব্র সমালোচনা করার সাথে সাথে অপর একটি চিন্তা, যথা কোন এক বিশেষ দিন তারিখ ঠিক করে অসংগঠিত জনতাকে নিয়ে পুলিশের সাধে ধন্তাধন্তি করার স্বতঃস্ফুর্ড বিস্ফোরণমূলক আন্দোলনের পথকেও সর্বতোভাবে নিন্দা করেছি। এই ম্বিতীয় দলের মনোভাব অনেকটা এই রকম যে "যা হোক কিছু লাশুক—তারপর দেখা যাবে।" সত্যাগ্রহ আন্দোলন যেমন এক বিরাট সংখ্যক জনতাকে নীরব দর্শকে পরিণত করতে সাহায্য করে এবং সরকারের উপর উপযুক্ত চাপ সৃষ্টি করতে অক্ষম তেমনি দ্বিতীয় জ্বাতের আন্দোলন অসংগঠিত নিঃসহায় জনতাকে এক প্রচণ্ড পুলিশী আক্রমণের সামনে ঠেলে দেয়। প্রথম প্রথম এর খুব গরমভাব থাকলেও সুসংগঠিত নেতৃত্বহীন বলেই তাকে পিটিয়ে ঠাণ্ডা করতে পুলিশের বেশীদিন লাগে না। তাই আমাদের প্রস্তাব ছিল প্রতিটি এলাকায় সংগ্রাম কমিটি গঠন করা, তার অধীনে স্বেচ্ছাসেবক সংগ্রহ করা এবং এইভাবে আন্দোলনকে সুসংগঠিত নেতৃত্বের অধীনে পরিচালিত করার। এই সংগ্রাম কমিটি বলতে আমরা রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের এক একটি কমিটি বুঝাইনি বরঞ্চ প্রতিটি এলাকায় আন্দোলনকে নেতৃত্বদিতে সক্ষম সেই ধরনের প্রতিনিধিত্বকারী লড়াকু মানুষের আন্দোলনের হাতিয়ার হিসেবেই ব্যাখ্যা করেছি। সরকার যদি প্রথমেই দাবী মেনে নিতেন তো কোন প্রশ্নই ছিলনা—কিন্তু দাবী মেনে না নিলে আন্দোলনকে ধাপে ধাপে উদ্লীত করে সরকারকে দাবী মেনে নিতে বাধ্য করতে হ'ত। মিটং, মিছিল, সভা, সমিতি থেকে সূক্র করে সূসংগঠিত নেতৃত্বের অধীনে নিরবচ্ছিন্ন সাধারণ ধর্মঘট, স্কুল, কলেজ, অফিস, আদালত সব কিছু বন্ধ করে, সরকারের সাথে সর্ব্বপ্রকার অসহযোগিতা সৃষ্টি করে প্রয়োজনবোধে ট্যান্স বন্ধ আন্দোলন প্রভৃতির মাধ্যমে এমন পরিস্থিতি সৃষ্টি করা সম্ভব ছিল—যার রূপ ও চেহারা কংগ্রেসী সরকার ও তার পূলিস চিন্তাই করতে পারেনা। এরা জঙ্গী আন্দোলন বলতে বড়জ্ঞার অসংগঠিত মানুবের এক-আধদিনের বিস্ফোরণমূলক আন্দোলনকেই দেখে এসেছেন, সুসংগঠিত জনতার সচেতন গণসংগ্রাম যে কি জিনিব তার পরিচয় এরা জানে না। আন্দোলনকে এইভাবে সুসংগঠিত রূপ দিতে পারলে তথু যে বিধান রামের উচু নাককে ঘবে দিয়ে সরকারকে দাবী আদায়ে বাধ্য করা সম্ভব হ'ত ডাই নয়—রাস্তাঘাটে, যেখানে সেখানে অসংগঠিত জনতাকে যেভাবে পেটানো এবং হত্যা করা পূলিশের পক্ষে সম্ভব হয়েছে—তার প্রায় কোন সুযোগই মিলতো না। এবারকার আন্দোলন কি একটি কথা নিঃসন্দেহে প্রমাণ করেনি যে জনতা আন্দোলনের জন্য কড প্রস্তুত ছিল ? বাস্তব ঘটনা কি নেতাদের চোখে আঙ্গুল দিয়ে দেখায়নি যে তাদের চিন্তা কড ভ্রান্ত ?

১৬ই আগস্ট ও তার পরবর্তী সময়ে বিভিন্ন বামপদ্বীদলের নেতা ও কর্মীদের ধরপাকড় সত্ত্বেও, ৩১শে আগস্টের অভিযানকে ব্যর্থ করার জন্য সমস্ত প্রকার সরকারী যোগসাজস ও পূলিসী সন্ধ্রাসকে উপেক্ষা করে ৩১শে আগস্টের অভিযানে যে জনসমুদ্র তৈরী হয়েছিল, তা সত্তিয় সত্তিই অতুলনীয়। আর শুধু ৩১শে আগস্টই বা কেন? ৩১শে আগষ্ট হ'তে শুরু করে ১লা সেপ্টেম্বরের ছাত্র আন্দোলন, ৩রা সেপ্টেম্বরের সাধারণ ধর্মঘট ও পরবর্তী ভারের আন্দোলনে এবার কলকাতা তথা পংবালোর ছাত্র, যুবক ও ব্যাপক জনসাধারণ যে বীরত্বপূর্ণ সংগ্রামের নিদর্শন দেখিয়েছেল তা অতুলনীয়, অত্তেপূর্ব্ব এবং অনবদ্য। কংগ্রেসী পূলিসের চরমতম হিংলতা, প্রচণ্ড চণ্ডনীতি ও বর্ব্বরতা গণমনে বিন্দুমাত্র ভয়জীতি সঞ্চার করতে সক্ষম হয়নি। লাঠি, গুলি, টিয়ারগ্যাস ও মারণযজ্ঞের ভয়ঙ্কর বিভীষিকা গণমনে প্রতিশোধের মনোভাব গড়ে তুলতেই সাহায্য করেছে। এই সর্ব্বব্যাপী আক্রমণের মুখে আত্মরকার সংগ্রামে ব্যাপৃত নিরন্ত্র জনসাধারণ সেদিন আরও এগিয়ে যেতে চেয়েছে। কিন্তু সেদিন তারা ছিল সম্পূর্ণরূপে নেতৃত্বহীন।

গোড়া থেকে প্রস্তুতি গড়ে তুললে এই ব্যাপক ও অভ্তপূর্ব্ব জনসমর্থনকে সুসংগঠিত রূপ দিয়ে এক বলিষ্ঠ আন্দোলন গড়ে তোলা এবং তারই শক্তিতে সরকারকে দাবী আদায়ে বাধ্য করা কি একেবারেই অসম্ভব ছিল ? আমরা বারবার এ কথা বলা সন্ত্বেও "জনসাধারণ প্রস্তুত না"—এ কথা বলে কমিটির প্রভাবশালী দলগুলি বার বার আমাদের প্রস্তাবকে প্রত্যাখ্যান করেছে। "জনসাধারণ তৈরী নয়" একথার দ্বারা শুধু যে এরা বাস্তব অবস্থা সম্পর্কে অজ্ঞানতার পরিচয় দিয়েছেন তাই নয়—নিজেদের আন্দোলন বিমুখতার সমস্ত বোঝা নিশ্চিন্তে জনতার ঘাড়ে চাপিয়ে দিতে এদের বিন্দুমাত্র বাধেনি। নেতৃশ্বের এই দুর্ব্বলতা, অদ্রদর্শিতা, এবং কোন কোন অংশের এমনকি বিশ্বাসঘাতকতার ফলেই আজ এত বড়

সম্ভাবনা ধূলিস্যাৎ হয়ে গেল। কংগ্রেসী পূলিসের যে পৈশাটিক অত্যাচার ও বর্ষরতম আক্রমণের ফলে এতগুলি লোক আত্মাত্তি দিল তাকে তীব্র নিন্দা করার সাথে সাথে এই বিরাট ক্ষয়-ক্ষতির জন্য কি তথাকথিত বামপন্থী রাজনীতিবিদ্দের কোনও জবাবদিহিই করতে হবে না ? কংগ্রেসী সরকারের ফ্যাসিস্ট নীতির যুপকাঠেই এতগুলো লোক প্রাণ বিসর্জন দিয়েছে একথা সত্য—কিন্তু একথা কি সত্য যে এই তথাকথিত বামপন্থী রাজনীতির এ ব্যাপারে কি কোন দায়িত্বই ছিল না ? আমরা নিজেরা একটা বামপন্থী দল হয়েও এবং আন্দোলনের অংশীদার হওয়া সম্বেও এই প্রশ্ন না তুলে পারছি না।

এবারের এই খাদ্য আন্দোলনে জনসাধারণ তার যথাযথ দায়িত্ব পালন করেছে এবং সাধ্যমত এগিয়ে যাবার চেষ্টা করেছে কিন্তু নেতৃত্ব তাকে সঠিক পথে পরিচালনা করতে শুধু ব্যর্থই হয়নি বরং পিছিয়ে গেছে। জনসাধারণ যখন বীরত্বপূর্ণভাবে আত্মরক্ষার সংগ্রামে ব্যাপৃত এবং আরও এগিয়ে যেতে চেয়েছে, কম্যুনিষ্ট পার্টি আন্দোলনের সাথে থেকেও পিছু হটতে চেয়েছে এবং কম্যুনিষ্ট পার্টি নেতা শ্রীজ্যোতি বসু "বীরত্বপূর্ণ আত্মগোপনে" থেকে, জনতার সেই বীরত্বপূর্ণ প্রভাই-এর ফলস্বরূপ সরকারী সম্পত্তির ক্ষতির জন্য দৃঃখ প্রকাশ করেছেন। যখন নিরত্ব জনসাধারণের পেছনে পেছনে কংগ্রেসী পূলিস বুলেট নিয়ে তাড়া করেছে এবং অসংখ্য নাগরিককে হত্যা করে তাদের চিরশান্তির ব্যবস্থা করে দিয়েছে তখন 'শান্তিই আমাদের শ্লোগান হোক'—এই কথা বলে তিনি প্রকারান্তরে জনসাধারণই যেন আশান্তি সৃষ্টিকারী, সরকারকে এই কথা বোঝাতে চেয়েছেন। কম্যুনিষ্ট পার্টির রাজনীতি আরও বিভিন্নভাবে এবারকার আন্দোলনে বিদ্ব সৃষ্টি করেছে। যেখানে 'মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি'ও গোড়া থেকেই বলে এসেছে যে "হয় দাবী পূরণ কর—না হয় গোটা মন্ত্রী সভার পদত্যাগ চাই"—সেখানে কম্যুনিষ্ট পার্টি গোটা মন্ত্রী সভার পদত্যাগের প্রশ্নকে করতে সাহায্য করেছেন। শ্রমুল্ল সেনের পদত্যাগ সকলেই চায়—কিন্তু যেটা আসল প্রয়োজন সেটা হচ্ছে সরকারী খাদ্যনীতির পরিবর্তন অথবা মন্ত্রীসভার পদত্যাগ। কিন্তু কম্মুনিষ্ট পার্টির এক Typical রাজনৈতিক প্রচারের ফলে এই মূল বিষয় থেকে জনতার দৃষ্টিকে সরিয়ে রাখতে সাহায্য করা হয়েছে।

যে কমুনিষ্ট পার্টির দুর্ব্বল নেতৃত্ব অবস্থার গুরুত্ব অনুধাবন করতে পারে নি, যে পার্টি আন্দোলনের সাথে থেকেও তার রাশ টেনে ধরেছে সেই পার্টি আজ এমন তারস্বরে কংগ্রেস বিরোধী প্রচারে ব্যাপৃত হয়ে পড়েছে যে, হঠাৎ করে তাদের সত্যিকারের ভূমিকা বুঝতে সত্যিই বেগ পেতে হয়। কংগ্রেস সরকারের নৃশংস বর্ব্বরতার নিন্দাবাদে তাদের সমকক্ষ আজ আর কেউ নেই। শহীদদের স্মৃতির প্রতি প্রজ্ঞাপনের আড়স্বরে আর স্বাই পরাজ্ঞর স্বীকার করেছে। এদের বাইরের প্রচারের ভাবটা এমন যেন তারাই একমাত্র দল যারা জনতার দুঃখ দুর্দ্দশার লড়াইয়ে প্রাণপাত করছেন। যে নেতৃত্বের

দুর্ব্বলতার সুযোগে সরকার এতগুলো লোকের প্রাণ হরণ করতে সাহস পেল সেই নেতৃত্বই আবার জনসাধারণের কংগ্রেস-বিরোধী মনোভাবকে শহীদের স্মৃতির প্রতি আনুষ্ঠানিক অশ্রুবিসর্জনের আকর্ষণে আগামী নির্ব্বাচনের পুঁজি হিসেবে টেনে ধরার চেষ্টা করছে। দেশের এর চেয়ে আর কি দূরবস্থা হতে পারে আমরা জানি না।

নিছক সমালোচনার উদ্দেশ্যেই নয়, অবস্থার গুরুত্ব উপলব্ধি করার উদ্দেশ্যেই আমাদের এই আলোচনার অবতারণা। বিভিন্ন সময়ে আমাদের দেশের বামপন্থী দলগুলি ঐক্যবদ্ধ আন্দোলনের এক গৌরবোচ্ছ্বল ইতিহাস সৃষ্টি করে এসেছে। ব্যাপক জনসাধারণের এর পেছনে সমর্থনও আছে প্রচুর। এই ঐক্যবদ্ধ আন্দোলনের প্রয়োজনীয়তা ও গুরুত্ব অনস্বীকার্য। কিন্তু এই ঐক্যবদ্ধ আন্দোলনে অংশ প্রহণকারী বিভিন্ন রাজনৈতিক দলগুলির বিভিন্ন ধরণের ভূমিকা বা ভিন্নমুখী Trend বা মনোভাব সম্পর্কে যদি জনসাধারণকে ওয়াকিবহাল এবং সচেতন না করা হয় তাহলে শুধু যে এই তুলনামূলক আলোচনার অভাবে আন্দোলনের সঠিক পথ সম্পর্কে জনতাকে অজ্ঞাত রাখা হয় তাই নয়—সত্যিকারের সংগ্রামী ঐক্য গড়ে ওঠার পক্ষে তা বাধা সৃষ্টি করে। এই সমালোচনার উদ্দেশ্য নিশ্চয়ই ঐক্যে ফাটল ধরান নয়—সঠিক মত ও পথ সম্পর্কে জনতাকে সচেতন করে সংগ্রামী ঐক্যকে শক্তিশালী করা। এই সমলোচনার আবহাওয়া ও উপযুক্ত চর্চার অভাবের জন্যই, যে জনসাধারণ কোন এক বিশেষ আন্দোলনের সময়ে বামপন্থী ঐক্যের একনিষ্ঠ সমর্থক হয়ে পড়েন সেই জনসাধারণই আবার পরবর্তী এক ব্যর্থতার মুখে কোন বাধ-বিচার না করেই সাধারণভাবে সমস্ত বামপন্থী দলগুলির রাজনীতির প্রতি চূড়ান্ত অবজ্ঞা প্রকাশে ব্যপ্র হয়ে ওঠেন। এই সহজ সরল পথ আপাতদৃষ্টিতে সুবিধাজনক হলেও প্রকৃত পরিস্থিতির গুরুত্ব বিচারে তা বিন্দুমাত্র সাহায্য করে না।

এই সব আন্দোলনের মধ্য থেকে বিভিন্ন রাজনৈতিক দলগুলির ভূমিকা পূচ্ছানুপূচ্ছারূপে বিচার করে নেওয়া ও সে সম্পর্কে শিক্ষা গ্রহণ করা প্রয়োজন। বিগত খাদ্য আন্দোলনে অংশ গ্রহণকারী দলগুলির ভূমিকা, মনোভাব বা Trendকে মূলতঃ তিনটি ভাগে ভাগ করা যায় :—

(১) সংস্কারবাদী বিরুদ্ধবাদী রাজনীতি—ক্ষমতা হস্তান্তর তথা পার্লামেন্টারী গণতান্ত্রিক ব্যবস্থা প্রবর্ত্তনের পর আমাদের দেশের পেটিবুর্জোয়া শ্রেণীর রাজনীতিতে এই সংস্কারবাদী বিরুদ্ধবাদী ধারাই সবচাইতে পরিস্ফুট হয়ে উঠেছে এবং বামপন্থী আন্দোলনে এরাই আজ সবচেয়ে আসর জমিয়ে বসেছে। জনসাধারণের দুংখ-দুর্দ্দশা বা বিভিন্ন দাবী দাওয়া নিয়ে লড়াই না করলে জনপ্রিয়তা বা প্রতিপত্তি বজায় রাখা অসম্ভব বলে এদের প্রতিটি আন্দোলনের সাথে সামিল থাকতেই হয় ; কিন্তু সেই আন্দোলন করতে গিয়ে তারা আন্দোলনের এমন কোন পদ্ধতি অবলম্বন করতে পারেন না যাতে পুঁজিবাদী আইন ও শৃত্বলার প্রতি জনতার অবিশ্বাস ও অশ্রদ্ধা গড়ে ওঠে বা গণমনে পুঁজিবাদ বিরোধী বিপ্লবী মনোভাব গড়ে তুলতে সাহায্য করতে পারে। কেননা পূঁজিবাদী রাষ্ট্র, তার আইন ও শৃঙ্খলার প্রতি এদের আনুগত্য এবং "দায়িত্বশীল বিরোধী দল" (Responsible Opposition Party) হিসেবে এদের "মহান" ও "জাতীয়" দায়িত্ববাধ সে পথের সম্পূর্ণ বাধাস্বরূপ। এরাও একদিন গোটা রাষ্ট্র ব্যবস্থার পরিচালক বা Caretaker হবার আশা রাখেন। সূতরাং যে আন্দোলন তাদের করতেই হয় সেই আন্দোলনের সামনে তারা আন্দোলনের আশু দাবীকেই তুলে ধরেন এবং সমস্ত সমস্যার মূল কারণ পুঁজিবাদী রাষ্ট্রীয় ও অর্থনৈতিক ব্যবস্থা বিরোধী আন্দোলনের প্রশ্নকে সুকৌশলে এড়িয়ে গিয়ে ভবিষ্যতে সরকার গঠনের আশায় এরা বিভিন্ন গণআন্দোলনের সামনে শুধুমাত্র শাসন ক্ষমতায় অধিষ্ঠিত রাজনৈতিক দল বা সরকারের বিরুদ্ধে তীব্র সমালোচনা ও শ্লোগানের মধ্যেই নিজেদের কার্য্যক্রমকে সীমাবদ্ধ রাখেন। তাই কোন গণ-আন্দোলনই যাতে মিটিং, মিছিল, ঘেরাও বা সত্যাগ্রহ আন্দোলনের এক বিশেষ ছক-কাটা গণ্ডীর বাইরে যেতে না পারে সে ব্যাপারে এরা দৃঢ়প্রতিজ্ঞ। একদিকে পূঁজিবাদী রাষ্ট্রের প্রতি দায়িত্ব পালন অপরদিকে জনতার বিক্ষোভকে নিজেদের সরকার গঠনের লড়াই-এর অস্ত্র হিসাবে ব্যবহার করার মত এক ঢিলে দুই পাখী মারা একমাত্র এইরূপ এক সংস্কারবাদী আন্দোলনের পর্থেই সম্ভব। কিছু আশু দাবী পরিপূরণ এবং নিছক সরকার বিরোধী সংস্কারবাদী বিরুদ্ধবাদী রাজনীতির গণ্ডীর মধ্যেই এরা বর্তমানের সমস্ত আন্দোলনকে আটকে রাখতে চাইছে। দীর্ঘদিন ধরে এহেন এক আন্দোলন পরিচালনা করার ভেতর দিয়ে তথু যে জনতার পুঁজিবাদী রাষ্ট্রবিরোধী মনোভাব গড়ে ওঠেনি তাই নয়—উপরন্ত গণ-আন্দোলনের নামে এক পার্লামেন্টারী "ভদ্র" আন্দোলনকেই ধীরে ধীরে চালু করা হয়েছে। একদিকে এই "Gentleman's Parliamentary Politics" এর তথাকথিত ভদ্র পটভূমিকা ও মানসিক গঠন অপরদিকে বিপ্লবী আন্দোলনের চূড়ান্ত দুর্ব্বলতার সুযোগে তথু যে সরকারী ও পুলিসী

কর্তৃপক্ষ এবার এতবড় সন্ত্রাস সৃষ্টি করতে সাহস পেয়েছে তাই নয়—এহেন এক "ভদ্র" পরস্থিতিই এইবার সর্ব্বপ্রথম একদল বিভ্রান্ত বৃদ্ধিজীবী সম্প্রদায়কে শান্তিভঙ্গ হ'ল বলে তারস্বরে "ছি-ছি" রব তোলার ইন্ধন জুণিয়েছে। যে পরিস্থিতি বর্তমান পুঁজিবাদী রাষ্ট্রের কর্ণধারেরা তাদের ফ্যাসীবাদের পথে অগ্রগতির পাদপীঠ হিসেবে গড়ে তুলতে চাইছে সেই পরিস্থিতি গড়ে তুলতে এই "Gentleman's Parliamentary Politics" পরোক্ষে সাহায্য করে চলেছে। এহেন এক 'ভদ্র' রাজনীতির খয়রে পড়ার ফলেই বিধান রায় যখন এসেম্বলীতে বামপন্থী দলগুলিকে "দুষ্কৃতকারীদের (বিধান রায়ের মতে) সাথে সম্পর্ক আছে" বলে শাসাতে সুরু করেন তখন বিরোধী দলের অনেক বড় বড় নেতাকেই আমরা "কেঁচো" বনতে দেখেছি। তাহাড়া এবারের পুলিসী তাশুবলীলাকে আমরা কোন এক অফিসার বিশেষের কারসাজী বা বিচ্ছিন্ন ঘটনা বলে মেনে-নিতে পারিনি—এবারকার হিন্তে বর্ক্বরতাকে শাসনযন্ত্রের ফ্যাসীবাদী ঝোঁক (tendencies of administrative fascism) হিসেবে গণ্য করে আমরা বিশেষ উত্বেগ বোধ করেছি। এবারকার আন্দোলনের সময়ে কয়েকটি দিনের জন্য হলেও গোটা সরকারী ব্যবস্থা যেভাবে পুলিসী ব্যবস্থার ক্রীড়নকে পরিণত হয়েছিল তাতে এই গণতন্ত্র যে কতবড় মিথ্যা তা নিঃসন্দেহে প্রমাণ করে। তবুও আমরা এই গণতন্ত্রের মহিমায় মশগুল হয়ে বসে আছি। বামপন্থী আন্দোলনের এই বিক্রদ্ধবাদী রাজনীতির মূল ধারক ও বাহক হচ্ছে কম্যুনিষ্ট পার্টি। অন্যান্য কয়েকটি দলের রাজনীতিতেও এই দৃষ্টিভঙ্গী পরিস্ফুট।

(২) অভিবিপ্লবী ধারা—এদের সাথে প্রথমোক্ত দলের মৌলিক কোন পার্থক্যই নেই। শ্রেণীগত দিক থেকে এরাও পেটিবুর্জোয়া শ্রেণীর অংশ বিশেষ। এরাও পার্লামেন্টারী রাজনীতির দায়িত্বশীল বিরোধী ভূমিকাই পালন করতে চান, কিন্তু সাংগঠনিক শক্তির অভাবে তার বান্তব কোন সুযোগ নেই বলেই আজ বিপ্লবী বুলি কপচাতে (Revolutionary Phrase mongering) ব্যন্ত। যেখানে কম্যুনিষ্ট পার্টি প্রভৃতি দল সংস্কারবাদী পার্লামেন্টারী রাজনীতিতে এক বিরাট প্রভাব বিস্তার করে বসে আছে সেখানে পুরোপুরি সেই রাজনীতি চর্চার ভেতর দিয়ে একটি পৃথক দল হিসেবে শক্তি সঞ্চয় করা খুব কঠিন। তাই দলের শক্তি বৃদ্ধির অত্যাবশ্যক পথ হিসেবেই এরা সংস্কারবাদী রাজনীতির তীব্র সমালোচনা করেন এবং জনসাধারণের মনে আজও যে লড়াই-এর মনোভাব এবং উৎসাহ রয়ে গেছে তাকে আপাত বিপ্লবী ক্লোগান ও কার্যাক্রমের সাহায্যে টেনে ধরে দলীয় শক্তি বৃদ্ধি করার চেষ্টা করেন। গণ-আন্দোলনের সামনে সাধারণতঃ এরা সত্যাগ্রহ ইত্যাদিকে সমালোচনা করেন এবং অসংগঠিত জনতাকে নিয়ে হঠাৎ করে পুলিসের সাথে ধস্তাধন্তি করার মত বিস্ফোরণমূলক আন্দোলনকেই সমর্থন করেন। এদের মনোভাবটা অনেকটা এই রকম যে, "একটা কিছু লাগুক, পরে দেখা যাবে।"

কথাবার্তা ও বন্ধৃতা থেকে এদের মাঝে মাঝে বিপ্লবী বলে শ্রম হলেও—বিপ্লবী দল ও বিপ্লবী আন্দোলন গড়ে তোলার জন্য যে ধরণের ধৈর্য্য, অধ্যবসায়, দ্রদর্শিতা, perspective, wisdom বা এককথায় বিপ্লবী চরিত্রের প্রয়োজন—এদের তা নেই। আমাদের এই বিপ্লেষণ যে কত বড় সত্য তা ধরা পড়ে নির্বাচনের সময়। কেননা বাকী সময়ে এরা যতই বিপ্লবী ও জঙ্গী মনোভাব নিয়ে চলুন না কেন নির্বাচনের সময়ে দৃ' একটি "সীটের" লোভে সমস্ত নীতি বিসর্জ্জন দিতে এবং যে কোন ধরণের নীতিহীন সমঝোতা গড়তে বা কথাবার্তা বলতে এদের বিন্দুমাত্র বাধে না। ঐ কিছুদিনের জন্য এরা এদের "বিপ্লবী" নীতিকে "শিকায়" তুলে রাখেন এবং নির্বাচন শেষ হয়ে গেলেই তাকে নামিয়ে নিয়ে ঝেড়ে ঝুড়ে জনতার সামনে পুনরায় অবতীর্ণ হন। যদি কোনদিন পার্লামেন্টারী বিরোধী ভূমিকা পালনের উপযুক্ত শক্তি অর্জন করা এদের পক্ষেসসম্ভব হয়—একমাত্র সেদিনই এরা এই অতিবিপ্লবী রাজনীতিকে পরিত্যাগ করে সরাসরি সংস্কারবাদী রাজনীতির সমঝদার হয়ে উঠকেন। এই সব দলগুলি যে আসলে পার্লামেন্টারী বিরোধী দলের ভূমিকাই পালন কতে চায়—তা এদের এম-পি, এম-এল-এ-দের রাজনৈতিক ব্যবহারে থেকেও সুম্পন্ট হয়ে ওঠে। এসেম্বলী পার্লামেন্টে এমের ব্যবহারের কানে পার্থক্যই নেই। এই সব দলগুলি কি প্রচলিত রাষ্ট্র ব্যবস্থা কি বিপ্লবী দল ও বিপ্লবী আন্দোলন সংগঠন—কোনটার প্রতি কোনও দায়িত্বই বোধ করেন না। তাই এক দিকে বিপ্লববাদ অপর দিকে সংস্কারবাদ—এই দৃই রাজনীতির মধ্যবতী এক অন্ধৃত মত ও পথ এদের রাজনীতিতে পরিম্পুট। সংস্কারবাদী রাজনীতি যেমন বিপ্লবী আন্দোলনের বিশ্লস্বরূপ, এই অতিবিপ্লবী রাজনীতিও তার বিরাট প্রতিবন্ধক। আর এস পি, ফরোয়ার্ড ব্লক্ষ প্রভৃতি দলের রাজনীতিতে এই ধারণা পরিম্পুট।

বিপ্রবী মতবাদ ও আন্দোলন পছতি—এরা পরিস্থার বোঝে যে আজকের দিনের প্রতিটি বিচ্ছিন্ন আন্দোলনকে সুসংগঠিত ও সুসংবদ্ধ করে যদি তাকে শেষ পর্যন্ত শ্রমিক শ্রেণীর নেতৃত্বে পুঁজিবাদী উৎখাত করা ও সমাজতত্ত্ব প্রতিষ্ঠার আন্দোলনে রূপান্তরিত না করা যায় তাহলে জনজীবনের সমস্যা সমূহ বার বার দেখা দেব এবং সমস্যার প্রকৃত এবং স্থায়ী সমাধান সম্ভব নয়। তাই প্রতিটি গণআন্দোলনের সামনে তার আন্ত দাবী পরিপুরণের সাথে সাথে আন্দোলনের মধ্য দিয়ে জনতার পুঁজিবাদী রাষ্ট্রবিরোধী মনোভাব গড়ে তোলা, তার আইন ও শৃত্বলা সম্বন্ধে মোহমুক্তি ঘটানো এবং সর্বোপরি জনসাধারণকে বিপ্লবী আন্দোলনের কায়দায় শিক্ষিত করে তোলার প্রশ্নকে এরা বড করে দেখেন। তাই কিছু দাবীদাওয়া পরিপুরণই শুধু নয়---আন্দোলনের পদ্ধতিও তাদের কাছে একটা মন্ত বড় গুরুত্বপূর্ণ বিষয়। তাই একই আন্দোলনের অংশীদার হয়েও আন্দোলনের রূপ ও পদ্ধতি সম্পর্কে প্রথম ও দ্বিতীয় দলের সাথে এদের মত পার্থক্য। ভবিষ্যতে সরকার গঠনের রাজনৈতিক উন্দেশ্য নিয়ে এরা আন্দোলনগুলোকে গুধুমাত্র বর্তমান সরকার বিরোধী আন্দোলনে আটকে রাখতে চান না—বরঞ্চ প্রতিটি আন্দোলনের সুযোগে কি ভাবে জনসাধারণের মনে বর্তমান পুঁজিবাদী রাষ্ট্রীয়, অর্থনৈতিক ও সামাজিক ব্যবস্থা সম্পর্কে এক তীব্র অসন্তোষ ও অশ্রদ্ধা গড়ে তোলা যায় এবং আন্দোলনকে পুঁজিবাদী রাষ্ট্রবিরোধী বিপ্লবী আন্দোলনের খাতে প্রবাহিত করা যায় সেটা তাদের লক্ষ্য থাকে। এই বিপ্লবী আন্দোলন গড়ে তোলার দায়িত্ব একমাত্র বিপ্লবী দলই বোধ করতে পারে। পেটি-বর্জোয়া শ্রেণীর দলগুলির এ ব্যাপারে কোন দায়িত্ব নেই এবং সেটা তার কাজও নয়। শ্রেণীগত চরিত্রের জন্যই এরা বিপ্লবী আন্দোলনের পথে বাধা সৃষ্টি করেন। অপরদিকে বিপ্লবী দল শুধু যে সংস্কারবাদী রাজনীতিকেই সমালোচনা করে তা নয়—কোন অতি বিপ্লবী কার্য্যক্রম গ্রহণকেও এরা সর্ব্বশক্তি দিয়ে বাধা দেবার চেষ্টা করে। এই দুটোর কোনটাই বিপ্লবী আন্দোলনের সহায়ক নয়।

আমাদের দেশের বিপ্লবী দল এবং বিপ্লবী সংগঠন আজও শৈশব অবস্থা অতিক্রম করে নি—এদের শক্তি প্রয়োজনের তুলনায় নিতান্তই দুর্ব্বল। প্রতিটি আন্দোলনের ভেতর দিয়ে এই বিপ্লবী নেতৃত্বকে চিনে নেওয়া, তার হাতকে শক্তিশালী করা এবং আন্দোলনের ভেতর সেই সঠিক বিপ্লবী নেতৃত্বকে প্রতিষ্ঠিত করাই জনতার আজকের দিনের সবচেয়ে শুক্রত্বপূর্ণ কাজ। বিগত খাদ্য আন্দোলনের এইটেই মূল্যবান শিক্ষা যে এই বিপ্লবী নেতৃত্ব প্রতিষ্ঠিত করতে না পারলে বার বার আন্দোলন গড়ে উঠবে কিন্তু তা কোন সময়েই সঠিক লক্ষ্যে পৌঁছুতে পারবে না। বিগত আন্দোলনের ব্যর্থতা থেকে এই শিক্ষাই জনসাধারণকে গ্রহণ করতে হবে।

পশ্চিমবাংলার প্লাবনে যে অভাবনীয় দুর্গতি বিরাট সংখ্যক মানুষের ঘাড়ে এসে পড়েছে তাতে এই মুহুর্ব্বেই নৃতন করে খাদ্য আন্দোলন গড়ে তোলার কথা চিন্তা করা অসম্ভব। কিন্তু বন্যার ধাক্কা শেষ করে দিয়ে অদূর-ভবিষ্যতেই আবার খাদ্য আন্দোলন সুরু করার প্রয়োজনীয়তা দেখা দেবে। খাদ্য সমস্যা যে আরও তীব্ররূপ ধারণ করবে সে সম্পর্কে সন্দেহ নাই। সেই আন্দোলনের সময় জনসাধারণকে উপরোক্ত শিক্ষাগুলোকে স্মরণ রাখতে অনুরোধ জ্ঞানানো হচ্ছে।

## গণশক্তি

#### স্মরণীয় ৩**১শে আগস্ট** গণশক্তি. ৩১ আগস্ট ১৯৯৪ ]

আজ্ব ৩১শে আগস্ট—শহীদ দিবস। রাজ্যের সর্বত্ত আজ্ব মর্যাদার সঙ্গে স্মরণ করা হচ্ছে ১৯৫৯ সালের খাদ্য আন্দোলনের অমর শহীদদের, স্মরণ করা হচ্ছে স্বাধীনোন্তর ভারতের গণতান্ত্রিক আন্দোলনের শহীদদের। এই ৩১শে আগস্ট দিনটি কেবল যে স্মরণ করার দিন তাই নয়-এ দিনটি হলো সম্ভন্ন গ্রহণের দিন, ভবিষ্যতের পথে এগিয়ে যাবার জন্য শপথ গ্রহণের দিন। আমরা কেন প্রতি বছর ৩১শে আগস্ট উদযাপন করি. কেন এই দিনটি রাজ্যের গণতান্ত্রিক জনগণের কাছে ঐতিহাসিক দিন হিসেবে চিহ্নিত হয়ে রয়েছে, কেনই বা ৩১শে আগস্ট দিনটি পশ্চিমবংগের মনে বিভীবিকাময় দিন হিসেবে পরিচিত ? ১৯৫৯ সাম্পের ৩১শে আগস্ট এ রাজ্যের ক্ষধাতুর এবং অর্ধভুক্ত নরনারী তদানীন্দ্রন শাসক কংগ্রেস সরকারের যে চেহারটা প্রতাক্ষ করেছিলেন তা ছিল একেবারেই অক্সনীয়, অভাবনীয়। ভয়াবহ খাদ্যাভাবের জ্বালা-যন্ত্রণা সহ্য করতে না পেরে সেদিন গ্রাম-বাংলার লক্ষাধিক মানুষ কলকাতার বকে সমবেত হয়েছিলেন ন্যায্যমূল্যে খাদ্যশস্য দেবার দাবিতে। একটিই দাবি ছিল খাদ্যের দাবি, একটিই স্লোগান ছিল খাদ্য চাই। সেদিনের কংগ্রেস সরকার জনগণের এই ন্যুনতম অথচ একান্ত অপরিহার্য দাবিতে আতঙ্কিত হয়ে উঠেছিল। সেদিনের সেই খাদ্যের দাবি সোচ্চার হোক, এই দাবিতে গ্রাম-শহরের মানষ ঐকাবদ্ধ হোক সেটা কংগ্রেস দল ও সরকারের কাছে রাজনৈতিকভাবে অসহনীয় ব্যাপার। আর এই রাজনৈতিক অসহিষ্ণতাই তদানীন্তন কংগ্রেস সরকারকে করে তলেছিল হিংল্র—যে হিংল্রতার বহিঃপ্রকাশ ঘটেছিল ৮০ জন নিরীহ মানুষকে লাঠিপেটা করে হত্যা করার মধ্য দিয়ে। ১৯৫৯ সালের আগে ও পরে এ রাজ্যে অনেক হত্যাকাণ্ড ঘটেছে. গণতান্ত্রিক আন্দোলনের শত-সহস্র নেতা ও কর্মীকে শহীদের মৃত্যুবরণ করতে হয়েছে, কিন্তু ১৯৫৯ সালের ৩১শে আগস্টের গণহত্যার ভয়াবহতা, হিংস্রতা আর নশংসতার কোন নজির নেই। আর এজন্যই ৩১শে আগস্ট পশ্চিমবংগের মানবের স্বজনহারা হাদয়কে একটি প্রশ্নই বার বার নাড়া দেয় ঃ কী অপরাধ করেছিলেন সেই দরিদ্র মানবগুলো ? ৩১শে আগস্ট তাই কেবল কংগ্রেস সরকারের এক কলঙ্কিত নারকীয় দিন হিসেবেই চিহ্নিত নয়, এই দিনটি চিহ্নিত রাজ্যের গণতান্ত্রিক মানষের ক্রোধ, ঘণা আর সংকল গ্রহণের দিন হিসেবেও।

কি সেই সংকল্প ? ১৯৫৯ সালের ৩১শে আগস্ট কীভাবে রাজ্যের গণতান্ত্রিক আন্দোলনের ইতিহাসে একটি স্বর্ণখচিত অধ্যায়ে পরিণত হলো। ৩১শে আগস্টের স্লোগান ছিল একটিই ঃ খাদ্য চাই। ৩১শে আগস্টের গণহত্যার পর শহর-নগর, গ্রাম-গঞ্জ সর্বত্র মানুষের মুখে মুখে স্লোগান উঠতে লাগল ঃ কংগ্রেস সরকারের দুর্ভিক্ষের বড়যন্ত্র রোধ করো; শ্রমিক-কৃষক শ্রেণীশক্রর আক্রমণ প্রত্যাঘাত করো; আর নীরবে মৃত্যু নয়, বাঁচবার পথ বেছে নাও, বাঁচবার পথ—সংগ্রামের পথ, সংগ্রামের পথ—সাধারণ ধর্মঘটের পথ ও গ্রামাঞ্চলে কৃষক সংগ্রামের পথ। ৩১শে আগস্ট পশ্চিমবংগের গণতান্ত্রিক আন্দোলনের স্লোগানকে উমত স্তরে উমীত করলো; আর সেই স্লোগানের সূত্র ধরেই এ রাজ্যে বামপন্থীদের সপক্ষে, গণতন্ত্রের সপক্ষে রাজনৈতিক শক্তির বিকাশ ঘটতে থাকল। আর একথা বললে অত্যুক্তি হবে না যে, সেই শক্তি বিন্যামের কর্মকাণ্ডে কেন্দ্রীয় শক্তি হিসেবে কান্ধ করেছিল কমিউনিষ্ট পার্টি। '৫৯-র ঘটনার ফলশ্রুতির মধ্য দিয়ে তদানীন্তন কমিউনিষ্ট পার্টি। বিক্রম সরকার গঠন করা ব্যতিরেকে জনগণকে কংগ্রেসের হিস্লেতা, দমননীতি থেকে বাঁচানো যাবে না। এই উপলব্ধি থেকেই ১৯৬১ সালে ভারতের কমিউনিষ্ট পার্টির পশ্চিমবংগ রাজ্য নবম সন্দোলন থেকে আনুষ্ঠানিকভাবে রাজ্যে বিকল্প গণতান্ত্রিক সরকার গঠনের স্লোগান দেওয়া হয়। একথা এক মৃহুর্তের জন্যও ভুললে চলবে না, যে, '৫৯-র খাদ্য আন্দোলনের পরবর্তীকালে রাজ্যে বামপন্থী ও গণতান্ত্রিক আন্দোলনের পক্ষে যে রাজনৈতিক শক্তি বিন্যাসের প্রক্রিয়া শুক্র হয়ছিল সেই প্রক্রিয়া সহজ্ব সরকার গতিতে অপ্রসর হতে পারে। বামপন্থীদের এই অপ্রগমনে প্রতিবন্ধকতা সৃষ্টির জন্য এহেন কৌশল নাই যা কংগ্রেস সরকার গ্রহণ করেনি। সেই

গণশক্তি 231

কৌশলেরও প্রধান হাতিযার ছিল সন্ত্রাস, দমননীতি। ১৯৬৫ সালের গণ-আন্দোলন দমনে বামপছীদের হাজারে হাজারে বন্দী করা; ১৯৬৬-র আন্দোলন দমনে বেপরোয়া গুলিবর্ষণ, ১৯৭১-৭২ সালের আধা-ফাসিবাদী সন্ত্রাস, ১৯৭৫-৭৬-এর অভ্যন্তরীণ জরুরী অবস্থা ইত্যাদি এই দমনীতিরই সাক্ষ্য বহন করছে। এই দমন-পীড়ন, সন্ত্রাসের পরিণতিতে গত আড়াই দশকে বামপছী আন্দোলনের তিন সহস্রাধিক কর্মী, দরদী, সমর্থক শহীদের মৃত্যুবরণ করেছেন। এরা গণতান্ত্রিক আন্দোলনের অমর শহীদ। কিন্তু কংগ্রেস দল বা সরকারের কোন দমন-পীড়নই বামপছীদের লক্ষ্যচ্যুত করতে পারেনি। সন্ত্রাসের মোকাবিলা এবং নিরবচ্ছির গণ-সংগ্রামের মধ্য দিয়েই এ রাজ্যে বামপছীরা বামফ্রন্টের মঞ্চে দাঁড়িয়ে কংগ্রেসী শাসনের অবসান ঘটিয়েছে; বামফ্রন্ট সরকার গঠন করেছে। রাজ্যে কংগ্রেস বিপর্যন্ত হলেও বামপছীদের বিরুদ্ধে, গরিব মধ্যবিন্ত মেহনতী মানুষের বিরুদ্ধে শোষকশ্রেণীর আক্রমণ ও আক্রোশ বন্ধ হয়নি। এই বামফ্রন্ট সরকারের সতেরো বছরে দু'হাজারের বেশি বামফ্রন্ট সমর্থক, কর্মী-দরদী শ্রেণীশক্রর হাতে প্রাণ দিয়েছেন। প্রতি বছরই '৫৯-র শহীদ স্তম্ভে রক্তের দাগ গাঢ় হচ্ছে, নতুন নতুন শহীদ স্তম্ভ নির্মিত হচ্ছে। এই সমস্ত অমর শহীদের আত্মতাগ আহ্বান জানাচ্ছে: শোষকশ্রেণীর সঙ্গে কোন আপস নয়, শোষণের বিরুদ্ধে সংগ্রামে কোন ছেন নয়।

#### শহীদ দিবস

[ গণশক্তি, ৩১ আগস্ট ১৯৯৪ ]

১৯৫৯ সালের ৩১শে আগস্ট। বামপন্থী দলগুলির আহানে সুনির্দিষ্ট কিছু দাবির ভিন্তিতে এদিন কলকাতা মহানগরীর ময়দানে বিক্ষোভ প্রদর্শনে শামিল হয়েছিলেন লক্ষ লক্ষ শ্রমিক-কৃষক মেহনতী মানুষ। এসেছিলেন বৃদ্ধ-বৃদ্ধারা নিরম্ন সন্তানের মুখে একমুঠো অন্ন যোগানের দাবি নিয়ে। স্ত্রী এসেছিলেন স্বামীর হাত ধরে শীর্ণ-দেহ শিশুও এসেছিল মায়ের আঁচল ধরে। শান্তিপূর্ণভাবে অবস্থান করে বসেছিলেন ময়দানে। তাদের আবেদন ছিল জঠরের সুতীব্র জ্বালা দূর করার জন্য। কিন্তু ধৈর্য ধরে বুভুক্ষু মানুষের কথা তৎকালীন কংগ্রেসী সরকার শোনার আগ্রহ দেখায়নি। রাতের অন্ধকার নামার সাথে সাথে লেলিয়ে দিয়েছিল সশস্ত্র পুলিস যারা হায়নার হিংস্রতায় ঝাঁপিয়ে পড়েছিল অসহায় জনতার উপর।

কি অপরাধ ছিল তাদের ? ভূমিসংস্কার না হওয়ার জন্য ফসলের এক উল্লেখযোগ্য অংশ জমা ছিলো আড়তদার, মুজতদার ও মুনাফাখোরদের গুদামে। রেশন ব্যবস্থা কার্যত নেই। দুর্নীতিগ্রস্ত আমলাদের সঙ্গে যোগসাজশে মুনাফাখোর আর মজুতদারদের কৃত্রিম দুর্ভিক্ষ সৃষ্টির অপপ্রয়াস ছিল অব্যাহত। নীরবে মৃত্যুবরণ করা ছাড়া আর কোন উপায় নেই। চারদিক থেকে খবর আসে অনাহার ও মৃত্যুর। গ্রামের মানুষ ভিক্ষার থলে নিয়ে বেরিয়ে পড়া ছাড়া পথ দেখে না। প্রায় তিন লক্ষ মানুষ স্বতঃস্ফুর্তভাবে শামিল হয়েছিলেন এ জমায়েতে। তাদের মুখে স্লোগান ছিল, 'খাদ্য নাই, খাদ্য চাই ?'

আবহাওয়া ছিল দুর্যোগপূর্ণ। পুলিস বেস্টনী ছিল সতর্ক। সব উপেক্ষা করে গ্রাম গ্রামান্তর থেকে ছুটে এসেছিল মানুষ। কৃষক ও কৃষক-রমণীরা। তাদের পাশে দাঁড়িয়েছিলেন শহরের শ্রমিক ও মজুররা। এসেছিল ছাত্ররাও। ময়দানের সমাবেশে সভাপতি ছিলেন বর্ষীয়ান নেতা অমর বসু। আন্দোলন পরিচালনায় নেতৃত্ব দিয়েছিলেন প্রমোদ দাশগুপ্ত, জ্যোতি বসু ও হরেকৃষ্ণ কোঙার। ঘটনাস্থলে তাঁরা ছিলেন না। দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির নেতারা ছিলেন আইন অমান্য আন্দোলনের প্রত্যক্ষ ভূমিকায়। কিন্তু বিনা কারণে বিনা প্ররোচনায় ডাঃ বিধান রায় সরকারের পুলিস যেভাবে সুপরিকল্পিতভাবে চারদিকে ব্যুহ রচনা করে অসহায় জনতাকে লাঠিপেটা করে তা জালিয়ানওয়ালাবাগের সুপরিকল্পিত হত্যাকাণ্ডের চেয়েও নৃশংস। লাঠি দিয়ে পিটিয়ে, গুলি করে আশিজনকে হত্যা করা হলো। আহত হয়েছিলেন তিন হাজারেরও বেশি মানুষ। নিখোঁজ হয়েছিলেন একশ জন। শহীদের তালিকায় ১৪ বছরের কিশোর সরোজ দাস যেমন ছিলো তেমনই ছিলেন ৭৮ বছরের বৃদ্ধ ফণীন্দ্রকিশোর আচার্য যিনি ছিলেন নাট্যাচার্য শিশিরকুমারের মামা। কিংবা ছিলেন বিদ্যাসাগর কলেজের প্রাক্তন ডেমনস্ট্রেটর ৭৮ বছরের বৃদ্ধ চুনিলাল দত্ত। গর্ভবতী মহিলা চন্দ্রাবতী ঘোষের উপরও পুলিস অকথ্য নির্যাতন চালিয়েছিল যা খাদ্য আন্দোলনের রক্তাক্ত দিনলিপিকে আরও ভয়ঙ্কর করে তোলে। পুলিসী বর্বরতার প্রতিবাদে সারা রাজ্যের মানুষ স্ততঃস্ফুর্তভাবে পরপর দুদিন ধর্মঘটে শামিল হন। ধর্মঘট ভাঙতে তৎকালীন কংগ্রেস সরকারের বাহাদুরির সীমা ছিল না। রাজ্যের বহস্থানে কার্যু ও ১৪৪ ধারা জারি করা হয়। বামপন্থী দলসমূহের বহু নেতা ও কর্মীকে গ্রেপ্তার করা হয়। কিন্তু শহীদের রক্তরাঙা দিনের শপথ দৃগু মানুষকে যে হিংসা দিয়ে তাণ্ডব দিয়ে পিছু হঠানো যায় না। কিছু দাবি শেষপর্যন্ত মেনে নিতেই হয়। কৃষকসভা ও বাম দলগুলির দাবিগুলোর অন্যতম ছিল, কৃষকদের উৎপন্ন ফসলের ন্যায্য দর প্রাপ্তি সুনিশ্চিত করতে হবে, মজুতবিরোধী অভিযান চালাতে হবে, শহরে বিধিবদ্ধ রেশনব্যবস্থা এবং গ্রামে সংশোধিত রেশন ব্যবস্থা জ্ঞোরদার করতে হবে ইত্যাদি।

### **Hindusthan Standard**

#### The Bottle Neck

[Editorial, Hindusthan Standard, Friday, 6 February 1959]

Starvation is not as swift as agent of death as "Botalinus" is supported to be and the State Food Minister has necessarily to wait for some time to receive reports of death due to non-availability if rice, What is he to do in the mean time? Even the mind of inquiry promised on his behalf by Dr. Roy cannot occupy all his time. He should, therefore, so utilise his surplus time as might enable the public to act accordingly to the appeal he addressed to them an Tuesday which, in the context of the current situation, in as meaningless as his search for reports of starvation death as proof of acute security of food grains.

The Fair Price shops of the Government have all along been notorious for supplying rice which is considered inedible by persons of cultured taste and delicate stomach. That, however, is not the reason why many consumers cannot name oblige the Food Minister by patronising the Fair Price shops in preference to the open market. The door of these shops is not open to any and every person who wishes to walk in admission there is governed by the possession of a valid ticket which is called a Family Ration Card. This card was issued by the authorities concerned long before the statutory fixation of prices often some sort of enquiry to only those persons who were supposed belong to lower income groups. Many of those who did not get the card then as a matter of course did not care to obtain it by making any special effort because rice then could be had in the open market-though at a higher price and also because they sincerely wanted to relieve the pressure on the Govt. stocks. At least half the population of Calcutta belong to this latter category who none have no access to the Fair Price shops without the necessary cards which can not be had an expeditiously as consumers in view of the present state of the open market, might desire. The Food department has failed to remove the bottleneck which delays the issue of the necessary cards.

The few offices which deal with the applications for ration cards are quite inadequate to cope with demand. These also are under-staffed. The first thing which the Food-Department should, therefore, do now is to increase the clerical and the inspecting staff of these offices. Simultaneously it should also increase staff and the working hours of the shops which are to deal directly with the consumers. The officialdom should even now shake off its complacency based an a pathetic reliance on the revival of the dhenki. At least the urban West Bengal has been fast heading towards a crisis which only timely action can resolve. It is high time, therefore, to set up an adequate administrative machinery before the situation further deteriorates.

#### **Drift to Disaster**

[Editorial, Hindusthan Standard, Friday, 7 February 1959]

Food grains continue to be scarce all over West Bengal and the resultant panic in the public mind seems to be growing. Hospital Employees' Unions have reiterated their call for a general strike from Tuesday next as a result of which more hospitals have started discharging their patients. In a more secluded sector of the public life purveyors of education representing nine big colleges in Calcutta continue to stick to their decision to realise enhanced tuition fees not withstanding the very active

resistance of the students concerned. This are disturbing and disquieting symptoms but paint to the existence of a deeper threat to the very foundation of our democratically organised national life. Never within living memory was he gulf between the policies of the Govt. and the realities of life wider than what it recently has been and new threatens to be.

Dr. B.C.Roy has blamed the hospital workers and has declared from his seat in the Legislative Assembly that the Govt. will not tolerate a strike in the hospitals. He may be respectfully reminded that the threat is not a new one and that it has lost its edge by ineffective repetition. Several instances may be cited of "illegal" strikes having taken place in Calcutta seriously dislocating the life of the community. In the immediate present orders under the Essential Commodities Act are being flouted by the producers, wholesalers and retail dealers in the paddy market without any of them being the worse for such defiance though the Government itself says that such defiance though the Government itself says hat such defiance is for the purpose of forcing the Govt. to revise its orders in favour of profiteering traders. Under the circumstances the threat uttered by the Chief Minister in the context of the hospital workers' projected strike and that which is contained in the Govt.'s latest Press Note on the Food situation sound hollow. It can not possibly be more effective than his verbal order to the principals of the big Calcutta colleges to "stop collecting enhanced fees".

Obviously today the writ of the Govt. does not run as it should which is a much greater menace to the stability of our society than any particular symptoms on the surface. Someone should go deeply into the question weather the people are to blame or the official policies-or both. The lack of harmony between the two is, however, too pronounced to be missed by anybody. The defiance we come across now-a-days is organised defiance in all relevant cases. Those who so defy the Govt. consist of such diverse groups of people that it is difficult to explain these instances in terms of the familiar formulae ordinarily used to explain social tensions. Since in all such cases the Govt., orders are challenged by the parties affected by such orders one of the reason for the difference of opinion may well be that the data an which the Govt.'s orders are based are different from those relied upon by the opposite party. The Govt., in other words, might have been functioning from an ivory tower.

Even if it were assumed that all wisdom lies with the Govt., and all perversity with the parties constituting groups of the public it would be a grove matter if the two were always to move in opposite directions or even in parallel lines. That is not the way of life in a democracy where the relations between the Govt. and the governed should be harmonious at most stages. Persisting disharmony is a menace even from the narrow standpoint of law and order. Every instance of successful defiance of the law is a direct encouragement to more defiance and therefore, undermines the foundation of the State. But we need statesmanship which can look for ahead to deal with such cases and not mere administration which in a complex situation only stumbles from one blunder to another.

#### Plea for Sanity

[Editorial, Hindusthan Standard, Friday, 3 September 1959]

After a day and a tragic night Calcutta partly recovered its claim on Wednesday. One hopes it is not the deceptive bill before the storm waiting to break on Thursday when the total cease-work sponsored by the leftists is scheduled to take place. What happened on Tuesday was shameful indeed and tarnished the fair name of the city. Its name will be a repetition of such disgraceful incidents that must not be allowed to happen.

This is not the task of Authority alone. The primary responsibility for maintaining law and order in the city rests without doubt in the Govt. But when the threat to peace comes from antisocial elements the saner elements can not be silent spectators to their tussle with the keepers of

lane and the protectors of order. They must continue their forces to repulse the challenge of landlessness and disorder and help authority in putting the twin demands in chains. As it is, the task is not easy for the Govt. despite the magnitude of the resources at its command. And if citizens choose to be different it will become difficult indeed.

No politics are involved in this task of safeguarding social peace which is the very basis of civilised existence. If for one reason or another we do nothing individually and collectively to promote peace the resulting disorder will erode the base of the social edifice which will bring misery on all of us. If violence can not be subdued in its early phase it soon assumes formidable dimensions when its control becomes a Herculean job. It must, therefore, be promptly tackled if it is not to grow into a massive monster.

The situation in Calcutta is exceedingly different, but not yet wholly out of control. It can still be saved if the peaceable citizens combine to isolate the anti-social elements and do not look upon it as an administrative problem alone. The Govt. too much face the situation with courage and firmness but with tact and resourcefulness. To that end it must also seek the collaboration of the people in its mission – of smashing rowdism. Only if there be willing co-operation between the people and the Govt. will the evil designs of the enemies of peace frustrated.

Let Calcutta's one night of madness be also the last. There will be plenty of opportunities to hold an inquest on the deplorable incidents of Thursday at a later date. The need of the hour is to restore normality – to create a peaceful atmosphere for resumption of normal activity now paralysed by the collapse of sanity. Surely, the Leftist leaders who have sponsored the current food movement in the city and outside of it do not want that peace in Calcutta should be imperilled by anti-social elements who have scant regard for their economic and political aims. They also must endeavour to isolate such elements who are seeking to exploit the situation created by their action. There must be an end to the intolerable situation the city is in.

#### Plea for a Probe

[Editorial, Hindusthan Standard, Friday, 18 September 1959]

The Calcutta Disturbance in the early part of the month took a heavy toll of human lives. As many as 39 persons were killed according to official figures while the Price Increase and Famine Resistance Committee, responsible for the demonstrations which touched off the disturbances, maintains that actual deaths are at least twice as high. This is rather puzzling even with allowance is made for the political motives of the PIFRC. The accuracy of the latter's estimate has been officially challenged but that is not enough. In a political controversy murdering the truth is a game at which both sides can play and to convince the common people some thing more than the obiten dieta of officials and politicians is necessary. The only way in which this can be done seems to be to hold an impartial inquiry into the police firing which largely account for the heavy casualty list. This will serve two purposes. First, it will set at rest all speculations about the casualty figures and authoritatively unravel the mystery of missing persons if there be any.

Ugly rumours are afloat in the city about the conduct of the police during the brief period of disorder and Writers' Building can not be unaware of them. It is imperative that they should be subjected to the acid test of a thorough investigation which the Govt. should undertake in its own interest. It is an impartial probe proves the hollowness of the changes against the administration generally and the police particularly the Govt. will have scored more than a debating point. It will in that case actually win a significant political battle and the stock of the Leftist will considerably slump. Authority will commit a fatal blunder if in a complacent mood it ignores the demand for an enquiry or makes no serious endeavour to disprove the rumours. Its reticence will be misunderstood as being proof of its guilt and the Opposition will not be slow to take advantage of it. The public

feelings will be modified only if an impartial enquiry commission finds that the Govt. has been telling the truth.

The inquest that is scheduled to take place is not quite satisfactory; or it will be conducted by officials and in the present mood of the people on official even of impeachable probity is suspect. What is needed is a judicial inquiry which alone will enjoy the rule confidence of the public. There is no reason why the Govt. should find such a suggestion unacceptable. As a matter of fact, it is desirable that every case of police firing should be followed by an immediate judicial inquiry. In a civilised country use of firearms by the guidance of law and order against armed crowds is a grievous tragedy. This should be exceptional and the executive on every occasion must allow its conduct to be examined by an unbiased judicial mind. Otherwise the police may soon become trigger-happy which will be a terrible development. Unfortunately shootings in free India have become much too frequent and what is no less important is that subsequent judicial interests have not always found them to be unjustified. This is a sad commentary on our peaceful professions.

#### **Mystery of Numbers**

[Editorial, Hindusthan Standard, Monday, 21 September 1959]

The West Bengal Govt.'s Press Note on the dead and the missing during the disturbances in the city in the early part of the month is unlikely to dissolve the doubts conflicting reports have created in the public mind. If every day during the trouble in Calcutta the Govt. has issued official lists of casualties, starting the names of the dead and the injured, no controversy on the matter could have arisen. Such authentic casualty lists are always published, for instance, after an accident on the railways or in the air. The official reticence on casualties during the disturbances was not only strange but plainly ill-advised.

The official note suggests that what is called "exaggerated reports" published in a section of the Press are motivated. Perhaps there is an element of truth in such an assertion. The food movement sponsored by the PIFRC which touched off the Calcutta disturbances was doubtless political and the opposition parties, the spearhead of which is the C.P.I., would have been less than human if they had not endeavoured to capitalise on the State Govt.'s bungling. But the fact remains that doubters are not comprised of politicians alone. Nor are they all fellow travellers. Many persons who are apolitical and have no party affiliations share the view that the official reports have not told the whole truth. They may be mistaken and exaggerated reports in a section of the Press may have confused them. Belated official statements, however, instead of convincing them may actually produce the opposite effect. After all, they may argue, it is a case of oath against oath and if the traducers of the Govt. to suit their purpose have twisted facts the Govt. itself is not incapable of stretching a point or two in its favour.

The solution has not on starting a war of statements but by ordering a judicial probe into the whole affair as suggested by this paper. That inquiry should be comprehensive enough to include an examination of the conduct of the police during the whole period of trouble, finding out whether they committed any excesses or not and an accurate estimate of the number of casualties of all kinds. The mystery of the missing will then be clarified and the ugly rumours which have gained currency, will finally cease. Since the Govt.'s case is that it has neither distorted the truth nor has held it back from the people, it should sincerely welcome the opportunity to clean itself before ban of public opinion and establish the falsehood of the other side's allegations. This is a democratic country and a Govt. should not be ashamed of submitting itself to the judgment of the people. If, however, the Govt. recoils from such an inquest the public will be free to draw its own conclusions which are unlikely to be favourable to the powers that be.

## যুগান্তর

### Press Note of the Government of West Bengal, Calcutta, dated 31 December 1958

[ যুগান্তর, ১ জানুয়ারী ১৯৫৯]

১৯৫৮ সালের শেবদিন পশ্চিমবংগ সরকার এক প্রেসনোটে ঘোষণা করলেন ঃ "১৯৫৯ সালের পশ্চিমবংগ ধানচাউলের মূল্য নিয়ন্ত্রণ আদেশ সমগ্র পশ্চিমবংগে ১৯৫৯ সালের পয়লা জানুয়ারী হইতে বলবৎ হইতেছে। ইহা ১৯৫৯ সালের পয়লা জানুয়ারী কলিকাতা গেজেটের এক অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হইয়াছে। এই আদেশের বিধানবলে বিভিন্ন অঞ্চলের ধানচাউলের উৎপাদক, পাইকারী ও খুচরা ব্যবসায়ীরা বিভিন্ন ধরণের ধান ও চাউল সম্পর্কে যে সর্বোচ্চ মূল্য চাহিতে পারিবেন তাহা নির্ধারিত করা হইয়াছে। ধান ক্রয়ের জন্য কোন বিক্রেতা চাবীকে যে সর্বনিম্ন মূল্য দিনেন, তাহাও নির্ধারিত করা হইয়াছে। সংশ্লিষ্ট বিবরণে নিয়ন্ত্রিত মূল্য দেওয়া হইয়াছে। মিহি ও সুগদ্ধ ধান চাউল উক্ত আইনের আওতায় আসবে না। পশ্চিমবংগের যে সকল অঞ্চলে চাউল কল অবস্থিত সেই সকল অঞ্চলে ১৯৫৯ সালের ১লা জানুয়ারী ইইতে ১৯৫৮ সালের পশ্চিমবংগ চাউল সংগ্রহ আদেশ সম্প্রসারিত হইয়াছে। এই আদেশের বিধানমতে পশ্চিমবংগের যাবতীয় চাউল কলকে ১৯৫৯ সালের পয়লা জানুয়ারী উহাদের যে সকৈ থাকিবে তাহার শতকরা ২৫ ভাগ এবং অতঃপর উহাদের দৈনিক উৎপাদনের শতকরা ২৫ ভাগ পশ্চিমবংগ সরকারকে বিক্রয় করিতে হইবে। সংশোধিত রেশন দোকানগুলির মারফৎ যে দামে চাউল বিক্রয় হইতেছে সরকার সেই মূল্য সংশোধন করিবার সিদ্ধান্ত করিয়াছেন। পশ্চিমবংগ চাউল এবং ধান্য মূল্য নিয়ন্ত্রণ আদেশ ১৯৫৯, কার্যকরী হইবার সঙ্গে সঙ্গে সংশোধিত রেশন দোকানগুলি হইতে বিভিন্ন প্রকার চাউলের খুচরা বিক্রয়ের জন্য নিয়ন্ত্রিত মূল্যে খরিদ্ধারদের নিকট চাউল বিক্রয় করা হইবে।"

#### আন্দোলন ও প্রতিকার

[ যুগান্তর, ১৮ আগস্ট ১৯৫৯, সম্পাদকীয় ]

খাদ্যশস্যের মূল্যবৃদ্ধির ফলে পশ্চিমবংগে যে শোচনীয় অবস্থার উদ্ভব হইয়াছে তাহা অবর্ণনীয়। এই ব্যাপারে সরকারী নীতির ব্যর্থতা আরও গুরুত্বপূর্ণ। ফসল উঠিবার সঙ্গে সরকার চাউলের ফে মূল্য নির্ধারণ করিয়া দিয়াছিলেন, সে মূল্যে কোন কালেই উহা পাওয়া যায় নাই, কিছুকাল পূর্বে এই ব্যর্থতা নিবারণকল্পে সরকার যে নীতি গ্রহণ করিয়াছিলেন, তাহাতে বাজার হইতে চাউল একেবারেই অদৃশ্য হইয়া গিয়াছিল। নির্ধারিত মূল্য সংক্রান্ত আদেশ বাতিল করিবার ফলে বাজারে চাউল আসিল বটে, কিন্তু মূল্য আরো বাড়িয়া গেল। এই অসহনীয় অবস্থার বিরুদ্ধে যদি আন্দোলন তীব্র হইয়া ওঠে তাহা নিশ্চয়ই অনিবার্য। খাদ্যশস্যের মূল্যবৃদ্ধির বিরুদ্ধে আন্দোলন দীর্ঘকাল ধরিয়া চলিতেছে, কিন্তু কিছুতেই তাহার প্রতিকার হয় নাই। জনসাধারণের দৃঃখ-দুর্দশাও ক্রমাগত বাড়িয়া চলিয়াছে। এরূপ অবস্থায় আন্দোলন তীব্রতর করিয়া তুলিবার সঙ্কন্থও স্বাভাবিক। সরকার খাদ্যনীতিকে রাজনীতির উর্দ্ধে রাখিয়া সকল রাজনৈতিক দলের সহযোগিতায় কমিটি গঠন করিয়াছিলেন। কিন্তু সদস্যদের মধ্যে বারবার মতবিরোধ ঘটিয়াছে অবশেষে বিরোধী দলের অনেকে কমিটির সদস্যপদ ত্যাগ করিয়া আন্দোলন তীব্রতর করিবার জন্য বদ্ধ পরিকর হইয়াছেন। অসহায়তা ও দীর্ঘকালের প্রতিকারহীনতা মানুষকে তীব্রতর করিয়া তোলে। মূল্য বৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি এ জন্য যে কর্ম পদ্ধতি স্থির করিয়াছেন তাহাও অনেকটা সেইরূপ। তাহারা স্থির করিয়াছেন, রাজ্যের সর্বত্র সভা, শোভাযাত্রা ত হইবেই, কয়েকজন মন্ত্রীর বাড়ির সন্মূখেও বিক্ষোভ প্রদর্শন করা হইবে। কিন্তু আন্দোলনকারীদের কর্মপদ্ধতির এইখানেই শেষ নহে তাহারা ক্রেক স্থানে আদালতের সন্মূখে আইন অমান্যের এবং বিভিন্ন অঞ্চলে খাজনা বন্ধের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

যুগান্তর 237

স্বভাবতই প্রশ্ন ওঠে যে ইহাতে কি চাউলের মূল্য হ্রাস পাইবে অথবা জনসাধারণ যে দুর্গতি ও অসুবিধার সমাধান চাহিতেছে তাহা কি সফল হইবে ? সভা-সমিতি, শোভাষাত্রা ও বিক্ষোভ প্রদর্শন ইতিপূর্বে অনেকবার বিভিন্ন ক্ষেত্রে দেখা গিয়েছে, ১৪৪ ধারা নিষেধাজ্ঞা অমান্যও ইতিপূর্বে হইয়াছে। আদালতের সম্মুখে আইন অমান্য করিলে কি কাহারো খরে স্বন্ধ মূল্যে চাউল আসিবে? খাজনা বন্ধ করা হইলে কি উৎপাদন বৃদ্ধি পাইবে? আন্দোলন করা এক কথা আর উহার প্রতিকার পাওয়া আর এক কথা। যে আন্দোলনে পার্থিব সুফল প্রাপ্তির নিশ্চয়তা নাই, কিন্তু রাজ্যময় অশান্তি, উচ্ছুখলা, সমস্যা ও সংকট বৃদ্ধির সম্ভাবনা আছে, তাহা কি বর্তমান অবস্থায় গ্রহণীয় ? চারিদিকে যদি উচ্ছুম্বলা ও আইন অমান্য চলিতে থাকে তাহা হইলে কি খাদ্য সম্বট আরও বাড়িবে না? নিয়ম ও শৃত্বলার জন্য যদি পুলিসকে ব্যক্ত থাকিতে হয়, তাহা হইলে অন্য অনেক ধরনের অশান্তি ও উপদ্রবও বাড়িতে পারে। আইন-অমান্য ও নিয়ম**-শৃত্বলা ভঙ্গের ব্যাপার কো**ন সরকারের পক্ষেই নীরবে সহ্য করা সম্ভব নহে, কারণ আইন ও শৃঙ্খলা শাসনের মেরুদণ্ড। সুতরাং এই উপলক্ষ্যে যদি আরাজকতার সৃষ্টি হয়, তাহাতে সকলেরই অশান্তি বহু গুণ বৃদ্ধি পাইবে। খাদ্যশস্যের মূল্য বৃদ্ধি রোধ করিতে সরকার যে নিষ্ক্রিয় ছিলেন না, বৎসরের প্রথমদিকে তাঁহাদের চাউলের নির্ধারিত মূল্য ঘোষণা তাহার পরিচয়। কিন্তু মূল্য বৃদ্ধি নিরোধ যে সম্ভব হয় নাই, সে জন্য সরকারী ব্যবস্থাই দায়ী, যে কারণেই হউক উহা সম্পূর্ণ ব্যর্থ হইয়াছে। যাহাতে চাউল পাওয়া সম্ভব হয় এবং ক্লিষ্ট জনসাধারণের দুঃখ লাঘব করা যায় সেজন্য সরকার এখনও চেষ্টা করিবেন মুখ্যমন্ত্রী এরূপ আশ্বাস দিয়াছেন। আন্দোলনকারীদেরও এজন্য তিনি সহযোগিতার আশ্বাস দিয়াছেন। ডাঃ প্রফুল্ল চন্দ্র ঘোষও সংগঠনাত্মক আন্দোলনের পক্ষপাতী। তাঁহার সহিত মুখ্যমন্ত্রীর যে আলাপ হইয়াছে, তাহাতে কতকগুলি বিশেষ এলাকায় এ বৎসরের খাজনা আদায় না করিবার নীতি গৃহীত হইয়াছে। মূল্য বৃদ্ধি নিরোধ ও দূর্ভিক্ষ প্রতিরোধই যাহাদের আন্তরিক লক্ষ্য ও উদ্দেশ্য তাঁহাদের কর্মনীতিও সেইভাবেই পরিচালিত হওয়া বাঞ্ছনীয়। যাঁহারা এই ব্যাপারে আন্দোলন তীব্র করিয়া তুলিতে চাহেন, তাঁহাদের কর্ম পদ্ধতির ফলে যদি খাদ্যের বর্তমান সরবরাহ ব্যাহত হয়, পল্লী অঞ্চলে অধিক রেশন সরবরাহ ব্যবস্থায় বিপর্যয় ঘটে অথবা আইন শৃঙ্খলা ভাঙ্গার চেষ্টায় দেশের অশান্তি উপদ্রব বাড়িতে থাকে, তাহা হইলে তাঁহাদের খাদ্য সংকট মোচনের উদ্দেশ্য কি সার্থক হইবে? অন্যদিকে পূর্বাহ্নেই শত শত লোক গ্রেপ্তার করিয়া যদি সংগঠনাত্মক আন্দোলনের পথও রুদ্ধ করা হয়, তাহাতেও কি জনমত শাস্ত থাকিতে পারিবে? আইনের পথে আন্দোলন অগ্রসর করিতে পারিলে, উহাতে জনকল্যাণের পথ সহজ ও দৃঢ় হয়, কিন্তু অনাবশ্যক দমননীতি কিংবা আইন অমান্য কোনটিই দেশের শান্তি ও শৃঙ্খলার সহায়ক নহে। উহাতে উচ্ছুঙ্খলা, বিশৃঙ্খলাই বাড়িতে থাকে এবং আসল সমস্যার প্রতিকার হয় না।

## পশ্চিমবংগের বর্তমান খাদ্য পরিস্থিতি সংকটজনক নহে সাংবাদিক সম্মেলনে কংগ্রেস এম. পি.-দের অভিমত ঃ খাদ্যাবস্থা উন্নতির দিকে যাইতেছে বলিয়া মন্তব্য

[ যুগান্তর, ৩১ আগস্ট ১৯৫৯ ]

স্টাফ রিপোর্টার ঃ কলিকাতা, ৩০শে আগস্ট— পশ্চিমবংগের খাদ্য পরিস্থিতি পর্যবেক্ষণের উদ্দেশ্যে এখানে আগত বারজন কংগ্রেস দলীয় পার্লামেন্ট সদস্য আজ এক সাংবাদিক সম্মেলনে রাজ্যের খাদ্য সমস্যার বিভিন্ন দিক আলোচনা করিয়া এই অভিমত প্রকাশ করেন যে, পশ্চিমবংগের বর্তমান খাদ্য পরিস্থিতিকে তাঁহারা সংকটজনক মনে করেন না। তাঁহাদের মতে বিরোধী দলগুলি পশ্চিমবংগের খাদ্য পরিস্থিতি সম্পর্কে যে সব চাঞ্চল্যকর অভিযোগ করিয়াছেন তাহার কোন ভিত্তি নাই। রাজ্যের খাদ্য পরিস্থিতি বরং ক্রমশ উন্নতির দিকে যাইতেছে বলিয়া তাহারা লক্ষ্য করিয়াছেন।

পশ্চিমবংগের খাদ্য আন্দোলন সম্পর্কে তাঁহারা বলেন যে, এই আন্দোলনের অর্থনৈতিক লক্ষ্য অপেক্ষা রাজনৈতিক লক্ষ্য অধিকতর। সারা ভারতে প্রায় একই রূপ অবস্থার মধ্যে পশ্চিমবংগকে আলাদা করিয়া লইয়া এই আন্দোলন করা হইতেছে। কেরালায় কেন্দ্রীয় হস্তক্ষেপের প্রতিশোধ গ্রহণের উদ্দেশ্যেই এই আন্দোলন করা হইতেছে বলিয়া তাঁহারা মস্তব্য করেন।

দ্রব্যমূল্য বৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির নামের সমালোচনা করিয়া তাঁহারা বলেন যে, পশ্চিমবংগে তাঁহারা দুর্ভিক্ষের মত অবস্থার কোন প্রমাণ দেখিতে পান নাই—সুতরাং কমিটির নামের মধ্যে "দুর্ভিক্ষ প্রতিরোধ" কথাটি রাখা অত্যন্ত অসঙ্গত। পশ্চিমবংগে খাদ্যাভাব নাই। এই অবস্থায় দুর্ভিক্ষের কথা বলিয়া অযথা আতত্কের সৃষ্টি করা কোন দায়িত্বশীল ব্যক্তির পক্ষে উচিত নয়।

তাঁহারা আরও জানান যে, কলিকাতা ও হাওড়া শহর ব্যতীত, ২৪-পরগণা, হাওড়া ও নদীয়ার কয়েকটি ঘটিতি এলাকা তাঁহারা পরিদর্শন করিয়াছেন। ঐ সমস্ত স্থানে তাঁহারা কৃষকদের নিকট কোন মজুত শস্যের প্রমাণ পান নাই, তবে, কিছু সংখ্যক পাইকারী ব্যবসায়ীর নিকট তাঁহারা কিছু কিছু পরিমাণ মজুত শস্য দেখিয়েছেন।

কেন্দ্রীয় সাংসদ কংগ্রেস পার্লামেন্টারী পার্টির সম্পাদক শ্রীমুনীশ্বর দত্ত উপাধ্যায় পশ্চিমবংগে আগত কংগ্রেস দলীয় সাংসদ সদস্যদের মুখপাত্র হিসাবে বলেন যে, ন্যায়্য মুল্যের দোকান হইতে যে চাউল বিক্রয় করা হইতেছে, তাহা অখাদ্য বা দুর্গদ্ধযুক্ত নহে। তাঁহারা বিভিন্ন ধরনের চাউল পরীক্ষা করিয়া এমন কি, ভাত রাঁধিয়াও খাইয়া দেখিয়াছেন। খোলা বাজারে যেমন বিভিন্ন দামে বিভিন্ন রকমের চাউল বিক্রয় হয়, নায়্যমূল্যের দোকানেও তেমনি বিভিন্ন রকমের চাউল দেওয়া হয়। ন্যায়্য মূল্যের দোকান হইতে বিক্রীত চাউলের মধ্যে কাঁকর মিশ্রণের অভিযোগ সম্পর্কে তিনি বলেন যে, মধ্যপ্রদেশ হইতে আমদানীকৃত চাউলে কিছু কাঁকর থাকা সম্ভব, কারণ, ঐ চাউল পাথুরে এলাকায় উৎপন্ন হয়। আর, চাউলে কাঁকরের পরিমাণ এতই কম যে, ইছা করিয়া ঐ কাঁকর মিশানো হইয়াছে এইরূপ বলা যায় না। ঐ কাঁকর স্বাভাবিক বলিয়াই মনে হয়।

খাদ্যশস্যের প্রাপ্যতা সম্পর্কে শ্রী উপাধ্যায় বলেন যে, শহর ও গ্রামাঞ্চলে খাদ্যাভাব অথবা দুর্ভিক্ষের অবস্থা হইয়াছে বিলয়া তাঁহারা মানে করেন না। জনসাধারণের ক্রয়-ক্ষমতা থাকিলে, সরবরাহ পর্যাপ্তই রহিয়াছে। অবশ্য সেইজন্য বিভিন্ন শ্রেণীর লোকের ক্রয়-ক্ষমতার উপযোগী বিভিন্ন দামেরও চাউল দেওয়া হইতেছে। খোলা বাজারে চাউলের দামে অন্যান্য রাজ্যের তুলনায় বিশেষ পার্থক্য নাই। অবশ্য সর্বোৎকৃষ্ট বাসমতী চাউলের দাম সব চাইতে বেশী। তাঁহাদের মতে, ন্যায্যমূল্যের দোকানে চাউলের দাম বেশ কমই বলা যায়। গত বৎসরে এই সময় খোলা বাজারে চাউলের দাম বৃদ্ধি পাইতেছিল; কিন্তু এই বৎসর মন্দার সময় অতিক্রান্ত হইতে এখনও বিলম্ব আছে, তথাপি চাউলের দাম এখনও নিম্নাভিমুখী। বন্টন ব্যবস্থার উন্নতির জন্যও হইতে পারে, চাউল প্রচুর পরিমাণে বাজারে উপস্থিত থাকার জন্যও হইতে পারে,—চাউলের দাম এখন পড়তির দিকে। চাউল উৎপাদনের সম্ভাবনাও এই বৎসর আশাপ্রদ দেখা যাইতেছে এবং তাহাতে অবস্থার আরও উন্নতি হইবে বলিয়া আশা করা যায়।

মজুতদারীর অভিযোগ সম্পর্কে শ্রী উপাধ্যায় জানান যে, এই বিষয়ে নির্দিষ্ট কোন অভিমত পোষণ করার মত যথেষ্ট উদ্বৃত্ত-মফঃস্বল এলাকা তাঁহারা পরিদর্শন করিতে পারেন নাই; তবে যে সমস্ত ঘাটতি এলাকায় তাঁহারা গিয়াছেন, সেই সমস্ত এলাকায় তাঁহারা চাষীর নিকট মজুত শস্য থাকার কোন প্রমাণ পান নাই। তবে, কিছু সংখ্যক পাইকারী ব্যবসায়ীর নিকট তাঁহারা অবশ্য কিছু কিছু মজুত শস্য দেখিয়াছেন। তিনি বলেন যে, তাঁহারা গ্রামাঞ্চলে যাইয়া দেখিয়াছেন যে, সেখানকার লোকের রেশন কার্ড লাইবার জন্য বিশেষ আগ্রহ নাই। যাঁহাদের রেশন কার্ড আছে, তাঁহারাও অনেক সময় উহা ব্যবহার করেন না। গ্রামের লোকের ক্রয়-ক্ষমতা কম; কিন্তু তাহা এত কম নহে যে, তাঁহাদের সেইজন্য অনশনে থাকিতে হয়। তাহা ছাড়া, রাজ্যের আট লক্ষাধিক লোককে খয়রাতি সাহায্যও দেওয়া হইতেছে।

তাঁহারা কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের গুদাম, ন্যায্যমূল্যের দোকান প্রভৃতিতে চাউল পরীক্ষা করিয়া দেখিয়াছেন। যে সমস্ত ন্যায্য মূল্যের দোকানের চাউল সম্পর্কে বিরোধী সাংসদ সদস্যগণ অভিযোগ করিয়াছেন, তাহারও কয়েকটি তাঁহারা পরিদর্শন করিয়াছেন।

যে বার জন কংগ্রেসী সাংসদ সদস্য এখানে আসিয়াছেন, তাঁহারা হইলেন—মুনীশ্বর দত্ত উপাধ্যায় (উঃ প্রদেশ), উপেন্দ্রনাথ বর্মন (পঃ বঙ্গ), কে. পি. কুট্টিকৃষ্ণণ নায়ার (কেরালা), তারকেশ্বর পান্ডে (উঃ প্রদেশ), এন. কেশব (মহীশূর), এম. জি. ইউফি (এম পি), রণবীর সিং চৌধুরী (পাঞ্জাব), নিকুঞ্জবিহারী মাইতি (পঃ বঙ্গ), বিভৃতি মিশ্র (বিহার), এ. সি. সামন্তসিংহার (উড়িষ্যা), আকবর আলি খাঁ (অজ্ঞ) এবং এস. ডি. পাতিল (বোস্বাই)।

### ভিক্ষার চাউল

[ যুগান্তর, ১ সেপ্টেম্বর ১৯৫৯, সম্পাদকীয় ]

পশ্চিমবাংলায় চাউলের দর ও সরবরাহের অবস্থা সম্পর্কে পার্লামেন্টে সরকারী সভ্যদিগের দ্বারা গঠিত প্রতিনিধিদের বিবৃতি পড়িয়া জনসাধারণ স্বভাবতই বিস্মিত হইবে। মোটা চাউলের দরও মণকরা ২৯ টাকা পর্যন্ত উঠিয়াছিল। আউশ ফসল উঠিতে আরম্ভ করায় এবং ভালো আমন ফলনের সম্ভাবনায় এখন ২৬/২৭টাকায় নামিয়াছে। অধিকাংশ লোকের

পক্ষে এত চড়া দামে চাউল ক্রয় করা দুঃসাধ্য। তবু তাঁহারা প্রবোধ দিতেছেন যে, সমগ্র ভারতে প্রচলিত দরের সঙ্গে পশ্চিমবাংলার দরের সামঞ্জস্য আছে। এই প্রতিনিধিদলে অন্ধ্র, উড়িষ্যা ও পাঞ্জাব ইইতে নির্বাচিত সভ্যরাও আছেন। উহার কোন রাজ্যে চাউলের দর পশ্চিমবাংলার মত চড়িয়াছে তাহা জ্ঞানিতে পারি কি? তথাকথিত 'ন্যায্য দরের দোকান' ইইতে বিক্রিত চাউলের মধ্যে তিন-চতুর্থাংশই অত্যন্ত মোটা, নানারণ্ডের দানা, পাথর কুচি ও ধান মিশ্রিত। তবু তাঁহারা সাফাই গাহিয়াছেন যে, চাউলটা খারাপ নয়! তবু তো কলকাতার ও শিল্প অঞ্চলের লোকেরা ইচ্ছা করিলে রেশন কার্ড করিয়া অন্তত পক্ষে বারো আনা খারাপ ও চার আনা চলনসই চাউল কিনিতে পারে। পল্লী অঞ্চলে এবং ছোট ছোট শহরে প্রায়্ম অর্থেক লোক এটুকু সুরাহা হইতেও বঞ্চিত। প্রকাশ্য বাজার হইতে মণকরা ২৬/২৭ কিম্বা আরো চড়া দরে চাউল ক্রয়ের সামর্থ্য তন্মধ্যে অনেকেরই নাই। সেজন্য অর্থানাশনে, কিম্বা মধ্যে মধ্যে অনশনে দিন কাটানো ব্যতীত গতান্তর নাই। তৎসত্বেও কংগ্রেসী প্রতিনিধি দল প্রবোধ নিতেছেন যে, এ রাজ্যে নাকি চাউলের অভাব নাই। তাঁহাদের উক্তিটি ব্যাখ্যা করিলেই অর্থ হয় যে, দর যতই বাডুক না কেন, যতক্ষণ পর্যন্ত বাজারে চাউল মিলিবে, ততক্ষণ প্রকাশ্যে চাউলের অভাবের কথা উঠিতে পারে না।

পার্লামেন্টে কংগ্রেসী সদস্যদিগের প্রতিনিধি দলটি পশ্চিমবাংলায় খাদ্যের অবস্থা সম্পর্কে সত্যের সন্ধান করিতে আসিয়াছিলেন। কিন্তু এই রাজ্যে কি ধরণের খাদ্যশস্য কতটা প্রয়োজন সে সম্পর্কে অজ্ঞতাই তাহাদিগকে বিপথে চালিত করিয়াছে। অন্ধ্র, উড়িষ্যা ও মধ্যপ্রদেশে চাউলের দর অনেক কম। ইহা অপেক্ষা বড় কথা হইল যে, মাত্র কয়েক লক্ষণমভোজী ব্যতিত পশ্চিমবাংলায় অধিকাংশ লোকের প্রধান খাদ্য হইল চাউল। প্রতিনিধি দলের মধ্যে মাত্র দুইজন ব্যতীত সকলেই অন্যান্য রাজ্যের অধিবাসী। ঐসব অঞ্চলের লোক গম বা চাউল না পাইলেও জোয়ার, বাজরা, ভুট্টা এমনকি ঘাসের দানা পর্যন্ত খাইতে অভ্যন্ত। প্রকৃতপক্ষে ঐ সব রাজ্যে অতি দরিদ্র ব্যক্তিরা নিজ নিজ মাঠে উৎপন্ন গম ও ধান বিক্রয় করিয়া কম দরের জোয়ার, বাজরা, মকাই, ছাতু প্রভৃতি খাইয়া থাকে। সেই কারণে চাউল দুষ্প্রাপ্য হইলেও তাহাদিগকে অনশন, অর্ধাশন ভোগ করিতে হয় না। কিন্তু পশ্চিমবাংলায় দরিদ্রদের পক্ষে মোটা চাউলই একমাত্র অবলম্বন; অত্যধিক দর চড়িলে তাহারা কচু, ঘেচু, শালুকের ফুল, বীজ, শাক সিদ্ধ খাইয়া খোরাকিতে চাউলের পরিমাণ মাত্র কিছুটা কমাইতে পারে। কিন্তু একেবারে চাউল না পাইলে অনশন, অর্ধাশন ব্যতীত উপায় থাকে না। ভারতের অন্য কোন্ রাজ্যে দরিদ্র ব্যক্তিরা মূল খাদ্যশস্যের জন্য মণকরা ২৬/২৭ টাকা খরচ করিতে বাধ্য হইয়াছে জানিতে পারি কিং পশ্চিমবাংলায় খাদ্যশস্যের তালিকায় চাউলের প্রায় একচ্ছত্র ভূমিকা সম্পর্কে অজ্ঞতার জন্যই প্রতিনিধিদল সমস্যাটির গুরুত্ব হাদ্ধা করিবার চেষ্টা করিতেছে। এর জন্য উক্ত দলের দুইজন বাঙালী সদস্য এবং পশ্চিমবাংলার সরকারই দায়ী। সাধ্যায়ত্ত দরে চাউল না পাইলে মফঃস্বলে যে উপবাস ব্যতীত গত্যন্তর নাই সেকথা অভ্যাগতদিগকে স্পষ্ট বুধাইয়া দেওয়া উচিত ছিল।

'ন্যায্য দরের বিক্রীত দোকান' ইইতে বিক্রীত চাউলের অনেক নমুনা সংগ্রহ করিয়া তাহারা পরীক্ষা করিয়া দেখিয়াছেন। কিন্তু কোন দুর্গন্ধ পান নাই। কলিকাতায় বা শিল্প অঞ্চলে এরকম দুর্গন্ধ যুক্ত চাউল সরবরাহের পরিমাণ খুবই কম। তবে মাঝে মধ্যে এখানে এবং প্রায়ই পল্লী অঞ্চলে দুর্গন্ধযুক্ত চাউল সরবরাহের অনেক অভিযোগ আমরা পাইয়াছি। প্রতিনিধি দলের সার্টিফিকেট সত্ত্বেও সেসব অভিযোগ অবিশ্বাস্য করা সম্ভব নহে। তাঁহারা বলিয়াছেন পশ্চিমবাংলার চাউল অপেক্ষাকৃত মিহি এবং এর স্বাদও আলাদা। কিন্তু চাউল ঘাটতির জন্য অন্যান্য রাজ্য হইতে মোটা চাউল আনাইতে হইতেছে, মাত্র উড়িষ্যার চাউলটাই মিহি। চাউল সম্পর্কে স্বাবলম্বী না হইলে পশ্চিমবাংলাকে এই মোটা চাউল খাইতে হবে, স্বাদ সম্পর্কে অভিযোগ করা চলিবে না। তবে লোকে জানিতে চাহিবে যে, পশ্চিমবাংলায় উৎপন্ন মিহি এবং মাঝারি চাউল কোথায় গেল? খাদ্যমন্ত্রী প্রীপ্রমুল্লচন্দ্র সেনের মতে, এই রাজে মোট উৎপাদনের শতকরা ৮০ ভাগ, এ বছরে প্রায় ব্রিশ লক্ষ টনই নাকি মিহি ও মাঝারি চাউল। তন্মধ্যে দেড় লক্ষ টনও সরকার সংগ্রহ করিতে পারিয়াছেন কিনা সম্পেহ। বাকী ২৮ লক্ষ টন গেল কোথায়? সংখ্যা তথ্যের যতরকম হেরফেরই করুক না কেন—তাঁহারা এই প্রশের জবাব দিতে পারিবেন না। পশ্চিমবাংলায় চাউলের ঘাটতি রহিয়াছে। প্রতিনিধি দল সাফ জানাইয়া দিয়াছেন যে অন্যান্য রাজ্য দয়া করিয়া যেরূপ চাউল দেয়—মোটা এবং কাঁকর—ধান মিশানো হইলেও তাহা "মাথায় তুলিয়া লইতে হইবে"। সহজ ব্যাখ্যা করিলে বলা যায়—নগদ পয়সা দিয়া কিনিলেও ইহা যেন ভিক্ষাদন্ত চাউলের সামিল। ভিক্ষার চাউল কাঁড়া কি আঁকড়া প্রাধীর পক্ষে তাহা যাচাই করিয়া লওয়ার স্বাধীনতা কোথায়?

## দুঃসহ কলিকাতা

[ যুগান্তর, ৩ সেপ্টেম্বর ১৯৫৯, সম্পাদকীয় ]

রাজধানী নয়াদিল্লীর কর্তাদের নিকট যে কলিকাতা দুঃস্বপ্নের নগরী বা মিছিলের শহররূপে প্রতিভাত, সেই কলিকাতা আবার সত্য সত্যই দুঃস্বপ্নের বিভীবিকা বহন করিয়া আনিতেছে। গত ৩১শে আগস্ট সোমবার হইতে হাতে কলমে এই বিভীষিকা বাস্তবে রূপায়িত হইয়াছে। মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি এক মাসের অধিককাল ধরিয়া সরকারী খাদ্যনীতির প্রতিবাদে যে আন্দোলন পরিচালনা করিতেছিলেন, তাহারাও নিশ্চয়ই চাহেন নাই যে, একটা সংঘবদ্ধ শান্তিপূর্ণ প্রতিবাদ আইন-অমান্যের স্তর অতিক্রম করিয়া এভাবে হিংসাত্মক তাশুবে পরিণত হউক। বর্তমানে এই হিংসাত্মক তাশুব দুই পক্ষেই শুরু হইয়াছে—জ্বনতা এবং সরকার। এই জনতা নিশ্চয়ই সরকার বিরোধী রাজনৈতিক দল অর্থাৎ দায়িত্বজ্ঞান সম্পন্ন কোন সুগঠিত বামপন্থী দল কর্তৃক নিয়ন্ত্রিত ও পরিচালিত নহে। বিশেষত আন্দোলনের শুরুতেই অতিসতর্ক মুখ্যমন্ত্রী যেভাবে কলিকাতা ও মফস্বলের ছোট বড় সমস্ত বামপন্থী নেতা ও কর্মীকে আটক করিয়াছেন ও জেলে পুরিয়াছেন তাহাতে সরকার পক্ষও বোধহয় এই অপবাদ দিবেন না যে, বামপন্থী নেতারাই কলিকাতার এই হিংসাদ্মক হাঙ্গামার জন্য দায়ী। কিন্তু ৩১শে আগস্টের পর হইতে এই হাঙ্গামা শুরু হইয়াছে এবং বিভিন্ন সংবাদপত্রের রিপোর্ট অনুসরণ করিলে দেখা যাইবে যে, ঐদিন সন্ধ্যায় রাইটার্স বিল্ডিং অভিযাত্রী একটি বিরাট মিছিলকে লাঠি চালাইয়া ও কাঁদুনে গ্যাস ছুঁড়িয়া ছত্রভঙ্গ করিয়া দেওয়ার ফলে শহরের অভ্যন্তরে গোলযোগ ছড়াইয়া পড়ে, অন্ততঃ ৪০০ জন আহত হয়। পরদিন ১লা সেপ্টেম্বর কলিকাতার বিক্ষুদ্ধ ছাত্র সমাজের অধিকাংশই রাস্তায় বাহির হইয়া পড়ে এবং মুখ্যমন্ত্রী ডাঃ রায়ের গৃহের সন্মুখে শোভাযাত্রার উপর পুলিস লাঠি চালাইলে ব্যাপক হাঙ্গামার সূত্রপাত হয়। সন্ধ্যার অন্ধকার ঘনাইয়া আসিতেই কলিকাতার বিস্তীর্ণ অঞ্চলে চিরপরিচিত 'জনতা মহারাজের' হিংসাত্মক রাজত্ব স্থাপিত হইতে থাকে। তখন আর শৃত্মলাপূর্ণ বামপন্থী আন্দোলন নয়, প্রতিবাদ মুখর ছাত্র আন্দোলনও নয়, সুবৃহৎ মহানগরীর অন্ধকার গর্ড হইতে তাহারা তড়িৎ গতিতে বাহির হইয়া আসে যাহারা জীবনে বেপরোয়া এবং রাষ্ট্র ও সমাজের বিরুদ্ধে যাহারা অসংখ্য কারণে বিতৃষ্ণা ও বিক্ষোভ বহন করে। শেষ পর্যন্ত পুলিস গুলি চালায়। কারণ মুখ্যমন্ত্রীর মতে, "খাদ্য আন্দোলন বর্তমান সমাজ বিরোধী শক্তির কবলিত। সূতরাং শহরে শান্তি ও শৃঙ্খলা রক্ষার জন্য সরকারের সর্বশক্তি নিয়োগ না করিয়া উপায় নাই।" স্বভাবতই ইহার ফল শোচনীয় হুইয়াছে। কত লোক হতাহত হুইয়াছে সুনির্দিষ্টভাবে বলা কঠিন।

েযে কোন বিবেকবান ব্যক্তি কলকাতার এই মর্মান্তিক অবস্থার জন্য দুঃখিত হইবেন। একদিকে প্রচণ্ড হাঙ্গামা এবং অন্যদিকে নিষ্ঠুর দমননীতি। লক্ষ লক্ষ মানুষের দৈনন্দিন জীবনযাত্রা অচল হইয়া পড়িতেছে এবং গরীব মানুষের কজি-রোজ্ঞগার আজ বন্ধ হইয়া গিয়াছে। দ্রব্যমূল্য বৃদ্ধির বিরুদ্ধে প্রতিবাদ জানাইতৈ গিয়া প্রাণ লইয়া টানাটানি পড়িয়াছে। মানুষ বিপন্ন, নারী আর্ত, রোগী মুমুর্ব, দোকান-পাট বন্ধ, যানবাহন অচল, রাস্তাঘাট বিপদসন্তুল—বিশেষভাবে রাত্রিবেলা।

একবার ধ্বংসের নেশায় পাইয়া বসিলে মানুষের আর মাত্রাজ্ঞান থাকে না। অথচ এই জনতাই স্বদেশের স্বাধীনতা যজে ১৯০৫ সাল থেকে ১৯৪২ সাল পর্যন্ত আত্মাহুতি দেবার জন্য প্রস্তুত হইয়াছে। কিন্তু আজ কেন এই বিপরীত দৃশ্য ? কেন স্বাধীনতা অর্জনের পর স্বদেশীয় শাসনের যুগে কলিকাতা শহরের বুকে ৬টি থানা আক্রান্ত হয় ? এই মারাত্মক ঘটনা নিশ্চয়ই উপেক্ষা করা যায় না ? সূতরাং আত্মজিজ্ঞাসায় আসুন, কি পাপ আমরা করিতেছি ? কি পাপ দেশবাসী করিয়াছেন এবং কি পাপ গর্ভনমেন্ট করিতেছেন ? কেন আমাদের সমাজ ও রাষ্ট্র দক্ষ হইবে ? কেন আমরা সমাজকে, এই জীবনকে সুগঠিত ও সংহত করিতে পারিব না ?

দেশবাসী চিন্তা করুন, বামপন্থী নেতা ও কংগ্রেসী নেতারা চিন্তা করুন। তিক্ততা বাড়াইয়া লাভ নাই, সংঘর্ষে লাভ নাই, রক্তপাত ও হানাহানিতে গৃহযুদ্ধের পটভূমিকা টানিয়া আনিয়া লাভ নাই। গভর্নমেন্ট তাহাদের খাদ্যনীতির পরিবর্তন করুন, বামপন্থী নেতাদের সঙ্গে আলোচনা করুন এবং আপোষ মীমাংসার বৈঠকে একত্র হউন। কলিকাতার এই দুঃসময়ে কংগ্রেস কই ং কংগ্রেসী নেতারা কোথায় ং এই ইস্যু কি একমাত্র জনতা ও পুলিসের হাতে ছাড়িয়া দেওয়া হইবে ং প্রধানমন্ত্রী পণ্ডিত নেহরু এখনও ভারতবর্ষের জাতীয় জীবনের নেতা। তিনি কি দূরবর্তী রাজধানী হইতে একমাত্র সরকারী রিপোর্টের উপর ভিত্তি করিয়া এই ইতিহাস বিখ্যাত কলিকাতা শহরের ভাগ্য বা দুর্ভাগ্যকে বিচার করিবেন ং তাঁহার কি উচিত নয়

.যুগান্তর 241

এই শহরে আসিয়া এখানকার ব্যাপক ও গভীর সমস্যার রূপ সম্যক উপলব্ধি করা এবং প্রতিকারের পথ অবলম্বন করা ? হাত বোমা ছুঁড়িয়া যেমন মাঠের ফসল উৎপাদন করা যায় না তেমনি গুলি করিয়াও ক্ষুধার অন্ধ জ্বোটানো যায় না। সূতরাং শান্তির পথ, মীমাংসার পথ এবং সংগঠনের পথের সন্ধান করিতে হইবে। বার বার কলিকাতা শহর উদ্বেলিত হইতেছে, বার বার উদ্বেজনা ও আক্রোশে বোমার মত ফাটিয়া পড়িতেছে এবং রাষ্ট্রনীতি শান্তি ও শৃত্বলা প্রতিষ্ঠার আশায় বার বার উপ্রতার বহি বিস্তার করিতেছে। এই দুইরেরই অবসান হউক। বামপন্থী নেতাদিগকে মুক্তি দিয়া সরকারপক্ষ শান্তি স্থাপনের জন্য মীমাংসা বৈঠকে একত্র হউন—কেন্দ্রীয় সরকার ও পশ্চিমবংগ সরকার চিন্তা কর্মন।

# পশ্চিমবংগে ধ্বংসাত্মক আন্দোলন দমনের সরকারী ব্যবস্থা সমর্থন পশ্চিমবংগের ক্ংগ্রেসী সাংসদ সদস্যগণের কমিটির প্রস্তাব ঃ চাউলের মূল্য দ্রাসে স্বস্তিবোধ। (দিল্লী অঞ্চিস ইইডে) [ যুগান্তর, ৫ সেপ্টেম্বর ১৯৫৯ ]

৪ঠা সেপ্টেম্বর বৃহস্পতিবার পশ্চিমবংগের কংগ্রেসী সাংসদ সদস্যগণের রাজ্য কমিটির এক সভায় পশ্চিমবংগের খাদ্যাবস্থা সম্বন্ধে গৃহীত একটি প্রস্তাবে কয়েকটি বিরোধী দল ধ্বংসাত্মক আন্দোলন আরম্ভ করায় উদ্বেগ প্রকাশ করা হইয়াছে এবং হিংসাত্মক কার্য কলাপের ফলে নিহত ব্যক্তিগণের জন্য শোক প্রকাশ করা হইয়াছে।

সম্প্রতি পশ্চিমবংগে প্রেরিত কংগ্রেসী সদস্যগণের প্রতিনিধিগণ যে তথ্য সরবরাহ করিয়াছেন, তাহার আলোকে এই কমিটি উক্ত রাজ্যের খাদ্যাবস্থা আলোচনা করেন।

এবারের আউশের ফলনে ও কেন্দ্রীয় ও রাজ্য সরকার কর্তৃক অবলম্বিত ব্যবস্থার দরুন চাউলের দাম ইতিমধ্যেই অনেকটা কমিয়াছে। মূল্যের এই নিম্নগতি বৃদ্ধি পাইতেছে দেখিয়া কমিটি স্বস্তি বোধ করেন। কিন্তু কমিউনিষ্ট পার্টি ও তাহার সহযোগী দলগুলির সমাজবিরোধী কার্যকলাপ এই কমিটি ক্ষোভ ও আতঙ্কের সহিত লক্ষ্য করিতেছেন। এই সব দলের আন্দোলন অবস্থার উন্নতিতে বাধা জন্মাইতেছে। এই প্রকার ধ্বংসাত্মক আন্দোলন রোধকল্পে পশ্চিমবংগ সরকার যে ব্যবস্থা অবলম্বন করিয়াছেন, এই কমিটি তাহা সমর্থন করেন এবং উক্ত রাজ্যের খাদ্য সমস্যার সন্তোষজনক সমাধানের জন্য স্বাভাবিক অবস্থা ফিরাইয়া আনা আবশ্যক বলিয়া মনে করেন।

ধ্বংসাত্মক নীতির ফলে জনসাধারণের যে অসুবিধা সৃষ্টি হইয়াছে, কমিটি তজ্জন্য তাহাদিগের প্রতি সহানুভূতি জানাইতেছেন এবং কমিউনিষ্ট এবং অপর কয়েকটি দলের হিংসাত্মক কার্যের ফলে নিহত হতভাগ্য ব্যক্তিগণের জন্য শোক জ্ঞাপন করিতেছে।

খাদ্যাবস্থার প্রতিকারের জন্য কেন্দ্রীয় ও রাজ্য সরকার যে ব্যবস্থা অবলম্বন করিয়াছেন, কমিটি তাহা পূর্ণ অবলম্বন করিয়াছেন, কমিটি তাহাতে পূর্ণ সমর্থন জানাইলেও কমিটি মনে করেন যে, অবস্থা এখনও গুরুতর রহিয়াছে এবং সেদিকে সরকারের প্রচেষ্টা ও জনসাধারণের সহযোগিতা সর্বদা থাকা দরকার বলিয়া মনে করেন।

#### নানাকথা

[ যুগান্তর, ৭ সেপ্টেম্বর ১৯৫৯, সম্পাদকীয় ]

চাউলের মূল্য কিছু কমিয়াছে বটে, কিন্তু যত রটনা হইতেছে তত নহে। সাধারণ গৃহস্থ যাঁহারা বাজার হইতে চাউল সংগ্রহ করনে, তাহাদের অভিজ্ঞতা এই যে, মণপ্রতি আট আনা, এক টাকা, দেড় টাকা বা জোর দুই টাকা মূল্য হ্রাস হইয়াছে। এরূপ অবস্থায় যখন উচ্চকঠে বারবার প্রচার করা হয় যে, গত বৎসর এই সময়ের মূল্য অপেক্ষা মণ প্রতি পাঁচ-সাত টাকা দাম কমিয়া গিয়াছে, তখন স্বভাবতই জানিতে কৌতৃহল জাগে যে, কোন্ খানে বা কোন্ দোকানে? খাদ্যের মূল্য বৃদ্ধির বিরুদ্ধে এত আন্দোলন হইবার পরে, অবশাই এ সম্পর্কে কোন প্রকাশ্য উক্তি বা বিবৃতিতে সতর্কতা অবলম্বনের প্রয়োজন আছে। উহা বাস্তবের কাছাকাছিনা হইলে লোকের বিরক্তি ও হতাশা বাড়ে। যাঁহারা পাঁচ-সাত টাকা দাম কমিয়াছে বলেন, তাঁহারা হয়ত কোন সূত্রে জানিয়াই উহা বলিয়াছেন। অথবা বিশেষ কোন এক শ্রেণীর চাউলে উহা কমিয়াছে তনিয়া প্রচার করিতেছেন। যেখানেই উহা কমিয়া থাকুক, ক্রেতা সাধারণ অত কমে খুচরা দোকানে চাউল কিনিতে পারে না, ইহাই আসল কথা। এরূপ অবস্থায় রটনা এবং সত্য ঘটনার মধ্যে একটা সামঞ্জস্য থাকা কি বাঞ্বনীয় নহে?

#### নানাকথা

[ যুগান্তর, ১২ সেপ্টেম্বর ১৯৫৯, সম্পাদকীয় ]

নতুন খাদ্যসচিব শ্রী এস. কে. পাতিল আশা করিতেছেন যে, তৃতীয় পরিকল্পনার মেয়াদ পার হইবার পর দেশ কেবল যে খাদ্য সম্পর্কে স্বাবলম্বী হইবে তাহা নয়, খাদ্যশস্য উত্বন্তও হইবে। এখন দ্বিতীয় পরিকল্পনার চতুর্থ বংসর। তৃতীয় পরিকল্পনার সূচনা ১৯৬১ (এপ্রিল) সাল এবং সমাপ্তি ১৯৬৬ সাল (মার্চ)। অখণ্ড বাংলায় মন্বন্তরের এক বংসর পূর্বে অর্থাৎ ১৯৪২ থেকে খাদ্যাভাব শুরু হয়েছে। তারপর অদ্যাবধি ১৮ বংসরের মধ্যে মাত্র ২টি বংসর ব্যতীত একবারও দেশ এই সংকট হইতে রেহাই পায় নি। আর মাত্র ৭ বংসর পরে ১৯৬৬ সাল হইতে দুশ্চিন্তার অবসান ঘটিলে তাহা নিশ্চয়ই দেশ ও দেশবাসীর সৌভাগ্য। তবে ভারতবর্ষের ভাগ্য যেরূপ বিড়ম্বিত তাহাতে এত সুখ শেষ পর্যন্ত সহ্য হইবে কি? পাতিলজ্বী আর একটি সার কথা শুনাইয়াছেন ঃ "খাদ্য সমস্যা অত্যন্ত জটিল ও দুরুহ সমস্যা মনে হইলেও ইহার সমাধান করা হইবে—এবং সাধারণ লোক ইহার সমাধানে অনেক সাহায্য করিতে পারে।" এ সম্পর্কে অবশ্য কোনরূপ সংকটের অবকাশ নাই। খাদ্য সংকটের মূল কারণ হইল ঃ দেশের লোক মোট যত খাদ্য খায় সে তুলনায় সরবরাহে স্বল্পতা। লোকে যদি প্রতিজ্ঞা করিয়া খাওয়ার পরিমাণ ১/৪ অংশ বা ১/৮ অংশ হ্রাস করে তাহা হইলে বার্ষিক ৫০-৬০ লক্ষ টন খাদ্য উত্বন্ত হইবে। উহা বিদেশে পাঠাইলে কত শত কোটি টাকার বৈদেশিক মূদ্রা পাওয়া যাইবে, সে টাকা খরচ করিয়া যন্ত্রপাতি আমদানীর পরে কত বড় বড় পরিকল্পনা বলবৎ করা যাইবে। তার ফলে দেশের কত উন্নতি ঘটিবে ইত্যাদি সম্ভাবনা একবার চিন্তা করা উচিত। তারপর কে অস্বীকার করিতে পারিবে যে খোঁরাকীর পরিমাণ হ্রাস করাই খাদ্য সংকট সমাধানের প্রকৃষ্টতম উপায়। এত গুরুত্বপূর্ণ ভূমিকা সম্বেও সন্তন্ত না হইলে সাধারণ লোক নিশ্চয়ই অকৃতজ্ঞ।

#### নানাকথা

[ যুগান্তর, ১৭ সেপ্টেম্বর ১৯৫৯, সম্পাদকীয় ]

পশ্চিমবাংলার ধান চাউলের বাজারে অতলস্পর্শী গহুরটি আজও অবারিত। নতুবা ন্যায্য দর বলবৎ করার জন্য সরকারের সব চেষ্টা ব্যর্থ হইতে পারে না। পশ্চিমবাংলার বছরের শেষ দিকে যত ঘাটতিই পড়ুক না কেন, মরশুমের গোড়ায় ধানচাউলের কোন অভাব থাকে না। তবে সে সময়ও দর চড়া থাকে কেন? এই রাজ্যে উৎপন্ন চাউল ন্যায্য দরে বিক্রয়ের জন্য রাজ্য সরকার অদ্যাবধি কোন সুনিশ্চিত ব্যবস্থা করিতে পারেন নি। এমতাবস্থায় উড়িষ্যা হইতে আনীত সস্তা দরের ধান-চাউলই যে তাহারা ন্যায্য দরে বিক্রয় করিবে—এমন ভরসা করার কোন কারণ আছে কি? ইহাতে পশ্চিমবাংলার জনসাধারণের কোন উপকার হইবে না, অথচ উড়িষ্যাবাসীর সর্বনাশ হইয়া যাবে। অন্য রাজ্যের ব্যবসায়ীরা সেখানে গিয়া বাজারদর চড়াইয়া দিবে। এই বিপজ্জনক প্রস্তাবটি প্রথম শোনা গিয়েছিল আড়তদার পাইকারিদিগের মধ্যে, পরে এই রাজ্যের মুখ্যমন্ত্রীও তাহাদের সহিত সুর মিলাইয়াছেন এবং প্রজা–সমাজতন্ত্রী দলপতি ইহা সমর্থন করিয়াছেন। দুর্ভিক্ষ তদন্ত কমিশনের রিপোর্টে প্রস্তাবটির সর্বনাশা প্রতিক্রিয়া ব্যক্ত হইবার পরে ডাঃ রায় বা ডাঃ ঘোষ কর্তৃক উহা পুনরায় উত্থাপন করা নিতান্ত অসতর্কতা, তথা অদূরদর্শিতার পরিচায়ক।

### আন্দোলন ও গভর্ণমেন্ট

[ যুগান্তর, ১৮ সেপ্টেম্বর ১৯৫৯, সম্পাদকীয় ]

খাদ্য আন্দোলন এবং কলিকাতা-হাওড়ার হাঙ্গামা ও মর্মান্তিক ঘটনাবলী সম্পর্কে পশ্চিমবংগ সরকার ধীরে ধীরে জনমতের দাবীর সমীপবতী হইতেছেন ইহা সূলক্ষা। ইতিপূর্বেই কলিকাতা হইতে ১৪৪ ধারার আদেশ প্রত্যাহতে হইয়াছে এবং খাদ্য আন্দোলনের পূর্বে যাহাদিগকে আটক আইনে আরুদ্ধ করা হইয়াছিল তাহাদিগকে মুক্তি দেওয়া হইয়াছে। গ্রামাঞ্চলে খাদ্য সরবরাহ করার ব্যবস্থাকে সম্প্রসারিত করা হইয়াছে। হাওড়ার পুলিসের গুলিবর্ষণ সম্পর্কে একটি তদন্ত কমিটি গঠিত হইবে যেখানে ২৩শে সেপ্টেম্বর থেকে একজন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ছয়দিন করিয়া প্রকাশ্যে তদন্ত করিবেন এবং বিভিন্ন ব্যক্তির স্বাক্ষ্য গ্রহণ করা হইবে। কলিকাতায় গুলিবর্ষণের জন্য তদন্ত কমিটি গঠিত হইবে যার দায়িত্বে থাকবেন প্রেসিডেন্দি বিভাগের কমিশনার শ্রী কে. বসাক। ২৪ পরগণার বিভিন্ন স্থানে অনুরূপ কমিটি গঠিত হইবে স্থির হয়।

পশ্চিমবংগ সরকার পুলিশের কাছে বিজ্ঞপ্তি প্রকাশ করে যে, যে সমস্ত ক্ষেত্রে গুলিবর্ষণ ব্যতীত আইন-শৃঙ্খলা রক্ষার কোন উপায় থাকিবে না, শুধুমাত্র সেই সমস্ত স্থানেই "সংযত ভাবে" গুলিবর্ষণ করিতে হইবে।

নিষেধাজ্ঞা প্রত্যাহার, আটক ব্যক্তিদের মুক্তিদান, ২৪ পরগণা, হাওড়া, কলিকাতায় গুলিবর্ষণ সম্পর্কে তদন্ত কমিশন গঠন, সংকত গুলিবর্ষণ-সিদ্ধান্তগুলিকে আমরা স্বাগত জানাইতেছি। উদ্রেখ্য যে প্রকাশ্য, নিরপেক্ষ ও বিচার বিভাগীয় তদন্তের দাবী তুলেছিলেন শ্রীঅতুল গুপ্ত, ডাঃ সুরেন্দ্রনাথ সেন, ত্রিপুরারী চক্রবতী এঁরা বাংলাদেশের বিশিষ্ট মনীষী, বামপন্থী দলের পার্টি সদস্য নন। তবে এই বিচার বিভাগীয় তদন্তের দ্বারা জনমত বছলাংশে শান্ত হইবে এবং বছ সন্দেহ ও অবিশ্বাস ও গুজবের অবসান হইবে।

এই ঘটনাবলীর আলোকে আমরা মূল্য বৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির নিকট আবেদন জানাচ্ছি তাহারা প্রস্তাবিত তৃতীয় পর্যায়ের আন্দোলন হইতে ক্ষান্ত হন। সরকারপক্ষ তাহাদের এবং জনগণের দাবীর দিকে অনেকটা অগুসর হইয়াছে। এক্ষনে বামপন্থী নেতারাও আগাইয়া আসুন। আমাদের বিশ্বাস সরকারী খাদ্যনীতির বিরুদ্ধে প্রতিবাদ সাফল্যমণ্ডিতভাবে ধ্বনিত হইয়াছে। সারাদেশ আলোড়িত হইয়াছে, লোকের মনে স্বাভাবিক নিরাপন্তাবোধ ও শান্তি না থাকিলে কাজ-কারবার, ব্যবসা-বাণিজ্য কিছুই চলিতে পারে না। একদিকে কলিকাতা-হাওড়ার রাজনৈতিক দুর্যোগ ও অন্যদিকে প্রাকৃতিক দুর্যোগ মানুষের জীবনকে দুর্বিষহ করিয়া তুলিয়াছে। ইহার উপর নতুন পর্যায়ের খাদ্য আন্দোলন আরো জটিল সমস্যার সৃষ্টি করিতে পারে।

শীঘ্রই পশ্চিমবংগের বিধানসভার অধিবেশন হইতেছে। পার্লামেন্টারী গণতান্ত্রিক পদ্ধতি যখন সকল পক্ষই মানিয়া লইয়াছেন তখন বিরোধী দলের অভিযোগ, অসন্তোষ ও ক্ষোভ প্রকাশের উপযুক্ত ক্ষেত্র সেখানে পড়িয়া আছে। সূতরাং বিরোধী দলের নেতা তাঁহার সর্বশক্তি, বৃদ্ধি এবং কৌশল সেখানে প্রয়োগ করিবার যথেষ্ট সূযোগ পাইবেন। এই অবস্থার বাহিরে জন আন্দোলন বন্ধ করাই শ্রেয়কর বলে মনে করি। খাদ্যের উৎপাদন, সরবরাহ, বন্টন ও ন্যায্যমূল্য সংরক্ষণ একটি জটিল ব্যাপার। এর জন্য স্বন্ধ ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা আবশ্যিক।

একমাত্র আন্দোলন বা পুলিসের লাঠির দ্বারা এর প্রতিকার হইতে পারে না। ইতিমধ্যে শহরের জীবনকে আর উত্তপ্ত করিয়া লাভ নাই। আশা করি সমস্তদিক বিবেচনা করিয়া দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি পুরনায় আন্দোলনে অবর্তীণ হইতে ক্যান্ত থাকিবেন।

### খাদ্য সংকটের ইতিকথা

[ যুগান্তর, ২৪ সেপ্টেম্বর ১৯৫৯, সম্পাদকীয় ]

পশ্চিমবাংলায় খাদ্য সরবরাহের অবস্থা সম্পর্কে রাজ্য সরকার কর্তৃক প্রচারিত সর্বশেষ বিবৃতিটি উদ্বেগজনক। উৎপাদন, চাহিদা ও ঘাটতি সম্পর্কে হিসাব থেকে স্পষ্ট বোঝা যায় যে, স্বাভাবিক ফলন হইলেও এইরাজ্যে খাদ্যের প্রভূত ঘাটিতি পড়ে। প্রাকৃতিক দুর্যোগের জন্য বা অন্য কারণে ফলন হ্রাস পাইলে ঘাটতির পরিমাণ বৃদ্ধি পায় এবং অফুরন্ত ফলন উঠলেই খাদ্যের স্বয়ং সম্পূর্ণতা ঘটতে পারে। সংখ্যা, তথ্যাদিসহ সমস্যাটির বিভিন্নাঙ্গ আলোচনার পর সরকারী বিবৃতির মূল বক্তব্য হল ঃ এই রাজ্যের ফলন বৃদ্ধি করাই সমস্যা সমাধানের প্রধানতম উপায়। দ্বিতীয়তঃ কেবলমাত্র খাদ্যশস্যই নহে পুষ্টিকর খাদ্যের উৎপাদনেও প্রভূত পরিমাণে বৃদ্ধি করা প্রয়োজন। মুখ্যমন্ত্রী ও প্রজাসমাজতন্ত্রী দলপতি কর্তৃক কয়েকদিন পূর্বে স্বাক্ষরিত একটি বিবৃতিতে ঘাটতি ১৬ লক্ষ টন এবং চাহিদা ৫৯ লক্ষ টন বলিয়া অনুমান করা হইয়াছে। সেক্ষেত্রে চলতি বৎসরে উৎপাদনের সমান, লোকসংখ্যা পূর্ববতী ৪ বৎসরে সমান্য কম ছিল বলিয়া মোট চাহিদাও কিছু কম ছিল। গত পাঁচ বৎসরের উৎপাদনের সমান, লোকসংখ্যা পূর্ববতী ৪ বৎসরে সামান্য কম ছিল বলিয়া মোট চাহিদাও কিছু কম ছিল। গত পাঁচ বৎসরে গড় পড়তা ঘাটতির পরিমাপ বার্ষিক সাড়ে ১৪ লক্ষ্মটনের কম নহে। ইহার মধ্যে কেন্দ্রীয় সরকার কর্তৃক বরাদ্দ ৬ লক্ষ্মটন বাদ দিলে নিট ঘাটতির পরিমাণ সাড়ে ৮ লক্ষ্মটনের কম নহে। ইহার মধ্যে কেন্দ্রীয় সরকার কর্তৃক বরাদ্দ ৬ লক্ষ্মটন বাদ দিলে নিট ঘাটতির পরিমাণ সাড়ে ৮ লক্ষ্মটনের কম । যাহা হউক, প্রশ্ন হইতেছে যে, ক্রমাগত পাঁচ বৎসর ধরিয়া বার্ষিক ১৬ শতাংশ হিসেবে খাদ্যের নিট ঘাটতি পূরণ হইতেছে কোন্ মন্ত্রবলে? বিশেষত সরকার উল্লেখ করিয়াছেন যে, ১৩ লক্ষ্ সম্পন্ন চাবী নিজের প্রয়োজনাতিরিক্ত পরিমাণে শস্য উৎপন্ন করিয়া থাকে এবং চড়া দরের আশায় তাহারা শস্য আটকাইয়া রাখিতেছে। একাদিক্রমে পাঁচ বৎসর কার্যত্ব এরূপ অবস্থা চলিতে পারে না। সুতরাং এই সিদ্ধান্ত করিতে হইবে যে, মাথাপিছু ও মোট চাহিদা সম্পর্কের সরকারের করিতে এরূপের করিরে হার্ববের যাথানিছ ও মোট চাহিদা সম্পর্কের সরকারের করিতে এরূপের হারিতে হাবেরে, মাথাপিছু ও মোট চাহিদা সম্পর্কের সরকারের

হিসাবও অতিরঞ্জিত। লোকসভার ভৃতপূর্ব খাদ্যসচিব শ্রীঅজিতপ্রসাদ জৈন মন্তব্য করিয়াছিলেন যে, খাদ্যের চাহিদা ও ঘাটতি সম্পর্কে রাজ্য সরকারের হিসাবটি ফাঁপানো।

ফলন হ্রাসের ও চাহিদা বৃদ্ধির এমন কারণ বিবৃতিতে উদ্রেখ করা ইইয়াছে যাহার জন্য পশ্চিমবাংলা দায়ী নহে। অখণ্ড বাংলায়ও চাউলের ঘাটতি ছিল এবং দেশ বিভাগের ফলে কয়েকটি উঘৃত্ত জেলা পূর্ববাংলার অন্তর্ভূক্ত হওয়ায় এই অংশে ঘাটতি আরো বাড়িয়াছে। অন্যদিকে পাট ও মেক্তা চাবের জন্য আউশ ধানের চাব হ্রাস পাওয়ায় ধান ফলনের ক্ষতি হইয়াছে। স্বাধীনতা লাভের পর প্রথম বংসর ২ লক্ষ ৬৬ হাজার একর জমিতে পাঠ ও মেক্তা চাব হইয়াছিল; সেক্ষেত্রে ১৯৫৭-৫৮ সালে ১০ লক্ষ একরের বেশী জমিতে পাট ও মেক্তার চাব হইয়াছে। অন্যদিকে পূর্ব বাংলায় ভিটামাটি ত্যাগ করিয়া বছ লোক আসিয়া এই রাজ্যে বসবাস করিয়া খাদ্যের চাহিদা তথা ঘাটতি বাড়িয়া গিয়াছে। ইহা ছাড়া শিল্প কারখানায় ও ব্যবসায় কাজ লইয়া প্রায় ৪০ লক্ষ বহিরাগত এই রাজ্যে বাস করিতেছে। ইহারা এক দানাও শস্য উৎপাদন করে না অথচ ইহাদিগকে খাদ্য সরবরাহের ঝক্কি এই রাজ্যের উপর। এ দায়িত্ব ন্যায়ত কেন্দ্রীয় সরকারের। কেন্দ্র ও রাজ্য উভয় সরকারের পক্ষে উপরোক্ত উপসর্গগুলি বিচার বিশ্লেষণের পরে নৃন্যতম চাহিদা পূরণের উপযোগী ব্যবস্থা অত্যাবশ্যক।

বাজার দর আয়ন্তে রাখিবার পথে বাধাবিদ্পের উদ্লেখ করিয়া বিবৃতিতে বলা ইইয়াছে যে—এখন ব্যবসায়ীরা মজুতদারের ভূমিকা গ্রহণ করেন নাই, সম্পন্ন চাষীরাই শস্য মজুত করিয়া রাখিতেছে। পদ্লী অঞ্চলের সম্পন্ন চাষী, মহাজন, আড়তদার একই শ্রেণীভুক্ত। শহরাঞ্চলে ও বড় বড় গঞ্জে শস্য ব্যবসায়ে কিছু পাইকার বা আড়তদার জমির সহিত সংস্রবশূন্যও হইতে পারে। এ প্রসঙ্গে স্মরণীয় যে, পশ্চিমবাংলা সরকার বিনা লাইসেলে মজুত রাখার উপযোগী শস্যের পরিমাণ পূর্বে একশত মনের স্থলে তিনশত মণ ধার্য করিয়া মজুতদারীর পথ প্রশস্ত করিয়াছেন। এই নীতিটি প্রত্যাহার করা প্রয়োজন। সরকারী বিবৃতিতে শেষ পর্যন্ত বুঝা যাইতেছে—ন্যায্য মূল্যের দোকান হইতে বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি ব্যতীত আপাততঃ বাজার দর হাসের কোন উপায় নাই এবং কেন্দ্র হইতে প্রভূত বরাদ্দ না পাইলে প্রথমোক্ত ব্যবস্থা অবলম্বন করাও সন্তব নহে। অন্ততঃপক্ষে এই দুইটি ব্যাপারে উভয় সরকার পশ্চিমবাংলায় দুর্দশা দূর করার উপযোগী ব্যবস্থাদি অবলম্বন করিলে দুঃস্থ জনসাধারণের পক্ষে কিছুটা সুরাহা হইতে পারে। সেরপ ব্যবস্থার সঙ্গে সঙ্গে উৎপাদন বৃদ্ধির জন্য সময় ও আয়োজন সাপেক্ষ পরিকল্পনা প্রবর্তন করা প্রয়োজন।

## খাদ্য সংকটের পটভূমিকা

[ যুগান্তর, ১৬ অক্টোবর ১৯৫৯, সম্পাদকীয় ]

নতুন খাদ্য সচিব এস. কে. পাতিল সম্প্রতি মন্তব্য করিয়াছেন যে, খাদ্য সরবরাহের নিশ্চয়তা সম্পর্কে ভীতিবোধই খাদ্য সংকটের কারণ। দৈর্ঘ্য ও প্রস্থে প্রায় ২ হাজার মাইল প্রসারিত এবং আয়তনে প্রায় বারো লক্ষ বর্গমাইল বিস্তীর্ণ এই উপমহাদেশের সর্বত্র প্রতি বৎসরই ঠিক যে সময়ে যতটুকু বৃষ্টি দরকার সেই সময়ে ততটুকু বৃষ্টিই হইবে এবং প্রাকৃতিক পরিবেশ সম্পূর্ণ অনুকূল থাকিবে বলিয়া আশা করা অবাস্তব। দেখা যায় প্রায় প্রতি বৎসরই দেশের এক অঞ্চলে প্রকৃতির আনুকূল্য ঘটে। সূতরাং সরবরাহ ব্যবস্থার ক্রটি-বিচ্যুতি সংশোধন করিতে পারিলে অঞ্চল বিশেষে ফলন হ্রাস সত্ত্বেও খাদ্য দুষ্প্রাপ্য হইবার কারণ নাই। সূতরাং শ্রীপাতিল সত্যই বলিয়াছেন যে, গত কয়েক বৎসর যাবৎ নিয়মিত খাদ্য সংকট মানুষের দ্বারাই সৃষ্টি। দেশের প্রত্যেকটি লোক সংভাবে চলিলে ইহা ঘটিত না।

বিপদ ঘটিয়াছে বন্টন ও সরবরাহ ব্যবস্থায় ক্রটি বিচ্যুতির জন্য। উৎপন্ন ফসল যে ন্যায্য দরেই বিক্রি হইবে সে বিষয়ে কাহারো আস্থা নাই। ভবিষ্যতে দর চড়িবার আশব্ধায় সম্পন্ন চাষী যথাসন্তব বেশী ফসল ধরিয়া রাখে। সম্পন্ন গৃহস্থ স্বাভাবিক ক্রয়ের তুলনায় বেশী খাদ্য কিনিয়া ভাঁড়ারে মজুত রাখে। জোতদার, ব্যবসায়ী, পাইকারী ও খুচরা ব্যবসায়ীরা ধরিয়া লয় যে, রাষ্ট্রের পক্ষে ন্যায্য দরে ন্যুনতম চাহিদা প্রণের উপযোগী ব্যবস্থা করা সন্তব হইবে না। সে জন্য বছরের শেষ দিকে দর চড়িবেই, তাই তাহারা যত সন্তব বেশী পরিমাণে খাদ্য প্রকাশ্য বাজার হইতে সরাইয়া রাখিতে চেষ্টা করে। তাই বাজারে সরবরাহের পরিমাণ হ্রাস পাইয়া থাকে। প্রধানতঃ আস্থার অভাবেই অবস্থা ক্রমণ শোচনীয় হইয়া উঠিয়াছে। সর্বসাধারণের মন হইতে ভীতি দূর করিতে পারিলে পারিপার্শিক আবহাওয়ার প্রভৃত উন্নতি সন্তব।

তবে এদেশে সব রকম খাদ্যই মজুত আছে বলিয়া শ্রীপাতিলের মন্তব্যে কল্পনার আতিশয্য আছে। দুধ, মাছ, মাংস,

যুগান্তর 245

ফল প্রভৃতি প্রতিশোধক ও পৃষ্টিকর খাদ্যের ঘটতি যে অত্যন্ত বেশী তাতে আদৌ মতভেদ নাই। চাউল, গম প্রভৃতি পর্যাপ্ত পরিমাণে উৎপন্ন হইতেছে বলিয়া মনে করিবার কারণ নাই। খাদ্য ঘাটতির লক্ষণ প্রকাশ পাইবার সঙ্গে সঙ্গে বাজার দর চড়িয়া যায়, ফলে অধিকাংশ লোক খোরাকিতে শস্যের পরিমাণ হ্রাস করিতে বাধ্য হয়। সেজন্য মোট বিক্রয়ের পরিমাণও হ্রাস পায়। ফলন হ্রাসের জন্য যে ঘাটতি পড়ে মূল্যবৃদ্ধি হেতু কম খাওয়ার জন্য সে ঘাটতি উসুল হইয়া আসে। ১৯৫৫ সালের শেষ হইতে পাঁচ বংসর যাবং খাদ্য পরিকল্পনার সর্বাপেক্ষা বড ত্রুটি ঘটিয়াছে সমস্যার গুরুত্ব ও ব্যাপকতা হান্ধা করিয়া দেখিবার জন্য। বছরের পর বছর প্রকাশ্য বাজারে সরবরাহের স্বন্ধতা দ্বারা শেষ পর্যন্ত এই অবস্থা প্রকাশ হইয়া পড়িয়াছে। এত গুরুতর ব্যাপারে ঢাক-ঢাক, গুড় গুড় নীতি ত্যাগ করিয়া প্রকৃত অবস্থা প্রকাশ করা প্রয়োজন। ইহা জানিতে পারিলে জনগণ অলীক প্রত্যাশা ত্যাগ করিয়া অবস্থার উপযোগী ব্যবস্থার জন্য সহযোগীতা করিতে আগাইয়া আসিবে। একদিকে উৎপাদন বৃদ্ধি অন্যদিকে ন্যায্য দর ও ন্যায্যভাবে বন্টনের ব্যবস্থা যে সমস্যা সমাধানের সুনিশ্চিত উপায় সে বিষয়ে দ্বিমত নাই। ভৌগোলিক অবস্থান ও প্রাকৃতিক বৈচিত্র্যের জন্য এদেশের অধিকাংশ জমিতে বছরে দুইটি ফসল চাষের সুযোগ আছে। প্রসঙ্গত মনে রাখা দরকার—প্রাকৃতিক অবস্থা অনুকৃল করিবার জন্য এদেশে নতুন নতুন বন সৃষ্টি করা, অরণ্য অঞ্চলরে প্রসার ঘটানো দরকার। পাট, তুলা, আম প্রভৃতি অর্থকরী ফসলের চাষ বৃদ্ধি করিতে হইবে, ফল, মাংস, দুধ, মাখন প্রভৃতির সরবরাহ বাডাইবার জন আবাদযোগ্য জমির অংশ পশুপালন ও মৎস্য উৎপাদনের জন্য ছাডিয়া দিতে হইবে। এইসব চাহিদা পুরণের পর খাদ্যশস্য, চাষের জমি বাড়ানো যায় বলিয়া আশা করা ভুল। সুতরাং উন্নত ধরনের কৃষি পদ্ধতি, একই জমিতে দুইটি ফসলের চাষ, উন্নত বীজ, পর্যাপ্ত সার ও সেচ ইত্যাদি সূব্যবস্থার উপরেই খাদ্যশস্যের উৎপাদন বৃদ্ধি নির্ভর করিবে। পরিকল্পনাকারীগণ এ বিষয়ে সচেতন। কিন্তু বিপদ ঘটিয়াছে অন্ধভাবে পাশ্চাত্য দেশে প্রচলিত জমকালো পদ্ধতিগুলি বাছিয়া লইবার জন্য। ভারতবর্ষ দরিদ্র দেশ, অর্থব্যয়ের ক্ষমতা সামান্য, কৃষকের মাথাপিছু জমির পরিমাণ অত্যন্ত কম। মার্কিন যুক্তরাষ্ট্র, কানাডা, অষ্ট্রেলিয়া বা ব্রিটেনে কৃষিজীবিরা অনেক বেশী জমি ও মূলধন লইয়া যে পদ্ধতি অনুসরণ করে ভারতীয় কৃষকের পক্ষে তা সম্ভব নয়। স্থানীয় অবস্থার, সুযোগ সুবিধার ও সামর্থ্যের প্রতি লক্ষ্য রাখিয়াই করা উচিত। আর যতদিন পর্যন্ত প্রকাশ্য বাজারে খাদ্যের ঘাটতি দূর না হয়, ততদিন বন্টন ও বিক্রয় ব্যবস্থার ক্রটিগুলি কঠোরভাবে সংশোধন করা প্রয়োজন।

### পশ্চিমবংগ সরকারের প্রেসনোট [ যুগান্তর, মঙ্গলবার, ১ সেপ্টেম্বর ১৯৫৯ ]

পশ্চিমবংগ সরকার আজ রাব্রে এক প্রেসনোট জারী করিয়া বলিয়াছেন যে, আইনভঙ্গ ও রাইটার্স বিল্ডিংস-এ অভিযানের সুস্পন্ট উদ্দেশ্য ঘোষণা করিয়া মূল্য বৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি যে আহ্বান জানান তাহারই ফলে ৩১শে আগস্ট মনুমেন্ট ময়দানে একটা বিরাট সভা অনুষ্ঠিত হয়। অপরাহে এই সভার পর একটি বিরাট জনতা রাইটার্স বিল্ডিংস-এর দিকে অভিযান করে। এই এলাকায় ১৪৪ ধারা বলবৎ থাকায় পুলিস জনতাকে এই এলাকায় প্রবেশে বাধা দান করে। একটি ছোট দল যখন এই নিষিদ্ধ এলাকায় প্রবেশের জন্য অগ্রসর হয় তখন হঠাৎ সমগ্র জনতা সম্মুখের দিকে আগাইয়া যায় এবং তাহাদের মধ্যে কিছু সংখ্যক পুলিসের প্রতি ইট, সোভার বোতল এবং পটকা ছুঁড়তে আরম্ভ করে। পুলিস লাঠি চালনা করে এবং ১৯টি কাঁদুনে গ্যাস ও ৪টি গ্যাস বোমা প্রয়োগ করে, ফলে জনতা ময়দান ও এসপ্ল্যানেড বরাবর এলাকায় ছত্রভঙ্গ হইয়া যায়। ইহার পর ছোট ছোট দল বিভিন্ন স্থানে জড় হয় এবং রাজায় চলাচলকারী বাস এবং এমনকি প্রাইভেট গাড়ীগুলির উপর ইট্র ও পটকা ছুঁড়িতে থাকে। একটি ছোট দোকান লুঠ করিবার ও অপর একটি দোকানের কাঁচের সার্সি ভঙ্গ করিবার চেষ্টা করা হয়। ট্রামের লাইন উৎপাটনেরও চেষ্টা করা হয়। রাজ্যার কিছু আলো নম্ট করিয়া দেওয়া হয়। একজন বিক্ষোভকারী কর্তৃক পরিত্যক্ত দুইটি তাজা বোমা পুলিস কুড়াইয়া লয়। কুড়িজন পুলিস কর্মচারী আহত হইয়াছেন। পাঁচজনকে হাসপাতালে প্রেরণ করা হয়। তাঁহাদের মধ্যে দুইজনের আঘাত গুরুতর। ভীড়ের চাপে অথবা ইটের আঘাতে কিংবা লাঠি চালনায় আহত বারজনকে হাসপাতালে গুণ্ডাই করা হয়।ছে। বহাদের মধ্যে দশজন ইইতেছেন মহিলা।

## রাজ্যের আইন ও শৃত্বলা রক্ষা নাগরিকদের প্রতি আবেদন

[ যুগান্তর, মঙ্গলবার, ২ সেপ্টেম্বর ১৯৫৯ ]

কলিকাতা, ১লা সেপ্টেম্বর—পশ্চিমবংগ সরকার আজ এক বিচ্ছপ্তিতে বলিয়াছেন যে, রাজ্যের আইন ও শৃষ্খলা বজায় রাখতে ও শান্তিপ্রিয় নাগরিকগণ যাহাতে সাধারণ কাজকর্ম চালু রাখিতে পারেন সেজন্য রাজ্য সরকারকে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করিতে হইবে।

### বিজ্ঞপ্তিটি নিম্নরূপ :

পশ্চিমবংগ সরকার ৩১শে আগস্ট তারিখের ঘটনাবলীর প্রাথমিক বিবরণ সম্মূলিত এক প্রেসনোট উক্ত দিন রাব্রে প্রচার করিয়াছিলেন। এখন সংবাদ পাওয়া গিয়াছে যে, আঘাতের চিকিৎসার জন্য যে সকল ব্যক্তিকে (পূলিসের লোকসহ) উক্ত দিন রাব্রে হাসপাতালে ভর্তি করা হইয়াছিল, উহাদের সংখ্যা ১৪৩। আহত ব্যক্তিদের মধ্যে চারজ্বনের আঘাত গুরুতর বলিয়া জানা গিয়াছে। তাহাদের প্রত্যেকেরই যথায়থ চিকিৎসার সকল প্রকার ব্যবস্থা অবলম্বন করা হইতেছে।

বর্তমান আন্দোলন শান্তিপূর্ণ—এই মর্মে মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির নেতৃবৃন্দ যে প্রতিবাদ প্রচার করিয়াছিলেন; ৩১শে আগস্ট তারিখের বলপূর্বক আইনভঙ্গ, রাইটার্স বিশ্তিংস অভিমূখে অভিযান, নিষিদ্ধ এলাকায় প্রবেশের জন্য এসপ্ল্যানেড ইষ্ট কর্ণারে পুলিস বেষ্টনী ভঙ্গের চেষ্টা; ইট-পাটকেল, সোডার বোতল ও পটকা নিক্ষেপ প্রভৃতি ঘটনা নিশ্চয়ই তাহার উদাহরণ নহে।

বাজারে প্রধানত আউশ ধান আসিতে শুরু করায় এবং আমনের উন্নত ফলনের সম্ভাবনায় খোলাবাজারে চাউলের মূল্য মৃত কমিয়া আসিতেছে। সংকটজনক খাদ্যাবস্থার সমাধানের জন্য রাজ্য সরকার যে তীব্র প্রয়াস ইতিমধ্যেই করিয়াছেন তাঁহার প্রমাণ সেপ্টেম্বর মাসে জেলাগুলির লক্ষ লক্ষ অধিবাসীকে রেশনিং-এর বিস্তৃত আওতায় আনয়ন।

সংবাদে জ্ঞানা যায় যে, খাদ্য সমস্যার সম্পর্কে সরকারের বিশেষ মনোযোগ আকর্ষণ করিবার জন্য ৩রা সেপ্টেম্বর বৃহস্পতিবার ধর্মঘট ও হরতাল প্রতিপালনের প্রস্তাব করা হইয়াছে। পূর্বেই উল্লেখ করা হইয়াছে যে খাদ্য সমস্যার দিকে কেন্দ্রীয় ও রাজ্য সরকার উভয়ই সর্তক দৃষ্টি দিয়াছেন। অতএব গণ্ডগোল ও বিশৃষ্খলা সৃষ্টি করিতে পারে এবং নাগরিকদের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত করিতে পারে এমন কোন হরতাল ও ধর্মঘট প্রতিপালনের কোন কারণ নাই।

শান্তিপূর্ণ ভাবে প্রতিপালনের প্রতিশ্রুতি সম্বেও এই রূপ ধর্মঘটের শান্তিপূর্ণ থাকার সম্ভাবনা অল্প এবং সে কারণে, সকল শান্তিপ্রিয় নাগরিকদের নিকট অনভিপ্রেত। যদি এই আন্দোলন এখনও চলিতে থাকে, রাজ্য সরকারকে রাজ্যে আইন ও শৃষ্খলা বজায় রাখিতে ও যাহাতে শান্তিপ্রিয় নাগরিকগণ সাধারণ কাজকর্ম চালু রাখিতে পারেন সেজন্য সকল প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করিতে হইবে।

### সরকারী বিজ্ঞপ্তি

[ যুগান্তর, বৃহস্পতিবার, ৩ সেপ্টেম্বর ১৯৫৯ ]

বুধবার রাত্রে পশ্চিমবংগ সরকার এক প্রেস নোটে বলেন ঃ

"সমন্তদিন প্রায় শান্ত থাকিবার পর সূর্যান্তের পরে পরেই কলিকাতা শহরে ঘটনা আরম্ভ হয়, অবশ্য অনেক ক্ষুদ্র হারে। পুলিস ও যানবাহনের উদ্দেশ্যে ইটপাটকেল নিক্ষেপের কয়েকটি বিচ্ছিন্ন কিন্তু প্রায় সমসাময়িক ঘটনা ঘটে এবং বিভিন্ন স্থানে বোমা ও পটকা নিক্ষেপ করা হয়। দুর্বৃত্তেরা কয়েক স্থানে রাস্তার উপর বেষ্টনী রচনা করে এবং ষ্টেট ট্রান্সপোর্টের দুইটি গুমটিতে আগুন লাগায়। কোন কোন অঞ্চলে তাহারা রাস্তার আলো নিভাইয়া দেয়।

দুর্বৃত্ত জনতাকে ছত্রভঙ্গ করিবার জন্য পুলিস সাতবার গুলী চালায় ও চারবার কাঁদুনে গ্যাস প্রয়োগ করে।

অদ্যকার ঘটনায় দুইজ্বনের পায়ে বুলেটের আঘাত লাগে। গতকাল যাহারা বুলেটের আঘাত পান, দুর্ভাগ্যক্রমে আজ তাহারা মারা গিয়াছেন। এই লইয়া গতকালের ঘটনায় নিহতের সংখ্যা ১জন হইল। মোট ১৪৫ জন পুলিস কর্মচারী গতকাল আহত হন বলিয়া এখন জানা গিয়াছে; আগে এই সংখ্যা ১০০ প্রকাশিত হইয়াছিল। গতকালের উপদ্রুত অঞ্চলসমূহে ব্যাপক পুলিস প্রহরা মোতায়েন রাখা হয় এবং পুলিস সারাদিন ধরিয়া টহল দেয়। ষ্টেট ট্রান্সপোর্ট ও ট্রাম সার্ভিসসমূহ আজ বন্ধ থাকে। রাত প্রায় সাড়ে দশটা নাগাদ শহর পুনরায় শাক্তভাব ধারণ করে।"

### বৃহস্পতিবার হাওড়া ও কলিকাতায় হাঙ্গামা

[ যুগান্তর, শুক্রনার, ৪ সেপ্টেম্বর ১৯৫৯ ]

কলিকাতা, ৩রা সেপ্টেম্বর—পশ্চিমবংগ সরকারের প্রচার অধিকর্তা কর্তৃক বৃহস্পতিবার রাত্রে প্রচারিত এক প্রেস নোটে বলা হয়—

আইন ও শৃদ্ধলা ফিরাইয়া আনার জন্য হাওড়া শহর এবং শহরতলী এলাকায় অসামরিক কর্তৃপক্ষর সাহায্যার্থে সেনাবাহিনীকে ডাকা হয়।

বৃহস্পতিবার হাওড়া পুর এলাকায় অগ্নিসংযোগ ও লুষ্ঠন এবং দাসনগর, মালীপাঁচঘরা ও গোলাবাড়ী শিক্সাঞ্চলে শ্রমিক ও বিক্ষোভকারীদের মধ্যে কতগুলি সংঘর্ষ হয়। এতদঞ্চলে পুলিস বাহিনীর উপর ইটপাটকেল ও বোমা নিক্ষিপ্ত হয় এবং মালীপাঁচঘরায় একটি পুলিস ভ্যানে অগ্নিসংযোগ করা হয়।

পুলিসের একটি দলের উপর বোমা নিক্ষিপ্ত হয় এবং জনতা একজন কনষ্টেবলকে পরাভূত করে। পুলিস পরে বছকষ্টে উক্ত কনষ্টেবলের দেহ গলাকাটা অবস্থায় উদ্ধার করে। হাঙ্গামার দরুন কয়েকটি ক্ষেত্রে পুলিসকে গুলীবর্ষণ করতে হয় ফলে সাতজন দুষ্কৃতকারী নিহত এবং চারিজন আহত হয়। হাঙ্গামায় একজন পুলিস কনষ্টেবল নিহত এবং ২৫ জন গুরুতরভাবে আহত হয়।

হাওড়া, বাাঁটরা, জগাছা, শিবপুর, মালীপাঁচঘরা ও গোলাবাড়ী থানা এলাকায় ১৪৪ ধারা জারী করা হয়।

সকাল হইতে সন্ধ্যা পর্যন্ত রাস্তায় ষ্টেটবাস চলচল করে। বৈকাল ৪টায় হাওড়া এলাকায় সৈন্যবাহিনী টহল দেয়। কলিকাতার অবস্থা: অপরাহে রাস্তা অবরোধ, পূলিস প্রহরী ও টহলদার বাহিনীর উপর পটকা ও বোমা নিক্ষেপ, হরিণঘাটার দৃষ্ণ বিতরণ কেন্দ্র ও রাষ্ট্রীয় পরিবহণের গুমটিতে অগ্নিসংযোগ, ট্রামওয়ের যন্ত্র ও ইলেকট্রিক পোষ্টের ক্ষতিসাধন এবং সন্ধ্যার দিকে জোড়াবাগান, বটতলা, শ্যামপুকুর, ভবানীপুর, একবালপুর ও ওয়াটগঞ্জ থানা এলাকায় ইতস্তত বিক্ষিপ্তভাবে কতগুলি ঘটনা ঘটিলেও বৃহস্পতিবার কলিকাতায় অবস্থার অনেকটা উন্নতি পরিলক্ষিত হয়। দৃষ্কৃতিকারীগণকে দমন এবং সরকারী সম্পত্তির ক্ষতি প্রতিরোধের জন্য পুলিস কয়েকবার কাঁদুনে গ্যাস প্রয়োগ ও গুলীবর্ষণ করে। তিন ব্যক্তির আঘাতে আহত হয় তত্মধ্যে পরে একজনের মৃত্যু হয়।

হাওড়া ষ্টেশন ও এসপ্ল্যানেড এবং গড়িয়াহাট ও ডালহৌসী স্কোয়ারের মধ্যে সামান্য কয়েকখানি ষ্টেট বাস চলাচল করে। কলিকাতা হইতে যাতায়াতকারী ট্রেন ও বিমান চলাচল ব্যাহত হয়। রাত্রি সাড়ে দশটায় অবস্থা শান্ত হয়।

জনতা বেলঘরিয়া রেল ষ্টেশন আক্রমণ করিলে পুলিস জনতাকে ছত্রভঙ্গ করিবার জন্য গুলীবর্ষণ করে। সোদপুর থানাও জনতা কর্তৃক আক্রান্ত ইইলে পুলিস গুলিবর্ষণ করে।

## কলিকাতা ও হাওড়ায় শুক্রনারের অবস্থা

[ যুগান্তর, শনিবার, ৫ সেপ্টেম্বর ১৯৫৯ ]

কলিকাতা, ৪ঠা সেপ্টেম্বর ঃ আজ রাত্রে পশ্চিমবংগ সরকারের এক প্রেসনোটে বলা হয় যে, কয়েকদিন পরে আজ রাস্তায় ষ্টেট বাস, প্রাইভেট বাস এবং ট্রামের চলাচল এবং জনসাধারণ তাঁহাদের স্বাভাবিক কাজকর্ম পুনরায় আরম্ভ করিবার ফলে কলিকাতা হাওড়ার স্বাভাবিক জীবনযাত্রা পুনরায় ফিরিয়া আসিয়াছে বলিয়া মনে হয়।

প্রেসনোটে আরও বলা হয়, পুলিস প্রহরী ও টহলদারের উপর পটকা ও বোমা নিক্ষিপ্ত হওয়ায় ইতন্ততঃ বিক্ষিপ্ত কয়েকটি ঘটনা ঘটে এবং ইহাদের অধিকাংশ ঘটিয়াছে সূর্যান্তের পরে।

চারিজন দৃষ্ণতকারী একটি বোমা নিক্ষেপ করিবার পর একখানি ট্যাক্সিযোগে পলায়ন করিয়া যাইবার সময় জনসাধারণ তাহাদিগকে ধরিয়া ফেলে এবং পুলিসের হাতে অর্পন করে। আর একটি ক্ষেত্রে কয়েকজন দৃষ্ণতকারী যখন বোমা নিক্ষেপ করিতেছিল তখন জনসাধারণ তাহাদিগকে ধরিয়া ফেলে। গতকল্যকার হান্দামায় হাওড়ার যেসব এলাকার ক্ষতিগ্রন্ত হইয়াছে সেই সব এলাকায় সেনা বাহিনীর সহযোগিতায় পূলিস বাহিনী টহল দিয়া ফিরিতেছে। --পি. টি. আই

## খাদ্য আন্দোলন সংক্রোন্ত ঘটনাবলীর তদন্ত বেসরকারী কমিটি কর্তৃক তদন্তকার্বে সহবোগিতা আন্ধান (স্টাক রিগোর্টার)

[ যুগান্তর, বুধবার, ২৩ সেপ্টেম্বর ১৯৫৯ ]

কলিকাতা, ২২শে সেন্টেম্বর ঃ খাদ্য আন্দোলন সম্পর্কে অনুষ্ঠিত ঘটনাবলীর তদন্তের জন্য পশ্চিমবংগ গণতান্ত্রিক আইনজীবী সংঘ কর্তৃক নিযুক্ত বেসরকারী তদন্ত কমিটির সদস্যগণ তাহাদের তদন্তকার্যে সহযোগিতা করার জন্য জনসাধারণ, বিভিন্ন সংস্থা ও রাজনৈতিক দল এবং সরকারের নিকট আবেদন জানাইয়াছেন। আজ তাঁহারা এক সাংবাদিক সন্মেলনে তাঁহাদের একাদশ-দফা প্রশ্নপত্রটি উপস্থাপিত করেন। এই প্রশ্নপত্রটি ব্যাপকভাবে প্রচার করা হইবে। উহার উত্তর প্রাপ্তির পর কমিটির কার্যধারা স্থিরীকৃত করা হইবে।

কমিটির প্রধান ও বিশিষ্ট আইনজীবী সদস্যগণ সংবাদপত্র প্রতিনিধিগণকে বঙ্গেন যে, তাঁহাদের মধ্যে কেহই কোন রাজনৈতিক দলভুক্ত নহেন; সংস্কারমুক্ত ও খোলামন লইয়া তাঁহারা তদন্তকার্য চালাইবেন।

অনুষ্ঠিত হাঙ্গামায় ধনপ্রাণের যে বেদনাদায়ক ক্ষতি হইয়াছে উহার দায়িত্ব সঠিক ভাবে উল্ঘাটিত হওয়া আবশ্যক বিবেচনা করিয়াই কমিটি এইরূপ একটি গুরুদায়িত্ব গ্রহণ করিয়াছেন বলিয়া জানান।

১৭ই আগস্ট হইতে ৯ই সেপ্টেম্বর পর্যন্ত খাদ্য আন্দোলনের ধরণ-ধারণ উহা আইন কানুনের সীমা লচ্ছন করিয়াছিল কিনা, করিলে কডদুর, সরকারী কর্তৃপক্ষ কিরূপ মনোভাব অবলম্বন করিয়াছিলেন, পুলিস আইন শৃঙ্খলা রক্ষার কাজে ক্ষমতাতিরিক্ত আচরণ করিয়াছিল কিনা, লাঠি চালনা ও গুলি চালনার আদেশ দান প্রভৃতি বিষয়ে রচিত প্রশ্ন পত্রটিতে ওয়াকিবহাল, প্রত্যক্ষদর্শী, দায়িত্ব সংশ্লিষ্ট প্রমুখ সকলের নিকট হইতে উত্তর চাওয়া হইয়াছে। কমিটির কার্যালয় আইনজীবী সংখের কার্যালয়, ৬ নং ওল্ড পোষ্ট অফিস স্থীট, কলিকাতায় অবস্থিত।

ডঃ হেমেন্দ্রনাথ দাশগুপ্ত ছাড়া কমিটির অন্য চারজন সদস্য শ্রী এন. আর. দাশগুপ্ত, শ্রীঅজিতকুমার দত্ত, শ্রীমন্মথনাথ দাস ও শ্রীপাইন সাংবাদিক সন্মেলনে উপস্থিত ছিলেন।

## খাদ্য আন্দোলনকালে গৃহীত সরকারী ব্যবস্থা শুক্রবার দুটি বেসরকারী প্রস্তাবের আলোচনা (স্টাফ রিপোর্টার)

[ যুগান্তর, শুক্রবার, ২৫ সেপ্টেম্বর ১৯৫৯ ]

কলিকাতা, ২৪শে সেপ্টেম্বর—রাজ্য বিধানসভায় আগামীকল্য (শুক্রবার) বেসরকারী প্রস্তাব লইয়া আলোচনা প্রসঙ্গে খাদ্য আন্দোলন সম্বন্ধে সরকার কর্তৃক অনুসৃত নীতি ও গৃহীত ব্যবস্থাদির সম্পর্কে বির্তক হইবে।

কংগ্রেসের পক্ষ ইইতে প্রস্তাবের নোটিশ দেওয়া ইইয়াছে তাহাতে খাদ্য আন্দোলনকালে সমাজ বিরোধী লোকজন কর্তৃক যে গোলযোগ, হাঙ্গামা সৃষ্টি করা হয় এবং হিংল্লতা দেখা দেয় তাহার নিন্দা এবং পুলিসের গুলিতে নিহতদের জন্য দুঃখ এবং সমবেদনা প্রকাশ করা হইয়াছে। গোলযোগ ও হিংল্লতা দমনে এবং কলিকাতা ও হাওড়ায় আইন ও শৃখ্বলা রক্ষার জন্য রাজ্য সরকার যে ব্যবস্থাদি লইয়াছেন, এই প্রস্তাবে তাহার প্রতি অনুমোদন জ্ঞানান হইয়াছে। কংগ্রেস সদস্য শ্রীঅরবিন্দ রায়ের নামে উত্থাপিত এই প্রস্তাবে পুনরায় যাহাতে হিংসাত্মক ঘটনা সংঘটিত হইতে না পারে এবং খাদ্যাবস্থার যাহাতে আরও উন্নতি হয় তাহার জন্য প্রয়োজনীয় ব্যবস্থাদি প্রহণে রাজ্য সরকারকে আহ্রান জ্ঞানান হইয়াছে।

পি এস পি সদস্য শ্রীপঞ্চানন ভট্টাচার্যের নামে ব্রিটিশ প্রস্তাবের যে নোটিশ দেওয়া হইয়াছে তাহাতে সরকারী ও বেসরকারী হিংসাত্মক ঘটনার কারণ তদন্তের জন্য কলিকাতা হাইকোর্টের জনৈক বিচারপতি সহ একটি তদন্ত কমিটি গঠনের কথা বলা হইয়াছে। ৩১শে আগস্ট হইতে ৪ঠা সেপ্টেম্বর পর্যন্ত কলিকাতা, হাওড়া ও শহরতলীতে গোলযোগের ফলে যাহাদের জীবন নম্ভ হইয়াছে তাঁহাদের পরিবারবর্গকে ক্ষতিপূরণ দানের জন্যও এই প্রস্তাবে দাবি করা হইয়াছে।

## স্বাধীনতা

### সংগ্ৰাম প্ৰস্তুতি

[ স্বাধীনতা, ৯ জুলাই ১৯৫৯, সম্পাদকীয় ]

দৈনিক স্বাধীনতা পত্রিকার সম্পাদকীয় কলমে লেখা হল ঃ "আর কোন উপায় নাই, তাই এই সংগ্রাম। আমাদের রাজ্যে খাদ্যশস্যের অভাব নাই, তথাপি তিরিশ হইতে তেত্রিশ টাকা মণ দরে গ্রাম ও শহরের মানুষকে চাউল কিনিতে হইতেছে। গ্রামাঞ্চলে রেশন সরবরাহ প্রায় বন্ধ । দুর্গত ও ঘাটতি এলাকায় খাদ্য নাই। কৃষক কৃষি ঋণ পাইতেছে না। গরীব খেতমজুর ও গ্রামীণ বেকারদের টেস্ট রিলিফের কাজ নাই। দুর্গত অঞ্চলের মানুষ অনাহারে মরিতেছে। গ্রামাঞ্চলের কৃষিকার্যে ঘোরতর সংকট দেখা দিয়াছে। কাজ নাই, ঘরে টাকা নাই। খাদ্যের দর বাড়িয়াই চলিয়াছে। গ্রাম ও শহরের মানুষ, কৃষক ও শ্রমিক, উচ্চ ও নিম্নমধ্যবিত্ত সমাজের সমস্ত স্তরের মানুষ চরম খাদ্য সংকটে জর্জরিত। পশ্চিমবাংলার মানুষ ভাল করিয়াই জানে যে, এই দুরাবন্থার জন্য দায়ী কংগ্রেস সরকার ও তাহার খাদ্যনীতি। তাহারা আরো জানে যে, আঘাতের পর আঘাত হানিয়াই এই সরকারকে অন্ততঃ কিছু কিছু করিয়া দাবি মানিতে বাধ্য করা যায়। খাদ্য সংকটের সমাধানে ইহারা করিবে না। তবে ইহার কিঞ্চিৎ প্রশমন করিতে সরকারকে বাধ্য না করিলে মানুষ বাঁচিবে কি করিয়া? তাই এই সংগ্রাম ও তাহার জন্য প্রস্তি।"

### ঐতিহাসিক গণ-জাগরণ

[ স্বাধীনতা, ৮ সেপ্টেম্বর ১৯৫৯, সম্পাদকীয় ]

.....রাস্তার মানুষ প্রশ্ন করিতেছেন, কংগ্রেসী সরকারের রক্তের ক্ষুধা কি এখনও মিটে নাই ? জনসাধারণের খাদ্যের দাবিগুলি কি তাহারা কিছুতেই মানিবেন না ? সারা পশ্চিমবাংলার, এমনকি ভারতের অন্যান্য রাজ্যের মানুষের কাছে অসীম ঘৃণার পাত্র হইয়াও শ্রীপ্রফুল্ল সেন এখনও খাদ্যমন্ত্রীর গদি আঁকড়াইয়া থাকিবেন ? এমন একজন ঘৃণিত মানুষের জন্য কংগ্রেসী দলের দরদের সীমা-পরিসীমা নাই।

এত ব্যাপক ও তীব্র গণ-বিক্ষোভের পরেও পশ্চিমবাংলায় কংগ্রেসী সরকারের কি প্রচণ্ড ঔদ্ধত্য, কি ভীষণ প্রতিহিংসামূলক মনোভাব। দ্বিতীয় পর্যায়ের এই আন্দোলন একটি জাতীয় আন্দোলনের রূপ পরিগ্রহ করে। প্রথম পর্যায়ে পাঁচ সপ্তাহে জেলায় সত্যাগ্রহ করিয়া ১৬ শত মানুষ কারাবরণ করিয়াছিলেন। দ্বিতীয় পর্যায়ে ২০শে আগস্ট থেকে তরা সেপ্টেম্বর চৌদ্দ দিনে সাড়ে তের হাজার নরনারী গ্রেপ্তার হইয়াছেন। ইহার মধ্যে প্রায় দুই হাজার ছিলেন নারী। সারা বাংলায় শতাধিক কেন্দ্রে কোর্ট ও সরকারী দপ্তরে খাদ্যের দাবিতে সত্যাগ্রহ চলে। প্রতিদিন অসংখ্য শান্তিপূর্ণ সভা-সমাবেশ অনুষ্ঠিত হয়। ২৬ জন বিরোধী দলের আইনসভা সদস্যকে গ্রেপ্তার করা হইয়াছে। আরও বহু রাজনৈতিক নেতা, কর্মী ও সংগঠকের নামে শোনা যায় গ্রেপ্তারী পরওয়ানা আছে। সর্বোপরি, এত গ্রেপ্তারেও যখন আন্দোলন থামিল না, আরো ব্যাপক ইইতে ব্যাপকতর ইইতে লাগিল, লক্ষ লক্ষ নরনারী খাদ্যের দাবিতে সমবেত ইইতে লাগিল, তখন সরকার আন্দোলন দমনের জন্য বীভৎস আক্রমণের পদ্বা গ্রহণ করিলেন।

সরকারের এই আক্রমণ কত নিষ্ঠুর, কত হিল্পে হইতে পারে তাহা কেহ কল্পনা করিতে পারে নাই। একান্ত শান্তিপূর্ণ আন্দোলন চলিতেছিল বলিয়াই শিশুক্রোড়ে অসংখ্য জননীও এই সকল মিছিল ও সমাবেশে দাবি জানাইবার জন্য যোগদান করিতেছিলেন। তবু সরকারী হিল্পেতার পরিকল্পনা স্তব্ধ হয় নাই। বেপরোয়া লাঠি চলে, গুলি চলে। অর্থশত নরনারী নিহত হন, তিন সহস্র মানুষ আহত হন। বহু নরনারী, ছাত্র, যুবক এখনো নিখোজ। 'স্বাধীনতার রিপোর্টার ও ফটোগ্রাফারগণ এই বর্বর আক্রমণের যে চিত্র তুলিয়া ধরিয়াছেন তাহা ব্রিটিশ আমলের যে কোন অত্যাচারকে স্লান করিয়া দিয়াছে।

এতবড় ব্যাপক জাতীয় গণজাগরণকে যাঁহারা সমাজবিরোধীদের আন্দোলন বলিতেছেন তাঁহারা হয় বাস্তব সম্পর্কে অন্ধ, নয় কারেমী স্বার্থান্ধ। আমরা যাহারা জাতীয় মুক্তি সংগ্রামের বড় বড় আন্দোলনগুলিতে প্রত্যক্ষভাবে অংশগ্রহণ করিয়াছিলাম, কোনদিন গ্রাম ও শহরের মানুষকে এরূপ ব্যাপক গণ অভুখানে অংশ গ্রহণ করিতে দেখি নাই। প্রথমত এত নারীর অংশগ্রহণ বাংলাদেশের অতীতের কোন আন্দোলনে দেখা যায় নাই। দ্বিতীয়ত এইরূপ শান্তিপূর্ণ বিশাল জনসভা ও মিছিলের অনুষ্ঠান ইতিপূর্বে কখনও লক্ষ্য করা যায় নাই। তৃতীয়ত এত হিংল্ল ও নিষ্ঠুর আক্রমণ এবং সরকার ও স্বার্থ সংশ্লিষ্ট মহলের শত প্ররোচনা ও উসকানি দান (এমন কি প্রাদেশিকতা ও সাম্প্রদায়িকতার বিব ছড়ান পর্যন্ত) সন্ত্বেও জনগণের শান্তিরক্ষার এত বিপূল আগ্রহ পূর্বে কখনও দেখা যায় নাই। এত নরহত্যা হইল, এত মানুষ জখম হইল, তথাপি আন্দোলনে অংশগ্রহনকারীদের ভিতর বিন্দুমাত্র হতাশার ছাপ নাই। গতকাল হাসপাতালগুলিতে ঘুরিয়া দেখিলাম প্রত্যেকটি আহত মানুষ বুলেটের আঘাত-যন্ত্রণায় ছটফট করিতে করিতেও হাসিমুখে আমাদের সঙ্গে আলাপ করিলেন। যতগুলি আহত ব্যক্তিকে দেখিলাম সকলেই শ্রমিক-কর্মচারী, ছাত্র। তাঁহারা আপন আপন কান্ধ সারিয়া গৃহে ফিরিবার পথে গুলিতে আহত হইয়াছেন। তাই আন্দোলনের চতুর্থ বৈশিষ্ট্য হিসাবে বলিতে হয়, রাজনৈতিক কর্মী, সাধারণ শ্রমিক-কর্মচারী, ছাত্র, নরনারী যাঁহারাই সংগ্রামে অংশগ্রহণ করিয়াছেন তাঁহারা কি অসীম বীরত্ব দেখাইয়াছেন এই আন্দোলনে। পুলিসী হিংল্রতার মুখোমুখি দাঁড়াইয়া শান্তিরক্ষা করার অদম্য প্রচেষ্টা করিয়াছেন এইসব মানুষ। পঞ্চমত এই আন্দোলন জনগণের ন্যায্য দাবির একটি গণ-আন্দোলন, একটি গণ-অভ্যুন্থান।

খাদ্যের এই সংগ্রাম একান্তভাবে শান্তিপূর্ণ একটি গণ আন্দোলন। তাই এই আন্দোলনের প্রাণশক্তির প্রাচুর্য দেশবাসীর মন-প্রাণ সরকারী বিভীষিকা ও সন্ধাসের মধ্যেও প্রবল উৎসাহ উদ্দীপনায় পূর্ণ করিয়া তুলিয়াছে।

এই কারণেই খাদ্যের দাবির মীমাংসা না হইলে এই আন্দোলন স্তব্ধ করা অসম্ভব, ইহাকে বন্ধ করা অসম্ভব। কলিকাতা ও শহরতলীর পথে পথে শ্রমিক কৃষক ও ছাত্রের রক্ত ঝরিয়াছ, শত শহীদের রক্তের বিনিময়ে শ্রমিক, কর্মচারী, কৃষক ও ছাত্রদের সংগ্রামী ঐক্য গড়িয়া উঠিয়াছে তাহাই কংগ্রেসী সরকারের হিংস্রতা ও উদ্ধত্য চূর্ণ করিয়া দিবে। জনগণের দাবির নিকট তাহাকে মাথা নোয়াইতেই হইবে।

### যে কোন আদালতে দাঁড়াইয়া সাক্ষ্যদানে প্রস্তুত (স্বাধীনতার রিপোর্টার)

[ স্বাধীনতা, ৮ সেপ্টেম্বর ১৯৫৯ ]

কলিকাতা, ৭ই সেপ্টেম্বর —"এরকম নির্বিচার গুলিবর্ষণ বোধহয় বৃটিশ আমলেও হয়নি। আমি চাই এর তদন্ত হোক। যে কোন আদালতের সম্মুখে আমি সাক্ষ্য দিতে প্রস্তুত।"—প্রায় চীৎকার করে বলতে থাকেন বছবাজার স্ট্রীটের ব্যবসায়ী ও অধিবাসী শ্রীপ্রহ্রাদচন্দ্র মজুমদার।

গুলিবিদ্ধ শ্রীস্থাকর মণ্ডল ও তাঁর শিশুপুত্র শ্রীমেঘনাদ মণ্ডল এখনও মেডিক্যাল কলেজের মতিলাল শীল ওয়ার্ডে শয্যাশায়ী। তাঁদের কাছে শুনে বহুবাজার গিয়ে যাঁর সঙ্গে কথা বললাম তিনি জে. সি. এন্ড সন্ধ-এর অন্যতম অংশীদার শ্রীপ্রহ্লাদচন্দ্র মজুমদার।

তখন সন্ধ্যা হয়ে এসেছে, নাতিবৃহৎ গহণার দোকানটি আলোয় ঝলমল করছিল। "স্বাধীনতা" থেকে এসেছি শুনে তিনি দোকান থেকে বেরিয়ে এসে আমাদের দেখালেন, কিভাবে একটি বুলেট সাইনবোর্ড ভেদ করে দোতলার বারান্দার লোহার পিলারে ক্ষত সৃষ্টি করে একই সঙ্গে পিতা-পুত্রকে বিদ্ধ করেছে। বছবাজার স্ট্রীটের উপর দাঁড়িয়ে তিনি সাইনবোর্ডটি দেখালেন। বড় বড় হরফে লেখা "বেঙ্গল সেলস্ এজেন্দী"-র বিরাট বারান্দা জোড়া সাইনবোর্ডের "বেঙ্গল" শব্দটি শুলিবিদ্ধ।

১লা সেপ্টেম্বর রাত্রি ৯টা সাড়ে ৯টা নাগাদ তাঁরা ঘরের দরজা বন্ধ করার সময় গুলিবিদ্ধ হন। শ্রীমজুমদার সপরিবারে এই বাড়িতেই তিনতলায় থাকেন। বাড়ীর নম্বর ১৮৫ বছবাজার স্ট্রীট।

শ্রীমজুমদার জানালেন, রাত নটা নাগাদ পিতা-পুত্রের কাতর আর্তনাদ শুনে বাড়ীর তিনতলার মেয়েরা দোতলার অফিসের ঘরে ঢুকে শ্রী মণ্ডল ও তাঁর বালক পুত্রকে গুলিবিদ্ধ ও রক্তাপ্সত অবস্থায় দেখতে পান। সুধাকর মণ্ডলের হাতে পেটে বুলেট লাগে ও তাঁর বালকপুত্র মেঘনাদের তলপেট বুলেট বিদ্ধ হয়।

শ্রীমঞ্জুমদার জ্বানালেন, তাঁরা বারবার অ্যাস্থুলেন্সকে ডেকেও তাদের সাহায্য পান নি। পুলিসের সাহায্য ছাড়া অ্যাস্থুলেন্স আসতে রাজি হয় নি। প্রতিবেশীরা থানা এবং লালবাজারে ফোন করলে তাঁরা শুধু কতকণ্ডলি অবান্তর প্রশ্নবাণের সম্মুখীন হয়ে হয়রান হন। "আইন শৃত্থলার রক্ষাকর্তারা" আহতদের চিকিৎসার কোন ব্যবস্থাই করেননি। নিরূপায় হয়ে শেষ পর্যন্ত দেড় দুই ঘণ্টা পর রিক্সায় করে আহতদের মেডিকেন কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। যখন তাঁরা আহতদের নিয়ে যাচ্ছিলেন, তখনও বৌবাজ্ঞার স্ট্রীটে আর কলেজ স্ট্রীট পুলিসের বেপরোয়া গুলি বর্ষিত হচ্ছিল।

শ্রীমণ্ডল ঐ কোম্পানীর কর্মচারী। শ্রীমান মেঘনাদ তাঁর জ্যেষ্ঠ পুত্র, কানাই ধর লেনের কর্পোরেশন স্কুলের চতুর্থ শ্রেণীর ছাত্র।

মেঘনাদের ছোট ভাই অজিত, ৮/৯ বছর বয়স হবে, সেও ওই স্কুলের তৃতীয় শ্রেণীর ছাত্র। সে তার বাবা আর ভাই এর পথ চেয়ে বসে রয়েছে সেই বাড়িতে। আমি যেতে, সে আমাকে ঘরের দেওয়ালে, বারান্দায়, দরজায় শুকিয়ে যাওয়া গাঢ় রক্তের দাগ দেখিয়ে বললো ঃ "এই যে, এখানে রক্তের দাগ।"

জীবন সম্পর্কে অনভিচ্ছ শিশুর চোখে একরাশ আতঙ্ক আর বিষ্ময়, আর প্রশ্ন! সে প্রশ্নটি মুখ্যমন্ত্রী বুঝবেন ? দেবেন, তার জবাব ?

## খাদ্যের দাবিতে জেলায় জেলায় আইন অমান্য অব্যাহত আসানসোলে পৌরসভার নারী শ্রমিকরাও আওয়ান

[ স্বাধীনতা, ৮ সেপ্টেম্বর ১৯৫৯ ]

বিভিন্ন জেলায় দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির কর্মসূচী অনুসারে খাদ্যের দাবিতে আইন অমান্য অব্যাহত রহিয়াছে। শনিবার ৫ই সেপ্টেম্বর যেসকল স্থানে আইন অমান্য হয় তাহার প্রাপ্ত কয়েকটি সংবাদ নীচে দেওয়া হইল। এইদিন আসানসোলে ৩১জন মিউনিসিপ্যাল নারী শ্রমিকও আইন অমান্য করেন।

#### আসানসোল

এই দিন আসানসোলে ৩১জন মহিলাসহ মোট ৩৮ জন আইন অমান্য করিয়া গ্রেপ্তার হন। মহিলাদের মধ্যে ২৫ জন স্থানীয় পৌরসভার শ্রমিক ছিলেন। আইন অমান্যকারীদের ২৫ টাকা জরিমানা অনাদায়ে কোর্ট চলা পর্যন্ত আটক রাখা হয়। দার্জিলিং

मार्জिनिংয়ের কালিম্পংয়ে ৫ জন স্বেচ্ছাসেবক স্থানীয় আদালতে আইন অমান্য করিয়া গ্রেপ্তার হন।

### আজ রাজ্যব্যাপী ছাত্র শহীদ দিবস পালনের আহান

[ স্বাধীনতা, ৮ সেপ্টেম্বর ১৯৫৯ ]

বর্বর দমননীতির বিরুদ্ধে গতকাল প্রতিবাদ দিবস পালিত হয়। খাদ্য আন্দোলনের সাফল্যের জন্য ছাত্র সংগ্রাম কো-অর্ডিনেশন কমিটি গঠিত।

আজ মঙ্গলবার (৮ই সেপ্টেম্বর) সারা রাজ্যবাপী 'ছাত্র শহীদ দিবস' পালন উপলক্ষে প্রতিটি ছাত্রছাত্রীকে কালো ব্যাজ্ঞ ধারন করিয়া, স্কুল-কলেজে আসিবার জন্য বিভিন্ন ছাত্রসংগঠন ও ইউনিয়ন সমূহের পক্ষ হইতে অনুরোধ জানানো হইয়াছে।

বিদ্যায়তনের মধ্যে শহীদ বেদী নির্মাণ ও তাহাতে মাল্যদান, কৃষ্ণপতাকা উন্তোলন ও শোকসভা প্রভৃতির মাধ্যমে শহীদ দিবস পালিত হবে।

## শোক গন্তীর পরিবেশে রাজ্যব্যাপী ছাত্র শহীদ দিবস উদযাপন

[ স্বাধীনতা, ৯ সেপ্টেম্বর ১৯৫৯ ]

খাদ্য আন্দোলনে পুলিসের গুলিতে নিহতদের প্রতি সম্মান জ্ঞাপন।

স্কুল কলেন্দ্রে কৃষ্ণ পতাকা উন্তোলন : কলিকাতা শহরতলী ও জেলায় জেলায় ছাত্র শহীদ দিবস পালিত : অধ্যক্ষ, অধ্যাপক ও কর্মচারীগণের কালো ব্যাজা ধারণ : হাসপাতালে আহতদের মধ্যে ফল ও ফুল বিতরণ।

ছাত্র-ছাত্রীদের বিভিন্ন শোকসভায় গৃহীত প্রস্তাবে দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি কর্মসূচী সফল করিবার সংকল্প গ্রহণ করা

হয়। অবিলম্মে নির্বিচারে গুলি লাঠিচালনা ও পুলিসী আক্রমণের প্রকাশ্য তদন্ত, ১৪৪ ধারা প্রত্যাহার, বিনাশর্ডে সমস্ত রাজবন্দীদের মুক্তিদান, নিহতদের পরিবার বর্গ ও আহতদের ক্ষতিপূরণ এবং দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির দাবিসমূহ মানিয়া লইয়া মীমাংসার দাবি জানানো হয়।

## পুলিসের লাঠিওলিতে মৃত্যুর সংখ্যা ৮০টিরও অধিক

[ স্বাধীনতা, ৯ সেপ্টেম্বর ১৯৫৯ ]

মুখ্যমন্ত্রী ডাঃ রায় কর্তৃক ৩৯টি বলিয়া স্বীকার।

রাত্ত্রের গভীর অন্ধকারে মৃতদেহ অপসারণ ও পুলিস কর্তৃক দাহকার্যঃ শেষ কৃত্যের অধিকারে আশ্বীয়স্বজন বঞ্চিত। মুখ্যমন্ত্রী ডাঃ রায় গতকাল সাংবাদিকদের জানান যে, তাঁহার মতে সাম্প্রতিক গুলিবর্বণ ও লাঠিচার্জে পশ্চিবঙ্গের মোট ৩৯জনের মৃত্যু হইয়াছে।

## এমন পুলিসী অত্যাচার দেখি নাই—সাংবাদিক সম্মেলনে ভূপেশ গুপ্তের ঘোষণা

[ স্বাধীনতা, ৯ সেপ্টেম্বর ১৯৫৯ ]

কমিউনিষ্ট নেতা শ্রীভৃপেশ গুপ্ত আজ (৮ই সেপ্টেম্বর) সাংবাদিক সম্মেলনে বলেন, "পশ্চিমবংগের এই সুশৃদ্ধল খাদ্য আন্দোলনের নেতৃত্ব করিতেছে দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি—'গুণ্ডাদের' হাতে নেতৃত্ব চলিয়া গিয়াছে বলা ভূল।" শ্রীগুপ্ত বলেন, তিনি বছ আন্দোলন দেখিয়াছেন কিন্তু কোথাও "এমন বর্বর এবং মানব বিষেবী পুলিসী অত্যাচার দেখেন নাই।" শ্রীগুপ্ত এই পুলিসী অত্যাচারের তদন্ত দাবি করেন।

শ্রীত্রিদিব চৌধুরী ও শ্রীঅরবিন্দ ঘোষালও এই সাংবাদিক সম্মেলনে অংশগ্রহণ করেন।

শ্রীভূপেশ গুপ্ত বলেন, প্রধানমন্ত্রী নেহেরু অল্প কিছুদিন আগে বলিয়াছিলেন যে সমস্ত পুলিসী গুলি চালনারই তদন্ত হওয়া উচিং। কিন্তু ডাঃ রায় বলিয়াছেন, প্রধানমন্ত্রী গাঁহাকে কিছু জানান নাই!

## খাদ্য সংগ্রামের তৃতীয় পর্য্যায়ে কোর্টে কোর্টে আইন অমান্য আরম্ভ

[স্বাধীনতা, ১০ সেপ্টেম্বর ১৯৫৯ ]

৭ই ও ৮ই সেপ্টেম্বর পুরুলিয়া, ঝাড়গ্রাম ও আসানসোলে আইন অমান্য অনুষ্ঠিত ঃ ঝাড়গ্রামে শ্রীসুধীর পাণ্ডে এম. এল. এ. গ্রেপ্তার।

খাদ্য আন্দোলনের তৃতীয় পর্যায়ের কার্যসূচী অনুসারে বিভিন্ন কোর্টে আইন অমান্য আরম্ভ হওয়ার সংবাদ পাওয়া যাইতেছে। ৯ই, ৮ই, ৭ই সেপ্টেম্বর বর্জমান, পুরুলিয়া, মেদিনীপুরের ঝাড়গ্রামে এবং আসানসোলে আইন অমান্য হইবার আরও সংবাদ আসিয়াছে। ঝাড়গ্রামে আইন অমান্যকারীদের নের্ডৃত্ব করিবার জন্য শ্রীসুধীর পাণ্ডে এম এল এ গ্রেপ্তার হন।

৯ই সেপ্টেম্বর বর্দ্ধমানে কৃষক সমিতির কর্মী শ্রীঅশোক ঘোষের নেতৃত্বে ৯জন আইন অমান্য করিয়া গ্রেপ্তার হন। টোহাদের আদালতের কাজ শেষ না হওয়া পর্যন্ত আটক দণ্ড হয়।

### পুরুলিয়া

গত ৮ই সেপ্টেম্বর পুরুলিয়া আদালতে ৫জন বিক্ষোভ প্রদর্শন করিয়া গ্রেপ্তার ও কারাদণ্ডিত হন। গত ৭ই সেপ্টেম্বর পুরুলিয়ায় ৪জন গ্রেপ্তার হন।

#### ঝাড়গ্রাম

গত ৭ই সেপ্টেম্বর ঝাড়গ্রাম এস ডি ওর আদালতে কমিউনিষ্ট শ্রীসুধীর পাণ্ডের নেতৃত্বে শতাধিক ব্যক্তি আইন অমান্য করেন। পুলিস কেবলমাত্র শ্রীপাণ্ডেকে গ্রেপ্তার করে।

#### আসানসোল

গত ৭ই সেপ্টেম্বর আসানসোল আদালতে আইন অমান্য করিয়া ৯৯ জন গ্রেপ্তার হন। গত ৫ই সেপ্টেম্বর আসানসোল

স্বাধীনতা 253

আদালতে মোট ১৮০ জনকে গ্রেপ্তার করা হয়। গতকাল গলারামপুর, বালুরঘাট, বর্জমান, বহরমপুর ও কালিম্পং-এ ৭ই সেপ্টেম্বর আইন অমান্য হইবার সংবাদ প্রকাশ হইয়াছিল।

## আজ রাজ্যব্যাপী শহীদ দিবস পালনের আহ্বান—দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির আবেদন

[ স্বাধীনতা, ১০ সেপ্টেম্বর ১৯৫৯ ]

শ্রমিক কর্মচারী মহিলা ছাত্র ও রাজনৈতিক সংগঠন সমূহের সমর্থন।

খাদ্য আন্দোলনের ৮০জন শহীদের প্রতি যথাযোগ্য মর্যাদা সহকারে সম্মান প্রদর্শনের উদ্দেশ্যে রাজ্যব্যাপী আজ (বৃহস্পতিবার) শহীদ দিবস পালনের জন্য মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি দেশবাসীর প্রতি আহুনে জানাইয়াছেন। এই আহ্বানে সাড়া দিয়া শ্রমিক কৃষক, কর্মচারী, মহিলা ছাত্র ও রাজনৈতিক সংগঠনসমূহ জনগণের নিকট আবেদন জানাইয়াছেন ও শহীদ দিবস পালনের প্রস্তুতি চালাইয়াছেন।

শহীদ দিবসের প্রস্তুতিতে আজ কলিকাতা ও শহরতলীর বিভিন্ন অঞ্চলে প্রবল বৃষ্টির মধ্যে স্বেচ্ছাসেবক ও স্বেচ্ছাসেবিকাগণ ইস্তাহার বিলি, বাড়ি বাড়ি স্কোয়াড করিয়া প্রচার করেন।

## তৃতীয় পর্যায়ের খাদ্য আন্দোলনে গ্রেপ্তার

[ স্বাধীনতা, ১০ সেপ্টেম্বর ১৯৫৯ ]

মফস্বল জেলার বিভিন্ন কোর্ট ও বিডিও অফিসে প্রতিরোধ কমিটির কর্মসূচী অনুসারে খাদ্যের দাবিতে সত্যাগ্রহ করিয়া স্বেচ্ছাসেবকগণ গ্রেপ্তার হইয়াছেন। এ পর্যন্ত ৯ই, ৮ই ও ৭ই সেপ্টেম্বর বিভিন্ন জেলায় আইন অমান্যের যেসকল সংবাদ পাওয়া গিয়াছে তাহা নীচে দেওয়া হইল।

৯ই সেপ্টেম্বর		
বৰ্দ্ধমান	_	৯ জন
৮ই সেপ্টেম্বর		
বৰ্দ্ধমান		৭ জন
পুরুলিয়া	_	৫ জন
৭ই সেপ্টেম্বর		
কাটোয়া		১২ জন
পুরুলিয়া	_	৪ জন
দিনহাটা		৫ জন
আসানসোল	_	১৯ জন
কান্দী	_	১০ জন
বহরমপুর		১৬ জন
শ্যামপুর (উলুবেড়িয়া)	_	৫ জন
কালিম্পং	-	২২ জন (১২ জন মহিলা)
গঙ্গারামপুর		১৭ জন
বালুরঘাট	_	৩১ জন
বৰ্দ্ধমান		৬ জন
ঝাড়গ্রাম	_	১ (স্থানীয় এম এল এ)
কুমারগাঁও (জ্বলপাইগুড়ি)	<b>—</b>	১০ জন

### কয়েকটি জবানন্দী

[ স্বাধীনতা, ১০ সেপ্টেম্বর ১৯৫৯ ]

দীপক বলছিল,—না, না, আমার আর কিছু মনে নেই....কিছু না...শুধু চারদিক থেকে তখন গুলি ছোঁড়ার আওয়াজ...কালো কালো ভূতের মতো লোকগুলো...তাগ করে গুলি ছুঁড়তে ছুঁড়তে এগোল। দাদু রিক্সা থেকে গড়িয়ে মাটিতে পড়ে গেলেন। বলতে বলতে সাত বছরের ছেলেটা তার মাকে জ্বডিয়ে ধরতে চাইল। হতভম্ব ছেলেটা পয়লা সেপ্টেম্বরের সেই ভয়ঙ্কর রাত্রিটার কথা মনে করতে গিয়ে এখনোও শিওরোচ্ছে।

সাত বছরের নাতিটা দেখেছিল তার ৭৫ বছরের বুড়ো দাদুকে পুলিসের বুলেট বুকে বিঁধে মুখ থুবড়ে পড়তে। তার কাঁচা বয়স থেকেই এই একটা খুনের দৃশ্য চিরকালের জন্য তার বুকে বিঁধে রয়ে গেল। আর এই খুনী কেউ নয়, তারই দেশের সরকার।

দীপক বলছিল, সেন্ট্রাল এভিনিউ বৌবাজার ধরে এগুতে এগুতে রিক্সাওয়ালা হঠাৎ চীৎকার করে উঠল, 'বাবু গোলি চলা গোলি....।' সে রিক্সাটাকে টেনে রবার্টস স্ট্রীটের কাছে রেখেছে। দাদু বললেন নাতিকে যাও তাড়াতাড়ি কোথায় গিয়ে আশ্রয় নাও, আমি যাচ্ছি। রিক্সাওয়ালা আর সে পাশের এক কয়লার দোকানে ঢুকে হাঁপাচ্ছে। বৃদ্ধ রিক্সা থেকে নামতে গেলেন, আর মুখ থুবড়ে পড়লেন।

তারপর সেই জখম মানুষকে ধরে নিয়ে গেল ইসলামিয়া কলেজের হাসপাতালে। পাড়ার লোক, রিক্সাওয়ালা সকলে ধরাধরি করে নিয়ে গেল।' একজন মুসলিম যুবা লষ্ঠনে লাল কাগজ এঁটে, লাল আলোর নিশানা দেখাতে দেখাতে অন্ধকারে পথ করে এগোলেন, এ খবর এই কাগজের পাতাতেই বেরিয়েছে।

হাসপাতালে বৃদ্ধ শেষ নিঃশ্বাস ফেললেন। দীপক বলছিল সে সময় দাদু একপাশ চেয়ে আমার দিকে শুধু তাকিয়ে রইলেন।

হাাঁ, স্বাধীনতায় চুনীলাল দত্তের যে ছবি বেরিয়েছে তাতে তার একটি চোখ অমনি খোলা, বিস্ফারিতই ছিল। এতো বড়ো অন্যায়, সইবে?

রসায়নবিদ চুনীলাল দন্ত পঁচান্তর বছর বয়সে পুলিসের গুলিতে শহীদ হলেন। তিনি ছিলেন বিদ্যাসাগর কলেজের কেমিষ্ট্রি বিভাগের প্রাক্তন ডিমনস্টেটর। গত ৮ই তারিখে ছাত্ররা বিদ্যাসাগর কলেজে শহীদ বেদী নির্মাণ করে শহীদদের স্মৃতিতে মাল্যদান করল। তাতে লেখা ছিল, 'টু দি মেমোরি অব আওয়ার বিলাভেড টিচার চুনীলাল দন্ত…' এ ছবিত স্বাধীনতার পাতায় বেরিয়েছে।

পরশু সেই শহীদ চুনীলাল দত্তের ৭৮বি মানিকতলা স্ট্রীটের বাড়িতে দেখা করতে গিয়েছিলাম। চুনীবাবু ছিলেন পাড়ার একজন সন্ত্রান্ত ব্যক্তি। ওষ্টার মেডিকেল কোম্পানীর ডিরেক্টর। পুত্র বিরেন দত্তও বিজ্ঞানের ডি-ফিল উপধিধারী। ডাঃ রায় কথিত উটকো নন। শহরের সঙ্গতিবান নাগরিক এরা। (মুখ্যমন্ত্রী কি তাঁর সমাজ-দ্রোহীদের চিনতে পারছেন?) কিন্তু সরকারের বুলেটে প্রাণ দিতে হল চুনী দত্তকে?

কেন, কোন্ অপরাধে ? একথাই বলছিলেন দীপকের মা। চুনীবাবুর পুত্রবধূ শ্রীমতী তপতী দন্ত। বলতে গিয়ে তাঁর সমস্ত শরীর কাঁপছিল। পাছে পড়ে যান, তাই চেয়ারের হাতল ধরে বলছিলেন। গলার স্বর ভেঙে আসছিল। চোখ ঠেলে আসছিল কানা। শুধু কি কানা ?

বলছিলেন, এতো বড়ো অন্যায়, সইবে? বুড়ো মানুষ, নাতিকে নিয়ে রিক্সায় করে এগিয়ে গিয়েছেন। আমাদের থেকে মাত্র ১৫ মিনিট পথ এগিয়ে গিয়েছেন। আমরা পরিবারের সকলেই গিয়েছিলাম নিউ এম্পায়ারে পি. সি. সরকারের ম্যাজিক দেখতে। ৯টার সময় বেরিয়ে দেখা গেল ধর্মতলায় গাড়ি ঘোড়া নেই সব বন্ধ। একটি ট্যাক্সিও পাওয়া গেল না। তখন সকলেই সেট্টাল এভিনিউ ধরে হেঁটে ফিরব ঠিক হল। কেবল বুড়ো মানুষ বলে ওর জন্যে রিক্সা, সঙ্গে ছেলেটা রইল। কিন্তু জি. ই. সি-র বাড়ির কাছে এসে আর এগোতে পারা গেল না। এদিকে রিক্সা এগিয়ে গিয়েছে সেই অন্ধকারে। তখন, তখনই .... শ্রীমতী দন্ত আর শেষ করতে পারেন না। গলা বুজে আসে তাঁর। তারপর খানিকক্ষণ চুপ করে থেকে বলেন, যখন খবর পেয়ে হাসপাতালে সবাই গেল, তখন সব শেষ হয়ে গেছে।

৪ঠা তারিখে পুলিস একেৰারে শ্মশানঘাটে মৃতদেহ দিল। শুধু চোখের দেখা। এদিকে ঐ রাত্রে বাড়ি থেকে বুড়ো

স্বাধীনতা 255

কর্তার খোঁজ করতে বেরিয়েছিল তাঁদের কারখানার দুজন কর্মচারী রাম সিং আর বলাই সামন্ত। সে সেই পয়লা তারিখ। তারপর এ পর্যন্ত তাঁদের আর খোঁজ পাওয়া যায় নি। না কোনো হাসপাতালে, না পুলিসে কোথাও। আজও ফেরেনি সেই দুজন। কোথায় গেল!

ওঁদের সঙ্গে দেখা করে ফেরবার সময় দীপকের পায়ের দিকে নজর গেল। দেখি পায়ের পাতায় ব্যান্ডেজ বাঁধা। জিজেস করলাম, তোমার কী হয়েছে? শ্রীমতী দন্ত বললেন, গুলির ছিটে ওর পায়েও লেগেছিল। বাড়ি এসে টের পাওয়া গেল। একজন বুড়ো মানুষ, আর একজন বাচ্চা, কোন দোষ করেনি,—এ অন্যায়ের রাজত্বে।

ফেরবার সময় শ্রীমতী দত্তের কথা কানে বাজছিল।...এতো বড়ো অন্যায় সইবে?

### নাট্যাচার্য যাদের দেওয়া খেতাব ছুঁতে পারেননি

বৃহস্পতিবার, সেও রাত্রি সাড়ে নটা, দশটা হবে। বিডন স্ট্রীটের ফুটপাতের ওপর পুলিসের গুলিতে এফোঁড়-ওফোঁড় হয়ে ৬ ফুট দীর্ঘদেহ মানুষটি গোড়া কাটা গাছের মতোই উল্টে পড়লেন। হাসপাতালে, ইসলামিয়া কলেজে নিয়ে যাবার সঙ্গে সঙ্গেই তাঁকে মৃত বলে ঘোষণা করা হল।

কে ইনি? নাট্যাচার্য শিশিরকুমারের মধ্যম সহোদর শ্রী তারা ভাদুড়ী মশাই ধরা গলায় বলেছিলেন, এ যাত্রা আমাদের ছোটমামাই যে গেলেন, এটা প্রথমে আমরা হাসপাতালের বর্ণনা শুনেই ঠাওর করতে পারি। তখনও মৃতদেহ চোখে দেখি নি কিন্তু বিভন স্ট্রীটে ৭৮ বছর বয়সেও এক অটুট দেহী, কাঁধে ঝেলানো ব্যাগে একটা আফিমের কৌটো (আফিম খেতেন), একটা ওষুধের শিশি (খুব ওষুধ খাওয়া অভ্যস ছিল), একটা কাচের গ্লাস (বাইরে দোকানের গ্লাসে জল কি চা খেতেন না, নিজের গ্লাস সঙ্গে রাখতেন), আর কাগজপত্তর। এ বর্ণনা তো সেই একজনেরই। ছুটলুম সনাক্ত করতে।

মুখ্যমন্ত্রীর পুলিস কি ভেবেছিল অজ্ঞাতনাম? না, ইনিই সেই ফণীন্দ্রকিশোর আচার্য্য। নটগুরু শিশিরকুমারের আপন ছোট মামা। তাঁকে কেনা চিনত? কলকাতার থিয়েটার মহল, ন্যাট্যামোদী সংস্কৃতি মহলে তিনি ছিলেন বর্ষীয়ান প্রিয়জন।

ফণীন্দ্রবাবু বিডন স্ট্রীটেই থাকতেন। নিরীহ পথচারী বৃদ্ধ রাস্তাপার হচ্ছিলেন। সরকারের চোখে এই কি তাঁর অপরাধ হয়েছিল?

প্রৌঢ় তারা ভাদুড়ী একটু চুপ করে থেকে আবার বলছিলেন, ছোটমামার ব্যাপারে তিনদিন ঘুমোতে পারিনি। তারপর নিজের মনেই একটু উত্তেজিত ভাবেঃ কি হতে চলেছে এই দেশটায়।

জানতে চাইলাম ফণীন্দ্রবাবু সম্পর্কে আর কিছু। ওঁর সম্পর্কে আর কি শুনবেন। 'মিশচিফ হ্যাজবিন ডান' (যা অনাচার হবার হয়ে গিয়েছে)। মাতুলের আর কেউ ছিলেন না। যদি জানতে চান, আমরাই তাঁর ওয়ারিশ।

আমরাই তাঁর ওয়ারিশ। আমি ফিরতে ফিরতে ভাবছিলাম, সব শহীদের ওয়ারিশই তো আমরা, সমস্ত দেশবাসী, আমরাই। কেউ একজন নন। একজন হলেও সকলের।

### বুলেট ঘরের কথা

অনেকের মধ্যে মাত্র দুজন শহীদের বিবরণী দিলাম। আরও দেওয়া যেত। তালিকা আরও বাড়ানো যায়।

কিন্ত এবার শুনুন, তাঁদের কথা, সরকারের শান্তিরক্ষক পুলিস যাঁদের একেবারে মেরে ফেলতে না পেরে পঙ্গু করে দিতে চেয়েছে, কিংবা জীবন মৃত্যুর মধ্যে রেখে দিতে চেয়েছে, এ সংখ্যা শত শতের কোটা পেরিয়ে যায়।

শন্তুনাথ পণ্ডিত হাসপাতালের সার্জিক্যাল ওয়ার্ডের একটা ঘরের নামই হয়ে দাঁড়িয়েছে বুলেট ঘর। এই একটি ওয়ার্ডের পর পর ১২ জন বুলেট আহতের আমি তালিকা দিচ্ছি। তাতেই বোঝা যাবে। রঞ্জিতকুমার আচার্য (১৪ বৎসর) স্কুলের ছাত্র, নির্ম্মলেন্দু ব্রহ্মচারী (৩৬) রামকৃষ্ণ মিশনের সেবাব্রতী সদ্ম্যাসী, শৈলেন্দ্রনাথ ঘোষ রায় (২১), তরুণ চাকুরিয়া, ইউনাইটেড লাইনার এজেন্দির একজন টালি ক্লার্ক। যাঁর সামান্য আয়ের ওপর বিধবা মা সহ ৭জন পোষ্যের সংসার নির্ভর করছে, দিলীপ চ্যাটাজী, চারুচন্দ্র কলেজের তৃতীয় বার্ষিক অর্থনীতির ছাত্র, বিজয়প্রসাদ চৌধুরী, বাণিজ্যের ছাত্র। (গুলি করেও কর্তব্য শেষ হয়নি, হাসপাতালের ভিতর বেডের সামনে অষ্টপ্রহর পুলিস শান্ত্রী বসিয়ে রাখা হয়েছে)।মিহির চক্রবর্তী (২২), আছীয়ের ওপর নির্ভরশীল যুবক, সন্তোব (১৪) কালীমন্দিরের কর্মচারী, ফিরিঙ্গি মাহাতো (৩০) পোর্টকমিশনারের

শ্রমিক, কোল বার্থে কান্ধ করে। নির্মলেন্দু পাল (১২), ৭ম শ্রেণীর স্কুলের ছাত্র, বাবা সেলস ট্যান্সে ওকালতি করেন। মানকুলা পাঠক, ইন্দুভূবণ দাস। এই একটি হাসপাতাল থেকেই একমাত্র বুলেট ক্ষথমেরই আরো নাম দিতে পারি।

এদের মধ্যে একজন সোমবারই মারা গিয়েছেন ইসলামিয়া কলেজে। নাম শিউরতন শা। মেডিকেল কলেজে মার্টিন ব্লকে কিশোর ছাত্র দেবব্রত চক্রবতীর জীবনমরণ সংশয় চলছে। আর. জি. কর সার্জিক্যালে বন্ধ শ্রেণীর স্কুলের ছাত্র কমল পালকে নাকে অক্সিজেনের নল গোঁজা অবস্থায় ছটফট করতে দেখে এসেছি, আর ১জন ইসলামিয়া কলেজে শেখ সৃফিজুদ্দিন (৪০), মেডিকেল কলেজে কলিকাতা প্রবাসী পাঞ্জাবী দর্শন সিং (৩০)।

#### একজন সেবিকা বললেন

আর একটি দৃষ্টান্ত দেব। একজন মহিলা শ্রীমতী গৌরী ভট্টাচার্য, বৃত্তিতে ইনি সেবাব্রতিনী। ৯ বৎসর ধরে নর্থ সুবার্বার্ণ হাসপাতালে নার্সের কাজ করে এসে রোগীদের সেবা দিয়ে, শুশ্রুবা দিয়ে বাঁচিয়ে তুলে, আজ যিনি পুলিসের বুলেটের ক্ষত ধারণ করে আর. জি. কর. হাসপাতালের শয্যায় পড়ে আছেন। তাঁকে কিছু জিজ্ঞাসা করতে গেলে শুধু অশ্রুধারা নেমে এসেছিল। তিনি শুধু এটুকু বলতে পেরেছিলেন, এরপর আর কি বলবেন বলুন। একটি রোগীকে ইনজেকশন দেওয়ার কাজে যাছিলাম। দমদম রোডে হঠাৎ এসে একটি ভ্যান গুলি শুরু করল। পাশের একটি চায়ের দোকানে গিয়ে আমরা আশ্রয় নিই। সবাই দেখেছিলেন, আমি ঠিক মনে করে বলতে পারি, যে পুলিস গুইদিকে ঠাণ্ডা মাথায়, নিশানা ঠিক করে, রয়ে সয়ে, তারপর গুলি চালিয়েছিল। আমার পায়ে এসে লাগতেই আমি পড়ে যাই। তারপর এই হাসপাতালে নিজেকে দেখছি। পুলিস গুলি করে ফেলে চলে যায়। পাড়ার লোকই হাসপাতালে আনে। দুইটি সস্তানের জননী, সেবাব্রতিনী শ্রীমতী ভট্টাচার্য্যের কাহিনী এই।

এই কয়দিনে বুলেটে ও লাঠিতে নিহত শহীদদের মধ্যে রয়েছেন সুরেন্দ্রনাথ আইন কলেজের ছাত্র বিভৃতিভূষণ রায়টোধুরী, আছেন হাওড়ার ধীরাজ গুহ, সদ্য বি-কম পাশ করা যুবক। আছেন ইঞ্জিনীয়ারিং শ্রমিক শ্রী অভিমন্য সাউ, গড়িয়াহাটা মোড়ের বিখ্যাত মিষ্টান্ন দোকান 'জলযোগে'র ম্যানেজার শ্রী ধীরেন দাশগুপ্ত, রয়েছেন সুদ্র পুরুলিয়ার শহীদ প্রহ্লাদচন্দ্র ব্যানাজী, লাঠির নির্মম ঘায়ে জীবন দেন।

## আমার ছেলে কোথায়?

[স্বাধীনতা, ১০ সেপ্টেম্বর ১৯৫৯]

আমার ছেলে, আমার ছেলে কোথায় ?—থেকে থেকে আধা বেহুঁশ অবস্থায় চীৎকার করে উঠছেন শ্রীমতী পূষ্প। আপনার বাড়ি কোথায় জিজ্ঞাসা করলে জবাব আসে একটি "আমার ছেলে? ঐ যে পূলিস আমাকে মারলো, ছেলেটা বৃক থেকে পড়ে গেল রাস্তায়।" বাড়িতে এক অক্ষম স্বামী। আর চার বছরের পুত্র। কোন এক অখ্যাত সদরপুর গ্রামে বাড়ি। গোপালপুর ইস্টিশনে নেমে যেতে হয়। পাঁচ জনের পরিবার। শ্রীমতী পূষ্পই সংসার চালান। দমদমের দিকে শাক-সজ্জী বিক্রি করতেন পূষ্প। কখনও একমুঠো জুটতো, কোনদিন বা জুটতো না। তাই বৃঝি খাদ্য আন্দোলনের ডাক পূষ্পকে চঞ্চল করে তুলতো। ৩১শে মিছিলের সারিতে শিশুপুত্রকে বৃকে নিয়ে পূষ্পও হাজির হয়। তারপর...।

লাট সাহেবের বাড়ির পূব পাশে লাঠি চলে পূলিসের। সে লাঠি পূজাকে নারী বলে রেহাই দেয়নি। পিঠে লাঠি পড়ল পূজ্পর। টিয়ার গ্যাসের ধোঁয়ায় বাচ্চাটা কেঁদে কাঁকিয়ে উঠল, আরও লেপ্টে গেল মায়ের বৃকে। হিংল্ল পূলিস মায়ের পিঠে লাঠি মেরেও তার জিঘাংসা মিটল না। কংগ্রেস সরকারের নির্দেশ অলংঘনীয়। তাই এবার পূলিস আঘাত করল পূজ্পর হাতে। বাচ্চাটা ছিটকে পড়ল রাস্তায় মায়ের কোল থেকে। একদল বাাপিয়ে পড়ল পূজ্পের ওপর। সংজ্ঞা হারান পূজ্প। পূজ্প বাড়ির রাস্তা পেলেন না বৃঁজে। কি করে হাওড়ার এক অখ্যাত বস্তিতে হাজির হন পূজ্প তা নিজেও জানেন না, বলতেও পারলেন না।

এরপর ৭ দিন কেটে গেছে। এখনও পুষ্পর মুখে কেবল সেই এক কথা—"আমার ছেলে কোথায়।" ডাঃ রায় এ প্রশ্নের জ্ববাব দেবেন কি?

चावीनण 257

## "পশ্চিমবংগের পাশে দাঁড়ান" 'সংহতি-দিবস' পালনের জন্য কমিউনিস্ট পার্টির আহ্বান

[ স্বাধীনতা, ১০ সেপ্টেম্বর ১৯৫৯ ]

ভারতের কমিউনিস্ট পার্টির জাতীয় পরিষদের সম্পাদকমণ্ডলী আজ এক বিবৃতিতে সমস্ত পার্টি ইউনিটের প্রতি আগামী ১৩ই সেপ্টেম্বর "পশ্চিমবংগের সংহতি দিবস" রূপে পালন করিয়া জনসাধারণের উপর পশ্চিমবংগ সরকারের "বর্বর পীড়নের" প্রতিবাদ করিবার ও আলোচনার মাধ্যমে মীমাংসার দাবি তুলিবার জন্য আহ্বান জানাইয়াছেন।

"দুর্ভিক্ষাবস্থা, উচ্চমূল্য ও পশ্চিমবংগ সরকারের দুনীর্তিগ্রস্ত খাদ্য দপ্তরের বিরুদ্ধে যাহারা প্রতিবাদ ধ্বনিত করিয়া তুলিয়াছিলেন," বিবৃতিতে তাঁহাদের উপর "দমন পীড়নের" নিন্দা করা হইয়াছে।

বিবৃতিতে বলা হয় "জনসাধারণের খাদ্য লইয়া যাহারা চোরা কারবার ও মুনাফা শিকার করে তাহাদের বিরুদ্ধে কোনও ববস্থা অবলম্বন করার বদলে, চালের দর ন্যায্য রাখার ব্যবস্থা ও মজুত চাল সুষ্ঠূভাবে বিতরণ করার বদলে পশ্চিমবংগ সরকার গোড়া হইতেই শান্তিপূর্ণ আন্দোলনের বিরুদ্ধে প্ররোচনামূলক ব্যবস্থা অবলম্বন করেন।"

আন্দোলনের নেতৃবর্গের সহিত আলোচনা করিতে অস্বীকার করিয়া বিধান রায়ের সরকার জনমত সম্পর্কে "স্বৈরাচারী অবজ্ঞা" প্রদর্শন করিতেছেন, এই উল্লেখ করিয়া বিবৃতিতে শান্তিপূর্ণভাবে মীমাংসার জন্য দ্রব্যমূল্য বৃদ্ধি ও মূল্যবৃদ্ধি প্রতিরোধ কমিটির সহিত আলোচনা শুরু করিবার জন্য সরকারের নিকট আহুান জানানো হয়।

## হত্যাকাণ্ডের দায়িত্ব পশ্চিমবংগ সরকারের খাদ্য আন্দোলনের শুরুতেই সংঘর্ষ বাধাইবার জন্য সরকার উদ্যত ইইয়াছিলেন খ্যাতনামা আইনজীবী শ্রীবরদাশ্রসন্ন পাইনের বিবৃতি, ঘাটশিলা ৯ সেপ্টেম্বর

[ স্বাধীনতা, ১০ সেপ্টেম্বর ১৯৫৯ ]

অবিভক্ত বাংলার প্রাক্তন মন্ত্রী এবং খ্যাতনামা ব্যবহারজীবি শ্রীবরদাপ্রসন্ধ পাইন এক বিবৃতিতে বলিরাছেন ঃ পশ্চিমবংগ সরকারের বিরুদ্ধে অভিযোগ পত্র দাখিল করার পরই সরকার যে একটি সরাসরি সংঘর্ষ বাধাইবার জন্য উদ্যত হইয়াছিলেন ইহা মনে করিলে অন্যায় হইবে না। সরকারের আরো একটি উদ্দেশ্য হইল যে, তাঁহারা দেখাইতে চান কেরালার সরকারের মতো পশ্চিমবংগ সরকার দুর্বল নয়। শক্তিশালী পশ্চিমবংগ সরকার নিজেদের ব্যাপার নিজেরাই সামলাইতে জানেন। কোনপ্রকার গণ আন্দোলনের নিকট আত্মসমর্পণ না করিয়া উহাকে আঘাত হানিতে সরকার ভীত নহে। শ্রীপাইন বলেন, আন্দোলন আরম্ভ করার পূর্বেই আন্দোলনের কর্মসূচী ও হরতালের কথা ঘোষণা করা হইয়াছে। আন্দোলনের নেতৃবৃন্দ ও অন্যান্য স্তরের নাগরিকদের লইয়া আলাপ আলোচনার পছা গ্রহণ না করিয়া সরকার আন্দোলনের নেতাদের ব্যাপকভাবে গ্রেপ্তার করেন ও নিজেরা দিনের পর দিন সশস্ত্র আক্রমণের জন্য সম্পূর্ণভাবে প্রস্তুত হইতে থাকেন। পূলিসমন্ত্রী একের পর এক জ্যের বিবৃতি দিতে থাকেন যে, খাদ্য আন্দোলন যে কোন প্রকারেই দমন করা হইবে। মুখ্যমন্ত্রী ডাঃ রায় সম্প্রতি এক বিবৃতিতে বলিয়াছেন যে আন্দোলন প্রত্যাহার করার পর "অন্যান্য আলোচনা" হইবে। মুখ্যমন্ত্রীকে সবিনয়ে একটি কথা জিজ্ঞাসা করতে পারি কি—কেন এই আলাপ-আলোচনা আন্দোলন শুরু করার পূর্বে করা হইল না। পূর্বের অভিজ্ঞতা বিশেষ করিয়া ট্রামভাড়া বৃদ্ধির সময়কার আন্দোলনের অভিজ্ঞতায় সরকারের চোখ খোলা উচিৎ ছিল, সরকারের ভাবা উচিৎ ছিল যে অশান্তি হইতে পারে এবং অবস্থা কোনরূপ আয়তে আনিবার পূর্বেই বছজীবনহানি ঘটিতে পারে ও ধনসম্পত্তি নষ্ট হইতে পারে।

শ্রীপাইন আরও বলেন, ট্রাম কোম্পানী ও বেসরকারী বাস মালিকেরা পূর্ব অভিজ্ঞতা অনুযায়ী বহু ক্ষতি সত্ত্বেও ট্রাম বাস রাস্তায় বাহির করে নাই। সরকারও বাস্তব অভিজ্ঞতার পরিচয় দিলে বহু অমূল্য জীবন নষ্ট হইত না। অবস্থা যাহা ঘটিয়াছিল তাহাতে খাদ্যমন্ত্রী পদত্যাগ করিলে এই বিশৃষ্খলার সৃষ্টি তো হইতই না, বরং সরকার জনপ্রিয়তা অর্জন করিতেন, কলিকাতার একখানা বিখ্যাত দৈনিকে এরূপই ইন্দিত করা হইয়াছিল। কেন্দ্রের খাদ্যমন্ত্রী যখন সহজ্ঞভাবে পদত্যাগ করিতে পারিলেন, তখন পশ্চিমবংগের খাদ্যমন্ত্রী পদত্যাগ করিলে কোন মর্যাদার প্রশ্নও উঠিত না। শ্রীপাইন মন্তব্য করেন, সৈন্যবাহিনীও অহেতুক তড়াতাড়ি তলব করা হইয়াছে। প্রধানমন্ত্রী প্রথমে এইকথা বিশ্বাস করেন নাই এবং জ্ঞার দিয়া

বলিয়াছিলেন যে উহা সত্য নহে। পরে তিনি সৈন্যবাহিনী তলব করার কথা স্বীকার করিয়া হাস্যাস্পদ যুক্তির অবতারণা করিয়াছেন। কলিকাতার ব্যাপক হত্যাকাণ্ডের পরদিন হাওড়ায় একজন কনস্টেবল হত্যার কাহিনী ব্যাপকভাবে প্রচার করিয়া পশ্চিমবংগের মুখ্যমন্ত্রী বিদ্রান্তি সৃষ্টির চেষ্টা করিয়াছেন, অথচ কলিকাতার হত্যালীলা সম্বন্ধে তিনি শোকজ্ঞাপন বা সহানুভূতিসূচক একটি কথাও বলেন নাই। কনস্টেবল হত্যাকাণ্ডটিও এমনভাবে প্রচার করা হইয়াছে যাহাতে একশ্রেণীর বিরুদ্ধে অন্যশ্রেণীর, বাঙালীর বিরুদ্ধে অবাঙালীর বিদ্বেষ সৃষ্টি হতে পারে এবং বাঙালীর বিরুদ্ধে কেন্দ্রে বিক্রোভ সৃষ্টি হতে পারে।

শ্রীপাইন বলেন, আন্দোলনের নেতারা এই অশান্তির দায়িত্ব অস্বীকার করিতে পারেন, কারণ তাঁহাদের পূর্বেই ব্যাপকভাবে গ্রেপ্তার করা হইয়াছিল। কিন্তু সরকারের দায়িত্ব এড়াইবার উপায় নাই। অধিকন্ত নেতাদের আন্দোলনের পূর্বেই গ্রেপ্তার করায় অশান্তি সৃষ্টির সম্পূর্ণ দায়িত্ব সরকারের উপর বর্তাইয়াছে। এই দায়িত্ব বহন করা সম্বন্ধে ডাঃ রায় ও তাঁহার সরকার নিজেদের ক্ষমতাকে বড় করিয়া দেখিয়াছেন এবং আপোষ আলোচনাকে কোন আমল না দিয়া শক্তি প্রয়োগ করিয়াছেন। শ্রীপাইন মন্তব্য করেন, বৃটিশ আমলে পুলিস গুলি বর্ষণ করিলে কংগ্রেস নেতারা জীবন বিপন্ন করিয়া দুর্গতদের সেবা করিতে অগ্রসর ইইতেন, আর এখন কংগ্রেস সরকারের পুলিস গুলি বর্ষণ করিয়া নিহত ও আহত নরনারীদের রাস্তায় ফেলে রাখিলে কেহ যদি তাহাদের রক্ষা করিতে অগ্রসর হয় তবে তাহাদের "কমিউনিষ্ট" বা "হবু-কমিউনিষ্ট" বলিয়া আখ্যাত করা হয়।

## কলিকাতা ও পশ্চিমবংগে জেলায় জেলায় শহীদ দিবস উদ্যাপিত প্রবল বর্ষণ উপেক্ষা করিয়া লক্ষ লক্ষ নরনারীর শহীদস্থতির প্রতি শ্রদ্ধার্য্য

[ স্বাধীনতা, ১১ সেপ্টেম্বর ১৯৫৯ ]

ছত্রিশঘণ্টা নিরবচ্ছিন্ন বৃষ্টিপাতের মধ্যে কলিকাতা, হাওড়া, চব্বিশপরগণা, হুগলী, বর্দ্ধমান ও অন্যান্য জেলায় দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির আহানে শান্ত ও শোকগম্ভীর পরিবেশে আজ শহীদ দিবস উদযাপিত হয়।

সকালের মধ্যেই কারখানায় কারখানায়, পাড়ায় পাড়ায় ২ শতাধিক শহীদ বেদী নির্মিত হয়। প্রবল বর্ষণ উপেক্ষা করিয়া পাড়ায় পাড়ায় গৃহস্থ বধু, মেয়েরা ও মায়েরা বেদীমূলে পুষ্পমাল্য ও স্তবক অর্পণ করেন।

কলিকাতা ও শহরতলীতে কলে, কারখানায়, অফিসে অফিসে, পাড়ায় পাড়ায়, ঘরে ঘরে আজ ৫ লক্ষাধিক কালো ব্যাজ বিতরিত হয়। কিশোরদের গাঁথা কালো কাগজের মালা এখনও বর্ষণক্ষান্তির অপেক্ষায় রহিয়াছে।

বেলা বারোটা বাজিবার পূর্বেই অসংখ্য কারখানায় মেসিন স্তব্ধ হইয়া যায়। শ্রমিকরা শহীদ বেদীর সামনে দাঁড়াইয়া উত্তোলিত কৃষ্ণ পতাকার নীচে ২ মিনিট মৌন থাকিয়া খাদ্য আন্দোলনের শহীদদের প্রতি সম্মান প্রদর্শন করেন। ডালহৌসী স্কোয়ারের কর্মচারীগণ একযোগে দণ্ডায়মান হইয়া আনত মস্তকে শহীদদের সম্মান প্রদর্শন করেন। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের রেক্টর ডঃ ত্রিগুণা সেন বৃষ্টিধারার মধ্যে কৃষ্ণ পতাকা উত্তোলন করিয়া ইঞ্জিনীয়ারিং ছাত্রদের সহিত দাঁড়াইয়া ২ মিনিট মৌন অবলম্বন করেন।

আলিপুর সেন্ট্রাল জেলে ও প্রেসিডেন্সী জেলের রাজবন্দীগণ শহীদ বেদীতে মাল্যদান করিয়া ২ মিনিট মৌন অবলম্বন করেন।

কমিউনিষ্ট পার্টির রাজ্য পরিষদের দপ্তরে, 'স্বাধীনতা' কার্যালয়ে ও গণশক্তি প্রিন্টার্স-এ রক্তপতাকা অর্ধঅবনমিত করা হয় ও কৃষ্ণপতাকা উত্তোলিত হয়।

বৈকালে শ্রমিক-কর্মচারী, মহিলা ও ছাত্রছাত্রীগণ দলে দলে হাসপাতালে গিয়া গুলি ও লাঠিতে আহতদের মধ্যে ফল ও ফুল বিতরণ করেন।

আজ দুর্ভিক প্রতিরোধ কমিটির আহ্বানে বেলঘরিয়ায় অনুষ্ঠিত একটি বৃহৎ জনসভায় শহীদদের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করিয়া শ্রীযুক্তা মণিকুন্তলা সেন প্রমুখ নেতৃবৃন্দ এই আন্দোলনকে ব্যাপকতর করিয়া তোলার জন্য জনসাধারণের নিকট আহ্বান জানান। এই সভা হইত সাম্প্রতিক নৃশংস হত্যাকাণ্ডের নিরপেক ও প্রকাশ্য তদন্ত, দোষী অফিসারদের শান্তি, নিহত আহতদের ক্ষতিপূরণ, ১৪৪ ধারা প্রত্যাহার ও বন্দীমুক্তির দাবি করিয়া সর্বসম্মত এক প্রস্তাব গ্রহণ করা হয়। কলিকাতা

স্বাধীনতা 259

ও শহরতলীতে আজ শান্তিপূর্ণভাবে শহীদ দিবস পালিত হয়। শুধুমাত্র পার্কসার্কাস অঞ্চলে পুলিস নাসিকন্দিন রোড ও আমিরআলি এভিনিউর সংযোগস্থলে এবং বেকবাগানে কড়েয়া রোডের সংযোগস্থলে ফুটপাতের ধারে স্থাপিত শহীদ বেদী দুইটি ভাঙিয়া দেয়। ইহাতে স্থানীয় অধিবাসীদের মধ্যে তীব্র ক্ষোভের সঞ্চার হয়। এই পুলিসী প্ররোচনা সৃষ্টির কিছুক্ষণ পূর্বে স্থানীয় কংগ্রেসী নেতাদের উক্ত অঞ্চলে আনাগোনা করিতে দেখা যায়।

#### জেলে শহীদ দিবস পালন ও অনশন

প্রেসিডেন্সী জেলে খাদ্য আন্দোলনের বন্দীরা আজ শহীদ দিবস পালন করেন। জেলের ভিতর শহীদ বেদীতে বিভিন্ন রাজনৈতিক দলের বন্দীদের পক্ষ ইইতে ও জেল কমিটির পক্ষ হইতে শহীদ বেদীতে মাল্যদান করা হয়। শ্রীমোহিত মৈত্রের সভাপতিত্বে একটি শোকসভা অনুষ্ঠিত হয়।

শহীদদের স্মৃতির প্রতি সম্মান প্রদর্শন করিয়া আজ প্রেসিডেন্সী জেলের বন্দীরা অনশন পালন করেন।

#### কংক্রীটের শহীদস্তম্ভ

বেহালার পশ্চিম পুঁটিয়ারী অঞ্চলের জনসাধারণের অর্থ সাহায্যে স্থানীয় যুবকগণ প্রবল বৃষ্টির মধ্যে তেরপল খাটাইয়া সিমেন্ট কংক্রীটের শহীদ বেদী নির্মাণ করেন। বেদীতে কৃষ্ণপতাকা উত্তোলতি ও মাল্যদান করা হয়।

### শহীদের গৃহের পার্ম্বে শহীদ বেদী

রাসবিহারী এভিনিউ শীতলাতলার নিকট আজ সকালে শহীদ বেদীতে কৃষ্ণপতাকা উত্তোলন মাল্যদান ও শোকসভানুষ্ঠান করা হয়। বৃষ্টির মধ্যেও সারাদিন ধরিয়া লোক উক্ত বেদীতে মাল্যদান করিয়া যান। বিশেষ উল্লেখযোগ্য যে শহীদ ধীরেন দাশগুপ্তের গৃহের পার্শ্বেই এই শহীদ বেদীটি নির্মিত হইয়াছে। এই অঞ্চলে আড়াই হাজারের উপর মানুষ কালো ব্যাজ ধারণ করেন।

আজ যাদবপুর বিশ্ববিদ্যালয়ে, সিটি কলেজে, জয়পুরিয়া কলেজে ও বিভিন্ন স্কুলে শহীদ দিবস পালিত হয়। জয়পুরিয়া কলেজে অধ্যাপক, অধ্যক্ষ ও ছাত্রবৃন্দ মৌন শ্রদ্ধা অর্পন করেন।

### শ্রমিক-কর্মচারীদের শহীদ দিবস পালন

আজ থিদিরপুর, মেটিয়াবুরুজ, বেহালা, চেতলা, টালিগঞ্জ, কাশীপুর, পূর্ব কলিকাতা প্রভৃতি শ্রমিক প্রধান অঞ্চলের শ্রমিকগণ ও ডালইৌসীর কর্মচারীগণ শহীদ দিবস পালন করে।

#### হাওড়া

আজ হাওড়ায় সর্বত্র কলে কারখানায় শহীদ বেদী স্থাপন, কালো ব্যাজ ধারণ ও মৌন অবলম্বনের মধ্য দিয়া শহীদ দিবস উদ্যাপিত হয়। বার্ণ, মার্টিন রেলের বাঁকড়া লোকো ওয়ার্কশপ, হাওড়া লোকো রানিং শেড, এ. জে. মেইন কোম্পানীর ও বেলিলিয়াস রোডের ছোট ছোট কারখানায় শ্রমিকগণ কালো ব্যাজ ধারণ করেন।

## দমননীতির বিরুদ্ধে ছাত্র সমাজ

[ স্বাধীনতা, ১১ সেপ্টেম্বর ১৯৫৯ ]

রাজ্যের বিভিন্ন কেন্দ্রীয় ছাত্র সংগঠনের আহ্বানে গত ১লা সেপ্টেম্বর, ৩১শে আগস্ট কলিকাতায় ও কয়েকটি জেলা সদরে শান্তিপূর্ণভাবে খাদ্য মিছিলের উপর পূলিসের অমানুষিক লাঠিচার্জ ও টিয়ার গ্যাসের প্রতিবাদে রাজ্যব্যাপী ছাত্রদিবস পালিত হয়। এই উপলক্ষে সারা পশ্চিমবাংলায় ছাত্র সমাজের বুকে যে অভাবনীয় সাড়া জাগে তাহার বহু সংবাদ বিলম্বে আমাদের ছাতে পৌঁছায়।

সারা রাজ্যে যেসব শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীগণ ধর্মঘট, সভা ও মিছিল করেন, তাহার অপ্রকাশিত তালিকা নীচে দেওয়া হইল।

কীর্ণাহার উচ্চমাধ্যমিক বিদ্যালয়, লাভপুর উচ্চবিদ্যালয়, নগরী উচ্চবিদ্যালয়, বহরমপুর কৃষ্ণনাথ কলেজ, টেকস্টাইল

কলেজ ও গার্লস কলেজ, জাছাননগর ও পারুলিয়া স্কুল, লোকমঙ্গল বিদ্যালয়, কুঞ্জবিহারী বিদ্যালয়, ত্রিবেণী কলেজ ও স্থুলসমূহ, বৈদ্যবাটি ও সেওড়াফুলি অঞ্চলের স্থুলগুলি, উলুবেড়িয়া কলেজ, বীণাপাণি গার্লস স্থুল, জগৎপুর স্থুল, কৃষ্ণনগরের সমস্ত স্থুল, কৃষ্ণনগর কলেজ ও উইমেল কলেজ, সোনারপুর থানার বিভিন্ন স্থুল, সোদপুর, পানিহাট, মহাজাতি ও চন্দ্রচ্ছ স্থুল, নৈহাটিতে ঋবি বিদ্ধিমন্ত্র কলেজ, রামপুরহাট কলেজ, হরিণঘাটায় বিড়লা এপ্রিকালচারাল কলেজ।

## পুলিসী সন্ত্ৰাস বন্ধ করিয়া স্বাভাবিক অবস্থা ফিরাইয়া আনুন

[ স্বাধীনতা, ১১ সেপ্টেম্বর ১৯৫৯ ]

পঃ বঙ্গ সরকারের প্রতি ২১৫ জন অধ্যাপক অধ্যাপিকার আবেদন, আলোচনার মাধ্যমে খাদ্য মীমাংসার প্রয়োজন। খাদ্য আন্দোলনের জন্য পঃ বঙ্গ সরকার পূলিসী বর্বরতার আশ্রয় গ্রহণ করিয়া বছ নরনারীকে হত্যা করিয়াছে,হাজার হাজার লোককে আহত করিয়াছে ও জেলে পূরিয়াছে। ছাত্র সম্প্রদায়ের ওপর আক্রমণের ফলে শিক্ষাজগতেও তীব্র আলোড়নের সৃষ্টি হইয়াছে। পূলিসী সন্ত্রাস বন্ধ করিয়া স্বাভাবিক অবস্থা ফিরাইয়া আনিত্তে আলোচনার মারফং খাদ্য আন্দোলনের দাবি মিটাইতে কলিকাতার বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ২১৫ জন অধ্যক্ষ, অধ্যাপক-অধ্যাপিকা সরকারের উদ্দেশ্যে এক বিবৃতি দিয়াছেন।

বিবৃতিটি নিম্নরূপ ঃ

কলিকাতার বিভিন্ন কলেজের ও বিশ্ববিদ্যালয়ের নিম্নস্বাক্ষরকারী অধ্যাপকবৃন্দ আমরা কলিকাতার বর্তমান অস্বাভাবিক অবস্থার জন্য গভীর উদ্বেগ প্রকাশ করিতেছি। আমরা বিশদভাবে ব্যথিত যে, আমাদের কয়েকজন ছাত্র নিহত হইয়াছে এবং বহু সংখ্যায় তাহারা হাসপাতাল বা জেলে আছে, ফলে ছাত্র সমাজ খুবই বিচলিত হইয়া আছে এবং শিক্ষা ব্যবস্থা গ্রায় অচল হইয়া পড়িয়াছে। আমাদের অভিমত এই যে এই অবস্থায় কেউ উপকৃত হইতেছে না, বরং গুরুতর পরিণতির সম্ভাবনা রহিয়াছে। সুতরাং আমরা সরকারের প্রতি আবেদন জানাইতেছি যে শহরের স্বাভাবিক অবস্থা ফিরাইয়া আনিবার পদক্ষেপ হিসাবে সকলপ্রকার দমননীতি বন্ধ করুন এবং দ্রুত একটি মীমাংসায় আসুন।

## স্বাক্ষরকারীদের তালিকা কলিকাতা বিশ্ববিদ্যালয় ও বালীগঞ্জ বিজ্ঞান কলেজ

অধ্যাপক কে. পি. চট্টোপাধ্যায়, এফ. এন. আই, নৃতত্ত্ব বিভাগের অধ্যক্ষ, অধ্যাপক টি. সি. দাস, নৃতত্ত্ব বিভাগের রীডার, এফ. এন আই, নৃতত্ত্ব বিভাগের লেকচারার, অধ্যাপক ডি. সেন, ঐ, অধ্যাপক জি. এস রায়, ঐ, ডাঃ এম. এন. বসু, কলিঃ বিশ্ববিদ্যালয়ের সেনেট সদস্য, ডাঃ অশোক ঘোষ, প্রাণতত্ত্ব বিভাগের লেকচারার।

#### সুরেন্দ্রনাথ কলেজ

মীরা দান্তগুপ্তা, মহিলা সেকশনের সহকারী অধ্যক্ষ, এইচ. কে. দন্ত, সুমন্ত ব্যানাজী, অংশুপতি দাশগুপ্ত, বিদ্যুৎ দন্ত, অরবিন্দ ভট্টাচার্য, মাধব বাগচী, গৌতম চট্টোপাধ্যায়, রামকুমার ভট্টাচার্য, কে. এস. চন্দ্র, বিষ্ণুপদ ব্যানাজী, তারাপদ রাহা, সি. কে. নাগ, অজিতকুমার চ্যাটাজী, অজিতকুমার ঘোষ, অর্পনা মুখাজী, রাণী রায়, সাধনা ভট্টাচার্য, গীতা পালিত, সুভাষ সরকার, তারকনাথ গাঙ্গুলী, পৃথীশ রায়চৌধুরী, বিনোদকুমার রায়চৌধুরী, দেবদন্ত দে, বিনয় মুখাজী, সুবাসসিঞ্চন রায়।

### বিদ্যাসাগর কলেজ

হরপ্রসাদ দে, সহকারী অধ্যক্ষ, হীরালাল মহেশ্বরী, মৃশ্ময়ী দাশ, বাণী ব্যানাজী, অলকা চ্যাটাজী, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্যা, ধীরেন্দ্রনাথ মুখাজী, এম. আর চৌধুরী, কল্যাণকুমার চ্যাটাজী, সি. ব্যানাজী, আর চক্রবতী, কে. এন. সেনগুপ্ত, জি. চক্রবতী, শিবপ্রসাদ সূর, এস. ঘোষ, কে. জি. চ্যাটাজী, এস. চ্যাটাজী, এল ঘোষ, এম. দাশ, সি. হালদার, সি. চৌধুরী, পি. ঘোষ, বি. রায়, এস দন্ত, পি. কে. বাগচী, এম. সি. দাশ, ডি. এম. ব্যানাজী, এ. সেন, এস. চৌধুরী, আর. এন. দাশ, এন. শ্যাম, জি. বি. মাইতি, এস. মুশী, আর. এন. মিশ্র, এইচ. কে. চক্রবতী, পি. কে. মুখাজী, পি. সি. ঘোষ, বি. চক্রবতী, কে. পি. ঘোষ, এ. চ্যাটাজী, এ. কে. ঘোষ, এস. চক্রবতী, আর. কে. চক্রবতী, জি. চক্রবতী, এম. সেনগুপ্ত, কে. দন্ত।

#### সিটি কলেজ

এম. এম. ঘোষ, বি. পি. রায়, এ. এম. গুপ্ত, এস গুহ, এস. সেন, ডি. পি. চ্যাটার্জী, এন. পোন্দার, এস. রায়, কে. গুপ্ত, এস. নন্দী, এম. চক্রবর্তী, এস. কে. চ্যাটার্জী, এন. নন্দী, এস. কে. সেনগুপ্ত, জে. এন. চক্রবর্তী, এন. মুখার্জী, আর. দাশগুপ্ত, এন. সেনগুপ্ত, আর. দাশ, এস. দত্ত, ডাঃ এ. কে. দেব, এ. সেনগুপ্ত, এস. রায়, এ. আর. ভট্টাচার্য, ডি. চক্রবর্তী, এস. চক্রবর্তী, এন. দাস, এস. দাশগুপ্ত, জে. রায়, কে. সেন, এ. ঘোষ, এন. সেন, এস. কে. মুখার্জী, এ. কে. চক্রবর্তী, এ. এন. মিত্র, এম. এন. নন্দী, বি. কে. গুহঠাকুরতা, এন. সি. গাঙ্গুলী, এ. সান্যাল, জি. যানার্জী, জি. সেন, এস. এন. গাঙ্গুলী, বি. বি. দন্ত, এ জোয়ারদার, ডাঃ এম. ঘোষ পদার্থবিজ্ঞান বিভাগের প্রধান অধ্যাপক, ডি. ঘোষ, এস. কে. দে, কে. সান্যল, সি. দাশগুপ্ত, পি. কে. দে, বি. চক্রবর্তী ইতিহাস বিভাগের প্রধান অধ্যাপক, এস. দাশগুপ্ত, বি. চৌধুরী বাংলা বিভাগের প্রধান অধ্যাপক, এ. এস. চক্রবর্তী, সি. ঘোষ, বি. কে. মুখার্জী, বি. পি. গুহ, এ. আর. গুপ্ত, আর. গুহ, এস চক্রবর্তী দর্শন বিভাগে প্রধান অধ্যাপক।

### যাদবপুর বিশ্ববিদ্যালয়

ডাঃ হীরালাল রায়, যাদবপুর ইঞ্জিনীয়ারিং কলেজের প্রাক্তন অধ্যক্ষ, ডাঃ এস. দেব, ভৃতত্ত্ব বিজ্ঞান বিভাগের প্রধান অধ্যাপক, রবীন্দ্রনাথ ভট্টাচার্য, রীডার, ডাঃ টি. রায়, রীডার, ডাঃ আর. মুখাজী, কে ব্যানাজী, পি. সর্বাধিকারী, রীডার, বি. পি. মুখাজী, রীডার, অজিত দন্ত, রীডার, এস. মুখাজী, রীডার, এ. ব্যানাজী, এন. বি. মুখাজী, এস. সরকার, এস. দাশগুপ্ত, টি. বোস, এস. দাশগুপ্ত, এস. ভট্টাচার্য, এম. চক্রবর্তী, এন. ব্যানাজী, ডঃ বি. কে. মজুমদার, আর.দে, এস. এস. বিনেপাল, এন. ভট্টাচার্য, এন. ঘোষ, এ. দাশগুপ্ত, এম. এম. গোস্বামী, ডি. ভট্টাচার্য, এ. দাশগুপ্ত, ডঃ এস. মাইতি, কে. মজুমদার, এ. কে. দন্ত, পি. দে, ডঃ পি. সেন, সি. ভট্টাচার্য, এস. চ্যাটাজী, এস. এন. গালুলী, পি. আর. ঘোষ, পি. সেনগুপ্ত, ডঃ এন. বোস, ডঃ জে. ভট্টাচার্য, ডি. চ্যাটাজী, এম. কে. মিত্র, বি. চক্রবর্তী, ডি. পি. সুরাল, এন. ব্যানাজী, এস. পি. দাশ, এস. খামরুই, ডি. ভদ্র, ডঃ এ. এন বোস, ডি. কে. দন্ত, পি. সি. দন্ত, ইউ. ঘোষ, পি. এল. ঘোষ, এন চ্যাটাজী, আর এম সেনসুর, এস ঘোষাল, এন. কে. বোস, টি. কে. রায়, এন. এম. দাশ, এস. এন চ্যাটাজী, এ. সি. মজুমদার, এস. মুখাজী।

## রাজ্যব্যপী প্রবল গণবিক্ষোভের সম্মুখে কংগ্রেস সরকারের নিতস্বীকার হিংসাত্মক কার্য প্রভৃতি অভিযোগে খৃত ব্যতীত অন্যান্য বন্দীদের মুক্তিদানের সিদ্ধান্ত সরকারের পশ্চাদপসরণ শুরু ইইলেও পুলিসী বর্বরতার তদন্ত, খাদ্য দাবি প্রভৃতি সম্পর্কে এখনও নীরবতা বিধীনতা, ১২ সেপ্টেম্বর ১৯৫৯ ]

কংগ্রেস সরকারের নৃশংস দমননীতির বিরুদ্ধে দেশব্যাপী প্রবল গণবিক্ষোভের মুখে আজ সন্ধ্যায় সরকার এক প্রেসনোট জারী করিয়া জানাইয়াছেন যে, খাদ্য আন্দোলন সম্পর্কে "হিংসাত্মক" বা আদালত অবমাননা ইত্যাদির দায়ে দণ্ডিতদের ব্যতিরেকে সমস্ত বিনাবিচারে আটক, ধৃত ও শান্তিপ্রাপ্ত ব্যক্তিদের মুক্তির আদেশ দেওয়া হইতেছে। বছ সংখ্যক লোক সংশ্লিষ্ট বলিয়া এই আদেশ কার্যকরী হইতে কয়েকদিন লাগিয়া যাইবে বলিয়া এই প্রেসনোটে জ্ঞানানো হয়।

মুখ্যমন্ত্রী ডাঃ রায়কে টেলিফোনে জিজ্ঞাসা করা হইলে তিনি 'স্বাধীনতার' রিপোর্টারকে জ্ঞানান যে, যাঁহাদের বিরুদ্ধে বিনাবিচারে আটক করার ওয়ারেন্ট জ্ঞারি করা হইয়াছিল, তাঁহাদের উপর হইতে ঐ ওয়ারেন্টও প্রত্যাহত হইয়াছে, সরকার কলিকাতা ও হাওড়া হইতে ১৪৪ ধারা প্রত্যাহার করিয়াছেন।

এই নতিস্বীকারের প্লানিকে ঢাকিবার জন্য সরকার এই প্রেসনোটে নানাপ্রকার সদস্ভ উক্তি করিয়াছেন, পুলিসী নৃশংসতার যথারীতি সাফাই গাহিয়াছেন এবং হাস্যকর কথাও বলিয়াছেন যে সরকারের অবলম্বিত ব্যবস্থাগুলির ফলে নাকি বন্দীদের মুক্তি দিবার মতন অবস্থা সৃষ্টি হইয়াছে। কিন্তু কলিকাতা ও পশ্চিমবাংলার বুকে কয়েকদিন ধরিয়া যে নরহত্যালীলা অনুষ্ঠিত হয়, দলমত নির্বিশেষে সমস্ত নাগরিকদের মধ্যে তাহার বিক্লছে ঘৃণা ও ক্রোধ তীব্র থেকে তীব্রতর হইতে দেখিয়া সরকার ও পুলিসমহল অত্যন্ত বিচলিত হইয়া ওঠেন। ডাঃ রায়ের পেটোয়া সংবাদপত্রগুলি পর্যন্ত জনগণের ক্রন্দ্ধ চেহারা দেখিয়া

সুর নরম করিতে শুরু করেন। দিল্লীতে প্রধানমন্ত্রী নেহরু, নতুন খাদ্যমন্ত্রী ও পণ্ডিত পন্থ পর্যন্ত পশ্চিমবংগে পরিস্থিতির পরিণতির কথা ভাবিয়া উদ্বিশ্ব ইইয়া উঠেন। সর্বোপরি পশ্চিমবংগ বিধানসভার আসন্ন অধিবেশনের কথা চিন্তা করিয়া ডাঃ রায়ের মন্ত্রীসভা ও কংগ্রেসী মহল রীতিমতো উদ্বেগ বোধ করিতে থাকেন। রাজনৈতিক মহল মনে করেন যে, এই সমস্ত ঘটনার পরিপ্রেক্ষিতে আজিকার এই বন্দীমৃক্তির আদেশ দেওয়া হইয়াছে। কিন্তু তাহারা ইহাও লক্ষ্য করিয়াছেন যে, সরকার প্রাথমিক নতিশ্বীকার করিলেও পুলিসী বর্বরতার প্রকাশ্য তদন্ত, নিহত-আহতদের ক্ষতিপূরণ, খাদ্যমন্ত্রী শ্রীপ্রফুল্ল সেনের অপসারণ ও খাদ্য আন্দোলনের অন্যান্য দাবিশুলি পূরণের কোন প্রতিশ্রুতি সরকার এখনোও দেন নাই। খাদ্য আন্দোলনের সুমীমাংসার জন্য আন্দোলনের নেতৃবৃন্দের সহিত ডাঃ রায়ের আলাপ আলোচনা সম্বন্ধেও প্রেসনোটে কিছু বলা হয় নাই। অতথবে দর্ভিক্ষ প্রতিরোধ কমিটির আন্দোলন অব্যাহতই থাকিবে বলিয়া জানা গেল।

## কলিকাতার ঘটনা সম্পর্কে প্রকাশ্য তদন্ত চাই : রাজ্যসভায় ভূপেশ গুপ্তের দাবি

[ স্বাধীনতা, ১২ সেপ্টেম্বর ১৯৫৯ ]

রাজ্যসভায় কমিউনিষ্ট দলের নেতা শ্রীভূপেশ গুপ্ত কলিকাতার সাম্প্রতিক গোলযোগ সম্পর্কে প্রকাশ্য তদন্তের দাবি জানান। তিনি অভিযোগ করেন যে, উক্ত গোলোযোগকালে প্রায় আশি জন লোক নিহত হইয়াছেন।

পশ্চিমবংগে বিশিষ্ট নাগরিকদের দ্বারা প্রকাশ্য তদন্তের ব্যবস্থা করিবার প্রস্তাব গ্রহণ করিতে শ্রীনেহরু কেন রাজী হয় নাই—শ্রীগুপ্ত সেই বিষয়ে প্রশ্ন করেন।

প্রধানমন্ত্রী কক্ষে উপস্থিত ছিলেন না। সভাপতি ডঃ রাধাকৃষ্ণণ বলেন যে, প্রস্তাবটি তিনি প্রধানমন্ত্রীর নিকট পাঠাইয়া দিবেন।

# পশ্চিমবংগে পুলিসী সন্ত্রাসের তাণ্ডব ঃ বিশিষ্ট নাগরিকদের প্রতিবাদ ও শান্তিপূর্ণ মীমাংসার দাবি [ স্বাধীনতা, ১২ সেপ্টেম্বর ১৯৫৯ ]

বাংলাদেশের বিশিষ্ট সাংবাদিক, লেখক, অধ্যাপক, ব্যবহারজীবি ও শিল্পীগণ খাদ্য আন্দোলনকে কেন্দ্র করিয়া গত কয়েকদিনের পুলিসী বর্বরতার বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করিয়া এবং অবিলম্বে শান্তিপূর্ণ মীমাংসার দাবি জানাইয়া এক বিবৃতি দিয়াছেন।

বিবৃতিতে তাঁহারা বলিয়াছেন ঃ

"গত কয়েকদিন যাবৎ কলিকাতায় ও পশ্চিমবংগের বিভিন্ন জেলায় যে সন্ত্রাস রাজের তাণ্ডব চলিয়াছ, তাহা আমরা গভীর বেদনা, যন্ত্রণা ও লচ্জার সহিত লক্ষ্য করিয়াছি। গত ৩১শে আগষ্টের গণমিছিলটি সর্বতোভাবে শান্তিপূর্ণ ছিল, কিন্তু তাহার বিরুদ্ধে যে ব্যবস্থাটি অবলম্বিত হইয়াছিল, অবস্থার তুলনায় তাহা অতিরিক্ত ও অত্যন্ত প্ররোচনাকর। মনে হয়, পরের দিনের ছাত্রদের মিছিল সেই ব্যবস্থার প্রতিবাদে অনুষ্ঠিত হইয়াছিল এবং তাহাদেরও বাদ দেওয়া হয় নাই। সমগ্র প্রশাটি লইয়া অবশ্য একটি নিরপেক্ষ ও স্বাধীন বিচার বিভাগীয় তদন্তের ব্যাপক গণদাবি উঠিয়াছে, আমরাও তাহা সমর্থন করি। কিন্তু পূলিসের গুলিতে যে বছ অমূল্য জীবন নম্ভ হইয়াছে, এ ঘটনা অবশ্য অপরিবর্তনীয় হইয়া রহিল। হাওড়ায় জনৈক পূলিসকে যে কাপুরুষোচিত উপায় হত্যা করা হইয়াছে, আমরা দৃঢ়ভাবে জানাইতেছি যে, তাহা আমরা অনুমোদন করি না, কিন্তু সেই সঙ্গে ভারতীয় নাগরিক হিসাবে আমাদের সরকারকে ইহা জিজ্ঞাসা করারও অধিকার আছে যে, অবস্থা কি এমনই হইয়াছিল যাহার ফলে গুলি করিয়া হত্যা করিবার ব্যবস্থা অবলম্বন করা প্রয়োজন হইয়াছিল ?

ঘটনার এইখানেই সমাপ্তি ঘটে নাই। এখনও সাধারণ মানুষের বাড়ি বাড়ি হামলা চলিতেছে এবং নির্বিচারে গ্রেপ্তার করা হইতেছে। শুধু তাহাই নহে, এক আতদ্বমূলক কায়দায় ব্যাপকভাবে ১৪৪ ধারা, নিবর্তনমূলক আটক আইন ও নিরাপত্তা আইন প্রয়োগ করিয়া যাবতীয় স্বীকৃত গণতান্ত্রিক ব্যবস্থার পথ রুদ্ধ করা হইয়াছে। কিন্তু এই সমস্ত কিছু মিলিয়া এমন এক পরিস্থিতির সৃষ্টি হইয়াছে যাহা বিপজ্জনক সম্ভাবনাপূর্ণ। কারণ ইহাতে জনসাধারণের অসন্তোষ ও ক্রোধ এমন এক খাতে প্রবাহিত হইতে পারে যাহা সকল বিবেচক ব্যক্তির নিকটেই দুঃখজনক বলিয়া বোধ হইবে। সংশ্লিষ্ট সকলের স্বার্থেই তাই ইহা বন্ধ করা দরকার এবং যত শীঘ্র ইহা হয়, তত মঙ্গল।

স্বাধীনতা 263

আমাদের আশংকা হয়, এই ধরনের উত্তেজনা রাজ্যের আইন ও শৃত্বলা ব্যবস্থার উন্নতি সাধনে সহায়ক হইতে পারে না। আমরা মনে করি স্বাভাবিক অবস্থার পুনঃপ্রবর্তনের জন্য পদ্মা নির্দেশ করিতে ডাঃ বি. সি. রায় ও তাঁহার সরকার মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির নেতৃবৃন্দের সহিত আলোচনা করিতে পারেন এবং তাহাই করা উচিৎ। মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির অনেকেই বিধানসভায় ডাঃ রায়ের সহকর্মী এবং আমরা মনে করি, তাঁহাদের এজন্য আহান করিলে বিমৃষ্যকারিতার সীমানা অতিক্রম করা হইবে না। ইহাতে কোনরূপ বিলম্ব ঘটিলে সর্বনাশ পরিস্থিতির উদ্ভব হইবে। স্থাকর ঃ শ্রীধীবেক্ষনাথ সেল শ্রীবিবেক্ষানন্দ্র মুখ্যোপায়ে সম্পোদক্র স্বিয়ালের নিয়োগী সম্পোদক

স্বাক্ষর ঃ শ্রীধীরেন্দ্রনাথ সেন, শ্রীবিবেকানন্দ মুখোপাধ্যায়, সম্পাদক, 'যুগান্তর', শ্রীগোপাল নিয়োগী, সম্পাদক, 'বসুমতী'; শ্রীসরোজ মুখোপাধ্যায়, সম্পাদক, 'স্বাধীনতা', শ্রীশৈলজানন্দ মুখোপাধ্যায়, শ্রীশুভো ঠাকুর, শ্রী অনিল বাগচী, শ্রীদ্বিজেন সেনগুপ্ত, অ্যাডভোকেট, শ্রীসত্যপ্রিয় রায়, এম. এল. সি. সম্পাদক, নিখিলবঙ্গ শিক্ষকসমিতি; শ্রীমতী অনিলা দেবী, এম. এল. সি, শ্রীধরণী গোস্বামী, শ্রীগোপাল হালদার, এম. এল. সি।

## সাংবাদিকদের নিকট জ্যোতি বসুর আত্মপ্রকাশ, মন্ত্রিসভার নির্দেশে সুপরিকল্পিত হত্যাকাণ্ড ও নিখোঁজ : অবিলয়ে প্রকাশ্য তদন্ত ও ক্ষতিপূরণের দাবি

[ স্বাধীনতা, ১৩ সেপ্টেম্বর ১৯৫৯ ]

আজ সন্ধ্যায় সাংবাদিকদের নিকট আত্মপ্রকাশ করিয়া কমিউনিষ্ট পার্টির রাজ্য পরিষদের সাধারণ সম্পাদক শ্রী জ্যোতি বসু বলেন, তাঁহার বিরুদ্ধে গ্রেপ্তারী পরোয়ানা থাকায় তিনি ২৪শে আগস্ট হইতে কলিকাতাতেই আত্মগোপন করিয়াছিলেন।

শ্রীবসু বলেন, খাদ্য আন্দোলন দমনের জন্য যেভাবে লাঠিচার্জ হত্যাকাণ্ড চালানো হইয়াছে তাহা ডাঃ রায় ও মন্ত্রিসভার সুপরিকক্সিত নির্দেশে হইয়াছে, এই বিষয়ে অবিলম্বে প্রকাশ্য বিচারবিভাগীয় তদন্ত ও ক্ষতিপূরণের জন্য তিনি দাবি জানান। তিনি বলেন, খাদ্যমন্ত্রী প্রফুল্ল সেনের পদত্যাগের দাবি জনসাধারণের দাবি।

দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির পরবর্তী সভায় বর্তমান পরিস্থিতি আলোচনান্তে আন্দোলনের কর্মসূচী গৃহীত হইবে বলিয়া তিনি জানান।

শ্রীজ্যোতি বসু বলেন যে, 'খাদ্য আন্দোলন গুণ্ডাদের হাতে চলিয়া গিয়াছে' বলিয়া ডাঃ রায় যে মন্তব্য করেন তাহা নিছক কুৎসামূলক বলিয়া তিনি মনে করেন। আর. ডবলু-এ-সির ভ্যান বা দুধের ভ্যান পোড়ানো সমর্থন করা যায় না বলিয়া শ্রীবসু বলেন যে, পুলিস অ্যাস্থলেক ব্যবহার করিয়াছে বলিয়া অভিযোগ উঠিয়াছে। তাহারও তদন্ত প্রয়োজন। শ্রীবসু বলেন, যদি সত্যিই আন্দোলন গুণ্ডাদের হাতে চলিয়া যাইত তবে ব্যাপকভাবে লুঠতরাজ চলিত। তিনি বলেন, যে, "৩১শে আগস্ট পুলিসের গাত্রস্পর্শ করা হয় নাই—তবু নির্মম লাঠিচার্জ হয়। ১লা সেপ্টেম্বর ছাত্ররা কোথাও আইন ভঙ্গ করেন নাই। তবুও নির্মম লাঠি চার্জ হয়। ইহার পর যাহা ঘটিয়াছে তাহাতে স্বাভাবিকভাবেই জনসাধারণের মনে ক্রোধ সঞ্চারিত হইয়াছে, ইহাতে জনসাধারণের মধ্যে কেহ কেহ রাগ দমন করিতে না পারিয়া হয়তো বা আঘাতের বিরুদ্ধে প্রত্যাঘাত করিয়াছে। ইহা স্বাভাবিক কিন্ত দুঃখজনক। দুঃখজনক এইজন্য যে আমরা সত্যই খাদ্য আন্দোলন শান্তিপূর্ণ রাখিতে চাহিয়াছিলাম। আমরা চাহিয়াছিলাম লক্ষ লক্ষ মানুষ শান্তিপূর্ণভাবে এই আন্দোলনে যোগ দিবেন। কিন্তু ডাঃ রায় ও মন্ত্রিসভার বড়যন্ত্রের দর্মণ কয়েকঘণ্টার জন্য এই শান্তি ব্যাহত হয়। ইহার জন্য দায়ী মন্ত্রিসভা।

শ্রীবসু বলেন, মন্ত্রিসভার নির্দ্দেশে সুপরিকল্পিত নৃশংস আক্রমণের ফলে ৮০ জনের মৃত্যু ঘটিয়াছে, বছ লোক নিখোঁজ হইয়াছে। বছ লোক আহত হইয়াছে। তিনি আহতদের হাসপাতালে দেখিতে যাইবেন। তবে কমরেড মুজফ্ফর আহমদ প্রমুখ কমিউনিষ্ট নেতৃবৃন্দ হাসপাতালে আহতদের পরিদর্শন করিয়া যে ধরনের আঘাতের বিবরণ দিয়াছেন তাহাতে সুস্পষ্টতই বোঝা যায়, কত নৃশংস ও পরিকল্পিত এই আক্রমণ। শ্রীবসু বলেন, আমি কিছুতেই বিশ্বাস করিতে পারি না, পুলিস নিজের দায়িছে এইরূপ আক্রমণ চালাইয়াছে। পুলিস আতন্ধিত হইয়া এই আক্রমণ চালাইয়াছে ইহাও বিশ্বাসযোগ্য নহে। লালবাজ্ঞারে বসিয়া কোন মন্ত্রী এই আক্রমণের নির্দেশ দিয়াছে বলিয়া আমি মনে করি।

### প্রফুল্ল সেনের পদত্যাগ দাবি

শ্রীবসু বলেন, গ্রেপ্তার, লাঠি বা গুলি খাদ্য আন্দোলন দমাইতে পারে নাই।

তিনি বলেন, এবারকার খাদ্য আন্দোলনে যেমন সুবিশাল জনসমাবেশ ঘটিয়াছে, তেমনি ব্যাপকতা লাভ করিয়াছে, ইহা সুতীব্র ও তুলনাহীন। এই আন্দোলনে প্রতিফলিত হইয়াছে জনসাধারণের ঐক্য ও সরকারী খাদ্যনীতি পরিবর্তনের উদগ্র আকাছা। দুর্ভাগ্যবশতঃ সরকার এখনোও ইহার চরিত্র উপলব্ধি করেন নাই। এই বিশাল সংগ্রাম ও নৃশংস হত্যাকাণ্ডের পর খাদ্যমন্ত্রী প্রফুল্ল সেনের পদত্যাগের দাবি জনসাধারণের ন্যায়সঙ্গত দাবি। অথচ ডাঃ রায় এই ভদ্রলোকটিকে এখনও মন্ত্রিসভায় অপরিহার্য মনে করিতেছেন।

খাদ্য আন্দোলনের দাবিসমূহ সম্পর্কে শ্রীবসু জানান যে, বন্দীমুক্তি, ১৪৪ ধারা প্রত্যাহার ও মিলিটারী প্রত্যাহার নিঃসন্দেহে জনগণের আন্দোলনের জয় স্তিত করে। গ্রামাঞ্চলে 'এ' ও 'বি' শ্রেণীভূক্তদের জন্য আংশিক রেশনিং প্রবর্তনের প্রতিশ্রুতি পাওয়া গিয়াছে। কিন্তু ৩ কোটি টাকার কৃষি ঋণ সম্পর্ক কোন কথা নাই। জনসাধারণ যাহাতে খোলা বাজারে ২০-২২ টাকা মন চাউল সারা বৎসরে পাইতে পারেন তদনুযায়ী খাদ্যনীতি পরিবর্তনের কোন ব্যবস্থা হয় নাই। এই সমস্ত বিষয়ে আলোচনা করিয়া মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি আগামীকাল বা পরশুর মধ্যে কর্তব্য নির্ধারণ করিবে বলিয়া শ্রীবসু আশাপ্রকাশ করেন।

## ইহাদের হাতে বাংলার সংস্কৃতিই বিপন্ন

[ স্বাধীনতা, ১৩ সেপ্টেম্বর ১৯৫৯ ]

গত ৩১শে আগস্ট হইতে কলিকাতা ও শহরতলী অঞ্চলে এবং হাওড়ায় ডাঃ বিধানচন্দ্র রায়ের সরকার এবং উহার নির্মম পুলিস বাহিনী পাইকারিভাবে গণহত্যার যে অভিযান চালাইয়া আসিতেছে তাহাকে ধিক্কার জানাইয়া আমাদের নিকট শত শত পত্র আসিতেছে। স্থানাভাবে আমরা বিভিন্ন পত্রদাতার সার কথাটি তুলিয়া দিতেছি। অনেকের পত্রের কথা কেবল উল্লেখ করিতেছি।

কলিকাতায় এবং পশ্চিমবংগের জনসাধারণ যে খাদ্য-আন্দোলন করিতেছেন উহাকে হেয় প্রতিপন্ন করিবার উদ্দেশ্যে পূর্বে সাহিত্যিক তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, অধ্যাপক নীহাররঞ্জন রায় প্রমুখ একদল তথাকথিত বিশিষ্ট ব্যক্তি যে ন্যক্কারজনক বিবৃতি দিয়াছিলেন এবং পরবর্তীকালে ডাঃ নলিনী সেনগুপ্ত যে চরম প্রতিক্রিয়াশীল বক্তব্য পেশ করিয়াছেন তাহারও তীব্র সমালোচনা করিয়া যে অসংখ্য পত্র আসিয়াছে তাহারও সংক্ষিপ্তসার আমরা প্রকাশ করিয়া যাইব।

বালীগঞ্জ হইতে শ্রীঅনিমেষ রুদ্র এক পত্রে ৩১শে আগস্ট হইতে আরদ্ধ বীভৎস দমনপীড়নের বিস্তারিত বিবরণ দিয়া উপসংহারে বলিয়াছেন : "ট্রাম ভাড়া বৃদ্ধি প্রতিরোধ আন্দোলন, শিক্ষক আন্দোলন এবং পরিশেষে বঙ্গ-বিহার সংযুক্তি চক্রান্তের বিরুদ্ধে পশিচমবংগের জনগণ দেখিয়াছিলেন যে, ডাঃ বিধানচন্দ্র রায়ের নেতৃত্বে পরিচালিত পশ্চিমবংগ সরকার কেবল প্রতিক্রিয়ার বিশ্বস্ত অনুচরই নহেন—উহারা কেবল শ্বেতাঙ্গ ও দেশি বণিক জমিদারকুলের অনুরক্ত সেবাদাসই নহেন—উহারা সর্বতোভাবে রামমোহন, বিদ্যাসাগর, রবীন্দ্রনাথ, দেশবন্ধুর বাঙ্গালা ও বাঙ্গালীর হীনতম শত্রু।৩১শে আগস্ট হইতে অনুসৃত ঘটনাবলী তাহাই নগ্ধতমভাবে প্রকাশ করিয়াছে।"

রাজা মনীন্দ্র স্ট্রীট হইতে শ্রী কেশব চ্যাটাজী চারদিন ধরিয়া কলিকাতায় যে নরহত্যার অভিযান চলিল, সে বিষয়ে আলোচনা প্রসঙ্গে বলিয়াছেন যে, কতিপয় "মহানব্যক্তি" ধ্বনি তুলিয়াছেন যে, জনসাধারণের কার্যকলাপ নাকি "গুণ্ডাবাজি"। তিনি সেই মহান ব্যক্তিদের নিকট জানিতে চাহিয়াছেন যে, যদি জনসাধারণের সেইসকল কার্যকলাপ "গুণ্ডাবাজিই" হইয়া থাকে তাহা হইলে তাহার সূচনা করিয়াছে কে? পত্রে তিনি সরাসরি বলিয়াছেন যে ডাঃ বিধানচন্দ্র রায়ই কলিকাতায় বর্বর নরহত্যার জন্য দায়ী। পশ্চিমবংগের জনগণের স্বার্থকে ডাঃ বি. সি. রায় ও তাহার সাকরেদদের হাতে সমর্পণ করা যায় না। ডাঃ বি. সি. রায়ের জানা উচিৎ যে এজন্য হতভাগ্য কৃষকের জীবনের মূল্য তাহার নিজ্ক জীবনের অপেক্ষা কম মূল্যবান নহে। ডাঃ বি. সি. রায় নরহত্যা অপরাধে অপরাধী। কেবল পার্লমেন্টের আলোচনায় জনসাধারণের ক্ষুব্ধ বিবেক শান্ত হইবে না। ডাঃ বি. সি. রায় একজন অপরাধী ব্যক্তি। পার্লামেন্টের এক উচ্চ বিচারালয়ে তাঁর বিচার হওয়া দরকার। এদেশে কি একজন এডমান্ড বার্ক শুঁজিয়া পাওয়া যায় না?

হাবড়া হইতে শ্রীকুমার দত্ত এক পত্তে সম্প্রতি খাদ্য আন্দোলনকে হেয় প্রতিপন্ন করিবার উদ্দেশে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় প্রমুখ একদল ব্যক্তি যে বিবৃতি দেন, উহার তীব্র সমালোচনা করিয়া বলিয়াছেন যে, উক্ত বিবৃতি এইসকল স্বাধীনতা

তথাকথিত বিশিষ্ট ব্যক্তির "যে বৈশিষ্ট্য" প্রকাশ করিয়াছে তাহা হইল সরকারের পায়ে বিবেক-বিক্রয়কারী একদল হীন সংকীর্ণ দলীয় স্বার্থে অন্ধ বৃদ্ধিজীবির দন্তবিকাশ। উক্ত বিবৃতিতে উক্ত "বিশিষ্ট" ব্যক্তিগণ বাস্তহারা জনগণকে যেরূপে চিত্রিত করিয়াছেন তাহার তীব্র সমালোচনা করিয়া পত্রে তিনি বলিয়াছেন যে, এমন জঘন্য ধরনের বাস্তহারা বিরোধী উক্তি অন্য কাহারো মুখে কখনো শুনেন নাই। এই প্রসঙ্গেই তিনি ডাঃ নলিনী সেনগুপ্তের যে প্রবন্ধ অমৃতবাজার পত্রিকায় প্রকাশিত হইয়াছে উহাকেও "একচক্ষু শৃগালের বিশ্বদর্শনের" নামান্তর বলিয়া চিহ্নিত করিয়াছেন।

ডাঃ বিধানচন্দ্র রায়ের "অপরাধী সুলভ দমননীতি" অথবা ডাঃ রায়ের তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় বা নলিনী সেনগুপ্ত শ্রেণীর "রং বেরং এর পেটোয়া চক্রের" আচার আচরণের প্রবল সমালোচনা করিয়া শালকিয়া হইতে শ্রীঅসীম গঙ্গোপাধ্যায়, বালী হইতে শ্রীকানু রায়, পণ্ডিতিয়া রোড হইতে শ্রীধীরেন সরকার, আনন্দপালিত রোড হইতে শ্রীকালো খান, কুলটী হইতে শ্রীঅতনু গুপ্ত, বিজয়গড় হইতে শ্রীসূভাষ চক্রবতী।

## New Age

#### West Bengal's Enormous Protest Over Food

[New Age, 5 July 1959]

This massive demonstration of People's resentment was at the same time a mighty rebuff to the state Food Minister's impudent claims that there was no food scarcity in West Bengal and that "the Poorer sections and those living in bustees are happy". Not happy, Sri Sen, But angry!

Over one million workers and employees in Greater Calcutta struck work. Innumerable industrial enterprises, commercial establishments schools and colleges, bazaars, shops and all places of amusements remained closed. Law courts did not function, while train services were suspended.

A heartening feature was the stand still brought about in rural areas so much so that even in remote villages students stayed from their classes.

Despite the vast scale of the strike and haratal, it was completely peaceful.

Impartial observers here could not lent be impressed by the sharp contrast between the absolutely peaceful character of such a big mass action and the violent, unconstitutional and communal agitation in Kerala, which has been described by Pandit Nehru as "People's upsurge", what will the PM call W.Bengal's enormous protest?

With the break of dawn a stange silence descended on his metropolis, where life flows on endlessly from 4 a.m. till will post 12 at night.

Trams and buses were off the streets and no vehicles excepting police vans, ambulances doctor's and press cars were out.

With roads clear, teenagers and small urchins had a real field-day. At several places, the roads were turned into cricket and football "grounds".

Volunteers of the PIFRC and hundreds of their supporters stood guard at important points on the streets to maintain peace and to prevent movements of unauthorised vechiles.

All bazaars and shops were closed. Even the Burra Bazaar, Calcutta's business centre dominated by Marwaris, was completely deserted. Rows upon rows of empty rickshaws and hand-carts lay idle along the Pavements.

The Dalhousie square area where 90 Percent of the mercantile and Government offices and the law courts are situated looked like graveyard.

This great city, inhabited by nearly a lakh of people to the square mile, once again demonstrated its robust vitality and its militant mood – the city which Pandit Nehru had chosen to dub a "Procession-ridden" city, a "derelict" city. One can understand his chagrin, of course.

In the district too, the general strike and hartal was a complete success.

Among the highlights of the action were the strikes by 12,000 workers and employees of the Eastern Railway workshop at Kancharapara and 2000 workers of the Government mint at Alipore.

#### **PSP's Total Isolation**

From a "theoretical" opposition to the strike call PSP leaders descended to the despicable level of strike – breaking.

But got the snubbing they so richly deserved. Workers belonging to their Unions, ignored their

NEW AGE 267

exhortations and Participated inn the strike. At several Places, the People themselves forced them to stop their anti-strike Propaganda and chased them away.

PSP candidates were elected from three Predominantly industrial constituencies of the 24-Parganas district. These leaders had actively campaigned against the strike in their respective areas. But the People gave a fitting reply to their treachery by doing the exact opposite of their advice. Little wonder that from the morning of June 25 these "Leaders" were not to be found anywhere near their constituencies.

Having made the "discovery" that the present food crisis in West Bengal is due more to bungling of departmental bureaucrats than to the State Government's food policy, PSP leaders want the centre to take over West Bengal's food administration – as if, the bureaucrats at the centre are all efficient and honest to their fingertips!

But, unfortunately for the PSP leaders, two developments in the Past Week have completely knocked the bottom out of their "theory".

First, On June 22, the West Bengal Government lifted the Price control order in respect of Paddy and rice and the levy order on rice mills, their giving a completely free hand to the hoarders and Profiteers.

Secondly, it was announced three days later that the centre "has approved the state's proposal to lift various controls on food grains."

The PSP leaders are now in a quandary. Their policy regarding the food crisis and their treacherous role in the general strike have already dealt a severe below to their party in this state.

The general strike and hartal in Calcutta was followed by a big mass rally in the evening under the auspices of the PIFRC and the Trade Union Action Committee.

The resolution adopted at the meeting stated that the opposition's charge that the price control order would be enforced. When the Peasants would sell their Paddy but modified at a later stage or not enforced at all when traders, mill owners, jotedars and other cornered the stocks, had been proved conclusively.

It further Pointed out that when the people had started taking the initiative against the hoarders, the Government withdrew the control measures in order the legalise the black market.

Chief Minister, announced the Government's decision at a Press conference that he handed over was, indeed, an essay in utter nonsense.

He talked about everything under the Sun, but carefully evaded the main issue – that the control measures had failed because it was a deliberate Policy of the Government not to take any action against the hoarders.

Certain things, however, clearly emerged from his statement.

- Government statistics thoroughly undependable.
- Even if the suspension of the control measures did not improve the food position they would not be re-imposed this year.
- The quantum of supplied through the modified ration shops would depend on allocation by the centre. This, in effect, means that the weekly Price ration per adult will be reduced from the present schedule of 1 ½ seers to 1 seer.

Lastly, about 80 percent of the population in rural areas would be deprived of the benefits of modified rationing.

Deep resentment even tin the congress was clearly evident at a meeting of the congress assembly party, which was held shortly before Dr. B.C. Roy announced the withdrawal of the control measures at the Press conference.

Several congress MLA's stoutly opposed the government's decision. They said that the lifting of Price control would Push up prices to dizzy heights and their cause untold sufferings to masses of people. The only solution to protest difficulties, they emphasised, was to enforce the control measures with an iron hand and to launch a determined drive against the hoarders.

They demand that the law should be so amended as to place on the hoarders themselves the onus proving their innocence. Some members also expressed grave concern over the serious political repercussions of a change in food policy at this stage.

One congress MLA pointed out that the withdrawal of control meant failure and the Minister in charge of the department, who was responsible for that failure, should resign according to accepted parliamentary procedure.

Dr. Roy brushed aside this demand by saying that he did not feel any need for such resignation. He also curtly turned down a suggestion that the meeting be adjourned for further examination of the issues involved.

The leaders of the PIFRC and the Trade Union Action Committee strongly criticised the Government's decision at a press conference in Calcutta on June 23. they emphasised that the withdrawal of control measures would "further help to intensify the crisis and legalise profiteering and black market prices".

Pointing out that a small increase in control assistance would not help to bring down the prices so long as the West Bengal Government pursued its pro-profiteer policy, they said that "the Government in reality is striking its responsibility of supplying even limited quantities of food grains to the entire population at subsidised rates, and this will lead to further deterioration of the situation for large masses of the people".

The leaders made it perfectly clear that the Government did not change its policy even after the general strike and hartal, the struggle for food would be "taken to a higher plane and bigger mass actions would be organised".

Answering in the negative a question whether the proposed general strike was a "reply" to the direct action in Kerala, Sri Jatin Chakravarty, MLA (RSP), said "The struggle here will continue till the government changes its food policy".

With the withdrawal of control measures rice prices, immediately shot up by Rs. 2 to Rs. 3 per maund. The upward swing still continues, and it is widely believed here that the Prices would ultimately stabilise somewhere between Rs. 35/- to Rs. 40 a maund!

When the Government's decision was announced, the President of the Rice wholesalers Association offered sweets to the visiting statesman correspondent, because it was "a day of rejoicing" for the trade (Statement, June 24)

At the beginning of this year, the peasants had to part with their paddy at Rs. 9 to Rs.9.50 per maund. The Consumers too have been systematically fleeced. Near-famine conditions prevail all over the state. The tragic news of the first case of suicide due to hunger has just come in from a village about 35 miles from Calcutta. But, the hoarders will rake in a wind fall Profit of Rs. 25 to 30 crores!

Long live the Congress Ministry!!

#### West Bengal Accuses

[New Age , 9 August 1959]

The charges contained in the Memorandum would show that the Government of this state is run in calculated defiance of the Directive Principles of the constitution of India and by grossly abusing the Powers and authority that emanate from it. It will be further sen from what follows in these

NEW AGE 269

pages that far from conducting the administration in conformity with the purposes of the constitution, the council of Ministers of West Bengal, headed by Dr. B.C. Roy has foisted upon this state a blatant misrule marked by cynical disregard of fundamental rights and vital interests of the citizens, by insatiately best power and for party and personal gains, by deceit and dishonesty, by graft and enormous corruption.

#### People will Decide

We, Sir are conscious that, in the final analysis, it is for the people to get rid of this abounding misrule in accordance with the normal process laid down in the constitution. To the fulfilment of this task the brake and patriotic people of West Bengal, as the results of the two general elections would show, are no doubt advancing in great and worthy strides. But the constitution informs us that your exalted office carries with it a solemn obligation to ensure that the Government of every state is carried on in accordance with the Provisions of the constitution.

These charges were variously brought by us and others on the floor of the state legislature and outside. But the state Government has paid no heed to them. On the contrary, the Congress Government in West Bengal has spurned the popular grievances by further abuse of authority and by intensifying their misrule. The State Government Continuous to persist in impermissible behaviour as was to be expected, the popular discontent has gone on increasing all the time. We hope that the calm and discipline among the people and the absence of any lawlessness, disorder or unconstitutional activity will not be interpreted by anyone as a sign of contentment or acceptance of the Congress misrule in the State.

We hope that as the president of our republic, you will be good enough to take due cognisance of the charges underline.

It will be them for you, Sir, to bring your wise and impartial judgement to bear upon these charges and submissions against the Government of West Bengal and take such steps as are warranted in the situation, consistent with the constitution of our country and the dignity of your office.

We would like to draw your attention t a few specific instances of the Government's reprehensive attitude towards public funds.

The State Government has spent Rs. 5 crores till now fore sitting up Government Colonies for the refugees. But, almost the entire sum has to be written off as wastage because not more than a handful of refugees have been actually resettled in these colonies.

Till December 31, 1958, the Government advanced loans amounting to Rs. 1,33,00,000 to a number of industrialists for establishing industries to provide jobs to the refugees. It was announced with a lot of fanfare that 9,000 refugees would get employment in these enterprises.

But what have been the actual achievements?

So far only 1, 745 Persons have been provided with jobs. And what is more amazing is that most of the loanees have not deemed it necessary to submit any accounts about the loans. No wonder, therefore, that an enquiry committee appointed by the centre, made adverse comments regarding the state government's practices.

The State Government has been generous enough to place nearly Rs. 13 lakhs at the disposal of a particular firm, the flash light company for establishing a factory at Kalyani to "manufacture" radio sets for rural areas. The Chief Minister's close connections with the owners of this firm are quite well-known here.

The radio sets supplied by the company completely broke down just in two days time.

This fact cannot be brushed aside as a figment of the opposition's imaginations. Even the local congress daily had complaints to make about this misuse of public funds.

Another Audit Report mention an amazing case. Seventeen stud baker buses of the state transport Directorate, which were valued at not less than Rs. 1,75,000 and which were in Perfect running order, were sold sum of Rs. 5,000. This gentleman set up what is known as the transport Development corporation. He has been operating these 17 buses on certain routes outside Calcutta – and pilling up quite handsome profits.

The Audit Report fought shy of his name, perhaps because he is a protege of the Chief minister, but everyone, here knows that the gentleman is Sri Pratap Mitra.

Yet another refers to the decision of the state Government to lease out three Beels (fisheries) in Kanchrapara (24 Parganas) for the purpose of Pisciculture. Tenders were called for; two tenders were submitted, one offering Rs. 36,000 and other Rs. 16,000 for the beels. Amazingly enough, the government accepted the lower tender in total disregard of its standing rule and the Principle of economic gain to the Exchequer. This strange action is explained by the fact that the lower tender came from no other than the above mentioned Sri Pratap Mitra.

The Government Purchased at highly inflated Prices the land, buildings, factories and other properties of big zemindars and businessmen who are patrons and financiers of the congress party. During the pas seen or eight years state Exchequer has been plundered in this way to the tune of Rs. 3,00,00,000.

The main responsibility for this shamefaced Policy must be fixed squarely on the Chief Minister and the food minister. It is these two ministers who have systematically directed the local Government officials to fix purchases price two to three times higher than the actual of the Properties taken over by the Government.

A dilapidated building owned by the family of Sree S.M. Bose, Advocate General of West Bengal, has been purchased by the Government at a price which is higher than the actual value by Rs. 3,00,000.

The Old Palace the Zeminders of Lalgola (Murshidabad District) which is in imminent danger of being swallowed by the tribulent Padma River, has been bought for Rs. 8,5,000 although its actual Price is no more than Rs. 3,00,000. Government engineers are of the opinion that an additional sum of Rs. 5,00,000 will have to be spent in order to save what can be saved of the building.

Rs. 1,75,000 more than the actual Price has been paid for the house of Sri Tarak Nath Mukherjee at Uttarpara, Sri Mukherjee was a prominent congress leader of Hooghly District.

Similarly, the house Sri Pashupati Nath Basu, a close friend of the Chief Minister, has been bought for Rs.1,50,000 more than the actual price. The house is situated in the Baghbazar area of Calcutta.

The dilapidated Gope Palace of the Raja of Narajole (Midnapore District) valued at Rs.10,000 at the most has been taken over at a cost of Rs.1,00,000.

Similarly, the Price paid for the Calcutta building and land of the maharaja of Burdwan is higher than their real valuation by several lakhs of rupees.

A Junk of a factory located in Belghoria 24 Parganas District) and owned by the A.K. Sarkar Industries, has been Purchased for a sum of Rs. 8,00,000, which is higher than the actual Price by Rs.3,00,000. The factory had remained closed for several years before this shady deal took place. And, according to the opinion of Government experts, an additional sum of Rs.15,00,000 has to be spent before the factory can be put into operation.

The Government has purchased 40 bighas of land in the Belgachia area of Calcutta from Kumar Jagadish Sinha, a close relation of a particular cabinet Minister of this state, at a price of Rs. 10,00,000. Earlier, this very gentleman had disposed of 80 bighas of this land for only Rs. 7,00,000. But because of the Government's offer, the transaction was cancelled. Thus, the Congress Government made a gift of 40 bighas and Rs. 3,00,000 to a wealthy and influential landlord.

NEW AGE 271

During the Past four years the Government has paid at least Rs.75,00,000 more than the actual Price for Plots of land bought from the moneybags like the Bangur Brothers, Poddar & Sons, etc., for the Purpose of refugee rehabilitation.

#### **Empire of permits and Contracts**

The Congress government in this state has built around itself a "little empire" of permits and contracts, the sole beneficiaries of which have been handful of monied People who are close friends of the Ministers and also relations of the Ministers. There are, of course, one or two committees for advising the Government regarding the distribution of official permits and contracts, but these committees are wholly Packed with the representatives of the congress.

In 1958, a number of "special Permits" were issued at the instance of the state Food minister, permitting export of rice from the districts which had been placed under a cordon. It has been pointed out later that his enabled a few rice mill owners and traders who are patronised by the Government to make in a profit for Rs.10,00,000.

Among the fortunate few who were shown this favour were:

- (a) Sri Kanoria: He is a leading businessman, having a heavy bank balance. He donated a handsome amount for the "Kishan Conference" organised by the congress at Kakdwip (24 parganas) in 1958,. He also regularly contributes to the Congress funds. Is there any wonder that the Food Minister should give a "specific Permit" for two lakh maunds of rice out of gratitude for this service to the Congress Party?
- (b) Mahadeo Ramkumar & Co.: This firm is actually owned by Sri Sarogi, but under a different name. A close friend of the Food Minister, Sri Sarogi is a hot favourite in Congress Circles here. He donated Rs. 1,50,000 for the Congress Conference held at Kalyani in 1954. The "Congress Bhavan", Headquarters of the Pradesh Congress Committee situated in the aristocratic Chowringhee area was built with his money.
- (c) Fulsara Rice Mills: A special permit for 5,500 mds, of rice was issued to this mill on the recommendation of Sri Gopika. Bilas Sen, a former Congress Minister of State, defeated in the last general elections.
- (d) R.P.G.P. Rice Mills, Sainthia (Birbhum District.): It obtained a Permit for 7,800 mds of rice. The recommendation was made bu Sri Nishapati Manjhi, Parliamentary Secretary to the State Government.
- (e) Syamchak Mills & Kalichak Mills < Midnapore>: It is owned by Sri lodhas a big businessman and an active supporter of the congress. He has rendered valuable services to the congress in the elections.
- (f) Sri Khatua (Midnapore): He is a near relative of Deputy Minister, Sri Chitta Ray. He obtained a "Special Permit" due to Sri Roy's efforts.

During the past eight or nine years the government gave contracts valued at over Rs.2,00,00,000 to the Martin Burn & Co. owned by the monopolist Sir Biren Mukherjee. No tenders were called for, although the standing rule framed by the Government lays down that, normally contracts of the value of Rs.1,00,000 and above should but be given without calling for tenders. The recent report of the Public Accounts Committee points out that till 1952-53, contracts amounting to Rs.87,00,000 had been given to the above firm.

Sir Biren too, generally responded to these gestures by contributing Rs.2,50,000 to the Congress election fund on the eve of the last general elections. A cheque for the amount was publicity handed over to the Chief Minister.

#### **Corrupt Officers Promoted**

It has been a deliberate Policy of the Government not only to shield utterly corrupt officers but also to Promote them to higher Positions.

The few examples cited below would amply bear out the truth of our contention.

In 1958 a vicious centre engaged in traffic in women, smuggling of goods to East Pakistan and many other anti-social activities was uncovered in Botanical Garden at Shibpur (Howrah District). Its Poisonous tentacles were spread over a wide area and officers of the rank of ICS, IAS, IPS were found to have been involved in these activities. The scandal shook West Bengal. But the Chief Minister Suppressed the preliminary report of the investigating officer and upto now the report has not been placed before the Assembly.

#### New Round of Food Struggle in West Bengal

[Independence Day 1959, New Age, 15August 1959]

The Programme of action, approved by the convention, seeks to achieve this objective by crating administrative deadlock through mass squatting, mass *gherao* of Government officials and mass defiance of the law, etc. The possibility of a sustained general strike if necessary, is not ruled out.

Towards the end of this month, a big demonstration will be held in Calcutta who with the Participation of thousands of Peasants from the adjoining districts.

Apart from these militant forms of mass action, determined efforts will be made all over the state to dehoard Paddy and rice stocks with Jotedars, wholesale traders and rice mills. The seized hoards will sold to consumers at a reasonable price.

- Sj. Subodh Banerjee: I beg to move that the proceedings of the Assembly do now adjourn to raise a discussion on a definite matter of urgent public importance and of recent occurrence, namely, the wanton and brutal atrocity perpetrated by the Police on peaceful public and food demonstrators during the food movement. The Police made indiscriminate arrest of innocent persons, on pretext of search looted their property, raped women and mercilessly used lathi, teargas and guns resulting in severe injury, permanent maiming and death of a large number of innocent persons.

### Statement

Towards the end of August and first week of September last the Police detained under P.D. Act and other repressive measures, made indiscriminate arrests of about 17 thousand persons, severely assaulted them, looted their property, raped women and killed about 80 men and women. As a result of this brutal attack thousands have been permanently maimed about one hundred persons are still missing.

Sj. Jatin Chakravorty: I beg to move that the business of the House do stand adjourned to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, viz., the situation arising out of police repression by indiscriminate lathi-charges and tear-gassing on peaceful food demonstrators including a large number of women on the 31st of August and on peaceful student processionists on the 1st of September, 1959, and the subsequent indiscriminate firing by the police in different parts of the cities of Calcutta and Howrah resulting in the killing of nearly eighty persons and wounding and maiming hundreds of others and in other casualties and ceaseless police reign of terror in the two cities from the 1st to 4th September, 1959 and onwards.

### Short Statement

On the 31st of August, 1959, several thousands of people including women were proceeding in

a peaceful procession towards, the Writers' Building in Calcutta in order to press their demands for food before the Government. They were stopped by the Police in Government Place East near the entry to Dalhousie Square. The Processionists were absolutely peaceful and unarmed. A group of leaders of the processionists moved through the Police cordon and were arrested. Thereupon suddenly the Police charged the crowd wantonly with lathis and tear-gas wounding hundreds of men and women, who lay unconscious in the streets till midnight before Ambulance could pick them up for removal to hospitals. Next day there was a student strike to protest agaist this police repression against peaceful food agitators. Several thousand of students from Calcutta Schools and Colleges assembled in a meeting in the University compound and then formed themselves in a procession which included a large number of girl students and proceeded along the College Street and Wellington Street towards the residence of the Chief Minister in front of the Wellington Square. The procession was absolutely peaceful but on this day also they were suddenly and violently charged by the Police from all sides. Indiscriminate firing by the Police continued in darkness throughout the night, killing, wounding and maiming many innocent people. On the 3rd there was a protest general strike which was wought to be broken by police repression, firings, beatings,

Si. Jvoti Basu : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমরা বহু আলোচনা খাদ্যসমস্যা নিয়ে সরকারের সঙ্গে করেছি—এসেম্বলীর ভেতরে, বাহিরে এবং খাদ্য উপদেষ্টা কমিটিতে—কিন্তু আমরা দেখেছি যে আমাদের কোন কথা বা আমরা যারা দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির মধ্যে ছিলাম তাদের কোন কথাই সরকার গ্রাহ্যের মধ্যে আনেন নি। আমরা দেখেছি যে কন্ট্রোল অর্ডার থাকা সত্ত্বেও সেই কন্ট্রোল কেউ মানেন নি এবং চালের দাম ক্রমশ বেডেছে। এইরকম অবস্থায় অর্থাৎ ২১ টাকা কন্ট্রোল সর্বোচ্চ দর থাকা সত্ত্বেও আমরা যখন দেখলাম যে চালের দাম ২৫, ২৬, ২৭, ২৮, ৩২ টাকা—এমনকি ৩৫ টাকা কুচবিহারে চালের দাম হয়েছিল, তখন আমরা সিদ্ধান্ত গ্রহণ করলাম যে আন্দোলন করে সরকারকে দাম কমাতে বাধ্য করান। অর্থাৎ আন্দোলন ছাডা আর কোন উপায় নেই। অবশ্য আর একটা উপায় ছিল সেটা হচ্ছে চুপ করে বসে থাকা, প্রতিবাদ না করা, বিক্ষোভ না করা। কিন্তু কংগ্রেস সরকারের দুর্ভাগ্য যে বাংলাদেশের মানুষ নতজান হতে অস্বীকার করেছে এবং এখনও তারা বেঁচে আছে এবং বাংলাদেশের মানুষকে তাঁরা এখনও জানোয়ারে পরিণত করতে পারেন নি। বাংলাদেশের মানুষ এই জন্যই প্রতিবাদ করেছিল, সংগ্রাম করেছিল। এই আন্দোলন শুধু যে কোলকাতায় বা শহরে গড়ে উঠেছিল তা নয়, সমস্ত বাংলাদেশব্যাপী প্রায় প্রতিটা থানায় এই আন্দোলন গড়ে উঠেছিল। এই আন্দোলনে প্রায় ১৭ হাজার মান্য গ্রেপ্তার হয়েছিল, অসংখ্য মানুষকে এরা খুন করেছেন—আমরা মনে করি প্রায় ৮০ জন, কিন্তু এঁরা আরও কম করে দেখিয়েছেন—এবং প্রায় ৩ হাজার লোক নানাভাবে আহত হয়েছে। এই থেকেই বোঝা যাবে যে এই আন্দোলনে শুধু রাজনৈতিক দলের লোকই গ্রেপ্তার হয় নি এবং আন্দোলন সমস্ত পশ্চিম বাংলার গণতান্ত্রিক ও সংগ্রামী মানুষের আন্দোলন। পশ্চিম বাংলার সমস্ত মানুষ খাদ্যের দাম কমানোর জন্য এই আন্দোলন করেছিল। কিন্তু পরবর্তীকালে দেখলাম যে যখন এই আন্দোলন আরম্ভ হওয়ার কথা আমরা ঘোষণা করলাম তখন পশ্চিম বাংলার ক্যাবিনেট একটা ষড্যন্ত্র করলেন এবং তার উদ্দেশ্য হল বাংলাদেশের মানুষকে জীবনের মতন একটা শিক্ষা দেওয়া যাতে মাথা তুলে আর না দাঁডাতে পারে, প্রতিবাদ না করতে পারে। কিন্তু তা সত্ত্বেও আমরা দেখলাম যে জেলায় জেলায় সত্যাগ্রহ আরম্ভ হল, আইন অমান্য আন্দোলন আরম্ভ হল, মেয়েরা কোর্টে গেছে তাদের গ্রেপ্তার করা হয়েছে, পুলিস স-বুট লাথি মেরেছ। গত ৩১-এ অগাস্ট যখন তিন লক্ষ মানুষের সমাবেশ মনুমেন্টের তলায় হয়েছিল এবং তার থেকে প্রায় এক লক্ষ মানুষ ১৪৪ ধারার দিকে গিয়েছিল, এবং তার মধ্যে থেকে কিছু সংখ্যক মানুষ তারা আইন অমান্য করবে। কিন্তু আমরা দেখলাম যে সুপরিকল্পিতভাবে ষড়যন্ত্র করে এমন পূলিস ব্যবস্থা করা হয়েছিল যে, প্রথম সত্যাগ্রহ চলে যাবার পর রাত্রি সাড়ে সাতটার সময় দ্বিতীয় দফায় যাবার জন্য প্রস্তুত হচ্ছে এমন সময় পুলিস তাদের উপর ঝাঁপিয়ে পড়ল। শোভাযাত্রার চারিধারে পুলিস মোতায়েন করা হয়েছিল। কিন্তু কোন সংবাদপত্র বা কেউ বলতে পারবেন না যে কজন পুলিসের গায়ে আচড় লেগেছিল। যাইহোক, চারিধার থেকে পুলিসের ঘেরাও এর পরে এমন প্রেসার তাদের উপর পড়ল তখন তারা যাবার পথ পেল না। আমরা দেখলাম যে এই পুলিসের এই আক্রমণ জ্ঞালিয়ানওয়ালাবাগের মতন আক্রমণ। আমরা সেদিন

দেখেছি বিভিন্ন দিক থেকে ঘেরাও করে তাদের পূলিস ছত্রভঙ্গ করে দিল। আমরা দেখেছি সেখানে বিবন্ধ কৃষক নারী যারা পিছু হটতে পারে বা তাদের উপর পূলিসের ঘা পড়েছে। সেইসব ছবি স্বাধীনতায় কতকগুলি বেরিয়েছে—সেই সমস্ত ছবি ঘরে তৈরি করা নয়। অর্থাৎ সেগুলি দেখলেই পরিষ্কার বোঝা যাবে যে সেখানে কিভাবে আক্রমণ হয়েছিল। তারপর ১লা তারিখে আরও নারকীয় ঘটনা ঘটেছে। সেখানে আইন অমান্যের কোন প্রশ্ন ছিল না। ছাত্ররা মিটিং করে ঠিক করল যে প্রসেশন করবে। দক্ষিণ থেকে প্রসেসন এল এবং তা ১৪৪ ধারায় আটকে দেওয়া হোল। ছাত্ররা আইন লব্দন না করে বাইরে দিয়ে চলে গেল। যখন তারা বৌবাজার থানার সম্মুখে এল সেই সময় তাদের উপর আক্রমন করা হল। এত বড় আস্পর্দা ছাত্ররা ১লা তারিখে মুখ্যমন্ত্রীর বাড়ির সামনে দিয়ে 'প্রসেশন' করে চলে যাচেছ, তখন পুলিসের তরফ থেকে তাদের উপর আক্রমণ করে তাদের ছত্রভঙ্গ করে দেওয়া হল। তারপর আমরা জানি কোলকাতার বুকে আগুন জ্বলল। তারপর আমরা যে দেখেছি এবং শুনেছি তাতে অভিযোগ করছি যে মুখ্যমন্ত্রী এবং কালীপদ মুখার্জি এই দুইজন ব্যক্তি কাপুরুষ। এই দুইজন ব্যক্তি 'কন্ট্রোল রুমে' ছিলেন এবং সেখান থেকে অর্ডার দিয়েছিলেন লাঠি মার, গুলি চলাও—সূট টু কিল। কারণ আমরা হাসপাতালে গিয়ে দেখেছি যে আহতদের কাহারও পেটের উপর, কাহারও চোখে, মাথায়, গুলী লেগেছে, আমরা জানি তাদের অর্ডার দেবার পর এরকম আক্রমণ সাড়া কলকাতায় ছড়িয়ে পড়ে. এমন কি মুখ্যমন্ত্রীরও সাহস হয়েছে একথা বলবার যে সমাজ বিরোধীদের হাতে আন্দোলন চলে গিয়েছিল তারপর আমরা আক্রমণ করেছি এবং যার ফলে গত ৩১-এ অগাস্ট এবং ১লা তারিখের ঘটনা হয়েছিল, কিন্তু কারা সমাজবিরোধী ? যারা থানায় গিয়েছিলেন, ডিমোনস্ট্রেসন করতে তারা? আমি বলি সবচেয়ে বড়\* তিনি নিজে। কালীবাবু যদি\* না হন তাহলে আমি জানি না আর কে\* হতে পরে, মুখ্যমন্ত্রী বিধান রায়ও একজন কাপুরুষ\*। কন্ট্রোল রুমে বসে এই দু'জনে অর্ডার দিলেন নারী-পুরুষ নীর্বশেষে অত্যাচার কর, লাঠি চালাও, গুলী ছোড়ো, অথচ তিনি আমাদের বলছেন ক্ষমা চাও পাবলিকলি তারপর অন্য কথা হবে, এরা বলছেন জবাব দাও কেন পুলিস মারা হোল, কেন ভ্যান পোড়ান হোল, কেন দুধের গাড়ী পোড়ান হল ? আমি বলব, বেশ তার তদন্ত হউক। কিন্তু জীবন থাকতে আমরা এই মানুষদের সমাজবিরোধী বলতে পারব না। যে ঘটনা ঘটেছে তার জন্য সম্পূর্ণভাবে দায়ী কংগ্রেস মন্ত্রীরা। কাজেই আমি বলছি যে এই কতকগুলি লোক যারা মন্ত্রী হয়ে গদীতে বসে এইভাবে আক্রমণ করবার জন্য অর্ডার দিয়েছিলেন তাঁরা যদি আমাদের বলেন ক্ষমা চাইতে তবে সে কথায় আমরা নিশ্চয়ই সায় দেব না। কেন না আমরা মনে করি না যে আন্দোলন সমাজবিরোধীদের হাতে চলে গিয়েছিল। শেষকালে আমি জিজ্ঞাসা করি যদি আপনাদের কেউ নিজের চোখের সামনে দেখতেন, যে বিবস্তা নারীর উপর, ছাত্রদের উপর আক্রমণ হচ্ছে তখন আপনারা কি করতেন? আপনারা কি রুখে দাঁড়াতেন না? যদি কাপুরুষ না হন, যদি মানুষের রক্ত আপনাদের শরীরে থাকে তাহলে নিশ্চয়ই আপনারা রুখে দাঁড়াতেন, এবং যদি তা করতেন তাহলে আপনাদের আমরা অভিনন্দন জানাতাম। কিন্তু তা আপনারা করেন নি।

[4-40-4-50 p.m.]

ডেপৃটি স্পীকার মহাশয়, আমরা জানি যে ১ পয়সা ভাড়া বৃদ্ধির বিরুদ্ধে যখন ট্রাম আন্দোলন হয়েছিল, সেই সময় মুখ্যমন্ত্রী আমেরিকায় ছিলেন, সে কয়েক বছর আগেকার কথা বলছি, তখনও কংগ্রেস সরকার সংবাদপত্রের যারা মালিক তাদের সঙ্গে কথাবার্তা বলে কোন ব্যবস্থা করতে পারে নি এবং সেই কারণে আমরা সেই সময় সংবাদপত্রের যোরা মালিক তাদের কভাবে তারা প্রতিবাদ করেছিল। সরকার যেসমস্ত কাশু সেদিন ঘটিয়েছিল এবং আমার মনে আছে—আজকের আনন্দবাজারের কথা আমি বলছি না কিন্তু সেদিনকার আনন্দবাজারের কথা বলছি—তার যিনি এভিটর সেই সত্যেন মজুমদার এভিটোরিয়ালে ঐ কালীপদবাবুকে ঐ কেলোরকীর্তি বলে নাকি কি লিখিয়াছিলেন এবং ঐ প্রফুল্লবাবুকেও তিনি লিখিয়াছিলেন যে এরা হচ্ছে সাম্রাজ্যবাদের জারজ সন্তান—মাতৃগর্ভের লজ্জা। আমি বলি মুখ্যমন্ত্রীকে এর মধ্যে ইনকুড করে নেওয়া যায়। আমি আর একবার পুনরাবৃত্তি করছি যে এরা যদি \* \* না হতেন তাহলে এরকম জিনিস নিজের জনসাধারণের উপর করতে পারতেন না। এটা খুব সহজ যে সশস্ত্র পুলিসকে যাদের হাতে অস্ত্র নেই, সেই নিরীহ মানুব যারা ছেলে কোলে করে কলিকাতায় এসেছিল একটু খাদ্যের জন্য তাদের প্রতি লেলিয়ে দেওয়া হয়েছে। তারা বলছেন, ভাওলেন্ট হয়েছে। আমি বলি ১৭ হাজার মানুবকে আপনারা গ্রেপ্তার করেছিলেন—আমরা যদি এইরকম ভাওলেন্স করতাম \*{ Expunged by order of Mr. Deputy speaker }

তাহলে একটা পূলিস মারা যেত না। কিন্তু এটা মনে রাখবেন যে আর কিছু করতে না পারি কোলকাতাতে যদি আগুন ছডিয়ে দিই তাহলে আপনারা তা তিন দিনে নেভাতে পারবেন না। কিন্তু আমরা সে পথ চাই না। আমরা প্রথম থেকে আজ অবধি বরাবর বলেছি যে শান্তিপূর্ণ আন্দোলন করে এদের সমস্ত ব্যবস্থা নিশ্চল করে দাও, হাজার হাজার লোক কারাবরণ করবার জন্য প্রস্তুত হও, এবং ১৭ হাজার বা ২০ হাজার ভোলান্টিয়ার এই কাজের জন্য রিক্রুট করেছিলাম, আমরা কারাবরণ করতে চেয়েছিলাম, দুঃখ বরণ করে নিতে চেয়েছিলাম—এইভাবে কত লোককে জেলে জায়গা দেবেন। কিন্তু তারা, বলছেন, ভ্যান পুড়িয়েছেন এবং তারজন্য দরদী পণ্ডিত জহরলাল নেহরু পার্লামেন্টে এই রিপোর্ট পেয়ে কৈফিয়ত চেয়েছেন যে এটা কেন হল, কেন হরিণঘাটা মিল্ক ভ্যান পুড়ে গেল ? কিল্ক পণ্ডিত জহরলাল নেহরুর জানা উচিত যে এইরকম রিপোর্টও আছে, এই সমস্ত ভ্যান, লরী পুলিসের দ্বারা অন্যায়ভাবে ব্যবহৃত হয়েছে। আমি জানি না এটা ঠিক কিনা। কিন্তু এর তদন্তের প্রয়োজন আছে। আমরা জানি যে ফুড ডিপার্টমেন্টের লরী পুলিস বহন করতে ব্যবহৃত হয়েছে এবং আর, ডবলিউ, এ, সি, ভ্যান ফেরত পাওয়ার জন্য টাকা উঠে যাবে কিন্তু যে মানুষগুলিকে আপনারা হত্যা করেছেন তাদের তো আমরা কখনও ফেরত পাব না। আপনারা আপনাদের হিসেবে বলেছেন যে ৪২-৪৩ জনকে হ'চ্যা করেছেন। কিন্তু আমরা কোথাও তার সঠিক ফিগার পর্যন্ত পাছিছ না। ঠিক সেই জালিয়ানওয়ালাবাগের মত অবস্থা। সরকার তখন বলেছিলেন ৩৫০ জন মারা গেছে আর পণ্ডিত মতিলাল নেহরুর সভাপতিত্বে সেটা দেখা গিয়েছিল ১২ শত।এখানেও ঠিক সেই ঘটনা হয়েছে। স্বাধীনতা কাগজ ছবি তুলে দিয়েছিল যে একজন মহিলা শশ্মানঘাটে পড়েছিল, সরকার তার কৈফিয়ত দিলেন যে আমরা তাকে কুড়িয়ে পেয়েছি। কোন সঠিক খবর আমরা পাচ্ছি না। যেসব ঘটনা ঘটেছে তা কিছুই বেরুছে না। আমরা প্রেস, শশ্মান, হাসপাতাল, এখানে ওখানে যাচ্ছি কিন্তু কত লোক মরেছে তার কিছুই খবর পাচ্ছি না। সরকার প্রেস নোটে বলছেন যে ১৫টা বডির আত্মীয়স্বজন খুঁজে পাওয়া গেল না. বলে পুডিয়ে দিলাম আর তারা বলছেন স্বাধীনতায় যে খবর বেরিয়েছে তা মিথ্যা আর গর্ব করে বলেছেন যে মোট ৪৩ জন মারা গেছে। আমি সেজন্য বাংলাদেশের অগণিত মানুষকে অভিনন্দন জানাব। কিন্তু অন্ততপক্ষে পণ্ডিত নেহরুর মত মানুষ যিনি ১৯৪৩ সালকে উপলক্ষ করে বলেছিলেন যে এ কি হল, এতগুলো লোক প্রতিবাদ বিদ্রোহ না করেই মারা গেল, এত ধান চালের দাম হল, অন্য কোন দেশ হলে সরকারকে ভাসিয়ে নিয়ে চলে যেত, আজ সেই বদনাম বাংলাদেশকে দিতে পারে না। কিন্তু বাংলাদেশের মানুষ আজ গর্জে উঠেছে, প্রতিবাদ করে বলছে যে আমরা নতজানু হয়ে কংগ্রেস সরকারের কাছে এই কালীপদ মুখার্জী. বিধানচন্দ্র রায়, অজ্ঞয় মুখার্জী, প্রফুল্ল সেনের কাছে মাথা নত করব না ; প্রতিবাদ করব সংগ্রাম করব। বাংলাদেশে তাদের বীরত্বপূর্ণ ঘটনা যা ঘটেছে তাতে সমস্ত ভারতবর্ষের গণতান্ত্রিক মানুষ আমাদের আশীর্বাদ করেছে, আমাদের পাশে এসে দাঁড়িয়েছে ; আমাদের জয় নিশ্চয়ই হবে, আমরা আগামী দিনে এই সরকারকে গদিচ্যুত করব এ বিষয়ে বিন্দুমাত্র সন্দেহ নেই; এই কথাটা আপনারা মনে রাখবেন। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, did Sj. Jyoti Basu call me a \* \*?

Sj. Jyoti Basu: Yes, I did call you a \* \*

[Noise and interruption]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Then I call you a \* \*

Sj. Siddhartha Shankar Roy: The late Sarat Chandra Bose called Dr. Bidhan Chandra Roy a characterless man.

# Mr. Deputy Speaker:

দেখুন এ্যাডজোর্নমেন্ট মোশানে যদি এইভাবে টাইম নস্ট হয় তাহলে আমি কিন্তু টাইম কভার করতে পারব না।
[Noise and interruption]

# 📈 Dr. Prafulla Chandra Ghosh :

জেপুটি স্পীকার মহাশয়, যে এ্যাডজোর্নমেন্ট মোশান আমি উপস্থিত করেছি তার আসল কথা হচ্ছে ৩১-এ অগাস্ট হইতে ক্লি সেপ্টেম্বর পর্যন্ত যেসমন্ত ঘটনা ঘটেছে সেটা খুবই দুঃখপুর্ণ এবং সেই দুঃখজনক অবস্থার যাতে পুনরাবৃত্তি না হতে

পারে সেজন্য আমাদের সকলের চেষ্টা করা উচিত এবং এই সময় এই বিষয় সম্বন্ধে বলতে যেয়ে কোন কঠোর ভাষা মোটেই প্রয়োগ করতে চাই না ওদিকে না এদিকে, কারণ তাতে এই বাংলাদেশের আবহাওয়া আরও খারাপ হবে। আমি এই উদ্দেশ্যে বলতে চাই না যে ভবিষ্যতে যাতে শান্তিপূর্ণ আবহাওয়া প্রতিষ্ঠিত হতে পারে এবং এই ঘটনার যাতে পুনরাবৃত্তি না হতে পারে। প্রথম কথা, আমাদের বন্ধু শ্রীযুক্ত জ্যোতিবাবু তাঁর প্রস্তাবে বলেছেন যে ৮০ জন মারা গেছে, এবং থাউজ্জেন্স উন্ডেড হয়েছে। সরকারের তরফ থেকে বলা হয়েছে যা আমরা কাগজে দেখেছি যে ৪১ জন মারা গেছে আর তিনশোর মত আহত হয়েছে, এখন কোনটা সত্য এটা যাচাই করা খুবই শক্ত। জ্যোতিবাবু এক জিনিস বললেন হয়ত ডাঃ রায় আরেকরকম বলবেন। আমি বলতে চাই যে—

It will be statement against statement even oath against oath.

সত্যটা নির্ধারণ করার একটা পন্থা আবিষ্কৃত হওয়া উচিত এবং তারই জন্য আমি প্রস্তাব করছি যে—

open Judicial enquiry by a Judge of the High Court.

হওয়া দরকার। কোন জাজ অব দি হাইকোর্ট হবে তা ঠিক করবার ক্ষমতা গভর্নমেন্টের নেই। এটা লিখতে হবে চিফ জাস্টিস অব দি হাইকোর্টকে এবং চিফ জাস্টিস অফ দি হাইকোর্ট যে জজ দেবেন তাকে নিতে হবে এই হচ্ছে নিয়ম। আর আমরা যদি কোন জজের হাতে না দিই তাহলে কোন সত্য নির্ধারণ করা যাবে না।

[4-50—5 p.m.]

গভর্নমেন্টের কাছে যদি কাগজপত্র থাকে তাহলে সেগুলি হাজির করতে পারেন, এবং দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি যাঁরা আন্দোলন চালাচ্ছেন, তাঁরাও তাঁদের সমস্ত জিনিসগুলি উকিলের মারফত সেই জজের সামনে হাজির করতে পারেন। কিন্তু এখানে আমার একটা কথা হচ্ছে সেই জজ যা সিদ্ধান্ত করবেন তা যেন এই হাউসের সামনে উপস্থিত করা হয় এবং জনসাধারণকে জানান হয়। শুধু তাই নয়—আমি সরকারের কাছে জানতে চাই, তাঁরা সেটা ইমল্লিমেন্ট করবেন কিনা? তা না হলে শুধু কমিটি বসালে, তাতে সময় কেটে যায়, তার কোন ফল হয় না। সেই জিনিস আমি চাই না। আমি চাই গভর্নমেন্ট যেন এটা ইমপ্লিমেন্ট করেন। আমি শুধু গভর্নমেন্টের কাছেই এ্যাপিল করছি না, দি হোল অব দি কংগ্রেস বেঞ্চ-এর কাছে এ্যাপিল করছি তাঁরা এটা মেনে নিন। এবং এদিকের বেঞ্চের সকল সদস্যের কাছেও আমার বিশেষ অনুরোধ তারাও এটা মেনে নিন। যদি জজের সিদ্ধান্ত অনুসারে দেখা যায় যে হাঁা, কালীপদবাবু বা ডাঃ রায় দোষী, তাহলে—

I shall be the first man to condemn them.

আমি তাদের অনেক সমালোচনা করেছি এবং আমি তখনও তা করতে দ্বিধাবোধ করবো না যদি তাঁরা সত্যিসত্যিই অপরাধী হন। যদি দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির তরফ থেকে অন্যায় হয়ে থাকে, বা জনসাধারণের তরফ থেকে অন্যায় হয়ে থাকে তাহলে সেই অন্যায়ের প্রতিকার করতে হবে এবং সেই অন্যায় সম্বন্ধে আমাদের সচেতন থাকতে হবে। আমি গভর্নমেন্টকে যেমন বলছি তেমনি আমার বন্ধুবর জ্যোতিবাবুকেও বিশেষভাবে অনুভব করতে বলি যদি দিনের পর দিন এইভাবে আন্দোলন চলতে থাকে, হাজার হাজার লোক যদি আবার তৃতীয় ফেজ-এ আন্দোলন শুরু করতে থাকেন, আবার এইরকম পুনরাবৃত্তি ঘটে তাহলে সেখানে কোন প্রকার জুডিসিয়াল এনকোয়ারি করা কি সন্তব হবে? শান্তিপূর্ণ আবহাওয়া সৃষ্টি না হলে পরে কোন জুডিসিয়াল এনকোয়ারি হতে পারে না। সেইজন্য যতক্ষণ এই জুডিসিয়াল এনকোয়ারী চলতে থাকে ততক্ষণ তাঁর কাছে আমার অনুরোধ তিনি যেন এই আন্দোলন স্থগিত রাখেন। যতক্ষণ পর্যন্ত জুডিসিয়াল এনকোয়ারির কাজ শেষ না হছে ততক্ষণ পর্যন্ত তিনি যেন আর কিছু না করেন। যদি জজ বলেন হাঁা, কালীপদবাবু বা ডাঃ রায় ক্রিমিন্যাল, তাহলে হাঙ্গ দেম। তাঁদের ফাঁসী দিন তাতে আমার কোন আপন্তি নেই। কিন্তু

let us not condemn them unheard

এইটাই হল আমার আসল কথা। সরকারের তরফ থেকে বলা হয়েছে ৪১ জন লোক মারা গিয়েছে, যারা মারা গিয়েছে তার যে আমাদের দেশেরই লোক সে বিষয়ে কোন সন্দেহ নেই। জনসাধারণের তরফ থেকে বলা হচ্ছে আরও বেশি লোক মারা গিয়েছে, আবার কেউ বলছেন মাত্র পাঁচজন লোক জনসাধারণের হাতে মারা গিয়েছে। যদি এই পাঁচজন লোকও \*[Expunged by order Mr. Deputy speaker]

সেভাবে মারা গিয়ে থাকে তাহলে সেটা অত্যন্ত দুঃখের বিষয়। এটাও অত্যন্ত দুঃখের বিষয় যে পুলিসের গুলিতে যদি একজনও মারা গিয়ে থাকে। পলিস যে সব সময় ঠিক মত কাজ করতে পারে না. একথা কালীবাব জানেন। কালীবাব বা ডাঃ রায় এ কথা কখনও বলত পারেন না যে পলিস এই আন্দোলনের সময় সব কাজই ঠিক ঠিক ভাবে করেছে. এ বিষয়ে কেউ ঠিক সার্টিফিকেট দিতে পারেন না। কাজেই এ বিষয়ে পুরাপুরি তদন্ত হলে পর তখন আমরা নির্ধারণ করতে পারবো। আমরা প্রত্যেকেই চাই বাংলাদেশে যেন এর পুনরাবৃত্তি না হয়। বাংলাদেশে জীবন রক্ষার জন্য বাংলার যাতে কোন প্রকার ক্ষতি বা দুর্নাম না হয় তার জন্য আমাদের সকলকে সচেম্ট হতে হবে। কারণ, বাংলাদেশে জ্যোতিবাবুর যেমন, আমাদেরও সেই রকম এবং আমি মনে করি কংগ্রেসেরও সেই রকম। এ পর্যন্ত যা ঘটেছে তাতে বাংলার সনাম রক্ষা হয় নি, সুতরাং যাতে বাংলার সুনাম রক্ষা হয় তার জন্য আমাদের সকলকে সচেষ্ট হতে হবে। এই জন্যই আমি এই প্রস্তাব দিচ্ছি—এই প্রস্তাবের সেই উদ্দেশ্য। আমি আশা করি সরকারের তরফ থেকে কোন প্রেসস্টিজ-এর কথা উত্থাপন করা হবে না। ডাঃ রায়ের সঙ্গে আমার বহু রকম মতবিরোধ আছে, তা সত্ত্বেও আমি তাঁকে অনুরোধ করবো তিনি যেন প্রেস্টিজ-এর কথা না তোলেন। দে আর দি মেজরিটি পার্টি সেই মেজরিটি পার্টি প্রেস্টিজ-এর কথা না ভেবে মাইনরিটি পার্টিকে বলুন—হাা, এটা এখন জুডিসিয়াল এনকোয়ারির জন্য দিচ্ছি, আমি আপনাদের অনুরোধ করছি আন্দোলন বন্ধ করুন। মেজরিটি পার্টি যদি এ জেশ্চার দেখান তা হলে নিশ্চয়ই তার কথা মাইনরিটি পার্টি স্বীকার করবে। এই জিনিস বাংলাদেশের পক্ষে একান্ত প্রয়োজন হয়ে উঠেছে। সেইজন্য আমি কোন কঠোর কথা ব্যবহার করতে চাই না। আমার মনে হয়ত কঠোর কথা আসছে, কিন্তু তা আমি চেপে রাখছি বাংলার সুনামের জন্য। আমি সকলকে বাংলার সুনাম রক্ষা করবার জন্য অনুরোধ করে. আমার কথা শেষ করছি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: In respect of what Shri Prafulla Ghosh has said I may tell the House that the usual rule of the Government is that whenever firearms are used by the Police, the Police have to hold a full enquiry and send a detailed report to he Government.

# Sj. Ganesh Ghosh:

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, এটা কি হচ্ছে? উনি কি বক্তৃতা দিচ্ছেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I am speaking on this motion. I hope you will not object.

This report comes to the Government. It is not a fact that this report is glossed over by the Government, because there are many instances we have got here where the report of the department was not accepted by the Government. A particular report had been published in the press that Government is holding a judicial enquiry and so on. That, is not correct. That enquiry is being made on behalf of the police according to the rules.

With regard to the other point made by Shri Prafulla Ghosh, namely, the question of judicial enquiry, he has made a pertinent suggestion. I will repeat the condition which I said before by a statement, namely, let the food movement be withdrawn and let the atmosphere be quiet, and then there will be plenty of time to consider what steps we will take for the enquiry after we get the report from the Police.

# Sjkta, Tusar Tudu:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, কিছুক্ষণ আগে জ্যোতিবাবু যে কথা বলেছেন আমি এখানে তার পুনরুদ্রেখ করতে চাই না। এবং যিনি এ শব্দ ব্যবহার করতে পেরেছেন, তাঁকে আমি এই হাউসের সামনে মাপ চাইতেও বলি না, আমি শুধু আপনাকে অনুরোধ করছি এখানে তিনি যে শব্দ ব্যবহার করেছেন, সেটা যেন স্পিচ থেকে এক্সপাঞ্চ করা হয়।

Sj. Bankim Chandra Kar: Mr. Deputy Speaker, Sir in expressing my views about the most unfortunate incidents that took place on the 3rd of September last, I shall confine myself to the incidents of Howrah alone. At the outset I contradict, the statement made by Shri Jyoti Basu, because my impression so far as Howrah incidents are concerned, is this that, had not Police interfered in

time, the riot would have taken a very serious turn and hundreds of lives would have been lost. After all, Sir, you will consider one fact that for reasons or no reasons the Police was the target of attack. On the 2nd of September in the evening while an Assistant Sub-Inspector of Police was going along Makardah Road he was suddenly attacked by certain people, but some up-country men who lived in the bustee nearabout managed to save the life of that Assistant Sub-Inspector. That was perhaps the reason why on the next day the whole of the Shanpur Bustee was set on fire and at least seven or eight up-country men were killed. You will consider another point, viz., that in the early hours of the morning of the 3rd of September some workers in the Bharat Jute Mills who joined the work were asked to come out of the mill by a crowd. Hundreds of people collected at the gate of the mills and they demanded that the persons who were working should come out.

[5—5-10 p.m.]

But as they did not come out, they began to create trouble. A small police force was deputed there. They tried to intervene but they could not. Ultimately this mob was strengthened by about 3,000 people who attacked the Bharat Jute Mill. The result was that a contingent of police force was sent there. Sir, you will consider another fact is that the main road was barricaded and the police could not go along the road. Now, there were troubles. The police at first lathi-charged them and then they used teargas shells. Ultimately, the police were attacked with bombs and other missiles. After this, this mob went to the Shanpur bustee where the up-country people were living and they attacked the whole bustee. The result was that six or seven persons were killed and eight or nine houses were completely gutted. (Dr. Kanailal Bhattacherjee: This is untrue.) [Loud noise and uproar] This is not untrue. The honourable member who is now saying that this is untrue was sleeping inside his house when this incident took place. I know people, who were living nearby, did not dare to come out to stop these things. As a matter of fact, all the Hindusthanis—the up-country men—ran away from the bustee and took shelter in another area. Then, Sir, the police tried to save these people and had to open fire in self-defence when they were attacked. On the same day, another mill was the venue of their operation. viz., the Ganesh Jut Mill under Golabari police station. A crowd of people had collected there and when the police came, they were greeted with bombs and soda water bottles. As a result, a number of policemen were injured. The van carrying the policemen was burnt. Thereafter the Assistant Superintendent of Police with a contingent of police force went there. Barricades were erected on the road. The same tactics were then followed. The mob was first lathi-charged and then tear-gassed, but they did not move away. The police were then attacked by a big crowd of people. The ultimate result was that the police were compelled to open fire.

Then, Sir, within the Howrah police station at about 9 a.m. about 2 thousand people attacked the Sales Emporium and tried to loot Government property. 47 shells were fired there and the mob dispersed. But within two hours about 5 thousand people came and tried to storm the reportcentre from all sides. Sir, you know the report centre is the nerve centre of the administration. If at that time no firing had been resorted to, the report centre would have been attacked and, I think, all the rifles and ammunition would have been looted by these 5 thousand rioters. I was not sitting in my house I was moving about. I was not concealing myself like the leftist leaders. [Loud noise and uproar] Then the Kedarnath Jute Mill was attacked. Then at about 11 a.m., when 20 unarmed policemen were passing along Narsing Dutt Road from Khurut Outpost to Batra Police Station, suddenly in the middle of the road, they were attacked with bombs and they fled away and took shelter in the adjacent shops and factories. One of them, however, fell back. He was caught and stabbed by these rioters. Then they cut his throat and left him there.

If my friends over there say that these are the persons who belong to their group and if they say that they are responsible for their acts, I do not know where we are and where we will be in future.

# Sj. Hemanta Kumar Basu:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বিষ্কমবাবু পুলিসের দেওয়া একটা রিপোর্ট পড়ে আমাদের এখানে শোনালেন, তারা যে যে রিপোর্ট দিয়েছে, ঠিক সেই সেই কথা তিনি শোনালেন। যাদের উপর অত্যাচার হয়েছে, লাঠি চার্জ হয়েছে, যাদের গুলি করা হয়েছে তাদের জন্য তাঁর মুখ থেকে একটু সমবেদনা বা সহানুভূতির কথাও শুনলাম না। অথচ তিনি একজন এই হাউজ-এর জনপ্রতিনিধি। সেদিন ভারত জুট মিলের একদল শ্রমিক শান্তিপূর্ণভাবে তারা গিয়েছিল এবং পিসপিকেটিং করছিল। তাদের উপর সেই মিলের আলামোহন দাসের দ্বারোয়ানরা আক্রমণ করে গুলি চালায়, পুলিস তাদের সাহায্য করে। এইসব কোন কথা তিনি বলতে পারলেন না।

### [नरग्रक]

হাওড়া হাসপাতালে গিয়ে দেখুন যারা আহত হয়েছে, গুলিবিদ্ধ হয়েছে, যারা মার খেয়েছে তারা এখনও সেখানে পড়ে রয়েছে। সেদিন শিবপুর শশ্মানঘাটে একজন মড়া পোড়াচ্ছিল, পুলিস গিয়ে তাড়াতাড়ি সেই লাসটাকে শেষ করে দিয়ে আরও ১১টি বডিকে সেখানে পোড়ায়। এই রকমভাবে অকথ্য অত্যাচার ও নির্যাতন করেছে। কি চেয়েছিল বাংলাদেশের মানুষ ?

# [ এ ভয়েস ফ্রম দি কংগ্রেস বেঞ্চ: গুণামী ]

গুণামী করেছে পুলিস, গুণামী করেছে গভর্নমেন্ট, গভর্নমেন্টের পুলিস বাহিনী, গুণামী করেছে মন্ত্রীমণ্ডলী। আজ আমার সামনে যদি কোন নিরীহ লোকের উপর অত্যাচার করা হয়, মারধর করা হয়, তাহলে এমন লোক কি আছে যে এর প্রতিবিধান না করে পারে? যদি মানুষের রক্ত গায়ে থাকে, যদি মনুষ্যত্ব থাকে তাহলে যা কিছু প্রোভোকেশন হয়েছে, যে ভায়লেন্স হয়েছে পুলিসের প্ররোচনায় এবং পুলিসের কাজের ফলে তাতে মানুষের রাগ হওয়া স্বাভাবিক। আমার সামনে যদি কোন নারীকে কেউ বে-ইচ্ছত করে, মারধোর করে তাহলে নিশ্চয়ই আমি তার প্রতিবাদ এবং প্রতিকার যে কোন উপায়েই হোক করবো। ডাক্তার ঘোষ যে কথা বলেছেন জুডিসিয়াল এনকোয়ারী সম্বন্ধ ডাক্তার রায় সেটা স্বীকার করেন নাই। তিনি রুল দেখিয়েছেন, আইন দেখিয়েছেন এবং তিনি আইনের দ্বারা ডিপার্টমেন্টাল এনকোয়ারী করবেন। ডাক্তার ঘোষ আমাদের নিকট আবেদন করেছেন, আমরা যেন ফুড মুভমেন্ট বন্ধ করি। যেন এই গুলি বা লাঠি চালনা এবং টিয়ার গ্যাসিং-এর ফলে যারা মারা গিয়েছে তাদের খালি অনুসন্ধানটাই আমাদের একমাত্র কাজ। কাজেই তাদের অনুসন্ধানটা হোক। কিন্তু অনুসন্ধানটাই বড় কথা নয়। বড় ব্যাপার হয়েছে যে সমস্ত দাবি নিয়ে এই খাদ্য আন্দোলন আরম্ভ হয়েছে সেই দাবিগুলিই হচ্ছে প্রধান জিনিস।

[5-10-5-20 p.m.]

গভর্নমেন্ট সেই দাবিগুলি স্বীকার করেন কি না, সেগুলি তাঁরা পূরণ করেন কি না সেটাই বড় ব্যাপার। বাংলাদেশের লোক মৃত্যুকে ভয় করে না, বাংলাদেশের লোক লাঠিকে ভয় করে না, বাংলাদেশের লোক গুলিকে ভয় করে না। বাংলাদেশ জন্ম দিয়েছে ক্ষুদিরামকে, সত্যেন, কানাই, প্রফুল্ল চাকীকে, বালাজোড়ের যতীন্দ্রনাথকে, চট্টগ্রামের সূর্য সেনকে। বাঙ্গালী কখনো ব্রিটিশ সাম্রাজ্যের দুঃশাসনেও যেমন বাঙ্গালী মাথা নত করে নি, তেমনি বাঙ্গালী কংগ্রেস দুঃশাসনেও মাথা নত করে না। বাংলাদেশের লোককে আপনারা ভূলে গিয়েছেন, বাঙ্গালীকে আপনারা জানেন না, বাঙ্গালী যুবকদের আপনারা জানেন না। লাঠি দিয়ে গুলি দিয়ে তাদের আপনারা দাবাতে পারকেন না কোনমতেই। ৩১-এ অগাস্ট তারিখে সে বিরাট জনসমাবেশ হয়েছিল তারা তাদের দাবি নিয়ে শান্তিপূর্ণভাবে শোভাযাত্রা করে রাইটার্স বিল্ডিং-এর দিকে আসতে চেয়েছিল। তারা শান্তিপূর্ণভাবে আসতেই চেয়েছিল, তাদের গ্রেপ্তার করলেই হত। কিন্তু কয়েকজনকে গ্রেপ্তার করে আর কোন রকম ওয়ার্নিং না দিয়ে শোভাযাত্রায় যোগদানকারী মেয়ে-পুরুষের উপর এমনভাবে লাঠি চার্জ্ঞ করা হয়েছিল যে যতক্ষণ পর্যন্ত না অনেক মেয়ে-পুরুষ আহত না হয় ততক্ষণ পর্যন্ত পুলিস ক্ষান্ত হয় নি। এর চেয়ে পাশবিকতা ও নিন্দার কথা আর

কি হতে পারে? জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডকেও আপনারা হার মানিয়ে দিয়েছেন। জালিয়ানওয়ালাবাগে ডায়ার সাহেব একটা ইমপ্রেশন ক্রিয়েট করতে চেয়েছিলেন। সেইরকম বিধানবাবুর ছমকিও আমরা শুনলুম—যারা আইনভঙ্গ করবে তাদের আমরা সমূচিত শিক্ষা দেব। এই হমকির কথা আমরা জানতাম এবং তার পিছনে যে ষড়যন্ত্র ছিল তাও আমরা জানতাম। তাঁরা মনে করেছেন এঁরা প্রতি বংসর এভাবে খাদ্য নিয়ে আন্দোলন করেন, আমাদের এভাবে ব্যতিব্যস্ত করেন. এঁদের শিক্ষা দিতে হবে। আজকে তাই এঁরা ঠিক করেছেন আন্দোলনকারীদের ভাল করে সায়েন্ডা করে দেবেন। এঁরাই আবার বলেন, এঁরা গণতন্ত্রের উপাসক, এঁরা নাকি গণতন্ত্র মানেন। অথচ যেখানে এত লোকের সমাবেশ হয়েছিল খাদ্যের দাবি নিয়ে, সেখানেই তাদের দাবিকে উপেক্ষা করা হোল, তাদের উপর নির্মমভাবে গুলি ও লাঠি চালনা করা হল। এবং শুধু ওখানেই নয়, কলকাতার সর্বত্র, চৌরঙ্গীর সর্বত্র তাদের প্রহার করা হোল। দ্বিতীয় দিনে শান্তিপূর্ণ ছাত্র-শোভাযাত্রীদের উপর আক্রমণ করা হোল। এই সমস্ত আক্রমণের ফলে যদি কোন লোক কোনরকম হিংসার কাজ করে থাকে তা হলে তার জন্য দায়ী কে? এই গুণ্ডামী সৃষ্টি করল কারা? জ্যোতিবাবু যা বলেছেন, এর জন্য দায়ী মুখ্যমন্ত্রী ডাঃ রায়, পুলিসমন্ত্রী কালীপদ মুখার্জী এবং সমগ্র মন্ত্রীমণ্ডলী। তাঁরাই এই গুণ্ডামীর জন্য দায়ী। তাঁরাই এই অসামাজিক কার্যের জন্য দায়ী। তারপর হাওড়ায় অত্যাচারের তো শেষই নাই। একটা বাসে করে কতকগুলি লোক আসছিল, শিবপুর থানার সামনে নিয়ে এসে তাদের প্রত্যেকের উপর অত্যাচার করা হয়। একজন লোক তার ছেলেকে মারা হয় বলে প্রতিবাদ করায় তাকেও টেনে নামিয়ে মারা হয়। কাজেই আমি বলতে পারি যে বঙ্কিমবাবু সমস্ত ঘটনা বলেন নি। ডাঃ ঘোষের কাছে আমি নিবেদন করব, তাঁকে আমি অনুরোধ করব যে, খাদ্যের যে দাবি সেটাই মূল দাবি, সেটা তিনি অনুধাবন করুন। আর আমার আরেকটা বক্তব্য, সম্ভা দরে, ১৭ টাকা ৮ আনা দরে বাংলাদেশের দুঃস্থ মানুষকে খাদ্য দিতে হবে, আর ২০ থেকে ২২ টাকা দরে খোলা বাজারে চাল দিতে হবে। মজুতদারদের তোষণ ও পোষণ করা চলবে না—মজুতদারদের হাতে সমস্ত দেশটাকে ছেড়ে দেবেন, আর তারা ইচ্ছামত দেশের মানুষের রক্তশোষণ করবে, আর এদিকে বহালতবিয়তে গদীতে বসে থাকবেন এটা বাংলাদেশের লোক কখনো মেনে নিতে পারে না. স্বীকার করে নিতে পারে না। এই সমস্ত লোক যারা বাংলাদেশের সম্মান ও গৌরব প্রতিষ্ঠা করেছেন তাঁরা সকলেই অভিনন্দনযোগ্য। আপনারা যারা কংগ্রেস বেঞ্চে বসে আছেন, আপনাদের কি তাঁদের প্রতি শ্রদ্ধা হয় না। আপনারা কেউ দাঁড়ালেন না, সেই সমস্ত শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের জন্য। সেজন আমার কথা হচ্ছে, এই আন্দোলন চলবে, থামবে না যতদিন দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির দাবি সরকার মেনে নিচ্ছেন।

# Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই যে অভিযোগ করা হচ্ছে যে ৩১-এ অগাস্ট তারিখে শোভাযাত্রীরা শৃঙ্খলার সঙ্গে আসেনি—সেই ৩১-এ আগস্ট তারিখে শোভাযাত্রীরা যতই শান্তিপূর্ণ থাকুক না কেন, যতই শৃঙ্খলার সহিত তারা আসুক না কেন, ৩১-এ আগস্ট তারিখে লাঠি চার্জ করা হোতই, কারণ একটা হীন ষড়যন্ত্র একটা ডায়াবলিক্যাল কন্সপিরেসী সরকার পক্ষ থেকে করা হয়েছিল এবং তিনজন হচ্ছে এই নাটের গুরু, প্রথম মুখ্যমন্ত্রী ডাঃ রায় নিজে, দ্বিতীয় পুলিসমন্ত্রী কালীপদ মুখার্জী, আর তৃতীয় হচ্ছেন কলিকাতার পুলিস কমিশনার হরিসাধন ঘোষটোধুরী। আপনি দেখুন স্যার, আমি কালীপদ মুখার্জী মহাশায়কে বলছি—তিনি আই বি-র রিপোর্ট তলব করুন।৩১এ আগস্ট তারিখের আগে রিপোর্ট দিয়েছিল শান্তিপূর্ণ আইন অমান্য আন্দোলন হবে, আড়াই হাজার লোক গ্রেপ্তার করার মতো বন্দোবস্তু রাখা হোক। ১লা তারিখের ছাত্র শোভাযাত্রীদের সম্পর্কে বলা হয়েছিল তারা কোন্ কোন্ রুট দিয়ে যাবে। সাউথ ক্যালকাটার ছাত্র শোভাযাত্রীরা কর্ডন ব্রেক করবে না ঠিক ছিল। আমি কালীপদ মুখার্জীকে চ্যালেঞ্জ করছি, তিনি অরিজিনাল আই বি রিপোর্ট দেখান, হোম সেক্রেটারির রিপোর্ট নয়, যে হোম সেক্রেটারির আমলে তাঁর দপ্তর থেকে ৬টা ফাইল হারিয়েছে—তিনি সেটা জানেন—আরও একটা ফাইল হারিয়েছি, আমি বিস্তৃত আলোচনার সময় সেই ফাইলের নম্বর দেব। আজকে কালীপদবাবুকে আমি জিজ্ঞাসা করতে চাই, যদি একটা কনম্পিরেসী না থাকত—সেই পুলিস কমিশনার যার বিরুদ্ধে দুনীতির অভিযোগ চলছে—এস আই অভিযাগ করেছে—যাকে ট্রান্টাক্যর করার পর মুখ্যমন্ত্রী সেই ট্রান্টাক্যর ক্যানসেল করেছেন—সেই পুলিস কমিশনার ১লা তারিখে ডাঃ রায়ের ঘরে গেলেন অর্ডার বার করবার জন্য—তথনি ফোন এল ডাঃ রায়ের ঘরে, অ্যামুলেন্ডে আণ্ডন লেগেছে। স্যার, কালীপদ মুখার্জীর ব্যবহার দেখুন,

তিনি তখন কন্ট্রোল রূমে বসেছিলেন—দর্পণ বলে যে সাপ্তাহিক কাগজ আছে তাতে ছবি বেরিয়েছে, তিনি তখন কন্ট্রোল রুম-এ বসে রসগোল্লা খাচ্ছিলেন—

[5-20-5-30 p.m.]

স্যার রোম যখন পুড়ছিল নীরো তখন বাজনা বাজাছিলেন। আমাদের মন্ত্রী কালীপদ মুখার্জী মর্ডান নীরো। অর্থাৎ কন্ট্রোল রূমে বসে যখন তিনি টেলিফোনে খবর পেয়েছিলেন যে গুলি চলছে, মানুষ মরছে তখন তিনি লালবাজারের সামনে তৃপ্তিধারা থেকে সার্জেন্ট শান্তি মুখার্জিকে দিয়ে বিনা পয়সার রসগোল্লা আনিয়ে পৈশাচিক উল্লাসে তা খাচ্ছিলেন। সোয়েটের জুতো পায়ে, সিল্কের পাঞ্জাবী গায়ে এবং মিহি খদ্দরের ধুতি পরে তিনি সেখানে বসে ছিলেন। সেখানে ডি সি হেড কোয়ার্টার থেকে আরম্ভ করে উচ্চপদস্থ কর্মচারীদের সঙ্গে শান্তি মুখার্জির মারফং রসগোল্লা আনিয়ে উৎকট উল্লাসে যখন তিনি খাচ্ছিলেন তখন তাঁর পরিকল্পনা মত বাহিরে গুলি চলছে, লোক মরছে, আগুন জ্বলছে। আর আমাদের মুখ্যমন্ত্রী মহাস্থবির, তিনি সবসময় এয়ার কণ্ডিশনের মধ্যে বসে থাকেন এবং জনসাধারণের সঙ্গে তাঁর কোন যোগাযোগ নেই। স্যার, জাজকে বলা হচ্ছে যে সমাজবিরোধীরা না কি গুণ্ডামী করছে। আমি জিজ্ঞাসা করছি যে ঐ অ্যাস্থলেন্স গাড়ীতে করে—আর ডব্লিউ এ সি-র অ্যাস্থলেন্স—টিয়ার গ্যাস সেল নিয়ে যাওয়া হয়েছিল কি না? ডাঃ সুবোধ মিত্র ডাঃ রায়ের একজন বন্ধু।

[cries of om, om, from the Congress Benches.]

তিনি আর উব্লিউ এ সি-র অ্যাম্বলেন্স গাড়ী ইন্সিওর করে রেখেছেন, সেখান থেকে পুরো টাকা পাবেন এবং আবার ডোনেশনের জন্যও আপীল করেছেন। অর্থাৎ দুই দফায় তাঁর লাভ হল। অ্যাম্বলেন্স, মিন্ধ ভ্যান জ্বালাবার জন্য এজেন্ট প্রোভোকেচার রাখা হয়েছিল। এই বিষয়ে যখন বিশদ আলোচনা হবে তখন সেই সমস্ত বলব। আমি শুধু এইটুকু ইসিয়ারী দিতে চাই যে আন্দোলনকারীরা সমাজবিরোধী নয়। ডাঃ চুনিলাল দন্ত সমাজবিরোধী ছিলেন না। রাইফেলের বুলেট ব্যবহার করার জন্য কেন্দ্রীয় সরকারের নির্দেশ থাকা সত্ত্বেও ঐ পুলিস কমিশনার ওয়েস্ট বেঙ্গল পুলিসের কাছে রাইফেল এফ ৩০৩ বুলেট ব্যবহারের জন্য সাহায্য প্রার্থনা করেছিলেন। কিন্তু পশ্চিমবঙ্গ পুলিস সেই রাইফেল দিতে অস্বীকার করেছিলেন। এই বিষয়ে প্রমাণ পরে দেব। কোলকাতার মানুষের উপর রাইফেলের ৩০৩ বুলেট চালনা করা হয়েছে। এখানে বলা হচ্ছে যে অ্যাম্বলেন্দে সমাজবিরোধীরা আগুন লাগিয়েছিল, কিন্তু আমি বলব যে তারা যদি আগুন লাগাত তাহলে মুখ্যমন্ত্রী ঐ স্টুডিবেকার ডব্লিউ বি এল-এ আগেই তাদের আগুন লাগান উচিত ছিল। স্যার, আমি আশঙ্কা প্রকাশ করছি যে এইভাবে গণআন্দোলন, মাস্ মুভমেন্ট ইত্যাদিকে যদি আন ডেমোক্রেটিক ওয়েতে চলতে না দেওয়া হয়— ব্রিটিশ সাম্রাজ্যবাদের সময়ও আমরা দেখেছি—তাহলে সেই গণআন্দোলন চোরা অন্ধকারের পথে আত্মপ্রকাশ হয়ে পড়ে এবং সন্ত্রাসবাদের সৃষ্টি হয়—

in spite of us terrorism is inevitable

এখন তফাৎ হচ্ছে এই যে ইংরেজের সময়ে একজন ম্যাজিস্ট্রেটকে হত্যা করলে আর একজন ম্যাজিস্ট্রেট সেখানে স্থান নিত, কিন্তু এখন ইন স্পাইট অব দি কনডেন্নেশন বাই আস্—আমরা যতই ঘৃণা করি না কেন—এই সমস্ত কাপুরুষ দলের বিরুদ্ধে যখন সন্ত্রাসবাদ মাথা চাড়া দেবে তখন এদের আর খুঁজে পাওয়া যাবে না। সেজন্য আজ এই সতর্কবাণী উচ্চারণ করে এবং আশস্কার কথা প্রকাশ করে আমি এই পুলিসী অত্যাচারের প্রতি নিন্দা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

# Sj. Bijoy Singh Nahar:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, খাদ্য আন্দোলনের নামে যে দুঃখজনক পরিস্থিতি সৃষ্টি করা হয়েছে আমি অন্ততঃ মনে করি যে এর পেছনে কমিউনিস্ট পার্টির গুঢ় অভিসন্ধি রয়েছে।

[ নয়েজ অ্যান্ড ইন্টারাপশন ]

গোলমাল করবেন না। আমি একথা জাের করে বলতে পারি যখন চীন তিব্বত আক্রমণ করল তখন কমিউনিস্টরা চীনের সপক্ষে শােভাযাত্রা বার করলা .......

[ নয়েজ অ্যান্ড ইন্টারাপশন ]

যখন কেরালায় গণ অভ্যুখান অভিযান হোলো তাকে থামাবার জন্য এরা বললেন যে আমরাও কেরালার মত এই বাংলাদেশে

সরকারের বিরুদ্ধে "চার্জসিট" দেব। আমরা জানি যখন এরা দেখলেন যে মিথ্যা "চার্জসিট" দিয়ে কিছুই হবে না তখন এরা বললেন যে খাদ্য আন্দোলন করতে হবে। কিন্তু কেরালায় আন্দোলন চলেছিল কমিউনিস্ট সরকারের বিরুদ্ধে, কাজেই সেখানে কি অবস্থা হয় তা দেখবার জন্য এরা দিনের পর দিন খাদ্য আন্দোলন পিছিয়ে দিছিলেন। কাজেই বোঝা যায় যে এর পিছনে নিশ্চয়ই কোন গৃঢ় অভিসন্ধি ছিল। তারপর কেরালায় কমিউনিস্ট সরকার শেষ হয়ে গেল এবং চীনের অভিযান আরম্ভ হোলো ভারতবর্ষের উপর তখন চীনের সেই গশুগোলকে থামাবার জন্য কমিউনিস্ট পার্টি বাংলাদেশের মানুষের কাছে নিজেদের অভিত্ব বজায় রাখবার জন্য, নিজেদের বাঁচাবার জন্য আরম্ভ করলেন খাদ্য আন্দোলন এবং তাঁর সঙ্গে বোকার মত যোগ দিলেন অন্য কয়েকটি পার্টির লোকেরা।

### [ नराज ]

তারপর দেখুন কি অবস্থার সৃষ্টি করল খাদ্য আন্দোলনের নামেতে আরম্ভ হোলো দ্বিতীয় পর্যায়ের আইন অমান্য। এরা বললেন যে আন্দোলন শান্তভাবে করবেন। কিন্তু যারা আজকে শান্তভাবের কথা বলেন তারাই সেখানে বারে বারে বলেছেন যে আইন অমান্য এমনভাবে করব যে জনসাধারণের নিজেদের হাতে আইন ও শৃষ্খলা গ্রহণ করবে—টেক ল' ইন দেয়ার ওন হ্যান্ডস। এই সব প্রচার করেছে খাদ্য আন্দোলন সৃষ্টি করবার পূর্বে এবং তার সঙ্গে যোগ দিয়ে খাদ্য আন্দোলনের দাবিতে কেবল বলা হয়েছে যে

The movement envisaged will be more aggressive than those of last year.
এইসব কথা বলে উস্কানী দিয়েছে এবং তার ফলে কি হোলো—ময়দানের মিটিং ৩১-এ আগস্ট বন্ধৃতা দিয়ে জনসাধারণকে কিপ্ত করে তুললেন। মহিলা ও গ্রামের লোকদের নিয়ে এলেন পয়সা দেবেন বলে এবং ১, ২, ৩ টাকা পর্যন্ত এদের দিয়েছেন। আমি যেখানে থাকি তারই পাশে তালতলা বাজার আছে, সেখানে প্রায় দেড় হাজার লোককে রেখেছিলেন এবং তাদের বলেছিলেন যে কোলকাতায় গেলে তোমরা পয়সা পাবে, সরকার তোমাদের চাল দেবে, দেখুন, কতবড় ভাওতা দিয়ে গ্রাম থেকে লোকদের নিয়ে এসেছে। আমরা দেখলাম এইভাবে জনসমাবেশ করেছে, কোলকাতায় "প্রসেশন" করেছে।

# [ नरग्रङ ]

আমরা জানি না এই রকম করে কিভাবে এরা খাদ্যের দাম কমাতে পারবেন। তারপর সেদিন যখন প্রসেশন এগিয়ে এল তখন সেই নেতৃবৃন্দ যাঁরা এই আন্দোলন চালনা করছিলেন সেই নেতারা কোথায় গেলেন? চোরের মত পালিয়ে গেলেন—লক্ষা নেই।

### [ नरग्रज ]

এই সব গ্রামের লোককে, মা, বোনদের এগিয়ে দিলেন যে তোমরা গিয়ে আইন ভঙ্গ কর। ওঁরা জানতেন যে লাঠিচার্জ হবে, গুলি চলবে, তবুও তাদের এগিয়ে দিলেন আর নিজেরা ঘোমটা দিয়ে ঘরের ভিতর বসে রইলেন। এবং দুঃখের বিষয় তাদের সঙ্গে যোগ দিয়েছেন কতকগুলি রাজনৈতিক দল যাদের হাতে বারে বারে তামাক খায় কমিউনিস্ট পার্টি—যাদের নীতিবাদের উপর লোকের আস্থা নেই (কমিউনিস্ট বেঞ্চ হইতে তুমুল হটুগোল)। এই সমস্ত জিনিস করা হয়েছে বাংলাদেশের লোককে চীনের কথা ভোলাবার জন্য। তারপর স্যার, জ্যোতিবাবু বলেছেন যে এই আন্দোলনে তাঁরা কারাবরণ করতে চেয়েছিলেন কিন্তু যখন অ্যারেস্টের ওয়ারেন্ট বেরুলো তখন তিনি কোথায় লুকিয় ছিলেন বলতে পারেন? তিনি লুকিয়েছিলেন আন্দোলনকারীদের হাতে বোমা তুলে দেয়ার জন্য, স্টেট বাস পোড়াবার জন্য, রেডক্রসের গাড়ী পোড়াবার জন্য এবং তাদের দিয়ে দোকানপাঠ লুঠ করার জন্য যাতে অনাচারে অত্যাচারে কোলকাতার জনসাধারণ ক্ষিপ্ত হয়ে মনে করে যে কংগ্রেস সরকার অন্যায় করছে। আমি স্যার, আপনার কাছে একটা দৃষ্টান্ত দেবো। একটা চিঠি রমেশ চক্রবর্তী মহাশয় লিখেছিলেন যে তাঁর ছেলে যখন আহত হয়েছে তখন তিনি তাকে হাসপাতালে দেবার জন্য চেষ্টা করেন কিন্তু তার সেই চেষ্টাতে বাধা দিয়েছেন ঐ কমিউনিস্ট গুণারা, যাদের নেতৃত্ব নিয়েছেন জ্যোতিবাবু। [কমিউনিস্ট বেঞ্চ হৈতে তুমুল হটুগোল] এইভাবে ঐ সমস্ত গুণারা আহত ব্যক্তিদের হাসপাতালে নিয়ে যাওয়ার চেষ্টায় বার বার বাধাদান করেছে। প্রথম দিন ৩১-এ অগাস্ট লাঠি চার্জ হয়েছে কেন? আপনি জানেন প্রসেশনে যারা গিয়েছিলেন তারা ঢিল

ছুঁড়েছিলেন। কোথা থেকে তারা সেই সমস্ত ঢিল পেলেন যদি না সেগুলি পকেটে করে তারা নিয়ে না আসেন। তারপর তারা ক্র্যাকারও ছুঁড়েছিলেন—এই সমস্ত ঢিল, ক্র্যাকার, পকেটে করে না নিয়ে এলে সেগুলি ছোঁড়া তাদের পক্ষে সম্ভবপর হোত না। তারা ক্র্যাকার, ঢিল, সোডাওয়াটারের বোতল ছুঁড়েচে আর তাদের উপর লাঠি চার্জ হবে না? এইভাবে ওঁরা একটা অরাজকতার সৃষ্টি করেছিলেন কোলকাতা শহরে। কমিউনিস্ট্রা হাঙ্গারীতে ২০ হাজার জনতার উপর মেসিনগানের গুলি চালিয়ে তাদের হত্যা করেছে তখন কোনও প্রতিবাদ এঁরা করেন নি। তারা জেনেশুনেই এই রকম অবস্থা সৃষ্টির চেষ্টা করেছেন বাংলার লোকে যাতে চীনের কথা ভূল যান সেজন্য। আমি বলবো আজকে এই অশান্তির জন্য যদি কেউ দায়ী থাকেন তাহলে তিনি হচ্ছেন ঐ কমিউনিস্ট পার্টির শ্রীজ্যোতি বসু মহাশয়—তিনিই জনতাকে উবকে দিয়ে ক্ষিপ্ত করে দিয়ে পুলিসকে বাধ্য করিয়াছিলেন গুলি চালাতে। এইভাবে দোকান পোড়ানো, নরহত্যার জন্য যারা প্ররোচনা দিয়ে এতগুলো লোকের প্রাণ নম্ভ করেছেন—যারা এর জন্য সম্পূর্ণভাবে দায়ী তাদের বিচার আমরা চাই।

[5-30-5-40 p.m.]

### Si. Subodh Banerjee:

ভেপুটি স্পীকার মহাশয়, যে ঘটনা গত কয়েকদিন ধরে হয়ে গেছে সেই ঘটনার গুরুত্ব রাজনৈতিক দিক থেকে বিচার করার দরকার আছে। কংগ্রেসী বন্ধুদের কাছে আমার অনুরোধ অন্ধ স্তাবকতার প্রশ্রয় দেবেন না। যে ডেনজারাস পলিটিক্যাল ইন্ডিকেশন রয়েছে তার দিকে তাকিয়ে দেখন। দেশের চেয়ে বড় বিধানবাব, মন্ত্রিসভা কেউ নন এবং সমস্ত দেশের রাজনৈতিক ভবিষ্যৎ যে অত্যন্ত বিপদগ্রন্ত সেকথা পরিষ্কার করে বোঝা যাচ্ছে। আমি পুলিস কমিশনারের দোষ দিচ্ছি না। জিজ্ঞাসা করি পুলিস বিভাগের কেন সাহস হল এই ধরনের অত্যাচার করার? কারা এর পিছনে দাঁড়িয়েছে—কোন্ শক্তি, কোন শ্রেণী ? এ হল সরকারের যে পোটেনসিয়াল ফ্যাসিজম—ফ্যাসিবাদী শ্রেণী চরিত্র যা এর মধ্যে রয়েছে তা ধীরে ধীরে বিকশিত হচ্ছে। যারা দেশকে এবং দেশবাসীকে ভালবাসে তাদের এর বিরুদ্ধে কাঁধে কাঁধ মিলিয়ে রুখে দাঁডান দরকার। সরকারের বক্তব্য হচ্ছে কি—তাঁরা বলছেন পূলিস আত্মরক্ষার্থে গুলি চালিয়েছে। আমি আপনাদের চিন্তা করতে বলি ডেকার্স লেনে দুই দিকে পুলিস দিয়ে আটকে মাঝে জাঁতাকলে ইদুর রাখার মত রাখা মানুষের উপর নির্বিচারে গুলি বর্ষণ কি আত্মরক্ষার প্রমাণ? অফিস থেকে বাড়ী ফিরছে বাসে করে, বাস থেকে টেনে নিয়ে এসে নির্মমভাবে মারা এবং সেখানে খুন করা এও কি আত্মরক্ষার প্রমাণ ? আহত মানুষকে টালিগঞ্জ থানার মধ্যে টেনে নিয়ে গিয়ে কোল্ড ব্লাডেড ওয়েতে তার বুকের উপর গুলি করে তাকে শেষ করে দেওয়া এও কি আত্মরক্ষার পরিচয়? জিজ্ঞাসা করি দাশনগরের যে ৩টা মেয়ের উপর বলাৎকার করা হল তাও কি আত্মরক্ষার জন্য করা হয়েছে? এই সমস্ত ঘটনাগুলি কি একবারও চিন্তা করেছেন ? এ আত্মরক্ষার জন্য নয়। পুলিস পরিষ্কারভাবে জনসাধারণের উপর আক্রমণ চালিয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নাই। বলা হয়েছে জনসাধারণ হিংসাত্মক কাজ করেছে, শুনলে অবাক লাগে। জনসাধারণ হিংসাত্মক কাজ করলে গভর্নমেন্টের পুলিস একটা অ্যাডমিনিস্ট্রেশন ইজ আর্মড টু দি টিথ, রিপ্রেসিভ লব্ধ একদিকে পুলিসের হাতে অসংখ্য অস্ত্রশস্ত্র, আর একদিকে নিরস্ত্র জনসাধারণ—জনসাধারণ কি করে অফেনসিভ নেবে? এ তারাই বলতে পারে যারা পুঁজিবাদীদের দালালি করে, যারা ধনীক শ্রেণীর দালালি করে জনসাধারণকে শব্রু মনে করে, তারাই বলতে পারে যে জনসাধারণ অফেনসিভ নিয়েছে ভাওলেন্স করেছে, তা ছাড়া আর কেউ বলতে পারে না। জনসাধারণ মোটেই ভাওলেন্স করে নি, অফেনসিভ নেয় নি, নিয়েছে পুলিস; আর জনসাধারণ আত্মরক্ষার্থে ঢিল মেরেছে, কারণ তাদের অস্ত্র বড় জোর কয়েকখানা বড় ইট। এই নিয়ে তরা পুলিসের গুলির সঙ্গে মোকাবেলা করতে যাচ্ছে আর আপনারা বলছেন জনসাধারণ অফেনসিভ নিয়েছেন জনসাধারণ ভাওলেন্ট হয়েছে একথা যে কোন যুক্তিতে বলেন তা বোঝা যায় না। আরো উদাহরণ দেব. ইতিহাস অনুসন্ধান করুন—ধরুন ৩১-এ তারিখের আগে ২৫ তারিখে হাওড়ায় কেন পুলিস আক্রমণ করল—২৫ তারিখে বনগাঁয় কেন পুলিস আক্রমণ করল, ২৭ তারিখে ডায়মণ্ডহারবারে কেন পুলিস আক্রমণ করে ৩১ জনকে গুরতরভাবে আহত করল? দেখুন ডায়মগুহারবারে ১৪৪ ধারা জারী নেই--মিটিং-এর কোন বাধা-নিষেধ নেই, হাজার হাজার সুন্দরবনের চাষী সেখানে মিটিং করছে, চারিদিক থেকে পুলিস তাদের ঘিরে ধরল, নির্বিচারে লাঠি চালাল—আহত হয়ে গেল ৩১ জন লোক। যদি বলতেন যে তারা কোর্টে গিয়ে সত্যাগ্রহ করছে তাহলে না হয় বুঝতাম, কিন্তু সে কথা তো বলেন নি। তাদের সেই সভা বেআইনী ঘোষণা করা হয় নি আর আপনারা বলছেন জনসাধারণ আক্রমণ করল,

জনসাধারণ ভাওলেন্ট হল। জনসাধারণ ভাওলেন্ট হয় নি—ভাওলেন্ট হয়েছে সরকার—ভাওলেন্ট হয়েছে পুলিস—জনসাধারণ আত্মরক্ষার্থে এগিয়ে গোছে। আপনারা বলছেন এই সমস্ত কাজ করছে অ-সামাজিক লোক। কিন্তু এই সব অ-সামাজিক লোক যদি না থাকত তাহলে কালীপদবাবু মন্ত্রীত্বে আসতে পারতেন না আর বিধান বাবুকেও সারা স্বদেশী আন্দোলনের যুগে ৬ মাস জেলে কাটিয়ে বাংলাদেশের প্রধান মন্ত্রীত্ব করতে হত না। এরা প্রাণ দেয় আর উপস্বত্বটুকু ভোগ করে ঐ স্বার্থবাদীরা। জ্যোতিবাবু সত্যেন মজুমদার মহাশয়ের একটা কথা কোট করে বলেছেন সাম্রাজ্যবাদের জারজ সন্তান। [5-40—5-50 p.m.]

উনি আকচ্যালি যা বলেছেন সেটা হল এই :—'ইহারা ব্রিটিশ শাসনের আন্ডারসনী যুগের জঠর হইতে নির্গত সাম্রাজ্যবাদীদের অপজাত সন্তান। ইহারা ছিল জননীর গর্ভের লচ্জা, দেশ ও জাতির কলঙ্ক। লচ্জাও ইহাদের দেখিয়া লজ্জায় সরিয়া দাঁডায়। দেশবাসী ইহাদের চিনিয়া রাখে।" বটেই তো! সাম্রাজ্যবাদীদের সঙ্গে দোন্তি করে যারা দেশের যথাসর্বস্থ লষ্ঠন করে নিয়েছে তারা সাম্রাজ্যবাদীদের অপজাত সন্তান ছাডা আর কি? এরা বলেন যে যাঁরা আন্দোলন করেছেন তাঁরা আন্টি-সোসিয়াল—অসামাজিক। অর্থাৎ তাঁরাই হল আন্টিসোসিয়াল যারা খাদ্যের দাবিতে আন্দোলন করে জেলে গেল আর অ্যান্টি-সোসিয়াল হল না তারা যারা খাদ্য নিয়ে ফাটকাবাজী করছে, যাদের পৃষ্ঠপোষকতায় দেশের লোককে চোরাকারবারীরা নির্মমভাবে শোষণ করছে। এরা অ্যান্টি-সোসিয়াল হল না. হল তারা যারা দেশের মানুষকে খাওয়ানর জন্য বিনাবিচারে জেলে আটকে রইল, যারা জনসাধারণকে খাওয়ানর জন্য পুলিসী অত্যাচারে জর্জরিত হল। চোর যারা, দস্য যারা, যারা অসামাজিক, যাদের কোনরকম লঙ্জা নেই, দেশের শত্রু যারা, বিশ্বাসঘাতক যারা তারা নিজেদের চোখ দিয়েই সকলকে দেখে, অন্যের মহত্তকে, নিস্বার্থতাকে বুঝবার জ্ঞানবৃদ্ধি তাদের নেই, বিচার করবার শক্তি নেই। এর সঙ্গে একটি কথা না বলে পারছি না। শ্রাদ্ধেয় ডাঃ প্রফুল্ল ঘোষ মহাশয় আমাদের উপদেশ দিয়েছেন। তিনি বলেছেন সরকার যদি দোষী হয় তাহলে তার বিচার করা উচিত। তার মানে কি এই নয় যে তার মনে এ বিষয়ে সন্দেহ আছে? যদি দোষী হয় একথা কেন বললেন? এত মানুষ যে সরকার মারতে পারে তিনি কি তাকে দোষী মনে করেন না? তাঁর কণ্ঠ থেকে ধ্বনিত হওয়া উচিত ছিল যে, যে সরকার এতগুলি লোক মেরেছে সেই সরকারের বিচার হওয়া উচিত। সে বিচার আপনারা করবেন. সে বিচার জনসাধারণ করবে। সরকার দোষী এ বিষয়ে কোন সন্দেহ নেই। সেই অত্যাচারী সরকারের বিরুদ্ধে দাঁডিয়েছিল যে জনসাধারণ তাদের সঙ্গে এই অত্যাচারী মন্ত্রীমণ্ডলীকে তিনি এক করে ফেলেছেন। এটা বোধ হয় ঠিক হয় নি। চল্লিশজন মরুক আর আশীজন মরুক তাকে ইকোয়েট করা হয়েছে একজন কনস্টেবল-এর মৃত্যুর সঙ্গে। আশীজনের মৃত্যু আর হাজার হতাহতের সংখ্যাকে তিনি এমন কিছু মনে করেন নি। এ জিনিস হওয়া উচিত নয়। কোন শ্রন্ধেয় প্রধান রাজনীতিকের পক্ষ থেকে এ জিনিস আসা সঙ্গত নয়। আমি বলতে বাধ্য হব যে এই দৃষ্টিভঙ্গী পুঁজিপতিদের স্বার্থরক্ষার দৃষ্টিভঙ্গী—এ জিনিস তাঁর কাছ থেকে আমরা আশা করি নি। আর একটি কথা তিনি বলেছেন—কম্প্রোমাইজ-এর কথা। যদি শর্ত তুলে নেন তাহলে আমরা কথাবার্তা বলতে পারি। ভাওলেন্স-এর কথা বলা হচ্ছে—ভাওলেন্স-এর চার্জ্ব এনেছে পূলিস। বৃদ্ধ ডাঃ রায় ডায়াবেটিক পেসেন্ট—আমাদের বিরোধী দলের নেতার বিরুদ্ধে অভিযোগ—থেপ্ট অফ গভর্নমেন্ট প্রপার্টি। [নয়েজ—অ্যাণ্ড ডিস্টারবেন্দ] পুলিস সত্যবাদী পুলিসের এ দুর্নাম পুলিসের শত্রুও দেবে না। মিথ্যা যে পুলিসের বেসাতি সেই পুলিস ভাওলেন্স আর নন-ভাওলেন্স-এর কথা বলবে এইটেই আশ্চর্যের ব্যাপার। সেই বলেছে জনসাধারণ ভাওলেন হয়েছিল—সেটা কেউ সত্য বলে মেনে নেবে না। ডাঃ রায় যদি কম্প্রোমাইজ চান তাহলে সকলকে—তাদের বিরুদ্ধে ভাওলেন্স-এর চার্জ থাকুক আর নাই থাকুক—ছেড়ে দিন তাহলে তখন কথাবার্তা হতে পারে। এর আগে নয়।

Sj. Sudhir Chandra Ray Choudhuri: Mr. Deputy Speaker. Sir, I shall be failing in my duty if I do not take this opportunity to condemn as Severely as I can the atrocious crimes that have been perpetrated by the Government of West Bengal on innocent men, women and children in Calcutta and Howrah. The Ministers knew very well that a movement was being launched on the question of food. Without trying to meet the legitimate demand of the people for cheap food, the Government hatched a plot to put the movement down with indescribable ferocity. They have been,

years after years, denying the people their food, employment and shelter. They have thereby driven the whole nation to desperation. Knowing that what did they do? They premeditated a plan to provoke acts of violence so that they might use all the force at their command to suppress the movement. That was, Sir, what was subsequently demonstrated very clearly by their dastardly action. There was no necessity of Lathi Charge. People had the right to launch a peaceful movement. They had the right to have their grievances heard and redressed by mass agitation. Why then was Police armed with Lathis with instructions to barricade the innocent people who had gathered round the agitators and then to charge them mercilessly. I do not think, Sir, from the reports that we have received that there was any Goondaism in this particular movement. The people who attacked the Government properties, the police stations and the Police-men must have done so because of their frustration and for their hatred for the Government who was responsible for it. They revolted against the manifold injustices that they had been suffering from day to day. What did the people do against the then British Government in 1942? What did Mr. Ajay Kumar Mukherjee, the Irregation Minister do then? Did he not attack the police stations? Would he tell the House how many Thanas the Congress under his leadership attacked at that time? Can he be described as Goonda because he did so for the liberation of the Country? Could he be a Minister if he was a Goonda? Now what the people are doing? They are fighting for their liberation from economic slavery and various other injustices imposed on them.

The Hon'ble Ajoy Kumar Mukherjee: There was no violence from the people's side then.

Si. Sudhir Chandra Ray Chaudhuri: That was certainly the People's movement.

The Government has brought for the people untold misery. It is no wonder if there is any sporadic irruption of the Volcano that the Government has spread throughout the country. They should know that a volcanic irruption cannot be suppressed by firing rifles. Have the Ministers any right to govern the country by rifles, has any party whether it is the Communist party or the Congress party or P.S.P. any right to govern by the killing the people they are pledged to serve?

The Government could not manage the show because it was incompetent, because it was inefficient, because it was callous, characterless and corrupt. It won't leave the Chair though it cannot prevent injustices to the people. Sir,we find that it is abusing its power everywhere. There had been demonstrations and processions by the people at all places and all ages for agitating their legitimate grievances. What was wrong in that if the demonstrators had marched upto the Ministers to tell them their grievances or had otherwise ventilated their grievances or had gone to meet them to place a memorandum in their hands, should Lathis be put in the hands of Police to disperse them? Should Rifles be put in the weak and shaky hands of the police under indiscriminate orders to shoot to kill the people. Sir, I was told that efforts were being made to shift the responsibility from Dr. Bidhan Chandra Roy. But that won't do, because I know that so long as Dr. Bidhan Chandra Roy is there as Chief Minister he should be held responsible for all that have happened to spoil the fair name of West Bengal. To me, Kali Babu and Prafulla Babu do not count. The man who gave orders to shoot the people is Dr. Bidhan Chandra Roy. He is guilty of all misdeeds, he is the arch criminal. This is not the first time in the history of West Bengal that he has given such orders. His hands are stained with human-blood and even in his senility he is still holding his grip over the Government with bloodstained hands. Sir, any respectable man would hate to talk to him far from shaking hands with him. I hate this man. This man is out to bring the entire country to ruins and he will continue to ruin every one and everything so long as he is in the Chair.

# The Hon'ble Kali Pada Mookerjee:

উপাধ্যক্ষ মহোদয়, দেড় ঘণ্টা যাবং যে বিতর্ক চলেছে, "পুলিশ ফায়ারিং, মব ভাওলেন্সকে" অবলম্বন করে......

[Continuous uproar from the Opposition Benches and throwing of shoes and slippers from the Opposition and the Congress Benches.]

[At this stage the House was adjourned for 20 minutes.]

[6-25—6-32 p.m.]

# Sj. Nepal Chandra Ray:

স্যার, একটু আগে এখানে যা ঘটে গেল---

# Sj. Bijoy Singh Nahar:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে এখানে যে ঘটনা হয়ে গেল, অপজিশন-এর তথাকথিত লীডার জ্যোতি বসু মহাশয় নিজে যেভাবে জুতা তুলেছেন তার জন্য তাঁকে কি পানিসমেন্ট দেওয়া হবে আমি জানতে চাই। আমি জানতে চাই, তাঁর উপর কি শান্তিবিধান করা হবে এবং অন্যান্য যাঁরা এই হাউসের জিনিস নষ্ট করেছেন তাঁদের সম্বন্ধে কি ব্যবস্থা অবলম্বন করা হবে—

# Sj. Ananda Gopal Mukhopadhyay:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বিরোধী পক্ষের নেতা খানিকক্ষণ আগে যে আচরণ দেখালেন আমরা কংগ্রেস পক্ষের লোক তা দেখে আশ্চর্য হয়ে গিয়েছি—যদিও তাঁদের কাছ থেকে আমরা এর চেয়ে বেশি শোভন আচরণ আশা করি না। তাঁকে আমরা দেখলাম জুতা তুলে ট্রেজারি বেঞ্চ-এর দিকে ফেল্লেন—এবং তাঁর সঙ্গে সঙ্গে অন্যান্যরাও জুতা ছুড়তে আরম্ভ করেছেন। এই হাউসের প্রপার্টি, মাইক ইত্যাদি নষ্ট হয়েছে—

# Si. Jyoti Basu: \* \*

\*\*[ Expunged by order of Mr. Deputy Speaker.]

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India, 23rd September 1959

[Page 108-131]

Mr. Deputy Speaker: Without going into these technical things I am putting the next motion.....

Leave has been asked for by Shri Sisir Kumar Das to move his motion which runs thus:

"This Assembly expresses its want to confidence in the Council of Ministers for its failure to tackle the food situation in the State."

Those who are in favour of this motion will please rise in their seats.

[Honourable members rose in their seats.]

As the requisite number of members have risen in their seats, leave is granted. I shall fix the time in consultation with the Leader of the House.

### Debate on Food situation

Mr. Deputy Speaker: We shall now take up the food debate.

The Hon'ble Prafulla Chandra Sen:

উপাধ্যক্ষ, মহাশয়, খাদ্যসমস্যা নিয়ে আজকে যে বিতর্ক হবে সে সম্বন্ধে ঘোষণা ক'রে কালকে আমরা যে কাগজপত্র দিয়েছি তা নিশ্চয়ই মাননীয় সদস্যরা পেয়েছেন। তবুও আমি আজকে জিনিসটা আরও পরিষ্কার করবার জন্য কিছু বলতে চাই। আজকে যে বিতর্ক হচ্ছে তার মূল কারণ হয়েছে এই যে, গত ১লা জানুয়ারি পশ্চিমবঙ্গ-সরকার থেকে যে মূল্য নিয়ন্ত্রণাদেশ আমরা জারি করেছিলাম তা প্রত্যাহার করা হয়েছে। ঐ আদেশ আমরা ২৪-এ জুন তারিখে প্রত্যাহার করেছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, আমরা এই যে মূল্য নিয়ন্ত্রণাদেশ জারি করেছিলাম তা শুধু ধান ও চালের জনা নয়, গম এবং গমজাত দ্রব্যের জনাও। আমরা যেটা প্রত্যাহার করেছি সেটা হচ্ছে ধান ও চালের মূল্য নিয়ন্ত্রণাদেশ। যে আদেশ আমরা জারি করেছিলাম গম এবং গমজাত দ্রব্যের উপর তা প্রত্যাহার করি নি। সেটা এখনও জারি আছে। আপনারা জ্ঞানেন যে, গম এবং গমজাত দ্রব্য কেন্দ্রীয় সরকার থেকে আমাদের সরবরাহ করা হয় অর্থাৎ কিনা কলকাতা এবং পশ্চিমবঙ্গে আমরা যে গম বা গমজাত দ্রব্য ব্যবহার করি তা সমস্তই কেন্দ্রীয় সরকার সরবরাহ করেন। আমরা যেসব কাগজপত্র আপনাদের কাছে দিয়েছি তা পড়লে দেখতে পাবেন, এ বংসরে ইতোমধ্যে আমরা যেখানে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ৩ লক্ষ ৪০ হাজার টন চাল পেয়েছি সেখানে গম পেয়েছি ৫ লক্ষ ৪০ হাজার টন। এই ৫ লক্ষ ৪০ হাজার টন গম কেবল যে আমাদের ফেয়ার প্রাইস শপ থেকে বিলি করা হয়েছে তা নয়, মাত্র ১ লক্ষ ৯০ হাজার টন আমরা ন্যায্যমূল্যের দোকান থেকে বিলি করেছি আর বাকি, ৩ লক্ষ ৫০ হাজার টন আমরা বিলি করেছি ট্রেডার্সদের মাধ্যমে। ট্রেডার্সদের মাধ্যমে যেটা বিলি করা হয়েছে—তা ময়দার মাধ্যমেই হোক, আটার মাধ্যমেই হোক বা গমের মাধ্যমেই হোক, তার উপর আদেশ ছিল মূল্য নিয়ন্ত্রণের এবং তা ঠিক ঠিকভাবে জারি করা হয়েছে। ধান এবং চালের উপর আমরা যে আদেশ জারি করেছিলাম মূল্য নিয়ন্ত্রণের তা প্রত্যাহার করতে নানা কারণে বাধা হয়েছি এবং সে সম্বন্ধে বারবার আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় সংবাদপত্তের মারফত বিবৃতি দিয়েছেন। আমাদের সকলের এটা জ্ঞানা আছে যে, আমাদের দেশে যা ধান উৎপন্ন হয় তার শতকরা ২৫ ভাগ মাত্র বাজারে আসে। সেটা হচ্ছে মার্কেটেবল সারপ্লাস। যদি আমাদের ৪০ লক্ষ টন উৎপাদন হয়ে থাকে, তা হলে বাজারে আসে খুব বেশি করে হলেও মাত্র ১০ লক্ষ টন আর বাকিটা বাজারে আসে নি এটা সকলেই স্বীকার ক'রে নিয়েছেন। আমাদের পশ্চিমবংগে লোকসংখ্যা এখন ৩ কোটি ১০ লক্ষের উপর। এই

যে ৩ কোটি ১০ লক্ষ বা তার কিছু বেশি লোকসংখ্যা পশ্চিমবাংলায় আছে তার মধ্যে কৃষকের সংখ্যা খুব কম। আমাদের বাংলাদেশে ৩০ লক্ষ কৃষক পরিবার আছে। এই যে ৩০ লক্ষ কৃষক পরিবার, তারা সকলেই সাধারণ উদ্বৃত্ত পরিবার নয়। সমস্ত কৃষক পরিবারের মধ্যে কারও এক বিঘা জমি আছে কারও দুই বিঘা জমি আছে, আবার কারও কারও তিন চার একরও জমি আছে। অবশ্য কারও ২৫ একরের বেশি জমি রাখবার অধিকার নেই। পশ্চিমবাংলার এই ৩০ লক্ষ কৃষক পরিবারের মধ্যে ১২-১৩ লক্ষ কৃষক পরিবারকে আমরা উদ্বৃত্ত পরিবার বলতে পারি। অর্থাৎ তাদের নিজ্ঞেদের যা প্রয়োজন তার অতিরিক্ত উৎপাদন করে। কাজে কাজেই বাজারে যদি মাত্র ১০ লক্ষ টন চাল আসে তা হলে পর আমাদের সারা বছরে যে চালের প্রয়োজন, সেই চাল আমরা সরবরাহ করতে পারি না। কাজে কাজেই, সরকার যদি এই দশ লক্ষ টন চাল সংগ্রহ করতে পারতেন, তা দিয়েও সব জায়গায় সমানভাবে বা প্রয়োজন অনুসারে সবাইকে চাল সরবরাহ করতে পারতেন না। কারণ আমরা হিসাব করে দেখেছি, আমাদের এখানে যাঁরা শহরে বাস করেন, কলকাতার শিল্পাঞ্চলে বাস করেন, তাঁদের সংখ্যা হচ্ছে প্রায় ৫৮ লক্ষ, তা ছাড়া গ্রামে এমন বহু লোক আছেন যাঁরা ফসল উৎপন্ন করেন না এবং এমন বহু লোক আছে, যা আমি আগেই বলেছি, ৩০ লক্ষ কৃষক পরিবারের মধ্যে প্রায় ১৭-১৮ লক্ষ কৃষক পরিবার হচ্ছে ঘাটতি উৎপাদক। অর্থাৎ তাঁরা যা উৎপন্ন করেন তাতে তাঁদের সমস্ত বছরের খোরাক হয় না। কারও হয়ত ছয় থেকে আট মাস চলে, কারও মাত্র দু' মাস আবার কারও এক মাসও খোরাক হয় না। কাজে কাজেই তাদের বাজারে ক্রেতা হিসাবে হাজির হতে হয় বছরের কোন না কোন সময়। সুতরাং আমি হিসাব করে দেখেছি এই সমস্ত লোকদের যদি সরবরাহ করতে হয় তা হলে প্রায় ২৭ লক্ষ টন চাল আমাদের সংগ্রহ করতে হয়। কিন্তু বাজারে যা চাল আসে, অর্ধাৎ মার্কেটেবল সারপ্লাস হচ্ছে মাত্র ১০ লক্ষ টন। অবশ্য এটা সত্য যে, আমাদের পশ্চিমবাংলায় অনেকেই বর্তমানে গম বা গমজাত দ্রব্য ব্যবহার করছেন।

স্বাধীনতার পূর্বে অখণ্ড বাংলাদেশে লোকসংখ্যা ছয় কোটির উপর ছিল। সেই গোটা বাংলাদেশেও সময় সময় খাদ্য ঘাটিত হত এবং সেই সময় বর্মা, উড়িষ্যা, মধ্য প্রদেশ, অন্ধ্র থেকে বিশেষ করে ছত্রিশগড় অঞ্চল থেকে চাল আমদানি করা হত। এমন হয়েছে যে কোন বছর দু লক্ষ, চার লক্ষ টন চাল আমদানি করতে হয়েছে ঃ এবং সেই সময় সমগ্র বাংলাদেশে গম আমদানি করতে হয়েছে মোটামুটি আড়াই লক্ষ টন। কিন্তু বর্তমানে খণ্ডিত বাংলাদেশে যেখানে লোকসংখ্যা দুই কোটির কিছু বেশি আমরা ছয় সাড়ে ছয় লক্ষ টন গম ব্যবহার করছি। এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে দুই তিন লক্ষ টন চাল পাছি, এবং এ বছর অবশ্য আমরা কিছু বেশি চাল পেয়েছি। কাজে কাজেই আমাদের এই যে সমস্যা, সেটা সমাধান করা সম্ভব নয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি এও জানেন যে, পশ্চিম বাংলায় হঠাৎ লোকসংখ্যা বেড়ে গিয়েছে। সাধারণত প্রতি বছরে তিন চার লক্ষ করে বাড়ছে। আমাদের এখানে নিরাশ্রয় ভাই-বোনেরা এসেছে, তাদের সংখ্যা হচ্ছে প্রায় ৩৫ লক্ষ।

[4-40-4-50 p.m.]

তাছাড়া আমাদের পাটকল যা অখণ্ড বাংলায় ছিল তার সবণ্ডলিই ছিল পশ্চিমবাংলায় এবং সেখানে পাঠ আমদানি হত পূর্ববঙ্গ হতে। কিন্তু স্বাধীনতালাভের পর আমাদের নির্দেশ দেওয়া হয়—তোমরা পাটের চাষ বৃদ্ধি কর। যেখানে পশ্চিমবাংলায় মাত্র আড়াই লক্ষ একর জমিতে পাটের চাষ হত আজকে সেখানে প্রায় ১১ লক্ষ একর জমিতে পাট উৎপাদন করে থাকি। অনেক পরিমাণ আউসের জমিতে আমরা পাটের চাষ করছি, আজ আমাদের বাংলাদেশের পাটচাষীরা সেখানে বছরে ৬ কোটি টাকা পেতেন আজকে পশ্চিমবাংলার পাটচাষীরা বছরে সেখানে ২৫ কোটি টাকা পচ্ছেন। এতে আমাদের মুদ্রাম্ফীতি দোষও কিছু দেখা দিয়েছে। তা ছাড়া সরকারও বেশ টাকা খরচ করছেন। আগে সরকার যেখানে বছরে ৩০ কোটি টাকা খরচ করতেন আজ সেখানে বছরে খরচ করছেন ৮১ কোটি টাকা। কোথায় ৩০ কোটি ১৯৪৮ সালে খরচ করেছি আর সেখানে গত বছর খরচ করেছি ৮১ কোটি টাকা। সরকারি কর্মচারীদের সংখ্যাও অনেক বেড়ে গিয়েছে। স্বাধীনতা লাভের আগে সরকারি কর্মচারীদের সংখ্যা ছিল ৭৭ হাজার আজ তার সংখ্যা ১ লক্ষ ৭২ হাজার, কাজে কজেই আমাদের খরচও বেড়েছে, বিশেষ ডেভেলপমেন্ট ওয়ার্ক-এর জন্যেও প্রচুর খরচ করা হছে, ফলে আমাদের এখানে মুদ্রাম্ফীতি দেখা দিছে। আগে সকলে এটা স্বীকার করতে চান নি, কিন্তু আজকে সকলেই স্বীকার করছেন যে মুদ্রাম্ফীতি দোষ আমাদের অর্থনীতিতে দেখা দিছে, জিনিসপত্রের দামও বেড়ে যাছে। তারপর, আমাদের এখানে যারা বাইরে থেকে এসেছেন তাদের খাদ্য আগে

যা ছিল তা এখন নেই।আগে যারা দুবেলা রুটী খেতেন বাংলার আবহাওয়ায় তারা তা খেতে চান না, ভাত খাচ্ছেন—তাদের খাদ্যের রূপও পরিবর্তিত হয়ে গিয়েছে। এই সব কারণে চালের অত্যন্ত বেশি প্রয়োজন দেখা দিয়েছে। আমাদের আর একটি জ্ঞিনিস ঘটেছে যা স্মরণ রাখা দরকার। আমাদের এখানে যারা উদ্বৃত্ত কৃষক যারা বিশেষ করে তাদের চাল ধরে রাখবার ক্ষমতা এত বেড়েছে যে, যতক্ষণ পর্যন্ত খুব বেশি মূল্য না পায় ততক্ষণ তারা তাদের ধান ছাড়তে চায় না। কুড়ি বছর আগে ধানের দাম ছিল এক টাকা, এক টাকা চার আনা। আজকে সেখানে ১২ টাকা, ১৯ টাকা হয়েছে। কাজেই এই সমস্ত কৃষকদের ঘরে রাখবার ক্ষমতাও বেড়েছে। তাছাড়া সরকার তাদের নানা রকমভাবে লোন দিচ্ছেন, এগ্রিকালচারাল লোন, ক্যাটল পারচেজ্ঞ লোন পাচ্ছেন, রিজার্ভ ব্যাঙ্ক থেকে লোন পাচ্ছেন। এতে করে ধরে রাখবার ক্ষমতা বেড়ে গিয়েছে। কিছুদিন আগে কেন্দ্রীয় সরকার (৬)টি টীম পাঠিয়েছিলেন ভারতের বিভিন্ন জায়গায় এই জিনিসটা জানতে যে কে ধরে রাখছে—ব্যবসাদাররা না কৃষক যারা উৎপাদন করে। এই ছাঁটি টিম ভারতবর্ষের বিভিন্ন জায়গায় খুব ভালভাবে অনুসন্ধান করেছেন এবং জানতে পেরেছেন য়ে ধরে রাখছে কৃষকরাই বেশি। কাজেই আমাদের খাদ্যনীতি সমগ্র ভারতবর্ষের খাদ্যনীতি থেকে বিচ্ছিন্ন হতে পারে না। সমস্ত ভারতবর্ষের খাদ্যনীতি একরকম হওয়া দরকার। কিন্তু আমাদের ভারতবর্ষের কোন কোন প্রদেশ রাড়তি প্রদেশ সারপ্লাস স্টেট, কোন কোন প্রদেশ ঘাটতি প্রদেশ—যেমন পশ্চিমবাংলা, বোম্বে ও কেরালা। এদের খাদ্য সমস্যার সমাধান করা অত্যন্ত দুরূহ খুবই শক্ত। এই ঘাটতি প্রদেশের যে স্বার্থ তা থেকে যে সকল বাড়তি প্রদেশ তাদের স্বার্থ অন্য রকম। এই দুইটি স্বার্থের সংঘাত আছে। আমাদের এই ১২ বৎসরে খাদ্য সম্বন্ধে আমরা অনেক সন্মেলনে গিয়েছি, কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী সে সমস্ত আহান করেছেন এবং ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউনসিল-এ খাদ্য বিষয় যে সমস্ত আলোচনা হয়েছে তার প্রায় সবগুলিতেই আমি উপস্থিত ছিলাম এবং আমরা দেখেছি দুইটি স্বার্থের মধ্যে যে সম্বাত আছে তার মধ্যে সামঞ্জস্য করা খুব কঠিন। উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ডাঃ কৈলাশনাথ কাটজু যিনি আমাদের বাংলা দেশের গভর্নর ছিলেন, এখন যিনি মধ্য প্রদেশের মুখ্যমন্ত্রী, তিনি কিছুদিন আগে—এই ১৫-২০ দিন আগে—কলিকাতায় এসেছিলেন। আমি তাঁকে জিজ্ঞাসা করেছিলাম, আপনাদের কি আপত্তি হতে পারে যদি আপনাদের উৎবৃত্ত চাল যা থাকে সেটা এখানে আসতে দিতে। তিনি তখন আমাকে বলেছিলেন দেখ, গত বৎসর ১৯৫৮ সালে—মধ্যপ্রদেশের ক্রয়শক্তি বাংলাদেশের তুলনায় কম, কলিকাতার মত এত বড় সহর সেখানে নেই, তাদের দেশে শিল্প বাংলাদেশের তুলনায় বা বম্বে প্রদেশের তুলনায় অনেক কম, কাজে কাজেই গত বৎসর ১৯৫৮ সালে—সেখানে চালের দর ২৭ টাকায় উঠে গিয়েছিল তখন তারা বাধ্য হয়ে কনট্রোল করেছিল সূতরাং আমরা তা দিতে পারি নি। কিছুদিন আগে সংবাদপত্রে দেখেছিলাম এবং আমরা প্রস্তাবও করেছিলাম যে উড়িষ্যা থেকে অবাধে এখানে চাল আসুক কিন্তু উড়িষ্যা সরকার বলেছিল যে এখান থেকে অবাধে ধানচাল वाश्नापित्न हरन शिल्म উড़िस्रात সর্বনাশ হয়ে যাবে। কারণ তাদের ক্রয়শক্তি খুবই কম। কাজে কাজেই এই যে দুইটি—উৎবৃত্ত প্রদেশ আর ঘাটতি প্রদেশ—এই দুই-এর মধ্যে স্বার্থের সংঘাত আছে। কেন্দ্রও এই দুইটির মধ্যে ঠিকমত সামঞ্জস্য বিধান করতে পারেন নি। সেইজন্য সর্বভারতীয় একটা খাদ্যনীতি করা শক্ত হচ্ছে। আমার শেষ কথা হল, যদি আমরা উপাদন বাড়াতে পারি তাহলে পর আমাদের যে সমস্ত কষ্ট বা সমস্যা তা আর থাকবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনি হয়ত জানেন, ১৯৫৩-৫৪ সালে স্বর্গীয় মাননীয় কিদোয়াই সাহেব, যিনি আমাদের কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী ছিলেন তিনি বি-নিয়ন্ত্রণ করেছিলেন। ১৯৫৪ সালের ১০ই জুলাই বি-নিয়ন্ত্রণ হল, তখন দেশের লোক তাতে হাঁফ ছেড়ে বাঁচে। তারা মনে করেছিল নিয়ন্ত্রণে দেশের আবহাওয়া দুষিত হয়ে গিয়েছে। তা থেকে দেশবাসী মুক্তি পেলো। আমরা সকলেই আনন্দিত হয়েছিলাম। কারণ আমাদের পশ্চিমবঙ্গে সেবারে ৫৩ লক্ষ টন চাল হয়েছিল। এবং অনেকের হয়ত মনে নেই, উপাধ্যক্ষ মহাশয় আপনার হয়ত মনে থাকতে পারে, সেই বৎসর ১৯৫৪ সালে ১৭ টাকার বেশি চালের দাম উঠে নি। এবং ১৯৫৫ সালে তার জের চলেছিল, চালের দাম ১৭ টাকা ১২ আনার উপর উঠে নি। কাজে কাজেই যদি উৎপাদন বাড়ে তহলে খাদ্য বিভাগ থাকুক আর নাই থাকুক, খাদ্যবিভাগের দোকানে আর কেউ চাল ক্রিনতে যাবে না। আমরা হিসাব করে দেখেছি লোকে ১৯৫৫ সালে আমাদের দোকান থেকে কেউ কিনতে আসে নি। এমন কি এই হাউস-এ, আমার স্মরণ আছে, বিরোধী পক্ষ থেকে একটা প্রস্তাব এসেছিল, সেই প্রস্তাবে প্রাইস সাপোর্ট করার কথা ছিল কারণ কৃষকরা দর পাচ্ছিল না। তাদের সর্বনাশ হয়ে যাচ্ছিল। কাজে কাজেই সরকারের তরক থেকে—কথা হচ্ছিল—ন্যায্য মূল্যে তাদের কাছ থেকে ধান কেনা হোক। কিন্তু দুঃখের বিষয় ১৯৫৬ সালে পশ্চিমবংগের প্রায় সমস্তটা জুড়ে একটা ভীষণ বন্যা হয়েছিল।

[4-50-5-15 p.m.]

আপনাদের সকলেরই স্মরণ আছে কি ভীষণ বন্যা হয়েছিল। লক্ষ লক্ষ লোক গৃহহারা হয়েছিল, লক্ষ লক্ষ একর জমি খারাপ হয়ে গেছিল। ফসল নষ্ট হয়ে গেছিল ধ্বংস হয়ে গেছিল। সেই বছর থেকে আমাদের বিপদ এসে পড়ল। ১৯৫৬ সালে খরা ১৯৫৭ সালে আনাবৃষ্টি, ১৯৫৮ সালেও আনাবৃষ্টি। তাই ১৯৫৬-'৫৮ এই তিন বছর পুরনায় খাদ্য সমস্যা অন্যভাবে দেখা দিল। এই আবস্থায় ১৯৫৮ সালে যখন খাদ্য সংগ্রহ করবার জন্য হোলসেইল প্রাইস জারী করেছিলাম তখন বিরোধী পক্ষ থেকে এবং আমাদের পক্ষ থেকে অনেকে বলেছিলেন তোমরা পাইকারী দর জারী করছ সংগ্রহ করবার জন্য কিন্তু তোমরা খুচরা দর বেঁধে দিচ্ছনা কেন? তখন মনে হল এই খুচরা দর বেঁধে দিতে যাই। ১৯৫৯ সালে উড়িয়া সরকারের সঙ্গে পশ্চিমবংগ সরকারের এগ্রিমেন্ট হল যে উড়িষ্যা সরকার পশ্চিমবংগ সরকারকে আড়াই লক্ষ টন চাল দেবে এবং ১ লক্ষ টন ধান দেবে। তখন মনে করলাম এই পরিমাণ যদি আমরা পাই এবং সঙ্গে সঙ্গে যখন কৃষিবিভাগ থেকে শুনলাম যে ফসল আমাদের দেশে ভাল হবে-১৯৫৭ সালে ও ১৯৫৮ সালে যা হয়েছিল তার চেয়ে বেশি হবে—তখন মনে করলাম এবার সাহস করে পরীক্ষা করে দেখতে পারি যে খুচরা দর নিয়ন্ত্রণ করা যায় কিনা। এটা গোপন কিছু নয়। কেন্দ্রীয় সরকারের তাতে সম্মতি ছিল। অনেক লেখালেখির পর তাঁরা বললেন তোমরা খুচরা দর নিয়ন্ত্রণ করতে পারা যায় কি না সেটা পরীক্ষা করে দেখ কিন্তু তাঁরা অনুমতি দিলেন অনিচ্ছাসন্তে। তাঁরা ইংরেজীতে লিখেছিলেন কনসেন্ট দিলাম বাট রিলাকটেন্টলি—তাদের এই কনসেন্ট পাবার পর তারপর আমরা করি। মাননীয় সদস্যরা সকলেই জানেন জানুয়ারি মাসে বাজার সমস্ত শুকিয়ে গেছিল, বাজারে আমদানি খুব কমে গেল, সরকারি দোকানের উপর চাপ অসম্ভব বাডল। কেন্দ্রীয় সরকারের কাছে গেলাম। তখন আমার বন্ধু অজিতপ্রসাদ জৈন খাদ্যমন্ত্রী ছিলেন, তিনি বললেন তোমরা সাহস করে দেখতে চাও দেখ কিন্তু খব বেশি করতে যেও না। আমরা ঠিক করলাম কলকাতা ও শিল্পাঞ্চলের ক্ষেত্রে একটু বেশি করে দেব। স্ট্যাটুটরী রেশনিং যখন ছিল তখন যে পরিমাণ চাল এবং গম ইত্যাদি দেওয়া হত তার চেয়ে বেশিই দিলাম। দেড সের করে চাল দিতে আরম্ভ করলাম, এক সের করে গম দিতে আরম্ভ করলাম, তা বাদে খোলা বজারে চাল রইল। এবং খোলা বাজারে মাননীয় সদস্যরা সকলেই জানেন আগে যখন স্ট্যাটুটরী রেশনিং ছিল তখন পাউরুটি কিনতে হলে ছইট কুপন সারেন্ডার করতে হত। কিন্তু আজকে দেড় সের চাল ও এক সের গম দেওয়ার পরেও খোলা বাজারে পাউরুটি ও ময়দা পাওয়া যায়।

# Sj. Ganesh Ghosh:

এতে কিছু নাই। নৃতন কিছু বলুন।

### The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য যদি শুনতে না চান, না শুনতে পারেন। ৩ ঘণ্টা সময় ত আছে আমি কিছুক্ষণ বলি—

# Sj. Khagendra Kumar Ray Chowdhury:

স্টেটমেন্ট-এ তো সবই দিয়েছেন।

### The Hon'ble Prafulla Chandra Sen:

আমি শুধু বিরোধী পক্ষকে শুনবার জন্যই বলছি না, এ পক্ষেও যারা আছেন তাদেরও জানাতে চাই। আমি সমস্ত জিনিসটা বুঝাতে চাইছি সকলেরই সুবিধার জন্য—এ পক্ষের এবং ও পক্ষের। আমি একথা বলছি না যে এই দর সম্বন্ধে আমরা খুব সাহসিকতার সঙ্গে পরীক্ষা করেছি। কেন্দ্রীয় সরকারের তাতে পুরাপুরি সম্মতি ছিল না। আমরা দেখলাম যে, যদি আমাদের হাতে খুব বেশি স্টক, রিজার্ভ স্টক না থাকে, যদি আমরা তার ব্যবস্থা না করি তাহলে বাজার শুকিয়ে যাবে—আমরা সমস্ত কনজিউমারদের সন্ধন্ত না করতে পারি যদি সমগ্র দেশে আমরা নিয়ন্ত্রণ না করতে পারি, র্যাশনিং না করতে পারি এবং যা কিছু সারপ্লাস তা ১০ লক্ষ টনই হোক বা ১ লক্ষ টনই হোক তা যদি আমরা নিয়ন্ত্রণ না করতে পারি তাহলে মূল্যনিয়ন্ত্রণ অসম্ভব। এটা আমাদের কোন লজ্জার কথা নয়। বিহার প্রদেশ, কেরালা প্রদেশ তাঁরা চেষ্টা করেছিলেন পাইকারী দর নিয়ন্ত্রণ করবার জন্য। আমাদের কাছে এখানে শ্রীঅজিতপ্রসাদ জৈনের বন্ধৃতা আছে—তাতে আছে, তাঁরাও হোলসেল-এ এই জিনিস এনফোর্স করতে পারেন নি, রিটেইল তো দূরের কথা। মাত্র একুশ টন কেরালা

প্রদেশের কমিউনিস্ট সরকার প্রোকিওরমেন্ট করেছিলেন, তিনি একথা বলেছিলেন। আর আমরা এবছর ৫৯ হাজার টন করেছি গত বৎসর করেছিলাম ৮৭ হাজার টন। আমরা চেষ্টা করেছি যা অসম্ভব তাকে সম্ভব করার জন্য আমরা চেষ্টা করেছি গাত বৎসর করেছিলাম ৮৭ হাজার টন। আমরা চেষ্টা করেছিলাম, কিন্তু আমরা ব্যর্থ হয়েছি। আমাদের মুখ্যমন্ত্রীও স্বীকার করেছেন আমরা ব্যর্থ হয়েছি। তবে ভারতবর্ষের কোন প্রদেশও তা করতে পারেনি। কোথাও পাইকারী দর চালু করতে পারে নি। কাজে কাজেই আমরা যে ব্যর্থ হয়েছি এটা আমাদের কোন লক্ষার কথা নয়। আমি বলতে পারি বাংলাদেশের কোন লোক না খেতে পেয়ে মরে নি। ফ্রিম দি অপজিসন বেঞ্চ—মরেছে, মরেছে

আমি বলছি, মরে নি। অখণ্ড বাংলায় ঘাটতি ছিল ৬ লক্ষ টন। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাত্র ৬ লক্ষ টন ঘাটতি ছিল অখণ্ড বাংলায়। তখনই ৪০ লক্ষ মারা গিয়েছে। তখন আমরা জেলে ছিলাম। তখন বছ আন্দোলন হয়েছিল। যাই হোক, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অসম্ভবকে সম্ভব করার জন্য আমরা চেষ্টা করেছিলাম—আমরা তাতে ব্যর্থ হয়েছি, কিন্তু এটা কোন লজ্জার কথা নয়। আবার আমি বলব, ভারতবর্ষের খাদ্যনীতিকে এক অঞ্চল থেকে অন্য অঞ্চলে বিচ্ছিন্ন করে দেখা যায় না; এ সম্বন্ধে সমগ্রদেশ দুটো দলে বিভক্তঃ একটা ঘাটতি দল, আরেকটা বাড়তি দল। এই দুটোর্র মধ্যে সামঞ্জস্যবিধান করা শক্ত। আজকে আমাদের সরকারি দোকান থেকে ১ কোটি ৫৮ লক্ষ লোককে সরবরাহ করা হচ্ছে ভারতবর্ষের কোন প্রদেশ যা করেনি। আজকে কলকাতা এবং শিল্পাঞ্চলে ৫৮ লক্ষ লোক বাস করে, তার মধ্যে ৪৮ লক্ষ লোক আমাদের দোকান থেকে নিছে। কথা উঠেছে যে, যে চাল দেওয়া হচ্ছে তা আনফিট ফর হিউম্যান কনজামশন, কিন্তু যদি আনফিট ফর হিউম্যান কনজামশনই হয় তাহলে লোকে নেয় কেন—এককণা চালও তো পড়ে থাকে না। এবং যদি সত্যই মানুষেব খাবার অনুপযুক্ত হত তাহলে লোকে কলেরা হয়ে মারা যেত। কিন্তু পক্ষান্তরে আজ বাংলাদেশের মৃত্যুহার পূর্বাপেক্ষা অনেক কমে গিয়েছে—আজ মাত্র ৮ জন মারা যায় হাজারে, যেখানে স্বাধীনতার আগে ১৯ জন মারা যেত। কাজে কাজেই লোকের আয়ু বেড়েছে। স্বাস্থ্য ভাল হয়েছে। এতে প্রমাণ হয় না যে লোকে থেতে পাছে না। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনি আর বেশি সময় দেবেন না, আমি সেজন্য এই যে খাদ্যনীতি সম্বন্ধ আলোচনা আজকে এখানে সূত্রপাত হল মুল্যনিয়ন্ত্রণ ও প্রত্যাহারের পর তা পরিষ্কার করার জন্য আমার বক্তব্য শেষ করলাম।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment]

[5-15-5-20 p.m.]

# Sj. Hare Krishna Konar:

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, খাদ্য আন্দোলনের নামে কলকাতা, হাওড়া এবং বাংলার বিভিন্ন স্থানে যে নারকীয় হত্যা অভিযান চালান হয়েছে, যে রক্তপ্লাবন সৃষ্টি করা হয়েছে তা বেশিদিন পুরানো হয় নি। তার ছবি আজও মানুষের চোখের সামনে রয়েছে। আজও অসংখ্য আহত লোক হাসপাতালে রয়েছে, আজো বছ লোকের খোঁজ নেই। কত মানুষ মারা গিয়েছে তার ইয়ত্ত্বা নেই। স্বভাবতঃ খাঁদের মানবতাবোধ আছে তাঁদের উপর তার দৃশ্য প্রভাব বিস্তার করতে পারে। তাই প্রথমেই আমি আপনাকে এই অনুরোধ করে রাখি যে, তার প্রভাব যদি আমার ভাষার মধ্যে পড়ে তাহলে আপনি দয়া করে সেটা ক্ষমা করবেন। বাংলাদেশের দুর্ভাগ্য যে, যে লোকটা বাংলাদেশে খাদ্যসংকট সৃষ্টি করার জন্য মূলতঃ দায়ী, যে লোকটা মূনাফালোভী ও মজুতদারদের অনুগত ভৃত্য এবং যে লোকটা এই অবস্থার সৃষ্টি করলেন এত নারকীয় হত্যাকাণ্ড হবার পরও তাঁর ন্যক্করজনক বন্ধৃতা এখানে আমাদের অনেকক্ষণ পর্যন্ত শুনতে হল—এও বাংলাদেশের দুর্ভাগ্য। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এত হত্যাকাণ্ডের পরও যে বিবৃতি খাদ্য সম্বন্ধে আজকে আমাদের কাছে উত্থাপন করা হয়েছে, একে শুধু একটা ভাষায়ই আখ্যাত করা যায়—তা হল, এটা মজুতদারদের সেটেমেন্ট এবং বন্ধৃতা—এ ছাড়া আর কিছু নয়। সমগ্র বন্ধুতাটা এবং সেটেমেন্টটা অসত্য, বিকৃত এবং বানানো, অর্থাৎ ভূল ফিগার দিয়ে তৈরি করা হয়েছে।

[5-20—5-30 p.m.]

খাদ্যনীতির ব্যর্থতা আজ্ঞ অত্যন্ত পরিস্ফুট। এমন কি বাংলাদেশের প্রত্যেকটি সংবাদপত্র যাহারা খাদ্য আন্দোলনের সময়

প্রকারান্তরে সরকারের দমন নীতির সমর্থন করতে চেষ্টা করেছিল তাহারাও আজ খাদ্যনীতির ব্যর্থতা স্বীকার করেছে। আজকে দেখান হচ্ছে যে খাদ্যনীতি কত সুন্দর এবং স্টেটমেন্টএ বলা হচ্ছে যে সরকার যে খাদ্যনীতি চালাচ্ছেন এমন আর হয় না, এদের মত যোগ্য, উপযুক্ত লোক আর হয় না। তাহলে কেন খাদ্যসঙ্কট ? যেহেতু দেশের উন্নতি হচ্ছে, যেভাবে ডেভেলপমেন্ট এক্সপেন্ডিচার হচ্ছে, যেহেতু লোক মরছে না, লোকের ক্রয়ক্ষমতা বেড়ে যাচ্ছে, লোক সরু চাল খেতে চাচ্ছে, আটাওয়ালারা চাল খেতে শিখেছে—এই জন্যই খাদ্যসন্ধট সৃষ্টি হচ্ছে। এটাই হোল তাঁদের বক্তব্যের মূল প্রতিপাদ্য বিষয়। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি শুধু এটুকু বলতে চাই যে এর উপর কোন মন্তব্য করা আমার পক্ষে সম্ভব নয়, বাংলাদেশে—বাংলা ভাষায় কোন অভিধানে এমন ভাষা নেই যার দ্বারা এই নির্লজ্জ বক্তৃতাকে ভূষিত করা যায়। এখানে যে সব তত্ত্ব দেওয়া হয়েছে আমি তার মধ্যে যাব না, কারণ গত ১ বৎসর ধরে এই সব তথ্য নানাভাবে দেওয়া হয়েছে। শুধু তাই নয় ১ মাস আগে যে তত্ত্ব দেওয়া হয়েছে আজ আবার নৃতন করে তত্ত্ব বানিয়ে দেওয়া হচ্ছে। যাহারা খবরের কাগজ পড়েন, যাহারা সরকারের স্টেটমেন্ট, প্রেস নোট পড়েছেন তারা দেখবেন কি করে এই সব বিবৃতি এবং স্টেটমেন্ট বানান হয়। গত ২ বৎসর ধরে বারে বারে খাদ্যনীতি আলোচিত হচ্ছে এবং বিশেষ করে এ বছর নৃতন ফসল ওঠার পর আমরা সরকারকে সাবধান বাণী উচ্চারণ করেছিলাম, বাইরের বিভিন্ন পার্টি, সংগঠনের পক্ষ থেকে সরকারের প্রতি এই সতর্কবাণী উচ্চারণ করেছিল যে সরকারের খাদ্যনীতি এক ভয়াবহ সঙ্কট সৃষ্টি করবে, সেই জন্য আমি বলছিলাম যে বাংলাদেশের কৃষক যে ধানচাল বিক্রয় করে সেগুলো কার গোলায় বা গুদামে যাবে, সেটাই ছিল বড় কথা। তাই আমি বলছিলাম যে কৃষকের বিক্রীত ধানচালের একটা অংশ--সবস্টেনশন অংশ--৫ লক্ষ টনের মত সরকার কিনুন এবং কৃষককে ন্যায্য দরে দিন। এবং যদি এ কাজ করতে হয় তাহলে জনসাধারণের সহযোগিতা ছাড়া আর কোন উপায় নেই, এই দাবী আমরা বারে বারে করেছি এবং সঙ্গে সঙ্গে রেশন-এর ব্যবস্থা করতে বলেছি। গত জানুয়ারি এবং মার্চ মাসের অধিবেশনে খাদ্যমন্ত্রী শ্রীপ্রফুল্ল সেন যা বলেছিলেন—আমি বলব সেগুলো এখন মিলিয়ে দেখুন, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, তিনি বলেছিলেন বাংলাদেশে খাদ্য কিছুটা কম হয়েছে বটে, কিছুটা ডেফিসিট হয়েছে বটে—কিন্তু উড়িয্যা, নেপাল প্রভৃতি জায়গায় খাদ্য অঢেল তৈরি হয়েছে, কাজেই খাদ্যসঙ্কট সম্বন্ধে ভাববার কিছুই নেই। আর আজ দেখুন কি অবস্থা হয়েছে। যতটা খাদ্যের ঘাটতির কথা বলেছিলেন, কেন্দ্রীয় সরকার থেকে তার চেয়ে বেশি দেওয়া সত্ত্বেও কি অসম্ভব খাদ্যসন্কট সৃষ্টি হোল, সেদিনের কথা আমার এখনও মনে আছে—সেদিন শ্রীযুক্ত বঙ্কিম মুখার্জি এখানে দাঁড়িয়ে সরকারকে একথা বলেছিলেন যে "আজ ধানচালের যে দাম বাঁধলেন তা কৃষকের পক্ষে ক্ষতিকর হবে, ওঁরা এ দামে কিনতে চায় না। আসলে এরা মজুতদারদের হাতে ধানচাল দিতে চায়, মজুতদারদের যখন ধানচাল কেনা শেষ হবে তখন এরা ঐ বাঁধা দাম তুলে দেবেন।" এই ভবিষ্যৎবাণী বঙ্কিমবাবু এখানে দাঁড়িয়ে করেছিলেন। সেদিন প্রফুল্ল সেন বলেছিলেন যে এই সব মিথ্যা কথা—সারা বছর এই দর থাকবে মাননীয় ডেপূটি স্পীকার মহাশয়, আজকে কি প্রমাণিত হোল, বঙ্কিমবাবু যে সতর্কবাণী উচ্চারণ করেছিলেন সেটাই আজ কার্যে পরিণত হোল। অর্থাৎ প্রফুল্ল সেন, বিধান রায় অত্যন্ত পরিকল্পিতভাবে এই খাদ্যসঙ্কট সৃষ্টি করেছেন এবং ধানচাল মজুতদারদের হাতে দিয়ে দিয়েছেন ; এর ফলে আজ দেশবাসী সঙ্কটের আবর্তে, পড়ে গিয়েছে, পার্লামেন্ট-এর কংগ্রেসী এম পি-রা পর্যন্ত পুরাপুরি অস্বীকার করতে পারছেন না। এই অবস্থায় নৃতন নৃতন থিয়োরী করা হচ্ছে। হঠাৎ অঙ্কের হিসেব দিয়ে আমাদের ডেফিসিট বাড়িয়ে দিচ্ছে। আমাদের ডেফিসিট ছিল ৯ লক্ষ টন---সেখানে ভারত গভর্নমেন্ট ১২ লক্ষ টন দিলেন তবুও কেন সঙ্কট। তাহলে নিশ্চয়ই চুরি, জোচ্চুরি হচ্ছে। এবং একে ঢাকবার জন্যই ঐ অঙ্কের হিসেব দেওয়া হচ্ছে, লোকসংখ্যা বাড়িয়ে দিয়ে, ১৫ আউন্স থেকে ১৬ আউন্স দেখিয়ে ১৬ লক্ষ টন ঘাটতি দেখান হোল। এই ৮ মাসের মধ্যে লোকসংখ্যা বেড়ে গেল, ৮ মাসের মধ্যে ১৫.৩ থেকে ১৬.৩ আউন্স হয়ে গেল। আমরা জানি এইসব ফিগার তৈরি করা হয়, নিজেদের বক্তব্যকে প্রমাণ করবার জন্য। তৃতীয় কথা বলা হচ্ছে নট ট্রেডার, প্রোডিউসার, ব্যবসাদার নয়, কোটিপতি নয়—ঐ কৃষক, উৎপাদনকারীরাই হোল হোরডার, এদের সংখ্যা হোল ১৩ লক্ষ, এদের ৪ একরের বেশি জমি আছে—এইসব ফ্যামিলি, এরাই হোল হোরডার। এদের উপর ব্যাপক জুলুম করতে হবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এর চেয়ে অসত্য আর কিছু হতে পারে না। আমি বলছি যে প্রথমে দেখুন ১৯৫১ সনের সেন্সাস এবং তারপর ১৯৫৭ সনের বিধানবাবু বাজেট স্পীচ পড়া হোক, তাতে দেখা যাবে বাংলাদেশের গ্রামাঞ্চলে যে ফ্যামিলি আছে—ক্রুর্য়াল পরিবার আছে, তার ২১ পারসেন্ট হচ্ছে এগ্রিকালচারাল লেবার।

আর বাকী থাকল ৭৯ পারসেন্ট, তার মধ্যে ৩৪.৫ পারসেন্ট অফ ৭৯ পারসেন্ট যাদের ২ একর পর্যন্ত জমি আছে আর ৩৬.২ পারসেন্ট যাদের ২ একর থেকে ৫ একর পর্যন্ত জমি আছে। আন্দাজে হিসেব করে নিন তাহলে দেখবেন যে গ্রামাঞ্চলের ৩১ লক্ষ পরিবারের মধ্যে প্রায় ২৩।২৪ লক্ষ পরিবারের জমি হোল ৪ একরের মধ্যে। এটা আমাদের হিসেব নয়, সরকারের দেওয়া হিসেব, ৮ লক্ষের বেশি হয় না। অথচ বলা হচ্ছে ১৩ লক্ষ। একবার বলছেন ১১ লক্ষ, আবার বলছেন ১৩ লক্ষ। কাজেই এসব ফ্যাক্টস অ্যান্ড ফিগারস মিথ্যা বানান কথা। তারপর ৪ একর হোল উদ্বত্ত—আমি জিজ্ঞাসা করি যারা কংগ্রেস বেঞ্চ-এ বসে আছেন তাঁরা অনেকে গ্রাম থাকেন, তাঁরাই বলুন যে ১৩ বিঘা জমি হোল উদ্বন্ত, সে জমি যার আছে সে হোল মজুতদার ? যখন কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী এ পি জৈন পদত্যাগ করেছিলেন তখন পার্লামেন্ট-এর কংগ্রেস পার্টির সেক্রেটারী ডাঃ রাম সুভগ সিং বলেছিলেন যে কৃষক হোল হোর্ডার, মজুতদার এসব মিথ্যা কথা। এখন এই যে মিথ্যা প্রচার—যে কৃষকেরা শতকরা ৯০ ভাগ কোনমতে সাবসিসটেন্স লেভেলএ থাকে, ৫ একরের কম হোলে আনইকনমিক হোল্ডিং, ৫ একরের বেশি না হলে ইকনমিক হোল্ডিং হয় না এটা কে না জানে। যাদের প্রায় ১০-১১ একর জমি আছে তারা সাধারণতঃ ধনী চাষী হয় না—এর সংখ্যা অত্যন্ত কম। এরা বলেছে যে ঐ ১৩ লক্ষ সব মাজুতদার, সব মজুত করে রেখেছে। আমি জিজ্ঞাসা করি এরাই কি আসল জোতদার, মজুতদার—লুকিয়ে রাখার জন্য বলা হচ্ছে যে বিভিন্ন টিম এসে এনকোয়ারি করেছে। আমি জানি কেমন করে এনকোয়ারি রিপোর্ট তৈরি হয়। আমার বর্ধমান জেলায় বিশ্বভারতী থেকে এনকোয়ারীতে এসেছিল এবং এনকোয়ারী হোল নবস্তা গ্রামে তারক সামস্তের বাড়ী বসে। এই ভদ্রলোক প্রফুল্লবাবুর বিশেষ বন্ধ, এর ২ শত বিঘা জমি আছে কিন্তু খাতায় লেখা আছে ৭৫ বিঘা। এই সব হচ্ছে সাধারণ মধ্যবিত্ত চাষী, মিলমালিকদের কাছে খোঁজ নেওয়া হচ্ছে আর তাদের দেওয়া খবরকে ভিত্তি করে রিপোর্ট তৈরি হচ্ছে। তাদের রিপোর্ট-এ এইসব নেই। ডাঃ রায়, প্রফুল্ল সেনকে বিভ্রান্ত করেছে এই সব লিখে। তাদের রিপোর্টেএ নেই যে ৪ একরের বেশি জমি হোল উদ্বন্ত এবং তারাই হোর্ডার। তারা বলেছেন যে মিড্ল প্রোডিউসার, বড় টোডিউসার।

# [5-30-5-40 p.m.]

আমি জিজ্ঞাসা করি বিগ্ প্রোডিউসার কারা? তারা কি বড় বড় জোতদার নয়? তাদের সংখ্যা কি খুব অল্প নয়? আমরা বার বার বলেছি যে গ্রামাঞ্চলে মৃষ্টিমেয় বড় বড় জমির মালিক, জোতদার তারাই ধানচাল কিনে রেখে দেয়। শহরের মজ্বতদারদের সংখ্যাও অল্প। আমরা বার বার বলেছি যে আপনারা তাদের সংবাদ নিন কিন্তু উনি বলছেন ট্রেডার্সদের রিপোর্ট পাওয়া যাচ্ছে না। আপনারা প্রাইস কন্ট্রোল অর্ডার করেছেন। প্রাইস কন্ট্রোল অর্ডার কি—না এততে ধান কিনতে হবে এততে বিক্রি করতে হবে। কোন ব্যবসাদার তো করেনি—কি কমিউনিস্ট পার্টির সমর্থক কি কংগ্রেসের সমর্থক কি পি এস পি-র সমর্থক। যারা ধান চালের কারবার করছে তারা খাতা ঠিকমত লেখে না অতএব যারা ১০ হাজার মণের কারবার করছেন তাদের খাতায় সঠিক কিছু পাবেন না। গত ৮ মাস কৃষকরা যে ধান চাল বিক্রি করল সেটা উদ্বন্ত নয়। ডাঃ রায় এটা জানেন যে যার মাত্র ১৫ মণ ধান হয় তাকেও মাসের শেষে ৫ মণ ধান বাধ্য হয়ে বিক্রি করতে হয় নুন তেল কেনার জন্য। সেগুলি ট্রেডার্সরা কিনল না, মিলার্সরা কিনল না তাহলে কি সেগুলি উবে গেল? ১১/১৩ বিঘার জমির মালিকরাই কি তা জমিয়ে রেখে দিয়েছে? মৃষ্টিমেয় মজুতদার, মৃষ্টিমেয় বড় বড় জোতদার যারা প্রফুল্ল সেন, ডাঃ রায়ের বন্ধু, যাদের সেবার জন্য মন্ত্রীত্ব করছেন, মানুষ খুন করছেন, সেই লোকগুলোকে বাঁচাবার জন্য যাদের ৪ একরের বেশি জমি আছে তাদের হোর্ডার্স বলে চালান হচ্ছে। এই বিকৃত তত্ত্ব এখানে দেওয়া হচ্ছে। তারা বলেছে যে সরকার यि ৫ लक्क देन कित्न जारल সর্বনাশ হয়ে যাবে। काরণ সরকার यि ৫ लक्क देन कित्न जारल वाজाরে ৫/৭/৮ लक्क টনের বেশি থাকবে না। অতএব বাজারে কম হয়ে গেলে দর বেড়ে যাবে। কি চমৎকার দরদ দেখুন লোকের ইতি। ধরে নিলাম যে ১২-১৩ লক্ষ টন চাল বাজারে আসে এবং গভর্নমেন্ট যদি তা আদৌ না কেনেন তার মানে ১৩ লক্ষ টনই মজুতদারদের কাছে চলে যাবে আর সেই মজুতদাররা কারা না যারা ডাঃ রায়, প্রফুল্লচন্দ্র সেনের বাড়ীতে আনাগোনা করে। গর্ভর্নমেন্টের কাছে যদি ৫ লক্ষ টন থাকত তাহলে দুটো মিলিয়ে বাজারটাকে ঠিক রাখা যেতে পারত। কিন্তু আসল যুক্তি হচ্ছে যে সরকারের কেনা মানে মজুতদারদের কাছে চাল কম যাওয়া, সেটা প্রফুল্ল সেন এবং ডাঃ রায় জানেন। তাই বলছেন গভর্নমেন্ট কিনলে দর চড়ে যাবে। আবার তারা বলছেন ১২/১৩ টাকা ধানের মণ করলে চালের দরটা বেড়ে यात्व। प्राप्तता विन ১२ টाका थ्यत्क ১७ টाका थात्नत प्रन कत्रत्न २०/२२ টाकात प्रथा वाष्ट्रात हात्मत नत ताथा यात्र।

আপনারা ৯, ৯ 🔾 , ১০ টাকা ধানের দর বেঁধেছেন জ্বেনেশুনেই যে সেই দরে চাষী বিক্রি করতে পারবে না, চাষী মারা যাবে, আপনারাও সেটা কিনবেন না, মজুতদারদের কম দরে সেটা কিনতে দেবেন। তারপর আপনারা কলকাতার মানুষকে ৩৫ টাকা দরে চাল খাইয়েছেন যদিও মুখে বলেছেন ১৯/২০ টাকা দরে খাইয়েছেন। আমরা মনে করি যদি কৃষকদের न्याया पत (पथरा यात्र **छाटल कनका**जांत मानुष २०-२२ ठाकांत्र माता वस्त ठान (भरा आभनारपत आमीर्वाप कतरव। আপনারা বলেন যে কমিউনিস্ট পার্টি কৃষকদের বলে যে ন্যায্য দর চাও, শহরের লোককে বলে সন্তা দরে চাও এটা ঠিক নয়। আমরা বলি কৃষকদের ন্যায্য দর দিলে বাজারে চালের দরটা ঠিক রাখা যায়। গভর্নমেন্ট বলছেন আমরা কি করব, সেন্টাল গভর্নমেন্ট দর বেঁধে দেয়। কিন্তু গতবারে অ্যাসেমব্রী সেসনে আমরা কি একথা বলিনি যে প্রফল্লবাব আপনি কি রাজী আছেন দিল্লী গভর্নমেন্টকে লিখতে যে আমরা মনে করি ১২/১৩ টাকা দর হওয়া উচিত। কিন্তু আপনারা তা করেন নি। তাই আমরা বলব যে শুধু কেন্দ্রীয় গভর্নমেন্টই দায়ী নয়। আজও ওঁরা বলছেন যে কিনলে দর চড়ে যাবে। তবে কৃষকরা যদি আমাদের বাঁধা দামে বিক্রি করে তাহলে আমরা দয়া করে কৃষকদের কৃতার্থ করতে রাজী আছি সেটা কিনে। অর্থাৎ বাজারে দর থাকবে বেশি আর আমরা কৃষককে মারার মত ৯/১০ টাকায় দর বেঁধে দেব। এটা কি গাঁজাখোরি কথা নয় ? অবশ্য গাঁজাখোরি কথাটা যদি আন-পার্লামেন্টারী হয় তাহলে আমি এটা তলে নিলাম। অল পার্টি কমিটি সম্বন্ধে আমরা বলেছিলাম—কোন লোকটার ৫শো বিঘা জমি আছে, কোন লোকটা হাজার মণ ধান রেখে দিয়েছে—এই সব কারা করছে সেটা খুঁজে পেতে গেলে, সাধারণ লোকের সহযোগিতা নেওয়া উচিত। তারই জন্য আমরা চেয়েছিলাম সর্বস্তরের সর্বদলীয় কমিটি করুন যদি খাদ্যকে রাজনীতির উর্ধ্বে রাখতে চান। ডাঃ রায় গত বছর কথা দিয়ে কথা রাখতে পারেন নি যেহেতু তাঁর পার্টিতে নেপাল রায়, বিজয় সিং নাহারের মত লোক আছে—তাঁদের ধমকানিতে তিনি চুপ করে থাকেন এবং তাদের পরামর্শে তিনি চলেন। বলছেন সাব ডিভিশনাল লেভেলে অল পার্টি কমিটি করেছি। আমি আবার বলবো এসব অসত্য কথা। সেখানে এম এল এ থাকলে নিতে পারি, ডিস্ট্রিক্ট বোর্ডের মেম্বার, মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান থাকলে নিতে পারি. পার্টির লোক নিতে পারি. কিন্তু সাবডিভিশনের লোককে কমিটিতে নেওয়া হবে না। ইউনিয়ন লেভেল করা হবে না কেন? ইউনিয়ন লেভেলে প্রাইওরিটি লিস্ট করা হবে, অন্য সব জিনিস করা হবে, তাতে নিজেদের পেটোয়া মনোনীত লোক রাখলে দল করার যে সুবিধা হবে কিন্তু এটাই কি বড জিনিষ? যদি বড বড হোর্ডারদের ধরা যায়, জোতদারদের ধরা যায় তাহলে যে মন্ত্রিসভার পেটোয়া লোকদের গায়ে হাত পড়ে। এই তো সরকারের খাদ্যনীতির নমুনা।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় শেষদিকে আমি বলতে চাই যে জানুয়ারি মাসের শেষ থেকে—বাজেট সেসনের আগে থেকে আমরা বলেছিলাম যে খাদ্য সংকট সাংঘাতিকভাবে দেখা দেবে, অতএব আপনারা প্রস্তুত হন। প্রত্যেকটা পার্টি ফরোয়ার্ড ব্লক, পি এস পি, আর এস পি, স্বতন্ত্র এবং আমরা বলেছিলাম যে আপনারা চাল কিনুন, প্রকিওর করুন এবং ন্যায্য দরে তা দেবার ব্যবস্থা করুন--তাতে আমরা সহযোগিতা করতে রাজী আছি। আমরা সবাই বলেছিলাম যে আপনারা দিল্লী গভর্নমেন্টকে চাপ দিন কেন তারা খাদ্য সরবরাহ করেন নি কিন্তু সেকথা আপনারা শোনেন নি। তারপর খাদ্য উপদেষ্টা কমিটির প্রতি মিটিং-এ আমরা এই দাবী উত্থাপন করেছি কিন্তু তার কি মর্যাদা দিয়েছেন আপনারা? প্রাইস কণ্ট্রোল অর্ডার করা হোল তাতে কমিটিতে পরামর্শ করেন নি, প্রাইস কন্ট্রোল অর্ডার তলে দেয়া হোল তাতেও কমিটিতে পরামর্শ করেন নি। এইভাবে খাদ্য উপদেষ্টা কমিটিকে একটি প্রহসনে পরিণত করা হয়েছে। মাননীয় ডেপটি স্পীকার মহাশয়, আপনি গ্রামে বাস করেন, আপনি জানেন চৈত্র মাসের মধ্যে সাধারণ চাবীর ধানচাল বিক্রি শেষ হয়ে যায়। তা যখন হোল তখন চৈত্র মাসের শেষ থেকে বড বড মিলমালিকরা এসে ধর্না দিলেন—আপনাদের বললেন এইবার কন্ট্রোল তুলে দিন। কেন আপনারা কন্ট্রোল তুলে দিলেন? যদি একটা বাঁধা দাম থাকতো তাহলে যার গুদামে দু হাজার মণ চাল আছে তাকে আমরা ধরিয়ে দিতে পারতাম—পূলিস সেখানে স্টেপ নিতে বাধ্য হোত। আপনাদের কোন অ্যান্টি হোর্ডিং মেজার্স নেই—আপনারা অ্যান্টি হোর্ডিং মেজার্স ব্যবহার করেন ছোট ছোট দোকানদার যারা একটু চাল সাজিয়ে রাখে তাদের বেলায়—তাদের উপরই আপনাদের যত হামলা হয় কিন্তু কোটিপতিদের গায়ে হাত দেয়া হয় না। মেদিনীপুরে যখন সমস্ত বড বড জোতদারদের এস ডি ও ধরলেন তখন তাঁর এগেনস্টে স্টেপ নেয়া হোল, সেই এস ডি ও-কে ট্রান্সফার করা হোল, মামলা বন্ধ করে দেয়া হোল। এই সমস্ত জ্বিনিস করে দেশে সংকট সৃষ্টি করা হয়েছে। তারপর লেখা হয়েছে প্রাইস কট্রোল তলে দেয়ার পর অবস্থা ভাল হয়েছে—এ বছরের দাম গত বছরের চেয়ে অনেক কম। ইংরেজীতে লেখা

আছে মাচ্ লোয়ার দ্যান লাস্ট ইয়ার। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এটা কি অসত্য কথা নয় যে গত বছরের চেয়ে দাম কম। আমি কপ্রেস মেম্বারদের কাছে অনুরোধ করবো দল রাখতে হয় দল রাখুন কিন্তু এমনি করে স্তাবকতা করে দল রাখা যায় না—একটা ভূল নীতি চালিয়ে দেশের লোককে মেরে দল রাখা যায় না। আমি আপনাদের বলবো যে আপনাদের এখনও বিবেচনা করা উচিত, এ জিনিস আপনারা চালাতে দেবেন না কারণ এর দ্বারা ক্রমাগত খাদ্য সংকটের সমাধান কোন দিনই হবে না।

[5-40---5-50 p.m.]

এ বছর ডেলিবারেটলি খাদ্য সংকট সৃষ্টি করা হ'ল। স্পীকার মহাশয়, আমাদের আর কি উপায় ছিল বলুন। আন্দোলন করা ছাড়া আমাদের কি করবার পথ ছিল? আজকে ডাঃ রায় বলছেন আগে আন্দোলন উইথড্র কর তার পর দেখব। আমি জিজ্ঞাসা করি আট মাস ধরে কি তাঁরা করেছেন? কারও একটা পরামর্শ নিয়েছেন, একটা যুক্তি নিয়েছেন? খাদ্য উপদেষ্টা কমিটিকে তো একটা ফার্সে পরিণত করেছেন। দ্বিতীয় কথা, চোখের সামনে লোককে মরতে দেখতে অথবা মানুবের প্রতি যদি মমত্ববোধ থাকে তাহলে আন্দোলন করতে বাধ্য হতে হবে। বাংলাদেশের মানুষ শিয়াল কুকুর নয়। আপনি জানেন, গোড়া থেকেই যখন আন্দোলন শুরু হল তখন সরকার বুঝতে পারেন নি যে এত বড় আন্দোলন হতে পারে, যখন আন্দোলন হল প্রফুল্লবাবু ঠিক করলেন পূলিস পশ্টন তো আছেই পিটিয়ে সব ঠাণ্ডা করব তাই হঠাৎ বিনাবিচারে সব আটক করা হ'ল। কিন্তু ডাঃ রায় কি বলেছিলেন? মনে আছে যখন শ্রীযুক্ত বঙ্কিম মুখার্জী এবং শ্রীমতী মণিকুন্তলা সেন তাঁর কাছে চার্জ সীট দিতে গিয়েছিলেন তখন তিনি বলেছিলেন—আমরা তো কেরালা গভর্নমেন্ট নই যে বিনাবিচারে সকলকে আটক করব, আমার হাতে শাসনযন্ত্র আছে বলে দমননীতি চালাব। আমি সব দিকেই বিবেচনা করে দেখব। কিন্তু পরে কি হল ? জেলায় জেলায় আন্দোলন শুরু হল, দেখলাম রাত্রি একটা দেড়টার সময় বাড়ীতে বাড়ীতে গিয়ে ঘরে ঢুকে গ্রেপ্তার করা হ'ল। কিন্তু ডাঃ রায় আন্দোলন থামাতে পারলেন কি? ডাঃ রায় ভাল ডাক্তার হতে পারেন, কিন্তু বাংলার মানুষের নাড়ী আজও চেনেন নি। আপনারা বলেছেন আমরা উল্কে দিয়েছি, কিন্তু উস্কানি দিয়ে এত বড আন্দোলন হয় না। এত রক্তপাত আর দেখেছেন কি? একটা জেলাও কি বাদ গিয়েছে, একটাও বাদ যায় নি, একটা মহকুমাও বাদ যায় নি। সমস্ত দেশের মানুষ এইভাবে আন্দোলন চালিয়েছে আর কখনও দেখেছেন? পয়েন্ট স্কোর করার জন্য বক্তৃতা করছি না। প্রত্যেক জেলায় বিগেস্ট মবিলিজেশন হয়েছে—কি করে তা সম্ভব হল । ডাঃ রায় উন্মন্ত হয়ে বললেন এত করলাম আন্দোলন বন্ধ হল না। তাই ৩১শে আগস্টের আগে ২৯শে আগস্ট তিনি ঘোষণা করলেন কোন কৃষককে কলকাতায় আসতে দেব না। কিন্তু সে সংকল্প বার্থ হ'ল। আবার বলব ডাঃ রায় ডাক্তারী করেন, কিন্তু বাংলাদেশের নাড়ী এখনও দেখতে শেখেন নি। তিনি কৃষকদের উপর পাগল হয়ে আক্রমণ চালালেন, আমি লম্বা বক্তৃতা দিয়ে তার বিবরণ দিতে চাই না। শুধু বলব, কি পৈশাচিক, কি জঘন্য অত্যাচার করা হয়েছিল, বেশি বলব না কারণ সেটা অল্প দিনের ব্যাপার মানুবের সেন্টিমেন্টএ লাগে। কিন্তু এটা কি সত্য নয় যে হিজ্পলী জেলে গুলি চালনা এবং কলকাতার রসিদ আলী দিবসের গুলি চালনা সব ম্লান হয়ে যায়, কলকাতায় এবারকার গুলিতে। যুগান্তর পত্রিকার বাংলাদেশের বিশিষ্ট সাংবাদিক তিনি ক্ষোভে দর্পণ পত্রিকায় একেবারে ফেটে পড়েছেন। কি বলেছেন ? বলেছেন—সম্পূর্ণ শান্তিপূর্ণ আন্দোলন, তার উপর হয়েছে পরিকন্মিত আক্রমণ, বিরাট চক্রান্ত রয়েছে এই আক্রমণের পিছনে। আন্দোলন তো বন্ধ করা গেল না, এগিয়ে চলল আন্দোলন। এত গুলি খেয়েও জনসাধারণ ডিমরালাইজ হ'ল না, শুধু তাই নয়, প্রভুরা চটে গেলেন। বিধানবাবু, প্রফুল্লবাবুর প্রভুরা চটে গেলেন। তারা বললেন—হয় প্রফুল্ল সেন না হয় ডাঃ রায় থাকবে—এরকম করে চলবে না। তখন তাদের হঁস হ'ল। তখন হঠাৎ কিছু লোককে ছেড়ে দিয়ে বলা হ'ল নিষ্পত্তি কর। কিছু কত লোক আজও জেলে আছে, কত লোকের উপর সেখানে অমানুষিক ব্যবহার চালান হচ্ছে, কত লোককে আজও ডিভিশন দেওয়া হয় নি ? এদিকে বলেছেন রেশন বাড়িয়েছি। আবার অসত্য কথা বলছেন—বলছেন ১ কোটি ৭৩ লক্ষ লোককে দিলে এ এবং বি কেটাগরি পুরণ হবে। আবার বলি এটা মিথ্যা এবং অসত্য। দুটো মিলিয়ে হয় ২ কোটি ২৮ লক্ষ আর বললেন ১ কোটি ৭৩ লক্ষ হলে पृটো कভाর করে যায়। বলছেন রেশনের দোকান সাপ্লাই চাইছে না—এটা লোক ঠকানর জন্য বলা হয়েছে, চলুন এনকোয়ারী করে দেখুন সর্বত্ত লোক রেশন পাচেছ কি না। আমি জ্ঞানি ডাঃ রায়, প্রফুল্ল সেন বাংলাদেশের মানুষকে শিক্ষা দিতে চেয়েছিলেন, শিক্ষা তারা দিয়েছেন কিন্তু যে শিক্ষা তারা দিতে চেয়েছিলেন তার উল্টো শিক্ষাই তারা পেয়েছে।

সে শিক্ষা হ'ল এই যে তাঁর হলেন মজ্তদার আর জোতদারদেরই বন্ধু, তাঁদের বিরুদ্ধে সংগ্রাম করা ছাড়া আর কোন উপায় নেই। ডাঃ রায় চেয়েছিলেন গ্রামের আর সহরের মধ্যে বিভেদের প্রাচীর তুলতে—প্রামের বিরুদ্ধে সহরকে, আর সহরের বিরুদ্ধে গ্রামকে লাগাতে, কিন্তু সফল হন নি। রক্তের রাষীবন্ধনের ভিতর দিয়ে তাদের ঐক্য আরও দৃঢ় হয়েছে—কৃষক, শ্রমিক এক হয়েছে। আমি এই বলে শেষ করতে চাই যে ইতিহাসের লিখন পড়তে পারা দরকার। জেনারেল ও'ডায়ার কোথায় আজ্ব ডাঃ রায় ? পুলিস আছে, মিলিটারী আছে তার সাহায্যে যে শয়তান মজ্বতদারদের দালাল এবং বন্ধু সেই প্রফুল্ল সেনকে ঠেকিয়ে রাখতে আজ্ব পারেন, কিন্তু জেনারেল ও'ডায়ার ভেসে গিয়েছে অত্যাচারীরা ভেসে গিয়েছে সেটা স্মরণ রাখতে হবে। বাংলার মানুষের দিকে দিকে যে নব জাগরণ শুরু হয়েছে সে সম্বন্ধে একটু সতর্ক হওয়া দরকার, সচেতন থাকা প্রয়োজন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

#### Sj. Dasarathi Tah:

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এই সরকার যে খাদ্যনীতি ব্যর্থ করছেন এ ওদের জানা কথা। আমি আন্ততঃ এইটুকু আশা করেছিলাম যে এত ধাক্কা খাওয়ার ফলে, বার বার ভূল করার পরে তার যে একটা প্রতিক্রিয়া আছে সেটা বোধ হয় কার্যকরী হয়েছে। আশা করেছিলাম যে আমাদের পূর্বতন কৃষিমন্ত্রী ডাঃ আমেদ যখন জবাই হলেন, বোধ হয় মন্ত্রিসভায় একটা নড়াচড়া শুরু হ'ল। যখন দেখলাম যে খাদ্য এবং কৃষি এবং তার সঙ্গে খাদ্য উৎপাদনের ব্যাপার নিয়ে একটা নতুন মন্ত্রীত্ব সৃষ্টি হয়েছে তখন একটু আশান্বিত হয়েছিলাম, কিন্তু শেষ পর্যন্ত দেখলাম চাষীর ছেলের কাছ থেকে (অবশ্য ডাঃ আমেদ ঠিক চাষী নন্) খাদ্য উৎপাদনের মন্ত্রীত্ব এমন লোককে দেওয়া হ'ল যাঁর "ঢল ঢল কাঁচা অঙ্গ লাবণী অবনী বহিয়া যায়।" আমি এই কথা বলছিলাম—যে পরিবর্তন করা সুরু হোলো সেখানে যদি আমাদের শ্রীপ্রফুল্ল সেন মহাশয়কে সরিয়ে খাদ্যদপ্তরের দায়িত্ব ডাঃ রায় নিজে নিতেন এবং শ্রী সেনকে কিছুদিনের জন্যে আবগারী বিভাগের মন্ত্রীত্ব দিতেন তাহলে বিরোধী সমালোচকের মন একটু ঠাণ্ডা হত। টেবিল চাপড়ে, মুখ ভেঙ্কিয়ে তো কিছুই তো করতে পারব না। এটুকু যদি ডাঃ রায় করতেন তাহলেও বুঝতাম জনমতের একটা সম্মান দিয়েছেন। যেমন শ্রী জৈন পদত্যাগ করে অন্ততঃ নিজের মান রক্ষা করলেন, প্রফুল্লবাবূতো তাও করতে পারতেন। আসলে তো কিছু হবে কি না সন্দেহ, তবুও একটু রদবদল করলে অনেক সময় জনমত ঠাণ্ডা করা যায়। মেজ বৌ যদি সংসার চালাতে না পারে, সকলকে খুসী করতে না পারে তাহলে সংসার ঠাণ্ডা রাখতে হলে অন্ততঃ সেজ বৌর উপর সংসারের ভার দিয়ে দেখা হয় তাতে কি ফল পাওয়া যায়। কিন্তু আপনাদের প্রতিজ্ঞা শ্রীপ্রফুল্ল সেনকে খাদ্যমন্ত্রী রাখতেই হবে। যখন গাভী একবার বলেছি তখন আসলে সেটা বলদ হলেও তা বলে স্বীকার করা হবে না, অস্ততঃ বলা হয় গাভী-মুখো বলদ। এই হ'ল আপনাদের নীতি। উপাধ্যক্ষ মহাশয়, আজ খাদ্য সমসার সমাধান হবে কি করে? গোড়া কেটে আগায় জল ঢেলে তো কোন ফল হবে না। ডাঃ রায়ও বিরক্ত হয়ে খাদ্য সমস্যা সমন্ধে বলেছিলেন—"আমাদের নীতি ব্যর্থ হয়েছে, হিসাব-নিকাস কিছুই ঠিক নয়।" কেন্দ্র তো আপনাদের কল্পতরু, যা চেয়েছিলেন তা নাকি পেয়েছেন। কিন্তু এদিকে দেখছি কি? আমরা পল্লী অঞ্চলের লোক, আপনারা বলছেন সকলকেই রেশন দিয়েছি—অনস্তঃ যারা 'ক' শ্রেণীতে পড়ে তাদের ৷...

# [ 5-50—6 p.m. ]

কিন্তু বাস্তবে কি হয়েছে শুনুন। আপনারা রিলিফ কমিটি গঠন করেছেন। যে যে কনস্টিটিউয়েন্সীর অ্যাসেমব্রির মেম্বার সে, সেই ইউনিয়ন-এর রিলিফ কমিটির মেম্বার। আমার নির্বাচন ক্ষেত্রে ২৫টি ইউনিয়ন আছে, আমি ২৫টিতে না হোক ২১টিতে মিটিয়েে উপস্থিত হয়েছি এবং পরিদর্শন করে হিসাব করে দেখেছি—ডাঃ রায় একটু শুনুন, তিনি ছাড়া আর ত কেউ শোনার নেই, তিনি শুনে যদি কিছু করতে পারেন, যদি তাঁর মাথায় কিছু ঢোকে—বর্ধমান জেলায় আসানসোল মহকুমার জামুড়িয়া অঞ্চলের গ্রামে গ্রামে ঘুরে দেখেছি যে সেখানে রেশন কার্ডই দেওয়া হয় নাই। যেখানে রেশন কার্ড দেওয়া হয়েছে সেখানে সময়মত এবং নির্দিষ্ট পরিমাণে চাল দেওয়া হয় না। রায়না থানায় রিলিফ কমিটিতে দেখেছি, সেই রিলিফ কমিটিতে এ ক্লাসএর জন্য সপ্তাহে এক সের করে চাল দেবার কথা কিন্তু তা কোথাও পাওয়া যায় না। যেখানে সপ্তাহে ৮৬ মণ চাল দেবার কথা, সেখানে সপ্তাহে কোন কোন সময় ১০ মণ দেওয়া হয়, ৮ মণ দেওয়া হয়, কখন কখন দেওয়াও হয় না। ভাল করে হিসাব করে দেখেছি সমস্ত সদর সাবডিভিশনএ বর্ধমান সহর সমেত ৩৫ হাজার

মণ চাউল লাগে, কিন্তু সেখানে দেওয়া হয় মাত্র ১৫ হাজার মণ, বাকী ২০ হাজার মণ ফাঁক। কোন কোন সপ্তাহে মোটেই পাওয়া যায় না। হয়ত এক সপ্তাহে পাওয়া গেল না. জিনিস যখন কম তখন নানাভাবে সরকারি ডিলারদের ভাঁওতা দিতে বাধা হন। কখনো বলা হয় আজ কন্ট্রোলার নেই, এখন অসময়ে টাকা জমা নেওয়া হবে না। তালিকায় টেকনিক্যাল মিসটেক আছে অতএব রেশনের মাল পাওয়া যাবে না। নির্দিষ্ট দিনে এসে ডিলারকে ফিরে যেতে হোল। পর সপ্তাহে এসে তখন यिन वना इस, रुक्तूत আर्गित সপ্তাट्त तमनेंगे निन, उपेत कि र'न, जार्टन वना रस य अपेरिज भात रस शिराहरू সেটা এখন দিলে তোমরা হোর্ড করবে। অতএব মুসকিল আসান হয়ে গেল এবং এইভাবে তাদের সন্তুষ্ট করে ফিরিয়ে দেওয়া হয়। যদিও আপনারা ঘোষণা করেছেন যে এক সেরের জায়গায় দেড় সের চাল সহরে দেবেন, অবশ্য আমাদের ডাঃ রায় সহর বলতে ক্যালকাটা অ্যান্ড সুবার্বই বোঝেন। এদের জন্যই তাঁর দরদ। কারণ এখানে সংবাদপত্রের রিপোর্টারস আছেন, বেশ ঘন ঘন মিটিং হয়, ইনক্লাব জিন্দাবাদ বলে, নাক মলে দিতে পারে। তাই ভয়ে ভয়ে সেখানে দেওয়া হয়, আর মফঃস্বলে কিছুই দেওয়া হয় না। একথা আমি পরিষ্কার করে বলতে পারি। আপনারা যদি বলেন তাহলে তার প্রমাণও আমি দিতে পারি। এই ধান্য উৎপাদন ও কন্ট্রোলের ব্যবস্থা সম্বন্ধে আমি বলতে চাই, হিসাবমত ও সুবিবেচনামত দর নির্ধারণ করা হলে চাষী বাঁচবে। যদি আপনারা খামখেয়ালী না করেন, যদি মোটা ধানের দর পশ্চিমবঙ্গের চারদিকের বাজারে পৌষ মাস থেকে চৈত্র মাস পর্যন্ত ১২ টাকা করে থাকবে বলে ঘোষণা করে দেন এবং তারপর ১লা বৈশাখ হতে ঐ দর ২ টাকা কমিয়ে ১০ টাকা করে দেওয়া হবে বলেন, এবং যদি হোর্ডার্সদের বেলাও এই আইন কড়াভাবে প্রয়োগ করা হয় তাহলে সমস্ত রাজনৈতিক দল ও জনসাধারণ তা সমর্থন করবে। এবং এটা করলে বাজারে আপনা থেকেই অজস্র ধান আসবে। আপনারা ৫ লক্ষ টন মজুতের কথা বলেছেন কিন্তু এতে আপনা হতেই অনেক লক্ষ্যই আসবে। আপনারা বলেছেন যে ধান স্টক করলে বাজারে ধান আসবে না। কিন্তু আপনারাত হোর্ডার নন। গভর্নমেন্ট কিনবেন এবং গভর্নমেন্ট কিনবেন সেটা সাধারণকে দেবার জন্যই। তা যদি হয় তাহলে এটা দেশের পক্ষে ক্ষতিকর নয়। কিন্তু একথা আপনারা শোনেন না, কারণ শুনলে বিপদ হয়। আপনাদের বন্ধুরা যে বিগড়ে যাবে। আমরা দেখেছি যে গ্রামে গ্রামে ২০ টাকা দাম খাতায় লিখিয়ে অজস্র ধান কর্জ দেওয়া হচ্ছে। ধান যখন চাষীর হাতে আসবে পৌষ মাসে তখন পৌষ মাসের বাজার দরে ৮ টাকা দর হলে এক মণ ধান নিয়ে আড়াই মণ ধানে শোধ দিতে হবে। আর ১০ টাকা মণ হলে ২ মণ ধানে শোধ করতে হবে। এতে ছোট চাষীরা কেমন করে বাঁচবে। ধান উঠার সঙ্গে সঙ্গে ছোট চাষীদের বাঁচাতে হলে এই শোষণ হতে তাদের রক্ষা করতে হবে। আপনারা বলেছেন যে ৪ একরের বেশি জমির চাষীরা সবাই হোর্ডার। আপনারা এটা জানেন না। আপনাদের কংগ্রেস বেঞ্চের লোক যাঁরা আছেন তাঁদের জিজ্ঞাসা করুন, তাঁদের মধ্যে কয়জন কন্ট্রোল দরে ধান দিয়েছেন? এমন কি প্রাদেশিক কংগ্রেস কমিটির সভাপতি পাঁজা মহাশয় তিনি কখনই কন্ট্রোল দরে দেন নি। তারাপদবাব, তার অনেক চাষ আছে, তিনিও দেন নি। আপনারা শুধু কথা বলে এই সমস্যার সমাধান করতে চান। আজকে বলা হচ্ছে মানুষ বেড়ে যাচ্ছে, রোগ নেই, সেই জন্য মানুষ মরছে না। তাই মানুষকে মারবার জন্য গুলি চালাচ্ছেন রোগে মারতে পারছেন না বলে। ম্যালেরিয়া নাই কিন্তু টি বি গ্রো মোর টি বি-র মত বেড়েই যাচেছ একথা আমরা বছবার বলেছি। সেখানে চিকিৎসার কি ব্যবস্থা তা ভালভাবেই আপনারা জানেন এবং সেখানে তাঁরা বলছেন যে দেশের লোকের হোর্ড করার শক্তি বেড়ে গিয়েছে। তারপর বলা হচ্ছে কৃষিঋণ দেওয়া হচ্ছে সব লোককেই। আমি একটা ঘটনা বলছি—সম্প্রতি রায়না থানার উচালন ইউনিয়নে মাত্র ৩,০০০ তিন হাজার টাকা কৃষিঋণ দিবার জন্য অফিসার উপস্থিত হলো। দারুণ वर्षाय ও দুর্যোগে চাষীরা হাজির হোলো দলে দলে। হিসাব করে দেখা গেল ৫ টাকার বেশি করে ঐ ঋণ বিলি করা याग्र ना। रत्रश्रात रेंछे वि-त व्यत्रिएए हिल्लन, वलल्लन ৫ টाका करत पिन, अफिनात वलल्लन ৫ টाका करत प्रवात तीिए নাই, তিনি সব টাকা পুঁটলি বেঁধে নিয়ে চলে গেলেন। সমস্ত দিন অনাহারে থেকে ও কৃষিকর্ম নষ্ট করে চাষীরা হয়রান হয়ে ফিরে গেল। আজ আন্দিন মাস। এ পর্যন্ত তারা সরকারি কৃষিঋণই পেল না। ঐ ত সামনে তরুণকান্তিবাবু বসে আছেন তাঁর উপর ভার পড়েছে উৎপাদনের। অ্যামোনিয়ার দর সরকার নির্ধারণ করেছেন ৩৮ টাকা করে। দেখছি এর অধিকাংশ ডিলারই কংগ্রেসের সক্রিয় সদস্য, মণ্ডল কংগ্রেসের কর্তা—তারা সকলেই কংগ্রেসের কোয়ালিফায়েড মেম্বার বা গুণধর সদস্য। তাঁরা ঐ অ্যামোনিয়া বেচছেন ৪৮ টাকা হতে ৫০ টাকা। তাঁকে আমি জানিয়েছি, উত্তর পেয়েছি প্রতিকারের ব্যবস্থা হবে। আমি অনুরোধ করছি—খাদ্য সমস্যা যদি সমাধান করতে হয় তাহলে অপজ্ঞিশন থেকে যে সহযোগিতার

কথা বলেছে সেই সহযোগিতা গ্রহণ করুন এবং আগামী ফসল উঠবার আগেই ধানের দর বেঁধে দিন, এবং সেভাবে সরকার এখন হতে সংগ্রহের ব্যবস্থা করুন এবং খাদ্য উৎপাদন যাতে আরও ভালভাবে ও ব্যাপকভাবে হয় তার ব্যবস্থা করুন। ভূল নীতি বর্জন করুন এটাই অনুরোধ।

# Sj. Subodh Banerjee:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ১৯৪৭ সাল থেকে আরম্ভ করে ১৯৫৯ সাল হল এই কবছর খাদ্য সমস্যার কথা যদি বিবেচনা করেন তাহলে দেখবেন সরকারি তত্ত্বমতে ১৯৫৪ সালে পশ্চিম বাংলার অবস্থা কিছু ভাল ছিল। আর তা ছাড়া প্রত্যেক বছর খাদ্য সংকট তীব্র, প্রায় দূর্ভিক্ষাবস্থা কিংবা দূর্ভিক্ষ দেখা দিয়েছে। কিন্তু আমার প্রশ্ন শুধু আজকে নয় আমার প্রশ্ন হল কেন এটা ঘটছে? আমার প্রশ্ন হল কেন এত বছর ধরে ১২ বছর ধরে পশ্চিমবাংলায় এই জিনিস ঘটছে এটা অনুসন্ধান করা দরকার আছে। তা না হলে আমরা যদি পেলিয়েটিভস্-এর কথা চিন্তা করি তাহলে বাংলাদেশের খাদ্য সংকট থেকে বাঁচবার কোন পথ থাকবে না। এটা বুঝা দরকার পেলিয়েটিভস-এর প্রশ্ন নয় পেলিয়েটিভস নিশ্চয়ই চাই কিন্তু তাও বাঁচবার জন্য। দেশকে যদি বাঁচাতে হয় তাহলে স্থায়ী সমাধানের পথ নিতে হবে। এ ছাড়া পথ নাই। এই পথ কি? প্রথম কথা খাদ্য সম্বন্ধে একটা ইন্টিগ্রেটেড প্ল্যান থাকা দরকার। সরকারের তা নাই। মন্ত্রীমণ্ডলীর দিকে তাকিয়ে দেখুন কৃষির জন্য একজন মন্ত্রী উৎপাদনের জন্য একজন মন্ত্রী, খাদ্য বন্টনের জন্য একজন মন্ত্রী, ভূমিরাজস্থের জন্য একজন মন্ত্রী অর্থাৎ টোটাল ফুড, ভূমিরাজস্ব থেকে আরম্ভ করে খাদ্য উৎপাদন, খাদ্য বন্টন ইত্যাদি সমস্ত কিছু একটার সঙ্গে আর একটা অঙ্গাঙ্গীভাবে জড়িত এবং সেদিক থেকে একটা ইনটিগ্রেটেড প্ল্যান হওয়া দরকার। সেটা হচ্ছে না। আজ বিমলবাবুকে খাদ্যের কথা যদি বলি তিনি বলবেন আমি ভূমিরাজস্ব মন্ত্রী ওসবে কিছু আমার করবার নাই। আমি কি করে খাজনা আদায় করি কতটা আদায় করি বলতে পারি। আমেদসাহেব ও তরুণবাবুকে জিজ্ঞাসা করলে বলবেন আমরা খাদ্য তৈরি করি বণ্টন আমাদের নয়। প্রফুল্লবাবুকে বললে বলবেন আমার ডিউটি বন্টন করা উৎপাদন করা আমার দায়িত্ব নয়, আমার হচ্ছে লক্ষ্মীর ভাণ্ডার যা পাব তাই দেব।জলের কথা যদি বলি অজয়বাবুকে আমেদ সাহেবকে দেখিয়ে দেবেন। এটা হল ল্যাক অফ ইনটিগ্রেশন, এখানে টোটাল প্ল্যান কিছু নাই। এদিক থেকে বিবেচনা করার দরকার আছে। সেই রকম একটা প্ল্যান-এর বিবেচনা করুন না কেন? একজন মন্ত্রীর অধীনে এই সমস্ত বিভাগ দেন। এদিক থেকে এসব জিনিসগুলি যদি একজন মন্ত্রীর অধীনে আনেন ভূমিরাজস্ব বিভাগ থেকে আরম্ভ করে খাদ্য উৎপাদন, বণ্টন সমস্ত তাহলে কাজ অনেক ভাল হবে। এবং এই যে এ্যাডমিনিস্ট্রেটিভ সেট আপ সেটা ঠিক করুন। এই কতকগুলি জ্বিনিস বিবেচনা করার দরকার আছে। খাদ্য ব্যাপারে তিনটি মূল সমস্যা অঙ্গাঙ্গীভাবে জড়িত।

#### [6-6-10 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রথম হচ্ছে উৎপাদন সমস্যা, তারপর বন্টন সমস্যা, তারপর হচ্ছে জনসাধারণের ক্রয়ক্ষমতার সমস্যা। দেশে যদি খাদ্য উৎপাদন কম হয় তাহলেই দুর্ভিক্ষের অবস্থা দেখা দেবে। সূতরাং প্রথম হচ্ছে উৎপাদন সমস্যা। কিন্তু উৎপাদন বাড়ালেই হবে না। ব্যবসায়িরা খাদ্য হোর্ড করে ফেলবে, তাতে আর্টিফিসিয়েল স্কারসিটি দেখা দেবে ম্যানমেড ফেমিন হবে। সূতরাং উৎপাদন বাড়ালেই হবে না, এর সঙ্গে ডিস্ট্রিবিউশনও জড়িত। সূতরাং যাতে সূষ্ঠূভাবে বন্টন হয় সেদিকে নজর দিতে হবে। শুধু বাজারে মাল সরবরাহ হলেই হবে না। সেই খাদ্য জনসাধারণের ক্রয়ক্ষমতার মধ্যে আছে কিনা সেটাও দেখতে হবে। সেজন্য জিনিসপত্রের দাম কামানো খাদ্য আমদানীর সঙ্গে অঙ্গাঙ্গীভাবে সংযুক্ত কাজেই পশ্চিমবংগের খাদ্যসমস্যায় তিনটি সমস্যা ওতপ্রোতভাবে ও অঙ্গাঙ্গীভাবে জড়িত—একটা উৎপাদন সমস্যায়, দ্বিতীয় হচ্ছে বন্টন সমস্যা, তৃতীয় হচ্ছে মূল্য নিয়ন্ত্রণ ও জনসাধারণের ক্রয়ক্ষমতার সমস্যা। এর একটাকে বাদ দিলে খাদ্যসমস্যার সমাধান হবে না একথাটা প্রথমেই বোঝা দরকার। সেজন্য আমি বলছি ইনটিগ্রেটেড প্ল্যান নিতে হবে। ইনটিগ্রেটেড প্ল্যান না নিয়ে শুধু পিচমিল ওয়েতে এই সমস্যার সমাধান হবে না। কিন্তু আমাদের সরকার কি করছেন গ্রারা শুধু কেন্দ্রীয় সরকারের দিকেই তাকিয়ে আছেন। পশ্চিমবংগ সরকার যা নিজেরা করতে পারতেন ভারত সরকারের দিকে না তাকিয়ে তা কিছুই তাঁরা করেন নি। কেন করেন নি খাদ্য সমস্যার প্রধান কথা হচ্ছে উৎপাদন সমস্যা—উৎপাদন বাড়ানের আরেকটা

উপায় হচ্ছে ভূমিসংস্কার। তাকি আপনারা করেছেন ? করেন নি। ১২ বৎসর ধরে একাজ্বটাও আপনারা করতে পারলেন না। একাজের জন্য তো কেন্দ্রীয় সরকারের দিকে তাকিয়ে থাকতে হয় না। চাবীর হাতে আপনারা জমি দিয়েছেন—এক ছটাক জমিও আপনারা চাবীর হাতে দেন নি।

তারপর, আপনারা বলেন বাংলাদেশ ঘাটতি অঞ্চল। গত বংসর ৮ লক্ষ ঘাটতি ছিল, এবছর আপনাদের বাড়তি হিসাব ধরে ৯ লক্ষ টন ঘাটতি-কিন্তু এটাওতো কেন্দ্র দিচ্ছে। বাংলাদেশে কত জমি অনাবাদী পড়ে রয়েছে-তা ছাড়াও। একফসলী জমিতে কি দোফসলী করা যায় না? এভাবেও তো এই ঘাটতির কিছুটা মিট আপ করা যেতে পারে। বর্ধমান জেলার আসানসোল মহকুমায় ছেড়ে দিলে মোট জমি হচ্ছে, ৯,৮০,৪৫৩.৬৬ একর ; এর মধ্যে দোফসলী হচ্ছে মাত্র ৬৬ হাজার ৯৯.৫৭ একর। অর্থাৎ মোট জমির শতকরা ৬.৭ ভাগ দোফসলী। আমি বিশেষ করে কেন বর্ধমান জেলার কথা বললাম তার কারণ হচ্ছে, আমি ইচ্ছা করেই বর্ধমানের কথা বললাম—তার কারণ হচ্ছে এই যে, বাংলাদেশের মধ্যে, বর্ধমানই হচ্ছে সবচেয়ে ইরিগেটেড। সেখানে আপনারা ইচ্ছা করলে দোফসলী জ্বমি তিনফসলী করতে পারতেন, সেই জায়গায় টোটাল ল্যান্ড-এর মাত্র শতকরা ৬.৭ ভাগ ডাবল ক্রপিং হয়েছে। এই জমিতে কেন আপনারা তিনফসলী করেন না। আপনারা বলেন খাদ্যসমস্যা জাতীয় সমস্যা। তা যদি হয় তাহলে সেই ফুটিং-এ কি আপনারা খাদ্যসমস্যার সমাধান করতে পারেন না? তাহলে কি আপনারা ওয়াটার ট্যাক্স ছেড়ে দিতে পারেন না? বাংলাদেশে বছরে বাইরে থেকে ৪৪ কোটি টাকার খাদ্য আমদানি হচ্ছে—এই টাকাটা আমাদের দেশ থেকে বাইরে চলে যাচ্ছে। এই কাজটা যদি আপনারা করতে পারেন তাহলে বহু টাকা সেভড হতে পারে এবং তাহলে এটা আমাদের খাদ্য উৎপাদন বৃদ্ধির জন্য ব্যবহৃত হতে পারে। তারপর, বাংলাদেশে যেসমন্ত অনাবাদি জমি পড়ে রয়েছে তাতে যদি ফুল ফোর্স-এ চাষবাস করতে পারেন, তা হলেও উৎপাদন বাড়ান যেতে পারে। বড় বড় কথা ছেড়ে দিয়ে যা পারবেন তাই করুন। ছোট ছোট জল সেচের ব্যবস্থা করতে পারেন ৬ ইঞ্চি টিউবওয়েল করে। সুন্দরবন অঞ্চল কি তিনফসলী করে দেওয়া যায় না? উৎপাদন শুধু কাগজে হয় না। আপনারা কাগজে বলছেন, জাপানী প্রথায় চাষবাস কর। এজন্য ১ লক্ষ ২০ হাজার টাকা খরচ হল। কলকাতার ফুটপাথে কি চাষ হবে। তাই বলছি, কাগজে হবে না। সূতরাং কাগজের কথা ছেড়ে দিয়ে যা প্রেকটিক্যালি করতে পারবেন তাই করুন, তাহলে উৎপাদন বাড়তে পারে। এর প্রথম কণ্ডিশন হচ্ছে ভূমিসংস্কার। তারপর, আপনারা ইচ্ছা করলে ডাবল ক্রপিং চালাবার ব্যবস্থা করতে পারেন। দ্বিতীয় প্রশ্ন, বন্টন সমস্যা। আপনারা জানেন, এবং চিরকালই জানেন আজকেই শুধু নয় যে, আমাদের দেশে সবচেয়ে বড সমস্যা হচ্ছে বন্টন সমস্যা। আজ বাংলাদেশের যে খাদ্যাভাব, ইট ইজ মেইনলি ডিউ টু ডিস্ট্রিবিউশন প্রবলেম। উৎপাদন যা হচ্ছে তা করনার্ড হয়ে যাচ্ছে। বড় বড় মজুতদার, জ্ঞাতদার, ব্যবসায়ীরা সবকিছু করনার্ড করে ফেলছে। বাট হোয়াট ইজ দি ওয়ে আউট? একমাত্র উপায় হচ্ছে স্টেট ট্রেন্ডিং একমাত্র ওয়ে আউট হচ্ছে স্টেট ট্রেডিং ইনট্রোডিউস করতে হবে ইন ফুল ফোর্স। চালের ব্যাপারে প্রাইভেট বিজ্ঞিনেস বন্ধ করে দিন। আমি পার্শিয়েলএ বিশ্বাস করি না। খুচরাতে আমার আস্থা নাই। আমার কথা হচ্ছে, হোলসেল এবং রিটেলএ স্টেট ট্রেডিং করুন। আমি আরেকবার বলব যে, ডিস্ট্রিবিউশন বা বন্টনের উপর আপনাদের বিশেষ দৃষ্টি রাখতে হবে, কারণ দেশের মধ্যে যা উৎপন্ন হয় তা যদি সুষ্ঠভাবে লোকের মধ্যে ভাগ হয় তাহলে কোন প্রকার প্রিভেন্স উঠে না। কিন্তু যদি লোকে দেখে যে লোকে খাবার পাচ্ছে না তখনই প্রিভেন্স উঠে। এখানে প্রশ্ন উঠতে পারে, কেন্দ্র থেকে না দিলে আমরা করতে পারি না। আই ডু এ্যাডমিট দ্যাট। কিন্তু প্রশ্ন হল, পশ্চিমবঙ্গ সরকার থেকে কি কেন্দ্রকে এই সাজেশন দেওয়া হয়েছে স্টেট ট্ৰেভিং সম্বন্ধে? দেওয়া হয়েছে? যদি না দেওয়া হয়ে থাকে তাহলে কেন দেওয়া হয় নি। আমি জানি তাহলে বেশি দায়িত্ব ঘাড়ে পড়ে। আমাদের সরকারের সেই ভয় আছে, কিন্তু দেখা যায় মন্ত্রীত্বের লোভ আছে। আমি বলতে চাই সেই দায়িত্ব নিতে হবে। প্রশ্ন উঠেছে, এই জ্বিনিস করতে গেলে ছোট ছোট ব্যবসায়ীরা ক্ষতিগ্রন্থ হবে। এর বিরুদ্ধে যুক্তি হিসাবে আমি বলছি, আপনাদের দোকান করতে হবে—এবং ছোট ছোট যারা চালের কারবারী তাদের চালের ডিস্ট্রিবিউশন-এর ভার দিতে হবে, ছোট ছোট ব্যবসায়ীদের ডিস্ট্রিবিউটর করে দেওয়া যেতে পারে। তাঁদের আপনারা শাসনযন্ত্রের মেশিনারিও করে নিতে পারেন। কেউ কেউ ওপক্ষ থেকে প্রশ্ন করছেন দামের ব্যাপারে কি হবে—দামের ব্যাপারে আমি পরে আসছি—আগে ওয়ার্কিং মেশিনারিটা ঠিক করে নিন। সাবসিডি দেবার ব্যাপারে যখন বলব তখন ওটা বলব। যাই হোক. আমরা যদি কেন্দ্রকে এই সাজেশন দিই তাহলে আমি নিঃসন্দেহে বলতে পারি তাদের কোন আপন্তি হবে না। প্রধান কথা

হচ্ছে, মিডলম্যানস প্রফিট যাঁরা সবকিছু করনার করে ফেলছে—এসব জিনিস যাতে বন্ধ হয় তার ব্যবস্থা করতে হবে। বন্টন ব্যবস্থারগলদই হচ্ছে খাদ্যসমস্যা সমাধানের প্রধান কন্টক। এই ব্যাপারে যদি সরকারের কোন গলদ থাকে তাহলে তার জন্য আমরা সরাসরি সরকারের সঙ্গে মোকাবিলা করতে পারি। তখন তারা হয়তো বলবেন, দেখ, আমরা কি করব, এরকম কিছু করতে গেলে আবার ওদের পক্ষ থেকে আন্দোলন হবে। আমি বলছি, এভাবে চলবে না, হয় ফুল কন্টোল কঙ্গন, না হয় কন্টোল একেবারে তুলে দিন। এভাবে রেসপনসিবিলিটি শার্ক করলে চলবে না। খাদ্যের ব্যাপারে সমগ্র দেশবাসীর কাছে আপনাদের দায়িত্ব, রেসপনসিবিলিটি আছে। এটা যে পিপলস প্রবলেম এ জ্ঞিনিসটা বুঝা দরকার। আমি আবার আপনাদের স্মরণ করিয়ে দিয়ে বলতে চাই যে, প্রাইস পাইকারী বা খুচরা নির্ধারণ করে ফুল কন্টোল কর্মন।

The Hon'ble Tarun Kanti Ghosh: Do you mean State trading with full control? Sj. Subodh Banerjee:

যদি দেশের মধ্যে কোন করাপশন থাকে তা বন্ধ করা সরকারের কর্তব্য। সবদিকেই আজ করাপশন ফাইট করতে হবে। তারপর বলা হয়ে থাকে যে, পিপলস পার্চেজিং ক্যাপাসিটি বেড়েছে। আরেকটা কথা আপনারা বলেন, ইনফ্রেশন এর জন্য জিনিসপত্রের দাম বেড়েছে। শুধুমাত্র ইনফ্রেশন এর জন্যই দাম বাড়ে না। এই ইনফ্রেশন কি আপনারা বন্ধ করতে পারেন না? যারা হোর্ডিং করে রেখে দিয়ে আর্টিফিসিয়েল স্কারসিটি সৃষ্টি করে তাঁদের আপনারা চেক করতে পারেন না। আপনারা ফুডগ্রেনস্ এগেইনস্টএ এ্যাডভান্স বন্ধ করেছেন। কিন্তু আপনারা জানেন যে বাড়ির এগেইনস্টে রিজার্ভ ব্যাঙ্ক থেকে টাকা এ্যাডভান্স নিয়ে ফুডগ্রেনস্ কারবারে সেই টাকা ইনভেস্ট করা হয় এবং এভাবে নানা ফাঁক দিয়ে রিজার্ভ ব্যাঙ্ক এ্যাডভান্স বার করে নিয়ে সেই টাকা অন্যভাবে ফুডগ্রেইনস্কএর কারবারে লাগিয়ে বাজার কর্নার করে ফেলেছে। [6-10—6-20 p.m.]

পারচেজিং পাওয়ার অফ দি পিউপিল বাডানো দরকার। কিন্তু আপনারা সেদিকে যাবেন না। হোয়াই কাণ্ট ইউ গিভ প্রাচুইটাস লোন, আপনারা কোন আনএমপ্লয়মেন্ট ডোল দিচ্ছেন না? ইজ ইট সো ভেরি ডিফিকান্ট? আমি চাই না যে কোন লোককে ডোল খাইয়ে বাঁচিয়ে রাখবেন—আই এ্যাম নট ইন ফেভার অফ ইট। কিন্তু কাজ যদি আমাকে না দিতে পারেন আমাকে বাঁচবার মতন একটা সাবসিসটেন্স তো দেবেন। এইরকম এ্যাটেমপ্ট তো আপনাদের নেই। কিছু ইট ইজ নট ডিফিকাল্ট। ছোট দেশ গ্রীস আনএমপ্লয়মেন্ট ডোল দিতে পারে ভারতবর্ষ বা বাংলাদেশ তা দিতে পারে না। এ বিষয়ে ইংলণ্ড, আমেরিকার, জার্মানীর কথা না হয় ছেডেই দিছি---আন্ড আই এাম নট স্পিকিং অফ সোসালিস্ট কান্টিজ--সেসব তো ক্যাপিটালিস্ট কানট্টি। সেইসব জায়গায় যদি হয় বাংলাদেশে কেন হবে না ? এই ধরনের ইন্টিগ্রেটেড প্ল্যানের চিন্তা করার দরকার আছে। এখানে শুধু গালাগালি করলেই ফুড প্রবলেম সলভ হবে না। বরং একটা পলিসি গ্রহণ করতে হবে। রেসপনসিবিলিটি শার্ক করে পিউপিলকে গালাগালি দিয়ে কোন লাভ নেই। গভর্নমেন্টের ডিউটি হচ্ছে ট ফিড দি পিউপিল। আবার কোন গভর্নমেন্ট যদি এই প্রাইমারী ডিউটিতে ফেল করে তাহলে দ্যাট গভর্নমেন্ট হ্যাজ নো মরাল রাইট ট একজিস্ট অর্থাৎ তারা পারুক না পারুক অন্ততঃ এ্যাটেমপ্ট করবেন এবং পিউপিলকে বলবেন যে আমরা এই করতে চাই এবং পিউপিলও প্রো দ্যায়ার এক্সপেরিয়েন্স গভর্ণমেন্টকে সাহায্য করবে। আর তা যদি না হয়, অর্থাৎ প্রবলেম যদি সলভ না হয় তাহলে পিউপিল তাঁদের এগেইনস্টএ যেতে বাধ্য হবে। কিন্তু এইভাবে যদি আপনারা জনসাধারণের সহযোগিতা না নিয়ে চলেন তাহলে এই প্রবলেম সলভ হবে না। আমরা বা জনসাধারণ এই প্রবলেমের যেসমন্ত সল্যশান দেয় তা আপনারা গ্রহণ করবেন না। আপনারা প্রবলেমের সল্যুশান না করে কেবলমাত্র প্যালিয়েটিভ দিয়ে জনসাধারণকে বাঁচিয়ে রেখেছেন অর্থাৎ তাদের গ্রাচইটাস রিলিফ টেস্ট রিলিফ ইত্যাদি দিয়ে বাঁচিয়ে রাখছেন। কিন্তু এতে তো কিছু হবে না, বরং এর জন্য প্রত্যেক বছর এভরি ইয়ার বিধানবাবুর সঙ্গে আমাদের মারামারি হবে। প্রত্যেক বছর মহালয়ার সময় যেমন গঙ্গার ঘাটে গিয়ে বাপ-মার পিণ্ডি দিতে হয় তেমনি আমাদেরও প্রত্যেক বছর এই নিয়ে আন্দোলন করতে হচ্ছে। ওঁদের ঐ এট্রোসিটিজ-এর সামনে। অতএব আসল প্রশ্ন হচ্ছে হোয়াট ইজ দি ওয়ে আউট। ওয়ে আউট ঐ জিনিসের মধ্যেই রয়েছে এবং এতেই ভবিষ্যতে ভাল হতে পারে—ইট ইজ্ব নট ডিফিকান্ট। ক্যাপিটালিস্ট স্টেট আমেরিকা, ইংলন্ড, ক্যাপিটালিস্ট স্টেট ফ্রান্স, ক্যাপিটালিস্ট স্টেট ওয়েস্ট জার্মানী সেখানে যদি এই সমস্যার সমাধান হয় আমাদের এখানে যেখানে এভরি

ইয়ার ক্রনিক ফুড ডিসট্রেস লেগে আছে, এভরি ইয়ার ফেমিন কণ্ডিশন অর নিয়ার ফেমিন কণ্ডিশন লেগে আছে সেখানে আপনারা এ সমস্যার সমাধান করতে পারেন না ? এ ছাড়া আপনাদের তো ক্যাপিটালিস্ট ফ্রেম ওয়ার্ক, কিন্তু আপনারা পারেন না কেন, তারা যা পারে। আপনারা পারবেন কি করে, আপনাদের তো খালি চোরের সঙ্গেই বেশি সহযোগিতা এবং আপনাদের এখানে পার্সোনাল ইন্টারেস্ট প্লে করে। আপনারা মন্ত্রী হবেন—গাছেরও খাবেন, তলারও কুড়োবেন। চোরাকারবারী যদি করতে হয় বাহিরে গিয়ে করুন, না তাতে আমাদের আপত্তি নেই। আপনারা মন্ত্রি থাকবেন আর ঐসব করবেন তাতে টোটাল প্রবলেম সলভড হবে না। বরং আপানারা যদি বাহিরে থেকে ঐসব করেন তাহলে বাংলাদেশের লোকের উপকার হবে।

## Sj. Sudhir Chandra Ray Choudhuri:

আমি এই বিবৃতি পড়ে দেখলাম এবং এখানে প্রফুল্লবাবুর মুখ থেকে শুনলাম যে যতক্ষণ পর্যন্ত না ফুড প্রডাকশন বাড়ছে ততক্ষণ পর্যন্ত খাদ্যের অবস্থা যেমন আছে তেমনই চলবে বা অবস্থা আরও খারাপ হতে পারে। আমি জিজ্ঞাসা করি যে ফুড প্রডাকশন কবে বাডবে—নতুন মন্ত্রী এলে ? সুবোধ ভায়া মন্ত্রীদের এখনও জ্ঞান দিচ্ছেন। চোরা না শোনে ধর্মের কর্ন্থহিনী। গত ১২ বছরেও এদের জ্ঞান হলো না—আর কবে হবে? আমার সুবোধ ভায়া যদি মনে করে থাকে যে ওঁরা অনাদি কাল পর্যন্ত রাজত্ব করবেন তা হলে ভূল হবে। আমি দেখতে পাচ্ছি যে ওঁদের দিন ঘনিয়ে এসেছে। এখানে কত রকমের সংখ্যা দিয়েছেন, কিন্তু কোন সংখ্যার সঙ্গে কোন সংখ্যা এডজাস্ট করতে পারেন নি। যদিও আমার সবগুলো পড়ার সময় হয় নি—তাহলেও তিনি এই লেখার মধ্যে বলেছেন যে ৩১৩ লক্ষ লোক আছে এই পশ্চিম বাংলায় তাঁর হিসেব করতে করতে এখন হয়ে গেল ৪০৩ লক্ষ। এই যে ৫ পাতায় রিপোর্টএ বলেছেন, এই দুটো। "In this connection it should be noted that there are about 13 lakhs of surplus producers'-families with a total population of about 70 lakhs who do not normally require any rice from M. R. shopes. There is no point of extending the benefit of M. R. Shop to this section of the population. Of the remaining 243 lakhs Government have made arrangement for giving the full benefit of M. R. to 160 lakhs of persons in September, and 176 lakhs of persons in October."—ধরে তারপর দেখুন ৬৯ পাতা, তারপর আবার ৮ লক্ষ ধরতে গিয়ে টোটাল বেডে যায় [কংগ্রেস বেঞ্চ দুটো যোগ দিচ্ছেন কেন ?] ইংরেজী যেমন লিখেছেন কেন ধরব না। তাহলে লেখা উচিত ছিল যে ১৬০ লক্ষের ওপর অক্টোবর মাসে আরও ১৬ লক্ষকে দেওয়া হবে। কিন্তু কথা হচ্ছে যে এমনভাবে লেখা হয়েছে যাতে যোগ করতে করতে ৪০৩ লক্ষ লোক হয়ে যাচ্ছে। আমাদের খাদোর অভাব কেন হোল তার উত্তরে ওঁরা বলেছেন যে লোকসংখ্যা বেড়ে গিয়েছে, লোকের খুব ছেলেপিলে হচ্ছে, মানুষ মরছে না। ওঁরা কেমন রাজত্ব করছেন যে মানুষ মরছে না। তারপর আরও বলেছেন যে হিন্দুস্থানীরা রুটি ছেড়ে দিয়ে ভাত খাচেছ। আমি বলি যে তাহলে হুইটগুলো কার কাছে বিক্রি হচ্ছে। খিদীরপুর রেশন শপএ গিয়ে দেখুন কারা আটা নেয়—হিন্দুস্থানীরা ওয়ান অ্যান্ড অল হুইট কেনে। তারপর বলছেন যে অন্যান্য জিনিসের দাম বেড়েছে বলে চালের দাম বেড়েছে। এতো একটা উলটো কথা। কেননা অন্যান্য জিনিসের দাম কমে বাড়ে চালের দামের উপর অন্যান্য জিনিসের দাম কমা বাড়ার উপর চালের দাম কমে বাড়ে—এতো একটা নতুন তথ্য। আসল জিনিস হচ্ছে এই যে চাল নিয়ে জুয়া খেলা হচ্ছে, পার্টি হচ্ছে। এখানে আমাদের পরিষ্কার কথা লেভি যদি করতে হয় তাহলে লেভি বসাতে হবে। জনমতের চাপে কন্ট্রোল করে অসম্ভবকে সম্ভব করতে চেয়েছিলেন। কিন্তু ধোপে টিকলো না। আপনাদের ১১ বছরেও জ্ঞান হলো না—১২ বছরেও কোন সুবিধা হবে বলে মনে হয় না। সব গ্যাড়া বন্ধ হয়ে গেল। ব্ল্যাক মার্কেটিয়ার্স, প্রফিটিয়ার্স, হোর্ডারস তারা এঁদের বলেছেন যে আপনারা যদি কন্ট্রোল আইন না তোলেন তাহলে পার্টিকে পয়সা দেব না। সরু, ভাল সব রকম ভেরাইটির চালই কালো বাজারে সর্বত্র পাওয়া যায়—অবশ্য তার জন্য আমাদের মৃল্য বেশি দিতে হয়। আমাদের সরকার হোর্ডারস. ব্ল্যাকমার্কেটারসদের সঙ্গে পাকাপাকি ব্যবস্থা করেছে বলেই আজ আমাদের এত খাদ্যাভাব। অথচ আমাদের প্রদেশ কংগ্রেস সভাপতি বলছেন যে হোর্ডারস ব্ল্যাক মার্কেটারস নেই।

[6-20---6-30 p.m.]

বাংলাদেশে আর হোর্ডার নেই হোর্ডার হল সাধারণ চাষী। আপনারা এমন আইন করতে পারেন না যাতে করে আয়ন্তের

মধ্যে আনা যায় বা সাজা দেওয়া যায় বাংলাদেশের জোতদার, মজুতদার, ব্ল্যাকমার্কেটিয়ারস, প্রফিটিয়ার্সদের। কংগ্রেসের প্লেজ ছিল, কংগ্রেস তো বলেছিল ক্লাকমার্কেটিয়ার্স হোর্ডার্সদের ল্যাম্পপোস্টে ঝুলিয়ে গুলি করবে। তাদের সঙ্গে আপনাদের এত মিতালী। আজ বলছেন সাধারণ চাবীরা ব্ল্যাকমার্কিটিয়ার্স হোডার্স। যারা দেশের অন্নের সংস্থান করে দিচ্ছে সেই চাষীকূলকে আপনারা অপমানিত কলম্বিত করতে পিছপাও হচ্ছেন না। কেন ব্ল্যাকমার্কেটিয়ার হোর্ডার এদের ট্রান্সপোর্টেশন ফর লাইফের ব্যবস্থা করুন না দেখবেন তাহলে আর কোন মেশিনারির প্রয়োজন হবে না। তারা ভয়ে সরকারের ঘরে এসে চাল পৌঁছে দেবে। কেবল প্রফুল্ল সেন মহাশয়কে দোষ দিলে হবে না নাটের গুরু হচ্ছেন ডাঃ বিধানচন্দ্র রায়। সিফ্টার প্রমপটারদের টানাটানি করে লাভ কি। আজ যদি প্রফুল্ল সেন বেরিয়ে যান তারপর আমেদ সাহেব আসবেন আবার হয়ত তাঁকে সরিয়ে তরুণ ভাই এসে যাবেন—এতে কি লাভ হবে। মূল উৎপাটন করতে না পারলে কিছুই হবে না। ডাঃ বিধান রায় সেভিয়ার হবেন এ ধারণা পরিত্যাগ করুন। বিধানবাবু কি খেলাই খেলছেন। লেফ্টিস্টরা যখন যাচ্ছেন তখন তাদের বলছেন আমি প্রফুল্ল সেনকে ডিসেম্বর মাসে বের করে দেব, মুডমেন্ট তুলে নাও, আবার প্রফুল্ল সেনকে বলছেন তোমার আর অতুল্য ঘোষের অরগানিজেশান তোমরাই অরগানাইজেশনটাকে রাখ—আমি যেকদিন আছি তোমাদের বাঁচিয়ে দেব। এইভাবে অন্ন নিয়ে তিনি খেলা করছেন। আমি প্রফুল্ল সেন বা কালীপদ মুখার্জীকে গালাগালি দিতে চাই না। বাংলার দুর্ভাগ্য যে বিধানচন্দ্র রায় তিনি এত বুদ্ধির অধিকারী হয়েও বাংলার সর্বনাশসাধন করে চলে গেলেন। আমার তাই দুঃখ। তাই আমি তাঁর সঙ্গে কথা বলি না লোকে অনুরোধ করলেও তাঁর কাছে যাই না এমনকি স্বাস্থ্য খারাপ হলেও যাই না। মরি অন্য ডাক্তারের হাতে মরব তবুও তাঁর কাছে যাব না। আমার দৃঢ় বিশ্বাস যে তিনি বাংলার সেভিয়ার নন—বাংলার দুর্ভাগ্য বাংলার অভিশাপ। তাঁকে উৎপাটন করতে না পারলে বাংলার কোনদিন মঙ্গল হবে না।

## Sjkta. Labanya Prova Ghosh:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের খাদ্য জীবনের এই অন্তহীন দুর্গতি এবং তার প্রতিকারের প্রশ্ন নিয়ে, শাসনযন্ত্রের সঙ্গে যোগাযোগ—আমাদের জীবনে নিত্য এক অভিনয়ের জিনিস হয়ে উঠেছে। অযোগ্য এই কংগ্রেসী শাসন যত এগিয়ে চলেছে ভারতবর্ষের রাজনৈতিক, অর্থনৈতিক ও সমাজ জীবনের সকল বিষয়ে ক্রমবর্ধমান ভয়াবহ অবনতির সঙ্গে খাদ্য পরিস্থিতিও জটিল থেকে জটিলতর, এর ভয়াবহতা নিত্য অধিকতর এবং অগণিত মানুষের দুর্গতি গভীর হতে গভীরতর হয়ে চলেছে, এর যেন বাধা কোথাও নেই এর যেন প্রতিকার কোথাও নেই একে নিষ্ঠার সঙ্গে রোধ করবার সত্যিই চেষ্টা কোথাও নেই। এর মধ্যে একটিমাত্র চেষ্টা আছে—হিংস্র লোভাতুর যে বাহিনী সমাজের লুষ্ঠন ক্ষেত্রে অবাধে বিচরণ করে বেড়াচ্ছে কংগ্রেস তথা সরকারি বাহিনী একদিকে তাদের সঙ্গে সহযোগিতা ও সহায়তার যোগে মানুষের সংকট—সংকটতর করে তুলে অন্যদিকে রাজকীয় দপ্তরে এসে বসে গভীর বুদ্ধিমন্তার সঙ্গে বিশ্বের জ্ঞান ভাণ্ডার আলোড়িত করে অগণিত বিবৃতি এবং সাহিত্য সৃষ্টি করে আমাদের জানাচ্ছেন যে বহু উচ্চতর আন্তর্জাতিক তথা আন্তবৈদেশিক ঘাত প্রতিঘাত এবং সৃক্ষ্মতর কারণ ও ব্যাপারসমূহ আমাদের হতভাগ্য এই জনগণের—খাদ্য-জীবনে অবধারিতরূপে কাজ করছে যার জন্য কংগ্রেস সরকারের কোনো দোষ নেই। সেজন্য আমাদের সামনে দেখতে পাচ্ছি খাদ্যের বদলে এঁদের অন্তহীন বিবৃতির ন্ত্রপ আর এঁদের ন্ত্রপীকৃত কাগজপত্রের রাশি। এবং এর মধ্যে এও আমাদের জন্য বাদ পড়ে নি যে, মানুষের সাধ্যের অতীত এই ভয়াবহ সংকটের মধ্যেও আমাদের সরকার কি অমানুষিক কৃতিত্ব দেখিয়ে আমাদের খাদ্য পরিস্থিতিকে কত উন্নত এবং সুবিধাজনক করে তুলেছেন এবং মৃত্যুর অবধারিত গহুর থেকে কিভাবে রক্ষা করেছেন। কিন্তু এদিকে তাঁদের এইসব কৃতিত্বের সাক্ষী-রূপে দাঁড়িয়ে রয়েছে ছালন্ত জাগ্রত ভয়াবহ বান্তব অগণিত বুভূক্ষু মানুষের নিত্য ক্রমবর্ধমান অন্তহীন দুর্গতির অপরিসীম বেদনার ক্ষমাহীন বাস্তব। যদি সামান্যতম সততাও এঁদের মধ্যে থাকতো তবে খাদ্য পরিস্থিতির এ সকল সমস্যা দ্রুত সমাধানের পথেই অগ্রসর হোত। এই শাসনযন্ত্রের দ্বারা জাতির প্রয়োজনীয় খাদ্যোৎপাদন, মূল্য বৃদ্ধি রোধ, সুষ্ঠু বন্টন ব্যবস্থা, সরকারি ব্যবসা প্রভৃতি সমস্ত ব্যাপার গড়ে তোলার প্রাথমিক সুষ্ঠু আয়োজন এবং ধারা নির্ণয় করা দূরে থাক—এই বিষয়গুলিতে কিছু কাজ সুরু করবার অবস্থাকেও সরকার নম্ভ করে তুলছেন জটিল এবং বিভ্রান্তিপূর্ণ করে তুলছেন কাজের যোগ্যতা না থাকলেও শুভেচ্ছা এবং অপরের সহায়তা দিয়েও কাজের যোগ্যতা এবং অগ্রগতি অর্জন করা যায় যেখানে তা নেই সেখানে দেশ জীবনের এইসব গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে অন্তহীন আলোচনাতেও এঁদের কাছ থেকে কোনো ফল বা আশা আছে বলে আমার মনে হয় না। যদি আশা আছে তবে তাকে সার্থক করার

পথও আছে। এবং তা হতে পারে পারস্পরিক নিষ্ঠাপৃত সহযোগিতার মধ্যে, যথার্থ কার্যকরী পথ নির্ণয়ের জন্য আন্তরিক আগ্রহের মধ্যে। এর নজীররূপে সন্মিলিত পরামর্শ কমিটির কথা বলা হয়। আমার দুঃখজনক বাস্তব অভিজ্ঞতা এই যে, যে সমগ্র প্রস্তাবনা এই শাসনযন্ত্রের মূলমন্ত্র সেই মূল প্রেরণা থেকেই এই কমিটিগুলির ও পরিকল্পনা আবির্ভাব ও পরিচালনা ঘটেছে। প্রাদেশিক কমিটির মধ্যে অপমানজনক এই অভিজ্ঞতা লাভ করেছি বলেই এর থেকে পদত্যাগ করে সরে আসতে আমি বাধ্য হয়েছি। বিরোধী যে দলগুলি আমাদের সহযোগীরূপে এখানে রয়েছেন তাঁদের প্রতিও আমি এখানে দু-একটি কথা বলতে চাই। তথাকথিত এই পরামর্শ কমিটির বার্থ কর্মধারা দেখে আমি অনুভব করেছিলাম যে পরিস্থিতির প্রতিকারে সরকারি অসামর্থ্যতার প্রতিবিধানে যে পরামর্শ কমিটির পরিকল্পনা সেই উদ্দেশ্যকে সার্থক করে তুলতে হলে পারস্পরিক ভাব বিনিমন্নের সুযোগকে সত্যকার সদিছা, উপযুক্ত ব্যবস্থা ধারা এবং কার্যকরী আয়োজনে গঠিত করে তুলতে হবে। [6-30—6-40 p.m.]

আমি আজ এক বংসর পূর্বে এই নিতান্ত প্রয়োজনীয় দাবি নিয়ে পরামর্শ কমিটিতে যখন আলোচনা উত্থাপন করি এবং নিতান্ত সঙ্গত ও গুরুত্বপূর্ণ এই দাবিসমূহ বিষয়ে যখন গভীর উপেক্ষা ও উদাসীনতা লাভ করে অপমানিত বোঁধ করে পদত্যাগ করে চলে আসি তখন এই উভয় সময়েই আমাদের সহযোগী বিরোধী দলগুলির কাছ থেকে এ বিষয়ে আমি সহযোগিতা, সমর্থন বা পরামর্শ আশা করেছিলাম।

খাদ্য পরিস্থিতি সমাধানে সরকার ও জনগণের সঙ্গে সহযোগিতার প্রয়োজন যখন আমরা সকলেই বোধ করি—তখন এই সহযোগিতার সার্থক রূপায়ণের জন্য যে অবস্থাসমূহের পরিবেশ অত্যন্ত প্রয়োজনীয় ও অপরিহার্য বলে মনে করে আমি আলোচনা উত্থাপন করেছি—আমি আশা করব আমরা সম্মিলিতভাবে আমাদের সেই সম্মানিত সহযোগিতার ক্ষেত্র গঠনের জন্য দাবি উত্থাপন করার যৌক্তিকতা উপলব্ধি করব। সমগ্র বাংলার ভয়াবহ খাদ্য পরিস্থিতির অঙ্গরূপে আমাদের জেলাও আজ খাদ্য জীবনে নিত্য ভয়াবহ সংকটের মধ্যেই যে চলেছে এ বলাই বাহল্য। সমগ্র দেশের এই নিদারুণ সংকটের দিনে শাসনতান্ত্রিক প্রতিকার ব্যবস্থার সঙ্গে জনগণের আত্মশক্তির মহান প্রচেষ্টার ধারাকে যুক্ত করেই আজ এই সংকটের মধ্যে আমাদের পথ করতে হবে বলে আমরা মনে করি। খাদ্য পরিস্থিতিকে আশ্রয় করে সম্প্রতি আমাদের জীবনে যে এক ভয়াবহ নিদারুণ ঘটনা ঘটে গেল তার কথাও এখানে বলা আমি প্রয়োজন বোধ করছি। খাদ্য পরিস্থিতিও সেই বিষয়ের সংগ্রামকে কেন্দ্র করে যে সরকারি স্বৈরাচার দেখা দিল তাকে লঘু করে দেখাবার জন্যে সংগ্রামের মধ্যে রাজনৈতিক উদ্দেশ্য জনতার আক্রমণ প্রভৃতির কথা বড় করে তোলবার প্রয়াসও আজ চলেছে। এই খাদ্য আন্দোলনের মূলে যে প্রেরণাই থাক শাসনতান্ত্রিক সীমাহীন অযোগ্যতা ও দুর্নীতির ফলে, সাধারণ মানুষের জীবনে অন্নকষ্টের যে দুর্বিসহ বিপর্যয় দেখা দিয়েছে সেই দুঃখের মধ্যে আর্ত বুভুক্কু মানুষ প্রতিবাদ করবে আন্দোলন করবে সংগ্রাম করবে বিদ্রোহ করবে এ অধিকার তার আছে। এবং এই সংগ্রামের পরিচালনায় কোনো দলের পক্ষ থেকে যদি কোনো বিশেষ প্রছন্ন প্রেরণাই থাকে, তবু সেই আর্ড বুভুকু মানুষের মর্মান্তিক ন্যায়সঙ্গত দাবিকে আন্দোলনে মূর্ত্ত করে তোলবার নিত্য জন্মগত অধিকার তাদেরও আছে। সেই আর্ত মানুষের গণ উত্থানের সামনে তাকে খাদ্য না দিয়ে তার জন্য শৃত্বলাপূর্ণ খাদ্য ব্যবস্থার আয়োজন না করে তাকে সম্ভষ্ট আয়োজন না করে তাকে সম্ভুষ্ট না করে তাকে যুক্তি দিয়ে আশ্বাস দিয়ে নিরম্ভ না করে যদি সেই গণ উত্থানের প্রতি নির্মম লাঠির আঘাত দেওয়া হয় যদি নিষ্ঠুর বুলেট দেওয়া হয় যদি রাজনৈতিক উদ্দেশ্যের দোষারোপ করে জনতার দাবিকে উড়িয়ে দেওয়া হয় যদি এই দোবারোপ করে সরকারি নির্মম আঘাতকে সমর্থন করা হয়—তবে কি তাতে সমস্যার প্রতি সরকারের পক্ষ থেকে উপযুক্ত আচরণ হবে? তবে কি তা কোনো সরকারের পক্ষে বৃদ্ধিমন্তার বা সভ্যশাসনের পরিচয় হবে?

অলক্ষ্যে যে-কোনো দলেরই যে-কোনো রাজনৈতিক উদ্দেশ্য কাজ ক'রে যাক আজ অস্বীকার করবার উপায় নেই যে, গত ৩১শে আগস্টের অভিযান গণউত্থানরূপেই দেখা দিয়েছিল। এবং একথাও অস্বীকার করবার উপায় নেই যে সেদিনের সেই অভিযান বিরাট হলেও সম্পূর্ণ নিরন্ত্র ছিল, নিরূপদ্রবভাবেই নিজেদের দাবি ও প্রতিবাদ জানাতে গেছিল। এবং এ সত্য যে অভিযানের আরম্ভ সম্পূর্ণ অহিংসেই ছিল। তবে কি কারণ ঘটল যে, এই নিরূপদ্রব অভিযানের প্রতি বিরাট সশস্ত্র সরকারি বাহিনী ঝাঁপিয়ে পড়ে তাকে দমন করবার জন্যে এ রকম অভাবিত অমানুষিক নৃশংসতায় তারা প্রবৃদ্ধ হোল ওবা যদি নিরূপদ্রবভাবে আইন ভঙ্গেই উদ্যত হয়েছিল তবে আইনভঙ্গের প্রতি আইনের যে শান্তিবিধান

সেই শান্তির ব্যবস্থা করা ছাড়া অন্য কোনো প্রকার স্বেচ্ছাচারী নিষ্ঠুর শান্তি দেবার অধিকার সংবিধানের কোনো ছত্রেই তো সরকারকে দেওয়া হয় নি। শাসনতান্ত্রিক জীবনে যে মানসিক কারণসমূহের সমাবেশের ফলেই এই প্লানিজনক খাদ্য পরিস্থিতি ও তার সংশ্লিষ্ট অবাধ লুষ্ঠন ও বিপর্যয় সন্তব হয়েছে সেই মানসিক কারণসমূহের সমাবেশের কারণেই এই অমানুষিক অত্যাচার সন্তব হয়েছে। একই কারণেই অবসানেই এই সবেরই প্রতিকার সন্তব হতে পারবে। সমগ্র শাসনযন্ত্রের এই মর্মান্তিক প্লানীজনক ধারা দেখেও কোনো কোনো দল বা কেউ কেউ এই সকল অপরাধের কারণরূপে শাসনযন্ত্রের কোনো বোনো ব্যক্তি বিশেষকে বাছাই করার দিকে খুবই বাস্ত হয়েছে। তাঁদের রাজনীতি ও উদ্দেশ্যকে আমি সুস্থ মনে করি না। এই নগ্ন অপরাধসমূহের জন্য খাদ্যমন্ত্রী বা পুলিস মন্ত্রীর প্লানিজনক কর্মসমূহ যেমন ইতিহাসে দূরবণেয় কলঙ্করূপে চিরদিন জাগ্রত হয়ে থাকবে—তেমনি এই নগ্ন অপরাধসমূহের জন্য পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী বা তাঁর সমগ্র মন্ত্রীমণ্ডলীর দায়িত্বও কোনো অংশে এক চুলও কম হবে না।

শাসনের নিত্য কর্মধারা ও নীতি ধারা বিষয়ে শাসনযন্ত্রে একক কোনো মন্ত্রীর নিজস্ব মূল্য বা দায়িত্ব কিছুই নেই। যাঁরা এই এককের অজুহাত তোলেন তাঁরা জনগণকে প্রতারিত করতেই চান।

প্রাদেশিক শাসনযন্ত্রে এরজন্য ব্যক্তি বিশেষ যদি কেহ চূড়ান্ডদায়িত্ব এবং সর্বোচ্চ অপরাধের জন্য দায়ী থাকেন তবে সে মুখ্যমন্ত্রী। বাংলাদেশের এই নিরবচ্ছির শাসনতান্ত্রিক অত্যাচার, অপমান, লুঠন, বিপর্যয় ও আঘাতের জন্য একক কাউকে বাছাই করবার কাজ নেই। এর সমস্ত অপরাধের জন্য দায়ী আজ বাংলার মুখ্যমন্ত্রী ও তার সমগ্র মন্ত্রিমণ্ডলী এদের আমরা মর্মে মর্মে দেখেছি। এদের কারুর অপরাধই আজ ইতিহাস গোপন করতে পারবে না আর আমরা চিনি কংগ্রেসের সেই যঠোত্তম নেতৃত্বকে। শাসনতান্ত্রিক এই সমস্ত অপরাধের তাঁরা মূল উদ্গাতা ধারক এবং বাহক। তাঁরা চান বলেই বর্বর যুগের এই রাজত্ব আজও অপ্রতিহতগতিতে আমাদের জীবনে এগিয়ে চলেছে।

ইতিহাসে সকল স্বৈরশাসকেরই অবসানের অধ্যায় রচিত হয়েছে এঁদের জন্যও একদিন হবেই। আজ এইসব হয়েছে এঁদের জন্যও একদিন হবেই আজ এইসব প্রতিবাদসমূহ তাঁরই প্রসম্ভিগান মাত্র।

## Sj. Sasabindu Bera:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, খাদ্যাবস্থা সম্বন্ধে আমাদের আলোচনা চলছে। বাংলাদেশের খাদ্য অবস্থা সম্পর্কে আমরা যেসমন্ত তথ্য খাদ্যমন্ত্রীর কাছ থেকে শুনলাম তাতে মোটেই বিস্মিত হই নি। খাদ্যের কথা বড় কি ছোট করার বিষয় করে দেখা উচিত নয়। বাংলাদেশের বর্তমান খাদ্যাবস্থাকে ঠিকভাবে বিচার করা দরকার। আজ পশ্চিম বাংলার খাদ্যাবস্থা সত্যিই অত্যন্ত ভয়াবহ হয়ে দাঁড়িয়েছে। আজকে পল্লীগ্রামে শতকরা ৭০ জন মানুষ পেটভরে খেতে পাচ্ছে না। কিছু লোক একবেলা খেতে পায়, আর কিছু কিছু লোক আছে যারা অর্ধসিদ্ধ কিছু ছোলা খেতে পেলেই নিজেকে ভাগ্যবান বলে মনে করেন। আজকে মানুষ সত্যই প্রত্যহ গাছের পাতা সিদ্ধ করে খেয়ে একবেলা করে পেটের ক্ষুধা নিবৃত্তি করছে। আজ বাংলাদেশের খাদ্যাবস্থা এমনই দাঁড়িয়েছে যে উৎপাদনকারী কৃষককে সম্পূর্ণরূপে ভিক্ষার উপর নির্ভর করতে হচ্ছে। দেশে প্রকৃত দূর্ভিক্ষের অবস্থা সৃষ্টি হয়েছে। অথচ আমরা দেখছি খাদ্য সম্পর্কে এই যে বিবৃতি আমাদের কাছে দেওয়া হয়েছে বা খাদ্যমন্ত্রী যে বিবৃতি আমাদের সামনে রাখলেন তার মধ্যে এসব কথা আমরা কোথাও শুনলাম না। জুন মাসের প্রথম থেকে আমরা শুনতে পাচ্ছি আমাদের দেশের চারিদিকে অত্যন্ত ভয়াবহ অবস্থা। বাঁকুড়া, মেদিনীপুর প্রভৃতি বিভিন্ন এলাকায় মম্বন্তরের বিভীবিকার কথা শোনা যাচেছ। বিভিন্ন সংবাদপত্তে প্রায়ই মর্মান্তিক ঘটনার কথা প্রকাশিত হচ্ছে। যেমন একটা বিবৃতি ২২এ সেপ্টেম্বর তারিখে আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছিল। আমি সেটা পড়ে দিচ্ছি, তার শিরনামা হচ্ছে চরম শান্তি। রবিবার এক মর্মান্তিক পরিবেশে হগলী জেলার তারকেশ্বর থানার অধীনে সন্তোষপুর গ্রামে ৭৫ বৎসর বয়সের এক বৃদ্ধ কৃষক প্রত্যুষে তাঁহার ২৮ বৎসর বয়স্ক পুত্র গোপাল মান্নার পুত্রবধূ নির্মলাবালা বয়স ২০ বৎসর এবং উহাদের এক বৎসর বয়সের একটি সন্তানকে মৃত অবস্থায় শয্যাককে দেখিতে পান এবং সঙ্গে সঙ্গেই তিনি মূর্চ্ছিত হইয়া পড়েন। এই ঘটনায় সন্তোষপুর ও আশেপাশের গ্রামেও বিষন্ন ছায়া পড়িয়াছে। গোপাল ঐ অঞ্চলের একজন পরিচিত কর্মী ছিল। প্রকাশ গত কয়েকদিন গোপাল এবং তাহার পরিবারের লোকজন নাকি অনাহারে ও অর্ধাহারে কালাতিপাত করিয়াছে। শেব পর্যন্ত বিবপানে স্ত্রী ও শিশু সন্তান সহ নিজের জীবনের অবসান ঘটায়. সর্বশেব সংবাদে প্রকাশ মৃত গোপালের বৃদ্ধ পিতার অবস্থাও বিশেষ উদ্বেগজনক।

এই সমস্ত সংবাদ পড়ে আর আমাদের খাদ্যমন্ত্রী মহাশরের কাছ থেকে যা শুনলাম, যে দেশের মানুষ মোটা হয়ে যাছে, আমাদের দেশের একটা মানুষও না খেতে পেয়ে মরছে না, তা থেকে বেশ পরিষ্কার বোঝা যাছে সরকার কিভাবে তাঁদের খাদ্যনীতি পরিচালনা করেন। এই যদি আমাদের সরকার বা খাদ্যমন্ত্রীর মনোভাব হয় তাহলে দেশের অবস্থা কোথায় গিয়ে দাঁড়াবে তা আমরা সহজেই বুঝতে পারি। রেশনিং সম্বন্ধে মাননীয় খাদ্যমন্ত্রী তাঁর বিবৃতি আমাদের সামনে রেখেছেন। কিন্তু বাস্তবপক্ষে আমাদের এখানে রেশনিং দোকানের যে সংখ্যা দিয়েছেন তা প্রয়োজনের তুলনায় অনেক কম। এক-একটা রেশনিং-এর দোকানে যে পরিমাণ মাল সরবরাহ করা হয় তার সঙ্গে কোন সামঞ্জস্য নেই।

[6-40---6-50 p.m.]

এক-একটা রেশন-এর দোকানে যে পরিয়াণ মাল সরবরাহ করা হয় তাতে সরকার যে বিবৃতি দেন তার সঙ্গে কোন সামঞ্জস্য নেই। খাদ্যমন্ত্রীর বিবৃতি আমরা দেখেছি। এক-একটা ডিলার-এর সঙ্গে পদ্মী অঞ্চলে ৪ শত কার্ড হোল্ডার থাকতে পারে এবং দুই হাজার লোক থাকে। কিন্তু এমন ডিলার-এর সন্ধান আমি দিতে পারি—যাদের মাত্র আট আনা দশ আনা পর্যন্ত চৌকিদারী—সেইরকম ৪ হাজার লোক আছে—অথচ তাদের সেপ্টেম্বর মাসে প্রথমে ২৮ থেকে ৩৫ মণ চাল এবং ৩৫ থেকে ৭০ মন গম দেওয়া হয়েছে। এই ডিলারদের ব্যাপারে আমি জানি, সরকারের বিবৃতি অনুযায়ী সপ্তাহে দুইবার করে চাল দেবার কথা। কিন্তু সপ্তাহে দুইবার কেন সপ্তাহে একবার করেও চাল দিতে পারে না। সেই ডিলারদের অধীনস্ত লোকদের দুই সপ্তাহ অন্তর কিছু কিছু চাল দেওয়া হয় তাও যে পরিমাণ বর্ণনা করা হয়েছে তার চেয়ে অনেক কম। আজকে এখানে বলা হয়েছে চার একরের কম হোল্ডারদের রেশন দেবার ব্যবস্থা করা হয়েছে, সপ্তাহে দুইবার। এরমত অসত্য কথা আর কিছু নেই। আমার সঙ্গে যদি আপনারা কেউ পল্লী অঞ্চলে আসেন তাহলে আমি দেখিয়ে দিতে পারি এই বিবৃতিগুলি সম্পূর্ণ অসত্যের উপর ভিত্তি করে রচিত হয়েছে। আজকে খাদ্যমন্ত্রীর বিবৃতি এবং সরকারের বিবৃতিতে দেশের যে প্রকৃত অবস্থা তাকে অবহেলা করা হয়েছে। তাঁদের মধ্যে একটা আত্মতপ্তির ভাব লক্ষ্য করছি। তাঁরা আত্মতপ্তির সঙ্গেই বলছেন দেশের লোক মরছে না, দেশের লোক সুখে আছে। দেশের খবর এদের কাছে পৌঁছয় না তাই দেশের মানুষকে তাদের অবস্থা বুঝাবার জন্য রাইটার্স বিশ্ভিং-এ হানা দিতে হয়। তাদের মুখের খাবারের জন্য। কিন্তু তাদের এই আবেদনের প্রত্যান্তরে প্রতিদিন তাদের লাঠি, টিয়ার গ্যাস ও বুলেট খেয়ে চলে যেতে হয়। এই হল আমাদের দেশের খাদ্যমন্ত্রী। দেশের খাদ্যসমস্যা সমাধান করতে পারছেন না, তাই খাদ্যের বদলে বুলেট দিছেন। এই যে শোচনীয় খাদ্যের অবস্থা এরজন্য তাঁরা দায়ী করেন জনসাধারণকে। আমি বিভিন্ন সময়ে যেসমস্ত বিবৃতি এই দপ্তর থেকে প্রচারিত হয়েছে তাতে লক্ষ্য করেছি এঁরা সমস্ত দায়িত্ব জনসাধারণের ঘাড়ে চাপিয়ে দিতে চান। এঁরা বলেন জনসাধারণ অধিক পরিমাণে গম খেতে চায় না, যে পরিমাণ চাল সরবরাহ করতে চাই তার চেয়ে বেশি চাল দাবি করে সেইজন্যই ফাঁ্যাসাদ বাধে। বাস্তবিক পক্ষে আমরা দেখেছি জনসাধারণ যেখানে সহযোগিতা করতে চায় সেখানে সহযোগিতা তাঁরা নিতে চান না। কারণ বিশেষ কোন গোষ্ঠীর স্বার্থের দিকে তাকিয়ে তাঁরা তাঁদের যে নীতি পরিচালিত করেন তার ফলেই দেশের খাদ্যাবস্থা এই সীমানায় এসে পৌঁছেছে সে কথা এঁরা স্বীকার করেন না। ১লা জানুয়ারি মূল্য নিয়ন্ত্রণাদেশ প্রচারিত হল, ৬ই জানুয়ারি মন্ত্রীসভার বৈঠকে এটা স্থির হল যে, যে এই নিয়ন্ত্রণাদেশ ভঙ্গ করবে তাকে কঠোর শান্তি দেবেন, এই সিদ্ধান্ত গ্রহণ করলেন। কিন্তু এই লোকদেখান প্রতিশ্রুতি শুধু প্রতিশ্রুতিতেই থেকে গেল। এই যে কাজ সরকারপক্ষ থেকে চালালেন সেগুলি জনসাধারণের স্বার্থে নয়, দেশের অন্ততঃ স্বার্থে নয় ; দেশের ব্যবসায়ীদের স্বার্থে তাদেরকেই সম্ভুষ্ট করবার জন্য। এই মন্ত্রীর খাদ্যনীতির সঙ্গে একমাত্র রেঁজা খাঁর আমলের খাদ্যনীতির সঙ্গে তলনা চলে। আজকে এই যে দুঃখ দুর্দশার সষ্টি হল যার জন্য খাদ্য উপদেষ্টা কমিটি বা বামপন্থীরা যে পরামর্শ দিলেন, যা বিভিন্ন সংবাদপত্র ও জনমতএর সমাধানের পথ বলে বিশ্বাস করে সে দিকে খাদ্যমন্ত্রী দৃষ্টি দিলেন না। মিলের উপর লেভি করার জন্য অল পার্টি ফুড কমিটি যে পরামর্শ দিয়েছিলেন ভালভাবে ব্যবস্থা করার জন্য সেদিকে দৃষ্টি দেওয়া হল না। আমরা বললাম, জেলা ম্যাজিস্ট্রেট বললেন যে উৎবৃত্ত শস্য যেখানে আছে সেখান থেকে সংগ্রহ করা হোক। সেদিকে দৃষ্টি দেওয়া হল না। আমাদের বামপন্থীদের পরামর্শ প্রত্যাখ্যান করা হল। আপনারা জনসাধারণের সক্রিয় সহযোগিতা নিয়ে উৎবৃত্ত ফসল যেখানে আছে সেটা সংগ্রহ করে বউনের ব্যবস্থা করতে পারতেন, কিন্তু তা করবার সুযোগ দেওয়া হল না। ৪ঠা জুন, ডাক্তার রায়কে আমরা বলতে শুনলাম অধিক লেভি করলে খোলা বাজারে ঘাটতি হবে। কিন্তু আমরা আশ্চর্য হয়ে যাই, আমরা সংগ্রহ করতে এইজন্য

যে শস্য সংগ্রহ করে সরকারের আয়ন্তাধীনে রাখা হলে প্রয়োজনমত সরবরাহ করা যাবে। কিন্তু মজুতদার, ব্যবসায়ীদের হাতে থাকলে প্রয়োজনের সময় তা পাওয়া যাবে না। কারণ তারা সেই চাল নিয়ে তাদের নিজের সুবিধার জন্য চড়া দামে বিক্রি করবে। এতে বাজারে দাম আরো চড়ে যাবে। কিন্তু এরা বলেন সরকার যদি সংগ্রহ করে তাহলে খোলা বাজারে অভাব বাড়বে, ঘাটতি আরও সৃষ্টি হবে এবং আশঙ্কা করেন জনসাধারণের সাহায্যে বা পূলিস ও সরকারি কর্মচারীর সাহায্যে এই সংগ্রহ অসন্তব। এটি ডাক্তার রায় তাঁর বিবৃতিতে স্বীকার করেছেন। অথচ আমরা জনসাধারণ সেই সহযোগিতা দিয়ে সংগ্রহ ও বন্টন নীতিকে সুষ্ঠুভাবে পরিচালনার সাহায্য করতে চেয়েছিলাম, কৃষকরাও চেয়েছিল এই পথেই খাদ্য সমস্যার করতে, কিন্তু আমাদের এই সহযোগিতা ও পরামর্শ প্রত্যাখ্যাত হল। খবরের কাগজেও বলেছিল এই পথেই খাদ্য সমস্যার সমাধান করা যেতে পারে কিন্তু সেগুলি প্রত্যাখ্যাত হল বারে বারে। এমন কি জনসাধারণের উপর এরা যে দোষারোপ করেছিলেন সেই দোষারোপ মিথ্যায় পর্যবসিত হয়েছে। বাস্তবিক এরা যা করেছেন সেটা ব্যবসায়ীদের স্বার্থ রক্ষার জন্য, ব্যবসায়ীদের বাঁচাবার জন্য। আমরা বার বার দেখেছি দেশের খাদ্যাবস্থা যখনই প্রকট হয়েছে তখনই এরা ব্যবসায়ীদের স্বার্থ রক্ষা করার জন্য তৎপর হয়েছেন। ৭ই, ৮ই জুন মাসে আমরা দেখলাম মন্ত্রীমণ্ডলী দার্জিলিং-এর ঠাণ্ডা হাওয়ায় মাথা ঘামিয়ে যখন খাদ্যমূল্য নিয়ন্ত্রণ সম্বন্ধে ব্যবস্থা করেছিলেন তখন কংগ্রেসী বন্ধুদের মধ্যেও মতপার্থক্য দেখা দিয়েছিল। একদল বলেছিলেন এই মূল্য নিয়ন্ত্রণাদেশ কার্যকরী করবার জন্য চেষ্টা করা হোক, আর একদল খাদ্যমন্ত্রীকে বললেন এটা করলে ব্যবসায়ীদের উপর আঘাত পড়বে, অতএব এটা করা সম্ভব নয়। ব্যবসায়ীদের স্বার্থে আরও দেখলাম ডাক্টার রায়ের যে প্রেস নোট, তাতে বললেন—

any suggestion for the increase of the levy ignores the fact that to the extent Government levy is increased the availability of rice in the free market must go down. Since Government levy is at a fixed price, any loss on the amount surrendered to the Government by the Mills is made up from the sale of the balance quantity at prices higher than the controlled price.

আমি আশ্চর্য হয়ে যাই যখন এই সরকারের মূল্য নিয়ন্ত্রণ নীতি রয়েছে, যা বাতিল করা হয় নি, তখনও সরকার বলছেন মিল থেকে ২৫ পারসেন্ট আমরা যদি লেভি করে নিই তাহলে বাকি যা থাকবে সেটা তারা চড়া দরে বিক্রি করে তাদের ঘাটতি পূরণ করে নেবে। এরা একদিকে মূল্য নিয়ন্ত্রণের ব্যবস্থাকে বজায় রেখেছে, অন্য দিকে ভিতরে ভিতরে ব্যবসায়ীদের সঙ্গে এরা বড়যন্ত্র করছে যাতে তারা উচ্চতর মূল্যে খাদ্যশস্য বিক্রয় করতে পারে। কাজেই দেখলাম জনসাধারণের স্বার্থ সেখানে ব্যাহত হবে এবং মিলমালিক ও ব্যবসায়ীদের স্বার্থ সেখানে রক্ষিত হবে। মিল-মালিকদের স্বার্থের ব্যাপারে আরও দেখলাম যে যেখানে বলা হচ্ছে যে তারা ধান পাচ্ছে না সেখানে দেখলাম ফ্রেক্রয়ারির প্রথম সপ্তাহে হুগলি জেলায় যেখানে কর্ডন ছিল না, মিলে যে সমস্ত ধানচাল আমদানি করা হয়েছিল সেগুলি আটক করা হল যার ফলে একটা অচল অবস্থার সৃষ্টি করা হল। শেষকালে মূল্য নিয়ন্ত্রণ আদেশ বাতিল করলেন এবং ব্যবসায়ীদের স্বার্থ রক্ষা করতে গিয়ে দেশে দুর্ভিক্ষের অবস্থার সৃষ্টি করলেন। জনসাধারণ সহযোগিতা করতে চায় কিন্তু এরা তা গ্রহণ না করে জনসাধারণের বিরুদ্ধে নীতি পরিচালিত করে। দেশকে বাঁচান, যতদিন এদের হাতে সরকার থাকবে, তেদিন সন্তব হবে না।

# Sj. Tarapada Chaudhuri:

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকের এই যে বিতর্কে যেসমস্ত বিষয় উপস্থাপিত হয়েছে আমার মনে হয় সকলেরই এই প্রশ্ন সম্বন্ধে কোন একটা স্কুষ্ঠ সমাধান বা বিচার করতে হলে কতকগুলি বিষয় অবহিত হওয়া প্রয়োজন। প্রথম হচ্ছে এই যে আমাদের এখানে বাংলাদেশে যে প্রাইস পলিসি গ্রহণ করা হয়েছিল বা প্রাইস কন্ট্রোল গ্রহণ করা হয়েছিল তার ক্রনোলজিক্যাল হিস্টরি যদি আলোচনা করি তাহলে তা ফুটে উঠবে অজিতপ্রসাদ জৈন লোকসভায় যে বক্তৃতা করেছিলেন তার মধ্য দিয়ে।

[6-50-7 p.m.]

শ্রীঅজিতপ্রসাদ জৈন গোকসভায় যে বক্তৃতা দিয়েছিলেন তাতে তিনি একথা বলেছিলেন যে, এই সাপ্লাই-এর দায়িত্ব স্টেট ট্রেডিং-এর ব্যাপার—কোন কোন স্টেট-এ একাজ কিছুটা হয়েছিল—কিন্তু এজিনিসটা সরাসরি কোন স্টেটই করতে পারে নি—তাঁর কথা আমি উদ্বৃত করছি—আই ও দি এন্টায়ার রেসপনসিবিলিটি ফর ডিলিং উইদ সাপ্লাইজ। যখন এই এন্টি- প্রথিটিয়ারিং এটি করা হয় তখন মিলমালিকরা তাঁকে জানিয়েছিল, যদি প্রাইস কন্ট্রোল করতে চান তাহলে শুধু হোলসেলারস লেভেলই নয়, রিটেল লেভেল-এই নয়, প্রডিউসারস লেভেল পর্যন্ত করতে হবে এবং এ জিনিস সারা ভারতবর্বের কোথাও দেখা যায় নি। রিটেলারস লেভেল-এ কন্ট্রোল করা সন্তব হয়েছে এ জিনিস দেখা যায় নি। এটা একটা দুঃসাহসিক কাজ। এবং একাজ করার জন্য যে মেশিনারি দরকার তা গভর্নমেন্ট-এর নাই যাতে কন্ট্রোল এনফোর্স করা যেতে পারে। তখন তিনি একথা বারে বারে জানিয়েছিলেন যে, এটা দুঃসাহসিক কাজ—এটা তোমাদের একটা মন্তবড় এ্যামবিসিয়াস দ্বিম। আজকে এখানে কোন কোন বদ্ধু বলেছেন যে, মজুতদারদের সাহায্য করা হয়েছে। হোলসেলারদের দর যদি নিরূপণ না করেন, রিটেইল-এর দর না বাঁধেন তাহলে তার ফাক দিয়ে অনেক বেরিয়ে যাবে। এই যে আর্গমেন্ট সামনে রেখে আজকে বাংলা সরকার যে কাজ করেছেন তাতে তাঁরা মারাদ্মক ভূল করেছেন—আমি বলব, এটা পারপাজফুল সাজেশন—এই সাজেশন এর দ্বারা ডেলিবারেটেলি উত্তর বাংলায় অনেক কতি হয়েছে। আজকে এখানে আমাদের বদ্ধ শ্রীযুক্ত দাশরথি তা যে কথা বলেছেন সেটা আমরাও ফিল করি যে, আজকে যদি চাষীকে বাঁচাতে হয় তাহলে ২২-২৩ টাকা মণ দর তাকে পেতে হবে—এবং এটা আমরা বুঝেছিলাম যে, বাংলা সরকার কোন দর যদি না বাঁধতে পারেন errespective of the policy adopted by the Union Government.

তাহলে কখনো সমস্যার সমাধান হবে না ; কারণ, অন্যান্য স্টেটস থেকে ডেফিসিট স্টেটএ সাহায্য করা হবে, তারা কম দরে ধান দিবে—উড়িষ্যা বা আসামের চাষী বাংলাদেশের চাষীকে চিরদিন খাওয়াবে—এটা কখনো হতে পারে না। আজ এটা একটা মস্তবড় প্রশ্ন—এই প্রশ্নের সমাধানের জন্য একটা অল কমপ্রেহেনসিভ প্রাইস পলিসি থাকা দরকার। চিরদিন আমরা বেগার্স বাউল নিয়ে পরের মুখাপেক্ষী থাকব এ জিনিস হতে পারে না। তার জন্য আমাদের ডেফিসিট স্টেটএ যদি একটা প্রাইস পলিসি এবং কম্পালসারি প্রকিউরমেন্ট-এর ব্যবস্থা থাকত তাহলে অন্যের কাছে হাত পাততে হত না। তার সঙ্গে দরকার কম্পালসারি রেশনিং এ্যান্ড ডিস্ট্রিবিউশন—কিন্তু তা এখানে সন্তব হল না। আজকে স্টেটটেং ইন ফুডগ্রেইনস এই প্রশ্ন উঠেছে এবং বলা হয় যে

State trading in food grains is the only inevitable consequence.

আমি বলব যে. কোন ডেফিসিট স্টেটএ আপনাদের এরকম প্রাইস পলিসি চলতে পারে না যদি কম্পালসারি প্রকিউরমেন্ট এবং ডিস্ট্রিবিউশন না হয়। এ বিষয়ে আমি বন্ধুবর শ্রীসুবোধ ব্যানার্জির সঙ্গে একমত যে লং টার্ম মেজার হিসাবে স্টেট ট্রেডিং ইন ফুডগ্রেইনস ইন্ট্রোডিউস করতে হবে। কিন্তু এর জন্য যে মেশিনারি দরকার তা সারা ভারতবর্ষে কোথাও নাই। সেজন্য এফ এ ও-এর যে কনফারেন্স হয়ে গিয়েছে তাতে একথা বিশেষভাবে বলা হয়েছে যে, এগ্রিকালচারেল প্রডাকশন বাড়াতে হবে এবং মার্কেটিং অর্গেনাইজেশন করতে হবে। তাঁরা বলেছেন, তোমরা যদি মার্কেটিং অর্গেনাইজেশন না করতে পার তাহলে চাষীকে বাঁচাতে পারবে না। আজকে নর্মাল ট্রেড চেনেলস—এক প্রদেশ থেকে আরেক প্রদেশে যাতায়াতের ব্যাপারে যে অসুবিধা আছে তাতে চাষী যে দর পায় এবং কনজিউমারকে সত্যিকারের যে দরে দেওয়া হয় তাতে ৪-৫-৬ টাকা করুক। কাজেই আজকে মার্জিনাল ল্যান্ড এবং সাবমার্জিনাল ল্যান্ড প্রডিউসারকে বাঁচাতে হবে। প্রডাকশন বাডাতে হবে এবং এই প্রডাকশনএর ভিত্তির উপর আমাদের যত ফাইভ-ইয়ার প্লান-এর সাফল্য নির্ভর করছে। এভাবেই আমাদের ক্যাপিটাল ফরমেশন হবে—এবং যদি এটাকে সাকসেসফুল করতে হয় তাহলে এ ছাড়া অন্য পছা নাই। একথা মনে রাখতে হবে যে, এপ্রিকালচার ইজ দি প্রেটেস্ট ইন্ডাস্ট্রি। এপ্রিকালচারাল প্রডাকশন-এর পর দ্বিতীয় কথা হচ্ছে মার্কেটিং অর্গেনাইজ্বেশন থু আউট দি কান্ত্রি। এই মার্কেটিং অর্গেনাইজ্বেশন-এর কথা ন্যাশনাল ডেভেলপমেন্ট মিটিং-এ বার বার বলা হয়েছে। তারপর প্রয়োজন হচ্ছে কো-অপারেটিভ অর্গেনাইজেশন। আজকে যদি কো-অপারেটিভ অর্গেনাইজেশন থাকত তাহলে ফুডগ্রেইনস এই ডেফিসিট হত না। আমি নিজে বর্ধমানে দেখে এসেছি এবং আমি একথা এখানে দাঁডিয়ে বলব যে—১৫ টাকা মণ দরে কিনে রেখে ৩৫ টাকা মণ দরে বিক্রি করেছে—আজ্বকে যদি কো-অপারেটিভ অর্গেনাইজেশন থাকত তাহলে এই বাংগলিং হত না। সূতরাং কো-অপারেটিভ ইনস্টিটিউশন গড়া দরকার। আজ আমরা অনেকেই চারী দরদী সেজেছি, কিন্তু আমি জিজ্ঞাসা করতে চাই এজন্য যা দরকার তা কি আমরা করেছি। আজকে এই যে ফেলিওর অফ দি ফুড পলিসি এর জন্য মূলতর দায়ী কয়েকটা জিনিস—সালফেট অফ এ্যামোনিয়া, ফার্টিলাইজ্বার ইত্যাদি নিয়ে বাংগলিং। তারপর, ফেলিওর অফ দি ফুড পলিসি সম্পর্কে আরেকটা কথা হচ্ছে—

State trading in foodgrains could not be implemented in the manner in which National Development Council adopted.

দ্বিতীয় কথা হচ্ছে, ডেফিসিট ফাইনেন্সিং। রিজার্ভ ব্যাঙ্ক অফ ইণ্ডিয়ার গভর্নর বলেছেন আমাদের দেশে টাকার মূল্য ২৯ পারসেন্ট ডিভেল্যুয়েশন হয়েছে। ১১ বৎসর পরেও কি জিনিস পত্রের দামের উর্বগতি বন্ধ হবে নাং শুধু ধানচালেই নয়, ইন অল কমোডিটিজ এই জিনিস দেখা যায়। আমি এ সম্পর্কে শ্রীযুত সি ডি দেশমুখের মন্তব্য উদ্ধৃত করে বলতে পারতাম—সময়াভাবে বলতে পারছি না—তিনি বলেছেন, ডেফিসিট ফাইনেন্সিং-এর দরকার আছে। কিন্তু যে এক্সটেন্ট এবং যে কোয়ান্টিটি দরকার, তাতেই করতে হবে। সেটা আমাদের আজকে ইনভেন্টিগেশন করে দেখতে হবে। ক্যাপিটাল ফরমেশন-এর জন্য আজকে সমস্ত ওয়েস্টার্ন কান্মি ডেফিসিট ফাইনেন্সিং-এর গ্রোগ্রাম নিয়েছে। তাই আজকে ভারতবর্ষে ডেফিসিটি ফাইনেন্সিং করতে হবে—কিন্তু তার জন্য আমাদের কেয়ারফুলি মডারেট ডোজ-এর ব্যবস্থা করতে হবে পরীক্ষামূলকভাবে। আজকে আমাদের ফরেইন এক্সচেঞ্জ রিজার্ভ ধীরে ধীরে অনেক কমে গিয়েছে—এভাবে যদি কমতে থাকে তাহলে দেশ কোথায় গিয়ে দাঁড়াবেং আমাদের লোকসংখ্যা যেভাবে বাড়ছে তাতে—ফোর্ড ফাউন্ডেশন-এর থেকে বাঁরা এসেছিলেন, তাঁরা জানিয়েছেন,

110 million tons is necessary and the rate of increase is to be trebled.

#### [7-7-7 p.m.]

কাজেই এই কনটেস্ট এর মধ্যে আমাদের ভাবতে হবে যে সারা ভারতবর্ষের মধ্যে বাংলার অবস্থা আরও ভয়াবহ। কাজেই এই চিত্র আমাদের সামনে রেখে আমরা এইটুকু বলতে চাই যে পলিসি আমরা ফলো করছি তা বিচার করতে হোলে কি পলিসি গ্রহণ করা সম্ভব সেটা ভেবে দেখতে হবে। এখানে যখন কন্টোল করা হয় তখন অজিতপ্রসাদ জৈন মহাশয়-এর কনকারেন্স নিয়ে করা হয়েছিল, আবার কনট্রোল যখন তুলে নেওয়া হোল—২৪-এ জ্বন—তখনও তার কনসেন্ট নেওয়া হয়েছিল। এ বিষয়ে দুইটি স্কুল অব থট আছে, যার মধ্যে একটি বলছে এনফোর্স দি কট্টোল বাই অল মিনস এ্যান্ড কেরি অন ; আর একটা বলছে মার্কেট-এ যে চাল আসছে না তাতে বাজারে লো সাপ্লাই হয়ে গিয়েছে। যেমন মে. জুন মাসে লোয়েস্ট লেভেল-এ এসে পৌঁছায়, জানুয়ারি থেকে মে মাস যখন এই অবস্থার সৃষ্টি হয়েছে তখন সরকারের সামনে দুইটি রাস্তা ছিল। একটি হচ্ছে যে ঐ কট্টোল এনফোর্স করা কিংবা এ্যাভেলেবিলিটি অফ রাইসকে বজায় রাখা। অথচ সেই জিনিসটি যদি এনফোর্স হয় তাহলে এ্যাভেইলেবিলিটি অফ রাইস বন্ধ হয়ে যাবে। যখন এই সিচুয়েশন তখন বাংলা গভর্নমেন্ট জানালেন যে কোন সিচয়েশন আমরা এডপ্ট করব। এবং ওঁরা সাজেশন দিলেন এ্যাভেলেবিলিটি এনসিউর করতে হবে না। এটা একটা অর্ডিনারি প্রপোজাল। তাহলে লোক কি না খেয়ে মারা যাবে? তিনি আজ স্বীকার করেছেন যে এটাকে যদি বাংগলিং বলা হয় তাহলে আমি বলব আই ওন রেশপনসিবিলিটি ফর দিজ বাংগলিং, কিন্তু আমি বলব এই সাজেশনএ বলা হয়েছিল যে কট্টোল এনফোর্স করে দেওয়া হোক। এই কট্টোল তুলে নেওয়ার ব্যাপারে আমি আমার বন্ধদের বলব যে তারা ভ্রান্ত ধারণা নিয়ে বলছেন যে, মুজতদারদের সাহায্য করবার জন্য এটা করা হয়েছিল। এটা সম্পর্ণ স্রান্ত ধারণা। এখানে যখন ডি-হোর্ডিং করা হয়েছিল তখন মাত্র ২০ হাজার মণ চাল পাওয়া গিয়েছিল। কাজেই ডি-হোর্ডিং-এর যে খব সাকসেসফুল অপারেশনস হয়েছিল তা নয়। তহলে প্রশ্ন ওঠে যে সত্যিকারের চাল গেল কোথায়? এখন দেখা যাক যে প্রডিউসার্সদের কাছে চাল ছিল না অন্য কোথাও ছিল। কেউ কেউ বলেন যে, ডিলার্স-এর কাছে চাল ছিল; আবার কেউ বলেন যে যাঁরা বড় বড় প্রডিউসার্স, বিগ কাল্টিভেটার্স বা মিডিয়াম কাল্টিভেটার্স তাদের কাছে চাল ছিল। এ সম্বন্ধে মিনিস্টি অফ ফুড এ্যান্ড এগ্রিকালচার থেকে একটা আগ্রো-একোনমিক সার্ডে হয়। তাঁরা সার্ভে করে যে রিপোর্ট দেন সেই রিপোর্টে এই কথা বলা হয়েছে—

"According to the surveys of the five agro-economic teams deputed by the Union Food and Agriculture Ministry the holding capacity of the cultivators has immensely improved due to high prices realised by them for cash crops and coarse grains and owing to better and easy access they have to cash resources including co-operative credit, Government loans and grants. The slow place of arrivals may be attributed to expectation of higher prices later in the season and higher earnings from grams, peas, pulse, and oil seeds."

আমি এখানে আমার বর্ধমান জেলা সম্বন্ধে যদি একটা কথা বলি তাহলে নিশ্চয় আমার বন্ধু দাশরথিবাবু আমাকে কন্ট্রাডিক্ট করবেন না। অর্থাৎ সেখানে অধিকাংশ যারা বড় চাবী তাদের অনেকে সেই ধান ধরে রেখেছিল এর পরে সেই ধান ১৫-১৬ টাকায় বেচেছে। যাঁরা বলবেন যে আমি মিথ্যা কথা বলছি, আমি তার তীব্র প্রতিবাদ করব। আপনারা কি তাদের হোডার্স বলবেন না? ১৯৫৩ সাল থেকে ১৯৫৬ সাল পর্যন্ত যখন ডিপ্রেসান হয়েছিল এবং ৬০ পারসেন্ট, ৫৯ পারসেন্ট, ৪৮ পারসেন্ট প্রাইস ফল করেছিল তখন—

Who came to the rescue of the cultivators you did not come.

কাজেই ১৯৫৩ সাল থেকে ১৯৫৫ সাল পর্যন্ত ডিপ্রেসানের জন্য দেশে সর্বনাশ হয়ে গেল তখন আপনারা কোথায় ছিলেন? যাই হোক আজকে যদি প্রডাকসন বাড়াতে হয় তাহলে চাষীর প্রতি আমাদের এই এটিটিউডই বদলাবার প্রয়োজন আছে। আমার বন্ধুরা বলেছেন যে যে ফুড কমিটিগুলি তৈরি করা হয়েছে সেগুলো সব ভেস্টেড ইন্টারেস্টদের নিয়ে করা হয়েছে, কিন্তু স্টেট ফুড কমিটি বা যেসমন্ত সাবডিভিসন্যাল ফুড কমিটি আছে সেগুলো হল পলিটিক্যাল পাটির লোক নিয়ে করা। [কমিউনিস্ট বেঞ্চ হইতে ঃ নো, নো।]

Mr. Deputy Speaker: The debate will be continued tomorrow. There will be no questions tomorrow.

The House stands adjourned till 3 p.m. tomorrow.

## Adjournment

The House was accordingly adjourned at 7-7 p.m. till 3 p.m. on Thursday, the 24th September, 1959 at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India, 24 September 1959

[ Page. 133-171 ]

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 24th September, 1959, at 3 p.m.

#### **Present**

Mr. Deputy Speaker (Shri Ashutosh Mallick) in the Chair, 16 Hon'ble Ministers, 14 Deputy Ministers and 207 members.

[3—3-10 p.m.]

#### Message

Secretary (Shri A. R. Mukherjee): Sir, the following message has been received from the West Bengal Legislative Council, namely:—

#### Message

That the West Bengal Legislative Council at its meeting held on the 23rd September, 1959 agreed to the West Bengal Wild Life Preservation Bill, 1959, without any amendments.

SUNITI KUMAR CHATTERJEE
Chairman,
West Bengal Legislative Council.

Calcutta:

The 23rd September, 1959

#### Adjournment motion

Mr. Deputy Speaker: Mr. Bhaduri, I have disallowed the motion. You can only read it.

Shri Panchugopal Bhaduri: The House do now adjourn to discuss a matter of urgent public importance, and of recent occurrence, viz., the extremely explosive situation that has been created by non-payment and reduction in the payment of Puja bonus in various factories of Serampore, such as, Bengal Belting Works, Rampuria Cotton Mills Ltd., India Jute Company Ltd., Bangeswari Cotton Mills Ltd., and others.

#### Debate on food situation

Dr. Prafulla Chandra Ghose: Mr. Deputy Speaker, Sir, I am sorry I was not present when the Food Minister made his observations. So I only got the Press report and also the brochure which he has given on behalf of the Food Department. Therein he says that food is not an isolated problem of West Bengal. It is true, it is an all-India problem. India's production this year, according to our Prime Minister Shri Jawaharlal Nehru, has been 73.5 million tons. Deducting 7.5 million tons for seed and wastage it comes to 66 million tons. Now,  $66 \times 20 \times 4 \times 28 \times 16$  divided by 400 million into 365 days comes to 16.2 ounces per head per day or 16.2 by .8 or 20.25 ounces per adult per day. This is the position of India after deducting even the wastage and seeds. Our Food

Minister of India Government, Mr. Patil, made a simple arithmetical error when he said only 13 ounces is available. That is not correct. Similar mistake has been made by the late Food Minister of the Government of India, Shri A. P. Jain, when he said in the Lok Sabha that there is an all-India availability of 12 to 13 ounces per head per day. This is what Shri A. P. Jain said in the Lok Sabha on the 22nd August last. In addition to this production we are importing food from other countries, so that there is no all-India deficit. I cannot understand why then should West Bengal suffer. I want to know whether West Bengal is or is not an integral part of India. Our Food Minister, Shri P. C. Sen, has said that because surplus States are not helpful this is happening. I have read the statement of an Orissa Minister. He said that Calcutta is richer and if West Bengal is allowed to bring rice from Orissa prices would go up in Orissa.

He wants to have the advantages of Calcutta for his people but no disadvantage. There is no embargo on the people of Orissa coming to greater Calcutta but there is the embargo on rice from Orissa even while we are suffering and they have surplus. Is that right? May I ask our friend Shri Harekrishna Mahatab, who is the Chief Minister of Orissa, to say whether his minister is right? And only about 30 per cent of the cultivable land in Assam is actually cultivated but the East Bengal refugees are unwelcome there. This short-sighted and parochial policy of top-ranking Congress politicians are paving the way for India's disintegration. West Bengal Government also made a grievous mistake in calculating the deficit. I can understand the mistake made from the preliminary forecast figures. But when the final figure of about 9 lakh tons was given, it was also calculated on a very wrong basis. Last year's production in Bengal was given as about 40 lakh tons. Deducting 4 lakh tons as seed and wastage and about 2 lakh tons kept as stock by cultivators it would come to about 34 lakh tons. But on the basis of 20 ounces per day per adult our requirement would be about 50 lakh tons. So the dficit is really about 16 lakh tons. There may even be plus minus 10 per cent. error in the figure of producion. The way in which the figure is calculated nobody can say that it is absolutely accurate. And it has been said by somebody whether 20 ounces per head per adult should be taken. I enquired from the Jail Minister last night, what is the jail ration for division III prisoners? A manual worker gets 24 ounces, of cereals, i.e., 12 chhataks and non-manual workers i.e., men like ourselves, all of us here, more or less, 20 ounces per day. That is the jail diet that you give and that has been fixed by the expert doctors, not by politicians. Now, Sir, you say 'Why you bring in this 20 ounces? It would be wrong'. I would like to know whether you have actually seen how much the adult cultivtor eats. I ask my friend Shri Harekrishna Konar or other friends there whether they know an adult cultivator never eats less than 20 ounces it is more than that. At least this is my experience. Therefore to say that an adult manual worker will eat less than 20 ounces and so you will calculate on that basis, you will be in an unreal atmosphere. Therefore you must calculate on the basis of 20 ounces per adult per day and that is given to a non-manual worker in the Jail. I want only that and not more than that. So the Government's assessment of deficit shows a clear want of foresight. The Food Minister and the Cabinet ought to have realised this simple thing. The mistake, in my opinion, is unpardonable and it is admitted, Sir, by all that there is diarchy in the food administration. It is admitted both by the Central Government as well as by the State Government. If people are sandwiched between the two, it is not our business to adjudicate between the two as to who is right and who is wrong. Our business is to have food. This diarchy must be ended. That is why our party suggested that India Government must take full responsibility as the State Government cannot do so because if the State Government wants to get food from another State, they cannot bring any. If the Stae Government wants to bring food from outside, that would require foreign exchange which is under the control of the Government of India. Therefore I suggested that the Central Government must

take the responsibility and not the State Government and this dual control is harmful. Even the National Development Council, I thought, would come to some decision on the 5th and 6th September when they met, but they did not come to any definite decision on this point.

[3-10-3-20 p.m.]

Then, Sir, price control was issued from the 1st of January, 1959. When the matter was being debated in the Assembly in December last, many speakers wanted to fix higher prices for rice. Even the Provincial Food Advisory Body was not consulted. We understand from the speech of Shri Ajit Prosad Jain in the Lok Sabha that the price was fixed at the direction of the Centre. At that time I wanted an assurance from the Food Minister as to how long the Price Control Order would be effective. He said it would be valid till the next aman crop is harvested. Then I said, Sir, 'I hope either you will rule or get out'. He neither rules nor gets out. That is my regret. In any advanced democratic country at least the Minister concerned would have resigned, if not the whole Cabinet if in such a vital matter the Ministry failed to deliver the goods. Now, we are told only the surplus producers are responsible for the failure but not the traders. I cannot understand this clearance certificate given to the traders. The Government can, if it so desires, find out how much abnormal profit many of these traders have made. So also the Jotedars' position may be found out. I believe both have played their part in this drama. In the present order of society it is but natural that if a lawyer can get Rs. 2,500 as his fee in a single day or if a doctor can get Rs. 125 at a single call and they are considered as very respectable people, very honourable people. why not an ordinary jotedar or a trader will try to accumulate some wealth unless you regulate the whole thing? You cannot only regulate the traders and jotedars—it is an impossibility. Therefore, what I say, Sir, is that unless you fix the minimum and the maximum ratio of income as 1:10 at least in this country, there is no hope of stopping all these things. In West Germany in a laboratory I found that a nobel Laureate Professor Richard Kuhn was getting 1,400 Marks and his bearer in that laboratory was getting 250 Marks per month; and Professor Otto Hahn, another distinguished man, was also getting 1,500 Marks and his bearer was getting 300 Marks. The ratio is 1:6. In Israel the ratio is 1:4. There a maid-servant gets 175 Israeli pounds—one pound is equivalent to Rs. 2.8 or Rs. 2.10. The Prime Minister there, who is the highest paid man in the State, gets only 700 Israeli pounds after deducting income-tax and the President, who has the unique honour and whose salary is income-tax free, gets 550 pounds only, whereas a maidservant gets 175 pounds. Therefore you should regulate the whole thing. But if you want to regulate only in one place but not in others, you can never succeed and that is what I said. And if you want a socialist State as the Congress claims to do—an today you have Congress Governments in West Bengal and in India too-if you want a socialist State, then this difference between the rich and the poor must disapper at least to that extent; otherwise there is no hope. A multimillionaire can earn any amount more or less but an ordinary man gets Rs. 60. I think a Chaprasi in the West Bengal Government gets about Rs. 60 or Rs. 65 whereas the Chief Secretary, even after deducting taxes, will get more than Rs. 3,000—say, 50 times more than the Chaprasi gets. If an ordinary chaprasi gets Rs. 60 and the Chief Secretary gets Rs. 3,000 then how can you bring socialism in this country, how can you control the jotedars? Sir, I have got only 30 minutes' time, I do not want to dilate on that at length. Some people have said these are capitalists and some have said those are capitalists but I do say all of us here belong to the petty bourgeoisie, because the amount that is spent for our election varies from Rs. 3,000 to Rs. 10,000, even by giving false returns sometimes it is Rs 14,000 or even Rs. 50,000, which an average cultivator can never think of accumulating in his life time. So, we all belong to the petty bourgeoisie. Unless we are controlled

to that extent there is no hope for this country. Therefore we must throw a searchlight on us and our Chief Minister, who is the Leader of the House, should also throw a searchlight on him.

It has been said that on account of spending large amount of money on plain items there has been inflationary tendency and so the prices have gone up. Sir, was it known to the Food Minister, then when he issued the Price Control Order or was it an unknown factor? It appears like a casuistry and you find sometimes an argument only to justify yourself. It was not an unknown thing to him. If the prices have gone up on account of the money spent on the Second Plan, more money would be spent during the Third Plan, which would mean prices would rise higher and higher. That is the prospect. If the past was bad the assurance that our Food Minister gives is that the future would be worse. That is where we are living today. Therefore, we say that the sooner the Food Minister leaves the better for us. Let another man come in who can give us an assurance of more food at a reasonable price. Whoever he may be he is welcome.

Then it has been said in the rural areas one seer of rice and one seer of wheat is given, but in the urban areas one and a half seers of rice and one seer of wheat are given. It has been said that in Calcutta many people have come from other provinces who used to take wheat but are taking rice now. These people are given one and a half seers of rice but the people who are accustomed to rice are given one seer of rice. I ask the Chief Minister, is that logic or is that fair? You should reduce the rice quota in the urban areas and give wheat and increase the rice quota in rural areas where the people are accustomed to rice. That is what should be done.

It has been asked, Sir, what is the permanent remedy. I am not going to the permanent remedy because the permanent remedy is a very difficult thing. We shall have to discuss it at great length. Within the time allotted I shall not be able to discuss the whole thing but still I shall touch upon it. Today agriculture is an uneconomic proposition. If I remember aright our friend Shri Hare Krishna Knoar has suggested "give surplus land to the landless". If all the surplus land that the Government have is divided and given to the landless it will be one bigha, one and a half bighas, or three bighas at the most. This is an absolutely uneconomic proposition. And it will be distributing poverty, I can assure you, because with two bighas of land nobody can do any work. I feel at least in the countryside we have got too many agriculturists with uneconomic units and five acres is considered to be an economic unit. Divide the country into five acres each family having five acres and give those lands to the actual trillers of the soil-not bargadars-and the rest should be employed elsewhere. Otherwise there is no hope. And agriculture will be an economic proposition. Today what has happened? People are now in agriculture because there is nothing else to do and with this condition of the agriculturists if you think you will improve their condition, I think we are living in a fool's paradise. That is what I mean to say, Therefore I suggest certain things.

[3-20-3-30 p.m.]

There should be a total abolition of land revenue for some years to come. While I was discussing things with our Chief Minister and the Food Minister I suggested this idea of total abolition of land revenue and the Chief Minister said if land revenue was abolished 7 crores of rupees would go. But I say no; the net income will be about 1.75 crores, not 7 crores. After deducting the salaries and other things it will be only 1.75 crores and that 1.75 crores can be had if you simply plug the loopholes in the sales tax. So, I say, Sir, you can tighten the sales tax and abolish the land revenue for years to come.

Then, Sir, there are 10 million acres of land producing paddy and only 5.5 million tons of

rice is necessary. Five million tons is really necessary in West Bengal for its population and I want an additional .5 million tons as a stock reserve and then after 10 years you will accumulate 5 million tons, so that if there is total deficit in one year you can make it up. So we want production of 5.5 million tons. It is easy to have that production if we are really determined, if we give top priority to food production. We have been saying that because we are spending so much money in the Plan on non-productive items there has been great inflationary tendency. Who asked you to do that? Why didn't you stop it if you thought there would be trouble due to that? Don't spend money on non-productive items; spend on productive item, whether it is agriculture or industry. You must not think that we are against industry. Mere agriculture would not do; we want industrialisation too but not at the expense of the other. If we have not sufficient food we cannot get on.

We want not merely abolition of land revenue. I say there should be no realisation of water tax till the average agricultural family has an annual income of Rs. 2,000. In the town a doctor has not to pay income-tax unless it is Rs. 3,000. It was formerly Rs. 3,600, it has been reduced to Rs. 3.000. A doctor or a lawyer or a school master or a professor has not to pay income-tax unless he has an income of Rs. 3,000, but an agriculturist whose source of income is agriculture has to pay tax whether he gets his nutrition or not. It is a great injustice done to the agriculturist. I hope Government will try to rectify it. I know this Government can do it. These are the few suggestions that I have made for the permanent remedy. I do not want to go into details. I had some discussion with the Chief Minister to ease the present situation. I know we had difficulties, and knowing the difficulties were there I tried to do something. And I can say I am glad over what we achieved. I am not at all sorry. Many people have criticised us. I am not repentant at all. For what did I do? I did a good thing even by giving my signature with Dr. Roy to which many have objected. And what did I gain by negotiations I did not gain for myself but for the whole country. Those people who have got two acres of land—they will not have to pay land revenue for this year in the non-irrigated areas. Shri Hare Krishna Konar yesterday said that there was partiality in relief about other things. This is an argument that I gave. A Congressman told me that because there is a non-Congress President in a Union Board, he did not get relief. A leftist also told me that because there is a Congressman as President in a Union Borad, he was not getting any relief. What I say is that we have nothing to do with whether there is someone belonging to Congress Party or P.S.P. or Communist party—every body should get the relief. I wanted abolition for three acres; Government have agreed to two acres. This is the first time that the Government of West Bengal have agreed to this remission of land revenue. Even in undivided Bengal the Government did not agree whether there was drought or anything of this kind. I hope in future they will agree for the total abolition of land revenue as I have suggested by plugging the loopholes in the sales tax arrangements.

Then another thing that I want to mention is that I wanted up to five acres of land for rationing, because what happens in Calcutta is this: even an I.C.S. officer drawing a salary of Rs. 3,000 can get his ration cards, go to the ration shop get his ration, but in the rural areas a man who pays a union rate of Re. I does not get it. A school master getting a salary of Rs. 150 or Rs. 200 and paying a union rate of Re. I does not get it. I appealed to Dr. Roy hoping that my proposal was fair and rational, he would immediately agree. He agreed that my proposal was rational. I said it should be up to five acres, because this was the economic unit. Then he calculated and ultimate agreed up to four acres. I also agreed to that, because this was a move in the right direction, because I know that whenever one begins to walk in an inclined place—Dr. Roy was also a student of Mathematics—with greater acceleration due to gravity he goes to the bottom.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I did not know that you had a method in your madness.

**Dr. Prafulla Chandra Ghose**: I make no secret of it; because I knew that it was in the interest of the people that I agreed.....

[At this stage the blue light was lit.]

Now, Sir, I shall conclude because my time is up. I conclude with these remarks that the Food Department have not been satisfactorily managed. They had no clear foresight of the things. My friend Shri Prafulla Sen was a student of Science and he is said to be a master of statistics. Even he could not calculate properly and see things as to what was to be done. After remaining in the Food Department for a long time he could not do that. So I hope at least he should resign from the Food Department. I appealed to him privately, and I do it now even here on this platform. I even told Shri Jawaharlal Nehru about it. I make so secret of it and I told Dr. Roy and rafulla Babu that I would tell it to Shri Jawaharlal Nehru. I think a psychological atmosphere would be created if he does it, and he should not stand in need of prestige of a Government which has got a large majority, which has got 170 or 175 members as against 80 or 90 members here.

So, he need not suffer on account of prestige. Only small men stand in need of prestiage. Let us hope he will not be a small man and stand in need of prestige, but he will resign.

As for the other things, I hope that broader aspects will be considered for the solution of the food problem and whatever is necessary for the production of 5.5 million tons will be done.

With this observation, Sir I close.

[3-30—3-40 p.m.]

## Sj. Khagendra Kumar Roy Choudhury:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের এই সরকার যেভাবে আমাদের খাদ্যবস্ত্রের সমাধান করে যাচ্ছেন তাতে অদূর ভবিষ্যতেই যে এরা আমাদের নিরন্ন ও বিবস্ত্র করে ছেড়ে দেবেন, সে বিষয়ে সন্দেহ নাই। কিছুদিন আগে বিধানবাবু কাগজে একটা স্টেটমেন্ট দিয়েছিলেন যে, ১৯৫৯ সালে পূর্ব বংসরের তুলনায় চালের দাম কমেছে। প্রফুল্লবাবুও একটা হিসাব দিয়েছিলেন যে এই রকম হারে ১৯৫৯ সালে পূর্ব হিসাবের তুলনায় খাদ্যদ্রব্যের মূল্য কমে গিয়েছে—উনি যে হিসাব দিয়েছেন সেই রেটে যদি খাদ্যদ্রব্যের দাম গত ১১ বৎসর ধরে কমে গিয়ে থাকে তাহলে দেখা যাবে যে, এখন বুঝি বিনা পয়সায়ই চাল পাওয়া যাচেছ। আর এখন, যদি নাও পাওয়া যায় কয়েক বৎসরের মধ্যেই পাওয়া যাবে। এবং শুধু তাই নয়, খাদ্যদ্রব্যের সঙ্গে বুঝি বিনা পয়সায় কাপড়চোপড়ও দেওয়া হবে। আমি অন্যান্যদের কথা বলতে পারি না, তবে যাঁরা গ্রামে থাকেন তাঁরা দেখেছেন যে, মার্চ, এপ্রিল মাসেই চাষীরা গ্রাম ছেড়ে চলে আসতে আরম্ভ করে কলকাতার দিকে। সমস্ত স্টেশনগুলি একেবারে ভর্তি হয়ে গেল। এই দৃশ্য দেখে তখন একটা কথা আমার মনে হয়েছিল—গত ইলেকশন-এর সময় এরা পোস্টার ছড়িয়েছিলেন, চাষীভাইরা এগিয়ে চল। তাই আমি ভাবি এঁদের সত্যি সত্যি দুরদৃষ্টি আছে, এঁদের কথামত চাষীরা গ্রাম ছেড়ে কলকাতায় ও অন্যান্য শহরের দিকে এগিয়ে আসতে শুরু করেছে। তারপর, প্রফুল্লবাবু প্রায়ই পপুলেসন-এর কথা নিয়ে চীৎকার করেন এবং বলেন যে, জনসংখ্যা ৫-১০ করে নাকি বেডেই চলেছে। আমাদের দেশে নাকি জন্ম অধিক হচ্ছে। তবে তিনি যে রেট-এর হিসাব দেখিয়েছেন যে, এই হারে বাংলাদেশে জন্ম হচ্ছে তাতে বাংলাদেশের নারীরা যদি বৎসরে চারবার করে জন্ম না দিতে পারেন তাহলে তাঁর হিসাব ঠিক হয় না। কিন্তু দুঃখের বিষয় কোন দেশের নারীই বছরে চারবার জন্ম দিতে পারে না। বছরে চারবার জন্ম হয়, সেটাই এ্যাবোরসন। তারপর, প্রফল্লবাব বলেছেন তাঁর বিবৃতির মধ্যে—একটা জিনিস সেখানে স্বীকৃত হয়েছে— 'Large release of Government stocks through Modified Ration shops have helped to ease the situation to some extent. The present market price of rice compares favourably with the market prices of other deficit States of India.'

যে, ১৯৪২ সালে মাত্র ৬ লক্ষ টন ঘাটতি থাকা সত্ত্বেও বাংলাদেশে ৪০ লক্ষ লোক মারা গিয়েছে, আর এবার এত ঘাটতি সত্ত্বেও দুর্ভিক্ষ হল না। আমরা বলি দুর্ভিক্ষর মত অবস্থা সৃষ্টি হয়েছে, এঁরা অবশ্য স্বীকার করেন না। যাই হোক, তবু বলতে হবে ঘাটতির কথা স্বীকৃত হয়েছে। তারপর, আরেকটা কথা বলেছেন যে, সরকারের হাতে ধানচাল মজুত আছে, প্রয়োজনমত ছাড়া হবে। তাঁদের হিসাবে বাজারে মাত্র ১০ লক্ষ টন চাল আছে, তাঁরা যদি সেই চাল ব্রুয় করে নেন তাহলে বাজারে চালের দর বেড়ে যাবে। আমি বলতে পারি না এই স্টেটমেন্টটা কে লিখেছে মন্ত্রী মহাশয় স্বয়ং লিখেছেন কিনা জানি না, বোধ হয় সেক্রেটারি লিখেছেন। বাইরের লোক এই স্টেটমেন্ট পডলে ভাববে—যে এই ধরনের স্টেটমেন্ট লিখতে পারে সে একটি গাড়োল। সরকারের হাতে যদি সত্যিই চাল থেকে থাকে এবং কেন্দ্রীয় সরকার থেকেও যদি খাদ্য আসে তাহলে সরকার তো বাজ্ঞার কন্ট্রোল করতে পারেন। এই যে বাজার দর বৃদ্ধির আশঙ্কা এটা শুধু নিজেদের ভণ্ডামী ছাড়া আর কিছু নয়। প্রফুল্লবাবু তাঁর বিবৃতিতে আরেকটা কথা উল্লেখ করেছেন যে, এক কোটি ৭৭ লক্ষ লোককে রেশন দেওয়া হয়। এবার এই রেশন-এর হিসাবটা একটু শুনুন। বিষ্ণুপুর থানায় একজন ব্যবসায়ী শ্রীঅতুল সেন আমাকে বলেছেন দেড় সের করে যদি হিসাব ধরা যায় তাহলে সেখানে ৯৩ মণ ১৯ ছটাক চাল প্রয়োজন হয়, অথচ তিনি পেয়েছেন মাত্র ২২ মণ, চালের পরিবর্তে রেশন কার্ড-এর ছিঁড়ে ছিঁড়ে দেওয়া হবে কিনা জানি না। এর চেয়ে অসত্য ও বানানো স্ট্যাটিস্টিকস আর কিছু হতে পারে না। তারপর প্রযুদ্ধবাবুর একটা চার একরের থিওরি আছে, এবং তাঁর হিসাব অনুযায়ী ১২ বিঘা পর্যন্ত যদি জমি থাকে তাহলে জোতদার। ৬০ মণ ধানে প্রায় ৪০ মণ চাল হয়। একটা কৃষক পরিবারে ৩০ মণ চালের দরকার হয়। তারপর, আরেকটা কথা যদি নিজে চাষ না করে যদি অন্য লোক দিয়ে চাষ করায় তাহলে বিঘাপ্রতি ২৫ টাকা খরচ হয়। তারপর, শুধু কি চাল খেয়ে থাকবে? তারা কি উলঙ্গ থাকবে বা অন্যান্য নিত্যপ্রয়োজনীয় জিনিস কিনবে না। কাপড় কিনবে না? তারপর কথা হচ্ছে, যারা বিধবা, স্কুল মাস্টার তাঁরা কি করবে?

[3-40--3-50 p.m.]

আপনাদের জমিদারী উচ্ছেদের বিরদ্ধে তারা ছিল। সেজন্য এখন তারা আবার জোতদার হচ্ছে, তারাই চালের স্টক আটকে রাখছে। এইরকম সব নিত্যনতুন থিওরী আপনারা বলছেন। প্রফুল্লবাবু কি জ্ঞানেন যে কতমণ ধানে কতমণ চাল হয় ? রাইটার্স বিল্ডিং-এ বসে হিসাব করলে কিছুই জানা যায় না। সেজন্য বলছি যে নিজেরা গিয়ে ভাল করে সমস্ত হিসাব দেখে নেবেন। তারপর আর একটা জিনিস এই স্টেটমেন্টের মধ্যে দিয়েছেন ডেফিসিট এরিয়া এবং এখানে কি প্রকিয়োরমেন্ট পসিবল যে এইরকমভাবে স্টাটুটরী রেশনিং করতে হবে? আমি জিজ্ঞাসা করি সারপ্লাস এরিয়া যেখানে যথেষ্ট চাঙ্গ আছে, সেখানকার জন্য কি এইসব ব্যবস্থা হবে? অর্থাৎ ওঁরা যে কি বলেন তা ওঁরাই জানেন না এবং এরাই বলেন যে ডেফিসিটি এরিয়ায় সম্ভব নয়, সারপ্লাস এরিয়ায় সম্ভব। আমি এখানে ডিলার-এর কাছ থেকে রসিদ সহ চাল এনেছি দেখুন যে তার কি অবস্থা। কিছুদিন আগে ওঁদের এম পি-রা কোলকাতায় এসে বললেন যে চাল যে অখাদ্য এটা বলা যায় না। স্যার, আমি যে চাল এনেছি সেই চাল আপনাকে দেব এবং ওঁদের কাছেও দেব—অবশ্য দিয়ে কোন লাভ যে হবে না তা আমরা জানি। আপনারা যদি এই চালের নমুনা দেখেন তাহলে বুঝবেন যে চাল খাওয়ানোর জন্য তাঁকে মন্ত্রিত্বে বসানো হয় নি, কাঁকর খাওয়াবার জন্য বসান হয়েছে। এই হচ্ছে ওঁদের সত্যি কথার নমুনা। তারপর কর্ডন, রেশনিং ইত্যাদি সমস্ত কথা বলা হয়েছে। হরেকৃষ্ণবাবু বলেছেন সাব-ডিভিশনাল কমিটিতে কোন রিপ্রেজেনটেটিভ নেই—অর্থাৎ বিভিন্ন পলিটিক্যাল পার্টির রিপ্রেজেনটেটিভ নেই। ওঁরা এটা সম্বন্ধে কিছু রাখেন নি বা রাখতে লজ্জা বোধ করেছেন। ইউনিয়ন রিলিফ কমিটিতে যে দুজন নমিনেটেড মেম্বার আছে এসবের কোন উল্লেখ এর মধ্যে নেই। আমরা ২১টা ইউনিয়ন রিলিফ কমিটির মেম্বার এবং আমরা জানি যে এর প্রত্যেকটার মধ্যে দুইজন করে নমিনেটেড মেম্বার। ওঁরা সকলেই কংগ্রেস মেম্বার এবং ওঁরা প্রত্যেক কাজে বাঁধা সৃষ্টি করেন। এর ফলে প্রাইয়োরিটি লিস্টের যখন দেরী হয়ে যায় তখন আমরা যদি ডি এম বা এস ডি ও-র কাছে গেলে তাঁরা বলেন যে আমরা কি করব, আমরা তো দেবার জন্য ব্যাকুল। অর্থাৎ প্রফুল্লবাবু যেমন বলেন উড়িষ্যা, মধ্যপ্রদেশ ইত্যাদি জায়গা থেকে চাল দেবার জন্য ব্যস্ত, কিন্তু গোডাউন নেই যে চাল রাখব। ডি এম বলেন যে, আমরা চাল নিয়ে তৈরি, কিন্তু প্রাইয়োরিটি লিস্ট আসে নি। এইভাবে কাজ্ঞের অসুবিধা করে প্রত্যেক জায়গায় দুই জন করে মণ্ডল কংগ্রেস কমিটির লোককে ইউনিয়ান রিলিফ কমিটির মধ্যে রাখা হচ্ছে। এইসব করতে কি আপনাদের কোন লজ্জা হয় না। এ বিষয়ে হরেকৃষ্ণবাবুও আরও অনেক অনেক কিছু বলেছেন বলে আমি আর বেশী বলব না। আপনাদের সোস্যালিজম-

এর কথা ছেড়েই দিলাম এবং সে সম্বন্ধে কিছু বলতেও চাই না। আপনারা গণতন্ত্র সম্বন্ধে অনেক বড় বড় কথা বলেন, কিন্তু আপনাদের সেই গণতন্ত্র শুধু এসেম্বলীর মধ্যে। অথচ শান্তিপূর্ণ শোভাযাত্রার উপর পূলিস লাঠি মারল, গুলি ছুড়ল, মেয়েলোকের কাপড় খুলল, সেটা যে কোন ধরনের গণতন্ত্র তা বুঝতে পারি না। অতএব যতীনবাবু সেদিন বলেছিলেন যে কালীবাবু তখন রসগোল্লা খাচ্ছিলেন, এখন দেখছি যে সেটা বিশ্বাস করার মতো। আপনারা এইভাবে যদি গণতন্ত্রকে দখল করার চেষ্টা করেন তাহলে আমি বলব যে, এর ফল অত্যন্ত বিষময় হবে। কাগজগুলোতো সব ওঁদের পক্ষে। আপনারা বলেন যে খাদ্য আন্দোলন করলে কি দেশে খাদ্য বাড়বে? কিন্তু আমি জিজ্ঞাসা করি যে খাদ্য আন্দোলনকে দমন করলেই কি খাদ্য উৎপাদন বাড়বে ? খাদ্য উৎপাদন কিরকম বেড়েছে তার একটু হিসাব দিই। মেয়েদের কাপড় খুলে ওঁরা উৎপাদন বাড়িয়েছেন; সোদপুরে লোকের উপর এখনও হামলা হচ্ছে উৎপাদন বাড়ানোর জন্য। আমার হরিণাভি কনস্টিটিউয়েন্সিতে একজন পুলিস অফিসার এসেছেন—ডি আই বি অফিসার তাঁর কীর্তি শুনুন। এই ভদ্রলোক থানা অফিসার হয়ে এসেছেন। কোন ভদ্রলোক থানায় গেলে এই লোকটি প্রথমেই জিজ্ঞাসা করেন আপনার মেয়েটি কোন ক্লাসে পড়ে—ক্লাস টেন-এ আমার সঙ্গে কি দেবেন ? আরও ঘটনার কথা শুনুন। পি ডি এ্যাক্টে কারুর খোঁজে সেই ডি আই বি অফিসার থানা অফিসার সার্চে যান রাত্রি ১০-১২টার সময়। তিনি ঐসকল বাড়িতে গিয়ে লোককে জাগান একবার জানলা খুলে ঘরের ভেতরে দেখবেন, একবার মশারী তুলে দেখবেন। আবার থানায় মেয়েদের মধ্যে বৃদ্ধা না হলে তিনি তাঁদের সঙ্গে সমস্ত আলোচনা কথাবার্তা করেন। অর্থাৎ আমাদের মন্ত্রী মহাশয় যেভাবে চলেছেন তাঁর পুলিস বাহিনীকেও ঠিক সেইভাবে চালাচ্ছেন। অর্থাৎ তাঁরা বিয়ের প্রস্তাব করছে, মশারী তুলতে আরম্ভ করেছে। কালীবাবু এখানে নেই, তিনি নিজে খোঁজ নিয়ে দেখবেন যে, তারা ঠিক তাঁর শিক্ষায় শিক্ষাপ্রাপ্ত হচ্ছে। তারপর আমি আর একটা কথা কর্ডন করা সম্বন্ধে বলব। আমি চ্যালেঞ্জ করে বলছি যে আপনারা একবার যদি প্রফুল্লবাবুর কনস্টিটিউয়েন্সি আরামবাগ এলাকাটি কর্ডন করেন তাহলে দেখতে পারেন যে কার কত চাল আছে এবং তার পরেই দেখা যাবে যে আপনাদের ঐ মণ্ডল কংগ্রেস কমিটির লোক সব ধরা পড়ে যাবে। অর্থাৎ ঐভাবে যদি কর্ডন করা হয় তাহলে ঐ মণ্ডল কংগ্রেস কমিটির লোক আর বাংলাদেশে থাকবে না। এইসব আপনারা জেনেও কিছু করবেন না। সুতরাং আমি বলব যে এই সমস্ত বাজে তথ্য আপনারা এখানে আর দেবেন না এবং বলবেন না যে সমস্যা সমাধানের পথে। আভ্যন্তরীণ সংগ্রহের কথা বলে কোন লাভ নেই। রিপ্রেসান আপনারা যা করেছেন তা বলে কোন লাভ নেই। আপনাদের যদি মন্যুষত্ব থাকত, মানুষের প্রতি যদি বেদনাবোধ থাকত তাহলে লোককে গুলি খেয়ে জখম হত না, বজবজে ৩ তারিখে দোকান থেকে টেনে নিয়ে এসে লোককে গুলি করে মারা হত না। এসব কথা আপনাদের কাছে জানাচ্ছি না, জানাচ্ছি দেশবাসীর কাছে। আপনাদের বিবেক নেই, আপনারা সমস্ত কিছু জলাঞ্জলি দিয়েছেন—তা না হলে আপনারা এসব করতেন না। কিন্তু আপনারা জানবেন যে বাংলাদেশের লোক একদিন তার জবাব দেবে—কৃষক দেবে, সাধারণ মানুষ দেবে, যাদের ল্যাংটো করেছেন তারা জবাব দেবে। আর একটা জিনিস বিজয়বাবু বলেছেন, জ্যোতিবাবু কাপুরুষের মত লুকিয়ে ছিলেন। তাঁর এই কথা সেদিন আমার এক বন্ধু শুনে বলল যে লোকটা কি 'গাড়োল'।

## Sj. Hansadhwaj Dhara:

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি ডাঃ, ঘোষের বক্তৃতা শুনে কিছু বোঝাবার চেন্টা করেছিলাম যে উনি কি বলেন, কিন্তু শ্রীখগেন রায় চৌধুরীর বক্তৃতা শুনে ডাঃ ঘোষ যা বললেন তার সব প্রায় ভুলে গিয়েছি। ডাঃ ঘোষ যেসমস্ত কথা বলেছিলেন, তাতে আমি মনে করেছিলাম যে খাদ্যসমস্যার উৎপাদন নিয়ে, তার বন্টন নিয়ে মূল্য সম্পর্কে যত রকম দিক দিয়ে দেখা যাবে সবদিক দিয়েই তিনি একটা কিছু সাজেশনস তিনি দেবেন। গত দুই বৎসর ধরে আমরা যারা নতুন এম এল এ এসেছি এবং যারা পুরানো আছেন তারা উভয়ই বছরে দুইবার করে খাদ্য সমস্যা নিয়ে আলোচনা করছি। এই সমস্যা ক্রমেই বেড়ে যাচ্ছে এবং এতদূর এসে পৌঁছেছে যে আজকে ডাঃ ঘোষ অন্তত এই আলোচনাটা গুরুত্বপূর্ণভাবে করবেন—এটাই আমরা তাঁর কাছ থেকে আশা করেছিলাম। আমরা মনে করেছিলাম যে এই সমস্যার ব্যাপারে তিনি এমন একটি ইন্টিগ্রেটেড ওয়ের কথা বলবেন যাতে এই সমস্যাকে আমরা সুষ্ঠু সমাধানের পথে এগিয়ে নিয়ে যেতে পারি।

আমরা দেখলাম সি পি আই বন্ধুরা এতকাল ধরে এই কথা বলে আসছেন যে সমস্ত মন্ত্রীত্বের গদি ছাড়তে না পারলে

সমস্যার সমাধান হবে না। ডাঃ ঘোব অর্ধং জজিয়তি করে বলেছেন শুধু খাদ্যমন্ত্রী পদত্যাগ করলে খাদ্যসমস্যার সমাধান হবে। শ্রীখগেন রায়চৌধুরী মহাশয় যে কথা বলেছেন তার উত্তর দেওয়া, শোনাও অনেক দিক থেকে অসুবিধা আছে—অবশ্য আমাদের সকলের সভ্যতা-ভব্যতা এক নয়—অনেকে মনে করেন যা দেখছি যা শুনছি সব দেখা সব শোনা এক হয় না—সেজন্য প্রত্যেকের যখন অধিকার আছে বলবার তখন সকলে বলেছেন আমরাও শুনেছি। খাদ্য সমস্যা নিয়ে যা আলোচনা এখানে হওয়া উচিত তা আমরা প্রত্যেকবার করেছি এবং সরকার পক্ষ থেকে তার উত্তরও দেওয়া হয়েছে। এ ব্যাপারে আমাদের অত্যন্ত শুরুত্বপূর্ণভাবে কি এ পক্ষের কি ও পক্ষের কম হোক কি বেশি হোক আলোচনা হয়েছে। সরকারকে বারবার আমাদের মধ্য থেকে বলেছিলাম যে খাদ্য সমস্যা আমাদের দেশে যে অবস্থায় এসেছে তাতে একে ঠিক যুদ্ধকালীন অবস্থার মত দেখে এর সমাধানের জন্য সচেষ্ট হওয়া উচিত—একে সমস্ত রকম টপ প্রায়োরিটি দেওয়া উচিত তা না হলে খাদ্য সমস্যা সমাধান হবে না। আমাদের দেশে খাদ্যসমস্যা যদি সমাধান না হয় তাহলে সোসাল ওয়েলফেয়ার ওয়ার্ক হোক অথবা যেকোন মঙ্গলজনক কাজই হোক অথবা এখানকার গণতন্ত্রকে আজকে সুপ্রতিষ্ঠিত করবার জন্য যে চেষ্টা করছি তা কোন কিছুই করা সম্ভব হবে না। একথা আমি এক বছর আগে এই হাউসে দাঁড়িয়ে বলেছিলাম। আমাদের সেন্ট্রাল গভর্নমেন্ট ফোর্ড ফাউন্ডেশন অনুসন্ধান কমিটিতে যেসমস্ত লোকদের নিয়োজিত করেছিলেন তাঁরাও ঠিক এই কথা বলেছিলেন যে ভারতবর্ষে সোসাল ওয়েলফেয়ার ওয়ার্ক অথবা আদার ডেভেলপমেন্ট ওয়ার্ক এখানকার যেসমন্ত মঙ্গলজনক কাজ ডেমোক্র্যাসি ইটসেলফ সম্ভব হবে না যদি না এখানে খাদ্যসমস্যাকে টপ্ প্রায়োরিটি দিয়ে দেখে সুষ্ঠু পথ দিয়ে এর সমাধানের চেষ্টা করা হয়। আজকে সেদিক দিয়ে একটা ব্যবস্থার পথে সরকারের সামনে আলোকপাত করা উচিত। তা না করে আজকে আমরা এমন একটা পরিবেশের মধ্যে এসে মিলিত হয়েছি যেখানে শুধু খাদ্য সমস্যাকে অবলম্বন করে যে আন্দোলন চলছে এবং সেই আন্দোলনের পরিপ্রেক্ষিতে গত দুইদিনে এখানে যে নানা রকম বক্তৃতা হয়েছে, এই বক্তৃতা করে দিয়ে যদি শেষ করব বলে আমরা মনে করি তাহলে কিছু হবে না। খাদ্যসমস্যা সমাধানের জন্য এনকোয়ারী কমিটিতে যাঁরা নিয়োজিত হয়েছিলেন তাঁদের মধ্যে কেউ কেউ আমি যখন মুসৌরিতে ছিলাম, সেখানে বেড়াতে গিয়েছিলেন। এই সমস্ত পণ্ডিত ব্যক্তিরা পুষ্মানুপুষ্মরূপে সয়েল-এর কণ্ডিসন পর্যালোচনা করে যাতে উৎপাদন বেশি করা যায় তার একটি তথ্য আমাদের সামনে রাখতে পেরেছিলেন এবং আমরা বুঝেছিলাম যে সেই পথে গেলে আমরা খাদ্যসমস্যা সমাধানের পথে এগিয়ে যেতে পারি। আজকে সেদিক থেকে সবচেয়ে বড় কথা তারা বলেছেন যে যারা এ পক্ষের এবং ও পক্ষের নেতৃস্থানীয় ব্যক্তি যাঁরা দেশের সোসাল কাজের মধ্যে আছেন যাঁরা দেশের সমস্ত রকম মঙ্গল চান এবং জনসাধারণের উপর বাঁদের কিছু প্রভাব আছে এমন সমস্ত লোকেরা আজকে যদি স্পনসরিং এজেন্ট হিসাবে কাজ করেন তাহলে দেশে উৎপাদন বৃদ্ধি হতে পারে। আন্দোলনের পর এখানে বসে আমরা একবারও চিন্তা করছি না যে কেন আমাদের খাদ্য নেই, বন্টন ব্যবস্থার মধ্যে কোথায় গলদ আছে, কিভাবে বন্টন ব্যহত হচ্ছে কেন বেশি পাচ্ছি না ইত্যাদি। আজকে খগেনবাবু চালের নমুনা নিয়ে এসে এখানে দেখালেন—লক্ষ লক্ষ মণ চাল বিদেশ থেকে আসছে গোডাউনে পড়ে আছে। আমরা সকল এম এল এ জানি কোন চালে জট বেধে আছে, কোন চালে পোকা পড়েছে—এই সমস্ত দেখালে খাদ্য উৎপাদন হবে না খাদ্যসমস্যা সমাধান হবে না এ নিয়ে শুধু দুটো গালাগালি করা যাবে। যেসমস্ত কথা তিনি বলে গেছেন তা উচ্চারণ করা আমার পক্ষে অসুবিধা আছে কারণ মেটিরিয়াল হিসাবে তফাৎ আছে। সেজন্য এপক্ষের এবং ওপক্ষের সকলের কাছে আমার কথা হচ্ছে যে অত্যন্ত সুষ্ঠু এবং সুচিন্তিতভাবে খাদ্যের উৎপাদনের দিকে আপনাদের চিন্তা করা দরকার। আজকে সেদিকে চিন্তা না করে, আমরা দেখলাম, ওপক্ষের বন্ধুরা যারা নিজেদের ইতিহাস ভূলে যান, গত তিনদিন আগে এখানে হঠাৎ এক মিনিট উঠে দাঁড়ালেন শহীদদের তর্পণ করবার জন্য। আমি এখানে বলব যে কয়েক লক্ষ লোক ১৯৪২ সালে মরেছিলেন—তাঁদের জন্য তারা এক মিনিট উঠে দাঁড়াবেন কি? জ্যোতিবাবু হয়ত মুশকিলে পড়ে যাবেন। সেদিন তিনি খাদ্য উৎপাদন, খাদ্য বন্টন এসব কথা আলোচনা না করে যেসমস্ত কথা বলেছিলেন তা আমার মুখ দিয়ে বেরনো মূশকিল। ডাক্তার রায়ের জন্মের কথা তিনি বলেছিলেন। আমরা অনেকের জন্মের খবর রাখি না (কমিউনিস্ট বেঞ্চ হইতে তুমূল হট্টগোল) চিৎকার করে আমাকে থামাতে পারবেন না—আমার এখানে কথা বলার অধিকার আছে। তিনি সেদিন একথা বলেছিলেন যে, জনসাধারণের উপর ডাক্তার রায় এইভাবে অত্যাচার করেছেন এবং এটা তাঁর পক্ষেই সম্ভব, কারণ তিনি সাম্রাজ্যবাদের ঔরসজ্জাত সন্তান, তিনি মাতৃগর্ভের কলঙ্ক। আমি তাঁকে ইতিহাসের দিকে তাকিয়ে দেখতে

বলছি। ১৯৪২ সালে যখন আন্দোলন চলেছে তখন কিছু সংখ্যক ভারতবাসী ইংরাজ সাম্রাজ্যবাদের সঙ্গে ঘুরে বেড়াতেন। চিন্তা করেছিলেন তাঁরা কারা। তাঁরা হচ্ছেন কিছু সংখ্যক ভারতবাসী—তাঁরা ভারতবর্ষেই জন্ম গ্রহণ করেছিলেন, সাম্রাজাবাদীদের স্বার্থে। তারাই হচ্ছেন ঐ ইংরাজের ঔরসজাত সন্তান যারা ভারতবর্ষের ইতিহাসকে কলঙ্কময় করে রেখেছেন যারা ভারতমাতার গর্ভের কলঙ্ক। ভারতের মাটির উপর দাঁড়িয়ে তাঁরা একটা চরম অবস্থার সৃষ্টি করেছেন। ইতিহাসে যা আছে তা আপনাদের জ্ঞানতে হবে। আজ্ঞকে আমি এ সমস্ত কথা বলতে চাই না—সভ্যতা, শিক্ষা, রুচির তফাৎ থাকা দরকার। আজকে সেজন্য ১৯৪২ সালের কথা চিন্তা করা প্রয়োজন। সমস্ত ভারতবাসী সেদিন শহীদ দিবস পালন করে। হেমন্তবাবু ওখানে বসে আছেন, দেবেন সেন মহাশয় ওখানে বসে আছেন—সেদিন শহীদ দিবস ভারতবর্ষের এক প্রান্ত থেকে অপর প্রান্তে পালিত হয়েছে, ১ই অগাস্ট ভারতবর্ষের গৌরব, সেদিন সকলে এক মিনিট উঠে দাঁড়িয়েছিলেন। ওঁরা জীবনে কোন দিন এক মিনিট উঠে দাঁড়িয়েছেন ? সেদিন লক্ষ লক্ষ মানুষের ফুৎকার এবং দীর্ঘশ্বাস ওঁদের উপর পড়ে ওঁরা ধ্বংস হয়ে যাবেন বলে তাঁদের প্রতি ওঁরা শ্রদ্ধা প্রদর্শন করেন নি। খাদ্যসমস্যা আলোচনার সময় এই সমস্ত জিনিস আলোচনা না করাই উচিত। দেশের উপর দিয়ে অনেক ঝড়ঝঞ্জা বয়ে গেছে। সেজন্য আমি একাস্তভাবে অনুরোধ ক্ররছি যে আন্দোলন আমার বন্ধুরা চালাচ্ছেন তা বন্ধ করে দিন, করে খাদ্য উৎপাদন সম্বন্ধে একটু চিস্তা করুন। আপনারা নিজেরা সরকারের সঙ্গে বোঝাপড়া করে উৎপাদনের পরিকল্পনা করুন যেমন অনুসন্ধান কমিটি করেছেন এবং প্রেসে একথা বলতে আরম্ভ করুন যে আমরা এই উৎপাদনের পরিকল্পনা দিচ্ছি এবং আপনারা নিজেদের এই কার্যে নিয়োজিত করুন। বলুন আমি অপোজিসন লীডার—বাংলাদেশের প্রতি আমার দায়িত্ব আছে, কর্তব্য আছে, আমার উৎপাদনের দায়িত্ব আছে। আমি এই পরিকল্পনা আপনাদের সামনে রাখলাম এবং এর রূপায়ণে আমরা আপনাদের সাহায্য করতে পারি—ভাক্তার রায়কে এইভাবে সহযোগিতা করুন তাহলে বুঝব যে খাদ্য সম্বন্ধে আপনারা চিন্তিত না করলে আমাদের খাদ্যাভাব থেকেই যাবে। कालरक সুবোধবাবু বললেন যে, মানুষ মেরে খাদ্য সমস্যার সমাধান করা যায় না। নিশ্চয়ই, মানুষ মারার যে ব্যবস্থা ওঁরা করে দিচ্ছেন তাতে মানুষ মারাই যাবে, তার দ্বারা খাদ্যের কোন ব্যবস্থা করা যাবে না। খাদ্য সম্বন্ধে অত্যন্ত গভীরভাবে চিন্তা করে ইউনিয়ন গভর্নমেন্ট যে ফোর্ড ফাউন্ডেশন অনুসন্ধানের কর্তৃপক্ষকে নিয়োজিত করেছিলেন সেদিকে আমাদের লক্ষ্য করা উচিত। তারা জন্মমৃত্যু হারের কথা বলেছিলেন। এসমস্ত কিছু না দেখে একথা বলা যায় কিভাবে জনসংখ্যা বাড়ছে। সকলেই বলেন যে মৃত্যুর চেয়ে জনসংখ্যা বৃদ্ধি হচ্ছে। খগেন রায়চৌধুরী মহাশয় তাঁর বক্তৃতার মধ্যে বললেন ভয়ঙ্কর অন্যায় কথা দেশে খাদ্যসমস্যা আছে। আমি তাঁকে বলি তিনি তাঁর কনস্টিটিউয়েন্সির যেকোন একটা গ্রামে গিয়ে দেখুন পাঁচ বছর আগে সেখানে কত জনসংখ্যা ছিল আর আজকে কত হয়েছে। তিনি তো ফুড কমিটিতে যান, নিশ্চয়ই তাঁকে দেখতে হচ্ছে জনসংখ্যা বেডেছে কি বাডে নি। জনসংখ্যা বেডেছে এবং সেজন্য ব্যবস্থা করতে হবে।

## [4-40 p.m.]

আজকে জনসাধারণ বেড়েছে তারজন্য ব্যবস্থা করতে হবে। সেইজন্য যে পরিমাণ খাদ্য একান্ডভাবে দরকার সেদিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। তাই আমার কথা হচ্ছে খাদ্য উৎপাদন ব্যাপারে দল নির্বিশেষে, সকল দলের তরফ থেকে নেতৃবৃন্দ থাকলে ভাল হয়। তাঁরা সকলে নিজেদের মন স্থির করে ঠিক করন যে বাংলাদেশের বর্তমান খাদ্যসমস্যার দুর্দিনে আর বিপর্যয় আনতে দেবো না, তবেই না আমরা খাদ্য উৎপাদন বৃদ্ধি করতে পারি? খাদ্য উৎপাদন বৃদ্ধির ব্যাপারে নিজেরা সব জায়গায় নেতৃত্ব দেবেন এই মনোভাব সৃষ্টি করতে হবে। এটাই আপনারা শপথ করুন। দ্বিতীয় কথা চাষীদের দুর্গতি সম্বন্ধে। তাদের দূরবস্থা সম্বন্ধে আমাদের সচেতন হতে হবে। সরকার পক্ষ থেকে বলবো, আমরা চালের দর কন্ট্রোল করতে চাই নি। যখন আপনারা বারবার করে বললেন তখন চালের দাম বাঁধা হল। কিন্তু তাতে চাষীর অনেক ক্ষতি হয়েছে বলে আমি মনে করি। চাষীর দামের সঙ্গে অনেক তফাৎ হয়ে গিয়েছে।

এক্ষেত্রে ফোর্ড ফাউন্ডেসন কমিটির যে সকল রেকমেন্ডেশন আছে সেগুলি চিন্তা করে দেখা উচিত। তাঁরা বলেছেন প্রত্যেকবার চাবের আগে ফ্রোর প্রাইস অব প্যাডি ঘোষণা করা হোক। তাঁদের আরও রেকমেণ্ডেশন হচ্ছে যে চাষীর সমস্ত কথা চিন্তা করে, যেমন তার চাবের জন্য সার, জল প্রভৃতির কথা, তার নিজের প্রয়োজনীয় জিনিসপত্র কেনবার দামের কথা অর্থাৎ তার সবকিছু খরচের দিকে নজর রেখে একট ফ্রোর প্রাইস বাঁধা হোক যাতে চাষী ইনসেনটিভ পায় ফসল উৎপাদন বৃদ্ধির জন্য। আমার দ্বিতীয় কথা গ্যারান্টিড মিনিমাম প্রাইস যদি চাষীরা পায় তাহলে নিশ্চয়ই তারা চাষের দিকে মন দেবে। এই গ্যারান্টিড মিনিমাম প্রাইস দিতে হলে, তার জন্য রিজিনেবল ডিসট্যান্স-এর মধ্যে যাতে সে মারকেট পায়, অর্থাৎ তার কাছাকাছি থাকবার জায়গার মধ্যে, তার ব্যবস্থা সরকারের পক্ষ থেকে করে দেওয়া দরকার। তারপর বলব কমিটি রেকমেন্ডেশনস করেছেন যে লোকাল স্টোরেজ-এর জন্য ব্যবস্থা করতে হবে। আমি মনে করি এটাও হওয়া উচিত। এর সঙ্গে আমাদের মনে রাখতে হবে যে পাবলিক ওয়ার্কস প্রোগ্রাম-এর কাজে ঐ সমস্ত ছেলে, যারা ক্লাস এইট, ক্লাস নাইন-এ পড়ে কিংবা ম্যাট্রিক ফেল করে বসে আছেন, তাদের লাগাতে হবে। সেই রেকমেন্ডেশন কমিটিতে এ সম্বন্ধে আলোচনা হয়েছিল এবং তারা সরকারের কাছে রেকমেন্ডেশন করেন যে এই সমস্ত ছেলেমেয়েদের জন্য সেন্ট্রাল ইনস্টিটিউট-এ তিন মাসের একটা কোর্স করে তাদের ট্রেনিং দিয়ে এগ্রিকালচার-এ ম্যাট্রিক ডিপ্লোমা দেবার ব্যবস্থা করা হোক এবং তাদের চাবের কাজে লাগান হোক যেমন স্পেশ্যাল কেডার টিচারদের বেলায় ব্যবস্থা আছে। এদের শিখিয়ে পড়িয়ে নিয়ে পাবলিক ওয়ার্কস প্রোগ্রাম-এর কাজে নিযুক্ত করা হোক। এদের দিয়ে

Land Levelling, Surface Drainage, Small Irrigation, Tank Irrigation, ছোট ছোট পুকুর কাটা ইত্যাদি কাজ করিয়ে যাতে তারা চাবোপযোগী হতে পারে তার ব্যবস্থা করা হোক। আমার মতে এটা করা সম্ভব। এ ছাড়া সিলেকশন অফ সারটেন ক্রপস, এক রকম মাটিতে কত রকমের ফসল হতে পারে সে সম্বন্ধে জ্ঞান থাকা দরকার।

এ ছাড়া আর একটা কথা আমি বলবো ল্যাণ্ড রিফরমস সম্পর্কে একটা কথা মনে রাখতে হবে—এটা অত্যন্ত ঘোরাল জিনিস, জমিজমার ব্যাপারে, ভারতবর্ষের সমস্ত ইকনমি জড়িয়ে আছে এর সাথে বছদিন থেকে। সমস্ত ল্যান্ড এ্যাকোয়ার করে ল্যান্ড ডিসট্রিবিউশন করা এখন সম্ভব না হতে পারে। তা যদি আর ফারদার করা সম্ভব না হয়, তবে যতদূর এগিয়েছে সেটা ঘোষণা করা হোক যে ফ্রম থার্ড ইয়ার প্ল্যান-এ যার যা জমি আছে তাদেরই হাতে থাকবে, নেওয়া হবে না। টাইটেল অব ল্যান্ড তাদের নামে থাকবে। এই সারটেনটি সরকার থেকে ঘোষণা করতে পারলে তবেই প্রকৃত কাজ হবে।

#### Sj. Chitto Basu:

ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের খাদ্যমন্ত্রী মহাশয় যে বিবৃতি এখানে পেস করেছেন এবং সেই বিবৃতি পেস করার প্রসঙ্গে যে প্রারম্ভিক বক্তৃতা করেছেন তার মধ্য দিয়ে আমরা বর্তমান পরিবর্তিত পরিস্থিতির সম্পর্কে কোন উল্লেখ দেখতে পাই নে, বরং পুরাতন যে সমস্ত বস্তা পঁচা যুক্তি তাই দেখিয়েছেন—যেমন মৃত্যুর হার কম, উদ্বাস্ত্রদের আগমন এবং সর্বোপরি যে সমস্ত চাষীরা মাল ধরে রাখছে, মজুত করে রাখছে তাদের স্কন্ধে দায়িত্ব চাপিয়ে নিজের দায়ত্ব স্থালন করেছেন, বিশেষ করে যারা এই কৃত্রিম দর সৃষ্টি করেছে সেই সমস্ত মজুতদারদের রক্ষা করবার চেষ্টা করেছেন। মূল্য বৃদ্ধি নিরোধ ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি দীর্ঘ কয়েক মাস ধরে যে আন্দোলন পরিচালনা করেছেন প্রথম পর্যায় দ্বিতীয় পর্যায় শেষ করে যখন তৃতীয় পর্যায় শুরু করেছেন তখন আমরা আশা করেছিলাম, বাংলাদেশের তিন কোটি মানুষ আশা করেছিল যে, সরকারের পক্ষ থেকে বিশেষ করে খাদ্যমন্ত্রী মহাশয় একটি উল্লেখযোগ্য কিছু ঘোষণা করবেন। কিন্তু খাদ্যসমস্যা সমাধানের সম্পর্কে কিংবা পরিবর্তিত অবস্থা সম্পর্কে কিছু না বলে তিনি রাজনৈতিক কয়েকটা কথা বললেন যার জবাব দিতে আমরা চাই না। শুধু এইটুকু বলব এই সরকার গত কয়েক মাস যাবৎ নারকীয় হত্যালীলা শুরু করেছেন যার সম্পর্কে বাংলাদেশের সকল স্তরের মানুষ সকল গণতান্ত্রিক মানুষ ধিকার জানিয়েছেন। দেশের কৃষক শ্রমিক মধ্যবিত্ত শুধু নয়, বৃদ্ধিজীবী মানুষ শ্রীবিবেকানন্দ মুখার্জি তার অত্যন্ত সাবলীল লেখার মধ্যে দিয়ে এই সরকারের নক্কারজনক কার্যকলাপকে ধিকৃত করেছেন। আমরা আশা করেছিলাম এত ধিক্কার এত আন্দোলনের ফলে এবং চাপে সরকার তার নীতির পরিবর্তন করবেন। কিন্তু হতাশ হয়েছি, সেই পৌণগৌনিক কথাই এখনও শুনছি। কাজেই বাংলাদেশের মানুষ আপনাদের ক্ষমা করবে না এটা মনে রাখবেন।

এরপর দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি যে কুড়িটি দাবি পেশ করেছিলেন সে সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। এই সমস্ত দাবি মূলতঃ যুক্তিসঙ্গত নয়, এই কথা ডাক্তার রায়ের বক্তৃতায় প্রকাশ পেয়েছে। ডেপুটি স্পীকার মহাশায়, আমি বেশী কথা না বলে ভারত সরকারের নিযুক্ত মেটা কমিটির কথা বলি। মেটা কমিটি এই কথা মনে রেখে কাজে নেমেছিলেন, যে খাদ্যসমস্যা সারা ভারতের একটা সামগ্রীক সমস্যা এবং সেইভাবে এর সমাধানের পথ খুঁজেছিলেন তাদের কথা বলি। মেটা কমিটি যে রিপোর্ট পেশ করেছিলেন সেটা নিয়েই সর্বভারতীয় খাদ্যনীতিতে সামঞ্জস্য রেখে করেছিলেন। তাঁরা একটি কথা বলেছিলেন—

It is for that reason that we have emphasized the need for price-stabilisation, control over food-grains and progressive socialisation.

তিনটি কথা সেখানে রয়েছে—

stabilisation of price, control of foodgrains and increased socialisation.

দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি সর্বপ্রথম ওই কথা বলেছিলেন—প্রথমে স্ট্রাবিলাইজেশন অব প্রাইস, ২০-২২ টাকার মধ্যে চালের দর রাখতে হবে। তারপর কন্ট্রোল অব ফুড প্রেনস তার জন্য কি দরকার, না, বাফার স্টক দরকার অতি সামান্য অর্থাৎ পাঁচ লক্ষ টন বাফার স্টক রাখতে হবে। আমাদের খাদ্যমন্ত্রী বললেন আমরা খাদ্য যদি জমাই তাহলে বাজারে চালের দর বেড়ে যাবে। আমরা বলব সমাজবিরোধী মজুতদারদের হাতে চাল না দিয়ে সরকার যদি হাতে পাঁচ লক্ষ টন রাখেন তাহলে তাঁরা বাজার কন্ট্রোল করতে পারেন। এর পর ইনক্রিজড সোসালাইজেসন—সমাজতন্ত্রের কথা আমরা চিন্তা করি এটা মেটা কমিটি বলেছেন। এর প্রারম্ভিক ব্যবস্থা স্টেট ট্রেডিং। কিন্তু এটা করতে আপনারা ভয় পান। দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির তরফ থেকে কথা হয়েছিল, স্টেট ট্রেডিং করুন, পাঁচ লক্ষ টন বাফার ক্রপ স্টক করুন। তা করতে পারলেন না, অর্থাৎ সর্বভারতীয় ভিত্তিতে আপনাদের যে খাদ্যনীতি তাও ঠিকমত করতে পারছেন না—আপনাদের সরকার তা মানতে প্রস্তুত নয়। আমি অন্যান্য দাবি সম্বন্ধে বলবার সময় পাছি না। আমি তাই একথা বলব যে ডাক্তার রায় এবং অন্যান্য যে সমস্ত দাবি ছিল তা মানতে অসুবিধা হবে না।

[4-10-4-20 p.m.]

কিন্তু আমি জানি বুরোক্রেটিক বা আমলাতন্ত্রের হুমকিতে যাঁরা চলেন, যাঁরা মজুতদার, পুজিবাদীদের স্বার্থে এই সমাজব্যবস্থা চালিয়ে যাচ্ছেন, তাঁদের পক্ষে জনসাধারণকে স্বীকার করা সম্ভব নয়। ডেপুটি স্পীকার মহাশয়, অন্য কথা বলবার আগে এই কথা বলবাে যে, মূল্য বৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরাধ কমিটি যে শুধু প্যালিয়েটিভ সাজেশন দিয়েছে তা নয়, গত কয়েক মাস ধরে যে আন্দোলন তারা গড়ে তুলেছে তা দুইটি স্তরে চলেছে। এক খাদ্যমন্ত্রীকে সামনে রেখে আর একটি ভারতবর্ষের সমস্যাকে সামনে রেখে কৃষি সমস্যা দূর করার জন্য চাষীর হাতে জমি দিয়ে খাদ্যসমস্যাকে সমাধান করবার জন্য তারা পরিকল্পনা রেখেছে। কিন্তু আমরা দেখছি কােন প্রকারেই সেই পরিকল্পনাকে সহানুভৃতির সঙ্গে বিবেচনা করা হয় নি। এবং এ সম্পর্কে আলােচনা করতেও প্রস্তুত নয়।

# [At this stage the blue light was lit.]

আপনি আলো দ্বেলে দিলেন নইলে আমার কাছে যে তথ্য আছে স্রকারি তথ্য, যার উপর নির্ভর করে ওঁরা এখানে নীতি নির্ধারণ করেন, যার পিছনে আমলারা নীতি তৈরি করেন, তাদের আমি বুঝাবার চেষ্টা করতাম তারা যে এদের উপর নির্ভর করে যে তিনি নির্ধারণ করেন, তার উপর ভিত্তি করেই নতুন নীতি ঘোষণা করে জনস্বার্থের জন্য জনকল্যাণ করা যেতো। কিন্তু তাঁরা আমাদের মত নেন নি। যেহেতু কলওয়ালাদের স্বার্থ দেখতে হবে, ভোটের সময় টাকা আদায় করতে হবে, গ্রামের এক শ্রেণীর লোকদের সহানৃভ্তি আদায় করতে হবে সেহেতু তাদের স্বার্থের ভিত্তির উপর নির্ভর করতে হয়। ডেপুটি স্পীকার মহাশায়, সরকার পক্ষ অযথা ঐ তথ্যের উপর নির্ভর না করে, বাংলাদেশের জনসাধারণ যে আন্দোলন শুরু করেছে তাকে দমন নীতির দ্বারা ভূবিয়ে দেবার চেষ্টা না করে আমাদের বক্তব্য স্বীকার করে নিয়ে বাংলাদেশের খাদ্যসমস্যার সমাধান করতে পারতেন এবং তা সমাধান করার জন্য মূল্য বৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির নেতৃবৃন্দের সঙ্গে নিশ্চয়ই আপোষ রফা করতে পারতেন। ডেপুটি স্পীকার মহোদয়, দমননীতির দ্বারা খাদ্য আন্দোলন সম্পর্কে যেসমস্ত ধৃত ব্যক্তি আছে, তাদের উপর বিভিন্ন রকম নির্যাতন করছে পুলিস, যা আমরা কল্পনাও করতে পারতাম না, সাম্রাজ্যবাদী বিটিশের অধীনে যখন ছিলাম, তাদের যেসমস্ত অভিযোগে অভিযুক্ত করা হয়েছে, তা অত্যন্ত ঘৃণ্য এবং তাদের অন্যায়ভাবে আটক করে রাখা হয়েছে। তাদের ক্লাসিফিকেশন পর্যন্ত করা হয়নি, তাদের অত্যন্ত কন্তের প্রভির রাখা হয়েছে। কাজেই এই কথা বলবো যে আপনারা এই দমননীতি প্রত্যাহার করুন এবং মূল্য বৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির যে নীতি, সে নীতি সুদ্রপ্রসারী ও স্বল্পযোগী পরিকল্পনা দাবি করে, সেই নীতি নিশ্চয়ই আপনাদের বিবেচনা করা উচিত। ডেপুটি

স্পীকার মহাশয়, একটা ঘটনার কথা বলি, রিসার্চ প্রোগ্রাম কমিটি কিছুকাল আগে একটা তথ্য তৈরি করেছিল। তারা ২৪-পরগনা এবং হুগলী জেলায় অনুসন্ধান করে। তাদের রিপোর্ট পড়বার সুযোগ আমার হয়েছিল, যদিও সবটা পড়বার সুযোগ পাই নি। তারা বলেছিল এই দুটি জেলা সম্বন্ধে—অবশ্য বাংলাদেশের সব জেলার অবস্থা একইরকম—হুগলি ও ২৪-পরগণা জেলায় সেচ ব্যবস্থা যা আছে তাতে মোট জমির শতকরা ছয় ভাগের বেশি জমিতে সেচের সুযোগ নেই। শুধু তাই নয়, তাঁরা আরও দেখিয়েছেন হুগলি জেলায় শতকরা ৪৪ এবং ২৪-পরগণায় শতকরা ৩৩ ভাগ চাষীর চাষ করার মত গো-মহিষও নেই। চাষ করার মত গরু ও মহিষ শুধু নেই তাই নয়, তাদের মতে এক একর জমিতে চাষ করতে গেলে ১০০ থেকে ৪০০ মণ সার দরকার হয়। এঁরা আরও হিসাব করে দেখেছেন এই দুটি জেলার গো-সম্পদ থেকে গোময় যা চাষের সার হিসাবে ব্যবহার করা হয় তা ১০০ মণের বেশি হয় না। এই প্রোগ্রাম রিসার্চ কমিটি আরও অনুসন্ধান করে বলেছেন যে বাংলাদেশ শতকরা এক টাকার বেশি ব্যয় করতে পারে না উন্নত ধরনের কৃষি ব্যবস্থা করবার জন্য। শুধু তাই নয় এঁরা দেখিয়েছেন ২৪ পরগনা জেলায় কৃষকদের ভিতরে শতকরা ৪৮ জন ভাগচাষী। (এই সময় লালবাতি জ্বালিয়া উঠে এবং শ্রীবসু বসিয়া পড়েন)।

#### Sj. Jatindra Chandra Chakravarty:

স্যার, গতকাল থেকে দেখছি বিভিন্ন সভ্য খাদ্য উৎপাদনের উপর খুব জোর দিয়েছেন যাতে খাদ্যসমস্যার সমাধান করা যায়। আমিও সে সম্পর্কে দ্বিমত নই। কিন্তু একটা জিনিস আমি এখানে দেখছি যে, সরকারপক্ষ থেকেও খাদ্য উৎপাদনের উপর জোর দেওয়া হোক বা না হোক এটা উপলক্ষ করে মন্ত্রী উৎপাদন বাড়িয়েছেন। একজন নৃতন মন্ত্রী হয়েছেন। তিনি নতুন দপ্তরের ভার নেবার পর, যে কথা বলেছেন, যে আশার কথা শুনিয়েছেন, তাতে আমরা দেখছি যে তারা যে পরিকল্পনার কথা বলেছেন--উৎপাদন বাড়াবার জন্য সে পরিকল্পনা হল দীর্ঘ মেয়াদী পরিকল্পনা। আমাদের প্রিয় বন্ধু তরুণকান্তিবাবুর সে কল্পনা কিনা জানি না, তিনি এই পরিকল্পনা কার্যে পরিণত করতে চান। কিন্তু তিনি বোধ হয় জানেন না যে তরুণকান্তিবাবুর পেছনে আর এক বৃদ্ধকান্তি বসে আছেন ডাঃ রায়। সূতরাং কতখানি তিনি সফল হবেন বলতে পারি না। এই দীর্ঘমেয়াদী পরিকল্পনা কার্যকরী করতে গেলে আমাদের এক বছর যে স্বল্পমেয়াদী পরিকল্পনা করা দরকার, সে সম্পর্কে আমি কিছু বলতে চাই। এই স্বন্ধ মেয়াদী পরিকল্পনার সঙ্গে এই কবছরের জন্য সরকার পক্ষ থেকে যে ঘাটতির কথা বলা হয়েছে সেই ঘাটতির সম্বন্ধ এবং উৎপাদনের সম্বন্ধ কি আমি প্রথমে সেটা বলতে চাই। খাদ্যমন্ত্রী মহাশয় আমাদের কাছে যে হোয়াইট পেপার দিয়েছেন বা বিবৃতি দাখিল করেছেন এবং মুখ্যমন্ত্রী ডাঃ রায় যে বিবৃতি দিয়েছেন বা এম পি-র কাছে যে চিঠি লিখেছেন তার মধ্য থেকে দৃটি মূল কথা বা মূল বক্তব্য আমরা দেখতে পাচ্ছি। প্রথম যে কারণ সেটা হল—যারা ভারতবর্ষে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা চালু করতে গিয়ে ইনফ্রেসন, মুদ্রাস্ফীতির চাপ এবং তার জন্য সাধারণ মুল্যামান বৃদ্ধিই এর একটা কারণ, যার জন্য জিনিসপত্তের দর বাড়ছে, খাদ্যশস্যের দর বাড়ছে। দ্বিতীয় হল—ধান, চাল উৎপাদনে ঘাটতি যাচ্ছে, এবং দুষ্প্রাপ্যতা আছে। মুদ্রাস্ফীতির জন্য টাকার দাম কমেছে, জিনিসপত্রের দর বেডেছে—এ দৃটি যুক্তির আড়ালে আজকে আত্মগোপন করে তাদের খাদ্যনীতির যে ব্যর্থতা সেটা তারা লোকচক্ষুর অন্তরালে আনতে চান এবং সেই সমস্ত কায়েমী স্বার্থবাদী ষড়যন্ত্রকারীদের স্বার্থে সাধারণ মানুষের মুখের গ্রাস কেড়ে নিয়ে এই যে জুয়াখেলা খেলছেন সেটা এই সমস্ত যুক্তির আড়ালে ঢেকে রাখতে চান। কারণ এই যে ইনফ্রেসন এটা শুধু বাংলাদেশে নয় সমস্ত ভারতবর্ষ জুড়েই এই ইনফ্রেসন রয়েছে এবং আমরা দেখছি ভারত-সরকারের কৃষি দপ্তরের প্রকাশিত যে পরিসংখ্যান জারনাল এবং রিজার্ভ ব্যাঙ্ক-এর মানথলি বুলেটিনএ বেরিয়েছে—২৮-এ মে মাস থেকে জুলাই মাসের ২৫-এ পর্যন্ত, আমি তা দেখেছি। সমস্ত ভারতবর্ষে চালের দর বেড়েছে, পাইকারী দর ২১.৫ শতাংশ অর্থাৎ টাকায় ৫ আনা ৫ পয়সা আর সেখানে বাংলাদেশে পাইকারী চালের দর বেড়েছে ৬২.৭ শতাংশ অর্থাৎ টাকায় ১০ আনা করে। অর্থাৎ এ পি জৈন এবং এস কে পাতিলের রাজত্বে যে দর বেড়েছে প্রফুল্ল সেন মহাশয় ও ডাঃ রায়ের রাজত্বে বেড়েছে তার ৩ গুণ। এই প্রশ্নের জবাব তাঁর বিবৃতির মধ্যে নাই। ডাঃ রায়ের বিবৃতির মধ্যে পাই নি বা তাঁর কোন চিঠির মধ্যে পাই নি কেন বাংলাদেশের চালের দর সাধরণভাবে ভারতের তিনগুণ বেডেছে। এর জবাব আমরা পাই নি।

[4-20-4-30 p.m.]

এই যে ঘাটতি সেটা কি ঘাটতি যেটা বেড়েছে তার অনুপাত না তার চেয়ে বেশি সেই জবাব আমরা পাই নি। এখন

এই অদ্বৃত অবস্থার সৃষ্টি হয়েছে। ১৯৫৭ সালের তুলনায় ১৯৫৯ সালে, অর্থাৎ চালু বৎসরে উৎপাদন কম হয়েছে বলা হয়েছে ৫ লক্ষ টন। এই ৫ লক্ষ টন যা উৎপাদন কম হয়েছে তা নিয়ে বিধানবাবু এবং প্রফুল্লবাবু খুব খেলা দেখিয়েছেন যা নাকি অর্থনীতির পণ্ডিতদেরও অবাক করে দিয়েছে, এবং তাতে ভারত-সরকারও অবাক হয়ে গিয়েছেন। ভারত-সরকারের কথা বলি—ভারত-সরকারের ডেপৃটি মন্ত্রী—আমি জানি না আশুতোষ মহাশয় এটা জানেন কি না—তিনি কাজ দেখাবার জন্য ব্যস্ত, কিছু বিবৃতি এবং চিঠিপত্র আমাদের কাছে পাঠিয়েছেন—তাতে কমপ্লিমেন্ট হিসাবে লোকসভায় শ্রী এ পি জৈন যে শেষ বক্তৃতা দেন তাতে তিনি যে কথা বলেছেন সেটা আমার কাছে আছে। তার মধ্যে আমরা কি দেখতে পাছি। তাতে শ্রী জৈন কি কথা বলেছেন—তিনি জিজ্ঞাসা করেছেন—

"where is the fault? Have I not made up their full deficit? Did I not give them what is their necessity? Food is not a mathematical calculation. Today you calculate at 15 ounces and tomorrow you are calculating 20 ounces and say that my deficit is 15 lakhs".

এরকমভাবে তিনি বিদ্রূপ করেছেন, কারণ আমরা জানি যে, মাথাপিছু প্রতিদিন ১৫.৩ আউন্স হিসাবে এই বছর ক্মগাস্ট মাস পর্যন্ত বীজশস্য এবং লোক বৃদ্ধির ফলে যে ডেফিসিট হওয়ার কথা সেটা দেখান হয়েছিল কেন্দ্রীয় সরকারের কাছে ৮ লক্ষ ৩৫ হাজার টন। প্রফুল্লবাবু তাঁর হোয়াইট পেপার-এ বিবৃতির মধ্যে বলেছেন সাড়ে ১৬ লক্ষ আউন্স মাথা পিছু ধরে ১৬ লক্ষ টন; বিধানবাবু কাগজে বিবৃতি দিয়েছেন এবং শ্রীব্রিদিব চৌধুরী, এম পি-র কাছে যে চিঠি লিখেছেন তাতে তিনি বলেছেন, যেখানে প্রফুল্লবাবু বলছেন ১৬ লক্ষ টন ১৫.৩ আউন্স করে—সেখানে তিনি বলছেন ১৫.৩ আউন্স মাথাপিছু হিসাবে ১৮ লক্ষ টন। এই চিঠিতে বিধানবাবু আরেকটা চমৎকার কথা বলেছেন, তিনি বলেছেন, actual deficit in a particular year is imponderable. It is impossible therefore to indicate on any basis whatsoever what additional quantity of food grains would be required....

অর্থাৎ ডেফিসিট কি হবে সেটা পর্যন্ত আজকে তাঁরা কিছুতেই বলতে চান না। কত ডেফিসিট? মুখ্যমন্ত্রী ডাঃ রায় একেবারে বেদান্তের মায়ামোহমুক্ত পুরুষের মত নির্বাক! আজকে দেশব্যাপী এক অতলম্পর্শী গল্পর সৃষ্টি হয়েছে বাংলাদেশে খাদ্যের ব্যাপারে—১৯৪৬ সালে ফাইনাল এনকোয়ারি কমিশন যে অতলম্পর্শী গহ্মরের কথা বলেছিলেন, আজকে বাংলাদেশে বিধানবাবু ও প্রফুল্পবাবু তার চেয়েও ভয়াবহ গহ্মর গড়ে তুলেছেন। কেন্দ্রীয় সরকার থেকে কি সাহায্য করা হয়, কত ডেফিসিট, তার বেসিস কি সেটা তাঁরা জানেন কি না? আগস্ট মাসের শেষ সপ্তাহ থেকে সেপ্টেম্বরের শেষ সপ্তাহ পর্যন্ত ঘাটতির হিসাবে তাঁরা এই কারচুপি কেন করছেন? তার একমাত্র কারণ, যে সমস্ত লোক বাজার দর চড়িয়ে দিয়ে লাভবান হয় তাদের প্রতি মমতাবোধ। বিধানবাবু এবং প্রফুল্লবাবু তাঁরা দুইজনই বলেছেন, তাঁরা ব্যর্থ হয়েছেন। বিধানবাবু যে

Economic survey research team

এনেছিলেন এবং তাঁরা যে রিপোর্ট দিয়েছিলেন সেটা ফলাও করে আমাদের দেখাচ্ছেন—কিন্তু আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই, বিশ্বভারতী থেকে যে এ্যাগ্রো-ইকনমিক সার্ভে টিম এনেছিলেন তাঁরা যে রিপোর্ট দিয়েছিলেন যে রিপোর্ট আমাদের কাছে প্রাইম মিনিস্টার পণ্ডিত জওহরলাল নেহরু এবং কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে দেওয়া হয়েছে তাতে এই খাদ্য ঘাটিতি সম্বন্ধে যা বিধানবাবু ফলাও করে দেখাচ্ছেন তাতে এই কথা নাই কেন ? অবিভক্ত বাংলার যে হিসাব এবং ১৯৫১-এর সেলাস রিপোর্ট অনুযায়ী যে হিসাব এই দুটো মিলিয়ে ওয়েস্ট বেঙ্গল স্ট্যাটিস্টিক্যাল ব্যুরো যে কথা বলেছেন সেটা হচ্ছে—৪ একরের বেশি জমি যাদের আছে তাদের সংখ্যা হচ্ছে ৮ লক্ষ ৩ হাজার মাত্র। দ্বিতীয়তঃ, ডাঃ রায় বলেছেন, ২৮এ আগস্ট তিনি যে বিবৃতি দিয়েছেন

The real hoarders were not the traders or the millers but the producers, big and small.

এই বলে তাতে তিনি এ্যাগ্রো-ইকনমিক সার্ভে-এর দোহাই দিয়ে চাষীদের উপর যে দোষ দিয়েছেন তারা নাকি হোর্ড করছে—কিন্তু সেই রিপোর্ট, মাঃ ডেপুটি স্পীকার মহাশয়, আমি এখানে আপনাকে পড়ে শোনাচ্ছি—তা থেকেই বোঝা যাবে আসলে তাঁরা কি বলেছেন এবং এই এ্যাগ্রোইকনমিক সার্ভে রিপোর্ট-এর দোহাই মেরে তিনি সংবাদপত্ত্রে যে বিবৃতি দিয়েছেন তা কত অসত্য ; কারণ, তাঁরা এই রিপোর্ট-এ বলছেন

"The large producers now occupy a position of great importance in the rice economy of the area surveyed. On the one hand they extend credit to small producers on condition of repayment in paddy and thus acquire command over paddy stocks after harvest. On the other hand, they have combined in themselves the functions of wholesale trade and in some cases even milling.

মিলিওনার্স অ্যান্ড লার্জ-স্কেল প্রোডিউসারস তাঁরা আজকে হোর্ড করে রাখছে—এবং এই রিপোর্টের কোন জায়গায় একথা নাই যে, স্মল প্রডিউসার্স যাদের উপর আজকে যে দোষ চাপান হচ্ছে সেই কথা কোথাও স্বীকৃত হয় নি। তৎসত্ত্বেও এরকম হওয়ার কারণ কি? তার কারণ হচ্ছে, জোতদার, পাইকারদের, মিলমালিক এদের চক্র—আমরা একথা জানি সরকার এদের প্রত্যক্ষ প্ররোচিত করেছেন এবং সাহায্য করেছেন। তার নজীরও আমি দেখাব। কন্টাই-এ যে কেস হয়েছে, আমরা দেখতে পেয়েছি সেখানে, উড়িয়া উদ্বন্ত রাজ্য ছিল—সেখানে সীমা বেঁধে দেওয়া হয়েছিল যে ১০০ মণের বেশি রাখা যাবে না; অথচ বাংলাদেশ ঘাটতি রাজ্য হওয়া সত্ত্বেও এখানে বিধানবাবুর সরকার, ১০০ মণ বাড়িয়ে ৩০০ মণ করে দিলেন এবং এই নির্দেশ দিয়েছিলেন যে তারপরও যদি দরখান্ত করা যায় ৩০০ মণের বেশিও রাখা যাবে। কন্টাইর যে কেস-এর কথা আমি বলছিলাম, একটা সাপ্তাহিক কাগজে এই খবরটা বেরিয়েছিল—এবং হিন্দুস্থান স্ট্যাভার্ড, স্ট্রেসম্যান কাগজেও বেরিয়েছিল এবং সেই খবর পণ্ডিত জওহরলাল নেহরুর কাছেও পৌছে দেওয়া হয়েছিল এবং আমার কাছে চিঠিও আছে শ্রীব্রিদিব চৌধরী ভারত-সরকারের ডেপটি মিনিস্টার অব ফড মিঃ টমাস লিখেছিলেন

"Some M.L.As. of Midnapore district represented that a subdivisional officer of Contai had illegally sealed stocks of paddy of some producers of Contai."

আমি জিজ্ঞাসা করতে পারি কি, স্যার, তিন ব্যক্তির অর্থাৎ থাঁদের নাম বেরিয়েছিল ৩০০ মণের বেশি মজুত ঘরে রাখেন বলে তাদের হয়ে কেন ওকালতি করতে গেলেন? এই তিনজনের একজন হচ্ছে, ডেপুটি মিনিস্টার চারু মহাশ্বি মহাশ্ব্য, আরেকজন হচ্ছে ডাঃ রায়ের পেট চিন্তরঞ্জন রায় মহাশ্ব্যের ভায়রাভাই শ্রীসতীশচন্দ্র জানা; আরকজন হচ্ছেন, মেদিনীপুর কংগ্রেস কমিটির প্রেসিডেন্ট শ্রীরাসবিহারী পাল—তারা আপনাদের কাছে তদ্বির করলেন, আপনারা এসমস্ত মজুতদারদের হয়ে ওকালতি করলেন। সুতরাং স্বদ্ধমেয়াদী পরিকল্পনায় কেন্দ্রীয় সরকারের যে সাহায্য পাওয়া যেতে পারে সেই সাহায্য পাওয়া যাবে না।

পরিশেষে আমি বলতে চাই, যতক্ষণ পর্যন্ত বাংলাদেশের গদীতে বিধানবাবু ও প্রফুল্লবাবু আছেন ততক্ষণ পর্যন্ত আমাদের খাদ্য সংকট মোচন হবে না।

[4-30-4-40 p.m.]

# Sj. Ananda Gopal Mukhopadhyay:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, খাদ্য সম্বন্ধে বিতর্কে অংশ গ্রহণ করে আপনার মাধ্যমে কয়েকটি তথ্য এই হাউসের সামনে রাখতে চাই। এই বিতর্কের আলোচনায় আমরা জেনেছি যে বাংলাদেশে খাদ্যের ঘাটতির পরিমাণ সরকারী তথ্য থেকে ৮.৩৫ লক্ষ টন। আমরা বাংলাদেশের অধিবাসী হিসেবে যে সমস্যা আজকে চরম হয়ে দেখা দিয়েছে সেই সমস্যা কি করে সমাধান করা যায় তার সম্বন্ধে বিধানসভায় আলোচনা না করে এই বিধানসভার মাধ্যমে বাংলাদেশে যে খাদ্য সমস্যা আছে, যে ঘাটতি আছে তার সুযোগ নিয়ে রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধ করব কি না তা বিচার করবার সময় এসেছে। আমাদের এই বিধানসভার মাধ্যমে এই সমস্যা সমাধান করবার যদি কোন সুস্পষ্ট পথ বার করতে পারি তাহলেই তা দেশের পক্ষে মঙ্গল হবে। কিন্তু তা করে যদি বৃথা নিজেদের মধ্যে গালাগালি করে রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধি করতে চাই তাহলে দেশের সামনে আছে তা আরও জটিল হয়ে দেখা দেবে। এই সমস্যা সমাধান করবার জন্য সরকার যে পথ গ্রহণ করেছেন সে পথ সঙ্গত কিনা আজ্ব আমাদের তাই বিচার করতে হবে। আমরা দেখেছি বাংলাদেশের বাজারে চালের দাম যখন বেড়ে যাছিল তখন পশ্চিমবংগ-সরকার সক্রিয়ভাবে চিন্তা করেছিলেন যে মূল্য নিয়ন্ত্রণ করে এই দাম কমান যায় কি না। বিরোধী পক্ষের সদস্যেরা পশ্চিমবংগ-সরকারের সেই চিন্তার সঙ্গের সঙ্গতে রখে মূল্য নিয়ন্ত্রণ বিধিকে সমর্থন জানিয়েছিলেন। কংগ্রেস সরকার মূল্য নিয়ন্ত্রণ করে বাজারেক যাতে কমান যায় তার জন্য আইন প্রণয়ন করেছিলেন—কেন্দ্রীয় সরকার নিমরাজী হয়ে সেদিন পশ্চিমবংগ-সরকারের এই কাজকে সমর্থন জানিয়েছিলেন। কিন্তু

দেখা গেল বাজার তাতে কমল না। প্রথম দিকে কমে পরে আবার বেডে চলতে লাগল। বাজারে ধানচাল আসা বন্ধ হয়ে। গেল। পশ্চিমবংগ-সরকার ঠিক সেই সময় কি উপায়ে বাজারে চালের দর কমান যায়, কি উপায়ে সাধারণ মানুষের কাছে চাল ক্রয়যোগ্য হয় তার জন্য চিন্তা করলেন এবং তার ফলে কন্ট্রোল অর্ডার উইথড় করে দিলেন। কিন্তু আজকে পশ্চিমবংগ-সরকারের সেই কাজ সমালোচনার বিষয় হয়ে দাঁডিয়েছে। আমি মনে করি সেদিন পশ্চিমবংগ-সরকার দেশের মঙ্গলের কথা চিস্তা করে যা উচিত এবং ন্যায় বিবেচনা করেছিলেন তাই করেছেন। কিন্তু আন্তে আন্তে দেখা গেল তাদের কাজের ফল ভাল হয়নি। তারা যখন কন্ট্রোল অর্ডার উইথড় করেন দেশের কল্যাণের কথা চিন্তা করে। কিন্তু এর পেছনে উদ্দেশ্যের কথা যাঁরা ভাবেন আমি মনে করি তাঁদের মানসিক চিন্তাধারা বিকারগ্রন্ত। পশ্চিমবংগ-সরকার দেশকে সমস্যামুক্ত করে নিয়ে যাবার জন্য চেষ্টা করেন যাতে সাধারণ মানুষের মধ্যে সুখ-সমৃদ্ধি ফিরে আসে। কিন্তু আমরা প্রত্যেকে জানি যে এটা খেলার বস্তু নয়। অথচ বিরোধী পক্ষের বন্ধরা, ময়দানে, বিধানসভায় ওজস্বীনি ভাষায় বলেছে যে আমরাই খাদ্য সমস্যার সমাধান করতে পারি। আমি বলব যে সেদিনই তাঁরা তাঁদের যোগ্যতা না হয় দেখিয়ে দেবেন। ভারতবর্ষের মধ্যে যে কটি প্রদেশে খাদ্যসমস্যা প্রকট তার মধ্যে পশ্চিমবংগ কংগ্রেস শাসিত এবং কেরালা কমিউনিস্ট শাসিত এই দটো অন্যতম। কেরালায় কমিউনিস্ট শাসনে খাদ্যের যা মূল্য ছিল আর পশ্চিমবাংলায় যা ছিল তা যদি তুলনা করি তাহলে দেখব সেখানে খাদ্যশস্যের মূল্য এখানকার চেয়ে বেশি ছিল। একথা কমিউনিস্ট বন্ধদের অস্বীকার করার সাহস আছে কি যে এই ব্যাপারে কেরালা ব্যর্থতায় পর্যবসিত হয়েছিলেন। সেখানে তাঁদের পেছনে মজতদারদের সমর্থন ছিল। অতএব আমি কি করে মনে করব যে পশ্চিমবংগ-সরকারের জনস্বার্থবিরোধী অন্য উদ্দেশ্য আছে। সেদিন কেরালায় যে অবস্থা ছিল তার সঙ্গে পশ্চিমবংগের অবস্থা আলোচনা করে মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আপনার সামনে আমি দুটি কথা বলতে চাই। সেটা হচ্ছে এই যে পশ্চিমবংগে যেদিন থেকে

Price control order introduced

হয়েছিল এবং যেদিনে সেটা তুলে দেওয়া হোল তার বিরুদ্ধে কমিউনিস্ট পার্টির বন্ধুরা অভিযোগ এনেছেন যে সরকারের পক্ষ থেকে প্রাইস কন্ট্রোল অর্ডার চালু করার চেষ্টা হয় নি এবং এতে জোতদার, মজুতদার ও মিলমালিকদের সমর্থন ছিল। আমি আপনার সামনে এই তথ্য তুলে ধরতে চাই এবং বলব যে যদি এই তথ্যের মধ্যে ভ্রান্তি দেখাতে পারে তাহলে মাথা পেতে নেব। এটা কি সত্য নয় যে, প্রাইস কন্ট্রোল অর্ডার ১-১-৫৯ থেকে ২৩-৬-৫৯ পর্যন্ত চালু থাকে এবং তাতে

Total number of fare price shops
হয়েছিল ৮১৫টি। এটা কি সত্য নয় যে
Total number of wholesale dealers prosecuted
হয়েছিল ২৫৭টি। এটা কি সত্য নয় যে
total number of retail dealers posecuted
হয়েছিল ৫৯৬ জন,
total number of persons convicted
যদি দেখি তাহলে দেখব যে ৩৪২ জন।
Total number of persons discharged
হয়েছিল কোট থেকে ৫২ জন।
wholesale dealers convicted in court

৬৪ জন এবং ১৯টি মিলের বিরুদ্ধে যে কেস চালু আছে তা এখনও কোর্টে-এ পেন্ডিং আছে। এই তথ্য সামনে রেখে আমি কমিউনিস্ট বন্ধুদের জিজ্ঞাসা করি যে কেরালায় যখন মূল্যবৃদ্ধি হয়েছিল তখন কটা কেস হয়েছিল? একজন, দৃজনেরও কি নাম করতে পারেন? কেরালায় রাইস ডিল নিয়ে যে কেলেঙ্কারি হয়েছিল তা সারা ভারতবর্ষের অজানা নয়। আমরা আজ সেখানকার অবস্থার সঙ্গে পশ্চিমবংগের তুলনা করব, চালের ঘাটতির জন্য যখন পশ্চিমবংগে মূল্যবৃদ্ধি হয়েছিল তখন এখানকার সরকার সাহস করেছিলেন চাল ইনটারনাল প্রকিওরমেন্ট করার কিন্তু অনেকে এখানে বলেছেন

যে ইনটারনাল প্রকিওরমেন্ট জোর করে করা হয় নি। আমি বিরোধী পক্ষের কমিউনিস্ট বন্ধুদের জিজ্ঞাসা করি যে কেরালায় ইনটারনাল প্রকিওরমেন্ট কতটুকু হয়েছিল, এটা কি সত্য যে মাত্র ২১ টন ইনটারনাল প্রকিওরমেন্ট-এ এই ধান নেওয়া হয়েছিল? আমি জিজ্ঞাসা করি আজ যখন সেখানকার জনসাধারণের চাল কিনবার মত অবস্থা নেই এবং মূল্যবৃদ্ধি যখন ৪০/৪৫-এ উঠেছে তখনও যদি সেখানকার সরকার ইনটারনাল প্রকিওরমেন্ট না করে থাকেন, যদি হোর্ডারসদের এগেনস্ট-এ কোন রকম অ্যাকশন না নিয়ে থাকেন তাহলে তাঁরা জনস্বার্থবিরোধী কার্যে লিপ্ত নয়—আর জনস্বার্থবিরোধী কার্যে লিপ্ত হোলো আমাদের এই পশ্চিমবংগ সরকার।

[4-40-4-50 p.m.]

কিন্তু পশ্চিমবংগের কমিউনিস্ট পার্টির ইতিহাস হচ্ছে কলঙ্কের, বিশ্বাসঘাতকতার ও দেশদ্রোহিতার ইতিহাস। তার জন্ম থেকে আজ অবধি ভারতবর্ষের মাটিতে যে ইতিহাস লেখা আছে তা আজ সারা ভারতবর্ষের লোক জানে। আজ এই খাদ্য সমস্যাকে মেটাবার জন্য পশ্চিমবংগের যে আন্দোলন গড়ে তুলবার কথা তারা বলেছেন, আমি বলব যে পশ্চিমবংগের খাদ্য সমস্যাকে মেটাবার জন্য তারা আন্দোলন করেন নি—কেরালায় তাদের গায়ে যে জ্বালা ধরেছিল তারই ফল হিসাবে আজ পশ্চিমবাংলায় আন্দোলন করবার চেষ্টা করেছেন। তারা পশ্চিমবাংলায় আন্দোলন করে পশ্চিমবাংলার মানুষের খাদ্য সমস্যা সমাধান করতে চান না কারণ পশ্চিমবাংলার খাদ্য সমস্যার সমাধান হলে তাদের নিজেদের খাদ্য সমস্যা দেখা দেবে।

#### Sj. Amarendra Nath Basu:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার খাদ্যের উপর আলোচনা করবার মোটেই ইচ্ছা ছিল না। খাদ্যমন্ত্রী শ্রীপ্রফুল্ল সেন যতদিন ঐ আসনে বসে থাকবেন ইচ্ছা ছিল আমি ততদিন খাদ্যের আলোচনা করব না। এটা শুধু আমার ইচ্ছা নয়, এটা বাংলাদেশের মানুষের ইচ্ছা। কিন্তু বিধানসভার সভ্য হিসাবে দুটো কথা বলা প্রয়োজন। শুধু সেই জন্যই আমি বলতে উঠেছি। পূর্বে কংগ্রেসের দুজন ব্যক্তি বলেছেন যে আন্দোলনের দ্বারা খাদ্য সমস্যার সমাধান হয় না। তাই তাঁদের আপনার মাধ্যমে একথা বলতে চাই যে আমরা আন্দোলন কবে আরম্ভ করেছি। আপনারা মনে করুন শ্রীসিদ্ধার্থ রায় যখন মন্ত্রীত্ব থেকে পদত্যাগ করিয়াছিলেন তখন তিনি মন্ত্রীমণ্ডলীর বিরুদ্ধে অভিযোগ আনিয়া সুস্পষ্ট ভাষায় বলিয়াছিলেন যে এই অযোগ্য এবং অসাধু খাদ্যমন্ত্রী যতদিন থাকিবে ততদিন এদেশের মঙ্গল হবে না। তাঁর পদত্যাগের পর তাঁর নির্বাচন হয়েছিল এবং সেই নির্বাচনের মাধ্যমে দক্ষিণ কলিকাতার মান্য তাঁর মতকে সমর্থন করে তাঁকে জিতিয়ে দিয়ে এই কথাই জানিয়ে দিয়েছিল যে শ্রীসিদ্ধার্থ রায় এই সভায় যা বলিয়াছিলেন তা সমস্তই সত্য। কংগ্রেস মন্ত্রীসভার গণতন্ত্রে যদি বিশ্বাস থাকে গণতন্ত্রের কথা যদি তাঁরা বলেন তাহলে সেদিনই তাদের বিবেচনা করা উচিত ছিল যে তাঁরা তথা গভর্নমেন্ট খাদ্যমন্ত্রী শ্রীপ্রফুল্ল সেনকে রাখবেন কি রাখবেন না। আলোচনা আমরা করিনি? মনে করুন, ৭ বৎসর না হোক অন্ততঃ ৪ বৎসর ধরে এই খাদ্য ব্যাপারে আলোচনা হচ্ছে বিধানসভায়, উপদেষ্টা কমিটিতে দিনের পর দিন। আমাদের সমস্ত কথা ওরা শুনেছেন কিন্তু উপেক্ষা করেছেন। উপদেষ্টা পরিষদের মধ্যে আমরা যেসব আলোচনা করেছি সেইসব আলোচনা যুক্তিযুক্ত আলোচনা ছিল। আমরা আজকে যা বলি সেটা ঘটে যায় ২ মাস বাদে। আমরা দেখেছি যে কংগ্রেস পক্ষের সদস্যরা এবং কংগ্রেস পক্ষের মন্ত্রীরাও আমাদের সেইসব কথায় মোটেই কান দেন না। যখন আমাদের এই অবস্থা হল, যখন আমরা উপদেষ্টা কমিটি থেকে চলে এলাম তখন আমরা একথা জানিয়ে দিয়েছিলাম যে আমাদের আন্দোলন ছাড়া আর কোন পথ নেই। কিন্তু আন্দোলনের কি চেহারা ছিল তা আপনারা দেখেছেন। ৩ মাস ধরে আন্তে আন্তে ধীরে ধীরে এই আন্দোলন করেছি। আমরা একথা কোন দিনই চিন্তা করিনি যে আমরা দেশে অশান্তি সৃষ্টি করব, বিশৃত্বলভাবে আইন অমান্য করব। আমরা পরিষ্কারভাবে একথা ময়দানে রেখেছিলাম। শ্রীযুক্তা মণিকুন্তলা সেন বলেছিলেন যে আমরা আজকে যে রাইটার্স বিল্ডিসং-এর দিকে যাচিছ তা এই উদ্দেশ্যে নয় যে আমরা বিধানবাবুর আসনে হেমন্তবাবুকে বসাব। আমরা সেখানে আমাদের দাবি জানাবো, এ ছাড়া আমাদের আর কিছু কথা ছিল না কিন্তু এই আন্দোলনকে বিপথে নিয়ে গেছেন যাঁরা মন্ত্রীর আসনে বসে আছেন তাঁরা। আমি পুলিসকে দোষ দিঁই না। ৩১ তারিখে রাত্রে তারা যে ব্যবহার করেছে, বিরাট জনতার উপর সেই কাজ করবার ক্ষমতা তাদের হোত না যদি না ডাঃ বিধানচন্দ্র রায় বা কালীপদ মুখান্দ্রী মহাশয় তাদের কোন রকম নির্দেশ দিতেন। শান্তি

এবং শৃষ্খলা বজায় রেখে যারা আইন অমান্য করতে যাচ্ছে তাঁদের উপর এই রকম নির্মমভাবে এবং নিষ্ঠুরভাবে অত্যাচার করার ক্ষমতা পূলিসের নেই যদি না মন্ত্রীদের কাছ থেকে কোন নির্দেশ আসে। আমার এদিককার ২/১ জন বন্ধু সেকথা বলেছেন এবং বলবার সময় তাঁদের ভাষাটা আর একটু ভাল হোলে হয়ত ভাল হোত, কিন্তু আমি একথা বলবো, যে ব্যবহার সেদিন পলিস করেছে তা যদি কোন মানুষ দেখতো তাহলে সে পাগল না হয়ে গিয়ে পারতো না। আমি একথা ভাবছিলাম যে, কংগ্রেসের যাঁরা মন্ত্রী আছেন তাঁদের মধ্যে কি একজনও মানুষ নেই? আছেন, বিমল সিংহ মহাশয় আছেন, আমেদ সাহেব, ভূপতি মজুমদার মহাশয় আছেন। তাঁদের কি এটা প্রাণে লাগে নি ? তাঁরা কি বলতে পারেন না যে, মন্ত্রিত্বের মোহ আমাদের নেই—আমাদের বাংলার ছেলেমেয়েদের এরকমভাবে লাঠি মেরে গুলি করে শেষ করে দেবে? তাঁদের দাবি অতি সামান্য তাঁরা বেচে থাকতে চায়, দুটো ভাত খেতে চায়, একটা চাকরি চায়। এটা কি এমন দাবি যে তার বিনিময়ে তারা সরকারের কাছ থেকে পাবে লাঠি আর গুলি? এ জিনিস আমি কোনদিন কল্পনাও করতে পারি না। আমি আশা করেছিলাম এইসব মানুষ যেখানে মন্ত্রীত্বে আছেন—যাঁদের প্রতি আমার যথেষ্ট শ্রদ্ধা আছে তাঁরা এগিয়ে এসে বলবেন অতান্ত মন্ত্রীসভায় বলবেন যে আমরা মন্ত্রীত্ব ছেডে দেবো যদি এইভাবে নির্বিচারে নিরীহ মানুষের উপর গুলি চালানো হয়। আপনারা খোঁজ নিয়ে দেখবেন যাঁরা মারা গেছেন তাঁরা কারা (শ্রীনেপালচন্দ্র রায় ঃ গুগুারা)। মোটেই নয়, আমি এ বিশ্বাস করি না। আমি আপনাদের কাছে বলবো সেদিন থানায় যেসব অত্যাচার হয়েছিল তা । খোঁজ আপনারা নিন—বডতলা থানা, মচিপাড়া থানা, টালীগঞ্জ থানা ইত্যাদি থানায় নির্মমভাবে যেসব লোককে মেরেছে তার খবর নিন, তার তথ্য সংগ্রহ করন। সেজন্য জেলখানায় যখন আমার এম পি বন্ধুরা দেখা করতে গিয়েছিলেন তখন আমি তাঁদের কাছে একথা বলেছিলাম যে গ্রামে এক সের চাল বেশি দাও কি কম দাও, শহরের মানুষকে ১৭ টাকা কি ১৮ টাকা দরে চাল দাও সে চিন্তা আজ আন্দোলনকারীদের মনে নেই। আজকে যে পূলিসের গুলিতে জনসাধারণের বুকের রক্তে কোলকাতার রাজপথ ভিজে গেছে—তার কি প্রতিকার হবে? যতদিন না তার প্রতিকার হয় ততদিন এর শেষ নেই। আমি এজন্য অত্যন্ত দুঃখীত যে এত বিরক্তির ভাব আমাদের মুখ্যমন্ত্রীর উপর ছিল না কিন্তু আমি আজ দেখছি যে তিনি বাংলাকে ড়বিয়ে দিতে যাচ্ছেন-বাংলার কংগ্রেস তো ডুবেই গেছে।

[4-50—5 p.m.]

বাংলার ছাত্রদের মনে এমন একটা ভাব জাগিয়ে তুলেছেন যে তারা গণতন্ত্রের উপর বিশ্বাস হারাতে বসেছে। তারা আজ কোন পথে যাবে? সে পথ ত আবার দায়িত্বহীন। আবার তাঁরা হয়ত বলবেন বিরোধী দলগুলি ঠেলে দিচ্ছেন তাদের সেই পথে। কিন্তু আমি বলব আজ কংগ্রেস সরকারই ঠেলে দিচ্ছেন ছাত্রদের সেই পথ অবলম্বন করতে। তাঁরা কেন ঠেলে দিচ্ছেন? কি কারণে তাঁরা এমন করছেন? তাঁদের মনে হয়ত এই ধারণা আছে যে যদি প্রফুল্ল সেন মহাশয়কে গদীচ্যুত করা যায় তাহলে কংগ্রেসের ইজ্জৎ যাবে। কংগ্রেস যদি ঠিক করে যে এইরকম একজন অসাধু মন্ত্রীকে তাড়াবে, তাকে আর গদীতে রাখবে না, তাতে কংগ্রেসের ইজ্জৎ বাড়বে, তাতে কংগ্রেসের ইজ্জৎ যাবে না। আমাদের দাবি অত্যন্ত কম। আপনি চিন্তা করুন—খাদ্য আন্দোলন সম্পর্কে সমন্ত্র আটক বন্দীদের মুক্তি দিন। দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির নেতাদের সঙ্গে আলোচনা করুন। এই মনোভাব আর পোষণ করে রাখবেন না যে—"যতক্ষণ পর্যন্ত না আপনারা আন্দোলন বন্ধ করছেন, ততক্ষণ পর্যন্ত আমরা কিছু করবো না।"

বাংলার ছাত্রদের এই আন্দোলন আপনারা বন্ধ করতে পারবেন না। তারা যে হামলা হাতে নিয়েছে, তারা তাদের দাবি আদায় করবার জন্য এগিয়ে যাচ্ছে এবং আরও এগিয়ে যাবেই যাবে। আপনারা কিছুতেই তাদের ঠেকাতে পারবেন না। আপনি কি বাংলার আন্দোলনের কথা ভূলে গিয়েছেন? আজ সেই আন্দোলন কোথায় চলে গিয়েছে। আপনারা সমস্ত বিষয় ভাল করে চিন্তা করুন। আপনাদের কথা হছে প্রফুল্লবাবুকে বাঁচাতে হবে। তার জন্য কালীবাবুকেও এই অবস্থায় পড়তে হয়েছে—শুধু একজন মন্ত্রীকে রক্ষা করবার জন্য আপনারা এইরকম একটা অবস্থা দেশের মধ্যে সৃষ্টি করছেন এবং যার জন্য আপনারা সম্পূর্ণ দায়ী। আমি আমার শেষ কথা বলে যাছি এই খাদ্য আন্দোলন থামবে না যতক্ষণ পর্যন্ত না আপনারা তাদের দাবি পূরণ করছেন। যাঁরা খাদ্য আন্দোলনের দাবি নিয়ে সংগ্রাম করছেন, তাঁদের সঙ্গে যতক্ষণ পর্যন্ত না আপনারা আলোচনা করছেন ততক্ষণ পর্যন্ত এই আন্দোলন চলতেই থাকবে।

Shri Siddhartha Sankar Ray: Mr. Deputy Speaker, Sir, the time at my disposal is short but

the problems are many. I therefore propose to deal with only one or two aspects of the questions before the House today. In the first place I shall not try to prove that which has been proved hundred times over, namely, that the Government's food policy has totally failed and that our Food Minister has earned for himself the reputation of being thoroughly inefficient. I think, thanks to the great work done by the leaders of the Durvikshya Pratirodh Committee as well as the Press which is popularly known as the fourth State of the realm, the people of Bengal have accepted that as a recognised fact. But what I wish to do is to make a few points without introducing any acrimony or heat into this placid atmosphere of the House today.

My first point is this that our motoo must be first and foremost—produce or perish. Produce if you want to live, do not produce and be condemned. Time has come for the Government to evaluate the benefits that our State has actually received from the giant river valley schemes, time has come for the Government to let us know as to whether the large tracts of fields on both sides of the canals dug with the help of lakhs and lakhs of peoples' money are actually being cultivated or not, time has come for the Government to tell us what actually in pound, shilling and pence or I should rather say in maunds and seers have we gained from these canals and from these river valley schemes. I may be misinformed but all that I wish to say in this that we have not been really benefited by these river valley projects. Some production perhaps has been increased but not to the extent as was expected when these high-sounding schemes were put into action. I would, therefore, request Dr. Roy, I would ask him to rise to the occassion and to see that propaganda is carried on both sides of the large tracts of the canals not only by himself and his party but by every other party in this House.

I want public meetings to be arranged by the Publicity Department of the Government of West Bengal in which the speaker will not only be Dr. Bidhan Chandra Roy but also Shri Jyoti Basu, Shri Hemanta Basu, Shri Amar Basu, Dr. Prafulla Chandra Ghosh and others. I want all parties to forget the differences on the food front because this is a serious problem, a problem which unless solved will land us in ruin, wil completely mark us as negligent and inefficient people, will completely damn us, if I may use the expression, for all time to come and the posterity will call us as people who have ruined the State of West Bengal. All political parties must co-operate on this issue. There cannot be any question about it and we should act as mature men and not as the persons that we saw the other day. All of us disgraced ourselves on the last occasion. There cannot be any question about it. On the last day when shoes were being hurled, one thought that we instead of being in this August Assembly were acting perhaps as inhabitants of a monkey house. I appreciate the statement that I saw in one of the papers that the damage that was caused the other day to the State in this House should be realised by the imposition of a punitive fine upon each and every member of the House. I think we owe it to the nation. We are all here. I take the responsibility and I am sure Dr. Bidhan Chandra Roy also takes the responsibility.

## এক হাতে তালি বাজে না।

But I am not going into the merits or demerits of the questions. I am appealing to the House that unless this question of production is solved, there can never be a solution of the food problem. It is a deplorable state to see the Chief Minister and our Government going on yearly pilgrimage to New Delhi in July, October and September begging for more and more tons of rice and wheat. This is a thing which we must stop. It is a thing which is connected with the honour of Bengal and the Bengalees and we must see that production is increased. How this production will be increased has to be decided if Dr. Roy rises to the occasion and seeks, he co-operation of the parties opposite him. In fact, I want to make this offer to the Chief Minister here and now. Will you

please ask Shri Jyoti Basu, Shri Niranjan Sen Gupta, Shri Amar Bose, Dr. Prafulla Chandra Ghosh, Shri Hemanta Basu, Shri Jatin Chakravorty and Shri Subodh Banerjee—I am not sure whether I have mentioned all the names—will you please here and now ask them all to come to your room and as jurors sit round the table and discuss the matter and please come out with an unanimous decision? That will solve all the problems including the present food movement, and this has to be done in the name of Bengal. I would request Dr. Roy to do this here and now. Please invite into your room the leaders of the parties in the House irrespective of the fact whether the food movement is called off or not. People will say that even your virtues have aged. What was your previous capacity for practical and immediate solution has been now transformed into total incapacity and that what was previously your firmness has now degenerated into sheer obstinacy. Let not people say this. I beseech you. I beg of you, when the House will rise at five, will you please here and now, as soon as I sit down, invite the leaders and ask them to go to your room and suggest as mature men-not as those who had created the trouble the other day, whether from this or that side of the House—a way out to solve this problem in West Bengal once and for all? Remember that in two years our deficit has gone up to 52 lakh tons. Where do we stand? Can't you realise this?

[5—5-20 p.m.]

It is no use making speeches, it is no use making accusations. The fact of the matter is that we have failed to produce and production should be our watch-word. Unless that is done we shall fail. Mr. Patil, our Food Minister, has said that the crisis is a crisis of confidence. I would prefer the crisis to be called a crisis of production. Of course the crisis of confidence is correlated to the crisis of production. You cannot produce unless you have confidence—and you cannot have confidence—that is another matter with regard to which I want Dr. B. C. Roy to pay his attention you cannot have confidence if you have a man like Shri Prafulla Chandra Sen as Food Minister of West Bengal. I know, I have heard it from authoritative quarters, Shri Prafulla Chandra Sen is quitting by December, 1959. It is a recognised fact that he is quitting the Food Ministry but not the Ministry. There should be no prestige lost in declaring it openly that Shri Prafulla Sen will go, that in effect that will be done. If you say that the principal hurdle will have been crossed. We shall be looking forward to the day when we can solve the problem sitting across the table. Mr. Prafulla Sen is not in the Houe. It is not dishonourable in a democracy, if this is really a democracy, for a Minister to resign admitting that he has failed. It does not lower him down in public estimation. If anything, it enhances his reputation as a man of character and integrity. But the question is, will Shri Prafulla Sen behave as a man of character and integrity? That is the question before the House and we shall wait to see what answer the Chief-Minister and the Food Minister give to this question.

Thank you, Sir.

[At this stage the House adjourned for 15 minutes.]

[5-20-5-30 p.m.]

# Sj. Samar Mukhopadhyay:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের সরকার যে ফুড পলিসি ডিক্লেয়ার করেছেন, নৃতন তাঁর স্টেটমেন্টে, আমি সে সম্পর্কে বিশেষ কিছু বলছি না। এই সম্পর্কে যথেষ্ট আলোচনা হয়েছে এবং অনেক বন্ধু সরকারের কাছে আবেদন করেছেন, অনেক সদিচ্ছা প্রকাশ করেছেন যাতে সরকার বিভিন্ন পয়েন্ট বিবেচনা করেন। কিন্তু এই সব আবেদনের কি যে পরিণতি হবে সে আমারা জানি। কেন না—কোন একটা পলিসির যদি মূলে গলদ থাকে তাহলে সেটাকে বদলান

অথবা কিছু অভিজ্ঞতার বিনিময়ে করা সম্ভব নয়। পলিসিটাকে শুধু আইসোলেটেড ওয়েতে দেখা ঠিক হবে না কেন না, বিভিন্ন পলিসির পেছনে যে ইন্টারেস্ট....

Shri Ganesh Ghosh: Mr. Deputy Speaker neither the Chief Minister nor the Food Minister is there. You must ask the Chief Minister to come.

## Sj. Samar Mukhopadhyay:

একটা মূল জিনিস আমাদের সব সময় মনে রাখা দরকার কেন না politics is the reflection of economy.

এবং কোন পলিসি কখনও ইকনমিকে বাদ দিয়ে ক্লাস ইন্টারেস্টকে বাদ দিয়ে ডিটারমিন হয় না. সেজন্য কোন পলিসির পেছনে কোন কোন ইন্টারেস্ট প্লে করছে তাকে ডিফেন্ড করছে সেই মূলে যতক্ষণ না পৌঁছতে পারি ততক্ষণ আমরা সেই পলিসিকে বুঝতে পাচ্ছি না। এই পলিসিকে পরিবর্তন করা কিভাবে সম্ভব? যতই গবেষণা হোক, যতই এক্সপার্ট কমিটি হোক, যতই পরিকল্পনা এখানে হোক, যতদিন গভর্নমেন্ট ভেস্টেড ইন্টারেস্টকে ডিফেন্ড করার জন্য তাঁর সমস্ত শক্তি নিয়োগ করবে ততদিন এই ফুড ক্রাইসিস-এর সলিউসন কিছুতেই সম্ভব নয়। এবং এই যে খাদ্য আন্দোলন হচ্ছে এটা এই নয় যে কয়েকটা পার্টি মিলে আর একটা পার্টির বিরুদ্ধে কিংবা একটা সেকশন আর একটা সেকশন-এর বিরুদ্ধে লড়াই। এই আন্দোলন হচ্ছে ফুড পলিসিকে বদলানোর জন্য যাতে পিপল ফুড পায়। এই পলিসি বদলালে ভেস্টেড ইন্টারেস্ট-এর ক্ষতি হবে, সেই ভেস্টেড ইন্টারেস্ট-এর ক্ষতি করে পিপল-এর হাতে ফুড এনে দিয়ে এই গভর্নমেন্ট নিজেরা সেই কাজ করবে এ সম্ভব নয়। তার বদলে প্রফিটিয়ারস, হোর্ডার্সদের ডিফেন্ড করার জন্য তাদের সাধারণ মানুষকে গুলি করতে এতটুকু কুষ্ঠা নাই এবং ইতিহাসে এই ক্যাপিটালিস্ট সোসাইটির ভেস্টেড ইন্টারেস্ট যেখানে রুল করে সেখানে তারা বার বার মানুষকে হত্যা করে, ভেস্টেড ইন্টারেস্টকে রক্ষা করার জন্য। এত লক্ষ লক্ষ লোক এই আন্দোলনে যোগদান করা সত্ত্বেও এই গভর্নমেন্ট মূলতঃ তাদের পলিসির কোন পরিবর্তন করে নি। তারা যে-সমস্ত স্কিম করেছে, মডিফায়েড রেশন বাডিয়ে দেওয়া হয়েছে এবং ১ কোটি ৭৬ লক্ষ লোককে মডিফায়েড রেশনিং-এর বেনিফিট-এর মধ্যে আনা হয়েছে এই সমস্তই যা স্টেটমেন্ট-এ আছে তার রিয়ালিটির সঙ্গে কতটা সংযোগ আছে তার দুই একটা তথ্য আমি দেব। পলিসিগত ব্যাপারে আমি বিশেষ আলোচনায় যাচ্ছি না। হাওডায় ঝাকডদায় রিটেলার হরিময় মুখার্জি গত সপ্তাহে ১১০ মণ সাপ্লাই চেয়েছিলেন, পেয়েছেন ৪২ মণ। পশুপতি হাজরার দরকার ৭০ মন, পেয়েছেন ২৭ মণ। দেবেন প্রামাণিকের দরকার ১০০ মণ, পেয়েছেন ৪০ মণ, গোষ্ঠ মাঝির দরকার ৬৫ মণ, পেয়েছেন ৩৬ মণ, শতীশ কাঁডার দরকার ১১০ মণ, পেয়েছেন ৩৭ মণ। এই রকমে বিভিন্ন থানায় এইসব দোকানদারদের সাপ্লাই দেওয়া হয়েছে। এবং তার মধ্যেও কোন রেগুলারিটি নাই, হয়তো কোন সপ্তাহে কোটা বেশি গেল আর এক সপ্তাহে অনেক কম। তারপর বলা হয়েছে, বি ক্লাস, সি ক্লাস এই উভয়কে মডিফায়েড রেশনি-এর বেনিফিট-এর মধ্যে আনতে হবে। কিন্তু এই যে ক্লাসিফিকেশন তা বহুক্ষেত্রে ইউনিয়ন বেসিস-এ করা হয় নি। যেমন, ডোমজুড এলাকার ফুড ডিপার্টমেন্ট-এর এরিয়া ইন্সপেক্টরকে বলা হয়েছে, তিনি ঠিক করে দেবেন, কিন্তু এটা তাঁর পক্ষে করা সম্ভব নয়। তা ছাড়া গ্রামাঞ্চলে যে রিলিফ-এর ব্যবস্থা করা হয়েছে তা অত্যন্ত ইনসাফিসিয়েন্ট, যাতে যারা প্রকৃত দুস্থ তাদের একটা বৃহত্তম অংশ কোন বেনিফিট পায় না। তারপর, ইউনিয়ন বেসিসএ যে ডেস্টিটিউট লিস্ট করা হয় সেই লিস্ট অনুযায়ী কিভাবে সাপ্লাই হয় দেখুন—ঝাপড়দহ ইউনিয়নে দুঃস্থ ফ্যামিলির সংখ্যা হচ্ছে ৬০০ এবং রিলিফ পাচেছ ২০০, দক্ষিণ ঝাঁপড়দহ ইউনিয়নে দুঃস্থ ঘরের সংখ্যা হচ্ছে ৮০০ ঘর, পাচেছ ১০০ ঘর। কোলেভাতে ৭০০ দৃঃস্থ ঘরের সংখ্যা. পাচ্ছে ৫৮ ঘর। কোডী ইউনিয়নে ৯০০ ঘর দৃঃস্থ পাচ্ছে ৫০ ঘর। এরকমভাবে রিলিফ দেওয়া হয়—তার যে তথ্য আমরা সংগ্রহ করতে পেরেছি তাই এখানে দিলাম। তা ছাড়া এগ্রিকালচারাল লোন-এর কথা—যারা বছদিন থেকে এগ্রিকালচারাল লোন-এর জন্য দরখান্ত করেছে তাদের অধিকাংশ লোকই পায় নি—যেমন. আমতা থানার অধীনস্থ ফুলিয়া ইউনিয়নের একজন মেম্বার বললেন, বৈশাখ মাসে যেসব দরখান্ত করা হয়েছে সেগুলি সার্কেল অফিসার-এর কাছে জমা পড়ে রয়েছে। একটা দরখান্তের জবাবও দেওয়া হয়নি। তারপর cattle purchase loan, group loan

যা দেওয়া হয় তা অত্যন্ত ইনসাফিসিয়েন্ট। এই অবস্থায় সেখানে চালের দাম হ হ করে বেড়ে যাচ্ছে। এই রবিবার

আমি সেখানে ঘুরে এসেছি—সেখানে কোর্স রাইস সাড়ে বার টাকা সের এবং ফাইন রাইস চোদ্দ আনা পর্যন্ত উঠেছে। কিছুদিন আগে চালের দর কমে গিয়েছিল, কিন্তু আবার বাড়তে শুরু করেছে। গভর্নমেন্ট-এর যুক্তি হল আন্দোলন করলে বিশুঙ্খলা দেখা দেয়। তাতে চালের দাম বাড়ে। কিন্তু আমরা অভিজ্ঞতায় দেখেছি যে, আন্দোলন করলেই খাদ্যদ্রব্যের দাম কমে। বেই আন্দোলন হ'ল, খাদ্যের দাম কমল। সরকারপক্ষের যুক্তি হল আউশ ধান ওঠায় চালের দাম কমেছে সেটা সম্পূর্ণ ভুল। লোকে স্পষ্ট বুঝেছে আন্দোলনের ফলে চালের দর কিছুটা নেমেছিল। আজকে সাধারণ মানুষ একথা হদয়ঙ্গম করেছে যে, গভর্নমেন্টকে যদি বাধ্য করা যায় তা হলেই হয়তো দাম কিছু কমতে পারে। গ্রামাঞ্চলে আজ কি সাংঘাতিক অবস্থার সৃষ্টি হয়েছে। সেদিন আমি একটা সংবাদ পেলাম যে, আমন ধান মাঠে কাঁচা অবস্থায় লোকে বিক্রিকরে দিতে বাধ্য হছে। মহাজনরা এভাবে আজকে কৃষকদের সর্বনাশ করেছে। এ ধান পাকলে তারা কত মুনাফা করবে সেটা সহজেই অনুমান করতে পারেন। এভাবে আমাদের দেশের কৃষকদের বঞ্চিত করে মহাজনরা ২০-২২ টাকা মণ দরে বিক্রি করে প্রচুর অর্থসঞ্চয় করছে এবং কৃষকদেরও এমন অবস্থা নয় যে, তারা ধান ধরে রাখতে পারে। গভর্নমেন্ট তাদের সময়মত ঋণ দিয়ে সাহায্য করেন না এবং এভাবে আজকে বাংলাদেশের গ্রামীণ অর্থনীতি ভেঙ্গে পড়েছে। আজকে যদি সরকার তাঁদের মামুলি নীতি পরিত্যাগ না করেন তাঁরা যে পলিসি চেঞ্জ-এর কথা বলেছেন, বারবার ডিক্রেয়ার করেছেন এবং যে সদিছ্ছা প্রকাশ করেছেন তা কখনও কার্যকরী সম্ভব হবে না।

তারপর আমাদের খাদ্য আন্দোলন দমনের জন্য যে বর্বর নীতি গ্রহণ করেছিলেন সেটা অন্য ব্যাপার বলে চিন্তা করলে ভূল হবে—তার একমাত্র কারণ, ভেস্টেড ইন্টারেস্টদের ডিফেন্স করার জন্যই গভর্নমেন্ট এই পলিসি রিপ্রেসন গ্রহণ করেছিল। একই ভেস্টেড ইন্টারেস্টদের স্বার্থই এই পলিসির পিছনে কাজ করছিল। একটা পরিকল্পনা নিয়ে কংগ্রেসী সরকার জনসাধারণের উপর এই ব্রুটাল রিপ্রেসন চালিয়েছে। আমি এখানে শুধু একটা ঘটনার উল্লেখ করব। ধর্মতলা রোডের একটি ছেলে হারাধন পাল চান করতে গিয়েছিল, গলির ভিতরে তাকে পুলিস গুলী করে—সে মা মা বলে চিৎকার করে পড়ে যায়। মা তাকে জড়িয়ে ধরে—

# Mr. Deputy Speaker:

আপনি যা বলছেন তার সঙ্গে খাদ্যের ব্যাপারের কোন সম্পর্ক নাই।

[5-30—5-40 p.m.]

# Sj. Subodh Chandra Maiti:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, গতকাল বিরোধীপক্ষের সদস্য শ্রীহরেকৃষ্ণ কোনার এবং আজকে যতীন চক্রবর্তী মহাশয় খাদ্য ডিবেটে অংশগ্রহণ করে কাঁথি সম্পর্কে যে মন্তব্য করেছেন আমি তার প্রতিবাদ করতে চাই। যখন ১লা জানুয়ারি থেকে খাদ্য কন্টোল নীতি প্রয়োগ করা হল তখন থেকে মেদিনীপুরে জেলা কংগ্রেস কমিটি সক্রিয়ভাবে চেষ্টা করেছে যাতে প্রকিওরমেন্ট ভালভাবে হয়। জেলা কংগ্রেস কমিটির তরফ থেকে খাদ্যমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীর কাছে সিদ্ধান্ত জানিয়ে বলা হয়েছে আমাদের জেলা মজুতদারদের কাছ থেকে ধান সংগ্রহ করা হোক। এখানে মাননীয় সদস্যরা অনেক বিকৃত তথ্য সরবরাহ করেছেন। সূতরাং স্থানীয় এম এল এ বা এম এল সি-দের দোষারোপ করে যেকথা বলা হয়েছে তা অসত্য। গভর্নমেন্ট যখন বললেন যাদের ৩০০ মণ ধান আছে তাদের লাইসেন্স করতে হবে তখন তারা ডিউলি লাইসেন্স পাবার জন্য দরখান্ত করেছিলেন এবং ফি জমা দিয়েছিলেন। সুরেশচন্দ্র জানা এবং শিশিরচন্দ্র জানা এদের কাছে ৮৭২ মণ ধান থাকায় ২৮-২-৫৯ তারিখে সেই ধান সীজ করা হয়, কিন্তু এটা সমন্তই ম্যালিসাস। এ থেকেই প্রমাণিত হয় যে, তাদের কোন দোষ নেই। তারা তাদের ধানের স্টক, বাকি রিটার্ন সরকারকে দিয়ে বলেছেন যে, তাদের কাছে ৮৭২ মণ ধান আছে। ঐ ৮৭২ মণ ধান এস ডি ও সীজ করে বিক্রয় করেছে—তারপর তাদের ধরা হয়েছে। অথচ এই এস ডি ও-র প্রশংসায় বিরোধীপক্ষ পঞ্চমুখ। অর্থাৎ যদি সরকারের কিছু ভুল হয় তা হলে এরা সরকারি কর্মচারীদের কখনও স্পেয়ার করেন না কিন্তু যখন ওরা পরেন্ট সূট করেন তখন সেই কর্মচারীদের প্রশংসায় পঞ্চমুখ হয়ে ওঠেন। সেই কেসগুলো যখন কোর্ট-এ আসে তখন এস ডি ও সেগুলোকে ছেড়ে দিতে বাধ্য হয়েছিল। আমি মনে করি যদি এস ডি ও অন্যায় কাজ করার ফলে যদি ট্রান্সফার হয়ে থাকেন তা হলে কিছু অন্যায় হয় নি। পরস্বন্ত তাকে ডিনোট করা উচিত ছিল বলেই আমি মনে

করি। বিরোধীপক্ষ থেকে বলছেন যে ডেপুটি মিনিস্টার অফ ফুড—চারু মোহান্তি তাদের ছেড়ে দেবার জন্য ডাঃ রায়ের কাছে এসে তদ্বির করেছিলেন। কিন্তু তা সত্য নয়। আমরা সকলে এসে ডাঃ রায়ের কাছে আবেদন করে বলেছিলাম যে, ধান সরকারকে যা দিয়েছি তা দিতে আমরা বাধ্য—তবে আপনি ন্যায়বিচার করুন। কিন্তু যাদের অ্যারেস্ট করা হয়েছে সেই অ্যারেস্ট সম্পূর্ণ অভিসন্ধিমূলক। অতএব আজকে একটা কথা থেকেই প্রমাণিত হচ্ছে যে, বিরোধীপক্ষ আজ এখানে যেসমন্ত তথ্য উপস্থিত করেছেন তা সবই অভিসন্ধিমূলক এবং এগুলো খাদ্য আন্দোলনের অনুকূলে যাবে মনে করেই সমস্ত তথ্য বিকৃত করে উপস্থিত করেছেন। প্রোকিওরমেন্ট করলে এতগুলো লোকের পক্ষে অসুবিধাজনক হবে। মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় কাল বলেছেন যে, ১৩ লক্ষ লোকের কাছ থেকে ধান প্রোকিওর করা এক বিরাট ব্যাপার, অত মেসিনারি নেই এবং এতে হ্যারাসমেন্ট হতে পারে। একটা কথা গোড়া থেকেই বোঝা যাচ্ছে যে, এই জিনিস চালাতে গেলে হ্যারাসমেন্ট হতে বাধ্য। কাজেই এই প্রোকিওরমেন্ট-এর ব্যবস্থা করা সত্ত্বেও পরে সরকারকে তা প্রত্যাহার করে নিতে হুয়েছে। কিন্তু তা হলেও সরকার চুপ ক'রে বসেছিলেন না। কেন্দ্রের কাছ থেকে সাহায্য নিয়ে যারা চার একর পর্যন্ত জমির মালিক তাদের রেশন দেবার ব্যবস্থা করেছেন। এ ছাড়া ড্রাই ডোলের পরিমাণ বৃদ্ধি করেছেন এবং কোন কোন জেলায় তা ৬০ পারসেন্ট পর্যন্ত দেওয়া হয়েছে। মডিফায়েড রেশনও সরকার যথেষ্ট বৃদ্ধি করেছেন। মেদিনীপুর জেলায় গত আগস্ট মাসে ৫৫ হাজার মণ চাল গিয়েছিল এবং সেপ্টেম্বর মাসে পুনরায় এক লক্ষ মণ চাল সেখানে গিয়েছে যাতে ক'রে জেলার সমস্ত লোক মডিফায়েড রেশন পেতে পারে। কাজেই দেখা যায় যে যাতে দেশের জনসাধারণের খাদ্যসমস্যা দূর হয়ে যায় তার জন্য সরকার সমস্ত রকম চেষ্টা করছেন। কিন্তু আন্দোলনের শেষের দিকে খাদ্যের দাম যখন কমে আসছিল তখনও আন্দোলন করার সার্থকতা কি থাকতে পারে আমি বুঝতে পারছি না। আমি বুঝি যে কমিউনিষ্ট পার্টির এই আন্দোলন কেরালার ঘটনার জন্য। সেখানকার অবস্থার সঙ্গে আমাদের অবস্থার তুলনা করলেই সেটা বেশ বোঝা যায়। গত ৯ই মার্চ বাংলাদেশে প্রাইস কন্ট্রোল হয়েছিল। কিন্তু আমরা জানি তারপর যখন কেরালায় চালের দাম মণপ্রতি ৫-৬ টাকা বৃদ্ধিপ্রাপ্ত হয় তখন কিন্তু তারা সেখানে কোন আন্দোলন করে নি বা সেখানকার সরকার একটি হোর্ডারকেও ধরে নি বা ১ ছটাক ধান প্রোকিওর করতে পারে নি—কেননা সেখানে কমিউনিষ্ট পার্টির সরকার। আর যেহেতু পশ্চিম বাংলায় কংগ্রেস সরকার কাজেই এখানে আন্দোলন করতে হবে। খাদ্যদপ্তরের গাফিলতির কথা আমি একেবারে অস্বীকার করব না। কিন্তু যদি কেরালার ঘটনা উল্লেখ করি তা হলে দেখব রাইস ডিল নিয়ে সেখানে যে কেলেঙ্কারি হয়েছিল তা স্বীকৃত সত্য। কিন্তু তা সত্ত্বেও সেখানকার খাদ্যমন্ত্রীর পদত্যাগ এঁরা দাবি করেন নি। কেননা সিজারস ওয়াইফ-এর মত সেখানকার কমিউনিষ্ট খাদ্যমন্ত্রী হচ্ছেন সমস্ত অসত্যের উধের্ব। কাজেই এই সমস্ত কথা যদি চিন্তা করি তা হলে আমরা দেখব যে, খাদ্য আন্দোলন নিয়ে এঁরা যা বলেছেন তা সবই অভিসন্ধিমূলক। কেরালায় এঁদের যে পরাজয় হয়েছিল তাকে মুছে দেবার জন্য এই দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির অন্তরালে আন্দোলন করে দেশের লোককে ধোঁকা দেবার চেষ্টা করা হচ্ছে। আজ আমি একথা অত্যন্ত জোরের সঙ্গে বলতে পারি যে, তাদের এই আন্দোলনে মেদিনীপুর জেলার কোন কৃষক, মজুর আসে নি। এমন কি নন্দীগ্রাম—যেখানে কমিউনিষ্ট প্রাধান্য বেশি ছিল সেখানকার জনসাধারণ পর্যন্ত তাঁদের ধোঁকায় আসে নি। তারপর যাও কিছু কিছু লোককে নানারকম ভাঁওতা দিয়ে নিয়ে এসেছিলেন তারাও পরে এঁদের বুঝতে পেরে সরে পড়েছে। আজকে যদি সত্য কথা বলতে হয় তা হলে আমি বলব যে, টু ফিস আউট অফ ট্রাবল্ড ওয়াটার হচ্ছে এঁদের একমাত্র উদ্দেশ্য। জনসাধারণের প্রতি দরদী হয়ে তাঁরা এই আন্দোলন করে নি—এ করেছে শুধু নিজেদের প্রাধান্য বিস্তারের জন্য।

[5-40---5-50 p.m.]

# Sj. Phakir Chandra Ray :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, পশ্চিমবংগ-সরকার যে খাদ্যনীতি অনুসরণ করেছেন সেই খাদ্যনীতির খানিকটা সংশোধন এবং পরিবর্তন করলে অনেকাংশে তীব্রতা হ্রাস পাবে বলে আমি মনে করি। এই হিসাবে আমি কয়েকটা সাজ্ঞেসশন আপনার সামনে উপস্থাপিত করতে চাই। প্রথম হচ্ছে যে, কৃষি দপ্তর, খাদ্য দপ্তর, সমাজ-উন্নয়ন দপ্তর এবং সেচ দপ্তরের মধ্যে উপযুক্ত পরিমাণ সমন্বয় থাকা দরকার এবং এর ফলে উৎপাদনও অনেক বাড়বে। দ্বিতীয়ত, চাষীকে যে সার দেওয়া হয় তার মূল্য টাকায় না নিয়ে ধানে নিতে হবে। তৃতীয়ত, দশ বা তার উর্ধ্বে যাদের জমি আছে সেসমস্ত চাষীদের কাছ

থেকে জমির খাজনা ধানে নিতে হবে। চাষের ধানের দাম যদি নির্ধারণ করতে হয় তা হলে উৎপাদনের খরচ কত, চাষীর খরচ কত সেদিক দিয়ে কিছু রেখে যাতে চাষীর ক্ষতি না হয় সেভাবে দাম নির্ধারণ করতে হবে। আমি বলব সরকারকে ধানের ব্যবসায়ী হওয়া উচিত এজন্য যে যাতে বাজারে স্থিরতা থাকে। সরকারের হাতে যে ধান জমবে সেই ধান পল্লী-অঞ্চলের বিভিন্ন জায়গায় চারিয়ে রাখতে হবে। অর্থাৎ দুঃসময়ে চাষী যাতে দেড়া ধান দিয়ে মহাজনদের কাজ থেকে ধান বাড়ি না নেয় সেজন্য এই ব্যবস্থা করতে হবে। এর ফলে হবে কিনা যে, চাষী দুঃসময়ে সরকারি স্টক থেকে ধান ধার পেতে পারবে। ফার্টিলাইজারের ব্যাপারেও এই ব্যবস্থা করতে হবে। সরকার মিলওয়ালাদের কাছ থেকে ধান সংগ্রহ করেন। কিন্তু আমি বলব যে কতক ধানকল এবং কতক হাস্কিং মেসিন এই দুয়ের উপর সরকারের মালিকানা থাকা দরকার। ধানচালের উপর যাতে বাকি কারবার না থাকে সেজন্য স্টেট ট্রেডিং-এর ব্যবস্থা সরকারকে করতে হবে। ফেয়ার প্রাইস শপ এবং এম আর শপ যাতে দেশের বিভিন্ন অঞ্চলে হয় সে ব্যবস্থা করতে হবে। বর্তমানে যারা ডিলার রয়েছে সেই ডিলারসের কার্ড করতে হবে। এবং বর্তমানে যে ফুড কমিটিগুলি আছে এই ফুড কমিটিগুলি কোন কাজের নয়। আমি বলব সমস্ত লোকাল বডির উপর ফুড অ্যাডভাইজারি কমিটির যে কাজ সেই কাজ দেওয়া হোক। তারাই ধর্মগোলা অরগানাইজ করবে এবং কো-অপারেটিভ বেসিসে ডিস্ট্রিবিউশন প্রোডাকশন অরগানাইজ করতে পারবে এই ক্ষমতা তাদের দেওয়া উচিত। সেট্রাল গভর্ণমেন্টকে একথা বলা হোক যে যত ইন্ডাস্ট্রিয়াল পপুলেশন আছে সেই ইন্ডাস্ট্রিয়াল পপুলেশনকে খাওয়াবার দায়িত্ব সেন্ট্রাল গভর্নমেন্টকে নিতে হবে আর বর্তমানে আমাদের দেশের যে অবস্থা হয়েছে তাতে ফুড হ্যাবিট বদলানো দরকার। এটা শুধু বক্তৃতা করলে হবে না এটা গভর্নমেন্টের একটা এডুকেটিভ ক্যাম্পেন-এর অংশ হওয়া দরকার।

## Sj. Haridas Mitra:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, শ্রন্ধেয় ডাঃ প্রফুল ঘোষ অ্যাপীল করেছেন আমাদের খাদ্যমন্ত্রীর কাছে তাঁকে পদত্যাগ করার জন্য। আমি বলব যে, আজকে যিনি বাংলাদেশকে মহাশ্মশানে পরিণত করেছেন, বুভুক্ষুর যে আর্তনাদ উঠেছে তাতে তাকে অ্যাপীল করার দরকার নেই, আজকে তাকে বাধ্য করতে হবে পদত্যাগ করবার জন্য এবং তার কোন মানবিক নৈতিক অধিকার নেই এই গদিকে আঁকড়ে থাকবার। খাদ্য তিনি দিতে পারেন নি। গ্রাম গ্রামান্তর থেকে মানুষ এখানে এসে তার কাছে গুলী খায় লাঠি খায়। আমরা দেখেছি যে, গত ৩১এ আগস্ট এবং ১লা সেপ্টেম্বর সম্পূর্ণ তারই প্ররোচনায় তার পুলিস তাদের লাঠি মেরে গুলী করে বিশ্রান্ত করার চেষ্টা করেছে। এত বড় অত্যাচার এবং সমস্ত মানুষের বিরুদ্ধে এত বড় অপমান বাংলাদেশের মানুষ নীরবে মাথা পেতে দেবে না। তিনি যদি মানুষকে হত্যা না করতেন তা হলে আমরা বিশ্বাস করি গত ১লা তারিখের পর যেসমস্ত ঘটনা ঘটেছে সেইসমস্ত ঘটনা ঘটত না। মনে পড়ে, ১৯৫৭ সালে প্রথম অ্যাসেম্বলিতে বিরোধী দলের তরফ থেকে বলা হয়েছিল বাংলাদেশের চরম দুর্ভাগ্য যে, প্রফুল্ল সেন আবার এই অ্যাসেম্বলিতে এসেছেন। আমি বিশ্বাস করি, তাই আজকে বাঙ্গালীকে খাদ্যসমস্যা সমাধানের জন্য ভূগতে হচ্ছে। তাদের এই ১২ বছরের খাদ্যনীতি একটা ধাপ্পাবাজির ইতিহাস। তিনি সংখ্যাতত্ত্ব বিশারদ মন্ত্রী। তত্ত্ব এবং তথ্যের মায়াজাল তিনি সৃষ্টি করে থাকেন। কখনও তিনি শাক দিয়ে মাছ ঢাকেন আবার কখনও মাছ দিয়ে শাক ঢাকেন। ১৯৫৮ সালে কন্ট্রোলের আগে তিনি বললেন যে, সাড়ে নয় লক্ষ টন ঘাটতি হয়েছে। তারপর বি বি ঘোষ, সেন্ট্রাল ফুড সেক্রেটারি যখন এসেছিলেন তখন শুনলাম এগার লক্ষ টন ঘাটতি। সমস্ত কেন্দ্রীয় সরকার বিদ্রান্ত হয়ে গেল, তাঁর কথায়। তারপর ডাঃ ঘোষ যখন সমস্ত মেসিনারি নিয়ে গেলেন তখন দেখলাম পনের লক্ষ টন ঘাটতি—তাঁর বিবৃতিতে পাই ষোল লক্ষ টন। ন' লক্ষ টন থেকে ষোল লক্ষ টন এই সংখ্যাতত্ত্ব তিনি তৈরি করেছেন। এই গোঁজামিল দেবার দরকার কি? ব্যয়বছল খাদ্যদপ্তর রাখবার দরকার কি? এত অফিস এত লোকজনের প্রয়োজন আছে বলে আমরা মনে করি না। যদি এইসব অসত্য বেসাতী তাকে দিনের পর দিন করতে হয় ? স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউট আছে, গভর্নমেন্টের স্ট্যাটিসটিকস ডিপার্টমেন্ট আছে তারা কি একটা স্ট্যাটিসটিকস মানুষের সামনে রাখতে পারে না ? জনসাধারণকে তা হলে বলে দিন যে, তাদের খাদ্যের ব্যবস্থা তারা নিজেরা করে নিক। একে খাদ্যসমস্যা সমাধান করতে পারে না তার উপরে গোদের উপর বিষ ফোড়ার মত আবার উদ্বাস্ত বিভাগ তিনি হাতে নিয়েছেন কোন্ অধিকারে? আমাদের বাংলাদেশে জমি কম। আমরা উদ্বাস্ত আন্দোলনের সময় বারে বারে দেখিয়েছি কোথায় কি জমি, বিল, বাউরী আছে। বাংলাদেশের বিভিন্ন জায়গায় যেমন্ত বিল রয়েছে তার সংস্কার

হয় নি। এই তো কালকে অ্যাসেম্বলিতে এ সম্বন্ধে প্রশ্নোন্তরে দেখা গেল বাড়তি বিল এবং শিউড়ির বিভিন্ন বিলগুলির সংস্কারের কোন বন্দোবন্ত হচ্ছে না। হবে কেমন করে—তাদের কোন প্র্যান নেই, কোন স্কীম নেই। মানুষের উপর কোন দরদ নেই, কোন চিন্তাধারা নেই—আছে মানুষের প্রতি অবহেলা অন্থিরচিন্ততা : এমনি করে খাদ্যসমস্যা সমাধান হবে? পশ্চিমবংগে এক কোটি ৩২ লক্ষ একর ফলন জমি রয়েছে, তার মধ্যে ১ কোটি ২০ লক্ষ একরে খাদ্যশস্য তৈরি হচ্ছে; এর মধ্যে শতকরা ৮০ ভাগ হচ্ছে ধানের জমি এবং এই ৮০ ভাগ ধানের জমির মধ্যে শতকরা ৬৫ ভাগ হচ্ছে আমন ধানের জমি।

[5-50—6 p.m.]

আমরা সবাই জানি যে, আমন ধানের জমি সাধারণত এক ফসলের—দোফসলা করার জন্য কোন ব্যবস্থা করেছেন? খাদ্যশস্য বাড়াবার জন্য আপনারা কি করেছেন। বড় বড় পরিকল্পনা হয়েছে—ময়ুরাক্ষী হয়েছে, দামোদর হয়েছে— ভাল কথা, কিন্তু ছোট ছোট পরিকল্পনার মাধ্যমে যদি খাদ্যশস্য বাড়াবার ব্যবস্থা না করা যায় তা হলে কেমন ক'রে চলবে? টিউবওয়েল তৈরি করে বড় বড় দীঘি কেটে দিন—অল্প জায়গায় সেচের ব্যবস্থা হতে পারে। সবচেয়ে বড় কথা চাষীকে জমি দেওয়ার ব্যবস্থা করুন, তা হলে ফসল বাড়তে পারে। বাংলাদেশে ভাগচাষী ৬ লক্ষ আর ৭ লক্ষ হচ্ছে ভূমিহীন চাষী। এদের তো কারও জমি নেই—এদের জমি দেবার ব্যবস্থা আপনারা কি করেছেন? জমিদারি দখল আইন আজ ৫ বছর হ'ল চালু হয়েছে। কথা ছিল ৪ লক্ষ একর জমি পাবেন কিন্তু পেয়েছেন মাত্র ২০ হাজার একর জমি—তা হলে এই ৪ লক্ষ একর জমি যদি আপনাদের পেতে হয় তবে ২০ বছর লাগবে। এতে কি ভূমিসমস্যার সমাধান হবে? আপনারা কন্ট্রোল করে ধানচালের দর বেঁধে দিলেন, কিন্তু ফল কি হল? চাষীর ঘরের ধান তার উৎপাদন মূল্যেরও কমে চলে গেল। নোটিস দিলেন কন্ট্রোল আসছে, কন্ট্রোল আসছে—এইরকম বারবার বলে মজুতদারদের আপনারা সুবিধা করে দিলেন। চোরাকারবারীদের একটা ব্যবস্থা করে দিলেন তাদের পকেট ভর্তি করার, কিন্তু বণ্টনব্যবস্থা কোথায় १ বন্টনের ভাল বন্দোবস্ত করলেন না। সিকিউরিটি অ্যাক্ট আছে, পি ডি অ্যাক্ট আছে কিন্তু এই চোরাকারবারীদের আপনারা ধরলেন না। পি ডি অ্যাক্ট, সিকিউরিটি অ্যাক্ট এইসমস্ত চোরাকারবারীদের বিরুদ্ধে প্রয়োগ করার ক্ষমতা আপনাদের নেই। চোরাকারবারীদের যদি আপনারা ধরেন তা হলে আপনাদের সরকার চলবে না। আমি বলি এদের সমস্ত সম্পত্তি বাজেয়াপ্ত করে জেলে দিন। তা যদি না পারেন তা হলে রাস্তায় লোকের সামনে দাঁড় করিয়ে তাদের পেছনে চাবুক মারার বন্দোবস্ত করুন—দেখব কটা চোরাকারবারী সমানভাবে দাঁড়িয়ে থাকতে পারে। আপনাদের যদি সে সাহস থাকে তবে আমরা কো-অপারেশন দিতে রাজী আছি—কিন্তু সোজা হয়ে দাঁড়িয়ে বলুন, অন্যায় যে করবে আর অন্যায় যে সইবে তাদের আপনারা জব্দ করবেন, তার জন্য আইন তৈরি করবেন—তা হলে নিশ্চয়ই আমরা আপনাদের সঙ্গে কো-অপারেট করব।

ডেপুটি স্পীকার, স্যার, খবরের কাগজে বেরিয়েছিল কয়েকদিন আগে বড়বাজারে একটি টি-পার্টি হয়েছিল, সেখানে বড় বড় রুই-কাতলার দল গিয়েছিলেন। সেখানে বিলি-বন্দোবস্ত হয়েছিল। খাদ্যদপ্তরের মহা মহা লোকেরাও সেখানে ছিলেন। তারপরে আমরা খবরের কাগজে দেখলাম যে, হাওড়া স্টেশনে রয়াল এক্সচেঞ্জ প্লেসের একজন ব্যবসায়ী তিনি কট্রোলের সময় ৮ হাজার মণ চাল এনেছেন উড়িষ্যা থেকে। সেটা ধরা পড়েছিল পুলিসের কাছে চাল চলে গেল কাশীপুরের সরকারি গুদামে। কিছুদিন পরে খবর পেলাম সেই আট হাজার মণ চাল আনফিট ফর হিউম্যান কনজাম্পশন বলে ঘোষণা করে অতি সামান্য দামে আপনারা বিক্রি করে দিলেন এবং খবর পেলাম যে রয়্যল এক্সচেঞ্জ প্লেসের সেই লোকের কাছে সেই চাল গেছে। আমরা এও খবর পেলাম যে, এই ফাইলটা প্রফুলবাবুর নিজের কাছে রয়েছে।

#### The Hon'ble Prafulla Chandra Sen:

এটা অসত্য কথা।

## Sj. Haridas Mitra:

অসত্য কথা বলবেন এ তো জানি। আমরা জানি যে, সেই আট হাজার মণ চাল নিয়ে রয়াল এক্সচেঞ্চ প্লেসের সেই ব্যবসায়ী চোরাকারবার করেছেন। এটা খবরের কাগজে বেরিয়েছে, আপনি নিশ্চয়ই দেখেছেন। আমরা বারবার এই অ্যাসেমব্রিতে বলেছি—আমাদের পার্টির তরফ থেকে রেজ্ঞলিউশন করে আপনাদের কাছে পাঠিয়েছি যে, ৫ লক্ষ টন খাদ্য আপনারা

স্টক করুন। এটা স্টক করলে আপনাদের কি ক্ষতি হত? আপনারা যদি তা স্টক করতে পারতেন তা হলে মজুতদারেরা ভয় খেয়ে যেত। তারা অন্তত সাহস করত না আজকে চোরাকারবার করার। অশোক মেটা কমিটি একথা বলেছেন। ১৯৪২ সালে বাংলাদেশে যখন লক্ষ লক্ষ লোক মরেছিল সেই সময় গ্রেগরী কমিটি সাজেশন রেখে গিয়েছিলেন এইরকম গভর্নমেণ্টকে স্টক করতে হবে। বলবেন টাকার অভাব। যারা মজুতদারী করে তারা ব্যাঙ্ক থেকে টাকা পায়। আপনি কি স্টেট ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া, রিজার্ভ ব্যাঙ্ক থেকে টাকা পেতেন না? বলেছেন আমার অর্গানিজেশন নেই—সারপ্লাস যোগাড় করবার জন্য সমস্ত জায়গায় আমার অর্গানিজেশন নেই। তাই তো বলি চোরাকারবারীদের ধরবার আপনার আইন নেই—আপনার গভর্নমেন্টের অর্গানিজেশন নেই। আছে মানুষকে গুলী করে মারবার অর্গানিজেশন। মানুষকে মেরে পথের উপর দিয়ে টেনে হিচড়ে নেবার আর রাতের অন্ধকারে রাজনৈতিক মানুষকে বন্দী করবার সময় অর্গানিজেশন, চোরাকারবারীদের জব্দ করবার সময় আইন আপনাদের নেই, অর্গানিজেশন আপনাদের নেই। অনাহারে, অনিদ্রায়, ক্ষুধার তাড়নায় যখন মানুষ পাগল, আপনারা লাঠির আঘাতে আর বুলেট বর্ষণের মধ্য দিয়ে তাদের দাবিকে তছনছ করে দিলেন। ৩১এ থেকে ৩রা পর্যন্ত আপনারা যা করেছেন তার কোন কৈফিয়ত থাকতে পারে না। সমস্ত খবরের কাগজে রিপোর্ট বেরিয়েছে, কোথাও কোন প্রতিরোধ হয় নি। আপনারা বলছেন সেন্ট্রাল-এর ব্যবস্থা পাবলিক প্রেসারএ একটা এক্সপেরিমেন্ট মাত্র। এটা কি তোঘলকী শাসন যে, একটা পাবলিক এক্সপেরিমেন্ট করেছেন কোটি কোটি মানুষের খাদ্যের ব্যবস্থা না করে কি ভীষণ অন্যায় দেখালেন। আপনারা লেভির কথা বলেছেন—ভেবেছিলেন ১ লক্ষ ৭০ হাজার টন পাবেন। পেয়েছেন ৭০ হাজার টন। কিন্তু কেন পান? এত কম ব্যবস্থা কেন আপনাদের থাকে? আমাদের পরিষ্কার দাবি কেন্দ্রীয় সরকারের হাতে দিন খাদ্যদপ্তর। তাঁরা যখন আপনাদের চাল সাপ্লাই করছেন, বন্টনের ব্যবস্থাও তাঁদের হাতে দিন—যেটা সাপ্লাই দিচ্ছেন তা বন্টনও তাঁরাই করবেন। এই ডায়ার্কির অবসান হোক বিভিন্ন জায়গায় যে সমস্ত রিলিফ কমিটি আছে সেগুলি শুধু কংগ্রেসের লোক নিয়ে করেছেন তার অবসান করুন। কাঁথি থেকে চিঠি পেয়েছি সেখানে আপনারা দলীয় ব্যবস্থাই করেছেন। আমরা বলব সবাইকে ডাকুন তাতে সমস্যার সলিউশন হবে। এখনও বাঁচার পথ আছে, যদি বাঁচতে চান পালিয়ে বাঁচুন।

# Sj. Nishapati Majhi:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই সভায় সবচেয়ে বড় দুঃখজনক বিষয় এই যে, যে মন্ত্রীসভা খাদ্যনীতি, খাদ্যসংগ্রহ এবং খাদ্যবন্টন বিলি এবং উৎপাদনের জন্য দায়ী সমগ্রভাবে সেই মন্ত্রীসভাকে দায়ী না করে এখানে শ্রদ্ধেয় শ্রীপ্রফুল্ল ঘোষ মহাশয় বললেন, প্রফুল্ল সেন মহাশয় এই রাজ্যকে শ্মশানে পরিণত করেছেন। আমি এখানে বলতে চাই এবং অত্যন্ত দৃঢ়ভাবে বলতে চাই যে, তিনি বিগত বার বৎসর ধরে অনেক দুর্যোগের মধ্য দিয়ে কঠোর শ্রম করে বাংলাদেশের অনেক অনাহারীর মুখে অন্নদানের যথাযথ ব্যবস্থা করেছেন। (নয়েজেস অ্যান্ড ডিসটারব্যান্সেস ফ্রম দি অপোজিশন বেঞ্চেস।) বন্ধুবরদের একথা গায়ে লাগবে, কেননা তাঁরা ১৯৫৭ সালে খাদ্যনীতি ব্যর্থ হয়েছে একথা বলেছিলেন—জনগণের সামনে এরূপ কটুন্ডি করতে তাঁরা কসুর করেন নি, কিন্তু তারা ফল কি হয়েছিল? আজ ১৫২ জন আমরা এখানে এসেছি এবং আমরা মন্ত্রীসভা গঠন করেছি এবং যুক্ত দায়িত্ব নিয়ে এই রাজ্যের খাদ্যবন্টনের ব্যবস্থা এবং আরও যেসমস্ত দিক আছে খাদ্যের ব্যাপারে তা সূচারুরূপে পালন করছি। আজ ওঁদের গাত্রদাহ হচ্ছে—বিশেষ করে কমিউনিষ্ট পার্টির বন্ধদের। তাঁরা বিধানসভার ভিতর যে কদর্য এবং উলঙ্গ ভাষা ব্যবহার করেন এবং কতবড় অসত্য বলতে পারেন তার একটা জলজ্যান্ত উদাহরণ আমি দিচ্ছি। ডাঃ রণেন সেন বলেছেন—আমরা জানি ১২ বিঘা জমিতে ৫ মণ করে বিঘাপ্রতি ধান হয়, অতএব সারপ্লাস কিছুই থাকে না—সব ডাইনে বাঁয়ে খরচ হয়ে যায়। একথ অসত্য। আজ ১২ বিঘা জমিতে বিঘাপ্রতি কমসে কম সাত মণ করে ধান হয়—এটা আমি চোখের সামনে দেখেছি। তাই যদি হয় তা হলে সেখানে ৮৪ মণ ধান হয়। চার জন লোকের পরিবার হিসাবে ধরলে তার মধ্যে তিন জন প্রাপ্তবয়স্ক যারা সকাল, সন্ধ্যায় রাত্রিতে মিলিয়ে একসঙ্গে ভাত-ডাল তরকারি মিলিয়ে একসের চাল খায়। তা হলে দেখা যাবে দৈনিক ৪ সের চাল খরচ ধরলে সারা বছরে খরচ হয় সাড়ে ৩৮ মণ এবং অন্যান্য খরচে সাড়ে ২৫ মণ যায়—সেখানে থাকল আমাদের ২০ মণ। আমি একথা বলতে চাই যে, এই ২০ মণ খাদ্য আমাদের ভয়ে সেই পরিবার নিজেদের ২ মাস, ৪ মাস, ৬ মাস বা ৯ মাসের খোরাক মজুত ना রেখে দিয়ে দেবে। এটা পশ্চিম বাংলার বা অখণ্ড বাংলার কোনদিনই নীতি ছিল না।

[6-6-10 p.m.]

এক বছর, দু বছরের খাদ্য তাঁরা বেঁধে রাখেন অনেক দুর্যোগের সম্মুখীন হ'তে হবে বলে। আজকে আমাদের দুর্ভাগ্য যে, ১২ বৎসর স্বাধীনতা লাভের পরেও শহর অঞ্চলে খাদ্য যোগান দেবার জন্য পল্লী-অঞ্চলকে অনিশ্চয়তার মধ্যে পড়তে হচ্ছে। এবং তারই মাঝখানে সিদ্ধার্থশব্দর রায় মহাশ্য় বলবার সাহস পেয়েছেন যে, কলিকাতা শহরে সাড়ে সড়ের টাকা দরে চাল এনে বিক্রয় করা হোক। আমি সিদ্ধার্থশব্দর রায়কে আহ্বান করছি, তিনি বীরভূম জেলায়, যেখানে মিইরবার্ব থাকেন, সেখানে সভায় গিয়ে বলুন যে, সেখান থেকে ১০-১১ টাকায় ধান কিনে তা দিয়ে কলিকাতা শহরবাসীকে খাওয়াবেন। তা তারা কখনও করতে দেবে না। বছর বছর ধরে এই অত্যাচার গ্রামের কৃষকরা নীরবে সহ্য করে আসছে, আজ তারা আর সহ্য করতে প্রস্তুত নয়। চাষের জন্য খরচ ইত্যাদি করে ফসল উৎপন্ন করে চাধী তার উপযুক্ত মূল্য পাছে কিনা, বিবেচনাযোগ্য। কমিউনিষ্ট পার্টির তরফ থেকে কথা উঠেছে—তাদের ঘর থেকে পাঁচ লক্ষ টন চাল টেনে বের করে নিয়ে এসে এই বৃহত্তর কলিকাতা শহরের লোকদের এবং অন্যান্য খাদ্যক্রয়কারীদের খাওয়াবার ব্যবস্থা করা হোক। অর্থাৎ যারা খাদ্য উৎপন্ন করবে তারা অনিশ্চরতার মাঝখানে ঝাঁপিয়ে পডুক। এটা শুনতে বেশ ভাল লাগে, কিন্তু বাস্তবরে সঙ্গে তাঁদের কোন সম্পর্ক নেই। তাঁরা বাস্তব দিকটা জানেন না। পশ্চিমবাংলার ৩১ লক্ষ কৃষক পরিবার আজ কতটা খান আমি তার মোটামুটি একটা হিসাব করে দেখেছি। ২৯ লক্ষ টন তাদের খাদ্য বাবত খরচ হয়ে যায়। সেইজন্য অস্তত তার অর্থেকটা তারা নিজেদের কাছে রেখে দেয়। কেউ এক মাসের, কেই দু মাসের, কেউ তিন মাসের বা ছয় মাসের খাদ্য মজুত রাখেন। অর্থাৎ কমসে ১২-১৩ লক্ষ টন খাদ্য তাদের রাখতে হয়, তাহলে বাকি কতটা থাকে সেটা একটু চিন্তা করে দেখুন।

১৯৫৪ সালে এখানে ৫৩ লক্ষ টনের কাছাকাছি খাদ্য উৎপন্ন হয়েছিল। তাই কিছুটা স্বচ্ছল অবস্থা দেখা দিয়েছিল। আজ দুঃখের বিষয়, রাজনৈতিক দলগুলি কংগ্রেসের আহ্বানে, মন্ত্রীসভার আহ্বানে, প্রফুল্ল সেন মহাশয়ের আহ্বানে হাতে হাত মিলিয়ে যদি অধিক খাদ্য উৎপাদনের দিকে যত্বান হতেন তা হলে বছরে ২০ কোটি হতে ৩০ কোটি টাকা এ রাজ্য থেকে বেরিয়ে যেত না। কিন্তু তাঁরা অত্যন্ত লজ্জাজনক ইতিহাস রচনা করেছেন। ১৯৪২ সালে ইংরেজের হাতে হাত দিয়ে তাদের অর্থে অফিস চালিয়ে নিজেদের যাবতীয় শক্তি সেই ইংরেজের অনুপ্রেরণায় নিয়োগ করে তাঁরা খাদ্য উৎপাদন কার্যে অগ্রসর হয়েছিলেন। আর আজকে দেশের কোটি কোটি টাকা বেরিয়ে যেতে দেখেও নিজেদের কতকগুলি নানারকম ভূয়া কথা বলছেন। তাঁরা বলেছেন, প্রফুল্ল সেন মশায়ের পদত্যাগ চাই, এর চেয়ে লজ্জাজনক কথা দ্বিতীয় আর কি আছে তা আমার জানা নাই।

[6-10-6-20 p.m.]

## Sj. Bhupal Chandra Panda:

স্যার, আজকে খাদ্য ব্যাপারে যেভাবে আলোচনা হচ্ছে, যখন খাদ্যের বিলি-বন্টন প্রথম ও প্রধান সমস্যা হয়ে দাঁড়িয়েছে, সেই সময় উৎপাদন নিয়ে, আরও বিভিন্ন গবেষণার বিষয় নিয়ে আলোচনা চলছে, তাতে মনে হচ্ছে আসল জিনিস থেকে আমরা যেন অনেক দূরে সরে যাছি। আমরা দেখছি কি? আজকে আশ্বিন মাসে যখন মানুষের ঘরে চাল নাই, যখন মানুষ কচুসিদ্ধ, শাকসিদ্ধ খেয়ে কাটাচ্ছে, আজকে মন্ত্রীরা সেখানে বলছেন, আমরা গ্রামাঞ্চলে যথেষ্ট রেশন সাপ্লাই করছি। ইতিপূর্বে অনেক সদস্য সেকথা বলছেন যে, কিভাবে তাঁরা সাপ্লাই করছেন। আজও তাঁরা সীমাবদ্ধ রেশন সাপ্লাই করছেন, বেশির ভাগ মানুষ বুভুক্ষু হয়ে আছে, অনাহারে দিন কাটাচ্ছে। আজকে তাঁরা এটাই মনে করেন যে, ইতোমধ্যে রিলিফ কিছু বাড়িয়েছেন, রেশনের পরিমাণ কিছু বাড়িয়েছেন, তাতে যথেষ্ট হয়ে যাচ্ছে, একথা মোটেই সত্য নয়। তাঁরা সম্পূর্ণ ভুল ধারণার বশবতী হয়ে আইনসভার দৃষ্টি অন্যদিকে পরিচালিত করার চেষ্টা করছেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশায়, আমি একথা বলতে চাই, আজকে বড় প্রশ্ন হল—যখন দেশের মানুষ অভুক্ত রয়েছে কচুশাক পাটশাক খেয়ে কোনরকম করে জীবনযাপন করছে, তখন আইনসভার খাদ্য নিয়ে আলোচনা চলছে, আজকে মানুষকে খাদ্য দেওয়ার ব্যবস্থা হছে না। তাদের বলা হচ্ছে, তোমরা সবুর কর, আষাঢ়ের জল গড়ে যখন ফলল বাড়বে তখন পরের বছর খাদ্য সমস্যার সমাধান হবে। আজকে প্রোডাকশন-এর আলোচনাই সবচেয়ে বড় কথা। প্রোডাকশন নিশ্চাই প্রয়োজন খাদ্য উৎপাদন বাড়াবার

জন্য। এখন যে সমস্যা সেটা খাদ্য মানুষকে দেওয়ার সমস্যা। এই সমস্যা সম্পর্কে আলোচনা হচ্ছে না। আজকে দেখে আমি অত্যন্ত মর্মাহত অনুভব করছি এজন্য যে, মন্ত্রীমণ্ডলী এবং কংগ্রেস পার্টি মানুষের আসল সমস্যাকে ভূলিয়ে দেবার চেষ্টা করছেন এবং উৎপাদনই বড় সমস্যা, বন্টন নয়। এটাই বুঝাতে চাইছেন। তাঁদের মতে প্রধান সমস্যা আজকে যেন খেতে দেওয়া নয়, এদিক থেকে মানুষের দৃষ্টিকে ভুলিয়ে অন্যদিকে নিয়ে যেতে চান, এই আইনসভার অধিবেশনের মধ্য দিয়ে। বাংলাদেশের লক্ষ লক্ষ কোটি কোটি নিরন্ন মানুষ চাল কিনতে যেয়ে আজ সর্বস্বান্ত হচ্ছে এটা আপনার জানা আছে। আজও তারা তাকিয়ে আছে বাংলাদেশের আইনসভা থেকে কি বেরিয়ে আসে দেখবার জন্য। আজকে আলোচনায় যে পরিকল্পনার কথা বলা হচ্ছে তা কি করে সফল হবে ? এ তো ঘোড়ার আগে গাড়ি জুড়ে দেওয়ার মত ব্যবস্থা হচ্ছে। তাঁরা এইসমস্ত কথা বলে সাধারণের দৃষ্টিকে অন্যদিকে ফিরিয়ে দেবার চেষ্টা করছেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি বিষয়ে প্রধানত মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকের এই আলোচনায় উপদেশবাণী বর্ষিত হচ্ছে, কিন্তু খাদ্য উৎপাদন বাড়াবার জন্য কি উপায় কি কায়দাকানুন নেওয়া হবে সে সম্বন্ধে জিজ্ঞাসা করি। উৎপাদন বাড়াবার পথে প্রধান অন্তরায় বাংলাদেশের মন্ত্রীসভার খাদ্যনীতি। আমরা বার বার বলেছি যে, মানুষ খাদ্য উৎপাদন কর্মবে তাদের হাতে জমি দিন। আজ ছ' লক্ষ একরের মধ্যে মাত্র সওয়া এক লক্ষ একর জমি কোনরকমে বার করেছেন, বাকি জমি সমস্ত বড় বড় জোতদার-জমিদারদের হাতে ঢুকে গেল। শুধু তাই নয়, যতটুকুও বেরিয়েছে তারও বন্টনের ব্যবস্থা করা হল না ; অধিকল্প বিলিবন্টন তো দূরের কথা ভাগচাষীকে ব্যাপকভাবে বিচ্ছেদের ব্যবস্থা করছেন, মন্ত্রীসভার পলিসির মাধ্যমে। এঁরা কখনও চাষীর দরদী নন। আজকে চাষীদরদী শ্রীনিশাপতি মাঝির মত মানুষ, শ্রীহংসধ্বজ ধাড়ার মত মানুষ, নানা কায়দায় বলছেন---চাষী অনেক সয়েছে, অনেক অত্যাচার সহ্য করেছেন, আজকে তারা ফসলের ন্যায্য দামের জন্য শস্য আঁকড়ে ধরেছে। এসমস্ত অসত্য কথা। কারণ চোরাকারবারীরা মজুতদাররা, বাংলাদেশের বড় বড় জোতদাররা তাদের ঘরে ধান মজুত করে রেখেছে, যেকথা ইতঃপূর্বে আমার উত্তর নন্দীগ্রামের মাননীয় সদস্য বলে গিয়েছেন যে, ঐরকমভাবে এক চাষীর ৮০০-৮৫০ মণ ধান ছিল, লাইসেন্স করবার চেষ্টা করেছিল তাই তাকে অন্যায়ভাবে ধরা হয়েছে। সেখানে আইনগত দিক দিয়ে এস ডি ও-র কোন ত্রুটি হতে পারে কিন্তু আমার মনে হয়, শত শত লোক, বড় বড় জোতদার একদিকে সমস্ত ধান গ্রামাঞ্চলে মজুত করে রেখেছে, আর অন্যদিকে শহরের আশেপাশে ব্যবসায়ীরা, মিলাররা, হোর্ডাররা সমস্ত ধান-চাল মজুত করে রেখেছে এবং এর ফলে বাংলাদেশের এই খাদ্যসন্কটের সৃষ্টি হয়েছে। ইতঃপূর্বে একটা কথা বলা হয়েছে যে, কেন্দ্রীয় কমিটি যে রিপোর্ট করেছিলেন তাতে দেখা গিয়েছে প্রধানত চাষী যারা তাদের ঘরেই ধান মজুত হয়ে আছে, কিন্তু সেই রিপোর্টেরই অন্য অংশে আছে আমার সময় নাই তাই পড়ছি না—সমস্ত ধান যারা বড় বড় জমির মালিক, বেশির ভাগ তারাই গোলাজাত করে রেখেছে এবং সেই ধান ঋণ হিসেবে দাদন দিয়ে সেই ঋণ শোধ বাবত সমস্ত ধান কুক্ষিগত করে রাখছে। তারাই বাজার কন্ট্রোল করে, তারাই হোর্ডার, তারাই ধানের ব্যবসায়ী ও মালিক। এই গোপন চক্রান্তের কথা কই উল্লেখ করা তো হল না? রিপোর্ট-এর এক অংশ উল্লেখ করা হল কিন্তু আর এক অংশ উল্লেখ করা হল না। আজকে একথাই বলতে চাই যে, নিজেদের পলিসি—মত সমস্ত জিনিস সেট আপ করে নিয়ে যদি সমস্যা সমাধানের চেষ্টা করা হয় তা হলে খাদ্যসঙ্কট দূরীভূত হবে না, খাদ্যসঙ্কট আরও বাড়বে। সেজন্য একথাই বলতে চাই, অধিক উৎপাদনের সৃষ্ঠু পরিকল্পনা কোথায়, সেদিকে প্রচেষ্টা কোথায়? মাননীয় সদস্য অমর বসু মহাশয় বার বার যে উপায়ে খাদ্যসমস্যা সমাধানের চেষ্টা করেছেন, আমরাও সাজেশন দিয়েছি কিন্তু সেসব তাঁরা শোনেন না। আজও আমরা জানি, যেখানে উৎপাদনের কথা বলছেন সেখানে চাষীদের সেচের ট্যান্স ধার্য করা হয়েছে। সেচের ব্যাপারে অসুবিধা সৃষ্টি করা হয়, সারের ব্যাপারে যে লোন দেওয়া হয় তাতে ব্যবসায়ী মনোভাব নেওয়া হয়। কাজেই মূলত, উৎপাদন বাড়াবার চেষ্টা নাই। বরং উৎপাদন যাতে না বাড়ে সেই পথেই তাঁদের পলিসি রয়েছে। মৌলিক ভূমি সংস্কার, কৃষি সংস্কারের দিকে তারা যাবেন না। এই অবস্থায় মানুষ আর কতদিন অপেক্ষা করবে? তাই আজকে মানুষের মনে প্রশ্ন এসেছে বহুদিন ধরে অপেক্ষা করেছি আর কুধার জ্বালা কতদিন সইব ? তাই আজ তারা বেরিয়েছে রাস্তায়, তাই আজ সরকারের কাছে এই বুভুক্কু মানুষেরা ধর্না দিয়েছে, খেতে পাই না খেতে দাও। বাংলাদেশের খাদ্য মজুত আছে মৃষ্টিমেয় হোর্ডারদের হাতে—তাদের কাছ থেকে জাের করে এনে আমাদের দেওয়া হােক। 'আমাদের বাঁচাও' এই আবেদন নিয়ে যখন তারা এসেছে সরকারের কাছে, সরকার প্রত্যুত্তর দিয়েছেন লাঠি দিয়ে, হত্যা ক'রে, রক্তারক্তি করে। উদ্দেশ্য, আর

যেন তারা ভবিষ্যতে কোনদিন খাদ্য চাইতে তাঁদের সামনে হাজির না হয়। এই যে চক্রান্ত, এটা অতি গভীর। মুনাফাখোর মজুতদারদের সঙ্গে একসঙ্গে বসে এঁরা আজ চক্রান্তের চেষ্টা করছে আর নানা যুক্তির আড়ালে সাধারণ মানুষকে ভূলিয়ে দেবার চেষ্টা করছে, কমিউনিষ্ট পার্টিকে তুলে ধরে তাদেরকে আলাদা করে দেখাবার চেষ্টা চলেছে, কিন্তু আমরা জানি, এ সমস্তই মজুতদার মুনাফাখোর লক্ষপতি শোষকদের স্বার্থেই এরা চলে। আমি এঁদের ইসিয়ার হতে বলি। জনতার প্রবল বিক্ষোভ সন্থেও এই মন্ত্রী প্রফুল্ল সেন পদত্যাগ করছেন না। তবে বিধানবাবু, কালীবাবু, প্রফুল্লবাবুর দিন ঘনিয়ে এসেছে। এঁরা যদি এখনও ইসিয়ার না হন তা হলে চরম আঘাতের জন্য যেন এঁরা প্রস্তুত থাকেন।

[6-20-6-30 p.m.]

#### Dr. Golam Yazdani

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই খাদ্যসংকট সম্বন্ধে যে কারণ সরকারপক্ষ থেকে বলছেন সে সম্পর্কে সবাই একমত। সরকারপক্ষ থেকে বলা হচ্ছে উৎপাদন কম--কিন্তু তার সঙ্গে সঙ্গে আমরা এও বলি যে, বণ্টনব্যবস্থার ত্রুটি। কিন্তু এই উৎপাদন বৃদ্ধি ও বন্টনে ত্রুটির জন্য কেন উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হয় না আমরা বুঝতে পারি না। গত জানুয়ারি মাসের শেষ দিকে তরুণকান্তি ঘোষ মহাশয় যে মিটিং করেছিলেন তাতে তিনি কি করে খাদ্য উৎপাদন বৃদ্ধি করা যায় তার সাজেশন চেয়েছিলেন। তখন আমরা কতগুলি ব্যবস্থার কথা বলেছিলাম, যেমন কৃষকদের সার, কৃষিঋণ ইত্যাদি দেওয়া, কিন্তু এটা অত্যন্ত পরিতাপের বিষয় যে, কৃষকেরা ঠিক সময়মত কোনটাই পায় না। এর ফলে আজকে দেশে কৃষিব্যবস্থা ব্যাহত হচ্ছে। সার, বীজ, ঋণ ইত্যাদি যাতে কৃষকেরা সময়মত ও উপযুক্ত পরিমাণে পায় তার জন্য আমরা বছবার সরকারের দৃষ্টি আকর্ষণ করেছি, কিন্তু আমাদের কোন কথায় সরকারকে কর্ণপাত করতে দেখলাম না। তারপর, সেচ পরিকল্পনার দিকে নজর দেওয়া আবশ্যক। ছোট ছোট সেচ পরিকল্পনা, বন্যা নিয়ন্ত্রণ, কৃষিঋণ সরবরাহ করা—এগুলির প্রতি প্রথমেই দৃষ্টি দিতে হবে। তারপর, শুধু যে খাদ্যোৎপাদন বাড়ালেই খাদ্যসংকটের সমাধান হবে তা মনে করলে ভুল হবে। এ সম্বন্ধে বিভিন্ন বক্তারা বলেছেন। ডাঃ রায় কৃষকদের ঘাড়ে দোষ চাপিয়েছেন, তিনি বলেছেন, কৃষকেরাই নাকি হোর্ডার—মজুতদার। আমি তাই তাঁকে বলতে চাই, আমাদের মালদহ জেলায় কৃষকদের মধ্যে কত মজুতদার আছে আমাদের জানালে আমরা সরকারকে তাদের ধরার জন্য সাহায্য করতে পারি। কিন্তু আসল কথা নয়। মুনাফাখোরী, চোরাকারাবারীদের রক্ষা করার জন্যই ডাঃ রায় এই কথা বলতে বাধ্য হয়েছেন। আজ মালদহ জেলায় অবস্থা অত্যন্ত গুরুতর। এটা সত্য যে, আমাদের এখানে ধান্য ফসল ভাল হয়েছে, কিন্তু এই ভাল হওয়ার কোন মূল্য নাই। কারণ চাষীরা এই ফসল নিজেদের কাছে রাখতে পারে না। সেখানে ব্যাপকভাবে সার্টিফিকেট জারি হচ্ছে। কৃষকেরা তাদের ঋণ পরিশোধ করার জন্য ধান বিক্রি করে দিতে বাধ্য হচ্ছে। তার উপর আবার সরকার ব্যাপকভাবে সার্টিফিকেট জারি করছেন। যারা ডিস্ট্রেসড পিপল, তাদের উপর, ডিস্ট্রেসড এলাকার সার্টিফিকেট জারি বন্ধ না রেখে সরকার ব্যাপকভাবে সার্টিফিকেট জারি করে চলেছেন, এবং এমন কি ক্রোক পর্যন্ত করা হচ্ছে। তারপর, রেশন শপ থেকে ঠিকমত রেশন পাওয়া যায় না। এখানে বলা হয়, লোকে রেশন নেয় না। প্রকৃত কথা হচ্ছে, রেশন শপ-এ যে চাল পাওয়া যায় সেটা অত্যন্ত খারাপ চাল। তারপর রেশনের শ্রেণীবিভাগেও যথেষ্ট ত্রুটি রয়েছে। অনেক ডিফেক্টস রয়েছে। এদিকেও আমরা সরকারের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করেছি। তারপর গ্র্যাটুইটাস রিলিফ-এর ব্যাপারে আমরা দেখেছি যে, গ্রামে যেসমন্ত মিটিং হয় তাতে সবকিছুই নির্ধারিত হয় সরকারি কর্মচারী বা সরকার মনোনীত ব্যক্তিদের দ্বারা। এম এল এ-রা তার সভ্য আছেন বটে, কিন্তু তা নামে মাত্র, সব মিটিং-এ তাঁরা জয়েন করেন না। আমি এটুকু এখানে বলতে পারি, রিলিফ কমিটির মেম্বার হিসাবে যে, আমরা যেসমস্ত নাম সাজেস্ট করি রিলিফ-এর জন্য, সেক্রেটারী সেগুলি গ্রাহ্য করেন না। এমতাবস্থায় সরকার নিরন্ত্র ও অসহায় লোকের উপর হিংস্র আক্রমণ চালাচ্ছেন। আমি এখানে একটিমাত্র ঘটনা উল্লেখ করব। ৩১এ আগস্ট তারিখে কলকাতায় যে পূলিসী অত্যাচার হয় রাজভবনের সামনে, আমিও সেই অত্যাচারে জখম হয়েছিলাম, আমার পাঁজরে আঘাত লেগেছিল। আমি নিজের চোখে দেখেছি সেদিন সেখানে পুলিসপক্ষ থেকে কি অমানুষিক কাণ্ড হয়েছিল। সেদিন সেখানে বছলোক আহত হয়েছিল। আমাদের খালি এইটুকু মনে হয়েছিল যে, এটা একটা দ্বিতীয় জালিয়ানওয়ালাবাগ, যারা খাদ্য আন্দোলন করবার জন্য এগিয়ে এসেছিল তাদের এই কংগ্রেস-সরকার দমন করবার জন্য কঠোর ব্যবস্থা অবলম্বন করেছিলেন, কিন্তু আমি বলি,

এই দমননীতির দ্বারা খাদ্য আন্দোলন দমন করা যাবে না, বাংলাদেশের অধিবাসীরা খাদ্যসমস্যা সমাধান করার জন্য যেসমস্ত দাবি রেখেছে সরকার যদি সেইসমস্ত দাবি মেনে নিয়ে এগিয়ে আসতে চান তা হলে দেশের লোকের ধন্যবাদ পাবেন আর তা না হলে তাদের অভিশাপ গ্রহণ করতে হবে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, when I was asked by the Members of the Opposition whether more time would be given to the Food debate, I agreed to it with alacrity because I recognised that the food problem is one, which requires the combined intellect and wisdom of all the parties in the House. I had also taken some part in the drafting of the Memorandum, which was circulated, because I wanted to put before the House as complete and correct a picture as was possible for me to do. I confess, however, that most of the members, perhaps, have not done us the courtesy of reading the Memorandum that was circulated. Otherwise, they would have probably asked why we are giving higher scales of ration in the Calcutta Industrial Area, why is it that in the Calcutta Industrial Area each shop gives supplies, on an average, to 600 card-holders involving 3,000 persons and in the mofussil only to 400 card-holders involving 2,000 persons. They could have as well asked why Government felt there was no justification in subsidising the sale of Bengal fine rice and super fine rice. They could have also asked why price fixation should be an essential part of the functions of the Central Government, and so on. Sir, I am disappointed in not getting any constructive suggestions. Some members have used this opportunity for condemning the whole Ministry or Shir P. C. Sen. Some members have used this debate to condemn Government for the action that is took during the recent disturbances.

Sir, before I proceed to place my viewpoints on the food situation let me correct one or two points, which have been mentioned by my friends in the House. It was suggested that between the 1st of January, 1959 and the 23rd of June, 1959, when the Price Control was withdrawn, there was no prosecution made. Sir, I have got the figures with me, and, I find that the total number of cases started was 815; the total number of wholesale dealers prosecuted was 257; the total number of retail dealers prosecuted was 596; the total number of rice-mill-owners prosecuted was 19; the total number of persons convicted was 342, and 52 persons were discharged; the total number of wholesale dealers convicted by the courts up to the 19th of September, 1959 was 64.

Shri Haridas Mitra has in his usual way indulged in, shall I say, platitudes when he said that the Marwaris were arranging with officers, as had been reported in the Ananda Bazar Patrika. I am perfectly sure the Ananda Bazar Patrika had only given publicity to one particular report, which they might have received, but we made thorough enquiries and found that there was absolutely no foundation to such report.

Sir, a common man has got to face various difficulties, the most important and essential ones being that he needs food, he needs clothing, he needs shelter; but while clothing and shelter are measurable factors, we can find out how much cloth would be necessary in the course of the year and we can instal mills or use the handlooms for the purpose, and we can ascertain the total number of shelters that may be necessary and provide for the same. In the case of food, however, there are many and various difficulties at getting correct approval of the needs.

These difficulties are due to certain factors which are imponderable and unmeasurable. I shall mention here a few of these, for instance, the question of production statistics. It has been suggested in the House that in December, 1958, our production figures showed that there was to be a deficit of 8 lakhs or 7 lakhs. In February, 1959, after the Statistical Department had given us their figures, the deficit had increased. I shall come to the deficit part of it later, but I would like to point out

now that when the Agriculture Department gave us their estimates of the total production in this State in December, 1958, they were only giving us, the results of their "naked eye" observation; they did not pursue any particular statistical method. But what happened was that between the date their figures were given and the actual finding of the Statistical Department, two or three months had passed. It was found that although the paddy looked very fine, actually a large quantity of grain had been destroyed in the meantime due to drought.

Secondly, regarding the consumption statistics. Sir, consumption is a very difficult item to get any correct information about. We have heard Dr. Prafulla Ghosh saying that in his opinion 20 oz. per capita per adult should be the consumption figure, and the Central Government says that 13 oz. of cereals is the consumption figure. When you are thinking of or considering the consumption figures you must remember whether you are thinking of consumption of rice or consumption of cereals with or without consumption of pulses, etc. A great deal depends upon that. Sir, I had a statistical enquiry made by the State Statistical Department. On the 18th of September, I got this report. Although it is only a preliminary report, still it is very interesting. They surveyed 24 towns and 6 rural areas, and they found that in the rural areas the amount of consumption was more or less uniform, viz., 17.39 oz. per capita per day, whereas in the ubran areas it varied. According to their view, in the Calcutta Industrial Area, the average consumption is 13.49 oz. per capita per day. whereas in the remaining 85 towns the average consumption is 14.13 oz. per capita per day for all the towns taken together, and they come to the conclusion that if you take the total census populaion of 1951, the average per capita consumption is 16.50 oz, per day. When the Government of India asked us to give them our figures about production and consumption we followed the Government of india's figures, but having got this figure I have now reported to the Government of India that their 15.25 oz. per head is not a figure which should apply to West Bengal.

Sir, there is another interesting point, which I find in their report, which is that the consumption on rate has changed from 1951 to 1956-57. It has increased by nearly two chataks between 1951 and 1955. In 1950-51, the consumption of cereals per capita per day was 12.26 ounces, in 19555-56, the consumption of cereals per capita per day had increased to 13.31 ounces, (Shri Sisir Kumar Das: question, question. Where did you get the figures from?) I do not yet claim myself to be a statistical expert. I have given the figures. I have got them from the Statistical Department. They may be right, they may be wrong, you may question as much as you like. On the other hand, the consumption of rice per capita per day has increased from 8.56 to 10.58 oz. What I have been trying to place before the House is that this question of food is a difficult problem, because of the varying character of the amount of consumption from year to year.

Sir, the third point is the population. It is true that the Government of India depended upon the 1951 Census, which after taking into account the population that came to West Bengal after the transfer of certain territories, amounted to 26.3 million people. Since then the population has increased at the rate of 1.6 percent per year, and in eight years with the refugees that have come. the total population has come to a little over 31.3 million and not 26.3 million.

The fourth point is the changing food habits. When we were in great difficulty, about two or three weeks ago, before the prices began to come down, I called the members of the different Chambers of Commerce, and requested them to find out if it was possible that those amongst their workers who are accustomed to take wheat and atta would give up taking rice altogether. All the Chambers after some enquiry made a report. And, their report was that the food habits among their workers, who came from Bihar and U.P., where they usually eat wheat and atta, have changed.

Then regarding firing in Calcutta much accusations have been made by the parties which joined the movement. We did not join it, but humanity demands, democracy demands, justice demands that if there was any firing which killed innocent people and facts proved that only innocent people were killed-the majority of them were innocent-this Government should have brushed aside its pride, its question of prestige, and should have taken upon itself the judicial enquiry which we demanded. You have not courage to face a judicial enquiry. Why is it? In my class yesterday I asked the University students "why have you built the শহীদ ব্ৰস্ত in the compound of the University". I asked them to consider the question: "Did anybody of you die by police firing?" They could not answer, because none of them had died excepting one B. Com. student. The whole point is this: from he newspaper reports we have seen that those persons who were killed are all innocent people. Why won't you institute an enquiry? What are you paid for? It is the fundamental principle of democracy that if you kill one life, there must be a trial in the law court. If you kill by firing in course of a riot or anything like that, there must be a judicial enquiry. Why can't you face it? You will keep silent and simply say that the Congress members supported that resolution. They supported that resolution without enquiring into facts, prejudging facts, without knowing what were the facts. At the same time I should also say that I do not support the stand of the Communists. Of course, the atrocities that were described

$$[3-50-4 \text{ p.m.}]$$

that day on the floor of this House almost drew tears from my eyes. Yet I remember that the same thing had happened in Tibet, the same thing had happened in China when 12 million people were killed, but my brethren did not protest. The same thing happened in Hungary, but my brethren did not protest. But I did not expect the same attitude from you, the Congress members, because I thought that, being the disciples of Mahatma Gandhi, you were of a different culture, you were of a different calibre, but you did not rise to the occasion. Are you—all of you—going to be Fascists like Dr. Roy?

Sir, before I finish, I would like to refer to the land policy because it is wholly integrated with food policy. You have, by passing the Estates Acquisition Act and the Land Reforms Act, given a death blow to the middle-class Bengalees who thrived on land. You cannot deny that. Many of our friends come from villages. To those of you who thrived on land Dr. Roy has given a death blow. On the question of surplus land Dr. Roy said that they have distributed them temporarily to the cultivators—he means bargadars—at Rs. 10 per acre of land. Why temporarily? Of course, I am not going to condemn you for this reason, but I would just ask you "Will you never bring peace on land? Will you allow this struggle to go on between jotedars and bargadars all along? Who is profited by that? You must remember that if you want to take away these lands from those persons with whom you have settled the lands temporarily, they will rise in revolt and you will not be able to take away a single chhatack of land from them. They are the friends of the Communist

Party and the S.U.C. So, you cannot take away a single chhatack of land from those with whom you have temporarily settled the lands." Therefore, I would ask the Ministry "Why can't you be firm in your mind? Why can't you finally decide as to what you are going to do?" You claim to be a Socialist State and your aim is supposed to be Socialism, since last year you are claiming to be a Socialist State. If you are really sincere in what you say, then the land must belong to the tillers of the soil. There is no question about that. But how and in what manner you are going to achieve this end? What are you going to pay to the jotedars? Are you going to eliminate them? Are you going to do away with them just as Russians did with the Kulaks? Do you want to deal with them in the same manner as the Chinese Communists did with the jotedars there or have you got a different intention? You must be frank in this matter. You have not paid a single penny to the jotedars, however small their holdings may be. The Hon'ble Bimal Chandra Sinha is not so honourable as that. The members of the Congress benches on the other side should remember that in the last session they passed a resolution whereby they rejected the motion moved by Mr. Subodh Banerjee of S.U.C. whereby he wanted that there should be no ejectment of bargadars on any ground whatsoever. You threw out that motion by a majority of votes. But instruction has been issued by the District Magistrate of 24-Parganas at the instance of the Hon'ble Bimal Chandra Sinha that in no ejectment suit should there be a decree of ejectment against the bargadar. So, Subodh Babu has won in the end-I do not know how. I would ask those honourable members coming from 24-Parganas, e.g., Shri Hansdhwaj Dhara, whether it is a fact that no ejectment decree can be passed by the Bhag Chas Board even if paddy had been looted by the baragadar. The Hon'ble Bimal Chandra Sinha is an honourable man with the title of 'Hon'ble Minister'. Is this fact know to him and will he kindly explain it?

I have given a plan which was published in the newspapers regarding the points how land should be distributed. We, Socialists, believe that the strifes should end and there should be peace in the land. Something must be done so that there may be prosperity in industry and so that there may be prosperity in agriculture. But you would not take that policy. Dr. Roy thinks that by distributing land to the bhagchasis at the rate of Rs.10 per acre he will get their votes in the next election but, sorry you will not do it. My friends on my right and my friends on my left will do it, but not you,

I ask you in all solemnity to come to a firm decision and to give up this weak-kneed policy. Consult with the Ministers at the Centre; consult on the question of co-operative farming; consult on how land is to be distributed; make an end of it within six months or a year before the next election takes place, otherwise you will not get votes.

There are two types of Robin Hood flourishing in this country. You know the story of Robin Hood. They used to rob Peter and pay Paul. Dr. Roy is a Robin Hood. He has robbed the jotedars, zemindars, agriculturists and given the land to nobody. He has left the land to chaos. Our S.U.C. friends and the Communist friends are the other party of Robin Hood. They plunder, take away the paddy of the zemindars.......(The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Which Robin Hood is better?) They are better. If you want to play Robin Hood, play it efficiently or do not play it at all. Be a man: accept a firm policy.

Under the circumstances I call upon this House to accept my motion of no-confidence.

## Sj. Hemanta Kumar Basu:

কলকাতার এবং পশ্চিম বাংলার খাদ্য-আন্দোলন দমনের ব্যাপারে দেশের দুস্থ, দরিদ্র, কৃষক, শ্রমিক, মধ্যবিত্তদের ন্যায্য ও সস্তা দরে চাল দিতে এই মন্ত্রীমণ্ডলী সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। মজুতদারদের অবাধ অধিকার দিয়ে, তাঁদের ইচ্ছামত চড়া দরে চাল বিক্রয় করবার সুবিধা দিয়েছেন এবং অন্যান্য নিত্য প্রয়োজনীয় জিনিসের মূল্য এত অধিক হয়েছে যে সাধারণ মানুষ ক্রয় করতে পারছে না। ৩১-এ অগাস্ট ও ১লা সেপ্টেম্বর খাদ্য-আন্দোলনকারীদের পুলিস লাঠির দ্বারা নির্মমভাবে প্রহার করিয়াছে ও বছ লোককে গুলিতে আহত ও নিহত করিয়াছে, যদিও সরকারের গদী দখল করা তাদের উদ্দেশ্য ছিল না, সরকারকে তাদের ন্যয় সঙ্গত দাবি মানানোই তাদের একমাত্র উদ্দেশ্য ছিল। পুলিস খাদ্য আন্দোলন দমনের জন্য যথেচছভাবে গুলি চালাইয়া বছ নির্দোষ নরনারী, বৃদ্ধ ও শিশুকে হত্যা করিয়াছে।

[4-4-10 p.m.]

পুলিসের পাশবতার তাশুব অসহায় মানুষকে হিংসামূলক প্রতিশোধ নিতে বাধ্য করিয়াছে। পুত্রের হত্যা বৃদ্ধ পিতার বুকে, স্বামীর হত্যা স্থ্রীর বুকে, পিতৃ হত্যা সন্তানের বুকে এবং নারীর নির্যাতন ও ধর্ষণ জনসাধারণের মনে মন্ত্রীদের বিরুদ্ধে তীব্র ঘৃণা জমিয়েছে। হাওড়ার কোথাও গ্রামে প্রতি গৃহ হতে নিরীহ লোকদের টেনে এনে তাদের উপর অত্যাচার এবং মালিকদের দ্বারা তাদের উপর অত্যাচার করা হয়েছে। মিধ্যা অভিযোগে তাদের গ্রেপ্তার করা হয়েছে। পণ্ডিত নেহরু আমাদের অনেক উপদেশ দেন। কিন্তু দৃঃখের বিষয় এই যে ভয়ানক কাণ্ড কলিকাতা শহরে এবং হাওড়ায় ঘটে গেল, এতগুলি লোক হত হল, এতগুলি লোক লাঠির দ্বারা মারা গেল ও জখম হল, সেখানে তাঁর মুখ থেকে একটা সহানুভূতির কথাও আমরা শুনতে পেলাম না। তিনি ভারতবর্ষের একজন সম্মানীয় নেতা, তাঁর কংগ্রেসের উপর উঠে, এই শাসন ব্যবস্থার উপর উঠে তাঁর একথা বলা উচিত ছিল। তরা সেপ্টেম্বর অজিত বিশ্বাস বলে একজন লোক মুখ্যমন্ত্রীকে একটা পত্র লিখে প্রশ্ন করছিল।

"Whether it is a fact that on the midnight of the 3rd September some unregistered dead bodies of those who became martyrs in this Food movement were carried to the Keoratolla Burning Ghat under he control of the Deputy Commissioner, Mr. Bagchi with the help of hundreds of constables and were burnt to ashes in the electric cremation oven.

এতগুলি লোককে ডেপুটি কমিশনার, মিঃ বাগচী তিনি ৩রা সেপ্টেম্বর রাত্রে কয়েকশত পুলিস নিয়ে সেই দেহগুলি ক্রিমেশন গ্রাউভ-এ নিয়ে গিয়ে ইলেকট্রিক ওভেন-এ পুড়িয়েছে কিনা। সেখানে রেজিস্ট্রারের আপত্তি ছিল, কারণ সেখানে রেজিস্ট্রি না করে পুড়াবার অনুমতি দেওয়া যায় না। কিন্তু উপর থেকে ছকুম দেবার পর তিনি বাধ্য হয়ে সেই বডিগুলিকে পোড়াতে দিলেন। এর সঙ্গে একজন কৃষক মহিলাকে তারা ফেলে রেখে দিয়েছিল এবং সেই পরে এই সংবাদ প্রকাশ করে। মন্ত্রীরা এই অমানুষিক পাশবিকতার তাগুবকে প্রশ্রয় দিয়েছেন বলে তাঁরা দুর্নীতি দমন করতে সম্পূর্ণ বিফল হয়েছেন।

তা ছাড়া পাবলিক হেলথ বিভাগের কয়েকজন ইঞ্জিনীয়ার-এর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ আসে কিন্তু আমরা শুনলাম যে, সেটা চেপে দেবার চেষ্টা হচ্ছে। কল্যাণীর কথা অনেকবার এখানে আলোচনা হয়েছে। কল্যাণীর বাড়ীগুলি ফেটে যাচ্ছে। এবং এখানে অন্যতম কয়েকজন বিভাগীয় কর্মচারী তাদের যে ৭ ইঞ্চি করে পয়ঃপ্রণালীর কনক্রিট করার কথা ছিল তা করেনি, সেখানে ফাঁকি দিয়ে তারা প্রায় ২/৩ লক্ষ টাকা আত্মসাৎ করেছে।

কল্যাণীতে উন্নয়ন বিভাগের দুজন কর্মচারী মহিলাদের প্রপুক্ক করে তারা যখন গভর্নমেন্টের গাড়ী করে বেড়াচ্ছিলেন তখন জনতা কর্তৃক প্রহৃত হয়েছিলেন, এই অভিযোগ সরকারের কাছে, মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে রয়েছে, আনন্দবাজারেও এটা বেরিয়েছে কিন্তু আজ পর্যন্ত কোন ব্যবস্থা অবলম্বিত হয় নি। এই সমস্ত কাজের জন্য দুর্নীতি বিভাগের সুযোগ্য অফিসার ডাঃ নবগোপাল দাশ পদত্যাগ করে চলে গেছেন। জমিদারী বিলোপ করে খাদ্যোৎপাদন বৃদ্ধি করবেন কিন্তু উদ্বৃত্ত জমি চাষীর হাতে দিচ্ছেন না, সমস্ত জমি জমিদাররা নিজেদের মধ্যে ব্যবস্থা করে নিয়েছেন এবং সরকার তা সমর্থন করে চলেছেন। কাজেই চাষীর হাতে জমি না গেলে এবং চাষীদের উপযুক্ত সার, ঋণ ও ভাল বীজের ব্যবস্থা না করে দিলে—কি করে খাদ্যোৎপাদন বৃদ্ধি হবে। খাদ্যোৎপাদন করতে এ সরকার ব্যর্থ হয়েছেন। পশ্চিমবংগের জল নিকাশের ব্যাপারে জলসেচের ব্যবস্থা করতে ব্যর্থ হয়েছেন, চারিদিকে জলপ্লাবন হয়েছে, লোকের ঘরবাড়ী ভুবে গিয়েছে, ১০০ কোটি টাকা খরচ করেও সমস্যা সমাধান করতে ব্যর্থ হয়েছে, সরকারী কর্মচারী—নিম্নবেতনভুক কর্মচারীদের বেতনবৃদ্ধি এবং তাদের ভাতার দাবি ব্যবস্থা করতে ব্যর্থ হয়েছে পরিবহণ বিভাগের এবং হাসপাতালের নিম্নপদস্থ কর্মচারীদের দাবি অনুসারে কাজ করতে ব্যর্থ হয়েছে এবং দ্বিতীয় পঞ্চবার্বিকী পরিকক্ষনায় দেশের কৃষি ও শিক্ষের উন্নতিসাধন করতে ব্যর্থ হয়েছে। পশ্চিমবংগে ১২ লক্ষ বেকার এবং ৮ লক্ষ অর্থ বেকার রয়েছে, এদের সমস্যা সমাধানে এবং বেসরকারী প্রতিষ্ঠানে অধিক

সংখ্যক বাঙ্গালী নিয়োগে ব্যর্থ হয়েছে। শিক্ষাক্ষেত্রে অরাজকতা চলছে। ডিগ্রী কোর্সের জন্য উপযুক্ত শিক্ষকের অভাব, স্কুল কলেজের অভাব রয়েছে পশ্চিমবংগে—অত্যধিক দুর্নীতি চলেছে, সাধারণ মানুষ সরকারী কর্মচারীদের কাছ থেকে ভাল ব্যবহার বা সহানুভূতি পান না। সাধারণ মানুষের কাজ, শিক্ষা, স্বাস্থ্য ও খাদ্যের ব্যবস্থা করতে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। জঙ্গলপ্রমাণ, অত্যাচার ও রক্তের স্রোত এই সরকার বইয়ে দিয়েছে—২৩-এ সেপ্টেম্বর হাওড়া স্মল ফ্যাক্টরীজ ইউনিয়ন-এর সনাতন মণ্ডলকে ভীষণভাবে প্রহার করতে করতে প্রেপ্তার করা হয়েছে, সোদপুরে শচীন সরকারকে পূলিস গ্রেপ্তার করে অত্যধিক প্রহার করেছে, বেলঘরিয়ায় যা ঘটেছে তা থেকে আমাদের মনে হয় ইংরাজ রাজত্বে বিশ্ববীদের সঙ্গে যেরকম ব্যবহার করতেন খাদ্য আন্দোলনকারীদের সঙ্গেও সেরকম ব্যবহার এরা করছেন। মানুষকে গ্রেপ্তার করলেই দোষী সাব্যস্ত হয় না। যতক্ষণ না তার বিচার হচ্ছে, দোষী বলে সাব্যস্ত না হছে ততক্ষণ তাকে নির্দোষী বলে ধরে নিতে হবে। মানুষের গণতান্ত্রিক অধিকারকে, শান্তিপূর্ণ আন্দোলনকে দমন করার জন্য মন্ত্রীরা পুলিসকে অবাধ অধিকার দিয়েছেন, পুলিস কমিশনারই সমস্ত কাণ্ডের জন্য দায়ী অথচ সরকার এই সমস্ত কাজের এনকোয়ারী করার জন্য তার উপরই ভার দিয়েছেন। [4-10—4-20 p.m.]

র্থদের ছাড়া কি আর কোন লোক নাই। যারা ভালো লোক, নিরপেক্ষ ব্যক্তি, তাঁদের এই কাজের জন্য নেওয়া উচিত। হাওড়ায় ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, যিনি হাওড়ার এই সমস্ত কাজ চালিয়েছেন, তার উপর অনুসন্ধানের ভার দেওয়া হয়েছে। এরকমভাবে সরকারী লোকের উপর অনুসন্ধানের ভার দেওয়ায় তাঁদের উপর জনসাধারণের বিশ্বাস নস্ট হয়েছে। সূতরাং জ্যোতিবাবু যে প্রস্তাব এনেছেন এই মন্ত্রীসভার উপর অনাস্থা জানিয়ে সেই প্রস্তাব সমর্থন করে আমি বলতে চাই, এই মন্ত্রীমগুলী নিপাত যাক!

## Shri Jatindra Chandra Chakravorty:

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে আমরা এই মন্ত্রীমণ্ডলীর বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছি—এবং ভবিষ্যতেও আনব। এবং বিশেষ করে তিনজন মন্ত্রীর বিরুদ্ধে আনব। কংগ্রেসের যারা বন্ধু, তাঁরা মন্ত্রীমণ্ডলীকে সমর্থন করেন, আমাদের বিরুদ্ধে বছ পান্টা অভিযোগ করবেন। কিন্তু, স্যার, কংগ্রেসের মধ্যেও এমন লোক আছেন এখনো যাঁদের শুভবুদ্ধি এখনো লুপ্ত হয় নি—আমি তাঁদের আহ্বান জানাই তাঁরা এসবের উর্ধ্বে উঠে একটু চিন্তা করে দেখবেন আমাদের সাথে তাঁদের কোন জায়গায় মিল হতে পারে কি না। যে ঘটনা ঘটেছে তার প্রতিক্রিয়া তা তাঁরা যেন একটু চিন্তা করেন। প্রশাসনিক কাঠামোর উপর, সামাজ্রিক কাঠামোর উপর, সামাজ্রিক বিভিন্ন স্তরের উপর এই প্রতিক্রিয়া যেন একটু ভেবে দেখেন। শিল্পের ক্ষেত্রে, ব্যবসার ক্ষেত্রে কলকাতায় সুনাম যে আজ কতখানি ব্যাহত হচ্ছে তা যেন তাঁরা একটু চিন্তা করেন। কলকাতায় মোট ৩৮ পারসেন্ট শিক্ষিত বেকার যুবকদের উপর এর কি প্রতিক্রিয়া তাও যেন একটু ভেবে দেখেন। আগে যখন আন্দোলন হত তার টেকনিক থেকে ১৯৫৬ সালের টেকনিক পরিবর্তন হয়েছে আজ যে ঘটনা ঘটেছে তার ফলে এই টেকনিক অনেক ব্যাপকতার ক্ষেত্রে প্রসারিত হয়েছে—কিন্তু এই টেকনিক সুরঙ্গ পথে সরকারপক্ষ থেকে ঠেলে দেওয়া হচ্ছে কি না তাঁরা যেন সেটা ভেবে দেখেন। আজকে আমাদের প্রশাসনিক ক্ষেত্রে যে চিত্র সেটা যেন মহাস্থবির জাতকের কাহিনী, অর্থাৎ, মহাস্থবির মুখ্যমন্ত্রীর দৃটি হস্ত—আমাদের দুর্ভিক্ষ মন্ত্রী প্রফুল্লচন্ত্র সেন তাঁর দক্ষিণ হস্ত, বাম হস্ত হচ্ছে কালীপদ মুখাজী। এই কালীপদ মুখাজী জনসাধারণের ঘৃণা ও বিদ্বেষ মাথায় নিয়ে নির্বাচনের মাধ্যমে না আসতে পেরে খিড়কির দরজা দিয়ে এই এ্যাসেম্বলীতে এসেছেন। এই দুইজন মন্ত্রীকে আজ জনসাধারণ ধিক্কার দেন, টিট্কারী করে। তাই তাঁরা মনে করছেন জনসাধারণের বিরুদ্ধে প্রতিশোধ নেবার অধিকার বুঝি তাঁদের আছে—তাই তাঁরা জনসাধারণের উপর নৃশংস অত্যাচার চালাবার সুযোগ পেলে ছাড়েন না। আর আমাদের মহাস্থবির মুখ্যমন্ত্রী ক্ষমতার মোহে জড়ভরতের মত এঁদের কাছে মাথা নত করতে বাধ্য হয়েছেন। তা না হলে, স্যার, ভেবে দেখুন, এই প্রফুল্ল সেনের মূল্য কতটুকু। ভুয়া সম্মান বজায় রাখার জন্য পশ্চিম বাংলাকে রক্ত স্নানের মধ্যে নামিয়েছেন। কংগ্রেস পার্টির সভায় যদিও অনেকের চাপে পড়ে ডাঃ রায় স্বীকার করেছিলেন যে, এবারেও আন্দোলনের কাছে মাথা নত করবেন না, উপযুক্ত শান্তির ব্যবস্থা অবলম্বন করবেন তবুও তিনি ১লা সেপ্টেম্বর দ্বিপ্রহর পর্যন্ত দ্বিধাগ্রন্ত ছিলেন। আমি চ্যালেঞ্জ করে বলছি, একথা সত্য কি না যে, প্রফুলবাবু ও কালীপদবাবু ৪/৫ ঘণ্টা ধরে তাঁকে উত্তেজিত করেছেন, প্ররোচিত করেছেন গুলি চালিয়ে শিক্ষা দিতে হবে।

প্রতিহিংসা ও জিঘাংসাপরায়ণ এই দুইজন সেডিস্ট-এর কাছে শেব পর্যন্ত তিনি নতি স্বীকার করতে বাধ্য হয়েছিলেন। এবার দেখুন, স্যার, আমাদের হোম পুলিস-এর ডেপটি মিনিস্টার অর্ধেন্দু নম্কর মহাশয় পুলিস কমিশনারকে কালীপদবাবুর খাতিরে দাদা ডাকেন—আমি জ্বানি না পূলিস কমিশনার কবে থেকে হরিসাধনদাদা হয়েছেন আমাদের ডেপটি মিনিস্টার-এর—এখন এঁদের চক্রান্ত দেখুন—যদি এর মধ্যে চক্রান্ত না থাকতো. ৩১-এ আগস্টের শোভাযাত্রা সম্পর্কে যার উপর ভার ছিল, সেই ডেপটি কমিশনার শ্রীকল্যাণ চক্রবর্তী যার কর্মদক্ষতার সনাম আছে—আছে—কিন্তু তার উপর বিশ্বাস না করায় তার সঙ্গে আরো দুন্ধন রেখেছিলেন। একজন হচ্ছে অ্যাসিস্ট্যান্ট কমিশনার অফ দি ডিটেকটিভ ডিপার্টমেন্ট এবং আরেকজন হচ্ছেন অ্যাসিস্ট্যান্ট কমিশনার স্পেশাল ব্রাঞ্চ শ্রীসুধীর মজুমদার, স্পেশাল অফিসার, অ্যান্টি-করাপশন ডিপার্টমেন্ট, পুলিস কমিশনার তাঁকে সাসপেন্ড করার জন্য রেকমেন্ড করেছিলেন—আমি চ্যালেঞ্জ করে একথা বলতে পারি—কালীপদবাবর চাপে সেই রেকমেন্ডেশন বাতিল করা হয় এবং হোম সেক্রেটারী সেটার উপর আকশন নেওয়া বন্ধ রাখেন। তারপর এইচ কে ভট্টাচার্য, কমান্ডার, ওয়েস্ট বেঙ্গল ন্যাশনাল ভলান্টিয়ার কোঃ—তাঁকে কিসের জন্য ডাকা হয়েছিল। তারপর, আরেকটা ঘটনা দেখন---আফটার ৩১-এ আগস্ট লাঠি চার্জের জন্য যেসমস্ত ইনটেলিজেন ব্রাঞ্চ অফিসার উপস্থিত ছিলেন ইন দি স্পট তাঁরা যে রিপোর্ট দিয়েছেন—আমি তা ভার্বেটিম প্রয়োজন হলে দিতে পারি—তাতে দেখা যাবে তারা প্রিপ্ল্যানড ভাবে লাঠি চার্জ করেছে—তা ডেপটি ইন্সপেক্টর-জেনারেল, ইনটেলিজেন্স ব্রাঞ্চ, চেপে রেখে দিয়েছেন। কারণ এই পুলিস কমিশনার ঘোষ চৌধুরী এর পরে ইন্সপেক্টর জেনারেল হবেন। তারপর প্রেস নোট যা দেওয়া হয়েছে তাতে বলা হয়েছে ইট, সোডার বোতল, ছোড়া হয়েছে—স্যার, অতুল্যবাবুর যে কাগজ 'জনসেবক' সেই কাগজে কি লিখেছে দেখন। তাঁরা পর্যন্ত একথা লেখেনি যে ইট. সোডার বোতল ছোডা হয়েছিল।

[4-20-4-30 p.m.]

"জনসেবক" পর্যন্ত একথা লেখে নি। ফার্স্ট অ্যান্ড সেকেন্ড সেপ্টেম্বর নির্বিচারে গুলী চালাবার পর থার্ড সেপ্টেম্বর পুলিস গেজেট-এ ঐ ক্যালকাটা পুলিস কমিশনার কর্তৃক এটা ছাপান হোল—যার অর্ডার নং ১৮৪৯ এবং তাতে লেখা ছিল

"It has been repeatedly stressed and it is again being emphasized that firing would be resorted to only when it is absolutely necessary. It must be well controlled. Minimum number of rounds required shall be used".

তাহলে থার্ড সেপ্টেম্বর এই অর্ডার দেওয়া হচ্ছে কেন এবং ঐ

It presupposes that 1st and 2nd well controled.

গুলী চালান হয় নি। কালীপদ মুখাজী এবং পুলিস কমিশনার-এর আজ বিচার ও কনভিকশন হওয়া দরকার। আজকে জুডিসিয়াল ইনকুয়েরীকে এড়িয়ে যাবার জন্য পুলিস কমিশনারকে দিয়ে এনকোয়ারী করান হচ্ছে। একথা সত্য কিনা আজ কালীপদবাবু জবাব দিন যে চীফ সেক্রেটারী এবং হোম সেক্রেটারী রেকমেন্ড করেছিলেন যে প্রাথমিক পর্যায়ে ডিভিশনাল কমিশনার, কে সি বসাককে দিয়ে এনকোয়ারী করান হোক। কিন্তু তা না করে আজ অন্য একজনকে দিয়ে এনকোয়ারী করান হচ্ছে, আমি আর একটা শেষ ঘটনার কথা উল্লেখ করতে চাই এবং সেটা হোল এই—পুলিস কমিশনার-এর রাইফেল শট-এর ব্যাপারে যখন যুগান্তর, আনন্দবাজার এবং হিন্দুস্থান স্ট্যান্ডার্ড প্রভৃতি পত্রিকায় অভিযোগ বেরিয়েছিল তখন ঐ পুলিস কমিশনার—ডি সি হেড কোয়ার্টার্স, ডি আই জি, ওয়েস্ট বেঙ্গল এবং আর্ম পুলিস-এর এস এন ঘোষ-এর কাছে কেবল মান্কেট ও লাঠিসহ পুলিস রেইনফোর্সফোর্স করে একটি নোট পাঠান। তিনি নিজে না পাঠিয়ে ঐ ডি সি হেড কোয়ার্টার্সাকে দিয়ে পাঠিয়েছেল এবং তিনি নিজে ফোন করে এস এন ঘোষকে নোটের উপর কনফার্মেসন দিয়ে দেবার জন্য বলে দিয়েছেন। এই পুলিস কমিশনারই ভবিষ্যতে আই জি হবেন কাজেই সেই ভয়ে তিনিও লিখে দিলেন, আমার কাছে যতদূর খবর আছে তাতে এসব কথা সত্যি। যাহা হোক, প্রেস নোট ড্রাফটেড হোল কিন্তু তা না যাবার কারণ হোল যে কালীবাবুর ঐ বীরেন চক্রবর্তী, এ আই জি. চীফ সেক্রেটারীকে বলে এসেছিল যে রাইফেল চাওয়া হয়েছিল এবং সেই জন্যই এখন উভয় সংকটে পড়ে ঐ বীরেন চক্রবর্তীর বিরুদ্ধে যেতে পারছেন না। সুতরাং এই সব নানা কারণে শেষ পর্যন্ত প্রেস নোট আর বেরুন্স না। আমি দাবি করছি যে গানশট ইনজুরি গুলিকে ফোরেনসিক ল্যাবরেটরীতে পরীক্ষা করা হোক যে বারইফেল

ইউজ হয়েছিল কি না। আমার শেষ খবর হচ্ছে যে কেবলমাত্র রাইফেলই নয় টমিগান প্রভৃতি নিয়ে অ্যাসিস্ট্যান্ট কমিশনার মিঃ মুর ঐ তিনদিন রাস্তায় বেড়িয়েছিল। আমি কালীপদবাবুকে চ্যালেঞ্জ করছি যে ঐ মিঃ মুর-এর কাছে কি কি ফায়ার আর্মস দেওয়া হয়েছিল তার অরিজিনাল লিস্ট সাবমিট করা হোক। টমিগান, রাইফেল দিয়ে আজ এঁরা আন্দোলন দমন করতে চায়, কাজেই আজ যে অনাস্থা প্রস্তাব এঁদের বিরুদ্ধে এসেছে তা আমি সম্পূর্ণভাবে সমর্থন করি।

# The Hon'ble Kali Pada Mookherjee:

একটাও রাইফেল টমিগান ব্যবহার করা হয় নি।

## Shri Subodh Banerjee:

ডেপুটি স্পীকার মহাশয়, আমি সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাবের যে নোটিশ দিয়েছিলাম সেটা এখন মুভ করছি। আমার এই অনাস্থা প্রস্তাব আনার কারণ হোল যে, জনসাধারণের মৌলিক দাবি নিয়ে যতগুলি সমস্যা আছে তার সমাধান করতে এই সরকার চূড়ান্তভাবে ব্যর্থ হয়েছেন। প্রথম জিনিস হোল যে ঐসব সমস্যার সমাধান করতে যে শুধু ব্যর্থ হয়েছেন তাই নয় ঐগুলি সমাধান করার আদৌ কোন চেষ্টাই হয় নি—প্রবলেমস হ্যাভ নট ইয়েট বিন ট্যাকল্ড। সলিউশন-এর কথা বাদই দিলাম, ট্যাকল পর্যন্ত করা হয় নি। দ্বিতীয়তঃ এই সরকারের উপরে জনসাধারণের যে কোন আস্থা নেই তা প্রমাণ হয়ে গিয়েছে, তৃতীয়তঃ এই সরকার তাঁর প্রতিটি নীতিতে ধনিক শ্রেণীর স্বার্থ রক্ষা করে জনসাধারণের পিয়ে মারছে, চতুর্থতঃ, এই সরকার সমস্ত রকম আইনের পথ বন্ধ করে দিয়ে বেআইনী ও নৃশংসভাবে জনসাধারণের উপর অত্যাচার করছে। এইসব কারণের জনাই আমি সরকারের বিরুদ্ধে এই অনাস্থা প্রস্তাব এনেছি। স্যার, আপনি একটা একটা করে দেখুন, জনসাধারণকে খেতে দেওয়াই হচ্ছে সরকারের প্রাথমিক দায়িত্ব কিন্তু সে বিষয়ে তাঁরা ব্যর্থ হয়েছেন। এ অভিযোগ শুধু একমাত্র আমারই নয়, সরকার নিজে তাঁর প্রস্ নোট-এ প্রকাশ্যভাবে স্বীকার করেছেন যে, তাঁদের দ্বারা অনুসৃত নীতি ব্যর্থ হয়েছে। এই স্বীকৃতি

it is a censure against themselves, it is a censure against the Government, it is a censure against their policy

এবং অন্য দেশ হলে—যে পার্লামেন্টারি গণতন্ত্রের কথা ওরা বলেন সেই ওদের গুরুদেব গ্রেট ব্রিটেন, আমেরিকা প্রভৃতি দেশে যদি এই অবস্থা হোত তাহলে শুধু খাদ্যমন্ত্রীকেই নয় গোটা মন্ত্রীমণ্ডলীকেই পদত্যাগ করতে হোত। এই সরকার যে নীতি অবলম্বন করে চলেছেন তাতে ঐ ধনিকশ্রেণী, কলওয়ালা এবং আড়তদাররাই শুধু লাভবান হচ্ছে এবং পরিবর্তে জনসাধারণ অশেষ দুঃখ কষ্টের সম্মুখীন হচ্ছে। এঁদের প্রাইস কন্ট্রোল অর্ডারটা লক্ষ্য করলেই এ জিনিসটা পরিস্কার হয়ে যাবে। যখন এঁরা প্রাইস কন্ট্রোল অর্ডার ইন রেসপেষ্ট অফ রাইস অ্যান্ড প্যান্ডি চালু করলেন তখনই আমরা এই সন্দেহ প্রকাশ করেছিলাম যে ফসল ওঠার আগে অন্ধ দামে ধানচাল কিনে নেবার জন্যই এই প্রাইস কন্ট্রোল অর্ডার চালু করছেন এবং বর্ষার সময় যখন ধানচালের দাম ছ ছ করে বেড়ে যাবে তখন এই অর্ডার নুলিফাই করবেন। প্রফুল্লবাবু এই বিধানসভায় দাঁড়িয়ে জোর গলায় বক্তৃতা করে বলেছিলেন যে এই অর্ডার সারা বছর তাঁরা চালু রাখবেন। কিন্তু ঘটনাই প্রমাণ করে দিল যে, তাঁর কথা সম্পূর্ণ মিথ্যা এবং এর ফলে অবস্থার উন্নতির চেয়ে অবনতিই হয়েছে। আমাদের আশঙ্কাই আজ সত্যে পরিণত হোল যে, জনসাধারণকে শোষণ এবং গরীব চাষীর কাছ থেকে অন্ধ দামে ধানচাল কেডে নিয়ে ঐ ধনিকশ্রেণীকে লাভবান করবার জন্যই তাঁরা এই অর্ডার চালু করেছিলেন এবং বর্ষার সময়ে সেই অর্ডার আবার তুলে দিলেন। এই ধনিক তোষণ নীতির জন্যই আজ জনসাধারণ সরকারের বিরুদ্ধে বিক্ষুদ্ধ। দ্বিতীয় কথা হোল যে মানুষকে কাজ দেবার দায়িত্ব সরকারের। কিন্তু সেদিকেও তাঁরা ব্যর্থ হওয়ায় বেকার সমস্যা ক্রমেই তীব্রতর হচ্ছে। নৃতন কর্মসংস্থানের কথা বাদ দিন—যারা কাজ করছে তারাও ছাঁটাই হয়ে যাছে। পুরান ফ্যাক্টরী, পাট, শিল্প অন্যান্য বড় বড় ইন্ডাস্ট্রীর দিকে তাকালেই একথা প্রমাণ হয়ে যাবে যে প্রচুর সংখ্যক কর্মচারী ছাঁটাই হয়ে যাচ্ছে। কাজেই আজ একথা অত্যন্ত পরিস্কার, যে সরকার জনসাধারণের খাওয়া, কাজ, বাসস্থান ও শিক্ষার ব্যবস্থা করতে পারছে না, সেই সরকারের টিকে থাকার কোনও নৈতিক অধিকার নেই। আমাদের পি এস পি দলের বন্ধুরা সরকারের নিন্দা করে বলেছেন যে ল অ্যান্ড অর্ডার ছিল না বলে সাধারণ মানুষ লুঠতরাজ করেছে। যদিও আশ্চর্য হচ্ছি না তবুও জিজ্ঞাসা করছি যে নো-কনফিডেন্স মোশন-এর সঙ্গে এর কি সম্পর্ক আছে? ওঁরা নো-কনফিডেন্স মোশন এনেছেন সরকারের বিরুদ্ধে—বামপন্তী দলের বিরুদ্ধে নিশ্চয়ই নয়।

কাজেই অনাস্থা প্রস্তাবের আলোচনা করতে গেলে সরকারের নীতির এবং অন্যান্য যেসব অভিযোগ সরকারের বিরুদ্ধে আছে সেগুলিরই আলোচনা করতে হয় এবং অন্যান্য বক্তৃতার সঙ্গে এর প্রভেদ এখানেই। কিন্তু অনাস্থা প্রস্তাবের সঙ্গে আমার এস ইউ সি দল কি করল তার যে কি সম্পর্ক আছে তা তো বুঝলাম না। তবে যেহেতু তাঁরা একথা বলেছেন সেহেতু ইরিলেভ্যান্ট হলেও তার জবাব দেওয়া প্রয়োজন মনে করি। প্রথম কথা—আমার পি এস পি বন্ধুরা বলেছেন যে, আমরা এক জাতের রবীনছঙ। তার উত্তরে আমি বলব আই অ্যাম প্রাইড যে আমার দল সুন্দরবনের চাষীদের হয়ে জোতদারদের অত্যাচারের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছে, আই অ্যাম প্রাউড যে আমার দল সমস্ত রকম কন্ত স্বীকার করে সাধারণ মানুষের হয়ে অত্যাচারীকে ধবংস করছে, আই অ্যাম প্রাউড যে আমার দল ধনিকশ্রেণীর পা চাটতে যায়নি বা বিশ্বাস্বাতকতা করে ঐ "রায়-ঘোষ" চুক্তি করেনি।

[4-30-4-40 p.m.]

যারা সংগ্রামের মুখে এই জিনিস করে তারা জনসাধারণের শত্রু একথা স্পষ্টাক্ষরে এখানে দাঁড়িয়ে বলার সাহস আমি রাখি। শুধু একথা নয়, আরও অনেক জিনিস আজ বলেছেন—তারা কথায় কথায় চীনের কথা তুলেছেন হাঙ্গেরীর কথা তুলেছেন—বন্ধদের কণ্ঠ নিস্তন্ধ—যথাস্থানে সেকথা বলা উচিত এটুকু আমি মনে করি। অ্যাসেম্বলীতে তার আলোচনার কোন স্থান আছে বলে আমি মনে করি না—তবুও আমি বলব যে দুটো জিনিসের পার্থক্য আপনারা ঠিকই ভূলে যাবেন। আমি বলি আমাদের হাতে যদি ক্ষমতা থাকত তাহলেজোতদারদের বুকে গুলি চালাতে আমাদের হাত কাঁপত না—আমাদের হাত কাঁপত না তাদের উপর গুলি চালাতে যারা মানুষকে না খাইয়ে মারে যারা সমস্ত মানুষকে দাবিয়ে রাখার চেষ্টা করে। এ জিনিস চীনে হয়েছে। ঠিকই তো। আমরা মনে করি চীন সরকার লামাশাহীর বিরুদ্ধে লডাই করে ঠিকই করেছেন। তিব্বতীয় জনসাধারণ চাষী মজুর মধ্যবিত্তদের স্বার্থরক্ষার জন্য যা করেছেন সে জিনিস যদি আমাদের দেশে ঘটত তাতে যদি রক্ত স্রোত বয়ে যেত তাহলে আমরা তার নিন্দা করতাম না—সরকারকে সমর্থন করতাম। চীনদেশে সাধারণ মানুষ চাষী মজুরদের স্বার্থরক্ষার জন্য লামাশাহীর বিরুদ্ধে সংগ্রাম হয়েছে আর এখানে হয়েছে ঠিক তার উল্টো। এখানে ধনিকশ্রেণী পঁজিপতি শ্রেণী এবং জোতদারদের স্বার্থরক্ষার জন্য সাধারণ মানুষের উপর গুলি চালান হয়েছে। এই পার্থক্য না দেখে যারা আলোচনা করেন, তাদের রাজনৈতিক জ্ঞান, রাজনৈতিক বৃদ্ধি সম্বন্ধে স্বভাবতই সন্দেহ আসে। ডিগ্রি থাকলে রাজনীতি বোঝা যায় না ডিগ্রির মধ্যে ফ্যাক্ট রিড করার জন্য দর্শন চিন্তা করা দরকার এবং সেই দর্শন জ্ঞানের অভাব পরিষ্কারভাবে ধরা পড়ে এ বিষয়ে সন্দেহ নেই। যে শ্রেণীতে আমি বিলং করি তার দ্বারা আমাদের একটা দৃষ্টিভঙ্গী সমাচ্ছন্ন থাকে। যেখানে রাজনীতিতে ধনিকশ্রেণীর স্বার্থ রক্ষা করাই একমাত্র উদ্দেশ্য সেই শ্রেণীতে বিলং করে এইরকম দলের সভ্যদের পক্ষে এই ধরনের জোতদারদের সমর্থনে দাঁড়িয়ে সুন্দরবনের চাষীদের বিরুদ্ধে সংগ্রাম করা এবং সরকারকে আরও জোর অত্যাচার না করার জন্য নিন্দা করা অত্যন্ত স্বাভাবিক। এতে অবাক হবার কিছই নেই। তবে একথা ঠিক যে এ জিনিস বেশি দিন চলবে না। আমি তাকে জিজ্ঞাসা করব, যে জায়গায় তিনি নিন্দা করেছেন যে চাষীদের হয়ে করার জন্য এস ইউ সি এবং সুবোধ ব্যানার্জী খুব অন্যায় করেছে—তাঁকে বলি তাঁদের বড় বড় সর্বভারতীয় নেতাদের নিয়ে সেখানে চলুন, ডাক দিন—একটা চাষী সেখানে বেরিয়ে আসে কিনা। আর সামান্য ক্ষুদ্র একজন কৃষক কর্মীর এক ডাকে যদি ৫০ হাজার চাষী না বের করে দিতে পারি তাহলে রাজনীতি ছেডে দেব এই চ্যালেঞ্জ আমি দাঁডিয়ে করছি—যদি সাহস থাকে তাহলে এই চ্যালেঞ্জ গ্রহণ করুন। আমি বলি এই সরকারের এই ধরনের অত্যাচারের বিরুদ্ধে নিঃসন্দেহে প্রতিবাদ করা দরকার। সাথে সাথে তারা বলেছেন যে. আইন সভায় সভা সংখ্যা তাদের বেশি. সূতরাং তাদের কনফিডেন্স আছে। ভুল কথা। আইন সভার সদস্য সংখ্যা দিয়ে জনসাধারণের আস্থা আছে কি না আছে তা প্রমাণ হয় না। এ আমার কথা নয়। আমি আবার স্মরণ করিয়ে দিই কেরলার রাজ্যপাল তাঁর রিপোর্টে ঠিক এই কথাটাই বলেছেন যে, আইন সভায় সংখ্যাগরিষ্ঠতাই প্রমাণ করে না যে জনসাধারণের আস্থা সেই সরকারের উপর আছে কি না। আমি সেই কংগ্রেসী মন্ত্রীমণ্ডলীর গভর্ণরের কথার পুনরাবৃত্তি করে বলছি যে আইন সভায় সদস্য সংখ্যাগরিষ্ঠতার দ্বারা প্রমাণিত হয় না যে জনসাধারণের আস্থা আছে। জনসাধারণ অনাস্থার পরিচয় মাঠে ময়দানে দিয়ে গেছে। আগস্ট আন্দোলনকে যদি জাতির অভাষান বলা যায়, তাহলে এই খাদ্য নিয়ে যে আন্দোলন হয়ে গেল।

it is ten times stronger than August movement

এবং সেই আগস্ট আন্দোলনের মাঝখান দিয়ে যদি সাম্রাজ্যবাদের বিরুদ্ধে জনসাধারণের অনাস্থা, বিশ্বেষ এবং সমস্ত কিছু প্রমাণিত হয়ে থাকে তাহলে খাদ্য আন্দোলনের মাঝখান দিয়ে তার চেয়ে অনেক বেশি নিন্দা, অনাস্থা প্রকাশিত হয়েছে এবং গণতন্ত্রের ঐ তথাকথিত দরদীদের যদি জনসাধারণের প্রতি কণিকামাত্র সম্মানবাধ থাকে তাহলে তার চ্যালেঞ্চ গ্রহণ করে, তার রায় গ্রহণ করে পদত্যাগ করে জনসাধারণকে ফেস করা উচিত—এই দাবি আমি করছি এবং এই কারণেই সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আমি এনেছি।

# Shri Sudhir Chandra Ray Choudhury:

মিঃ ডেপটি স্পীকার মহোদয়, আমাদের সরকারের অনেক ত্রুটি আছে। তাঁদের অপদার্থতা, অকর্মণ্যতা, দুর্নীতি দিয়ে জনসাধারণের জীবনকে তাঁরা বিপর্যন্ত করে তুলেছেন—আমরা নিত্য সে বিষয়ে আলোচনা করি কিন্তু এই অনাস্থা প্রস্তাবে আমার যোগ দেয়ার প্রথম কারণ হচ্ছে যে তাঁরা কলকাতা এবং হাওড়ায় বন্ধুক দিয়ে যে নৃশংস হত্যাকাণ্ডের সৃষ্টি করেছেন তার বিরুদ্ধে আমার মনের যাকিছ বেদনা, ব্যথা তা জ্ঞাপন করবার জন্য। আমাদের একট ভাবতে হবে যে সরকারপক্ষের কোন মন্ত্রীর কোন অধিকার আছে কি নিরীহ পথচারীদের উপর গুলিবর্ষণ করার? কমিউনিষ্ট পার্টি কি এস ইটি সি যদি মুভমেন্ট করে থাকে—তাদের দাবানো যদি আপনাদের ইচ্ছা হয়ে থাকে তবে আমি বলবো তাঁদের কটা মেরেছেন? (কংগ্রেস বেঞ্চ হইতে কণ্ঠস্বর : তাঁরা পালিয়ে গিয়েছিলেন) তাঁরা যদি পালিয়ে গিয়ে থাকেন আর আপনারা যদি নিরীহ লোক, নিরীহ নারী, শিশু তাদের মেরে থাকেন তাহলে আপনাদের অপরাধ স্বীকার করা উচিত। আমি খবর নিয়ে নিজে জেনেছি যে মায়ের বুকে ছোট শিশু লাঠির আঘাতে মারা গেছে—আপনারা দেখেও এসেছেন হাসপাতালে। যে সাধারণ মানুষ পালিয়ে যাচ্ছে,য পলায়তি স জীবতি, সেই পলায়মান মানুষের পিঠে আপনারা গুলি চালিয়ে তাকে মেরে ফেলেছেন। মানুষ ঘরে শুয়ে আছে, কাজ করছে নিজের ঘরে—সেখানে গুলি গিয়ে পৌচেছে। আমি একটা নিজের জানা দৃষ্টান্ত এখানে দেবো। ভদ্রলোকের নাম প্রফুলকুমার কর—এক্স মিলিটারী সার্ভিস ম্যান, ২৪৯ডি বৌবাজার স্ট্রীটে তিনি বাস করেন—জংসন অফ বৌবাজার স্ট্রীট অ্যান্ড চিন্তরঞ্জন অ্যান্ডেনিউ, থার্ড ফ্লোরে তিনি ভাড়া করে আছেন। ১লা সেপ্টেম্বর সাডে আটটার সময় তিনি খেয়ে মুখ ধৃতে যাচ্ছিলেন, দরজা বন্ধ ছিল—সেই দরজা ভেদ করে বলেট তাঁকে বিদ্ধ করেছে। ৩০৩ নং বুলেট। বছদিন তিনি হাসপাতালে ছিলেন, কোনক্রমে মরণের মুখ থেকে উঠে তিনি বাডিতে এসেছেন। আমি জিজ্ঞাসা করি যে আমাদের মন্ত্রীমণ্ডলীর কি অধিকার আছে এই লোককে গুলি করবার? সংবিধানে বলেছে যে কারো জীবন বা ব্যক্তিস্বাধীনতা আইনসঙ্গতভাবে ছাডা নষ্ট করা হবে না। প্রোটেকশন দেয়া হয়েছে অফ অল লাইভস অ্যান্ড লিবার্টি। মন্ত্রীরা শপথ নিয়েছেন

to do all rights to all manner of people accroding to constitution and law.

আজ এই যে নিরীহ লোকদের তাঁরা মারলেন তাঁরা কি সংবিধানানুযায়ী কাজ করেছেন, তাঁরা কি আইনানুযায়ী কাজ করেছেন? তা যদি না করে থাকেন তাহলে তাঁদের ঐ আসনে বসে থাকবার কোন অধিকার নেই।

[4-40-4-50 p.m.]

গুলি চালিয়ে সাধারণ মানুষকে বিপর্যস্ত করে বসে থাকা মোটেই সম্মানের কাজ নয়। এখানে জুতো ছোঁড়াছুঁড়ি নিন্দনীয়, নিশ্চয়ই এবিষয়ে কোন ভূল নেই, কিন্তু সাধারণ মানুষ এতে খুব দুঃখিত হয়েছে তা নয়। এক ভদ্রলোক আমাকে সেদিন বললেন—আচ্ছা, কালীবাবুর মুখে কি জুতা গিয়ে পড়েছিল ? আমি বললাম অত তো লক্ষ্য করি নি। তখন তিনি জিজ্ঞাসা করলেন—প্রফুল্লবাবু কি তখন ঘরে ছিলেন না ? আমি বললাম—হাা, ছিলেন। তখন তিনি বললেন—তার মুখে কি একটা পড়তে পারল না। এটা একজন সাধারণ মানুষেরই কথা, আমার বানান কথা নয়। আপনাদের লক্ষা থাকুক বা না থাকুক সেটা ভিন্ন কথা, কিন্তু এ কথাগুলি যিনি বললেন তিনি কোন রাজনৈতিক দলের লোক নন, সাধারণ মানুষেরই একজন—মামলা করতে আমার কাছে এসেছিলেন। কালীবাবুকে আজ উত্তর দিতে হবে যে এই যে পুলিস দিয়ে গুলি চালান হ'ল সেই গুলিতে কোন রাজনৈতিক দলের লোক না মেরে যদি কোন নিরীহ পথচারীকে মেরে থাকেন তার জন্য তার দুঃখ প্রকাশ করা উচিত ছিল কি না। জবাব দেবার সময় আর একটি কথার উত্তর আমি চাই। আমি বিশ্বস্তস্ত্রে খবর পেয়েছি আপনারা যখন গুলি করবার অর্ডার কে দেবে এই নিয়ে সমস্যায় পড়েছিলেন, বড়কর্তা তো অর্ডার দিয়ে

দিয়েছিলেন, কিন্তু পুলিসকে জানাবে কে এই নিয়ে যখন গোলমালে পডলেন তখন শ্রী পি কে সেনকে আমদানি করেছিলেন। এ সম্বন্ধে সত্য জবাব দিতে হবে। আমরা জানতে চাই ডি আই জি, ট্রাফিক যিনি তাকে নিয়ে এসে সৃটিং অর্ডার দেওয়া হয়েছিল কন্টোল রুম থেকে। তিনি একবার এই পাপ করেছিলেন বলে সকলকে বাদ দিয়ে তাকে নিয়ে এসে অর্ডার করা হয়েছে কি নাং তাই যদি সত্যি হয় এটা অত্যন্ত অন্যায় করা হয়েছে। প্রথম জ্বিনিস গেল এই দ্বিতীয় জ্বিনিস হল আপনারা কমিশনার অফ পুলিসকে দিয়ে তদন্তের ব্যবস্থা করেছেন—এ বিষয়ে লম্বা প্রেস নোট দেখলাম। এটা কি রকম কথা। আজ প্রথমে পূলিসের বিরুদ্ধে অভিযোগ, তার পরে মন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ রয়েছে। আজ পূলিসের দ্বারা পূলিসের বিচার হবে, পুলিসের কার্যাবলী অনুসন্ধান করবে পুলিস কমিশনার এই বৃঝি গণতন্ত্রের আদর্শ ? এত বড স্বেচ্ছাচারী আর কোন সরকার আছে কি না জানি না। কি পলিটিকস-এর মধ্যে আছে তাও জানি না। কিন্তু মানুবের জীবন নিয়ে এ খেলা ভাল নয়। সমস্ত দেশের মানুবের বুকে আগুন দ্বালিয়ে দিয়েছেন—দাউ দাউ করে সে আগুন দ্বলছে। এখানে তো ভোটের দাপটে আমাদের হারিয়ে দেবেন জানি—এ দলকে দোষ দেবেন, ও দলকে দোষ দেবেন। আজ বাংলাদেশের দুর্ভাগ্যের কথা যে বামপন্থী দলগুলি এক হয়ে কাজ করতে পারেন না, তা যদি করতে পারত তা হলে আজ আপনাদের আর ওই আসনে থাকতে হোত না. আপনারা দেশকে বিট্রে করেছেন, বামপন্থীরাও দেশকে বিট্রে করেছে। এ বিষয়ে কোন সন্দেহ নেই সমস্ত বামপন্থী যদি এক সাথ হয়ে আপনাদের শিক্ষা দিতে না পারে তাহলে তাদেরও কোন ভবিষ্যৎ নেই। তাদের ভবিষ্যৎ মানে দেশের লোকের ভবিষ্যৎ—আপনাদের মত লোকের ভবিষ্যৎ নয়। আপনারা সবাই মনে করছেন আপনারা একটি একটি ক্লুদে ভগবান—কোন্টি চোর, কোন্টি বাটপাড় তা কিন্তু সকলেই জানে। বলি না সব কথা, কারণ শালীনতা হানির প্রশ্ন এসে যাবে, কিন্তু মনের মধ্যে যখন আগুন দ্বলে তখন ওই শালীনতাবোধও থাকে না। আমরা জানি, আপনারা জানেন যে অনাস্থা প্রস্তাব আপনাদের ওই গদী থেকে সরিয়ে দিতে পারবে না—কিন্তু আজ যদি আপনাদের কর্মফলে যে সমস্ত মানুষ প্রাণ হারিয়েছে তার জন্য আপনাদের কাছে কৈফিয়ৎ না চাইব তাহলে আমরা এখানে এসেছি কেন? কালেকটিভ রেসপনসিবিলিটি-র কথা তো বলা হয়।

অনেক অনাচার আপনাদের দেখেছি চাল নিয়ে। যারা এই চাল নিয়ে ফাটকাবাজী করেছেন, যখন দেখলেন বামপন্থীরা আন্দোলন খুব চেপে ধরেছে তখন বললেন আউস দান উঠেছে, আর বলার সঙ্গে কিছুদিনের জন্য চালের দাম সামান্য কমে গেল। আবার হাউস-এ এসে বিপ্রান্তিকর বন্ধৃতা দিলেন—চালের দাম পড়ে গেছে। তখন কিন্তু দাম বাড়ার দিকে। এদিকে একই লোক ফেমিন, ফুড অ্যান্ড রিলিফ এই তিন ধরে বসে আছেন—কাঁচা পয়সার জায়গা—ওই টাকা দিয়ে নিজেদের দল ভারী করা হচ্ছে। দেশের লোক তা বুঝতে পারছে না। যাই হোক নিরীহ লোকদের গুলি করে মারবার কোন অধিকার আপনাদের নেই। এখানে যদি কৈফিয়ৎ না দেন জনসাধারণের কাছে আপনাদের ওই কৈফিয়ৎ দিতেই হবে। চিরকাল আপনারা থাকতে পারবেন না, আপনাদের দিন আর বেশি বাকি নেই—কমিউনিষ্ট পার্টি পারুক, কি আর এস পি, কি ফরওয়ার্ড ব্লক, কি সবাই একত্রে পারুক আপনাদের শেষ দিন অতি সত্বর আসছে—এ বিষয়ে বিন্দুমাত্র সন্দেহ নেই।

# Shri Bijoy Singh Nahar:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আজকে এখানে যে সমস্ত কথা শুনলাম বর্তমান অধিবেশনে এই কয়েকদিন ধরে বিরোধী পক্ষরা সেই সমস্ত কথাই বলে এসেছেন এবং তার জবাবও আমাদের মুখমন্ত্রী মহাশয় দিয়েছেন। তাঁদের কথা পরিষ্কার করে পূর্বেই বলে দিয়েছেন, এখন আবার সেই সমস্ত কথা শুনতে হচ্ছে, তাই মনে হচ্ছে তাদের ঐ ধরনের কথা ছাড়া আর অন্য কথা তাদের ঝুলিতে নেই, কেবল চর্বিত-চর্বণ হচ্ছে।

এঁরা যে কথাগুলি বলেছেন এর পূর্বে কমিউনিস্ট পাটি অফ ইণ্ডিয়া আমাদের রাষ্ট্রপতির কাছে ঐ ধরনের একটা চার্জ-সিট দিয়েছিলেন, সেটা ছাপান হয় এবং তার একটি কপি আমার কাছে আছে। এই চার্জ-সিট-এর বিরুদ্ধে কয়েকটা মানহানি মামলা আদালতে শুরু হয়েছে, তাতে প্রমাণিত হবে কত মিথ্যা কথা এঁরা বলেন।

# Shri Suhrid Kumar Mullick Chowdhury:

Sir, I rise on a point of order.

যখন কোর্টে কেসগুলি চলছে, এটা সাব জুডিসি সেই সময় চার্জ-সিট-এর অমুকটা মিথ্যা বা ঠিক নয়, এই ধরনের যে উক্তি তিনি করলেন ইজ ইট পার্লিয়ামেন্টারী?

## Mr. Deputy Speaker:

এটা উনি বলতে পারেন না।

Please do not mention this.

## Dr. Hirendra Kumar Chatterjee:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, এই অনাস্থা প্রস্তাব সমর্থন করতে উঠে আমার বলবার কথা একটু সহজ হয়ে গিয়েছে, কারণ আমাদের অনেক কংগ্রেসী বন্ধু ২২ জুন রাইটার্স বিল্ডিংস-এ রোটুভা হল-এ আমাদেরই সমর্থন করেছিলেন এবং ২৩ তারিখে যুগান্তর কাগজে যে রিপোর্ট বেরিয়েছিল তাতেও গ্রীঅবনী বসু মহাশয় প্রীপ্রযুদ্ধ ব্যানাজী মহাশয় প্রভৃতির বক্তব্য ছিল। এদের সকলকেই আমি নমস্কার জানাই, কারণ, আমার কর্তব্য তাঁরা সহজ করে দিয়েছেন। আজকে প্রথম কথা বলব এই যে জ্যোতিবাবু যে বলেছেন যে আমাদের প্রধান মন্ত্রী গ্রীনেহরু নাকি বড় বেদনা পেয়েছেন এবং অনেক কথা বলেছেন এটা বড় অভিনব। তার বইতে—*ডিসকভারি অফ ইণ্ডিয়া* এতে তিনি ১৯৪৩ ফ্যামিন সম্বন্ধে বলেছেন—

'It is most extraordinary how inefficient the Government is in every matter other than the suppression of those who challenge its administration. In any democratic or semi-democratic country, such a calamity would have swept away all the Governments concerned with it.'

আজকে যখন এই কথাই বইতে পড়ি, তখন কাল সকালবেলায় এই বই পড়বার সময় জানলার ধারে দাঁড়িয়ে দেখলাম যে বাইরের রাস্তার একটা দেওয়ালে একটা সিনেমা পোস্টার 'এ জহর সে জহর নয়'। আমারও তাই মনে হল এ জহর সে জহর নয়।

তারপর বলি এই ফুড মুভমেন্ট-এর কথার প্রথম জিনিস মনে পড়ে যে পি সি সেন-এর একটা বিশেষ প্ল্যান আছে. সেকেন্ড ফাইভ ইয়ার, থার্ড ফাইভ ইয়ার প্ল্যান নয়, ওঁর অ্যানুয়েল প্ল্যান আছে। তার কারণ হচ্ছে প্রথমবার যখন ফুড-এর অবস্থা খারাপ হল তখন কর্ডন প্রথা চালু করা হল এবং তাতে আমাদের সাহায্য করেছেন অনেক কংগ্রেসের ফড এনকোয়ারি কমিটি। কর্ডন প্রথার কি জুয়াচুরি বাটপারি ছিল শ্রীসিদ্ধার্থ রায়ের পদত্যাগের সঙ্গে সঙ্গে এবং ফুড এনকোয়ারী কমিটির রিপোর্ট যা বেরিয়েছে তাতে অবনীবাবুকে নমস্কার জানাচ্ছি, সেই যে রিপোর্ট বেরিয়েছিল তাতে সুবিধা হল না, দেশে কর্ডন প্রথা করে দরিদ্র চাষীদের কাছ থেকে সেই জেলার চাল আটকে রেখে দেওয়া হয়েছিল এবং তারপর সেই দরিদ্র চাষীদের হাত থেকে জ্যোতদার মিলমালিক ও আডৎদারদের কাছে যখন সেই চাল চলে গেল তখন আমাদের সহানুভূতি সম্পন্ন খাদ্যমন্ত্রী কর্ডন তুলে দিলেন। অর্থাৎ বড় বড় মিলমালিক যারা তারা পেলো লাভাংশ, চাষীরা কিছুই পেল না। কংগ্রেস ফুড এনকোয়ারি কমিটি তার এই ব্যবস্থার জয়গান করলেন সেইজন্য এবারে এলো প্রাইস কন্টোল। ফলটা একই হল, অর্থাৎ গরীব চাষীর কাছ থেকে অল্প দামে ধানচাল মখন কেনা হয়ে গেল তারপর তারা বললেন ফুড কন্ট্রোল তলে দাও। জগন্নাথবাব এমন কথাও বলেছিলেন যে যারা বড বড জোতদার তারা পলিসের সঙ্গে যোগ সাজসে—আমি যুগান্তরের কথা কোট করছি এবং এ পর্যন্ত সে কথার কেউ প্রতিবাদ করেন নি অতএব সেটা সতা বলে ধরে নিতে পারি—এবং এখানের দুর্নীতিপরায়ণ খাদ্য বিভাগের অফিসারদের সঙ্গে ব্যবস্থা করে বড় বড় জোতদাররা পাঁচ সাত টাকা করে মুনাফা করে গিয়েছে। জগন্নাথবাবু একথা বলেছেন এবং তার জন্য তাঁকে নমস্কার জানাচ্ছি। তারপর গভর্নমেন্টকে আবার সার্টিফিকেট দিয়েছেন এবং সে সার্টিফিকেট কে দিয়েছেন, না বাংলাদেশের যিনি সবচেয়ে বড চালের আড়ৎদার উষাকান্ত দাস। তিনি ১লা তারিখের যুগান্তরের ডান দিকের একটা কলমে জানিয়েছেন, এতদিন পরে পশ্চিমবংগ সরকারের শুভবৃদ্ধির উদয় হল। আমরা এতদিন পর্যন্ত যা বলে এসেছি এরা সেইমত কাজ করছেন। সূতরাং এখন হতে খরিন্দারদের জানাচ্ছি তারা যে-কোন কোয়ালিটির চাল পাবেন। সেদিন ডাক্টার রায় বলেছিলেন আমরা ১০-১২ বৎসর ধরে এঁকে খাদ্যমন্ত্রী রেখেছি।

and he is doing very good work.

আমি বলি শ্রীউষাকান্ত দাসকে আনুন। তার উপদেশই ত আমাদের মুখ্যমন্ত্রী গ্রহণ করলেন। সূতরাং শ্রীউষাকান্ত দাসকে এনে বসিয়ে দিন। এরপর স্ট্যাটিস্টিকস-এর কথা। বিধানবাবু স্ট্যাটিস্টিকস-এর সম্বন্ধে বলেছেন—সেদিন খাদ্য সম্পর্কে বন্ধুতায় বিরোধী দলকে বলেছেন—ইউ আর নো, স্ট্যাটিস্টিকসিয়ানস, আমি এক্সপার্ট স্ট্যাটিস্টিকসিয়ান-এর কাছ থেকে

স্ট্যাটিস্টিকস নিয়ে এসেছি। অথচ ২২-এ জুন তারিখে রোটুভা-এ অবনীবাবুর প্রশ্নের উত্তরে বলেছিলেন আমাদের কোন পরিসংখ্যান নেই। কিন্তু ২২-এ জুনের পরে এই ১লা সেন্টেম্বর মাসের মধ্যে কোন স্ট্যাটিস্টিকস-এর ডিম্বে তা দিয়ে স্টেটিস্টিকস বেরিয়েছে তা আমরা বৃঝতে পারি না। তারপর বলি যখন ফুড সম্বন্ধে তিনি রেটুভাতে যে স্টেটমেন্ট দেন তাতে এগ্রো-ইকোনমিক কমিটি যে রিপোর্ট বেরিয়েছিল সেই এগ্রো-ইকোনমিক কমিটির রিপোর্টকে নির্লজ্জাভাবে ডান্ডার রায় বিকৃত করেছেন, ডিস্টরট করেছেন। তিনি বলেছেন

Thus it will be seen from the above report that the real hoarders about whom the Communist friends make so much noise were not the traders or the millers but the producers, big and small, throughout the State.....the large producers now occupy a position of great importance in the rice economy of the area surveyed. On the one hand they extend credit to small producers on condition of repayment in paddy and thus acquire command over paddy stocks after harvest—

[6—6-10 p.m.] এই রিপোর্টের একটা সেন্টেন্স বেমালুম গ্রহণ করছেন, কিন্তু

on the other hand, they have combined in themselves the functions of wholesale trade and in some cases even milling.

বিধানবাব এটা কনভিনিয়েন্টলী বাদ দিয়েছেন। তিনি এই চার্জ করেছেন---

this is political distrusty and want of political integrity.

তারপর আমেদ সাহেবের কথা, আমেদ সাহেব এগ্রিকালচার ডিপার্টমেন্ট-এর এককালীন মন্ত্রী ছিলেন। আমরা সকলেই জানি তিনি ডিপার্টমেন্টাল সেক্রেটারি সি কে রায়-এর হাতের পুতুলমাত্র। তারপর ফার্টিলাইজার সম্বন্ধে শঙ্করদাসবাবৃই কংগ্রেস পার্টিতে বলেছিলেন যে একটা এনকোয়ারি করা হোক কি করে এসব সার চলে গেল। আমেদ সাহেব চিরকাল ডিন্টিকালচার করেছেন, তা ছেড়ে তিনি এগ্রিকালচারাল ধরলেন কেন? তারপর, প্রফুল্লবাবুর উপর ডিস্ট্রিবিউশন-এর ভার। স্তরাং তিনজনের উপর এই খাদ্য ব্যাপারে ভার। আমাদের শঙ্করদাসবাবু ব্যারিস্টার তিনিই রোটভা হল-এ প্রাইস কন্ট্রোল অর্ডার তুলবার জন্য প্রস্তাব করেছিলেন। এ সম্বন্ধে কাগজে রিপোর্ট হল তিনিই প্রফুল্লবাবুকে জড়িত করেছিলেন। অথচ আজকে খাদ্য আন্দোলনে ডিবেটের সময় তিনি, যে প্রফুল্লবাবু, কালীপদবাবু এরা বাংলাদেশের মাথা নত করলেন তাঁদের পক্ষে বক্তৃতা দিয়ে উঠলেন। আমরা বুঝতে পারলাম না ব্যাপারটা কি! যাই হোক, শেষ কথা, আর বাংলাদেশের বুকের উপর যে বীভৎস পুলিসি জুলুম চালান হয়েছে তার জন্য তাঁদের অবশ্য প্রায়ন্চিত্য করতে হবে এবং সেই প্রায়ন্চিত্য অল্প দিনে শেষ হতে পারে না। এই হত্যাকাণ্ডের বিভীষিকা তাদের মনে বছদিন জাগরুক থাকবে।

### Dr. Radha Krishna Pal:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই এসেম্বলী রঙ্গমঞ্চে আমাদের জ্যোতিবাবুর বক্তৃতা শুনলাম, আমাদের যুধিষ্ঠির হেমন্তদাদার বক্তৃতা শুনলাম, আমাদের ভীম শিশিরবাবুর বক্তৃতা শুনলাম—এবং আরো অনেকের বক্তৃতা শুনলাম। আমি এখানে শুধু একটা কথা বলতে চাই। যখন তাঁরা ডাক্তার বিধানচন্দ্র রায়ের সম্বন্ধে কথা বলেন, তাঁদের এটা মনে রাখা উচিত whenever he speaks, he speaks on behalf of 25 millions of people of West Bengal.

এবং আমি একথাও জানি যে, প্রফুল্লবাবুর মূর্তি ঘরে ঘরে পৃঞ্জিত হবে। আমাদের হুগলি জেলার যেখানে ৫টি সীট কংগ্রেসের ছিল সেক্ষেত্রে এবারে আমরা বিরোধী পক্ষকে রূপনারায়ণের জলে ডুবিয়ে দিয়েছি। সূতরাং বেশি কথার মধ্যে না গিয়ে আমি বলব, পার্লিয়ামেন্ট-এর এম পি হোন, যে-কোন দলভূক্ত হোন আপনারা এই সর্বনাশকর প্রচেষ্টা থেকে বিরত হোন এবং পি এস পি যে মুভ নিয়েছে তা অনুসরণ করুন, শুধু ডেস্ট্রাকটিভ ক্রিটিসিজম, আর ডেস্ট্রাকটিভ অ্যাকশন নিয়ে আপনারা মানুবের সুখস্বাছক্ষ্য আনতে পারবেন না।

# Janab Lutfal Hoque :

মাননীয় ডেপুটিস্পীকার মহাশয়, যেসমন্ত চার্জেস অপোজিসন পার্টি থেকে করা হয়েছে সেগুলির সঠিক উত্তর দিতে হলে

বলতে হয়, যদি এই অনাস্থা প্রস্তাবে বর্তমান গভর্নমেন্ট চলে যায়, এই সেট আপ অফ দি অ্যাসেম্বলী চলে যায় তাহলে এই দেশ শাসনের জন্য অন্য অর্থাৎ এনাদার সেট আপ সঙ্গে সঙ্গে আসা দরকার। কিছু সেই পরিস্থিতি বর্তমানে এই হাউসের নাই। সেক্ষেত্রে গভর্নরস রুল করতে হয়, কিছু আমাদের কাম্য নয়। এই একটিমাত্র কারণে এই অনাস্থা প্রস্তাব নাকচ হওয়া উচিত। কারণ দেশ কখনো একদিনের জন্যও অপরিচালিত থাকতে পারে না। আপনারা নিশ্চয়ই চান না প্রেসিডেন্টস রুল হোক তাতে গণতান্ত্রিক অধিকার থাকতে পারে না। আজকে আপনারা এই যে খাদ্য নিয়ে আলোচনা করতে পারছেন, এবং পুলিসের এক্সেস সম্বন্ধে আলোচনা করছেন তাও এই সরকার চালু আছে বলে। এই কারণেও এই অনাস্থা প্রস্তাব নাকচ হওয়া উচিত। আপনারা যা দাবি করছেন তাতে আমাদের এই হাউসের অধিকার সাসপেভেড হয়ে যায়।

[6-10-6-20 p.m.]

## Shri Haridas Dey:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, কংগ্রেসী মন্ত্রীমণ্ডলী খাদ্যসমস্যা সমাধান করতে পারেন নি বলে তাঁদের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এসেছে। এবং এজন্য তাঁরা আন্দোলন করছেন। কোন স্বাধীনদেশে খাদ্য নিয়ে এরকম আন্দোলনের কথা শোনা যায় নি। স্বাধীনদেশে বিরোধীপক্ষ কোথায় খাদ্য সংগ্রহ করে জনতার মধ্যে সুষ্ঠুভাবে বিতরণ করা যেতে পারে তার জন্য সরকারের সঙ্গে সহযোগিতা করেন।

মূল্য নিয়ন্ত্রণের কথা সম্বন্ধে আমি একটা কথা বলছি, ১লা জানুয়ারি, ১৯৫৯ সালে, ধান, চাল, গম এবং গমজাত দ্রব্যের উপর মূল্য নিয়ন্ত্রণ আদেশ হয়, কিন্তু দেখ যাচ্ছে ২০এ জানুয়ারি পটাশপুর থানায় কৃষকদের সামনে বন্ধু শিশিরবাবু বলেছিলেন যে এই যে সরকার দাম বেঁধে দিয়েছেন তাতে তোমরা ধান চাল দিও না, কারণ এতে কোলকাতার লোকের সুবিধা হবে। এই যাদের মনোভাব তাদের উপর আমরা কি আস্থা রাখব, কন্ট্রোল সম্বন্ধে আর একটা কথা বলছি। কন্ট্রোল-এর সময় আমাদের কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী বিবৃতি দিয়েছিলেন যে কেরালায় যখন কন্ট্রোল হয়েছিল তখন সেখানকার জনসাধারণ কন্ট্রোল দরে জিনিসপত্র পায় নি। কিন্তু দেখুন, এখানকার মন্ত্রীমণ্ডলী খাদ্যের অভাবের সময় সেন্ট্রাল থেকে এবং অন্যান্য দেশ থেকে যখন খাদ্য এনে জনসাধারণের মধ্যে সুষ্ঠুভাবে বিতরণ করবার চেন্ট্রা করছেন সেই সময় এঁরা কতণ্ডলি নিরীহ লোককে আন্দোলনের মধ্যে ঠেলে দিয়ে প্রাণে মেরেছেন। সেইজন্য আমি বলব যে এই মন্ত্রীসভার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব না এনে ওঁদের বিরুদ্ধে আগে অনাস্থা প্রস্তাব আনা উচিত।

Shri Umesh Chandra Mandal: Sir, I rise to oppose the no-confidence motion brought by the opposite party. The food position in West Bengal this year is the same as it was in the last year. In spite of that the movement was launched to take retaliation of Kerala. Violence and atrocity by the agitators were pre-planned. Peace and tranquility of Calcutta and Howrah were drowned in the Bay of Bengal and the steps taken by the Government were necessary.

With respect to Cooch Behar I beg to state that the Congress secured cent per cent seats in Cooch Behar in the last two general elections. On behalf of those democratic people of Cooch Behar I declare that we have full confidence in the Council of Ministers at present.

# Dr. Satyendra Prasanna Chattopadhya:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এরা যে নো কনফিডেন্স মোশন এনেছেন তা আমি মোটেই সমর্থন করি না, আজ যদি উত্তর বাংলায় যাওয়া যায় তাহলে দেখা যাবে যে সেখানে ২১ জন আমাদের প্রতিনিধি আর ওঁদের মাত্র ৫ জন অর্থাৎ দুই-তৃতীয়াংশ। আমাদের কুচবিহার জেলায় আমরা সেন্ট পারসেন্ট, ওঁরা বলেন যে আমরা কৃষকদের প্রতিনিধিত্ব করি, কৃষক আন্দোলন করি, কিন্তু কৃষিপ্রধান যেসমন্ত দেশ সেখান থেকে ওঁরা খুব কম এসেছেন। ওঁরা যেসমন্ত কথা বলেছেন তা সবই ভূয়া। উত্তর বাংলার কুচবিহার এবং জলপাইগুড়িতে সর্বাত্মক হরতাল হয় নি—দুই-চার জায়গায় হয়ত কিছু কিছু হয়েছে। আমরা দেখেছি ওঁদের আন্দোলনে ওঁরা মূর্খ, অশিক্ষিত এবং স্কুলের ছাত্রদের লেলিয়ে দিয়ে এঁরা নিজেরা সরে পড়েন। কুচবিহারে দেখা গিয়েছে যে বালক এবং অশিক্ষিত লোকদের এগিয়ে দিয়ে নিজেরা ভীরুর মতন পেছন দিয়ে পালিয়ে গিয়েছে। কাগজে পড়লাম যে মেম্বারদের মধ্যে কেউ আহত হন নি, আহত হয়েছেন নিরীহ লোকেরা।

কুচবিহারেও তারা ঐ একই পছা গ্রহণ করেছিলেন। এঁরা আইন অমান্য আন্দোলন করেছিলেন। কিন্তু দেশের মধ্যে বিশৃত্বলা আনা কি আইন অমান্য আন্দোলনের মৃখ্য উদ্দেশ্য হওয়া উচিত। সেইজন্য আমি এই মন্ত্রীদের প্রতি সম্পূর্ণ সমর্থন জ্ঞানাচিছ।

# Shri Nikunja Behari Gupta:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে জ্যোতিবাবু এবং আর একজন ভদ্রলোক মোশন এবং মন্ত্রীমণ্ডলীর বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছেন, আমি জিজ্ঞাসা করি এই যে অনাস্থা প্রস্তাব এনেছেন এটা কি ঠিক ? কোলকাতায় যারা মারা গেছে তাদের জন্য এরা কুন্তীরাশ্রু বিসর্জন করেছেন। কিন্তু আমি বলি এই যে নরহত্যা হোল এর জন্য দায়ী কে ? আমরা দেখেছি যে এরা খাদ্য আন্দোলনের নাম নিয়ে মফঃস্বলেও এরকম হাঙ্গামা ও অশান্তি সৃষ্টির চেষ্টা করেছে এবং এখনও মিথ্যা প্রচার চালিয়ে যাছে।

[6-2-6-30 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আদালতে বিচার চলছে সেখানে হাঙ্গামাকারীরা গিয়ে বিচার বন্ধ করবার চেষ্টা করেছে—আমি জিজ্ঞাসা করি এর নাম কি খাদ্য-আন্দোলন, এর নাম কি গণ-আন্দোলন? আজ জ্যোতিবাবু বলে গেছেন যে শান্তিপূর্ণ হরতাল হয়েছে জায়গায় জায়গায় কিন্তু আমি বলব যে এটা সম্পূর্ণ অসত্য। মফঃস্বলে লুঠতরাজ এবং অগ্নিসংযোগের ভীতি প্রদর্শন করে দোকানপাট বন্ধ করতে বাধ্য করা হয়েছে এবং নিরীহ নগরবাসীদের দিনাস্তের আহারও এইভাবে বন্ধ করে দেওয়া হয়েছে। এই কি গণআন্দোলন? আমার মালদহ জেলার কথা বলছি সেখানে কমিউনিষ্ট পার্টিকে কেউ পাঠায় নি—আমার বন্ধু যতীনবাবুর দলের একজন ছিলেন তাকেও পাঠায় নি। সূতরাং বলতে হবে আমাদের দেশের লোক যে সরকার শান্তিপ্রিয় যারা লোকের শান্তি ও শৃত্মলা রক্ষা করে তাদের প্রতি আস্থা রাখে এবং মালদহবাসীদের তরফ থেকে বিধাহীনচিত্তে ঘোষণা করছি যে মন্ত্রীসভার উপর তাদের সম্পূর্ণ আস্থা আছে।

#### Shri Satindra Nath Basu:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বিরোধীপক্ষের নেতা শ্রীজ্যোতি বসু এবং পি এস পি-র পক্ষ থেকে যে দুইটি অনাস্থা প্রস্তাব আনা হয়েছে আমি তার সম্পূর্ণ বিরুদ্ধাচারণ করছি। কারণ হছে এই যে হাউসে এই জিনিস নিয়ে অনেক আলোচনা গবেষণা হয়ে গেছে। এবারকার সেসন প্রথম থেকে এই ফুড পলিসি নিয়ে আরম্ভ হয়েছে এবং কলকাতায় গত ৩১ তারিখ থেকে আরম্ভ করে ৩ তারিখ পর্যন্ত যে হত্যাকাণ্ড হয়ে গেছে সেম্বন্ধেও অনেক আলোচনা হয়েছে। কিন্তু আমি বলি এর সমাধান কি হল ফুড সম্বন্ধে কি সমাধান এই আলোচনার দ্বারা হল १ সুতরাং এর দ্বারা তিক্ততা বাড়ছে ছাড়া কোন সমাধান হছে না। আমি ওদের সমস্ত আরগুমেন্ট প্রণিধান করে শুনেছি, কিন্তু তার মধ্যে কোন সারবত্তা খুঁজে পাই নি যাতে করে এই অনাস্থা প্রস্তাবকে কোন রকমে সমর্থন করা যায়। পক্ষান্তরে আমি আমার পশ্চিম দিনাজপুর যেটাকে পশ্চিমবংগের গ্রানারী অব ওয়েস্ট বেঙ্গল বলে—জেলার পক্ষ থেকে বলছি যে গত বৎসর সেখানকার জনসাধারণ যেভাবে টি, আর, জি, আর পেয়েছে তাতে সেখানে খাদ্যসমস্যা সমাধান হয়েছে। আমি বিরোধী পক্ষের নেতাদের আজকে যেসমস্ত জেলা প্রাবনে প্রাবিত হয়েছে অনেক শস্য নম্ভ হয়েছে বিশেষ করে আমাদের উত্তরবঙ্গের অনেক জেলায় বৃষ্টির অভাবে শস্য হানি হওয়ায় সেখানে খাদ্যসমস্যা সমাধান হছে না—এইসব দিকে লক্ষ্য করতে বলছি। বিরোধীপক্ষের নেতারা অনাস্থা প্রস্তাব না করে বাংলাদেশে খাদ্য এবং অন্যান্য যেসমস্ত সমস্যা আছে তার যাতে প্রকৃত সমাধান হয় সেদিকে এগিয়ে আসবার জন্য আমি তাদের অনুরোধ করছি এবং এই প্রস্তাবের প্রতি সম্পূর্ণ অসমর্থন জানিয়ে ও পশ্চিমবংগ সরকারের ও মন্ত্রীসভার উপর সম্পূর্ণ আস্থা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

# Shri Suhrid Mullick Choudhury:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, কমিউনিষ্ট ব্লকের তরফ থেকে জ্যোতিবাবু যে অনাস্থা প্রস্তাব এনেছেন, আমি সেই প্রস্তাবকে সমর্থন করতে উঠে বলতে চাই যে এই মন্ত্রীসভাকে আমাদের দেশের জনসাধারণ আর এক মুহূর্তও থাকতে দিতে রাজী নয়। সুতরাং তাঁদের মধ্যে মানবিকতাবোধ এবং সভ্যসামাজিক জ্ঞান থাকতো তাহলে পরে তাঁরা নিজেরাই পদত্যাগ করতেন। আমরা দেখতে পাচ্ছি যে এই সরকার, বিশেষ করে বিধানবাবু প্রভৃতি যাঁদের উপর নির্ভর করে এই সরকার চালাচ্ছেন, তাঁরাও লক্ষা পেয়ে এই উপদেশ দিচ্ছেন যে "তোমরা পদত্যাগ কর"—এই প্রসঙ্গে আমি বিড়লার

ইস্টার্ন ইকনমিস্ট পত্রিকায় ৪ঠা সেপ্টেম্বর তারিখের একটা অংশ ৩৪৪ পৃষ্ঠায় যা আছে তার থেকে উদ্ধৃত করে বলতে চাই—এই পত্রিকা সম্পাদকীয়তে এখানে বলেছেন—

"That it is the Chief Minister and not the Food Minister who decided to fix prices some months ago without adequate stocks, but whether it is Dr. B. C. Roy or Mr. P. C. Sen who resigns, a sacrifice is required."

#### তারপরে তারা বলেছেন—

"there is a major crisis in public confidence in that State and it seems to me that if Mr. P. C. Sen has to be saved at any cost, it can only be at the cost of Dr. B. C. Roy."

এখন কথা হচ্ছে আমাদের মুখ্যমন্ত্রী তিনি পি সি সেন মহাশয়কে রাখতে চেয়েছেন। তাহলে বিড়লাজী—যাঁর উপদেশ নিয়ে তিনি কাজ করে থাকেন—তাদের পত্রিকার উদ্দেশ্য যদি মানতে হয় তাহলে প্রফুল্লচন্দ্র সেনকে রেখে তাঁকেই আগে পদত্যাগ করতে হয়। আমি বলবো যে তিনি, কালীপদবাবু এবং প্রফুল্লচন্দ্র সেন এই তিনজন সহমরণ করুন, তাইলে এ দেশটা যদি বাঁচে। তার কারণ মেষপালের মধ্যে একটা প্রবৃত্তি থাকে প্রথমে যে চলে তার পেছনে পেছনে আর সকলে চলতে থাকে। এখানে কংগ্রেস তরফ থেকে বক্তৃতার ক্ষেত্রে হিজ মাস্টার ভয়েস হিসাবে যাঁরা বক্তৃতা দিলেন তাঁদের ভেতরও ঐ মেষপালের প্রকৃতি, মনোবৃত্তির প্রকাশ আমরা দেখতে পেয়েছি। সূতরাং এ ধরনের মনোবৃত্তির মধ্য দিয়ে দেশবাসীর খাদ্য, বস্তু, শিক্ষার ব্যবস্থা তাঁরা করতে পারবেন না। এতে হয়ত তাঁরা মন্ত্রীত্বের মসনদে বসে থাকবেন এবং তাঁদের অনুগতজন তাদের মতো উচ্ছিষ্টবাদীদের কিছু অংশ হয়ত পাবেন, কিন্তু আমি বলবো যে বাংলাদেশকে শকুনি গৃধিনীর মত তাঁরা যে শোষণ করছেন সে অবস্থা জনসাধারণ কিছুতেই চিরদিন সহ্য করবে না। তাঁরা পদক্ষেপ দিয়েছেন ১৯৫২ সালে এই সরকারের বিরুদ্ধে ট্রাম আন্দোলনের সময়, তাঁদের দ্বিতীয় পদক্ষেপ দিয়েছেন, তাঁরা এই খাদ্য-আন্দোলনে, তৃতীয় পদক্ষেপ, যা হবে—দেওয়ালের লিখে মনে রেখে দেবেন যে পৃথিবীর অবস্থা যেদিকে যাচ্ছে ইঙ্গ-মার্কিন সাম্রাজ্যবাদের পক্ষপুটে থেকে যে অবস্থার কথা আপনারা ভাবছেন সে অবস্থা থাকবে না। এই দেশে সত্যিকারের সমাজতন্ত্রবাদ প্রতিষ্ঠিত হবেই। এই দেশের মানুষ সত্যিকারের স্বাধীনতা একদিন লাভ করবেই। সাম্রাজ্যবাদের প্রসাদ-পৃষ্ট এই কংগ্রেস সরকারের স্বরূপ জনসাধারণ অদুর ভবিষ্যতে দেখতে পাবে। আজ একটা কথা বলা হয়েছে যে নো-কনফিডেন্স মোশান আমরা কেন দিচ্ছি। আমরা দিচ্ছি এজন্য যে, আমরা জানতে চাই উমিচাঁদ মির্জাফর কচিরায়ের বংশধর এই দেশে কতজন আছে? যেদিন জনতার হাতে প্রকৃত ক্ষমতা আসবে সেদিন তাদের বিচার দেশের জনসাধারণ করবে বলে।

Shri Gokul Behary Das: Mr. Deputy Sepeaker, Sir, I stand up to oppose the no-confidence motions.

Sir, charges have been made and charges have been refuted in this House not once but many times. Sir, I do not want to go into details, but I want to tell the Opposition that the got-up food movement and hurling of shoes in the House would lead them nowhere. Firing is certainly deplorable, but I would ask them not to create conditions which necessitate firing. Sir, nobody should play with violence. If you foster it, it will devour everything, good or bad. Food is certainly not in a satisfactory position, but, Sir, there is no royal road to reach the millennium. I will in this connection remind the Oposition and they should do well to know what Mr. Krushchev said last year in the plenary session of the Central Council of the Communist Party of U.S.S.R., He said that the extent and the yield of agricultural land in U.S.S.R. were practically at the same level as these were before the October Revolution. After more than forty years of Communist rule in U.S.S.R. he had to confess that the yield and the extent of agicultural land in U.S.S.R. were practically at the same level as they were before the October revolution.

The Opposition always pretend that they speak in the name of the people but the failure of the food movement will show that the people are far away from them. You cannot be fool the people by bombastic words.

I do not want to speak more. I register our full confidence in the Ministry. This is our considered and calculated judgement.

[6-30-6-40 p.m.]

## Shrimati Tuser Tundu:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে এই খাদ্য আন্দোলনকে কেন্দ্র করে যে অনাস্থা প্রস্তাব এসেছে হাউসের সামনে আমি তার বিরোধিতা করতে দাঁডিয়েছি।

আমি বিরোধীপক্ষের অনেক আবেগপূর্ণ ভাষণ শুনেছি। যারা প্রাণ হারিয়েছে তাদের জন্য শ্রদ্ধা ও দুঃখ প্রকাশ করার অর্থ আমি বঝতে পারি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই আন্দোলনে যে ফল এনেছে, তার জন্য তাঁরা সরকারকে দোষী সাব্যস্ত করতে চেয়েছেন। কিন্তু এই মৃত্যু ও রক্তপাতের জন্য কারা দায়ী, তা তাঁরা একটু ভাল করে অনুসন্ধান করলেই বঝতে পারবেন। মাননীয় ডেপ্রটি স্পীকার মহাশয়, আমি বারেবারে শুনেছি তাঁরা আমাদের নির্লক্ষ বলে গালাগালি দিয়েছেন। শুনেছি আমরা নাকি মন্ত্রীসভার উচ্ছিষ্ট পাবার জন্য বসে আছি। কিন্তু আমি তাঁদের জিজ্ঞাসা করি তাঁরা এই উচ্ছিষ্ট বলেই কি আজ এই অনাস্থা প্রস্তাব এনেছেন? আমি জিজ্ঞাসা করতে চাই তাঁরা কি গ্রামের লোকের অন্ন ধ্বংস করে. গ্রামের সমস্ত ধান, চাল শহরে নিয়ে এসে সম্ভুষ্ট হতে পারেন নি ? তাই তাঁরা মা-বোন নাম করে. গ্রাম থেকে যাঁরা কিছুই জানেন না, তাঁদের ধরে নিয়ে এসেছেন শহরের পথে রক্তাক্ত বিপ্লবের সম্মুখে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, তাঁদের যদি এতটুকু লজ্জা বোধ থাকত তাহলে তাঁরা এই সমস্ত উক্তি করতে পারতেন না। তাঁরা বললেন তাঁদের লোকে নাকি ভালবাসে, তাঁদের পিছনে গণসমর্থন রয়েছে। যদি সত্যই গণসমর্থন থাকে, তবে ভোটের বেলায়, কেউ তাঁদের ভোট দেয় না কেন? এই পরিচয় বোধহয় তাঁরা পাচ্ছেন যে তাঁদের পিছনে কারো কোন সমর্থন নেই। তাঁরা নিশ্চয়ই ভূলে যান নি যে আমরা এখানে মেজরিটিতে আছি? মাননীয় ডেপুট স্পীকার মহাশয়, এই খাদ্য আন্দোলনকে কেন্দ্র করে এখানে যে অনাস্থা প্রস্তাব এসেছে আমি সম্পূর্ণভাবে তার বিরোধিতা করি। এই প্রকার আন্দোলনের দ্বারা গ্রামবাসীর কখনও উপকার হতে পারে না এবং আমি জানি গ্রামবাসীর কারও পূর্ণ সমর্থন এতে নেই। কলকাতায় গ্রামের কতকগুলি লোককে ধরে নিয়ে এসে তাঁরা তাঁদের এই খাদ্য আন্দোলনকে সাফলামণ্ডিত করবার চেষ্টা করেছেন। কিন্তু এইভাবে খাদ্যসমস্যা সমাধান হতে পারে না। আমার বিশ্বাস আজ গ্রামবাসী, প্রত্যেকেই বঝতে পেরেছে যে তাঁদের এই খাদ্য-আন্দোলনের পিছনে জনসাধারণের সমর্থন নেই এবং এর দ্বারা খাদ্যসমস্যার সমাধান সম্ভব নয়। তাই বিরোধী পক্ষ যে অনাস্থা প্রস্তাব এখানে উপস্থিত করেছেন, আমি তার সম্পূর্ণ বিরোধিতা করছি।

# Shri Debendra Nath Mahato:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমরা কয়েকদিন ধরে এই অধিবেশনে খাদ্য আন্দোলন এবং খাদ্যসমস্যা নিয়ে এই হাউস-এ আলোচনা শুনে আসছি। যে অনাস্থা প্রস্তাব আমাদের মন্ত্রীমণ্ডলীর বিরুদ্ধে এসেছে সেই অনাস্থা প্রস্তাবের আমি ঘোর বিরোধিতা করি। এই অনাস্থা প্রস্তাবের অর্থ কি এই যদি একজন মন্ত্রী অপসারিত হন তাহলে খাদ্যসমস্যার সমাধান হবে ? আগে জানতাম সহমরণ হত অর্থাৎ স্বামী মরলে স্ত্রীও তার চিতার আগুনে পুড়ে মরত। কিন্তু আমি অবাক হচ্ছি ডাঃ বিধান রায়, প্রফুল্ল সেন মহাশয় ও কালীপদবাবু সহমরণের কথা শুনে বিরোধীপক্ষ আজ এই মন্ত্রীমণ্ডলীকে মেরে দেশবাসীর মরণের পথ সাফ করতে চাইছেন। যারা ম্যাজোরিটি পার্টি যারা ক্ষমতায় বসে আছেন, মন্ত্রীসভা গঠন করেছেন তাদের বিরুদ্ধে যারা অনাস্থা প্রস্তাব আনছেন তাদের নির্পদ্ধ হওয়া উচিত এবং তাদের সহমরণের ব্যবস্থাটা হওয়া উচিত। আজ বিরোধীপক্ষের মধ্যে ভয়ের সঞ্চার হয়েছে। আমাদের পুরাতন নেতা ডাঃ ঘোষ নাকি আমাদের ডাঃ রায়ের সঙ্গে মিতালী করেছেন—আমি বলব—নিশ্চয়ই করবেন তিনি তো আর বাংলাদেশের নিরীহ লোককে পুলিসের গুলীর সামনে ঠেলে দিতে পারেন না। বিরোধীপক্ষের লোকের মত তিনি তো ভাওতা দিয়ে নিরীহ মানুষদের গুণারাজত্বের মধ্যে ছেড়ে দিতে পারেন না। আমরা যদি দেখতাম বিরোধীপক্ষের কেউ গুলীতে মরেছেন তা হলে বুঝতাম, কিন্তু তারা নিরীহ মানুষদের গুলীর সামনে ঠেলে দিয়ে নিজেরা সরে পড়েন নি। আমি পুরুলিয়ার (ঝালদা) থানা থেকে এসেছি সে অঞ্চলে কম্যুনিস্টদের এই রকমের রূপ দেখি না বিরোধীপক্ষের নেতা জ্যোতিবার বিকল্প সরকারের কথা

বলেছেন—সেটা আমরা কল্পনা করতেও পারি না। আর যদি বা সে সরকার হয় তাহলে এখনও যদি কাঁকড় মেশান চাল, গম খেতে পাছি তখন তাও পাব না; পাব কেবল জুতো। আর এক কথা বিরোধীপক্ষ থেকে ডাঃ বিধানবাবুকে বলা হচ্ছে তিনি আগে ছিলেন ভারতের হিলার, Healer এখন হয়েছেন Killer (কিলার)। একথা ঠিক তিনি আমাদের মতো শান্তিকামী লোকদের পক্ষে হিলার এবং সমাজবিদ্রোহী গুণুা রাজত্বের স্থাপনকারীদের পক্ষে কিলার Killer। আজ বাংলাদেশের

[Noise an disturbances from the opposition benches]

খাদ্যসমস্যার সমাধান করতে পারেন নি, একথা মন্ত্রীমণ্ডলী স্বীকার করেছেন। সুতরাং মন্ত্রীমণ্ডলীর বিরোধিতা না করে যাতে খাদ্যসমস্যার সৃষ্ঠু সমাধান হতে পারে এমন পরিকল্পনা যদি বিরোধীপক্ষ দাখিল করতে পারেন তাতেই দেশের মঙ্গল হবে। আগামী দুই বংসর পরে আবার লড়াই হবে খোলা ময়দান আছে, আপনারা আসুন সেখানেই এর মীমংসা হবে। শুধু এখানে অনাস্থা প্রস্তাব এনে কিছু লাভ নেই। আমি এই অনাস্থা প্রস্তাবের সম্পূর্ণ বিরোধিতা করে আমার আসন গ্রহণ করছি।

# Shri Ganesh Ghosh:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, বাংলাদেশের জনসাধারণের পক্ষ থেকে তাদের একজন হিসাবে আমি বাংলার মন্ত্রীমগুলীকে মানবতা বোধহীন বিবেকহীন হত্যাকারী বলে আখ্যা দিছি। এই মন্ত্রীমগুলী শুধু নারী হত্যা করেন নি, শিশুহত্যা করেন নি, নিরস্ত্র নরনারীকে হত্যা করেছেন এবং এ জঘন্য কার্যকে একটি অনুসন্ধান কমিটির সামনে তুলে ধরতে ভয় পাছেছ। এনকোয়ারী কমিটির দাবি সারা বাংলাদেশের লোকের দাবি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকের শান্তিপূর্ণ খাদ্যআন্দোলনকে গুলির মুখে বন্ধ করে দেওয়ার পিছনে একটা সুপরিকক্সিত নীতি আছে। সেই নীতির কথাই আপনাকে বলছি।

[6-40-6-50 p.m.]

এঁরা এই কংগ্রেসের নেতারা গণতন্ত্রের কথা বলেন, পার্লামেন্টারী ডেমোক্রেসীর কথা বলেন। সবচেয়ে বড় দিল্লীর ধাপ্পাবাজ তাঁর মুখে আজ গণতন্ত্রের কথা শুনতে হচ্ছে। দুই মাসও যায় নি, তিন মাসও যায় নি, তিনি দেশের সামনে ঘোষণা করেছিলেন জনসাধারণ তাদের দাবি আদায় করতে না পারলে তাদের শান্তিপূর্ণ গণআন্দোলন করার অধিকার আছে। আর বাংলাদেশের জনসাধারণ যখন খাদ্যের দাবিতে শান্তিপূর্ণ গণআন্দোলন আরম্ভ করলো ছয় মাস প্রচেষ্টার পর, ছয় মাস আলোচনার পর, তখন সেই সবচেয়ে ধাপ্পাবাজ, যারা বাংলাদেশের শাসন ক্ষমতা পরিচালিত করছেন তার মধ্যে সবচেয়ে বড় ধাপ্পাবাজ ডাঃ বিধানচন্দ্র রায়ের নির্দেশে গ্রামের কৃষক নরনারীকে পিটিয়ে মারা হয়েছে, গুলি করে মারা হয়েছে। ডাঃ রায়ের কাছ থেকে শুনতে চাই সময় নিয়েছেন জবাব দেবেন বলে, গত বৎসর খাদ্যের আন্দোলন হয়েছে, তার আগের বৎসর হয়েছে, তার আগের বৎসর হয়েছে, প্রতি বৎসর দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির নেতৃত্বে ঘোষণা করা হয়েছে খাদ্য আন্দোলনের স্বেচ্ছা সেবকরা ১৪৪ ধারা অমান্য করবে ডাঙ্গহৌসী স্কোয়ার-এ রাইটার্স বিল্ডিং-এ মন্ত্রীদের কাছে তাদের অভিযোগ জানাবার জন্য। প্রতি বৎসর পূলিসের যে কর্ডন সেই কর্ডন সরিয়ে দেওয়া হয়েছে এবং যারা আগে চলেছে তাদের বন্দী করে নেওয়া হয়েছে। তখনও রাইটার্স বিশ্ভিংস-এ যাবে বলে ঘোষণা করেছিল। এবারও গ্রামের নরনারীরা এসেছিল ছেলে কোলে করে তারা রাইটার্স বিন্ডিং-এ যাবে বলে। আর ডাঃ রায়ের নির্দেশে এই বর্বর পুলিস তাদের পিটিয়ে হত্যা করেছে। ডাঃ রায় কৈফিয়ত দেবেন ১৪৪ ধারা এলাকায় যদি তাঁর গুলি করে লাঠিপেটা করে মারার অধিকার থাকে তাহলে ধর্মতলায় গুলি করে মারবার অধিকার ডাঃ রায়কে কে দিয়েছে? সেখানে কাপুরুষের মত হত্যা করেছে তাঁর বর্বর পুলিস। এসপ্ল্যানেডে পিটিয়ে দিলেন, ধর্মতলায় পিটিয়ে দিলেন, চৌরঙ্গী স্কোয়ার-এ পিটিয়ে দিলেন, সেখানে তো ১৪৪ ধারা ছিল না তবুও কোন অধিকারে তা করলেন। শুধু ক্ষমতা আছে বলেই কি ক্ষমতার অপব্যবহার করতে হবে ? ক্ষমতার গর্বে ঘোষণা করে, সুপরিকল্পিতভাবে পুলিসের হাতে লাঠি দিয়ে লোককে পিটিয়ে মারা হয়েছে। এর মধ্যে সাজা হয়েছে কয়জনের ? এ সম্বন্ধে যেসমন্ত বিভিন্ন সংবাদ বিভিন্ন সংবাদপত্রে বেরিয়েছে বিশেষ করে স্বাধীনতায় যেসমন্ত সংবাদ বেরিয়েছে তা আজ পর্যন্ত এই মিথ্যাবাদী সরকার যে শত শত মিথ্যা প্রেস স্টেটমেন্ট দিয়েছে সেও তা অস্বীকার করে নি। আজ জবাব চাই ডাঃ রায়ের কাছে যে ১৪৪ ধারার বাইরে লাঠি দিয়ে মারার অধিকার তাঁকে কে দিয়েছে।

মিঃ ডেপুটি স্পীকার এঁরা কো-অপারেশন-এর কথা বলেন। কত বড় ধাপ্পাবাজ এঁরা জানেন স্পীকার মহাশয়, বিধানবাবুর নেতৃত্বে উপদেষ্টা কমিটি গঠিত হয়েছিল সেই কমিটি একটা প্রহসনে পরিণত হয়েছে। প্রতিবার খাদ্য সম্পর্কে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ঘোষণা করা হয়েছে, খাদ্যের দাম বেড়ে গিয়েছে কিন্তু খাদ্য কমিটির কোন সিদ্ধান্ত তাঁরা গ্রহণ করেন নি বা বিরোধী পক্ষকে কোন কথা বলা হয় নি।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, একে কি গণতন্ত্র বলবেন ? আজকে এজন্য ভারতের প্রধানমন্ত্রী অশুনিবসর্জন করছেন—হাওড়ায় একটা পশুকে জনতা মেরেছে। অথচ ৮০ জন লোক শুধু নিহত হয়েছে পুলিসের অত্যাচারে তার জন্য এদের কোন রকম জ্রাক্রেপ নাই—একে কি গণতন্ত্র বলবেন ? মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এদের সাথে এই গণতন্ত্রের মুখোসপরা ফ্যাসীবাদী শাসকদের সঙ্গে আমাদের দৃষ্টিভঙ্গির পার্থক্য আছে। এদের সাথে আমাদের কোন সময়ই মিল হবে না। আজকে মুখ্যমন্ত্রী ভয় দেখাচ্ছেন—তোমরা এ্যাসেম্বলীর ভিতরে জুতা ছুঁড়েছে, তোমাদের আমরা সহ্য করব না। আমি এ সম্পর্কে শুধু একথা বলব যে, তাঁর রক্ত চক্ষুর জন্য আমরা ভীত নাই। এই ক্ষুদে ডিক্টেটররা যখন আমাদের পার্টিকে নিষিদ্ধ করেছিলেন, ইল্লিগাল ঘোষণা করেছিলেন, তখন জনসাধারণই এদের বাধ্য করেছিলেন আমাদের পার্টিকে মেনে নেবার জন্য। তাই, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজ জনসাধারণের পক্ষ থেকে দাবি উঠেছে এই নির্মম হত্যাকাণ্ডের উপর ইনকোয়ারী কমিশন করা হোক। এই এনকোয়ারী কমিশন-এর দাবি শুধু কমিউনিষ্ট পার্টিই করে নি, এনকোয়ারী কমিশন-এর দাবি বাংলাদেশের সর্বস্তরের জনসাধারণ করেছে। আমাদের বিরুদ্ধে এই অভিযোগ করা হয়—পণ্ডিত নেহরু থেকে আরম্ভ করে এইসব ক্ষুদে ডিক্টেটর সকলেই আমাদের বিরুদ্ধে এই অভিযোগ করেন আমরা নাকি খাদ্য নিয়ে রাজনীতি করি—আমি বলি খাদ্য নিয়ে যদি কেউ রাজনীতি করেন তবে সেই ব্যক্তি হচ্ছেন বাংলাদেশের মুখ্যমন্ত্রী যিনি মজুতদারদের পৃষ্ঠপোষকতা ও দালালী করেন। ডান্ডার রায় ভেবেছিলেন যে ডান্ডার ঘোষকে যদি একবার আলিঙ্গনাবদ্ধ করতে পারেন তাহলেই এই খাদ্য আন্দোলন দুর্বল হয়ে পড়বে। ডান্ডার রায় ভুলে গিয়েছেন আজকে তাঁর পায়ের তলা থেকে মাটি খসে গিয়েছে—

[Noise and Interruption]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I would request my friends not to disturb Shri Ganesh Ghosh.

# Sj. Ganesh Ghosh:

আজ জনসাধারণ তার সরকারকে কোনঠাসা করে দিয়েছে। এমনকি এই সরকারের একজন বিশিষ্ট মন্ত্রী এবং একটা গুরুত্বপূর্ণ পোর্ট ফলিও-এর মালিক শ্রীবিমলচন্দ্র সিংহ মহাশয়ের পৃষ্ঠপোষিত এ সম্বন্ধে কি কথা লিখেছে সেটা আজকে এখানে আপনার সামনে খুলে বলা দরকার। বিরোধীপক্ষের উত্থাপিত বিচার বিভাগীয় তদন্তের দাবি সঙ্গত দাবি এবং এটা সামান্য দাবিমাত্র—এটা নাহলে গণতন্ত্রের দিন শেব হয়ে এসেছে বলতে হবে। সমাজতান্ত্রিক ও গণতান্ত্রিক বাক্যজাল আমাদের ডাক্তার বিধানচন্দ্র রায় সবসময় আওড়ে থাকেন। আমি জানতে চাই এরপর শ্রীবিমলচন্দ্র সিংহ মহাশয় কোনদিকে ভোট দেবেন। এই কাগজের নাম আর্থিক প্রসঙ্গ ১লা ভাল, ১৩৬৬ সাল।

The Hon'ble Bimal Chandra Sinha: On a point of privilege I would like to know how I am the patron of that paper.

Shri Ganesh Ghosh: Because it is written here that you are a patron of this paper. সূতরাং মাননীয় ডেপ্টি স্পীকার মহাশয়, এই যে গণতান্ত্রিক ভাঁওতা দেবেন মুখে, অথচ কার্যে গণতন্ত্রের কিছুই রাখবেন না, রাখবেন এক নায়কতন্ত্র যাতে এই কংগ্রেসী শাসন দীর্ঘস্থায়ী হতে পারে এই জিনিসকে গণতন্ত্র বলে না। এবং তাঁদের মধ্যে গণতন্ত্র বলে কোন জিনিসও নাই। বাংলাদেশে সেদিনই গণতন্ত্রের সমাধি রচিত হয়েছে যেদিন শান্তিপূর্ণ খাদ্য আন্দোলনের উপর, নিরন্ত্র, নরনারীর উপর পুলিস লেলিয়ে দেওয়া হয়েছে। যেদিন কন্ট্রোল রুম থেকে এই নিরন্ত্র জনতার উপর নারকীয় হত্যাকান্ডের নির্দেশ দেওয়া হয়েছে। আমরা আপনাদের বলি, এনকোয়ারী কমিশন করুন যদি আপনাদের সংসাহস থাকে একটা বিচার বিভাগীয় এনকোয়ারী কমিশন করুন, এ না করে তথু মুখে গণতান্ত্রিক ভাঁওতা দিলে তা আমরা মানব না। বিধান সভায় আপনাদের সংখ্যাগরিষ্ঠতা আছে, আমাদের দাবি আপনারা ভোটের জ্বোরে উপেক্ষা করতে পারেন; কিন্তু বাংলাদেশের জনসাধারণ এই কংগ্রেসী মার্কা স্বৈরাচারী গণতন্ত্র আর মেনে নেবে না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: On a point of order. Can he refer to the article when Bimal Babu has definitely stated that he has no knowledge of being a patron of that paper?

Mr. Deputy Speaker: Oh, certainly not.

[6-50-7 p.m.]

# Shri Jyoti Basu:

ওঁরা ঠিক শোনে নি—বোধ হয় কানে শুনতে পায় না। উনি বলেছেন যে 'আর্থিক প্রসঙ্গ' নামে একটা কাগজ আছে সেখানে ঐ কথা লেখা আছে এবং বিমলবাবু হোল প্যাট্রোন অফ দিস পেপার।

The Hon'ble Bimal Chandra Sinha: I do not know that my name is yet being printed as a patron because I have long ceased to have any connection with the paper.

# Sj. Ganesh Ghosh:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এঁদের কথা হোল যে রাইটার্স বিন্ডিংস-এর নিরাপন্তার ভেতরে বসে এঁরা ঋ ঠিক করবেন বাংলাদেশের অগণিত মানুষ তা মেনে নিতে বাধ্য। রাইটার্স বিন্ডিংস-এর ঠাণ্ডা কক্ষে বসে এঁরা বাংলার ৩ কোটি মানুষের ভাগ্য নিয়ন্ত্রণ করবেন, আর তার বিরোধিতা করলেই গণতন্ত্র হোল না, জনসাধারণের শান্তিপূর্ণ আন্দোলন আজ ভায়োলেন্দ হয়ে গেল—এই হচ্ছে এঁদের কথা। পণ্ডিত জওহরলাল নেহরু ঐ ক্ষুদে ডিক্টেটরের ভায়োলেন্দ দেখলেন না, ৮০ জন মানুষ যখন হত্যা করা হোল তাতে ভায়োলেন্দ দেখলেন না—আর ভায়োলেন্দ দেখলেন তিনি এই এ্যাসেম্বলীর ভিতরে জুতো ছোড়ার ব্যাপারে, ডেপুটি স্পীকার মহাশয়, এই কংগ্রেসী কুশাসন বাংলার ভাগ্যে এক দুঃসহনীয় অভিশাপ হয়ে দাঁড়িয়েছে ঐ ক্ষুদে ডিক্টেটর ডাক্তার রায় বাংলার জনসাধারণের কাছে এক অভিশাপ হয়ে দাঁড়িয়েছে। কাজেই যত তাড়াতাড়ি এই অভিশাপ দূর করা যায় বাংলার জনসাধারণের পক্ষে ততই মঙ্গল।

# Shrimati Labanya Prova Ghosh:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজ সদ্য রক্তন্নাত খাদ্য সংগ্রামের পটভূমিকায় পুলিসী পৈশাচিকতার যে নগ্ন স্বৈরাচার ঘটে গেল, অপরিমেয় সরকারী মৃঢ়তা ঘটে গেল তার পরিপ্রেক্ষিতে এখানে সমবেত হয়ে, এই সরকারের প্রতি আমি আজ আমার অন্তরের গভীর গ্লানি ও লজ্জা এবং আমার অন্তরের অন্তহীন ধিক্কার বহন করে আনতে বাধ্য হয়েছি। আশঙ্কা করি ব্রিটিশের ডায়ার যুগও হয়ত এর অহেতুক পৈশাচিক আচরণে স্তন্তিত হয়ে গিয়েছে। এই নির্মম আকস্মিক আঘাতের পাল্টা আক্রমণরূপে যে ইতন্তত বিচ্ছিন্ন আক্রমণ শুরু হল, তার সুযোগে কিছু সমাজবিরোধীর যে লুষ্ঠনবৃত্তি শুরু হল, এর কোনটাই সমর্থনযোগ্য নয়। কিন্তু এ সকলের ব্যর্থ অজুহাত তুলে নিরস্ত্র নিরাপরাধ নরনারীর উপর সরকারের নিষ্ঠুর আমানুষিক অহেতুক অত্যাচারের অপরাধ এড়িয়ে যাবার পথ আজ কোথায়? নিরস্ত্র নিরুপদ্রব অভিযানের প্রতি অহেতুক পাশবিক আঘাত দেবার অপরাধের সঙ্গে জনতার প্রতিশোধাত্মক বিচ্ছিন্ন আক্রমণ দমনের অজুহাতে বেপরোয়া নিষ্ঠুর আঘাত চালিয়ে, অবাধ গুলি বর্ষণ করে শান্তিপ্রিয় পথচারী ও গৃহবাসীকে হত্যা করে। সরকার আজ সমভাবেই নগ্ন স্বৈরাচার ও অভাবনীয় বর্বরতার অপরাধে অপরাধী হয়েছেন। বিবদমান উভয়পক্ষ থেকে কে কার প্রতি, কি ও কতটা অন্যায় আঘাত ও আচরণ করেছেন সে বিচার্যের বিষয় হতে পারে, কিন্তু যে অন্যায় নিষ্ঠুর আচরণের জন্য আজ বিচারের কোন অবকাশ নেই যা দিনের আলোর মত জ্বলন্ত, নগ্ন ও স্বতঃ প্রমাণিত তার দায়িত্ব থেকে সরকারকে আজ আর কেউ বাঁচিয়ে রাখতে পারবে না।

জনতার হিংসাত্মক কার্যের কথা বলা হইয়াছে। কিন্তু দেখতে হবে তার জন্য দায়িত্ব আজ কার। নিরুপদ্রব মানুষকে নিষ্ঠুর আঘাত দিয়ে বছদিনকার স্বৈরাচার জর্জরিত, উত্তেজিত মানুষকে হিংসাত্মক কার্যে প্রবৃত্ত করার দায়িত্ব আজ পশ্চিমবঙ্গ সরকারেরই ঘটেছে। এই নৃশংস ঘটনাটিই যে এই সরকারের প্রতি অনাস্থা জ্ঞাপনের অবকাশরূপে এসে দেখা দিয়েছে তা মনে করবার কোন কারণ নেই। কংগ্রেসী শাসনের প্রতিকারহীন কুশাসনের নিরবিচ্ছিন্ন অত্যাচারে জর্জরিত মানুষের অন্তরে আজ এই সরকারের প্রতি বিন্দুমাত্র আস্থা কোথাও নেই। কদর্য্য বিচিত্র দুর্নীতিসমূহের সহায়তায় অগণিত অজ্ঞ মানুষকে বিপথে পরিচালিত করে নির্বাচনে জয়লাভ করার আত্মপ্লাঘা হয়ত থাকতে পারে। কিন্তু তাকে জনপ্রিয়তার গৌরব বলে ভূল করবার কিছু নেই।

এটা আজ অবধারিত সত্য যে ব্যবহারিক ও নৈতিক সকল রকম দৃষ্টিতেই এই সরকার আজ দেশ শাসনের সকল নৈতিক অধিকার থেকেই বঞ্চিত হয়েছেন। কুশাসনের আজ এখানে পরিপূর্ণ রূপ পেয়েছে বঙ্গেই বাংলার মাটিতে আজ এই বর্বর যুগের ঘটনা ঘটাও সম্ভব হতে পরেছে। শান্তিপ্রিয় সভ্য মানুষের সমাজ জীবনযাপনের মহান যে লক্ষ্য, বাঞ্চিত যে ধারাসমূহ, এই শাসনে আজ তার কোন চিহ্ন নাই। কুশাসনের যেসমন্ত ভয়াবহ উপদ্রবের জন্য ইতিহাসের সর্বকালে লাঞ্জিত নিগহীত মানুষের দুর্বার উত্থাপন ঘটেছে, এই শাসন আজ ইতিহাসের সেই ভূমিকারই পূর্ণ প্রতিরূপ। দেশের জনসাধারণ আজ দেখছে এই শাসনে সুবিচার বলে জনমত বলে, বিরাট জনশক্তির সুযোগের ক্ষেত্র বলে কোথাও কিছু নেই। এখানে যুক্তি, বুদ্ধি, সংপরামর্শ, যোগ্য সংলোকের স্থান বলে কিছু নেই। এখানে কায়েমী স্বার্থ ও লুষ্ঠনবৃত্তির অনুকূলে তার উপযুক্ত সমাজ বিরোধীদের অনুকুল সমগ্র পরিবেশ তৈরি হয়ে রয়েছে। সমগ্র শাসনযন্ত্রই এই নগ্ন কুশাসনের অপরাধে একযোগে অপরাধী। সেজন্য তার মধ্যে শাসনের কোন বিশেষ ব্যক্তিকে বাছাই করে, চিহ্নিত করে সমগ্র শাসনের ক্ষমাহীন অপরাধকে লঘু করে দেখাবারও কোন সঙ্গত কারণ নেই। আর এই একই শাসনধারা চলেছে কংগ্রেস শাসন সৌধের সর্বনিম্ন তলা থেকে সর্বোচ্চ শিখরচুড়া পর্যন্ত। জনসাধারণের দৃঃখ আবেদন ও রোষকে ক্ষমতার আসনে বসে বিদ্রূপ করে উডিয়ে দেওয়া যেতে পারে কিন্তু এই শাসনের প্রতি যে বহ্নি, যে বিদ্রোহ দেশের আকাশে বাতাসে দ্রুত সঞ্চারিত হয়ে উঠছে তাকে কেউ ঠেকিয়ে রাখতে পারবে না। অভিশপ্ত এই শাসনের প্রতি অগণিত মানষের অন্তরাদ্মা থেকে আজ নিরবচ্ছিন্ন অভিশাপের ক্ষমাহীন অগ্নিস্ফৃলিঙ্গ বর্ষিত হচ্ছে। আজকের এই অমানুষিক ঘটনার অবকাশ জাতির সেই অনাস্থার অভিশাপকেই মুর্ত ও তীব্রতর করে তোলার প্রয়োজন দান করেছে। আমরা জানি যে সরকারী সংখ্যাগরিষ্ঠতার জোরে এই অনাস্থা প্রস্তাব তথাকথিত নিস্ফলতার ভাগ্য লাভ করবে সত্য . কিন্তু সংখ্যাগরিষ্ঠতাই সংসারে সবকিছু নয়। অপহাত শাসনের ক্ষমতাই সংসারে সব সময় সবকিছু নয়। সংসারে ন্যায়ের জয়, মানবতার দাবি ও শাসন সীমার বাইরে অগণিত মানুষের জাগ্রত মূর্ত, অপ্রতিরোধ দাবি বলেও জিনিস আছে। আমার মনে হয় কংগ্রেসী শাসনের এই দীর্ঘ দিনের অগণিত অত্যাচার ও অনাচারের সমস্ত অভিযোগকে সরিয়ে রেখেও যদিও আজ নিরস্ত্র মানুষের প্রতি পশ্চিমবংগ সরকারের এই নিষ্ঠর পৈশাচিক আঘাতকে অভিযোগের কারণরপে তলে ধরা যায়, তবে এই একটি অভিযোগের কারণেই পশ্চিমবঙ্গ সরকারের এই একটি মর্মান্তিক অপরাধের কারণেই সমগ্র ভারতের কংগ্রেসী শাসনের বুনিয়াদকে উপড়ে নিশ্চিহ্ন করে ফেলে দেবার পক্ষেও ন্যায়ের আহ্বান এই জাতির জনা রয়েছে।

[7-20-7-30 p.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, under the Constitution, Article 164, the Chief Minister is appointed by the Governor, and the other Ministers are appointed by the Governor, on the advice of the Chief Minister. Therefore, in any motion for a vote of no-confidence, really I am the person who has to bear the brunt, because I had recommended these Ministers for appointment to the Governor.

My friend Shri Subodh Banerjee has raised a peculiar point. He says the parliamentary democracy does not consist only in the proceedings of the members in the legislature, you go to the Ochterloney Monument and there you will find parliamentary democracy at work. I have never heard of such a thing before. Possibly his brain has evolved a new theory of parliamentary democracy, which we do not understand and we do not propose to understand. Sir, what happened in the last elections? One hundred fifty-two members were elected on Congress ticket, and since then 9 more members have come from other groups and joined the Congress party. Does that show that the Congress party has become decadent? Does it not show that today 49 per cent of the total voters, who had voted in the last elections are with the Congress party? How can you efface the whole thing? How can you say "No, these men do not represent the people; it is we, a few persons on one side or the other, who represent the people"—like the claim of the three Tailors of Tooley Street?

Sir, there are two motions before the House: One is with regard to bad arrangement regarding

food and the other one is a general proposition. With regard to the food situation, I feel that I have already said as much as I could last Thursday, when I wound up the food debate. I said then, and I repeat again, that the food problem has got various imponderable items which you cannot always measure however clever you may be. That does not mean that the production must not increase: that does not mean that there should not be better seeds and more fertilisers and better type of agricultural methods or that work for land reclamation and proper drainage facilities must not take place. I can assure the Members of the House that we are taking every measure that it possible for us to take with regard to these items. (Shri Jyoti Basu: Question).

Sir, my friend Dr. Ghosh had said two things which I omitted to mention in my reply on the Food Debate. One was "Give sufficient food and at cheap rates." Sir, that is perfectly right as an ideal but I dounbt very much whether the two can go together. The second thing he had said was "Abolish land revenue altogether". If you want to increase food production, that is, if you want to produce more food, you will have to provide better seeds, more irrigation schemes, more fertilizers and more arrangements for reclamation and drainage. All these require money. If we abolish land revenue, as I feel at some time or other we might be able to—it is not possible at the present moment, when you are interested in development measures so far as food production is concerned, to abolish land revenue altogether.

Sir I had read very, very carefully over and over again the statements issued by the Price Increase and Food Resistance Committee and it has been my privilege to write in the papers and give as complete an answer taking each individual item into consideration as I possibly could. I do not say that I satisfied with all the answers and perfectly see that the Price Increase and Food Resistance Committee also probably would like to have further discussion. I am willing always to sit across the table and discuss every item about food production and food distribution with any person who is interested in food, provided that such demand is not accompanied by sabre-rattling. You cannot threaten that you will bring mass disobedience into action and yet say "let us discuss across the table". I say that is not an honest approach to the particular problem. Any group of persons or any individual who desire to discuss not merely the question of food production but also the present arrangements for distribution, for instance, how is the food distributed to different districts, how are the modified ration shops selected, what is the amount that shoud be given to each ration shop—all these points can be discussed provided they are not accompanied with threats.

It has been suggested that this has been a very peaceful food movement. Sir, the word 'peace' may have different connotation with different people, but if you read that with the peaceful movement was a programme of mass defiance of law and picketing before district and subdivisional headquarters and other offices as well as in Calcutta, that on a particular day, viz, the 31st August, there was a central rally on the slogan of "All to Calcutta" for various districts held in Calcutta and a march to Writers Buildings in thousands and defiance of law en masse was to take place, these words will have a meaning other than peace. Sir, after all we have serve here for the time that is given to us to do so, and to see that no defiance of law is made. Sir, the law is made by the legislature and it is the incumbent duty of every government to see that the provisions of the law are given effect to so as to protect the average citizen who is not interested either in throwing out Bidhan Roy or putting in Jyoti Basu. He is interested in pursuing his own avocation of life in peace and comfort and therefore, if there is a programme for mass defiance of law, I say the limit has been reached.

Sir, I have here the facts before me that since January 1959 there have been 754 procession which came into Calcutta for different purposes in which more than two lakhs of people took

part. Was there any action taken by the Government against the people? Were they not allowed to move about in the city even at the great inconvenience of the ordinary citizens? Have I not received numerous complaints to say that life in the city of Calcutta is becoming intolerable because of the processions that are coming in? But I did not touch them.

But on the 31st of August the thing was different shape. It took a different shape. It is not possible for me to say that if similar incidents happen again, if such "peaceful movements" are repeated, similar steps which had to be taken would not be taken again.

Coming to the next motion it has been said that women and children had been killed, that the Police had been given the order to fire. Sir, I have here with me now the infomation that we have collected that there have been 21 cases of death from firing and mob violence in Howrah and 24-Parganas and 20 cases of death in Calcutta. Of the 21 cases, 10 were from police firing and 11 from mob violence. (Shri Jyoti Basu: Lies) Sir, how did they know that what had happened outside? [Noise and uproar], Sir, I don't ike to be interrupted. [Noise] You were very anxious to make enquiries and I am giving the correct figures. You said you felt very much for the people who have been killed. I also feel great regret for the lives that have been lost. But if there were people who were killed in a bustee in Howrah, if there was a policemen whose neck was cut off, what is the meaning of this? Did this Policeman do it as harakiri? [Noise and uproar] Sir, I wish my friends would not get agitated, because then I will begin to think that perhaps they had some connection with the mob. [Uproar and cries of 'you may think'] Sir, I have always regarded mob violence as mob violence, but the way of their protesting againt the Statement makes me feel diffident whether my calculation was correct. Sir, several of my friends have sent us letters about what had happened on that day. Here is a letter (showing) which I received is which the writer says what had happened in Bow Bazar on the 1st September. He says that although his own servant and his son were hit by Police bullets, he does not condemn the Police. He says that the situation was such that it was impossible for the Police to act otherwise. A gentleman who came to see me about ten days ago told me about his experience on the 1st of September. He told me that he and his wife were driving to Barrackpore at about 9 O'clock. As they passed the Talla Bridge about 500 students came roare growling and they asked them to get down from the car because they wanted to take out petrol for the purpose of setting fire to something. He said 'no, that could not be done because they have not enough petrol to go to Barrackpore and come back.' Eventually, they were let off. This is an unsolicited, if I may say so, information. [Noise and uproar]. Sir, however much my friends may shout would they deny that eight or nine thanas were attacked, would they deny that three ambulances were destroyed, would they deny that 30 milk goomties were destroyed? I do not say that the parties here have been responsile directly or indirectly for this damage.

But this much is certain that violence was let loose, that private property was not safe, that people were attacked and so on and so forth and therefore, it was not possible for the police to remain inactive.

Sir, this atmosphere of unruliness spread even into the Assembly Chamber. Sir, I did not say anything about it so long, but I would refer to it now because I have an opportunity to do so. Sir, when I refer to it. I hang down my head in shame. I, as the Leader of the House, think that an apology is due not only to you, Sir, Mr. Deputy Speaker, but to the members of the Assembly, to the people outside, as well as to the unborn generations of man for our having stooped down to this level of throwing shoes at one another. (Loud noise and uproar) If they go on shouting like this, it would mean that not only did they indulge in hurling of shoes but they excelled in

it. I say it would be an evil day for Bengal if that happens again. Sir, I saw one small note in one of the papers—I forget which paper —in which a gentleman—I believe he is a non-Bengali gentleman who was reading Bengali—wrote to say that after hearing what had happened in the Assembly Chamber, "I do not think I will cotinue to read Bengali any more because I now feel that Bengali is not a language of civilised people." I do not remember the name of the gentleman who has written it. Now it is impossible for us to get out of the conclusion that this particular behaviour has been most unseemly, looking at if from any point of view you like.

Then my friend Shri Ganesh Ghosh has raised many issue. I can only say that if there is a fire and if you put your finger into it, your finger wil surely burn. So, if you choose to break the law, you will get what will deserve—what the law prescribes—I cannot help it. As a matter of fact on the 15th August, i.e., 16 days before those ugly things happened on the 31st August, I issued a statement in which I said that those who deliberately wanted to break the law would have to be reponsible for the consequences that followed. [Loud noise and uproar] There is no question of frighteing me. 'Quo Vadis'—whither are you going? I say you cannot produce an alternative Government. I say there is no point in your trying to put this particular motion to vote. Of course, if you like, you can do so, but it does not matter to us. All I can say is that in order to run the Government you must be of a sterner stuff. I do feel, therefore, that the no-confidence motion is ill-conceived, that it has no bearing on facts and I say that I and my Ministers stand before the bar of the Legislature and are prepared to take any verdict which they choose to give.

# Shri Jyoti Basu:

জুডিসিয়াল ইনকুয়ারির ব্যাপারটা কি হল?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I am sorry, I forgot to touch upon it. Sir, I am not afraid of an enquiry because I am perfectly sure that the Government will be found to be more than justified in the actions that they have taken. But, as I said before, I repeat again that the police, according to the usual rules, are making some enquiries. Government will get the report and it is just possible that we may accept ther verdict or we may not accept it. It is only then that the question of having a judicial enquiry will arise.

The motion of Shir Jyoti Basu, Shri Hemanta Kumar Basu, Shri Jatindra Chandra Chakravorty, Shri Subodh Banerjee, Shir Sudhir Chandra Ray Choudhuri and Shri Siddhartha Shankar Roy that this Assembly expresses lack of confidence in the Council of Ministers, was then put and a division taken with the following result:-

### Ayes—65

Banerjee, Sj. Dhirendra Nath Banerjee, Sj. Subodh—SUCI Basu, Sj. Amarendra Nah—FB Basu, Sj. Brindaban Behari Basu, Sj. Chitto—FB Basu, Sj. Gopal—CPI Basu, Sj. Hemanta Kumar—FB Basu, Sj. Jyoti—CPI Bera, Sj. Sasabindu

Bhaduri, Sj. Panchugopal---CPI

Bhagat, Sj. Mangru
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharya, Dr. Kanailal—FB
Bhattacharjee, Sj. Shyama Prasanna
Bose, Sj. Jagat
Chakravorty, Sj. Jatindra Chandra—RSP
Chatterjee, Sj. Basanta Lal
Chatterjee, Dr. Hirendra Kumar
Chattoraj, Sj.Radhanath
Chobey, Sj. Narayan—CPI

Chowdhury, Sj. Benoy Krishna—CPI

Das, Sj. Gobardhan Dey, Sj. Tarapada

Dhar, Sj. Dhirendra Nath Dhibar, Sj. Pramatha Nath

Elias Razi, Janab

Ganguli, Sj. Ajit Kumar

Ghosal, Sj. Hemanta Kumar---CPI

Ghosh, Sj. Ganesh---CPI

Ghosh, Sjta, Labanya Prova-LSS

Golam Yazdani, Dr —CPI

Gupta, Sj. Sitaram

Halder, Sj. Renupada—CPI Hamal, Sj. Bhadra Bahadur

Hansda, Sj. Turku

Hazra, Sj. Monoranjan—CPI Konar, Sj. Hare Krishna—CPI Lahiri, Sj. Somnath—CPI

Majhi, Sj. Chaitan Majhi, Sj. Jamadar Majhi, Sj. Ledu

Majumdar, Sj. Apurba Lal

Majumdar, Dr. Jnanendra Nath Mandal, Sj. Bijoy Bhusan

Mazumdar, Sj. Satyendra Narayan Modak, Sj. Bijoy Krishna—CPI Mondal, Sj. Haran Chandra Mukhopadhyay, Sj. Rabindra Nath Mukhopadhyay, Sj. Samar—CPI Mullick Chowdhury, Sj. Suhrid

Naskar, Sj. Gangadhar

Obaidul Ghani, Dr. Abu Asad Md.

Panda, Sj. Bhupal Chandra Pandey, Sj. Sudhir Kumar Prasad, Sj. Rama Shankar Ray, Dr. Narayan Chandra—CPI

Ray, Sj. Phakir Chandra

Ray Choudhuri, Sj. Sudhir Chandra—INDC

Roy, Sj. Rabindra Nath

Roy, Sj. Saroj

Roy Chowdhury, Sj. Khagendra Kumar---CPI

Sen, Sjta, Manikuntala—CPI Sen, Dr. Ranendra Nath—CPI Sengupta, Sj. Niranjan—CPI

Taher Hossain, Janab

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India, 4th December 1959

[ Page 565-578]

# Present

Mr. Deputy Speaker (Shri Ashutosh Mullick) in the Chair, 16 Hon'ble Ministers, 13 Deputy Ministers and 213 Members.

[3—3-10 p.m.]

# Debate on the Report of the Food Enquiry Committee

**Shri Ganesh Ghosh:** Sir, I beg to move that the Report and Memorandam referred to by the Food Minister in answer to question of Shri Deben Sen No. 11 (admitted question No. 2770), be taken into consideration.

### Shri Deben Sen:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি প্রথমেই দুটো কনস্টিটিউসনাল প্রশ্ন আপনার সন্মুখে উপস্থিত করছি। প্রথম প্রশ্নটা হচ্ছে, যদি গভর্নমেন্ট কোন ইনকোয়ারী কমিটি নিযুক্ত করেন তাহলে তার রিপোর্ট গভর্নমেন্ট অস্বীকার করতে পারেন কি না এবং বিশেষ করে কোন পার্টিকুলার ডিপার্টমেন্টের মিনিস্ট্রি তাকে অস্বীকার করতে পারেন কি না অর্থাৎ গভর্নমেন্ট নিযুক্ত কোন কমিটির রিপোর্টের বিরুদ্ধে কোন আপীল আছে কি না? আমি এই ফার্স্ট কনস্টিটিউসনাল পয়েন্ট রেজ করছি এবং আমার মতে গভর্নমেন্ট নিযুক্ত ইনকোয়ারী কমিটির রিপোর্টের বিরুদ্ধে গভর্নমেন্ট কিছু বলতে পারেন না, কোন পার্টিকুলার ডিপার্টমেন্ট তো বলতেই পারেন না। সেদিক দিয়ে খাদ্য বিভাগ থেকে যে মেমোরেন্ডাম দেয়া হয়েছে সেটা ইমপ্রপার এবং আনকনস্টিটিউসনাল এবং আমি এও বলতে চাই যে খানিকটা ধৃষ্টতা তার ভেতর রয়েছে। গভর্নমেন্ট যে কমিটি নিযুক্ত করেছেন তাকে অস্বীকার করা এবং গালাগালি দেয়া।

they have in a hurry written this report.

এবং সেকথা আমাদের সম্মুখে উপস্থিত করাটা আমি মনে করি অত্যন্ত গর্হিত হয়েছে। আমার দ্বিতীয় পয়েন্টাও কনস্টিটিউসন্যাল পয়েন্ট। যদি ইনকোয়ারী কমিটির কোন ক্রিটিসিজম থাকে কোন ডিপার্টমেন্টের বিরুদ্ধে কোন মিনিস্টারের বিরুদ্ধে কিংবা কোন অফিসারের বিরুদ্ধে তাহলে তার য়্যাকসন কি হওয়া উচিত এবং সে সম্বন্ধে পার্লামেন্টারী খ্যাকটিসে কনভেনসন কি? আমরা দেখেছি যে আমাদের দেশে রেলওয়ে একসিডেন্ট হয়েছিল, তার জন্য লালবাহাদুর শাস্ত্রী রেজিগনেশান দিয়েছেন, আমাদের দেশে পার্লামেন্টে

adverse criticism on the food policy

হয়েছিল, অজিতপ্রসাদ জৈন রেজিগনেশান দিয়েছেন—আমরা দেখেছি কৃষ্ণমাচারীর নিজের কোন দোষ পাওয়া যায় নি, তাঁর ডিপার্টমেন্টের অফিসারের দোষ, তা সত্ত্বেও তিনি রেজিগনেশান দিয়েছেন এবং এ ছাড়া পার্লামেন্টে একটা নজীর পাছি সেটা হছে একটা জমির লেনদেন নিয়ে একটা ডিপার্টমেন্টের উপর অভিযোগ এসেছিল ল্যান্ড কমিশানের বিরুদ্ধে এবং তার বিরুদ্ধে, রিপোর্ট দেবার জন্য একজন নিযুক্ত হয়েছিল—স্যার এ্যানড্ড ক্লার্ক—তাঁর রিপোর্টে বলেছেন যে ব্রাইবারী, করাপসান কিছুই পাওয়া যায় নি—ইরেগুলারাটিস পাওয়া যাছে অফিসারের, মিনিস্টারের নয়, কোন মোটিভ ইমপিউট করেন নি, কিন্তু তা সত্ত্বেও সেই অফিসারকে পানিসমেন্ট দেওয়া হয়েছে এবং মিনিস্টার স্যার ডুগডেল নিজে রেজিগনেশান দিয়েছেন। এটা

55 Journal of Parliamentary Information

তে পাওয়া যায়। আমি কনভেনসানের কথা বলছি এবং এই রিপোর্টে ফুড ডিপার্টমেন্টের বিরুদ্ধে যে তীব্র সমালোচনা রয়েছে সেই সমালোচনায় আমাদের এই কনভেনসান ফলোড হবে কিনা সেটা আমরা জানতে চাই। আমাদের মনে হয়, হওয়া উচিত এবং খাদ্যমন্ত্রীর সরে যাওয়া উচিত এবং যে যে অফিসারের বিরুদ্ধে ক্রটির অভিযোগ কমিটিতে এসেছে তাদের বিরুদ্ধে শাস্তি হওয়া উচিত। আমার নেক্সট পয়েন্ট হচ্ছে—এই কমিটি অভিযোগ করেছেন যে গভর্নমেন্টের খাদ্য বিভাগ থেকে খাদ্যনীতি সম্পর্কিত যে কয়টা অর্ডার ইসু করা হয়েছিল, সমস্ত অর্ডার প্ল্যানলেস, বাস্তবতা তাতে নেই এবং তাঁরা বলেছেন যে তিনটি অর্ডার, বিশেষ করে

West Bengal Rice and Paddy Order, West Bengal Procurement Order, Price Control Order, গুলির কোন প্ল্যান ছিল না বলে সফল হয় নি এবং অর্ডারগুলি কার্যে পরিণত করার আয়োজন ছিল না বলে সফল হয় নি । দুটো কথা তারা বলেছেন—এক, কোন প্ল্যান ছিল না ; দ্বিতীয়তঃ প্রোমালগেসানের সময় এগুলি কার্যে পরিণত করার কোন আয়োজন ছিল না । এর উত্তরে গভর্নমেন্ট যে কথা বলেছেন তা আমি আপনাদের সম্মুখে রাখতে চাই । গভর্নমেন্টের রিপ্লাই হচ্ছে খুব অন্ততে রিপ্লাই । তারা বলছেন—

"The Committee in a hurry perhaps did not find time to hear the views of the senior officers of the department before arriving at their conclusions."

আমি মনে করি কমিটির মেম্বারদের গালাগালি দেওয়া হয়েছে। আমি জানি না তাদের মনের রিঅ্যাকশন কি তারা রিজাইন দেবেন কি না। তারা এ নিয়ে প্রোটেস্ট করবেন কি না জানি না। কিন্তু তারা যদি মেন উইথ সেন্স অফ ডিগনিটি হন, এই রিমার্ক-এর পরে তাদের অ্যাকশন নেওয়া উচিত। রিপোর্টে দেখছি অন্ততঃ ৬/৭ বার বৈঠক হয়েছে এবং সব বৈঠকে কোন অফিসারকে পাঠান হয় নি, খাদ্য বিভাগের তরফ থেকে এই কমিটির সামনে কোন মেমোরেন্ডাম রাখা হয়নি। যদি না হয়ে থাকে তাহলে তার জন্য কে দায়ী হবে ? তারা কি কমিটিকে ইগনোর করেছেন, তারা কি কমিটির সঙ্গে কো-অপারেট করতে চান নি ?

[3-10-3-20 p.m.]

তিনি কমিটিকে ইগনোর করেছেন, তিনি কমিটিকে মানতে চান নি, কমিটির সঙ্গে নন কো-অপারেট করেছেন। খাদ্যমন্ত্রী মহাশয় তাঁর পয়েন্ট অফ ভিউ বুঝিয়ে বলেন নি কেন? কমিটির রিপোর্ট বেরিয়ে যাবার পর, তাদের বিরুদ্ধে বলা হল তোমরা কিছুই জানো না। এতে গভর্নমেন্টের মর্যাদা হানি হয়। এবং আমি মনে করি আমাদের এ্যাসেম্বলীর মর্যাদাও হানি হয়। সেইজন্য আমি আমার এই পয়েন্টের দিকে মাননীয় মন্ত্রীমহাশয়ের বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি। আমার নেক্সট পয়েন্ট হচ্ছে West Bengal Rice and Paddy Order

সম্বন্ধে। প্রথম অর্ডার বেরলো ৩০এ আগস্ট ১৯৫৭ কয়েকটা ডিস্ট্রিক্ট নিয়ে, তারপর সমস্ত বাংলাদেশে চালু করতে গিয়ে দরকার হল আপ টু ১৫ই নভেম্বর, অর্থাৎ আড়াই মাসের উপর এই অর্ডার চালু করতে লাগলো। আমরা সবাই জানি তাতেও এটা সাকসেসফুল হলনা। তাঁরা কর্ডন না করে, যে জেলায়

whole-sale price of rice and paddy

দর বেঁধে দিলেন, সেখান থেকে বাইরে নিয়ে গিয়ে তারা বেশী দরে বিক্রয় করবার জন্য চালান দেবে, সেটা কার না কর্মন সেশ-এ আসে! খাদ্যমন্ত্রী মহাশয় উত্তর দিয়েছেন এটা আমাদের ভুল নয়, আমরা অল ইণ্ডিয়া ফুড পলিসির দ্বারা গাইডেড। সূত্রাং অল ইণ্ডিয়া ফার্ম পলিসি কিছু ছিল না, আমাদেরও কোন স্টাফ ছিল না। সে দায়িত্ব কে নেবে? আমি মনে করি স্টাফ ছিল না যদি তাহলে মাননীয় মন্ত্রী মহাশয় অর্ডার প্রমালগেটেড করতে গেলেন কেন? যদি রেলওয়ে মন্ত্রী একসিডেই-এর জন্য পদত্যাগ করতে পারেন তাহলে আমাদের এখানে এই ডেলিবারেট অ্যাকসিডেই যা খাদ্যমন্ত্রী মহাশয় করেছেন, তার জন্য তাঁরও পদত্যাগ করা উচিত ছিল। আমি বলবো তিনি ডেলিবারেটলি এই এক্সিডেই ক্রিয়েট করেছেন যার ফলে চালের দর বেড়ে গিয়েছে, মানুষ না মরলেও, মরার মত হয়ে দুঃসহ দুরাবস্থার মধ্যে বাস করছে এবং অনবরত দুর্ভিক্রের করালছায়া আমাদের উপর আসছে। এই

accident—deliberately created accidents as a part of a Government policy.

একটা অর্ডার বের করে, সেই অর্ডার-এর তারতম্যের জন্য দেশের জনসাধারণকে অসীম দ্রাবস্থায় মধ্যে ফেলা হচ্ছে। এখানে দেখুন খাদ্যমন্ত্রী মহাশয় বলেছেন আমরা অর্ডার বের করেছি ১৫ই নভেম্বর পর্যন্ত, ঠিক। কিন্তু ১৫ই নভেম্বরের পর পশ্চিম বাংলার বাইরে কোথাও এক্সপোর্ট হতে পারবে না, এরকম কোন অর্ডার প্রোমালগেট করা হয় নি। কমিটিতে তাই বলেছিলেন, কিন্তু পরে খাদ্যমন্ত্রী তা অস্বীকার করেছেন। খাদ্যমন্ত্রীর নিজের দেওয়া একটা ডকুমেন্ট দেখলাম এই বইটাতে রয়েছে। এটা হচ্ছে—

policy regarding cordoning and procurement in 1957-58 in West Bengal.

তাতে খাদ্যমন্ত্রী নিজে বলছেন, তার দ্বিতীয় পৃষ্ঠায় লেখা আছে, ৩০-১-৫৮, অর্থাৎ ১৯৫৮ সালের ৩০শে জানুয়ারী যে— Government of India promulgated the West Bengal Rice Order under which no expert of rice or paddy could be made from Calcutta industrial area and from the State without permit—

তিনি বলেছেন ১৫ই নভেম্বর হয়ে গিয়েছে, ঠিক, অথচ আবার বলছেন ৩০শে জানুয়ারী ১৯৫৮ সালের আগে হয় নি। কমিটি বলেছে ৩০শে জানুয়ারী, সেদিনও হয় নি, হয়েছে ৬ই ফেব্রুয়ারী। আমরা সেটা স্বীকার করি। সূতরাং দেখা যাছে ডিস্ট্রিক্টওলি কর্ডন করা হল, এবং একটা ডিস্ট্রিক্ট থেকে আর একটা ডিস্ট্রিক্টে চাল যাওয়ার উপর পারমিট-এর ব্যবস্থা করে কন্ট্রোল করা হল, কিন্তু সমগ্র পশ্চিম বাংলার বাইরে চাল চলে যাবে কিনা, সেটা কন্ট্রোল হল না। এটা একটা ছেলেমানুষী ছাড়া আর কিছু নয়। আমাদের ইনকাম নিয়ে খেলা হচ্ছে, আমাদের খাদ্য নিয়ে খেলা হচ্ছে, আমাদের জীবনমরণের প্রশ্ন নিয়ে খেলা হচ্ছে, এর পরেও যদি সংশ্লিষ্ট খাদ্যমন্ত্রী মহাশয়, এখান থেকে সরে যেতে রাজী না হন, ভোটের জোরে এখানে থাকতে চান, তাহলে ডেমোক্র্যাসির কথা বলা, তাঁদের মুখে শোভা পায় না। সংশ্লিষ্ট কর্মচারী, যাদের ক্রটি হয়েছে তাদের শান্তি দেবার ব্যবস্থা যদি না হয় তাহলে কমিটি অ্যাপয়েন্ট-এর কথা বলা উচিত নয় এবং ডেমোক্র্যাসির কথা বলাও সাজে না।

আর একটা অর্ডার-এর কথা বললেন, সেটা হচ্ছে কমপালসারি লেভি অর্ডার। এখানে তারা প্রকিওরমেন্ট-এর টারগেট করেছিলেন ১ কোটি ৫০ লক্ষ টন, কিন্তু হয়েছে মাত্র ৬০ হাজার বা ৭৫ হাজার টন। সূতরাং তাঁরা যে পলিসিতে, যেভাবে প্রকিওরমেন্ট করবেন বলে ভেবেছিলেন তা হয়নি। এবং না হওয়ার কারণ অনেকগুলি আছে এবং সেগুলি ম্যান-ক্রিয়েটেড. মিনিস্ট্রি ক্রিয়েটেড। প্রথমে তাঁরা মাত্র ৭টা ডিস্ট্রিস্টে প্রাইস কট্টোল করলেন। সুতরাং অন্য ডিস্ট্রিস্টে প্রাইস কট্টোল অর্ডার হল না অথচ লেভি হল। দ্বিতীয়ত লেভি করতে গিয়ে কোন অফিসারকে এ রকম কোন অর্ডার দেওয়া হল না যে, তোমরা এই আইন অনুসারে লেভি করবে, তোমরা যে স্টক এনকোয়ারী করবে সেটা মিলের সব স্টক, অর্থাৎ গভর্নমেন্টকে বিক্রয় করবার জন্য যে স্টক দেওয়া হয়েছে সেটাও। এখানে কমিটি রিপোর্টে বলছেন—অফিসাররা মিলের স্টক দেখতেন না, তাঁরা দেখতেন গভর্নমেন্টকে দেওয়ার যে স্টক কেবল সেইটাই। এখানে বলছে নো ফিজিকাল ওয়েমেন্ট। কেবল গেস অথবা আই চেকিং-এর দ্বারা প্রোকিওরমেন্ট পলিসি সাকসেসফুল হতে পারে না। কর্ডন করেছেন অফিসার নেই, কেন পুলিস ডিপার্টমেন্ট-এর সঙ্গে কোন এ্যারেঞ্জমেন্ট ছিল না? কিন্তু তারা নিজের ডিপার্টমেন্ট সম্বন্ধে বলেছেন—আমার ডিপার্টমেন্ট তুলে দিয়েছি, আবার নোতুন লোক নিতে হবে। কিন্তু কেন তাহলে এই অর্ডার আগে পাস করলেন? এর এফেক্ট কি হয়েছে—জনসাধারণ ক্ষতিগ্রস্ত হয়েছে—মৃষ্টিমেয় লোক লাভবান হয়েছে, তাদের প্রফিট বেড়েছে, ব্ল্যাক মার্কেটিং বেড়েছে। এর জন্যে কেউ দায়ী হবে না এবং আমরা জেনেশুনে এতে সহায়তা করব? সেজন্যে আমি বলেছি আজকে অকেশন এসেছে—ভোটের জোরের ব্যাপার নয়—ভোটের জোরে শ্রীঅজিতপ্রসাদ জৈনকে কেউ তাডাতে পারত না—শ্রীলালবাহাদুরকে কেউ তাড়াতে পারত না। কিন্তু তবুও তাঁরা নিজেরা সরে গেছেন—তারা এইভাবে ভাল কনভেনশান ক্রিয়েট করেছেন। আমি বলছি সেই কনভেনশান এখানে ফলো করা উচিত। মুখ্যমন্ত্রী জ্ঞানেন খাদ্যবিভাগ বলেছেন---রেকমেণ্ডেশানস আমরা মেনে নিয়েছি কিন্তু ক্রিটিসিজম মেনে নিই নি। এরকম ফাঁকিবাজী একটা গভর্নমেন্ট ডিপার্টমেন্ট থেকে হতে পারে কি করে বৃঝি না। ইমপ্লিমেন্ট কি হয়েছে? তার ফার্স্ট রেকমেন্ডেশান ছিল প্রাইস বেঁধে দাও এবং প্রাইস বেঁধে দেওয়ার জন্য একটা কমিটি কর। খাদ্যবিভাগ বলেছেন—কমিটি করব না। এইটেই ছিল পিভোটাল রেকমেন্ডেশান—আরগুলি ছোট ছোট. কিন্তু ফাগুমেন্টাল রেকমেন্ডেশান ছিল দর বেঁধে দিতে হবে। আপনারা দেখবেন

এই গভর্নমেন্টের ফুড মিনিস্ট্রির আর একটা ডকুমেন্ট আমার কাছে আছে তাতে দেখবেন কি আছে। তার স্ট্যাটিসটিকস-এর একটা নমুনা আমি দিছি। এটা ১৯৫৯-এ আমাদের মধ্যে সারকুলেট করেছিলেন—

Statement on the food situation in West Bengal

তার এনক্রোজার (১)-এ আছে ১৯৫৭-এ

preliminary forecast 47.4 lakh tons of rice, actually

পেলাম ৪২ লক্ষ। ১৯৫৮-এ প্রিলিমিনারি ফোরকাস্ট ৪৩.২ লক্ষ, পেলাম ৩৮.৯ লক্ষ, ১৯৫৯-এ ৪২.৮ লক্ষ ফোরকাস্ট, পেলাম ৩৭ লক্ষ। আমি বলছি অ্যানাউলমেন্ট-এর মধ্যে একটা পলিসি রয়েছে অর্থাৎ যখন কৃষকের চাল আছে তখন খুব উঁচু গলায় অনেক মজুত চালের কথা প্রচার করা হয় যাতে কৃষকের দর কমে যায় এবং মিল মালিক সন্তা দামে কিনতে পারে। কিন্তু কৃষকের কাছে যখন চাল নেই, তখন তা বলা হয় ৪৭.৪ হয়নি, হয়েছে ৪২, অর্থাৎ কৃষক যেটা ৯ টাকায় বিক্রী করেছে সেইটে তখন তাকে কিনতে হবে ১৫ টাকা দরে। স্ট্যাটিসটিকস কেন দেন, স্ট্যাটিসটিকস আমরা চাইনে ওঁর ডিপার্টমেন্ট-এর কাছ থেকে। উনি চুপ করে থাকুন। উনি যেন কোন রেডিও বক্তৃতা না দেন তাতেই বাংলাদেশের মানুষের মঙ্গল হবে। আশা করি যে সাজেশনসগুলি আমরা দিয়েছি সেগুলি গ্রহণ করা হবে।

[3-20-3-30 p.m.]

### Shri Hare Krishna Konar:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই রিপোর্ট আলোচনার আগে এর ইতিহাস একটু মনে করিয়ে দিচ্ছি। আপনি জানেন তা। হঠাৎ খবরের কাগজে বেরুল যে রাষ্ট্রমন্ত্রী তরুণকান্তি ঘোষের সভাপতিত্বে যে তদন্ত কমিটি হয়েছিল তার রিপোর্ট দিয়েছে এবং সেই রিপোর্টে যেহেতু সমালোচনা আছে—তাই তাকে চেপে দেবার চেষ্টা হচ্ছে। সরকার তরফ থেকে এ সম্পর্কে কোন প্রতিবাদ বা স্বীকৃতি কিছু হল না। তারপর জানেন, স্যার, বাংলাদেশের একটি পত্রিকা স্বাধীনতা পত্রিকা যেমন করেই হোক সেই রিপোর্ট হস্তগত করে সম্পূর্ণ ছাপিয়ে ফেলে। তখন উপায়ান্তর না দেখে বিধান বাবুকে প্রেস স্টেটমেন্ট-এ কিছু বলতে হল। সেই সময় এও জানেন একথা হয়েছিল যে এই যে কমিটি রিপোর্ট দিয়েছিল সেই রিপোর্ট-এর সমালোচনার কথাটা যাতে আরও নরম করা যায় তার জন্য চাপ দেওয়া হয়েছিল এবং তাঁকে তা করতে বাধ্য করা হয়েছিল। সেই যে রিপোর্ট তা এতদিন পর আমাদের কাছে এসেছে। আমরা দেখতে পাচ্ছি শুধুমাত্র ফুড ডিপার্টমেন্ট একটা জবাব দিয়েছে, কে দিয়েছে বঝতে পাচ্ছি না. প্রফল্লবাব নিজে জবাব দিয়েছেন না কি তাঁর কর্মচারী অফিসাররা দিয়েছেন সেটা বোঝা যায় না। ক্যাবিনেট কর্তৃক নিযুক্ত রাষ্ট্রমন্ত্রীর সভাপতিত্বে যে কমিটি হল তার সিদ্ধান্ত ক্যাবিনেট-এ আলোচনা হল কিনা, হলে কি সিদ্ধান্ত হয়েছে তা আমাদের কাছে গোপন রাখা হয়েছে। এই হল এই রিপোর্ট-এর ইতিহাস। অন্যদিকে এই রিপোর্ট হওয়ার পর গঙ্গায় অনেক জল বয়ে গেছে। এই রিপোর্টে-এ যেভাবে বলা হয়েছে আনপ্ল্যান্ড, অপরিকল্পিত একটা পলিসি, আমি বলি এটা বাহ্যিক অপরিকল্পিত, আসলে সেটা অপরিকল্পিত নয়। তারপরে নিজেদের পার্টির রিপোর্ট হলেও সেটা কার্যতঃ সংশোধিত হল না এবং পরের বছর দেখা গেল বাহ্যিক যেটা অপরিকল্পিত ছিল সেটা আরও পরিকল্পিত হল। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি এই রিপোর্ট-এর কিছু অংশ দেখিয়ে দেব—এতে বলা হয়েছে চালের দর চড়ায় মিল মালিক, আড়তদার ব্যবসায়ী এবং স্পেকুলেটরদের সুবিধা করে দেওয়া হয়েছে। আমি-বলবো এটা উদ্দেশ্য ছিল, পরের বছর দেখা গেল আরও পরিকল্পনা মাফিক করা হল। আপনি জানেন, উপাধ্যক্ষ মহোদয়, পরের বছর প্রথম দিকে কৃষকদের ক্ষতি করে একটা দর বেঁধে দেওয়া হল এবং কৃষকদের বাধ্য করা হল সেই দরে বিক্রী করার জন্য এবং মহাজন ও মানুষকে একটা ধোকা দেওয়া হল যে সারা বছর বাজার দর ঠিক রাখা হবে। এইভাবে সমস্ত লোককে খুন করে কোনমতে তারা রাজত্ব বাঁচিয়ে রাখলেন, পদত্যাগ হতে নিজেকে বাঁচিয়ে রাখলেন। এই যে ইতিহাস—এটা আপনি জানেন। আমি তাই ভাবছি এত ঘটনার পর বিশেষ অপরাধ সহ্য করতে চায় নি সেজন্য প্রফুলবাবুরা গুলি চালিয়ে বেয়নেট দিয়ে মেরে ৮০ জনের জানেন এবং তার পরিণতি কি ঘটেছে সেটাও আপনি জানেন। যেহেতু বাংলাদেশের মানুষ এই করে ৮০ জনের মৃত্যুর পর, এত হত্যা ও রক্ত প্রবাহের পর দেড় বছরের আগেকার সেই রিপোর্ট-এর পোস্ট মর্টেম একজামিন করে কি ল্যুন্ড হবে ? আমি এটা আশা করি না এবং একথা বলব না যে ডেমোক্র্যাসির সেক-এ প্রফুল্লবাবুর পদত্যাগ করা উঠিত, এটা

বলে লাভ নেই, তার থেকে অনেক দূরে তিনি সরে গিয়েছেন। কিন্তু আমরা দেখছি এই রিপোর্ট পড়ে এবং আমার ভরসা হচ্ছে কংগ্রেস মন্ত্রীসভার মধ্যে এবং কংগ্রেস এম এল এ-দের মধ্যে এমন অনেক মেম্বার আছেন বাঁরা এই পরিণতি রোধ করবার চেষ্টা করেছেন। যাঁরা চেষ্টা করেছেন নিজেদের আওয়াজ তুলে নিজেদের পার্টির মধ্যে কিছু বলেছেন তাঁদের কাছে সেই ভরসায় আমি কয়েকটা বক্তব্য এই রিপোর্ট সম্বন্ধে রাখছি। প্রফুল্লবাবুকে লক্ষ্য করে নয়, এই ক্যাবিনেটের মধ্যে অনেক সদস্য আছেন, অনেক এম এল এ আছেন, তাদের লক্ষ্য করেই আমার বক্তব্য রাখছি। আমি আশ্চর্য হয়ে গিয়েছি, প্রফুল্লবাবু বিরোধী পক্ষের মেম্বারদের গ্রাহ্য করেন না তা আমরা জানি, অনেক ধাপ্পা দেন, অসত্য কথা বলেন এটা আমরা সকলেই জানি, কিন্তু নিজেদের কলিগ, মন্ত্রীসভার একজন মেম্বার নিজেদের পার্টির সদস্য নিয়ে গঠিত একটি কমিটি, তাকেও ঠিক সমানভাবে অমর্যাদা করেছেন, খেলা করেছেন, অসত্য কথা বলেছেন এবং শুধু তাই নয়, তাদের উপদেশ দেবার নাম করে ধমক দেওয়া হয়েছে। আমি জানি না যারা সেখানকার মেম্বার তারা কি করবেন। এবং আমি শুনতে পাই—তরুণবাবুকে দেখছি না—অন্ততপক্ষে তরুণবাবুর বক্তব্য কি আছে এই রিপোর্ট সম্বন্ধে সেটা আমরা জানতে চাই। আমি এর কয়েকটি কথা বলছি, এরা বলেছেন, কোন পরিকল্পনা ছিল না, প্রফুল্লবাবুর গভর্নমেন্ট বলছে যেমন যেমন অবস্থা গড়ে উঠেছে তেমন তেমন এড হক পলিসি গ্রহণ করাই ঠিক হয়েছে। কমিটি বলছেন এনফোর্সমেন্ট-এর ব্যবস্থা কিছু ছিল না। এরা বলছেন ফুড ডিপার্টমেন্ট-এর লোকজন বেশী ছিল না, এটা পূলিস ডিপার্টমেন্ট-এর কাজ এবং পূলিস না থাকলে কালীবাবু তার জন্য দায়ী। তা ছাড়া মন্ত্রীসভার কোন দোষ নেই, ডিপার্টমেন্ট অনেক ভাল কাজ করেছেন। কমিটি বলেছে পারমিট দেওয়া হয়েছে খেয়াল খুসীমত অথচ এক ডিস্ট্রিক্ট থেকে অন্য ডিস্ট্রিক্ট-এ চাল চালান দেবার বা মূভমেন্ট করার কথা ছিল না। এরা বলছেন, হাা ডাইরেক্টরেট্ ডেপুটি এ আর সি পি তারা ১,১০০ মণ পর্যন্ত পারমিট ইচ্ছা করলে দিতে পারে এবং পারমিট রেকমেন্ডেশানের ভিত্তিতে দিয়েছি। এটা ঠিক কথা যে পারমিট রেকমেন্ডেশান ছাড়া হয় না। এখানে প্রশ্ন হচ্ছে রেকমেণ্ডেশান ত অনেককেই করা যায় কিন্তু সকলকে করা হয় না কেন? এখানে সেই প্রশ্নই ইঙ্গিত করছে যে অবস্থামত, দাবিমত রেকমেন্ডেশান করা হয়েছে। কমিটি বলছে ডি পি মারফত কেনার ব্যবস্থা করলে সুবিধা হয় ১৬ টাকা দরে। এঁরা বলেছেন যে ডি পি এক্টেন্ট্-এর প্রয়োজন ছিল না বলে আর কেনা হয় নি। কমিটি বলেছে—বড আশ্চর্যের ব্যাপার—বীরভূমে মিলওয়ালারা ১ লক্ষ মণ চাল দিয়েছে। তখন নিয়ম ছিল মিলওয়ালারা তাদের অর্ধেক চাল সরকারকে দেবে বাঁধা দরে এবং বাকী অর্ধেক যে-কোন জায়গায় যে-কোন দরে বিক্রয় করতে পারবে। পরে সেটা হল ২৫ পারসেন্ট ও ৭৫ পারসেন্ট। আপনি জানেন, স্পীকার মহাশয়, বাঁকুড়ায় অনেক চালের কল আছে, আমার জেলাতেও আছে, আপনি জানেন এইসব মিলগুলি গর্ভর্নমেন্টকে ১৬ টাকা দরে দিয়ে বাকী চাল অনেক বেশী দরে বিক্রয় করে নিজেদের যে লোকসান যায় সেটা পুরিয়েও অনেক বেশী লাভ করছে। এইভাবে বীরভূমে সরকারের কাছে ১ লক্ষ মণ চাল বিক্রয় করেছে। হঠাৎ দেখলাম মিলওয়ালাদের ২ টাকা ৮ আনাবেশী অর্থাৎ ১৮ টাকা ৮ আনা করে দেওয়া হল।

[3-30--3-40 p.nm.]

এটা হচ্ছে টেকনিক্যাল এরার কারেক্ট করা হচ্ছে—অর্থাৎ ১৬ টাকা দর ছিল বটে, কিন্তু পরে সাঁড়ে ১৮ টাকা দর সেন্ট্রাল গভর্নমেন্ট ঠিক করে দিলেন—তথন বাজারে ছাড়া হবে; তাদের পাওনা হওয়া দরকার, অতএব পুরানো ভূলটা কারেক্ট করা হোল। কিন্তু সেই করেকশানটা সব জায়গায় করা হলো না—তথুমাত্র ঐ কয়েকটা মিলের বেলায় কারেক্ট করা হোল। কমিটি এই কথা বলছেন—আমি কংগ্রেস কমিটির কথা বলতে পারি না—এটা ঘুষ না জোচুরী কোনটা বলব বলতে পারি না। তাঁরা বলছেন টেকনিক্যাল এরারস কারেক্ট করা হয়েছে। কিন্তু কর্মচারীদের ঠিকমত ইনস্ট্রাকশনস দেওয়া হয়েছিল বি মিলপ্রতিতে ২৫ পারসেন্ট টু ৫০ পারসেন্ট লেভি হর্ম, কারেক্ট এসেসমেন্ট হয় ং গোপনে গুদামে কত ছিল তার কোন ব্যবস্থা করা হোল না। এখানে যা দেখান হয়েছে এটা গুরু গেস ওয়ার্ক এবং এজনাই কমিটি বলেছেন এই এ্যাসেস্ট্রেন্ট-এর কোন মানে হয় না। আসল ব্যাপার হচ্ছে কমিটি এই যে সমালোচনা করেন্টেন যে কন্তগুলি মিলকে অনেক বেশী দরে বিক্রী করার সুযোগ দেওয়া হয়েছে ডিপার্টমেন্ট তার কোন উত্তর দেয়নি তবু বলালেন, কর্মচারীদের অনেক দিনের অভিজ্ঞতা, তাঁরা যুছের সময় কাজকর্ম করেছেন। তার আগেই বলেছেন অনেক অভিজ্ঞ কর্মচারী তন্য ভিপার্টযেন্ট সরির্মে নেওয়া হয়েছেন তার ভাড়াও বলেছেন বেড় লক্ষ মণের যে টারগেট আমরা করেছিলাম সেই টারগেট ভূল করে করা বিত্তা হয়েক করা করেছেন তা ছাড়াও বলেছেন বেড় লক্ষ মণের যে টারগেট আমরা করেছিলাম সেই টারগেট ভূল করে করা

হয়েছিল। তারপর আশ্চর্য হয়ে যাচ্ছি দেখে যেখানে কমিটি হিসাব দিছেন কিভাবে স্ট্যাটিসটিক্যাল জাগলারি করা হয়। একটা জিনিস এখানে দেখা যাছে এঁরা বলছেন দর বেশী বাড়লে স্পেকুলেশান হয়, তাতে মিল মালিকদের সুবিধা হয়। গত ১ বংসর ধরে প্রস্কুল্লবাবু, বিধানবাবুর দল একটা থিওরি করছেন যে দর বাড়লে চাষীদের সুবিধা হয়, হোর্ডারদের নয়—অথচ কমিটি বলছেন ঠিক উপ্টো কথা, একটা ম্যাক্সিমাম ও মিনিমাম দর বাঁধা দরকার যেটা চাষীর পক্ষে রেমিউনারেটিভ এবং এমন একটা ম্যাক্সিমাম দর বাঁধা দরকার যে দরে ক্রেতারা কিনে খেতে পারে। এটা বলার অর্থ তাঁরা অনুভব করেছেন যে বাংলাদেশে মিনিমাম বা মাক্সিমাম ন্যায়ে দর করা হয়নি। কিন্তু এঁরা জবাব দিছেন দরটা আমরা ফিক্স করি না দরটা সেন্ট্রাল গভর্নমেন্ট-এর কনকারেল নিয়ে করা হয়। বেঙ্গল গভর্নমেন্ট সেন্ট্রাল গভর্নমেন্টকে কি বলেছেন প্রস্টা চমংকার। এদের এক্সপার্টরা কি ওপিনিয়ন দিয়েছিলেন? এই এক্সপার্টরা কি করেন? আমি বলছি এখানে যাঁরা এম এল এ রয়েছেন আমাদের কথা না হয় বাদই দিলাম। এখানে অনেক কংগ্রেস এম এল এ আছেন যাঁরা গ্রাম থেকে নির্বাচিত হয়েছেন যাঁদের এখনো গ্রামের সংযোগ আছে তাঁদের কি পার্টি খেকে তাঁদের ওপিনিয়ন নিয়েছিলেন। তাঁরা এক্সপার্ট না হতে পারেন কিন্তু তাঁরা যখন এডভাইসরি বোর্ড-এ আছেন তাঁদের কি ওপিনিয়ন নেওয়া উচিত ছিল না সেন্ট্রাল গভর্নমেন্টকে এ সম্পর্কে কি বলা হবে দর নির্ধারণ ব্যাপারে। এসব কিছু নয় এক্সপার্ট ওপিনিয়ন, ট্রেডার্স ওপিনিয়ন সব ভুয়া। শেষ কথা কমিটি বলছেন ভুল সংশোধনের জন্য এটুকু শুধু বললাম। কিন্তু সরকার কি বলছেন দেখুন বলা হছে কমিটি যদি সিনিয়র অফিসার অফ দি ডিপার্টমেন্ট এবং অন্যান্য মেশ্বারদের পূর্বাহেন এ বিষয়ে কনসান্ট করতেন তাহলে এই সিদ্ধান্ত করতে পারতেন না।

the most unfortunate aspect of the whole matter is that the Committee is a hurry perhaps did not find time to hear the views of the senior officers of the Department before arriving at their conclusions.

এর চেয়ে অপমানকর ভাষা আর কি হতে পারে? তারপর আরো বলা হচ্ছে

the Department did make a fairly good job of the programme-

But I would submit that at the present moment we are not considering the food situation is going to be considered in a big way tomorrow in Delhi by the National Development Council. We Cannot consider the food situation in every bit of India, forgetting the rest of India; therefore, all the Chief Ministers of States are coming here, along 2with their Food Ministers; for, we consider it important to discuss this matter, not only from the point or view of the separate States but in its organic unity of India. There it is. But the present position to which the hon. Member objects is relating to what is happening in Calcutta. The hon. Member says that the army have taken charge of parts of Calcutta, parts of Bengal. As a matter of fact, nothing of the kind has happened. The army was in yesterday. I said at mid-day yesterday the army had not been called in. It was called in at 6 p.m. yesterday to Howrah, parts of Howrah, because there was a very bad trouble there. I might mention that till three days ago the Chief Minister of Bengal deliberately did not issue firearms to the police, because he did not want the use of firearms. When ambulance cars, milk vans were burnt, apart from buses.......

Several Hon. Members: Shame.

Shri Muhammed Elias: From them they were shooting people throughout the city.

Shri Jawaharlal Nehru: Did the hon. Member say that ambulance cars were shooting people? Shri Nagi Reddy (Anantapur): Is it not a fact that ambulance vans were used as police vans? Shri Muhammed Elias: It has been agreed by the Mayor of Calcutta and he has agreed that he will make an enquiry into the matter.

**Shri Jawaharlal Nehru:** Hon. Members have helped me- I thank them-that because the ambulance vans had policemen they had to be burnt, according to them. Is that the argument of hon. Members opposite?

**Shri Nagi Reddy:** When policemen began to shoot the people, naturally the people got angry. Are ambulance vans to be used as police vans?

Shri Jawaharlal Nehru: Ambulance cars do not even belong to the Government.

Ambulance is not a Government organisation; it is a private organisation. Milk vans which were distributing milk, large numbers of them, were burnt, apart from other damage and arson done. When the situation had become so bad, then only the Chief Minister, under great pressure, agreed to the issue of firearms to the police, because the situation was getting bad with regard to arson, destruction, etc., not to mention other cars and buses which were burnt.

Mr. Speaker: Order, order.

Shri Jawaharlal Nehru: It was only after that, when that set of workers finished their work that day, that the trouble became worse in Howrah, Howrah town and the neighbourhood of Howrah, and the forces were sent for, the army was called in in aid of the civil power, and they went only to Howrah.

And what they have done thus far is this. It is not a question of taking over the administration; very far from it. The troops carried out the following two things. They patrolled the Howrah police station area in vehicles; they laid a cordon round the jute mill in Dashnagar area etc. to enable the police to arrest miscreants suspected of causing loot, arson and murder. The police arrested a number.

May I say that people die in these things, and it is not for us to shout too much about it. But it is

a manner of doing things that is sometimes even worse than that. Today's paper announces that a policeman was killed. Well, a policeman was killed. There it is. But how was he killed? He was pulled out and an attampt was made to cut, to decapitate him with a sword. That is utter brutality, I say (Several Hon. Members: Shame). And I say it is utter, naked brutality. And this is the kind of brutality that is being encouraged by this behaviour and this action in Calcutta. (Interruptions).

Mr. Speaker: Order, order.

Shri Negi Reddy: The shooting of people is responsible for all these things.

Mr. Speaker: I would request hon. Members to work as a team or as a party or as a group, the leader to command the rest of his following. Otherwise, I won't recognise the party as such.

Shri Tangamani: You need not tell us about it.

Mr. Speaker: I am here to tell it. Order please. Otherwise we cannot control the House. Any organised group, one after the other, the leaders are here, let them elect a leader for the day and speak through him; and if he wants some other person to speak, I have no objection, if he is in possession of better facts. If all of them jointly want to speak, whom am to call from the Communist Group? All of them simultaneously? Shri Hiren Mukherjee. What does he want to say.?

Shri H. N. Mukherjee (Calcutta Central): Sir, on behalf of our Group....

Mr. Speaker: Just a minute. Let the Prime Minister finish.

An Hon. Member: What has he got to finish?

Shri Negi Reddy: He has made the last insinuation.

Shri M. P. Mishra (Begusarai): I want to ask a question.

Mr. Speaker: Order, order.

Shri M. P. Mishra: I want to ask.....

Mr. Speaker: Order, order. The hon. Member is irrepressible. I will have to ask him to go out of the House. Shri Hiren Mukherjee.

Shri H. N. Mukherjee: Sir, you have permitted the Prime Minister to make certain circumstantial references on the basis of whatever information he has got in his possession, and that is why I am constrained also to have to refer to certain other things, and hope you will permit me to make a reference to them.

The Prime Minister has referred particularly to one case where a policeman was dragged out or something like that happened and he was killed under circumstances which, from the paper reports, were certainly very regrettable and gruesome, I might add. But, Sir, the Prime Minister chose to omit any reference to the fact that in only two days' time as many as twenty-seven people have been killed in Calcutta and in Howrah. If this account has any claim to veracity, in a few hours' time eleven people were killed in a small town which has not more than a population of three hundred to four hundred thousand people.

Now, what I want the government of this country always to bear in mind is this, that when in any particular part of the country, especially a strategic and a very important place like Calcutta, the greatest city in this country, when in that area there is a movement- for good reason or bad reason, it is not for us at this moment to decide upon- when in that city there is a movement of which the leaders are taken away altogether, it is completely decapitated of its leadership by means of Preventive Detention, the West Bengal Security Act and a hundred other devices which are in the armoury of the Government; the leadership is completely out of the picture, and second, third and fourth rank leaders have also been taken away; Government itself in its press note says that as a result of the leadership not being there, the movement has got into the hands of anti-social elements-it may or may not be true- but the situation has arisen on account of a basic dissatisfaction with the food policy of the Government, and particularly the personal vanity of one particular Minister, the Food

Minister there, who refuses to follow the example of Shri A. P. Jain. In Calcutta, as I said the other day in a parenthesis which perhaps escaped you, even Congress newspapers like Jugantar are saying that a shameless policy is being pursuad. I am not going into the details of that policy, because at this point of time it is not for me to say anything about it. But I am astounded to see the attitude that is being displayed by the Prime Minister of this country when twenty-seven people are killed in two days' firing in Calcutta, which shows that he is completely callous in this regard. And I remember how in regard to Bombay he has come with sack cloth and ashes to give Samyukta Maharashtra and Gujarat after he has killed more than two hundred people in the agitation over there. And he is supposed to be the most sensitive individual whom we are supposed to respect. We respect him a great deal, but he is forfeiting the respect of this country if he is going to adopt the attitude which he has done in this present debate.

I tell you, I beg of you to remember this, that in a part of our country which you cannot ignore - you cannot wish Bengal off the map of India, you cannot wish it, it is there, and we are here by the mandate of the people - I wish you, I beg of you to bear in mind that in Calcutta there is agony, there is distress, there is torture, and if we in Delhi sit and do nothing because a policemar has been killed in gruesome circumstances, because Communists have got to be made the scape-goats, because the vendetta has to continue till the Kerala elections happen, then I say good-bye to all hopes of democracy and progress under the leadership of the Prime Minister.

I beg of you to allow discussion of this in calmer circumstances. But I have lost my equilibrium because of the attitude displayed by the Prime Minister.

Shri Jawaharlal Nehru: It is not necessary for me to say much because the hon. Member opposite has confessed that he lost his equilibrium. And I think he lost it unnecessarily because I would be inclined to agree with him even in respect of a great deal that he said. Nobody likes, or does not deplore, what has happened in Calcutta. I brought a case to the notice of the House because it was a very brutal and callous one; it is not a clash of people and people dying, which is unfortunate of course.

Now, the question is, there is a situation in Calcutta which has arisen because of a movement, if you like, I am prepared to admit it; it is not a matter for discussion. The hon. Member may be right in saying that the attitude of the West Bengal Government is not good or bad in regard to food. That is a matter for discussion. You can discuss it, if you like. But let us keep that separate.

The point is, that a movement was started. The reason for that movement, if it was the 'food' reason, no longer exists. That is my submission. Not finally, of course, but for the moment, it does not exist because the food situation is much better.

Now, certain conflicts have occured between the government police forces and the rest, which is unfortunate always. We might really deplore them. But it passes my comprehension what the Government is expected to do in these circumstances, when large-scale arson is being done all over. I do not know whether it was done more than necessary; I am no judge at the present moment. Anyhow, I do submit that even though it may be said - as has been said - that many of the leaders of the Communist Party or other groups who started this agitation are in prison or are detained, there are hon. Members opposite who can withdraw the agitation.

Some Hon. Members: No, no.

Shrimati Renu Chakravartty: How can we?

Shri Jawaharlal Nehru: Why do they not say 'Withdraw the agitation'?

Shrimati Renu Chakravartty: May I just make a submission? Even during the time of the British, when there was movement, the goods were delivered by the leaders of the Congress who were in jail. The British Government leaders went to the jails to discuss and settle with the leaders

in jail. It is not open to individuals who are not on that Committee, it is not for people like us, to call it off. I would beg of the Prime Minister to consider this. I met him yesterday and I told him that the price of rice had come down to re. 1 or Rs. 2. It may go down still further because we are now going to have the *aman* crop in December. I also told him that the prices are far beyond the reach of the people in the villages and that in the villages, the food situation is very bad. I would beg of him to consider this. I also told him that the situation is very bad and we want him to intervene, because we have no faith in the Food Minister and the Chief Minister there. They are adamant. Repression is not going to achieve anything. I would beg of him to consider that 27 people have been killed. Instead of saying that the situation is so bad, he should intervene. He did so in Kerala. He even went there when the agitation was going on and he asked the Chief Minister, Shri Namboodiripad agreed to negotiate. Can that not be done even from Delhi in this case?

Shri Muhammed Elias: I want to contradict the statement which the hon. Prime Minister has made just now, because it has been given by the West bengal Government. All through, the people of West Bengal do not believe what the West Bengal Government says. The people do not believe those statements because the statements given out by them are false. We have got a trunk call from Howrah - my constituency. I want to say that never during the general strikes have taken place in Howrah - have any disturbances occured. I am personally connected with all the factories and their unions. I know very well that disturbances had never occured. Even yesterday, the people of Howrah everywhere remained silent; when the lathi charge took place on the 23rd, they did not react in that way, in a violent way. But the military was called in. The military started firing. A seven-year old boy has been killed. A 78-year old man was sitting inside the house. He was killed. In this way, a number of people are being killed.

In West Bengal, unlike the Vimochana Samiti leader of Kerala, the leaders have not said that they are going to throw the Government, that they are going t into the Secretariat to overthrow the Chief Minister, B. C. Roy, and the food Minister. Here they have only demanded a handful of rice. The Government cannot give that. They want to stand on prestige, they want to save the prestige of one man\*\*\* . . . . the Food Minister (*Interruptions*). For his sake, a number of people are being killed, on which this trouble arose.

\* \* \* Expunged as ordered by the Chair.

Mr. Speaker: I have heard both sides. So far as this particular matter is concerned, it is regrettable.

Mr. Speaker: Order, order. I am not-going to allow the hon. Member to speak. There is no good creating more dissatisfaction regarding this matter.

Shri Braj Raj Singh (Firozabad): The other day you were so impatient.....

Mr. Speaker: Order, order. The hon. Member is now creating it.

Shri Braj Raj Singh: I have been and am peaceful, though I had my adjournment motion and you did not read it out.

Mr. Speaker: I have repeatedly told him that when I am on my legs he should not speak. I have heard sufficiently about this matter.

Mr. Speaker: I am sorry that all this has happened. It is unfortunate that such a situation should have arisen in Calcutta. As the hon. Prime Minister has said, this matter seems to have arisen out of the food question. That is said even now, that the food situation is the main reason for all this, for parties or groups of people organising themselves to resist famine. This started on account of food scracity. Then there was the question of prices and then of distribution. Though this matter is primarily the concern of the West Bengal Government, I have been allowing discussions in these matters.

The other day, when Shri A. P. Jain was here, I allowed the House an opportunity to discuss the West Bengal food crisis and also the question of rice in prices. After all, food can be rushed from one State to another to make up the deficit. After Shri A. P. Jain spoke, I heard some voices here saying that he ought not to continue. In disgust, I think, he resigned and went away. Some such thing must have occured. Now, another hon. Minister comes in. It is now said that Shri A. P. Jain was better! (Interruptions).

Shri S. M. Banerjee: No one said that.

Shri Tridib Kumar Chaudhuri: We did not say that.

Mr. Speaker: Someone said that.

So far as the facts are concerned, this is a very important matter. I would request hon. Members to see the situation. We have been taking note of it here. We have not been indifferent to any situation, whether Food is a State subject or not. We have not been saying that we are not concerned with it. I have been allowing a number of questions and Call Attention notices, though it is not a matter for discussion by way of an adjournment motion.

As I have been able ton see, at one time, it was suggested that there was want of foodgrains. Therefore, even yesterday the hon. Minister said that every step had been taken to rush as much foodgrains as possible. After that, the question of prices was taken up. The prices also started coming down, in view of the rushing of supplies and in view of the fact that very soon there will be a harvest, though the fall in prices may not be to the same extent as some people may like it to be. It is not as if overnight the entire population will be able to purchase any quantity as they like. But to some extent, prices have also come down.

Then the complaint was made-and we had also a discussion here on that-that the distribution system was wrong. So far as that is concerned, some hon. Members had been to West Bengal and had studied the situation. It is not as if only one section alone represents West Bengal. Other sections have also visited West Bengal and gone from place to place. There was also a non-Bengali Member who went with that team. It was only a few days ago that they returned. They have said that they went round and found that lots of people had sufficient rice; there was not that complaint.

Then it was said that the quality of the foodgrains supplied- the quality of the rice supplied- was not of the standard. It is unfortunate that though Bengal is excellent in many respects, the quality of the rice supplied to Bengal from Madhya Pradesh does not come up to that standard. But West Bengal does not produce sufficient quantity of rice. So the only alternative is starvation or having some quality of rice which is available. Wherefrom are the Government to get the rice of the required quality, if West Bengal does not produce it and Madhya Pradesh rice is not to be eaten because it is if a bad quality? What is this poor Government to do? (Interruptions).

The hon. Members who have raised this question have not suggested any alternative to the steps taken. Therefore, all possible steps are being taken. Nobody is indifferent to the situation. Everybody must eat, and everybody knows the difficulty of tarvation. Therefore, all that has been done.

Still, if the agitation is going on, I have not been able to notice any reason excepting one that there is some kind of dissatisfaction with the Food Minister there. Again and again, it is repeated on the floor of this House that that Food Minister is not competent to be there. (Interruptions). I will assume that the Food Minister may change or go on changing, just after getting as much of food as possible and distributing it. Yet, it is for the Members of that Assembly to get rid of him and not for us. It is open to them. That seems to be the only cause of resentment now. (Interruptions). I would like to give another opportunity also to the hon. Minister to explain things, if necessary, and for the hon. Members to tell him how best to relieve the situation of it has started out of food. It was only yesterday that he said something here. Ultimately, what I heard them say was that he must go to the

spot. Excepting the Food Minister and the Prime Minister going there there is nothing; it might create disturbances.

After all, this House is not in charge of law and order. If we create an impression that those people who are in charge of law and order there-if that Government-are not able to manage the show notwithstanding the fact that the food problem has been solved or is being solved, I do not know whether by that the hon. Members want to ask me or ask this House and through this House this Government to take over charge of West Bengal as in Kerala.

An Hon. Member: We never said that.

Mr. Speaker: I am sorry: what is happening? (Interruptions). I am trying to analyse what exactly is happening. It is highly regrettable that 14 people had to be shot down.

Shri Muhammed Elias: No; 27 people.

Mr. Speaker: Or 27. I am exceedingly sorry. My heart and sympathy go forth to those people who have died and to all those persons who have been deprived of the companionship of those persons. From this House I send our condolence to the families of all those persons who have deceased. (Interruptions). Order, order. I do not know how we can relieve the situation by merely having a discussion here. (Interruptions). Hon. Members will persuade their friends there to withdraw this and restore peace in West Bengal.

I disallow these adjournment motions.

Shri Muhammed Elias: What is the fate of our adjournment motion? (Interruptions). I want a discussion here; I want the House to adjourn and discuss the matter.

Mr. Speaker: Order please. Hon. Members need not come to my aid. When a decision has been given with respect to one motion, on a similar matter other adjournment motions cannot be raised in this House. I have disallow all the other adjournment motions as being barred because they relate to the same subject matter.

Shri A. K. Gopalan: I am only sorry to say that the attitude of the Prime Minister in the reply that he has given is something which is not helpful. Therefore as a protest we walk out.

An Hon. Member: Shut up. (Interruption).

Mr. Speaker: Why should hon. Members object to the walking out?

The Minister of Rehabilitation and Minority Affairs (Shri Mehr Chand Khanna): Lal topi.

Mr. Speaker: Hon. Ministers must also be restrained.

( At this stage Shri A. K. Gopalan and some other hon. Members left the House.)

# **PART-VI**

# THE COMMUNIST PARTY OF INDIA, THE FOOD QUESTION AND THE FOOD MOVEMENT: SELECT ARTICLES AND PAMPHLETS

# ৪৩-এর বাংলায় দুর্ভিক্ষ ও ভারতের কমিউনিস্ট পার্টি

## প্রেমাংশু কুমার বন্দ্যোপাধ্যায়

[नन्पन, गांतप সংখ্যা ১৯৯৬, পৃ. ৬১]

১৯৪৩-৪৪ সালে বাংলার দুর্ভিক্ষ বৃটিশ ভারতের এক কলংকিত অধ্যায় যা ১৭৬৯-৭০ ও ১৮৬৬-৬৭ সালের ঘটনার পুনরাবৃত্তি। ৪৩-এর দুর্ভিক্ষ তদন্ত কমিশনের কাছে প্রদন্ত এক সাক্ষ্যে উল্লেখ আছে যে এই দুর্ভিক্ষের পিছনে যুদ্ধ ও প্রাকৃতিক দুর্যোগের থেকে মানুষের হাত ছিল বেশি। তবে দুর্ভিক্ষের সাথে নিবিড় সম্পর্ক থাকে দেশের খাদ্য উৎপাদন ও সরবরাহ। তাই প্রথমেই দেখা যাক ১৯৪৩-এর আগে বাংলার খাদ্য উৎপাদনের চিত্রটি কেমন।

অভিভক্ত বাংলার প্রধান তিন খাদ্য শস্যের মধ্যে আমন আউস ও বোরো উল্লেখযোগ্য। মোট খাদ্য উৎপাদনে এদের ভাগ হল যথাক্রমে ৭৩, ২৪ ও ৩ শতাংশ। ১৯৩৮ থেকে ১৯৪৩ সালের মধ্যে বাংলা দেশে খাদ্য উৎপাদনের পরিসংখ্যান নিম্নরূপ ঃ

সারণি ১ বাংলার খাদ্য উৎপাদন<sup>২</sup>

বছর	লক্ষ টন
\$00-dok	9৫.90
<b>&gt;&gt;08-606く</b>	४१.১०
\$\$80-8\$	৬০.৪৩
7987-85	৯৮.২১
১৯৪২-৪৩	८७.७১

প্রশান্ত মহলানবীশের মতে সপ্তাহে মাথা পিছু ৩.৫৮ সের হিসাবে বাংলাদেশের মোট বার্ষিক চালের চাহিদা ১ কোটি ৩ লক্ষ টন। নিম্ন ফলনের জন্য যা ঘাটতি থাকে তা সাধারণতঃ পূরণ হয় উদ্ধৃত্ত বছর থেকে। সে সময় বাংলা থেকে সরু বালাম চাল রপ্তানী করা হত আর বার্মা থেকে আমদানী করা হত সস্তা মোটা চাল যা গ্রাম বাংলার গরীব মানুষের খাদ্য।

১৯৪৩ সালে রাধাকুমুদ মুখার্জি<sup>8</sup> ও কমিউনিষ্ট নেতা ভবানী সেন<sup>4</sup>-এর হিসাবে দেখা গেছে যে সে বছর বাংলাদেশের খাদ্য ঘাটতি এমন ছিল না যার ফলে এমন ভয়ঙ্কর দুর্ভিক্ষ হতে পারে। ভাটিয়া দেখিয়েছেন যে ১৯৪৩ সালে বাংলাদেশের নিজস্ব যা উৎপাদন তাতে ৪৩ সপ্তাহের খাদ্য যোগান ছিল। দুর্ভিক্ষ তদন্ত কমিশনের হিসাবে সে বছর ভাল ফসল হয় তাতে ছয় সপ্তাহ মত খাদ্য উদ্ধৃত্ত থাকে। ১৯৪৩ সালের ঘাটতি বছরে এই ছয় সপ্তাহ যোগ করলে ঐ বছরে প্রকৃত ঘাটতির পরিমাণ মাত্র তিন সপ্তাহ। অমর্ত্তা সেন এই মূল্যায়ন সমর্থন করেছেন এবং বিশ্লেষণ করে দেখিয়েছেন যে ১৯৪৩ সালে বাংলার খাদ্য উৎপাদন ১৯৪১ সাল থেকে ১৩ শতাংশ বেশি এবং পূর্ববন্তী পাঁচ বছরের গড় উৎপাদনের মাত্র ৫ শতাংশ কম। উৎপাদনের এই পরিস্থিতিতে ৪৩-এর মত ভয়ঙ্কর দুর্ভিক্ষ হতেই পারে না। বিগত শতাব্দীর শেষ তিন ভয়ঙ্কর দুর্ভিক্ষ (মাদ্রাজ ১৮৭৬-৭৭, বোস্বাই ও মধ্য ভারত ১৮৯৬-৯৭ ও বোস্বাই ও গুজরাট ১৮৯৯-১৯০০) খাদ্য শস্যের উৎপাদন ও চাহিদার মধ্যে বিরাট ফারাক ছিল। কিন্তু ১৯৪৩ সালে প্রধান সমস্যা ছিল বন্টনের এবং প্রশাসনিক তৎপরতা ও সততায় তার সমাধান খুবই সম্ভব ছিল।

# খাদ্য মূল্য বৃদ্ধির স্বরূপ

১৯৪২-এর নভেম্বর থেকে ১৯৪৩-এর মে পর্যন্ত খাদ্য শস্যের দাম একটানা বেড়ে চলে। পরের দুই মাস কিছুটা স্থিতিশীল

থাকার পর আগস্ট থেকে ডিসেম্বর পর্যন্ত মূল্যমান ভয়াবহ রূপে বৃদ্ধি পায়। খাদ্য উৎপাদনে সমৃদ্ধ জেলা বর্ধমানে ১৮ই নভেম্বর ১৯৪২ চালের দাম ছিল ৭ টাকা ৮ আনা মন। এক সপ্তাহের মধ্যে তা বেড়ে গেল ১০ টাকা ৮ আনায়। ২রা ডিসেম্বর ৪২-এ দাম ১১ টাকা ৮ আনা, ৭ই জানুয়ারি ৪৩-এ ১৪ টাকা এবং মে মাসে ২৯ টাকা ১২ আনা মন। আগস্ট ৪৩-এর মধ্যে বাংলার অধিকাংশ জেলায় চালের দাম ৪০ থেকে ৫০ টাকা মন। অক্টোবর মাসে চট্টগ্রামে চালের দাম বেড়ে ওঠে ৮০ টাকা মন। ১৯৪২-এর জানুয়ারি থেকে ১৯৪৩-এর জুলাই মাসে বাংলায় কয়েকটি নিত্য প্রয়োজনীয় জিনিসের মূল্যবৃদ্ধির গতি নীচের সারণীতে পথেয়া হল :

সারাণ ২ মূল্য সূচীঃ ডিন্তি বর্ষ ১৯৩৯ = ১০০

		20 201 0 10			
	সময়	চাল	গম	কেরোসিন	বস্ত্র
জানুয়ারি	8২	>4>	ददर	>88	>>>0
জুলাই	8२	২০৭	<b>૨</b> ૨૨	>99	২৫৮
ডিসেশ্বর	8२	২১৮	২৩২	866	878
জানুয়ারি	৪৩	474	२৫२	864	876
ফেব্র-য়ারি	৪৩	२ऽ४	৩৩২	864	859
মার্চ	৪৩	<i>७</i> ४८	७১२	864	<i>୧</i> ୯୫
এপ্রিল	৪৩	<i>৬</i> ৩৪	७०४	866	৪৬৯
মে	৪৩	१४०	৩২৩	398	404
জুন	৪৩	<b>696</b>	990	ンタト	৫১৩
জুলাই	৪৩	20%	৩৪৬	২০৩	8%0

কলকাতা ও হাওড়ায় প্রায় ৫০ শতাংশ মানুষের দুর্দ্দশা চরমে ওঠে। বাকী ৫০ শতাংশের বেশির ভাগ সরকারি ও বেসরকারি সংস্থায় নিযুক্ত থাকার জন্য ন্যায্য মূল্যে খাদ্যের সুযোগ পায়। ৪২-এর সেপ্টেম্বর থেকে মার্চ ৪৩-এর মধ্যে কলকাতায় কতিপয় সরকার অনুমোদিত দোকান থেকে খাদ্য সরবরাহের ব্যবস্থা করা হয় এবং মফঃস্বল থেকে সংগৃহীত খাদ্যে দোকানগুলি চালু রাখার প্রচেষ্টা শেষ পর্যন্ত ব্যর্থ হয়। তার ফলে কলকাতায় চালের দাম বিপজ্জনকভাবে বেড়ে যায়। নীচের সারণী) থেকে তার কিছুটা আন্দাজ করা যায়।

সারণি ৩ কলকাতায় চালের দাম

	דוף הויטוס הוסודויד	
সময়	মন পিছু দাম	মূল্যসূচী
ডিসেম্বর, ৪১	৭ টাকা ৮ আনা	>00
জানুয়ারি, ৪২	৬ টাকা ৪ আনা	०८
জুন, ৪২	৮ টাকা ০ আনা	>>>
ডিসেম্বর, ৪২	১৩-১৪ টাকা	7%0
জানুয়ারি, ৪৩	১৪-১৫ টাকা	२०8
মার্চ, ৪৩	২১ টাকা	286
মে, ৪৩	৩০-৩১ টাকা	৪২৮
আগস্ট, ৪৩	৩৭ টাকা	600

সেপ্টেম্বর থেকে ডিসেম্বর কলকাতায় চালের মূল্যবৃদ্ধির সঠিক মূল্যায়ন সরকারি পরিসংখ্যানে নেই। তবে অস্বাভাবিক মূল্যবৃদ্ধির তাৎক্ষনিক ফল অনাহার ও মহামারীজনিত ব্যাপক মৃত্যু। ১৭৬৯ ও ১৮৬৬ সালের দুর্ভিক্ষের মত ৪৩ সালে পার্শ্ববর্তী জেলা থেকে বৃভূক্ষু মানুষের ঢল নেমে আসে কলকাতার রাস্তায়। অক্টোবর কলকাতায় বহিরাগত দুঃস্থ মানুষের সংখ্যা প্রায় ১ লক্ষ। রাজপথে মৃত্যুর বিভিষিকার সচিত্র প্রচার বাংলার দুর্ভিক্ষ আন্তর্জাতিক দৃষ্টি আকর্ষণ করে। ১৭ অতঃপর

নতুন গর্ভণর জেনারেল লর্ড ওয়াভেলের ব্যক্তিগত হস্তক্ষেপে কলকাতায় মার্কিন সেনাবাহিনীর সাহায্যে সরকারি ত্রাণ ও সেবাকাজ চলে।

#### সরকারি খাদ্য ও ত্রাণ নীতি

ভারত ও বাংলা সরকারের খাদ্য নীতি নির্দ্ধারণে অস্থিরতা ৪৩-এর খাদ্য সংকটকে তীব্রতর করে তোলে। সরকার যথারীতি অবাধ বাণিজ্য নীতি বজ্ঞায় রাখে। তবে যুদ্ধকালীন জরুরী অবস্থায় ১৯৪৩ সালে গঠিত Food Grain Policy Committee (Gregory Committee) সারা দেশে সুষম খাদ্য সরবরাহের জন্য সাময়িক ভাবে অবাধ বাণিজ্য নীতি বর্জন ও বিভিন্ন প্রদেশ থেকে সংগৃহীত ৫ লক্ষ টনের এক কেন্দ্রীয় খাদ্য ভাণ্ডার গঠনের সুপারিশ করে। এই সময়ে সারা ভারতে গমের দাম বেঁধে দেওয়া হয় ৪ টাকা ৬ আনা মন আর বাংলা সরকার চালের দাম ঠিক করে ৫ টাকা ১০ আনা মন। অথচ তখন সরকারি মজুতে কোন খাদ্য শস্য নেই। ১৯৪৩ সালে বার্মা জাপানী দখলে আসায় বার্মা থেকে বাংলায় চাল আমদানী বন্ধ হয়ে যায়। সেই সাথে দক্ষিণ পূর্ব বাংলায় জাপ অনুপ্রবেশের বাধা সৃষ্টির জন্য সরকারি উদ্যোগে উক্ত অঞ্চল থেকে নৌকা বাজেয়াপ্ত ও উদ্বন্ত চাল সংগ্রহের (অভিযানে) (Boat Denial ও Rice Denial Policy) খাদ্য সরবরাহ যেমন ব্যহত হয় তেমনি বাড়তে থাকে চালের দাম। বারংবার খাদ্য সন্মেলনের প্রচেষ্ট্য সম্বেও সরকারি উদ্যোগে খাদ্য সংগ্রহ নীতি ব্যর্থ হয়। বিভিন্ন প্রদেশ থেকে সংগৃহীত মাত্র ৩০ হাজার টন চাল এপ্রিলের মধ্যেই শেষ হয়ে যায়।

এই সংকটে যখন দলীয় ঐক্য ও রাজনৈতিক স্থিতাবস্থার প্রয়োজন ছিল তখন বাংলার বৃটিশ গর্জনর (স্যার হারবার্ট) ফজলুল হকের কোয়ালিশন সরকারকে বাতিল করে খাজা নাজিমুদ্দিনের লীগ সরকারকে ক্ষমতাসীন করেন। দ্রুত খাদ্য সংগ্রহের প্রচেষ্টায় নাজিমুদ্দিন সরকার করাচীর প্রখ্যাত শস্য ব্যবসায়ী ও লিগ সমর্থক ইস্পাহানী কোস্পানীকে দায়িত্ব দিলেও তা ব্যর্থ হয়। জুলাই থেকে নভেম্বর-এর মধ্যে মৃত্যু ও মহামারীর তাশুবে কলকাতা ও বাংলার দুর্ভিক্ষের গতি প্রকৃতি যেমন দ্রুত তেমনি ভয়াবহ। আগস্ট মাসের শেবে কলকাতা কর্পোরেশনের মেয়র স্যার সৈয়দ বদ্রুদ্দোজা চার্চিল ও রুজভেল্টের কাছে জরুরী ভিন্তিতে কলকাতায় খাদ্য ও ওষুধ পাঠানোর আবেদন জানান। ক্ষ একই সাথে ইংলণ্ডের পত্র পত্রিকা ও বৃটিশ পার্লামেন্ট লশুনের ভারত সচিব, ভারতের গর্ভনর জেনারেল লর্ড লিনলিথগো ও বাংলার গর্ভনর স্যার জন হারবার্টের চরম ব্যর্থতার ধিককার করে জরুরি ভিন্তিতে কলকাতায় জাহাজ ও প্লেনভর্ত্তি খাদ্য ও ওষুধপত্র পাঠানোর দাবি করে। ক্ষ অতঃপর লর্ড ওয়াভেল কার্য্যভার গ্রহণের পর অক্টোবর থেকে বিভিন্ন প্রদেশ থেকে দ্রুত গতিতে ১.৯৪ লক্ষ টন চাল ও ৩.৭৪ লক্ষ টন গমজাত খাদ্য কলকাতায় মার্কিন সামরিক পরিবহন বাহিনীর সাহায্যে দ্রুত খাদ্য সরবরাহের প্রচেষ্টা সম্বেও শিবপুর বোটানিকাল গার্ডেনস-এর খোলা মাঠে হাজার হাজার টন শস্য মনুষ্য খাদ্যের অযোগ্য হয়ে পড়ে থাকে। ক্র তথন অবশ্য মৃত্যুর কবলে ৩৫ লক্ষ মানুষ। ক্ষ

ত্রাণ কাজেও সরকারি নীতির আর এক মর্মান্তিক ইতিহাস। বিগত শতাব্দীর দুর্ভিক্ষের মত এবারেও বিলম্বিত সরকারি ব্রাণ ব্যবস্থা ও অর্থবরান্দে কার্পন্য দুর্ভিক্ষকে আরও ভয়াবহ করে তুলেছে। ৪৩-এর জানুয়ারি থেকে জুলাই মাসের মধ্যে ত্রাণ কাজের জন্য কোন প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হয়নি। এই দীর্ঘ সময়ে ত্রাণের সমস্ত দায়িত্ব পালন করেছে কলকাতায় ৩৪টি এবং গ্রাম বাংলায় ২৪টি স্বেচ্ছাসেবী ও রাজনৈতিক প্রতিষ্ঠান। অর্থ ও ত্রাণ সামগ্রী দিয়ে সাহায্য করেছে ভারতের অন্যান্য প্রদেশের ১৩টি ইংলণ্ড সহ পৃথিবীর ৮টি রাষ্ট্র এবং আন্তর্জাতিক সংস্থা। ১৭ ত্রাণ সামগ্রী বাদে দুর্ভিক্ষ ত্রাণ তহবিলে নগদ সাহায্যের পরিমাণ ২২,৩৬০১০ = ৩ =১০ এবং মুসলিম চেম্বার অব কমার্সের পৃথক তহবিলে মোট অঙ্ক ৫, ১২, ১৬৯ টাকা। ১৮

আগস্ট মাসে সমস্ত বিরোধী রাজনৈতিক দলের চাপ ও কলকাতায় প্রধান পত্রিকাণ্ডলি রাজপথে মৃত্যুর সচিত্র সংবাদ প্রচারে সরকার দুর্ভিক্ষ ঘোষণা না করলেও ত্রাণ ব্যবস্থায় সিদ্ধান্ত গ্রহণ করে। সেপ্টেম্বর ৪৩ থেকে মার্চ ৪৪-এর মধ্যে সরকারি ত্রাণ থাতে মোট ব্যয় হয় ৭.৪২ কোটি টাকা। তার মধ্যে ধররাতি সাহায্য ৩.০৩ কোটি, কাজের বদলে খাদ্য ১.৪৫ কোটি এবং কৃষি ঋণ ২.৯৪ কোটি। কলকাতা সহ সারা প্রদেশে ৬৬২৫টি ত্রাণ শিবির থেকে রান্না খাদ্য বিতরণ করা হয় তার মধ্যে ৫৫১টি শিবির স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের অর্থ সাহায্যে পরিচালিত হয়। দুর্ভিক্ষ কমিশনের কাছে ভারতের কমিউনিষ্ট পার্টির প্রতিনিধির প্রদত্ত এক সাক্ষ্যে জানা যায় যে সমগ্র প্রদেশে ২ কোটি মানুষের ত্রাণের একান্ত প্রয়োজন

ছিল। তার মধ্যে মাত্র ১৭-১৯ লক্ষ মানুষকে ত্রাণের আওতায় আনা সম্ভব হয়।<sup>১৯</sup> তথাপি এই সীমিত ব্যবস্থা যদি দুর্ভিক্ষের শুরুতেই চালু করা হোত তাহলে অনেক মানুষকে বাঁচানো যেত।

নভেম্বর মাসে দিল্লিতে কেন্দ্রীয় আইন সভার অধিবেশনে কংগ্রেস ও মুসলিম লীগ উভয়েই গভর্নর স্যার জন হারবার্টকে দুর্ভিক্ষের জন্য প্রত্যক্ষ ভাবে দায়ী করে তাদের বিচারের দাবি জানায়। জিল্লা বলেন বাংলার দুর্ভিক্ষ ভারতে বৃটিশ শাসনের এক মসীলিপ্ত অধ্যায়। দুর্ভিক্ষ তদন্তের জন্য একটি রাজকীয় কমিশনের দাবি সংখ্যাধিক্য ভোটে নাকচ হয়। পরিবর্গ্তে স্যার জন উভহেডের নেতৃত্বে একটি প্রশাসনিক তদন্ত কমিশন গঠিত হয়। বিলম্বিত ত্রাণ ও রেশনিং ব্যবস্থা এবং সন্ধৃচিত সরকারি ব্যায়ের তীব্র সমালোচনা করেছে তদন্ত কমিশন। তাছাড়া ভারত সরকারের নিষ্ক্রিয়তা ও বিমাতৃসুলভ মনোভাব যে খাদ্য সংকটকে তীব্রতর করেছে, কমিশন এই অভিযোগ করে। ২০

### ভারতের কমিউনিষ্ট পার্টির ভূমিকা

বিগত শতাব্দীতে ভারতে দুর্ভিক্ষের সময় খাদ্য লুঠ প্রমুখ বিরল বিক্ষিপ্ত কিছু ঘটনা ছাড়া সরকারি খাদ্য ও ত্রাণ ন্টাতির বিরুদ্ধে কোন সংঘবদ্ধ প্রতিবাদ ছিল না। ১৮৮৫ সালে কংগ্রেস প্রতিষ্ঠার পর দুটি ভয়ঙ্কর দুর্ভিক্ষে (১৮৯৬-৯৭ ও ১৮৯৯-১৯০০) প্রায় এক কোটি মানুষ নিশ্চিহ্ন হয়ে গেছে। তার প্রতিবাদ ও প্রতিকারের কোন আন্দোলন সংগঠিত হয়নি। কিন্তু তেতাল্লিশের দুর্ভিক্ষ বাংলার মানুষকে প্রতিবাদ ও প্রতিকারে সংগ্রামী চেতনায় উদ্বৃদ্ধ করেছে এবং তার নেতৃত্ব দিয়েছে ভারতের কমিউনিষ্ট পার্টি।

২৩শে জুলাই ৪৩-এ ভারতের কমিউনিষ্ট পার্টির ওপর থেকে সরকারি নিষেধাজ্ঞা তুলে নেওয়া হয়। বাংলাদেশে তখন পার্টির সদস্য সংখ্যা ৯০০। তার মধ্যে শুধু কলকাতায় ৫০০। এছাড়া ছিল ১৮০০ এজি সদস্য, ১০ হাজার স্বেচ্ছাসেবী বাহিনী এবং ২৫০টি জনরক্ষা সমিতির শাখা।<sup>২১</sup> খাদ্য সংকটের শুরুতেই জনরক্ষা সমিতি, মহিলা আত্মরক্ষা সমিতি, ভারতের ছাত্র ফেডারেশন ও শ্রমিক সংগঠন প্রমুখ পার্টির বিভিন্ন গণসংগঠনের উদ্যোগে খাদ্যের দাবি ও মজ্বতদারের বিরুদ্ধে আন্দোলন শুরু হয়। জনরক্ষা সমিতির শাখা সম্প্রসারিত হয় কলকাতা, কাছাড়, শ্রীহট্ট, বালাগঞ্জ বরিশাল, মৈমনসিং, চট্টগ্রাম, বসিরহাট, নারায়ণগঞ্জ, ঢাকা, নোয়াখালি, ভাটপাড়া, হাওড়া ও খুলনা জেলার বিভিন্ন স্থানে। ৪২-এর আগস্ট থেকে সেপ্টেম্বর মাস পর্যন্ত জনরক্ষা সমিতির নেতৃত্বে লাগাতার আন্দোলন চলে খাদ্যের দাবিতে, মজুতদার ও কালোবাজারীর বিরুদ্ধে। একই সাথে শাখা প্রশাখায় বেড়ে ওঠে মহিলা আত্মরক্ষা সমিতি সারা প্রদেশে। সেপ্টেম্বর মাসে বাংলার নারী সমাজের কাছে দ্রব্য মূল্য নিয়ন্ত্রণের পক্ষে ও মজুতদার ও কালো বাজারের বিরুদ্ধে আত্মরক্ষার ডাক দেওয়া হয়। বর্ধমান জেলা কৃষক সমিতি ও পার্টির নেতৃত্বে খাদ্য সরবরাহ ও খাজনা মকুবের দাবিতে গণস্বাক্ষর সংগ্রহ করে জেলা প্রশাসনের কাছে স্মারক লিপি পেশ করা হয়। অন্যান্য জেলাতেও জনগণের দুঃখ দুর্দ্দশা দুরীকরণে, মজুতদারের বিরুদ্ধে ও খাদ্য মূল্য নিয়ন্ত্রণের দাবি গণ আন্দোলনে ব্যপকতর হয়ে ওঠে। সেপ্টেম্বর থেকে নভেম্বর এই তিনমাস ব্যাপী অভিযানে পার্টির ১৯০০ কর্মী কারাবদ্ধ হন ৷<sup>২২</sup> ইতিপূর্বে পার্টির বাংলা মুখপত্র জনযুদ্ধে প্রকাশিত কমরেড জ্যোতি বসুর লেখা দুটি প্রবন্ধে জাপ আক্রমণ ও দুর্ভিক্ষকে প্রতিহত করার জন্য বাংলার যুব সমাজের কাছে এক বলিষ্ঠ আবেদন জানানো হয়।<sup>২৩</sup> পার্টির প্রত্যেক কর্মী ও সদস্য এই আহ্বানকে কঠিন সঙ্কল্প হিসাবে গ্রহণ করে আন্দোলনে ঝাঁপিয়ে পড়েন। পার্টির ওপর সরকারি আক্রোশ তাই আন্দোলনের কোন বাধা হয়ে দাঁড়ায়নি।

৪২-এর অক্টোবর মাসে মেদিনীপুর ও দক্ষিণ চবিশ পরগণায় ঘূর্ণি ঝড় ও বন্যায় জীবন, সম্পত্তি ও শস্য ক্ষতি খাদ্য মূল্য বৃদ্ধি ও দূর্ভিক্ষের প্রথম অশুভ সংকেত। অন্যান্য রাজনৈতিক দল ও স্বেচ্চাসেবী প্রতিষ্ঠানের মত ভারতের কমিউনিষ্ট পার্টির আহানে ছাত্র যুব কমী সামিল হন দূর্গত ও আর্গ্ত মানুষের সাহায্যে। ২৪ ৪২-এর ডিসেম্বর ও ৪৩-এর জানুয়ারি মাসে কলকাতার ওপর ৬ বার জাপানী বোমা বর্ষনে একদিকে যেমন শহরের জনজীবন বিপর্য্যস্ত হয় তেমনি খাদ্য সংকট দেখা দেয়। পার্টির ইংরাজি মুখপত্র People War অবিলম্বে খাদ্য মূল্য নিয়ন্ত্রণ, সরকারি দামে খাদ্য মজুত ও ন্যায্য দামে বন্টন ও কালোবাজারী ব্যবসা কঠোর হাতে দমনের দাবি জানায়। ২৫ একই দাবিতে পার্টির নেতৃত্বে বরিশাল জেলা শাসকের কাছে স্মারক লিপি পেশ করা হয়। ২৬ অন্যদিকে কলকাতা ও পাশ্ববতী কলকারখানায় নিযুক্ত শ্রমিকদের ন্যায্যমূল্যে খাদ্যপ্রব্য বন্টন ও মহার্ঘ ভাতার জন্য বাংলার শ্রমিক কমিশনারের কাছে দাবিপত্র পেশ করেন কমরেড বঙ্কিম মুখার্জি, মুণাল কান্তি

বসু, ওয়জিদ হোসেন, শিশির বসু ও ডাঃ মালিক প্রমুখ বঙীয় ট্রেড ইউনিয়ন কংগ্রেসের নেতৃবৃন্দ।<sup>২৭</sup> অতঃপর কমরেড স্নেহাংশু আচার্য্য ও সোমনাথ লাহিড়ী কলকাতার টাউন হলে অনুষ্ঠিত এক সর্বদলীয় সভায় কালো বাজার দমনে কঠোর ব্যবস্থার দাবি জানিয়ে জনসাধারণের তত্ত্বাবধানে ন্যায্য মূল্যের দোকান থেকে খাদ্য সরবরাহের প্রস্তাব করেন।<sup>২৮</sup>

কলকাতায় নিম্ন মধ্যবিত্ত পরিবার ও এন্টালী, বেলেঘাটা, বালিগঞ্জ, গরচা, হাজরা রোড, চেতলা, টালিগঞ্জ ও বেনিয়াটোলায় অধ্যুষিত প্রায় ৫০ হাজার বস্তিবাসী মানুষের খাদ্যাভাব এ সময়ে চরমে ওঠে। নিয়ন্ত্রিত মূল্যে খাদ্য বিক্রয় কেন্দ্রের সংখ্যা যেমন অত্যন্ত কম তেমনি প্রয়োজনীয় দ্রব্যের সরবরাহের পরিমাণ সীমিত। তার ফলে ক্ষুধার্ত সন্তান কোলে বন্তিবাসী মহিলাদের ঘণ্টার পর ঘণ্টা দোকানের লাইনে দাঁড়িয়ে থেকেও বেশি সময় নিরাশ হয়ে ঘরে ফিরতে হয়। এই চরম দৃঃসময়ে বন্তিবাসী মহিলাদের পাশে দাঁড়ালেন মহিলা আত্মরক্ষা সমিতি ও পার্টির সব তরুলী মহিলা সদস্যা খাঁরা শিক্ষা, পারিবারিক অভিজাত্য ও স্বাচ্ছন্দের চিরবিদায় দিয়ে সমাজতন্ত্রের আদর্শে উদুদ্ধ হয়ে চির দারিদ্র্য, আত্ম নিগ্রহ ও সরকারের নির্য্যাতন মাথায় করে নেমে পড়েন নোংরা বন্তির অলিগলিতে। এদের মধ্যে উদ্লেখযোগ্য নাম হল রেনু চক্রবর্তী, কনক দাশগুপ্ত, মণিকৃন্তলা সেন, কল্পনা দন্ত প্রেমুখ। এদের উদ্যোগে টাউন হলে অনুষ্ঠিত হয় ২০০০ বন্তিবাসী মহিলার কলকাতায় প্রথম মহিলা খাদ্য সমাবেশ। সভায় বন্তি এলাকায় অধিক সংখ্যক নিয়ন্ত্রিত দোকান চালু এবং কালোবাজার ও মজুতদারের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়ে সোমনাথ লাহিড়ী বন্তিবাসীর সংহতির ওপর জাের দেন এবং এই মর্মে একটি আরকলিপি খাদ্য দপ্তরে পেশ করা হয়। ১৯ পার্টি ও মহিলা আত্মরক্ষা সমিতির নেতৃত্বে হাওড়া ও ডোমজুড় এলাকার বস্তিবাসী মহিলারাও অনুরূপ দাবিপত্র পেশ করেন। ৩০

মার্চ মাসে কলকাতায় চালের দাম ২৬ টাকা মন। মাত্র এক সপ্তাহ আগে ছিল ১৬ টাকা এবং ঠিক এক বছর আগে ৮ টাকা মন। সারা শহরে তখন মাত্র ৫০টি নিয়ন্ত্রিত দোকান চালু করা হয়েছে যেখান থেকে শুধু ২০ হাজার মানুষের প্রয়োজন মেটানো সম্ভব ছিল। বন্ধিবাসীরাই শহরের সব থেকে বন্ধিত অংশ। তাই পার্টির নেতৃত্বে ১৭ই মার্চ ১৯৪৩ হিন্দু মুসলিম নির্বিশেষে ৫০০০ বন্ধিবাসী মহিলার এক ঐতিহাসিক খাদ্য মিছিল শহরের রাজপথ বেয়ে চলে বংগীয় ব্যবস্থাপক সভার অভিমুখে। এই মিছিলের ধ্বনি ছিল ঃ হিন্দু মুসলমান এক হো। কংগ্রেস লিগ এক হো। কায়েমী সরকার কায়েম করো। জাপানীকো রোকো। মুখ্যমন্ত্রী ফজলুল হক ব্যবস্থাপক সভার সদস্যদের উদ্দেশ্যে লিখিত এক ইংরাজি স্মারক লিপিতে উল্লেখ থাকে ঃ "There are Hindus and Mussalmans, touchables and untouchables among us. But hunger has united us all. A common and grave peril of invasion surrounds us. Only unitedly can we save ourselves. We must live to resist. We must have food to fight the enemy. United we come to you, and demand from you, representatives of all parties, that you too unite to resist the profiteers, hoarders, the government bungling, the black market and the Japs. You and We unitedly can defeat all our enemies."

সমাবেশ থেকে এক প্রতিনিধি দলের সাথে সাক্ষাৎকারে মুখ্যমন্ত্রী ফজলুল হক আবেগের সুরে বলেন, "আজ থেকে আমি মাত্র একবেলা আহার করব।" অসামরিক প্রতিরক্ষামন্ত্রী সন্তোধকুমার বসু জানান "ভারত সরকার যতক্ষণ না পর্যন্ত কিছু ব্যবস্থা করছেন অন্যপ্রদেশ থেকে আমরা কোন খাদ্য পেতে পারি না। আমাদের পক্ষে যতখানি সম্ভব করছি তবে কোন প্রতিশ্রুতি দিছি না।" মুখ্যমন্ত্রী অবশ্য সমবেত মহিলাদের জন্য ১০০ মন চাল অনুদান করেন।<sup>৩২</sup>

সরকারি নির্দেশে পরদিন কলকাতা ও দেশের অন্যান্য সংবাদপত্রে এই ঐতিহাসিক মহিলা খাদ্য সমাবেশের কোন উল্লেখ ছিল না। এমন কি ব্যবস্থাপক সভার সেদিনকার কার্য্য বিবরণীতে স্থান ছিল এই ঘটনার। তবে এই সমাবেশের সংবাদ ছড়িয়ে পড়ে শহরতলীর বিভিন্ন অঞ্চলে। টালিগঞ্জে হিন্দু-মুসলিম বস্তি অঞ্চলে। পাটির মহিলা সদস্যদের উদ্যোগে হিন্দু মুসলিম মহিলাদের নিয়ে একের পর এক বৈঠক বসে টালিগঞ্জের নয়ামহল ইমামবাড়ায়। গঠিত হয় স্থানীয় মহিলা আত্মরক্ষা সমিতি ও খাদ্য কমিটি। সংগৃহীত হয় ২০ জন মুসলিম স্বেচ্ছা-সেবিকা ও তাঁদের ওপর দায়িত্ব দেওয়া হয় টালিগঞ্জ সার্কুলার রোড, রসা রোড ও প্রিন্স আনোয়ার শাহ রোডের বস্তি অঞ্চলে নিয়ন্ত্রিত দোকানের ওপর নজর রাখা এবং খাদ্য ক্রেতাদের সাহায্য করা। তে

ত্রাণ কাব্দে সহযোগিতা ও পরিচালনার বিষয়ে পার্টি সদস্য, কর্মী ও অন্যান্য গণ সংগঠনের সভ্যদের প্রতি পার্টির নির্দ্দেশ ছিল অত্যন্ত স্পষ্ট ঃ এক, খাদ্য সমস্যা কোনোভাবে দলীয় সংঘাত সৃষ্টির জন্য ব্যবহার করা হবে না। দুই, খাদ্যপ্রব্য সরবরাহে দৃষ্ট ব্যবসায়ী ও আমলাতন্ত্রের চক্রান্ত নষ্ট করার জন্য সর্বদলীয় ঐক্য স্থাপন করতে হবে। ° তিন, শহর ও মফঃস্বলে পার্টি কর্মী ও স্বেচ্ছাসেবী সংগ্রহ ও গ্রামে ও শহরে কিশোর বাহিনী সংগঠনের ব্যাপক অভিযান চালাতে হবে যাতে খাদ্যসামগ্রী সৃষ্ঠ ও শান্তিপূর্ণভাবে নিয়ন্ত্রিত দোকানের মাধ্যমে বন্টন ও পার্টি নীতি ও কার্যক্রম জনসমক্ষে প্রচার করা যায়। ° চার, প্রত্যেক পার্টি সদস্য ও সমর্থকদের সমস্ত প্রকার মতাদর্শগত পার্থক্য ভূলে গিয়ে নিজস্ব এলাকায় ত্রাণ কাজে স্বেচ্ছাসেবী সংস্থার সাথে সহযোগিতা করা। পাঁচ, প্রত্যেক চিকিৎসক পার্টি সদস্য ও সমর্থকদের নিজস্ব এলাকায় পার্টি চিকিৎসা কেন্দ্রের সাথে যোগাযোগ রেখে বৃভূক্ষ্ণ মানুষকে বোঝাতে হবে যে খাদ্য সমস্যা সমাধানের একমাত্র উপায় সংঘবদ্ধ আন্দোলন। ° এছাড়া খাদ্য বন্টন ও দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ সম্পর্কে পার্টির নীতি হল এক, শহর ও মফঃস্বলে খাদ্য কমিটির মাধ্যমে স্থানীয় মজুত খাদ্য উদ্ধার করে সংশ্লিষ্ট এলাকার নিয়ন্ত্রিত দোকান থেকে জনসাধারণের মধ্যে বন্টন করতে হবে। তিন, কলকাতা ও অন্যান্য বড় শহরে রেশনিং ব্যবস্থা চালু করতে হবে। চার, সমস্ত দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ করে খাদ্য রপ্তানী বন্ধ করতে হবে। মজুত খাদ্য উদ্ধার অভিযানে পার্টি সুস্পইভাবে ঘোষণা করে যে এ বিষয়ে লুঠ দাঙ্গা প্রমুখ সমস্ত রকমের হিংসাত্মক পথ বর্জন করা হবে। ° °

পার্টির উদ্যোগে ত্রাণ কাজের সুষ্ঠু পরিচালনার জন্য কলকাতার মধ্যে গতি প্রায় ১০০ জনরক্ষা সমিতি অত্যন্ত দক্ষতার সাথে বাজার ও নিয়ন্ত্রিত দোকানের খাদ্য বন্টনে শান্তিশৃষ্খলা বজায় রাখতে চেষ্টা করে। এর মধ্যে প্রতিক্রিয়াশীল ফ্যাসিস্টরা শান্তি শৃষ্খলা বিনষ্টের জন্য জনসাধারণের মধ্যে গুজব রটনা করে যে খাদ্য সমস্যা সমাধানের একটাই উপায় জাপানীদের আসতে দাও, তারা আমাদের জন্য সাথে করে বার্মা চাল আনবে। আবার উদ্ধানা মূলক স্লোগান দেওয়া হয় ঃ খাদ্য পাওয়ার একমাত্র উপায় লুঠতরাজ ইত্যাদি এই সব গুজবের উত্তরে জনরক্ষা সমিতির ও পার্টির সদস্য ও সমর্থক স্বেচ্ছাসেবীদের পাল্টা স্লোগান ঃ লঠতরাজ খাদ্য প্রাপ্তির সহজ উপায় নয় তবে গুলিবিদ্ধ হয়ে মৃত্যুর সহজ পথ। সূতরাং সংঘবদ্ধ হও. সঠিক দাবিতে দৃঢ় হও, আমলাতন্ত্রকে নতি স্বীকার করতে বাধ্য কর। অন্যদিকে ব্যবসায়ীদের সতর্ক করে দেওয়া হয় এই वर्ल य यंथात সাধারণ মানুষ অনাহারে বা অর্দ্ধাহারে দিন কাটাচ্ছে সেখানে চোরাকারবারীদের মুনাফার সুযোগ করে দেওয়া একটা মারাত্মক খেলা। যদি একবার লুঠতরাজ শুরু হয় তাহলে ব্যবসায়ীরা ধনে প্রাণে বিনষ্ঠ হবে। তাদের উচিত গরীব মানুষকে কিছুটা সাহায্য করে আত্মরক্ষার ব্যবস্থা করা। <sup>৩৮</sup> এক শ্রেণীর দুর্নীতি পরায়ণ পূলিস, খাদ্য পরিদর্শক ও মজ্তদার ব্যবসাদার মদতপুষ্ট সমাজবিরোধীরাও পার্টি ও জনরক্ষা সমিতির কাজে মিথ্যা অজুহাতে ভীতি প্রদর্শন ও নানান বাধা সৃষ্টি করে। কিন্তু তা সত্ত্বেও মজুত উদ্ধর ও খাদ্যের ন্যায্য বন্টনে পার্টি ও জনরক্ষার কাজ ও প্রভাব ক্রমে ক্রমে পূর্ব কলকাতায় মুরারী পুকুর মুসলিম বস্তি, মধ্য কলকাতায় ঠনঠনিয়ায় কালী বাড়ি ও দক্ষিণ কলকাতায় মনোহর পুকুর রোড বক্তি এলাকায় বিস্তার লাভ করে এবং সমস্ত জায়গায় সাম্প্রদায়িক ঐক্য ও লীগ কংগ্রেস ও মহাসভা প্রমুখ সমস্ত দলীয় ঐক্যের সাথে সমন্বয় রেখে পার্টি ও জনরক্ষা সমিতি ও খাদ্য কমিটি সারা কলকাতায় মজত উদ্ধার ও খাদ্যের ন্যায্য বন্টনে শান্তি শৃঙ্খলা বজায় রাখে।<sup>৩৯</sup> সরকারি মজুত উদ্ধার অভিযান থেকে যখন কলকাতা ও হাওড়াকে বাদ দেওয়া হয় পার্টি তার তীব্র প্রতিবাদ জানায় এবং যাতে উভয় শহরকে এই কর্মসূচীর আওতায় আনা যায় তার জন্যে জনরক্ষা সমিতি, মহিলা আত্মরক্ষা সমিতি, ভারতের ছাত্র ফেডারেশন ও ট্রেড ইউনিয়ন প্রমুখ গণসংগঠনের মাধ্যমে জুন মাসে ৬ দিন ব্যাপী প্রচার অভিযান চলে। ৬০টি প্রচার স্কোয়াড এই ছ'দিনে উভয় শহরের সমস্ত এলাকায় ১০ হাজার প্রচারপত্র ও ২ হাজার সচিত্র পোষ্টার বিলি করে কলকাতা ও হাওড়ায় মজুত অভিযান ও রেশনিং ব্যবস্থা চালু করার পক্ষে জনমত সংগঠিত করে।8°

১৯৪৩ সালে দুর্ভিক্ষে নিয়ন্ত্রিত দোকানে শান্তি ও শৃঙ্খলা রক্ষায় কিশোর বাহিনীর অবদান উদ্লেখযোগ্য। ২৩শে এপ্রিল ১৯৪৩ সালে কলকাতায় ইণ্ডিয়ান এসোসিয়েশন হলে ৩০০ কিশোর কিশোরীর উপস্থিতিতে প্রতিষ্ঠিত হয় এই কিশোর বাহিনী। কবি সুকান্তর দরদী কিশোর কবিতায় এই বাহিনীর আদর্শ তুলে কি হয় যা হল শিক্ষা, স্বাস্থ্য, জনসেবা ও স্বাধীনতা। জনসেবার কর্মসূচী : "পাড়ায় লোকদের সাহায্যের জন্য চালের লাইনে ভলান্টারী করা, ঐ ধরনের অন্য সমাজ সেবা করা, ছাত্রদের সভা সমিতি ও অন্যান্য জনহিতকর কার্য্য অনুষ্ঠানে সাহায্য করা...।" আগস্ট মাসের মধ্যে সারা বাংলায় ৯০০০ সদস্য বিশিষ্ট ৩০০টি কিশোর বাহিনী দল গড়ে ওঠে। এর মধ্যে শুধু কলকাতায় ১৫০টি দল কাজ করে। শুধু চালের লাইনে ভলান্টারী করা নয়, পাড়ার অত্যন্ত দুংস্থ অভাবগ্রন্ত মানুবের অতিরিক্ত সাহায্যের জন্য দ্বারে দ্বারে মৃষ্টি ভিক্ষার সংগৃহীত খাদ্য সামগ্রী স্থানীয় জনরক্ষা কমিটির ভাণ্ডারে মজুত করার কাজও করেছে। "

১৯৪৩ সালের এপ্রিল মাসে হক মন্ত্রিসভাকে খারিজ করে খাজা নাজিমুদ্দীন-এর নেতৃত্বে লীগ মন্ত্রিসভার পন্তনে যে রাজনৈতিক অন্থিরতার সৃষ্টি হল তাতে দুর্ভিক্ষ ও খাদ্য সংকট থেকে লীগ বনাম বিরোধী শক্তি জোট (কংগ্রেস, হিন্দু মহাসভা ও কৃষক প্রজা পার্টি) বৃটিশ ভারত সরকারের কাছে প্রাধান্য লাভ করল। খাদ্য ও রাজনৈতিক উভয় সংকটের মোকাবিলায় ২৩শে এপ্রিল ভারতের কমিউনিষ্ট পার্টির উদ্যোগে ইউনিভার্সিটি ইনস্টিটিউট হলে একটি খাদ্য সম্মেলন আহত হয়। কমরেড বন্ধিম মুখার্জির সভাপতিত্বে এই সম্মেলনে যোগ দেন চা, পাট, ট্রাম, বিদ্যুৎ, কলকাতা কর্পোরেশন, বিড়ি ইউনিয়ন প্রমুখ ১২টি শ্রমিক সংগঠনের ১৫০০ প্রতিনিধি। খাদ্য সমস্যা সমাধানে কমরেড রনেন সেন বাংলায় একটি সর্বদলীয় মন্ত্রিসভা গঠনের ওপর জোর দেন। এবং সেই মর্মে দাবি সনদ পেশ করেন কমরেড ইসমাইল এবং তা সম্মেলনে গৃহীত হয়। ৪৩ ইে মে কলকাতায় অনুষ্ঠিত কমরেড মৃনালকান্তি বোসের সভাপতিত্বে বঙ্গীয় ট্রেড ইউনিয়ন কংগ্রেসের সাধারণ পরিষদের সভায় কমরেড ইসমাইল, জ্যোতি বসু, নরেন সেন, মনিবিষ্ণু চৌধুরী, ক্ষিতি বর্মন ও সুর্ধেন্দু প্রামানিক প্রমুখ নেতৃবর্গ কালোবাজারী, ব্যবসায়ী ও মজুতদারদের দৃষ্ট চক্রান্তের ধিক্কার জানিয়ে ন্যায্য মূল্যে নিয়ন্ত্রিত দোকান থেকে খাদ্য সরবরাহের দাবি করেন। ৪৪ ঠিক তার দুদিন পরেই মহিলা আত্মরক্কা সমিতি ও সর্বভারতীয় মহিলা পরিষদের যৌথ সম্মেলনে অনুরূপ দাবির প্রতি জোর দেওয়া হয়। বাংলার ২২টি জেলা থেকে ১১২ জন মহিলা প্রতিনিধি এই সম্মেলনে যোগ দেন, নেতৃত্ব দিয়েছিলেন পার্টি মহিলা সদস্য, কমঃ রেণু রায়, কনক দাসগুপ্ত, মণিকুক্তলা সেন, বেলা, উষা, আশা এবং সভানেত্রীর আসন গ্রহণ করেন কংগ্রেস নেত্রী মোহিনী দেবী ও শ্রীমতী ইন্দিরা দেবী। এন্টালি এলাকার বন্তিবাসী মহিলা ও বৈঠক খানার মহিলা বিড়ি শ্রমিকগণ এই সম্মেলনে যোগ দেন। বেণ

কলকাতার পর ভারতের কমিউনিষ্ট পার্টির নেতৃত্বে বাংলার যে দৃটি অঞ্চলে খাদ্য আন্দোলন গণ আন্দোলনের রূপ গ্রহণ করে তা হল ঢাকা ও চট্টগ্রাম জেলা। এর মধ্যে ঢাকা জেলায় জন বিরোধী ফ্যাসিষ্ট শক্তির গোপন অন্তর্ঘাতী কার্য্যকলাপ জনসাধারণের মধ্যে সন্ত্রাস ও বিভ্রান্তির সৃষ্টি করে। দুর্ভিক্ষের প্রকোপে এই জেলার মৃদীগঞ্জ মহকুমার ৬৮টির মধ্যে ৩২টি ইউনিয়ন থেকে পাঁচটি কৃষক সভা, ৪টি জনরক্ষা সমিতি ও ৩টি মহিলা আত্মরক্ষা সমিতি ও ভারতের কমিউনিষ্ট পার্টির সমবেত ডাকে প্রথম খাদ্য সমাবেশ অনুষ্ঠিত হয় ১৩ই ফেব্রুয়ারী ১৯৪৩। জনরক্ষা সমিতির তত্ত্বাবধানে নিয়ন্ত্রিত মূল্যে খাদ্য সরবরাহের দাবি জানিয়ে মহকুমা শাসকের কাছে এক দাবিপত্র পেশ করা হয়। পরবর্তী খাদ্য সভা অনুষ্ঠিত হয় ২১ ফেব্রুয়ারী ঢাকা বার ক্লাব প্রাঙ্গনে, জেলার সমস্ত অঞ্চল থেকে ১০৬ জন প্রতিনিধির উপস্থিতিতে সিদ্ধান্ত হয়, এক ঃ চাল, আটা চিনি কেরোসিন ও কয়লার দাম কমাতে হবে, দুই ঃ অধিক খাদ্য ফলাও অভিযান সফল করার জন্য ভাগ চাষীদের হাতে পতিত জমি, বীজ ও কৃষি ঋণ দিতে হবে। তিন ঃ জেলার ম্যাজিষ্ট্রেটের সংগে সাক্ষাৎ করে দাবিপত্র পেশ করতে হবে ; চার ঃ ২৭শে ফেব্রুয়ারী থেকে জেলাব্যাপী জনরক্ষা সপ্তাহ পালন করা হবে ; পাঁচ ঃ ধান ও চাল, যথাক্রমে ৫ ও ৮ টাকা মন দরে সরবরাহ করতে হবে ; ছয় ঃ ১৪ মার্চ জেলা, জনরক্ষা সম্বোলন অনুষ্ঠিত হবে, সাত ঃ গান্ধীজিকে মৃক্তি দিতে হবে।

জুনমাসের প্রথমে পার্টি ও জেলা জনরক্ষা সমিতির উদ্যোগে ১ হাজার মুসলিম মহিলা সহ ১০ হাজার প্রতিনিধির উপস্থিতিতে ঢাকায় এক বৃহৎ খাদ্য সমাবেশ অনুষ্ঠিত হয়। এর প্রাথমিক সাফল্য হল খাদ্যের দাবিতে কংগ্রেস, লীগ, মহাসভা সদস্যদের কমিউনিন্ট পার্টি ও কৃষক সভার সাথে একই মঞ্চে সামিল করা। সমগ্র জেলায় তখন খাদ্য দ্রব্য অগ্নিমূল্য। শহরে চালের দাম ৩১ টাকা মন। প্রামাঞ্চলে ৩৫ থেকে ৩৭ টাকা। বাংলা সরকারের উদ্দেশ্যে এই সম্মেলন সতর্কবানী করে—যদি অবিলম্বে মজুতদার ও কালোবাজারের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা না হয় তাহলে সমগ্র জেলায় দাঙ্গা ও লুঠতরাজ অনিবার্যা। সম্মেলনে মূল পাঁচটি সিদ্ধান্ত নেওয়া হয়, একঃ নারায়নগঞ্জ মহাজন সভা ও জেলায় অন্যান্য ব্যবসায়ী সমিতির প্রতিনিধি দ্বারা একটি কেন্দ্রীয় কমিটি গঠিত হবে যারা খাদ্যদ্রব্যের নিয়ন্ত্রিত মূল্যের সুপারিশ করবে; দুইঃ ঢাকা শহর ও জেলায় আমদানী সমস্ত খাদ্যদ্রব্যের হিসাব রাখবে কেন্দ্রীয় কমিটি; তিনঃ জনরক্ষা সমিতি ও নারায়ণগঞ্জ মহাজন সভার প্রতিনিধি দ্বারা গঠিত অপর একটি কমিটি চূড়ান্তভাবে খাদ্য মূল্য নির্ধারন করবে; চারঃ অধিক ফসল ফলাও অভিযানের ওপর জোর দেওয়া হবে। পাঁচঃ জেলার সমস্ত অঞ্চলে রেশনিং ব্যবস্থা চালু করতে হবে। এই সম্মেলনের তাৎক্ষণিক ফল সমগ্র জেলায় মোট ২৮টি নিয়ন্ত্রিত মূল্যের দোকানের উদ্বোধন এবং তাদের মাধ্যমে অন্ততঃ সাময়িক ভাবে ১৬ টাকা মন দরে চাল বিক্রয়ের ব্যবস্থা হয়। ৪৭

খাদ্য সংকট সব থেকে চরমে ওঠে জাপ বোমা বিদ্ধন্ত চট্টগ্রাম জেলায়। এই জেলার মোট ২১ লক্ষ মানুষের (১৯৪১ জনগননা অনুসারে) মাত্র ১০ শতাংশ সংগতিপন্ন। দুর্ভিক্ষের সময় ৬৩ শতাংশ মানুষ অর্জাহারে ও মহামারীর সাথে লড়াই করেছে এবং ৩০ শতাংশ মৃত্যুর মুখোমুখি। খাদ্য উৎপাদনে ঘাটতি এই জেলার খাদ্য সরবরাহ বার্মা থেকে আমদানীর ওপর নির্ভরশীল। ফলে ১৯৪২ সালে জাপান বার্মা দখলের পর সমস্ত আমদানী বন্ধ হয় এবং চট্টগ্রামে চালের দাম উর্জগতি হতে থাকে। ১৯৪১ এর ডিসেম্বর থেকে অক্টোবর ১৯৪৩ এর মধ্যে চট্টগ্রামে চালের মূল্যগতি নিম্নরূপ।

সারণি ৪<sup>৪৮</sup> চট্টগ্রামের চালের মলাগড়ি

	চটনাসের চালের স্বাগাত
সময়	মন প্রতি মৃল্য
ডিসেম্বর ৪১	৩ টাকা ৮ আনা
ফেব্রন্মারি ৪২	৬ টাকা ০ আনা
মে ৪২	৮ টাকা ৬ আনা
আগস্ট ৪২	১০ টাকা ০ আনা
অ <b>ক্টো</b> বর ৪২	১২ টাকা ০ আনা
ডিসেম্বর ৪২	১৮ টাকা ০ আনা
মাৰ্চ ৪৩	৩৫ টাকা ০ আনা
জুন ৪৩	৪০ টাকা ০ আনা
অক্টোবর ৪৩	৮০ টাকা ০ আনা

৪২ সালে জাপান বার্মা দখলের পর থেকে ঢাকার মতো চট্টগ্রামেও প্রতিক্রিয়াশীল ফ্যাসিষ্ট গুপ্তচরগণ এই চরম খাদ্য সংকটের মধ্যে বিদ্রান্তিকর গুজব রটনা করে—"সুভাষ চন্দ্র বসু বার্মা থেকে ঢাল নিয়ে আসছেন চট্টগ্রামে।"

একে নিদারুণ খাদ্য সংকট জনিত মানুষের দুর্দ্দশা তদুপরি বিভ্রান্তিকর জন বিরোধী রাজনৈতিক অপপ্রচারের প্রতি পার্টি প্রথম থেকেই সজাগ ছিল।<sup>৪৯</sup> ফেব্রুয়ারীতে (১৯৪৩) ভারতের কমিউনিষ্ট পার্টির ডাকে কংগ্রেস, লীগ, মহাসভা, জেলা শাসক, এ. আর. পি কর্মীদের উপস্থিতিতে চট্টগ্রাম শহরে এক সভায় একটি কেন্দ্রীয় খাদ্য কমিটি গঠিত হয়। ব্যারিস্টার এস এল খান্তগীর ও খান বাহাদুর আবদুস সান্তার যুগ্ম সভাপতি ও চট্টগ্রাম ভারত সোভিয়েট মৈত্রী সংঘের নেতা শ্রীমজুমদার ও এম. এ. হাসেনের দ্বারা গঠিত এই কমিটি শহরের পাঁচটি পৌর এলাকায় প্রত্যেকটিতে একটি করে ত্রাণ সামগ্রী ভাণ্ডার খোলার সিদ্ধান্ত করে। শহরে মাসিক অনুর্দ্ধ ৩৫ টাকা আয় বিশিষ্ট প্রত্যেক পরিবারকে রেশন কার্ডের মাধ্যমে ত্রাণ ভাণ্ডার থেকে চাল সরবরাহের ব্যবস্থা করা হয়। <sup>৫০</sup> তবে এই সীমিত ব্যবস্থা শহরের মধ্যেই আবদ্ধ ছিল। জেলার গ্রামাঞ্চলের মানুষ তখনও নিয়ন্ত্রিত দোকানের সুবিধা থেকে বঞ্চিত। মার্চ থেকে জুনের মধ্যে খাদ্যাভাব, অনাহার ও মহামারী জনিত মৃত্যু বাড়তে থাকে। জুলাই থেকে পার্টি, জনরক্ষা সমিতি ও অসংখ্য স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের সাহায্যে ত্রাণ ব্যবস্থা সম্প্রসারিত হয়। জুলাই মাসের প্রথমে চট্টগ্রাম জেলায় মোট ৪০০টি ত্রাণ কেন্দ্র খোলা হয় এবং সেখান থেকে মাসে ৮০০০ মন চাল রান্না করে দুর্গত মানুষের মধ্যে বিতরণের ব্যবস্থা হয়।<sup>৫১</sup> সেপ্টেম্বর থেকে ত্রাণ ব্যবস্থায় সরকারি সাহায্য বৃদ্ধি পায় এবং নভেম্বর মাসে অবস্থা কিছুটা আয়ত্বে আসে। সারা জেলায় ১০০টি অনুমোদিত দোকানের মাধ্যমে ২১,৫৮৫ জনকে রেশনিং ব্যবস্থার আওতায় আনা হয়। ত্রাণ হাসাপাতাল স্থাপন করা ব্যতীত হিন্দু মুসলমান অনাথ শিশুদের জন্য দুটি পৃথক অনাথ আশ্রম খোলা হয়।<sup>৫২</sup> কমিউনিষ্ট পার্টির সাধারণ সম্পাদক কমরেড যোশী যিনি এই সময় চট্টগ্রাম সফর করেছিলেন, তাঁর হিসাবে অক্টোবরের আগেই চট্টগ্রামে অনাহার ও মহামারী জনিত মৃত্যুর সংখ্যা ৫০ হাজার থেকে এক লক।

চট্টগ্রামে পার্টি ও জনরক্ষা ও মহিলা আত্মরক্ষা সমিতির কাজ নিরবিচ্ছিন্ন ধারায় চলে নি। ছাত্র নেতা কমেরড বিশ্বনাথ মুখার্জী ও কমরেড পি যোশীর চট্টগ্রামে অবস্থান ও গতিবিধির ওপর এবং অন্যান্য কর্মীদের ওপর সরকারি নিষেধাজ্ঞা আন্দোলনের বাধা সৃষ্টি করে।

আগস্ট থেকে ডিসেম্বরের শেষ পর্যন্ত বাংলার দুর্ভিক্ষের প্রায় সমস্ত চাপ পড়ে কলকাতায়। চবিশ পরগণা হাওড়া হুগলী

থেকে প্রায় দেড় লক্ষ্যাধিক বুভূক্ষ মানুষ খাদ্যাশ্বেষে কলকাতার রাস্তায় নেমে পড়ে। অন্যদিকে উপরোক্ত জেলাগুলি সহ চট্টগ্রাম বর্দ্ধমান ও মেদিনীপুর জেলায় ম্যালেরিয়া বসন্ত আমাশয় প্রমুখ মহামারীতে প্রায় এক কোটি মানুষ মৃত্যুর সাথে লড়াই শুরু করে। এই অন্তিম মুহূর্তে পার্টির ত্রান নীতি ও কর্মসূচী অপরিবর্তিত থাকে তবে পার্টির ত্রান বিভাগে অর্থাৎ People's Relief Committee-র ওপর প্রচণ্ড চাপ সৃষ্টি হয়। ত্রাণ সামগ্রী বিশেষ করে ওষুধ পথ্যের অভাবে অবস্থা আয়ত্বের বাইরে চলে যায়। সেপ্টেম্বর থেকে ডিসেম্বর পর্যন্ত কলকাতার রাজপথে হাজারো মৃত্যুর নীরব বিক্ষিপ্ত মিছিল মানব সভ্যতার এক কলংকময় অধ্যায়।<sup>৫৩</sup> যার জন্য দাবি লীগ বনাম কংগ্রেস-মহাসভা-কৃষকপ্রজা পাটি—বনাম বৃটিশ আমলাতন্ত্র ও ব্যবসায়ীদের চক্রান্তমূলক শক্তি প্রতিযোগিতা। লীগের বিরোধিতায় কংগ্রেস-মহাসভা ও কৃষক প্রজা শক্তিজোট চায় কমিউনিষ্ট পার্টি তাদের সাহায্য করুক। অথচ অন্যদিকে পার্টির নীতি অনুযায়ী সর্বদলীয় সরকার গঠনের মাধ্যমে কালোবাজার দমন, মজুত উদ্ধারে কঠোর ব্যবস্থা গ্রহণ ও জন কল্যাণকামী খাদ্য ও ত্রাণ নীতি নির্দ্ধারণে কংগ্রেস-মহাসভা-কৃষক প্রজা পার্টির শক্তি জোট কার্য্যতঃ বিরোধী।<sup>৫৪</sup> এই জটিল রাজনৈতিক পরিস্থিতিতে নতুন দুটি বিপদ দেখা গেল লর্ড ওয়াভেল কার্য্যভার গ্রহণ করার পর। এক ঃ কলকাতার রাস্তা থেকে দুঃস্থ মানুষকে বলপূর্বক শহর থেকে দূরে সরিয়ে দেওয়ার জন্য ২৮শে অক্টোবর বংগীয় সরকার একটি অর্ডিন্যান্স জারি করে। দুই : দুর্ভিক্ষ মোকাবিলায় ১৯৩৫ সালের ভারত শাসন আইনের ৯৩ নং ধারা অনুসারে বংগীয় সরকারকে ভেঙে কেন্দ্রীয় শাসন কায়েম করার চিস্তা ভাবনা।<sup>৫৫</sup> প্রথম সিদ্ধান্ত যা নির্মম ও অমানবিক। কারণ দুঃস্থ মানুষের পূনর্বাসনের ব্যবস্থা না করে শহর থেকে দূরে সরিয়ে দেওয়ার অর্থ ব্যাপক মৃত্যুকে আড়াল করা। দ্বিতীয়টি একটি মারাত্মক অগণতান্ত্রিক প্রস্তাব যা সংশ্লিষ্ট শাসন তন্ত্রের মূল আদর্শের বিরোধী। এই দুই পদক্ষেপের বিরুদ্ধে পাটি কর্মসূচী গ্রহণ করে। দুঃস্থ মানুষকে যাতে বলপূর্বক কলকাতা থেকে সরিয়ে দেওয়া না হয় তার জন্য সমস্ত পার্টি সদস্য, জনরক্ষা সমিতির সদস্য ও স্বেচ্ছাসেবীরা রাস্তায় নেমে পড়ে। সমগ্র শহরকে ৬টি অঞ্চলে ভাগ করে ১০জন করে প্রত্যেক অঞ্চলে মোট ৬০ জন সর্বক্ষণ পার্টি সদস্যর ওপর দায়িত্ব দেওয়া হল। তাদের কাজ জনরক্ষা সমিতি ও অন্যান্য স্বেচ্ছাসেবীদের সাহায্যে দুস্থ মানুষের সাথে কথা বলে বুঝিয়ে স্বগ্রাম বা স্বগৃহে পাঠানোর ব্যবস্থা করা।<sup>৫৬</sup> এই কাজে দেখা গেছে দুঃস্থ মানুষের প্রায় ৭৯ শতাংশ ২৪ পরগণার অধিবাসী, দিনমজুর, ভূমিহীন কৃষক বা প্রান্তিক চাষী। এবিষয়ে পার্টির বক্তব্য হল ঃ গ্রামাঞ্চলে ত্রান কাজের অপ্রতুল ব্যবস্থা থাকায় তারা কলকাতায় আসতে বাধ্য হয়েছে। সূতরাং পূণর্বাসন ব্যবস্থা যাতে সার্থক হয় তার জন্য গ্রামাঞ্চলে অধিক সংখ্যায় সরকারি ত্রাণ শিবির খোলার দাবি জানানো হয়।<sup>৫৭</sup> অবশ্য ওয়াভেলের লীগ সরকারকে বাতিল করার প্রস্তাব বৃটেনের যুদ্ধকালীন মন্ত্রিসভা নাকচ করে। ১৯৪৩ ডিসেম্বর ও ৪৪-এর জানুয়ারী মাসে ও পার্টি কলকাতা ও অন্যান্য শহরে রেশনিং ব্যবস্থা ও গ্রামাঞ্চলে

১৯৪৩ ডিসেম্বর ও ৪৪-এর জানুয়ারী মাসে ও পার্টি কলকাতা ও অন্যান্য শহরে রেশনিং ব্যবস্থা ও গ্রামাঞ্চলে দুর্গত মানুষের পুনর্বাসনের জন্য সরকারি ত্রান কাজ চালু রাখার দাবি জানায়। বিদ্বাধী ও জনসাধারণের চাপে সরকার ১৯৪৪ সালের জানুয়ারী মাসের মধ্যে কলকাতা ও হাওড়ায় রেশনিং ব্যবস্থা চালু করার সিদ্ধান্ত গ্রহণ করে।

অন্যান্য দুর্ভিক্ষের মত ৪৩-এর দুর্ভিক্ষের পর অনাথ শিশু ও আত্মীয় পরিজনহীন অসহায় মহিলাদের ভরণ-পোষণ, আশ্রয়ের সমস্যা দেখা দেয়। দুর্ভিক্ষের সময় পুরুষ থেকে মহিলারা যে বেশী নির্যাতন ভোগ করে ইলা সেনের বর্ণনায় এবং চিত্রকর জয়নাল আবেদিন-এর ছবিতে তা মূর্ত্ত হয়ে হঠে। ইপ মহিলা আত্মরক্ষা সমিতি এবিষয়ে জনমত গঠন ও সরকারের দৃষ্টি আকর্ষণ করে। ২৭শে মার্চ ১৯৪৪ কলকাতায় অনুষ্ঠিত মহিলা আত্মরক্ষা সমিতির বার্ষিক অধিবেশনে গৃহীত এক প্রস্তাবে কলকাতা বিভিন্ন এলাকায় অনাথ শিশু ও মহিলাদের আশ্রম ও কর্মকেন্দ্র গড়ে তোলার সিদ্ধান্ত হয়। উপ অতঃপর ডাঃ বিধানচন্দ্র রায়ের পৃষ্ঠ পোষকতায় মহিলা সমিতির এই প্রয়াস বাংলার বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে পড়ে এবং অনেক বেসরকারি কল্যাণমূলক সংস্থাও সাহায্যের হাত বাড়িয়ে দেয়। ১৯৪৪ সালের ফেব্রুয়ারী থেকে কলকাতা ও হাওড়ায় রেশানিং ব্যবস্থা চালু হলেও পরিমিত খাদ্য সামগ্রীর যোগানে সমস্যা দেখা দেয়। তাছাড়া মে মাসের (১৯৪৪) মধ্যে ২০৮৩ জন দুস্থ ব্যতীত কলকাতার রাস্তা থেকে সমস্ত দুঃস্থ মানুষকে স্বগ্রামে স্থানান্তরিত করা হয় বটে কিন্তু জুলাই মাসে কলকাতার ব্রান শিবিরে দুস্থের সংখ্যা দাঁড়ায় ২৫২৮ জন। এই অবস্থা প্রতিকারে পার্টি গ্রাম অঞ্চলে সরকারি ত্রান কাজ অব্যাহত রাখার দাবি জানায়। উ

গোটা ১৯৪৪-৪৫ সালে বন্ধ্র সংকটও প্রকট হয়। এই সংকটের সুরু ১৯৪২-৪৩ সাল থেকে কিন্তু খাদ্য সংকটের

প্রকোপে ১৯৪৩ সালে বস্ত্র সংকট তেমন শুরুত্ব পায় নি। বস্ত্র সংকটের ব্যাপারেও পার্টি সঠিক তথ্যের মূল্যায়ন ও বিশ্লেষণ করে দেখায় যে ১৯৩৯ থেকে ১৯৪৩-৪৪ সালের মধ্যে ভারতে উৎপাদিত মোট সুতি বস্ত্রের ৬ থেকে ৭ শতাংশ সামরিক খাতে ব্যয় হয় বাকী ৮৩ থেকে ৯৪ শতাংশ অসামরিক খাতে বণ্টিত হয়েছে। অথচ ১৯৩৯ সালকে ভিত্তি বর্ষ ধরে ১৯৪১ থেকে ১৯৪৩ সালে সৃতী বস্ত্রের মূল্যসূচী নিম্নরূপ। ৬২

জून ৪১	>80
জানুয়ারী ৪২	>%0
<b>जून</b> 8२	২১২
জানুয়ারী ৪৩	874
জুন ৪৩	ese

১৯৪৩-৪৪ সালে অসামরিক খাতে ভারতে মোট ৫৮৫.৫ কোটি গজ কাপড় সরবরাহ করা হয় যা সাধারণ সময়ে মোট উৎপাদনের ৯৬ শতাংশ। অথচ ১৯৩৯ থেকে ১৯৪৩ সালের মধ্যে কাপড়ের দাম বেড়েছে ৫০০ শতাংশ। কমিউনিষ্ট পার্টির বক্তব্য হল এই অস্বাভাবিক মূল্য বৃদ্ধি কৃত্রিম। খাদ্য শস্যের মত এখানেও ব্যবসায়ী ও আমলাতন্ত্রের চক্রান্তে অবস্থার সুযোগ নেওয়া হয়েছে। ৪৩ সালে খাদ্য দ্রব্যের সাথে যখন সৃতী বস্ত্রের দাম বাড়তে থাকে ভারতের কমিউনিষ্ট পার্টি সহ অন্যান্য বিরোধী রাজনৈতিক দলের চাপে ভারত সরকার Cotton Textile Ordinance জারি করে কাপড়ের দাম বেধি দেয়। উদ্দেশ্য কাপড়ে মুজতদারী কালোবাজারী ব্যবসা বন্ধ করা। All India Cotton Textile Advisory Committee গঠিত হয়। তবে কাপড় বিক্রির দায়িছ দেওয়া হয় মাড়োয়ারী চেম্বারস অব কমার্সের সদস্যভূক্ত বন্ধ ব্যবসায়ীদের তার ফলে দেখা যায় বন্ধ বন্টন ব্যবস্থার উদ্দেশ্য ব্যর্থ হয়েছে। সরকারি লাইসেন্স প্রাপ্ত ব্যবসায়ীগণ নিয়ন্ত্রিত মূল্যে বন্ধ কিনে মজুত করে পরে গোপনে চড়া দামে বিক্রি করে বিপুল মুনাফা করেছে।

১৯৪৫ সালে দুর্ভিক্ষে তদন্ত কমিশনের প্রতিবেদন প্রকাশ হয়। কমিশন সুষম খাদ্য বন্টনের নানা সুপারিশ করে। কিন্তু ১৯৪৬ সালেও সুপারিশগুলি বাস্তবায়িত করা হয় নি। তার প্রতিবাদ ও প্রতিকারে সোচ্চার হয় ভারতের কমিউনিষ্ট পার্টি। বঙ্গীয় ব্যবস্থাপক সভার পার্টির তিন বিধায়ক কমঃ জ্যোতি বসু, রতনলাল ব্রাহ্মণ ও রূপনারায়ণ রায় সুষ্ঠু খাদ্য বন্টনের বিভিন্ন সমস্যা ও দাবি সমেত সরকারের কাছে এক স্মারক লিপি পেশ করে বাংলার খাদ্য সমস্যা সমাধানে পার্টির নিরবিচ্ছিন্ন সংগ্রামের ঐতিহ্য রচনা করেন। ৬৪

তেতাল্লিশের দুর্ভিক্ষে ভারতের কমিউনিষ্ট পার্টির গৌরবময় ভূমিকা শুধু বাংলায় ভবিষ্যৎ খাদ্য আন্দোলনের ঐতিহ্য সৃষ্টি করে নি, জন্ম দিয়েছে এক নতুন প্রগতিশীল সাংস্কৃতিক চেতনা যা সামন্ততান্ত্রিক ও ঔপনিবেশিক অপসংস্কৃতির বাঁধ ভেঙে সমাজমুখী এক বলিষ্ঠ জীবনবোধে মানুষকে উদ্বৃদ্ধ করেছে। মহামারী ও দুর্ভিক্ষ প্রপীড়িত দুঃস্থ মানুষদের বাঁচিয়ে নতুন এক সমাজ গড়ার একান্ত আবেদন নিয়ে এই সাংস্কৃতিক চেতনা নিজেকে বিকশিত করেছে মানুষের কাছে জবানবন্দী, নবজ্জীবনের গান, নবান্ন ও মধুবংশীর গলির অনবদ্য অভিব্যক্তিতে। এদেরই সহযোগী ভারতের গণনাট্য সংঘ যার প্রভাব ও প্রেরণা আজও এগিয়ে চলেছে।

#### টিকা

- (5) Sen, Amartya, Poverty and Famines: An Essay on Entitlement and Deprivation, Delhi 1982, p. 52.
- (3) Report of the Food Grain Policy Committee (Gregory Committee), Simla 1943.
- (9) Bhatia, B. M., Famines in India, New Delhi 1963, pp. 321-2.
- (৪) Amrita Bazar Patrika (এর পর থেকে ABP) (Calcutta) 16 May 1943.
- (৫) সেন, ভবানী, মৃত্যু ও মহামারীর জন্যে, খাদ্যের জন্য লড়ো, কলকাতা ১৯৪৩।
- (b) Report of the Famine Enquiry Commission, Bengal, 1954, Appx. II, pp.211-5.
- (9) Sen, A., op. cit.
- (b) Bandyopadhyay, P., Indian Famines and Agrarian Problems, Calcutta, 1986, pp. 11-91.
- (a) Sir Azizul Haq, Evidence before the Famine Enquiry Commission, 1945, Vol. II, pp. 426-38.

- (50) Report of the Food Grain Policy Committee, p. 95.
- (>>) Sen. A., op. cit., p. 54.
- (১২) The Statesman (Calcutta), 22, 28, 29 August, 19 September 1943.
- (50) ABP, 24 August 1943; The Statesman 16 September 1943.
- (>8) The Times (London), 20 September 1943; The Daily Express (London), 29 September 1943; Hansand, House of Commons Debates, 12, 14, 20 October 1943; The New Statesman (London) 20 November 1943.
- (54) Bhatia, op. cit., p. 332.
- (5%) Aykroyed, W. R., The Conquest of Famines, London 1974, p. 77.
- (১৭) আগস্ট থেকে ডিসেম্বর ১৯৪৩ এর Statesman ও ABP থেকে সংকলিত।
- (১৮) The Statesman (Calcutta) 1 and 6 January 1944.
- (১৯) Memo. of The CPI, The Famine Enquiry Commission, Bengal, 1945, Evidence, Vol. I.
- (20) The Times (London) 15 and 19 November 1943.
- (২১) পাটিচিঠি, ১০/৪৩, ১ মে ১৯৪৩ ; মুখোপাধ্যায়, সরোজ, *ভারতের কমিউনিষ্ট পার্টি ও আমরা*, ২য় খণ্ড, কলকাতা ১৯৮৬, পৃঃ ২৬।
- (২২) মুখোপাধ্যায়, সরোজ, পূর্বে উল্লেখিত, পৃঃ ২৭-৩১; মুখোপাধ্যায়, কনক, "নারীমুক্তি আন্দোলন ও আমরা", *একসাথে*।
- (২৩) *জনযুদ্ধ*, ১লা মে ১৯৪২।
- (২৪) Peoples War (এর পর থেকে PW) 20 December 1942; বসু, জ্যোতি, জনগণের সংগে, কলকাতা ১৯৮৬, পৃঃ ২৪।
- (3¢) PW, 20 December 1942.
- (২৬) PW, 10 January 1943.
- (২9) ABP, 11 January 1943.
- (২৮) ABP, 25 January 1943.
- (২৯) PW, 14 February 1943.
- (90) PW, 7 March 1943.
- (05) PW, 4 April 1943.
- (৩২) PW, 4 April 1943.
- (৩৩) PW, 18 April 1943.
- (৩৪) সম্পাদকের নির্দেশ পত্র, ভারতের কমিউনিষ্ট পার্টি বঙ্গীয় প্রাদেশিক কমিটি ১৫ মার্চ ১৯৪৩ ; পার্টি চিঠি, ৯/৪৩, ২০ এপ্রিল ১৯৪৩।
- (৩৫) পার্টি চিঠি. ১০/৪৩. ১ মে ১৯৪৩।
- (৩৬) *পার্টি চিঠি*, ১৬/৪৩, ২৪ জ্বাই ১৯৪৩।
- (৩৭) সেন, ভবানী, খাদ্য সংকটে আমাদের কর্ত্তব্য, পার্টি চিঠি, ১৫/৪৩, ২ জুলাই ১৯৪৩।
- (9b) PW, 11 April 1943.
- (৩৯) PW, 16 May, 1943.
- (80) PW, 11 July, 1943.
- (৪১) মুখোপাধ্যায়, সরোজ, পূর্বো উল্লেখিত; পু ৬৯, আরও দুষ্টব্য, PW, 9. May, 1943.
- (82) PW, 1 August, 1943.
- (80) PW, 16 May, 1943.
- (88) ABP, 28 May, 1943.
- (8¢) PW, 23 May, 1943.
- (86) PW, 7 March, 1943.
- (89) PW, 13 June, 1943.

- (8b) Joshi, P.C., "Chittagong: The Front Line District," PW, 21 November, 1943; The Statesman, 7 October 1943.
- (8%) PW, 8 November 1943.
- (@o) PW, 21 March, 1943.
- (45) PW, 18 July, 1943.
- (@4) The Statesman, 23 November 1943.
- (49) Lahiri, Somnath, "Que of Death in Calcutta." PW, 5 September 1943.
- (৫৪) PW. 19 September 1943; লাহিড়ী, সোমনাথ, মন্ত্রীত্বের সংকট, কলকাতা ১৯৪৩-৪৪।
- (44) Telegram, Wavell to Amery, 6 January 1955, Transfer of Power, Vol.IV, pp. 600-03.
- (46) Gupta, Bhupes, "The Story of Calcutta's Destitutes", PW, 28 November, 1943.
- (৫৭) जनगृष्क, ১৪ জুন, ১২ জুলাই, ২ আগস্ট ১৯৪৪।
- (&b) The Statesman, 9 January, 1944.
- (&a) Sen, Ila, Women and Famine in Darkening Days (With drawings by Zainal Abedin), Calcutta, 1944.
- (60) The Statesman, 28 March, 20 September, 29 September, 1944.
- (৬১) জনযুদ্ধ, ১ মে, ২ আগস্ট, ১৯৪৪।
- (৬২) লাহিডী, সোমনাথ, কাপড চাই, কলকাতা ১৯৪৩-৪৪, পঃ ৭।
- (৬৩) ঐ।
- (৬৪) বসু, জ্যোতি; ব্রাহ্মণ, রতনলাল; রায়, রূপনারায়ণ, *আবাব আকাল*, কলকাতা ১৯৪৬ (এন বি এ থেকে প্রকাশিত ইংরাজী স্মারক লিপির বাংলা অনুবাদ)।

কৃতজ্ঞতা স্বীকার : কমঃ সমীর দাসগুপ্ত, কমঃ সর্বানন্দ দে, কমঃ ধীরেন ঘোষ, কমঃ খাস্তগীব।

# ভূমিকা

[ খাদ্য চাই, ভারতের ছাত্র ফেডারেশন, পশ্চিমবংগ রাজ্য কমিটি, ১৯৯৬, পৃঃ ৩-১০]

# প্রার্থনা করো, যারা কেড়ে খায় তেত্রিশ কোটি মুখের গ্রাস যেন লেখা হয় আমার রক্তলেখায় তাদের সর্বনাশ....

আজ ইতিহাস—১৯৫৯ সালের খাদ্য আন্দোলনের সেই রক্তঝরা দিনগুলি যেদিন অজস্র মাতা হারিয়েছিল তাদের মাতৃক্রোড়ের শিশুকে, বধু হারিয়েছিল তার স্বামীকে, বাংলা হারিয়েছিল তার বুকের খাদ্য উৎপাদনকারী কৃষককে আর আমরা হারিয়েছি আমাদের মহান সংগ্রামী বন্ধুদের। কিন্তু কি ঘটেছিল সেইদিন—যেদিনটা আজ আমাদের কাছে ইতিহাস, আর সেদিন ছিল তা ভয়ঙ্কর বাস্তব; যে বাস্তব রহস্য কাহিনীর থেকেও রোমাঞ্চকর, মর্মান্তিক, পৈশাচিক এবং সত্য!!

খাদ্যসন্ধট, খাদ্যের জন্য হাহাকার স্বাধীনতার পর থেকেই। ধান ওঠার তিন চার মাস পর থেকেই শুরু হয় এই হাহাকার শাসক কংগ্রেসের আশ্চর্য কৌশলে। কমিউনিষ্ট পার্টি রাজ্যের আইনসভায় বারবার প্রতিবাদ জানিয়েছে এই অন্যায় মজুদকারীর বিরুদ্ধে। কিন্তু সেদিন ১৯৫৯ সালের ৩১শে আগস্ট খাদ্যের দাবিতে বিন্দু বিন্দু জমে ওঠা আন্দোলন রূপ নিল মহাসমুদ্রের টেউ এর মতো। সেদিন কংগ্রেস সরকারের মজুতদার তোষণকারী খাদ্য নীতির ফলে কৃত্রিমভাবে সৃষ্ট শোচনীয় খাদ্যাব্যবস্থার প্রতিকার এবং নিজেদের ক্রয়ক্ষমতার মধ্যে খাদ্যলাভের জন্য 'পশ্চিমবঙ্গ মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি'র নেতৃত্বে এক বৃহৎ গণআন্দোলন শুরু হল। জনগণের দৃঢ় শপথ গ্রহণের দিক থেকে এমন একটি গৌরবময় রূপ ধারণ করল যা চিরস্মরণীয় হয়ে রইল কালের পাতায়। যেদিন শোষক আর শাসকের বিরুদ্ধে একব্রিত হল আপামর জনসাধারণের সংগ্রামের আকৃতি গণচেতনা।

এই বৃহৎ স্বতস্ফূর্ত গণআন্দোলনের প্রথম পর্যায়ে—১৪ই জুলাই বিভিন্ন জেলার কোর্টগুলিতে এবং স্থানীয় সরকারি অফিসে অফিসে শান্তিপূর্ণভাবে স্বেচ্ছাসেবকদের সীমাবদ্ধ আইন অমান্যর দ্বারা শুরু হল প্রত্যক্ষ সংগ্রামের। ২০শে আগস্ট পর্যন্ত প্রথম পর্যায়ের সংগ্রামে কয়েকটি জেলায় গ্রেপ্তার হল ১,৬৩১ জন মহান স্বেচ্ছাসেবী।

# এত বিদ্রোহ কখনো দেখেনি কেউ দিকে দিকে উঠে অবাধ্যতার ঢেউ

১৪ই জুলাই কৃষকসভার নেতৃত্বে খাদ্যের দাবিতে মেদিনীপুর জেলা আদালতে মিছিল এগিয়ে চলপ....১৮ই জুলাই এই মিছিল চলে বাটা, নুঙ্গিতে, ২১শে জুলাই তমলুক মহকুমা আদালত প্রাঙ্গণে আইন অমান্য....২৭শে জুলাই চুঁচুড়া জেলাশাসক দপ্তরের সম্মুখে শাস্তিপূর্ণ আইন অমান্যকারীদের ওপর পুলিস বলপ্রয়োগে বাধাদান করে....৩০শে জুলাই কমিউনিষ্ট পার্টি পরিচালিত 'দ্রব্যমূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি'র নেতৃত্বে অজস্র মানুষ খাদ্যমন্ত্রীর বাড়ির সম্মুখে খাদ্যের দাবিতে বিক্লোভে ফেটে পড়েন।

# কে বা আগে প্রাণ করিবেক দান!!! শুরু হল খাদ্য আন্দোলনের দ্বিতীয় পর্যায়

২৪শে আগস্ট থেকে ৩রা সেপ্টেম্বর হল এই মহাসংগ্রামের দ্বিতীয় এবং উন্নত পর্যায়। কলিকাতা মহানগরীসহ রাজ্যের সমস্ত জেলায় আইন অমান্য শুরু হল আরও জোরদারভাবে।

২১শে আগস্ট ক্যানিং থানার কাঁকড়দহে ৭৫ বছর বয়স্ক ক্ষেতমজুর শ্রীমণিকান্ত দাস আশ্চর্য এক গণচেতনায় উজ্জীবিত হয়ে স্বপরিবারে গ্রেপ্তার হন। ঐ একই দিন শিয়ালদা কোর্টে অজস্র আন্দোলনকারী আইন অমান্যে এগিয়ে গেলেন। ২০শে আগস্ট ব্যাঙ্কশাল কোর্টে খাদ্য আন্দোলনকায়ীদের গ্রেপ্তার করা হল। ২৪শে আগস্ট মনুমেন্টের পাদদেশে হাজার হাজার কৃষক ও সাধারণ মানুষের এক ঐতিহাসিক সমাবেশ জানিয়েছিল গণচেতনামুখী পশ্চিমবংগের মানুষের সংগ্রামী সন্তাকে। এ যেন ভারতের স্বাধীনতা আন্দোলনের সেই উচ্ছল দিনপঞ্জী।

৩১শে আগস্ট সেই রক্তঝরা দিন। এক অভ্তপূর্ব আবেগে সহস্র সহস্র অন্নদাতা নিরন্ন কৃষক নারী ও পুরুষ মিলিত হলেন মনুমেন্টের পাদদেশে। মিছিলের স্রোতে প্লাবিত হল কলকাতার প্রশস্ত রাজপথ। তারপর সেই বিশাল অভিযাত্রীর দল সংগ্রামী পায়ে এগিয়ে চলল রাইটার্স বিল্ডিং-এর অভিমুখে। তিন লক্ষাধিক জনগণ যখন সরকারি অফিস অভিমুখে শান্তিপূর্ণভাবে এগিয়ে চলেছে, পূলিশ কর্ডন ভেঙে এই বিপূল জনতা, যারা কেবল সংখ্যাধিক্যের দিক থেকেই নয়, একটি বিশেষ পরিস্থিতিতে অবিরাম বৃষ্টির মধ্যে কংগ্রেস সরকারের সমস্ত ক্রকৃটি উপেক্ষা করে তারা যখন এগিয়ে চলেছে, তখন আদিম অসভ্য পশুর দল, যাদের নখ তীক্ষ্ণ নেকড়ের চেয়েও.....তারা অতর্কিত চারদিক থেকে ঝাঁপিয়ে পড়ল। সেই হিংস্র সশস্ত্র পূলিশবাহিনী রাতের অন্ধকারে নির্বিচারে টিয়ার গ্যাস এবং লাঠি চালনা শুরু করল। এক পৈশাচিক অন্ধকৃপ সৃষ্টি করে চারপাশের পথ রুদ্ধ করে শুরু হল এই নারকীয় সংগ্রামী নিধনযজ্ঞ।

সেদিনের সেই পৈশাচিক উল্লাসনৃত্যের প্রত্যক্ষ বিবরণ পাই আজকের এক কংগ্রেসী নেতা সেদিন যিনি ছিলেন একজন প্রকৃত গণসংগ্রামী, পুলিসের অত্যাচারে নির্যাতিত হয়ে তিনি ভর্তি হন ইসলামিয়া হাসপাতালে। তাঁরা বুকের ৭ নম্বর হাড়টি আজও ভগ্ন অবস্থায় সেদিনের ইতিহাসকে বহন করছে ঃ

জোর করিয়া বলিতে পারি যে, শান্তিপূর্ণ সত্যাগ্রহী, বিক্ষোভ প্রদর্শনকারী কিংবা অগণিত পথচারী দর্শকবৃন্দ কাহারও তরফ হইতে বিন্দুমাত্রও প্ররোচনামূলক কোনো কাজ করা হয় নাই।....মিনিটের মধ্যে কর্ডনের দু'পাশ হইতে নৃশংস লাঠি চার্জ শুরু হইয়া যায়। বিমৃঢ় জনতা অপ্রত্যাশিত আক্রমণে কিংকর্তব্যবিমৃঢ় হইয়া পড়ে। মুহুর্তেই তাহারা দক্ষিণমুখী হইবার চেক্টা করে। পূর্ব হইতেই গভর্ণর হাউসের সামনা সামনি গেট হইতে সমস্ত রাস্তা জুড়িয়া এই বিশাল জনতাকে নৃশংসভাবে ঠেগুইবার জন্য আর একদল পুলিশবাহিনী প্রস্তুত করিয়া রাখা হইয়াছিল। একদিকে পিছন হইতে নৃশংস লাঠিচার্জে জনতাকে ঠেগুইয়া তাড়া করা হইতেছে, অপরদিকে অগ্রবতী পুলিশ লাইন পলায়নপর জনতাকে পুরুষ-নারী শিশু-বৃদ্ধ-বৃদ্ধা নির্বিশেষে নির্দয়ভাবে লাঠির আঘাত হানিতেছে। এবং তাহার ফলে অনেকেই ধরাশায়ী হইতেছে। এক করুণ দৃশ্য। সামনেই মারমুখী পুলিশ জনতাকে ঠেগুইতেছে। যাহার ফলে, অনেকে আহত হইয়া ফুটপাতের পাশে পড়িয়া গেল। আহত নরনারীর গগনভেদী আর্তনাদ চারিদিকেই ছড়াইয়া পড়িল। আমার সামনেই আহত হইয়া ক্ষেকজন পড়িয়া গেল। তাহাদের উপর আমি পড়িয়া গেলাম এবং সঙ্গে সঙ্গে আসিয়া পড়িল পুলিসের লাঠি। পড়িয়া যাওয়া লোকগুলিকে পুলিশ উপুর্যপরি লাঠি চার্জ করিতে লাগিল।....সমস্ত রাস্তাটায় যুদ্ধক্ষেত্র আহত ধরাশায়ী লোকের ন্যায় অগণিত নরনারী পড়িয়া আছে এবং যাহারা পালাইতেছে তাহাদের উপর পুরুষ নারী নির্বিশেষে লাঠি চার্জ হইতেছে।

সমস্ত দোকান রেষ্টুরেন্ট বন্ধ। আশ্রয়ের কোনো স্থান নাই। বিক্ষিপ্ত জনতা এদিক সেদিক ছুটিতেছে। দেখিলাম উত্তরদিকে চৌরঙ্গির মোড়ে এবং সুরেন্দ্র ব্যানাজী রোডের একটু পশ্চিমে চৌরঙ্গির উপরেও লাঠিচার্জ হইতেছে। সুরেন্দ্র ব্যানাজী রোড দিয়া পূর্বদিকে চলিলাম। কিন্তু কর্পোরেশন বিশ্তিং এর কাছেও পুলিশ। তখন শুধু মনে হইতেছে যে পালাইবার সব পথগুলিতেই কি পুলিস দিয়া ঠেঙাইবার বন্দোবক্ত হইয়াছে...

স্বাধীনতা ৮ই সেপ্টেম্বর ১৯৫৯ (ডাঃ গোলাম এয়াজদানি এম. এল. এ)

এই নারকীয় পৈশাচিক উল্লাসের কাহিনী লিখতে গিয়ে আজও কলম কেঁপে উঠছে, সেই দিন শুধু মহানগরীর বুকেই এই অত্যাচার নয়, মেদিনীপুর জেলা শহরে, তমলুকে, ঘাটালে—বর্ধমানে, বহরমপুরে, পশ্চিম দিনাজপুরের গঙ্গারামপুরে এবং কোচবিহারেও শান্তিপূর্ণ গণআন্দোলনকারীদের মিছিলে হিংশ্র লাঠিচার্জ করা হয়, অজস্র মানুষ আহত ও নিহত হন।

বীরের এ রক্তলোড, মাতার এ অশ্রুধারা এর যত মূল্য সে কি

ধরার ধূলায় হবে হারা.....

#### সংবাদ পত্রের পাতা থেকে

স্টেটস্ম্যান লিখছেঃ আন্দাজ ৭-২০ মিনিটের সময় প্রায় বারোজন শোভাযাত্রী পুলিশের বেষ্টনীর ফাঁক দিয়া সারিবদ্ধভাবে আগাইয়া আসেন। মনে হয় পুলিশ ইচ্ছা করিয়াই বেষ্টনীর মধ্যে ঐ ফাঁকটি রাখিয়াছিলেন, যাহাতে যাঁহারা আইন অমান্য করিতে চাহে তাঁহারা আগাইয়া আসিয়া গ্রেপ্তার বরণ করিতে পারেন। কিন্তু বিরাট জনতা আগাইয়া আসিতে থাকিলে পুলিশকে লাঠি চার্জ করার হকুম দেওয়া হয়.....

যুগান্তরের পাতা থেকে : বেষ্টনীর একাংশে যেখানে জনগণের প্রবল চাপ পড়িতেছিল সেখানে একটা ঠেলাঠেলির সৃষ্টি হয়। কয়েক মুহুর্তের মধ্যেই আবহাওয়া বদালাইয়া যায়। কর্ডনের ভিতরের দিকে যেখানে সাংবাদিকরা দাঁড়াইয়া ছিলেন সেখান হইতে পুলিশের হাতের লাঠি শূন্যে উঠিতে দেখা যায় এবং আওয়াজ শুনিতে পাওয়া যায়। পুলিশ জনতাকে হঠাইয়া লইয়া যায়। তাহাদের পিছনে পিছনে মুখে জালের মুখোশ লাগানো লাঠিধারী পুলিশের আর একটি বাহিনী প্রবলভাবে লাঠি চালনা করিতে করিতে অগ্রসর ইইয়া যায়।

আনন্দবাজার লিখছে: আক্রমণকারীরা থানা বা পুলিশের কোনো ক্ষতিসাধন করে নাই।

অথচ এই নিষ্ঠুর হত্যা, এই পৈশাচিক উল্লাস, এই বর্বর আক্রমণ-এর মুখোমুখি সারা রাজ্যের স্বতঃস্ফুর্ত জনগণ সহ আমাদের সেদিনের দাবি ছিল:

- ১। রাজ্যব্যাপী সর্বস্তরের মানুষকে ১৭.৫০ টাকা মন দরে খাদ্যোপযোগী চাল সরবরাহ করতে হবে।
- ২। সংশোধিত রেশনিং ব্যবস্থা রাজ্যব্যাপী সম্প্রসারিত করতে হবে এবং সর্বস্তারের মানুষকে মাথা পিছু দেড় সের চাল ও ১ সের গম নিয়মিতভাবে সরবরাহ করতে হবে।
- ৩। খোলাবাজারে খুচরা দোকান মারফৎ পর্যাপ্ত পরিমাণে ও নিয়মিতভাবে ২০ হইতে ২২ টাকা দরে চাল সরবরাহ করতে হবে।
  - ৪। চালকলগুলির ওপর শতকরা ৫০ ভাগ লেভি বসাতে হবে।
  - ৫। রাজ্য থেকে সংগৃহীত পরিমাণ হিসেবে ৫ লক্ষ টন খাদ্য মজুত করতে হবে।
  - ৬। রাজ্যের ঘাটতি সম্পূর্ণ কেন্দ্রীয় সাহায্যের মাধ্যমে পূরণ করতে হবে।
  - ৭। টেস্টরিলিফ ব্যাপকভাবে সপ্তাহব্যাপী মাথা পিছু দৈনিক দেড় টাকা হারে চালু করতে হবে।
  - ৮। খয়রাতি সাহায্য সমস্ত দুঃস্থ ব্যক্তিদের দিতে হবে।
  - ৯। অবিলম্বে পর্যাপ্ত পরিমাণ কৃষি ঋণ বন্টন করতে হবে।
  - ১০। সর্বস্তরে সর্বদলীয় খাদ্যকমিটি গঠন করতে হবে।
- ১১। অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে কাঠোর ব্যবস্থা গ্রহণ, স্থানীয় জনসাধারণের সহায়তায় মজুতদারদের বিরুদ্ধে তীব্র অভিযান চালাতে হবে। উদ্ধার প্রাপ্ত খাদ্যদ্রব্য সস্তাদরে জনসাধারণের মধ্যে বন্টন করতে হবে।
  - ১২। খাদ্যমন্ত্রীর অবিলম্বে অপসারণ চাই।

জনগণের এই ন্যায়সঙ্গত দাবি এবং শান্তিপূর্ণ সত্যাগ্রহী গণসংগ্রামীদের ওপর সে দিন ৩১শে আগস্ট যে অমানবিক অত্যাচার চলে তার প্রতিবাদে ১লা সেপ্টেম্বর সারা রাজ্যব্যাপী অজস্র ছাত্রছাত্রী সফল ধর্মঘট পালন করলেন। কিন্তু সেদিনও বিভিন্ন স্থানে পুলিশ পথচারীদের ওপর, আন্দোলনকারীদের ওপর অত্যচার এবং গুলি চালায়।

তরা সেপ্টেম্বর হাজার হাজার মানুষ সর্বত্র ঐতিহাসিক হরতাল এবং ধর্মঘট পালন করেন। বর্বর কংগ্রেস সরকারের পুলিশবাহিনী সেদিনও লাঠি কাঁদানে গ্যাস ও গুলি দিয়ে সেই উত্তাল গণবিপ্লবের ওপর ঝাঁপিয়ে পড়ে।

কিন্তু শাসক ও শোষকের বিরুদ্ধে সেদিন যে হাজার স্বতঃস্ফুর্ত জনতা একত্রিত হয়ে তারই ফলে ১০ই সেপ্টেম্বর অবিরাম বৃষ্টির মধ্যে অজস্র মানুষ মৌন মিছিলে এগিয়ে চলেন, হাতে কালো পতাকা, শোকে মৃহ্যমান নতমন্তক, বুকে কালো ব্যাজ। ৮ই সেপ্টেম্বর ছাত্ররা রাজ্যব্যাপী শহীদ দিবস পালন করেছে তাদের স্বতঃস্ফুর্ত শোক অভিনন্দনে। ১৩ই সেপ্টেম্বর দেশবন্ধু পার্ক থেকে দেশপ্রিয় পার্ক পর্যন্ত রক্তস্নাত, কলকাতা মহানগরীর বুকে অবিস্মরণীয় মৌন মিছিল এগিয়ে চলে (১৪ইসেপ্টেম্বর ১৯৫০ এর স্বাধীনতা পত্রিকার প্রধান হেড লাইন)

এই মহান গণতান্ত্রিক অগণিত মানুষের ক্ষুধার অঙ্কের ন্যায্য দাবিতে আন্দোলন ২৬শে সেপ্টেম্বর সুবোধমল্লিক স্কোয়ারে খাদ্য আন্দোলনের শহীহদের জন্য নির্মিত স্থায়ী বেদীতে শ্রদ্ধা জ্ঞাপনের মধ্য দিয়ে দীর্ঘ এক সংগ্রামের স্থায়ী রূপ নির্মিত হল।

# এই মহান খাদ্য আন্দোলনে যাঁরা দিলেন আত্মবলিদান

মোট গ্ৰেপ্তার = ২১,০০০ জন মোট আহত = ৩,০০০ জন মোট নিহত = ৮০ জন মোট নিখোজ = ১০০ জন

#### মরণ সাগর পারে তোমরা অমর তোমাদের স্মরি

বাংলার সর্বস্তরের মানুষের সেই স্বতঃস্ফৃর্ত শোক মিছিলে ১৩ই সেপ্টেম্বর ১৯৫৯ সালে যোগ দিয়েছিলেন কৃষক, শ্রমিক, অধ্যক্ষ, অধ্যাপক, ছাত্র, কর্মচারীগণ, নাট্যকর্মী, বুদ্ধিজীবী। রবিবারের সেই বিশাল সর্বাত্মক মিছিলের পূর্ণ ছবি আমরা আজও দেখতে পাই সেদিনের স্বাধীনতা পত্রিকার সংবাদ থেকে—

শহীদের রক্তন্নাত কলকাতার আজ এক নতুনরূপ। আশিজন শহীদের চিরস্তব্ধ হৃদপিণ্ডের উপর কলকাতা যেন নীরবে মরণ সাগর পারে তোমরা অমর তোমাদের স্মরি......কান পেতে রয়েছে। উত্তরে দেশবন্ধু পার্ক থেকে দক্ষিণে দৈশপ্রিয় পার্ক পর্যন্ত কলিকাতার মানুষ মৌন মিছিলে শোকক্ষদ্ধা মাতাভগিনী ও সদ্য বিধবার অশ্রু মুছে নিল। ব্যক্তি বিশেষের শোক আজ জাতীয় শোকে রূপান্তরিত হল। রবিবারের শোক মিছিল মৌন। দুপুরে সহস্র সহস্র নরনারী বাকরুদ্ধ। ট্রাম বাস বা অন্যান্য যানবাহন চলাচল বন্ধ। পথে দোকানপাটের কল কোলাহল নিস্তব্ধ কৃষ্ণ পতাকা আর অবনমিত রক্তপতাকায় মিছিলের মুখ ভারাক্রান্ত।

[১৪ই সেপ্টেম্বর 'স্বাধীনতা' ১৯৫৯]

আজকের প্রজন্মের ছাত্র আন্দোলনের কর্মীদের কাছে এই লড়াই-এর ইতিহাস জানা অত্যন্ত প্রয়োজন। সেই কারণে এই বইটি পুনঃ প্রকাশের সিদ্ধান্ত আমরা নিয়েছি। এই বইটি পুনঃ প্রকাশের অনুমতি দেওয়ার জন্য আমরা কৃতজ্ঞতা জানাচ্ছি বইটির সংকলকদের। আমরা কৃতজ্ঞতা জানাচ্ছি কমরেড বিমল গুপ্তকে (NBA) বইটি আমাদের সরবরাহ করার জন্য। এই বইটি প্রকাশ করা সম্ভব হয়েছে ছাত্র সংগ্রাম পত্রিকার প্রতিষ্ঠাতা সম্পাদক এবং বর্তমানে গণশক্তি পত্রিকার সম্পাদক কমরেড অনিল বিশ্বাসের অফুরস্ত উৎসাহ এবং পরামর্শ পাওয়ার জন্যই।

তারিখ ৩১শে জানুয়ারী ৯৬

সম্পাদকমণ্ডলী

ছাত্রসংগ্রাম

# পশ্চিমবংগের গণ আন্দোলন ও খাদ্য আন্দোলন

[কলকাতা, ১৯৯১, পৃঃ ৯-৬৯]

# দিলীপ মজুমদার

#### প্রথম পর্ব

১৯৫৫ সালে, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ বৎসর পশ্চিমবাংলার খাদ্যমন্ত্রী বিধানসভায় বলেছিলেন : ''চাষীদের ব্যাপকতম অংশ স্বয়ংসম্পূর্ণতা অর্জন করিয়াছেন। পূর্বের তুলনায় এখন তাঁহারা বেশী বেশী খাদ্যগ্রহণ করিতেছেন (বিরোধী পক্ষের আসনগুলি হইতে প্রতিবাদ ধ্বনি)।....খাদ্য সমস্যার সমাধান হইয়াছে। চাউল উৎপাদনের ক্ষেত্রে আমরা স্বয়ংসম্পূর্ণ হইয়াছি।" (বিধানসভার কার্যবিবরণী, ১৪ই ফেব্রুয়ারী, ১৯৫৫, পৃষ্ঠা ৩০৪-৩০৫)। ১৯৫৯ সালের খাদ্য আন্দোলনের ইতিহাস বর্ণনার পূর্বে আমরা সরকারি তথ্যের ভিত্তিতেই এই 'স্বয়ংসম্পূর্ণতা' কিংবা চাষীদের 'বেশী বেশী খাদ্য গ্রহণে'র একট্ট পরিচয় গ্রহণ করব। ১৯৪৭ সাল থেকে ১৯৫৮ সাল পর্যন্ত পশ্চিমবংগে টন হিসেবে মোট চাল উৎপাদনের হিসেব এইরকম ঃ ১৯৪৭—৩৫ লক্ষ ৫ হাজার ২ শ, ১৯৫১—৩৪ লক্ষ ৭৮ হাজার ৫ শ, ১৯৫৩—৫২ লক্ষ ২৪ হাজার ৯ শ, ১৯৫৫---৫১ লক্ষ ৪৫ হাজার ৭ শ. ১৯৫৬---৪৫ লক্ষ ৭৩ হাজার, ১৯৫৭---৪১ লক্ষ ৮৫ হাজার এবং ১৯৫৮---৫৯ লক্ষ ৮৫ হাজার (পশ্চিমবংগ সরকারের কৃষিদপ্তর কর্তৃক প্রকাশিত Agricultural Geography of West Bengal)। ১৯৪৭ সাল থেকে ১৯৫৯ সাল পর্যন্ত টন হিসেবে খাদ্যের আভ্যন্তরীণ ঘাটতি অথবা উদ্বন্তের হিসেব এই রকম ১৯৪৭—ঘাটতি ১ লক্ষ ৮৩ হাজার, ১৯৫২—ঘাটতি ৫ লক্ষ ৮২ হাজার, ১৯৫৪—উদ্বৃত্ত ৬ লক্ষ ৯২ হাজার, ১৯৫৫-ঘাটতি ৫ লক্ষ ৪০ হাজার, ১৯৫৭—ঘাটতি ৩ লক্ষ ৮২ হাজার, ১৯৫৮—ঘাটতি ৭ লক্ষ ৫০ হাজার, ১৯৫৯—ঘাটতি ৯ লক্ষের অধিক (পশ্চিমবংগ সরকারের কৃষিদপ্তর কর্তৃক প্রকাশিত Relief of distress in West Bengal)। ১৯৪৭ সাল থেকে ১৯৫৮ সাল পর্যন্ত পশ্চিমবংগে ১ মন মাঝারি চালের গড় বাজার দর হিসেবে চালের দর বৃদ্ধির হিসেব এইরকম ঃ ১৯৪৭—১২.২৫ টাকা, ১৯৫৫—১৬.৪৪ টাকা, ১৯৫৬—১১.৯১ টাকা, ১৯৫৭—২৩.০১ টাকা, ১৯৫৮—২৬.৫০ টাকা, ১৯৫৯—৩১.০০ টাকা, (সরকারি বুলেটিন ও রিপোর্ট থেকে)। ১৯৪৭ সাল থেকে ১৯৫৮ সাল পর্যন্ত পশ্চিমবংগে মাথা পিছু বাৎসরিক খাদ্যের (চাল) হিসেব এইরকমঃ ১৯৪৭—৪.০২ মন, ১৯৪৮—৩.৮৫ মন, ১৯৪৯—৩.৫৪ মন, ১৯৫০—৩.৬৮ মন, ১৯৫১—৩.৯১ মন, ১৯৫৮—৩.৫৮ মন (সেন্সাস রিপোর্ট ও সরকারি প্রদত্ত হিসেব)।

পশ্চিমবংগের তদানীন্তন খাদ্যমন্ত্রীকে তখন বিরোধী সদস্যরা পরিহাস করে বলতেন, 'মনগড়া সংখ্যাতত্ত্বের মাস্টার'। যেহেতু জনসভার বা বিধানসভার বক্তৃতাগুলির যখন তিনি খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা প্রভৃতির 'অলৌকিক কাহিনী' বর্ণনা করতেন, তখন স্বাভাবিকভাবেই তাঁকে মনগড়া সংখ্যাতত্ত্বের দারস্থ হতে হত। এবং খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা? কে আনবে, কংগ্রেস সরকার? যাঁর শ্রেণীনীতিই হল সামন্তবাদকে জীইয়ে রাখা তার পক্ষে আমূল কৃষি সংস্কার ও ফলশ্রুতিস্বরূপ খাদ্যে স্বয়ংসম্পূর্ণতার নজির সৃষ্টি করা সন্তব নয়। ১৯৫৭ সালের বিধানসভায় অবিসংবাদী কৃষকনেতা হরেকৃষ্ণ কোভারের একটি ভাষণের অংশবিশেষ শুনুন : "যাদের হাতে হাজার হাজার মণ ধান আছে তাদের কাছ থেকে সংগ্রহ করার কোন ব্যবস্থা হল না, অথচ কৃষকরা মজুত করছে, সরকার এই আজগুবি নৃতন তথ্য খাড়া করছেন। বড় বড় মিলমালিক ব্যবসাদারদের মজুত চাল বাঁচাবার জন্যই কৃষকদের কথা তুলে ধৃশ্রজাল সৃষ্টি করা হচ্ছে।... একটা রিপোর্ট বেরিয়েছিল যে, পশ্চিমবাংলায় রাইসমিল ওনারস এ্যাসোসিয়েশন ও রাইস ডীলার্স এ্যাসোসিয়েশন কংগ্রেসী নির্বাচনী তহবিলে বছ টাকা দিয়েছে। সরকারের ধান ক্রয় না করা এবং সাথে সাথে ব্যবসায়ীদের প্রচুর টাকাকড়ি দিয়ে ধানচাল কেনানোর সঙ্গে ওর কোন সম্পর্ক আছে কিনা তা আমি জানতে চাই" (বিধানসভা কার্যবিবরণী, ১৯৫৭)।

আমাদের জীবন ও অভিজ্ঞতা বার বার প্রমাণ করে দিয়েছে যে এ দেশের সরকারের শ্রেণীনীতি কৃষক বা কৃষির উন্নতির অনুকূল নয়। খাদ্যাভাব তাই এক চিরস্থায়ী সমস্যায় পরিণত হয়েছে। বুভূক্কুর আর্তনাদে ভরে ওঠে আকাশ বাতাস। কখনো তারা সপ্তঘবদ্ধ হয়, প্রতিবাদ জানা। ১৯৫৯ ও ১৯৬৬ সালে বুভূক্কু মানুষের সপ্তঘবদ্ধ, ব্যাপ্ত প্রতিবাদ আন্দোলন বাংলাদেশের ইতিহাসে স্মরণীয় দৃটি অধ্যায়। আমরা এবার ১৯৫৯ সালের খাদ্য আন্দোলনের ইতিহাস আলোচন করব।

১৯৫৮ সালের শেষদিন পশ্চিমবংগ সরকার এক প্রেসনোটে ঘোষণা করলেন ঃ ১৯৫৯ সালের পশ্চিমবংগ ধানচাউলের মূল্য নিয়ন্ত্রণ আদেশ সমগ্র পশ্চিমবংগে "১৯৫৯ সালের পয়লা জানুয়ারী হইতে বলবৎ হইতেছে। ইহা ১৯৫৯ সালের পয়লা জানুয়ারী কলিকাতা গেজেটের এক অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হইয়াছে। এই আদেশের বিধানবলে বিভিন্ন অঞ্চলের ধানচাউলের উৎপাদক, পাইকারী ও খুচরা ব্যবসায়ীরা বিভিন্ন ধরণের ধান ও চাউল সম্পর্কে যে সর্বোচ্চ মূল্য চাহিতে পারিবেন তাহা নির্ধারিত করা হইয়াছে। ধান ক্রয়ের জন্য কোন বিক্রেতা চাষীকে যে সর্বনিম্ন মূল্য দিবেন, তাহাও নির্ধারিত করা হইয়াছে। সংশ্লিষ্ট বিবরণে নিয়ন্ত্রিত মূল্য দেওয়া হইয়াছে। মিহি ও সুগন্ধ ধান চাউল উক্ত আইনের আওতায় আসবে না। পশ্চিমবংগের যে সকল অঞ্চলে চাউল কল অবস্থিত সেই সকল অঞ্চলে ১৯৫৯ সালের ১লা জানুয়ারী হইতে,১৯৫৮ সালের পশ্চিমবংগ চাউল সংগ্রহ আদেশ সম্প্রসারিত হইয়াছে। এই আদেশের বিধানমতে পশ্চিমবংগের যাবতীয় চাউল কলকে ১৯৫৯ সালের পয়লা জানুয়ারি উহাদের যে সকৈ থাকিবে তাহার শতকরা ২৫ ভাগ এবং অতঃপর উহাদের দৈনিক উৎপাদনের শতকরা ২৫ ভাগ পশ্চিমবংগ সরকারকে বিক্রয় করিতে হইবে। সংশোধিত রেশন দোকানগুলির মারফৎ যে দামে চাউল বিক্রয় হইতেছে সরকার সেই মূল্য সংশোধন করিবার সিদ্ধান্ত করিয়াছেন। পশ্চিমবংগ চাউল এবং ধান্য মূল্য নিয়ন্ত্রণ আদেশ ১৯৫৯, কার্যকরী হইবার সঙ্গে সঙ্গে সংশোধিত রেশন দোকানগুলি হইতে বিভিন্ন প্রকার চাউলের খুচরা বিক্রয়ের জন্য নিয়ন্ত্রিত মূল্যে খরিন্দারদের নিকট চাউল বিক্রয় করা হইবে" (যুগান্তর ১/১/৫৯)।

সরকারের এই খাদ্যনীতি ছিল অবাস্তব। বিধানসভায় কমিউনিষ্ট সদস্য শ্রীহরেকৃষ্ণ কোঙার সুস্পষ্টভাবেই বলেছিলেন ঃ ''আসলে মূল্য নিয়ন্ত্রণকে অপ্রিয় করার জন্য প্রথম হইতেই এক অবাস্তব ব্যবস্থা লওয়া হইয়াছিল ৷... সরকার ইচ্ছা করিয়াই কৃষকদের পক্ষে ক্ষতিকর দর বাঁধিয়াছিলেন। আভ্যন্তরীন সংগ্রহ করিতে অস্বীকার করিয়াছেন অর্থাৎ বিক্রয়যোগ্য ধান চাল বেশীরভাগই মজুতদারদের কবলিত করিতে দিয়াছেন। স্টক না থাকার অজুহাতে রেশন ব্যবস্থা অল্পসংখ্যক লোকের মধ্যেই সীমাবদ্ধ রাখিয়াছেন, অর্থাৎ বেশীর ভাগ-ক্রেতাকে মজুতদার ও জোতদারদের দয়ার উপর ছাড়িয়া দিয়াছেন।" সরকারি মূল্য নিয়ন্ত্রণনীতি ঘোষণার ৩০ দিন পরে কৃষকনেতা আবদুল্লাহ রসুল সাহেব "সরকারি খাদ্যনীতি কোন পথে" শীর্ষক প্রবন্ধে সরকারি নীতির অবাস্তবতা ও অবশাস্তাবী ব্যর্থতার প্রসঙ্গে যুক্তিসহ আলোচনা করেছিলেন, (স্বাধীনতা ৩০/১/৫৯)। তিনি লিখেছিলেন : সরকারি খাদ্যনীতির মূল কয়েকটি বিষয় হল (১) এক বছরের জন্য সরকার ধান ও চালের সর্বনিম্ন ও সর্বোচ্চ দর ধার্য করে দিয়েছেন। (২) কিছু পরিমাণ ধান ও চাল সংগ্রহ করার নীতি। যেমন মিলে ছাঁটা চালের সিকি অংশ লেভি হিসেবে এবং উড়িষ্যা থেকে আড়াই লক্ষ টন চাল কিনে (৩) কলকাতা ও শিল্পাঞ্চলে আংশিক রেশন ব্যবস্থা চালু করা। কিন্তু সরকারি এই নীতি অবাস্তব। এবার মাঘ মাস থেকেই আমদানী কম। বাস্তব অবস্থার সঙ্গে সামঞ্জস্য না রেখে দর ধার্য করা হয়েছে। দর যে অবাস্তব তার আর এক প্রমাণ হল মহাজনেরা সরকারি বাঁধা দরে ধান কিনছে না, বেশী দরে কিনছে। কাগজে কলমে সে হিসেব সরকার পাবেন না। শুধু আডতদাররা নয়, চালকলের মালিকরাও ধার্য দরের চেয়ে বেশী দরে চাল কিনছেন। ধার্য দরের চেয়ে বেশী দরে ধান কিনে লোকসান করে মিলমালিক বা আড়তদারেরা সরকারি দরে স্বাভাবিকভাবেই বিক্রি করবে না। সূতরাং এই দর ধার্য করা অর্থহীন হয়ে পড়বেই। সরকারের বর্তমান খাদ্যনীতিতে উৎপাদক কৃষক ও খূচরা ক্রেতা প্রতারিত হবে। উৎপাদক কৃষক ধার্য দরের চেয়ে কিছু বেশী পেলেও ন্যায্য দর পাচ্ছে না, আর খুচরো ক্রেতা অনেক বেশী দরে ধান কিনছে। কৃষককে ঠকাবার আরো একটা ব্যবস্থা হয়েছে বিভিন্ন নামের ও জাতের ধানের তালিকা করে এবং তা মিহি মোটা ইত্যাদি ভাগে বিভক্ত করে।

সরকারি নীতির ফলে মিলমালিক ও খুচরো ব্যবসাদারদের মধ্যে দ্বন্দ্ব সৃষ্টি হয়েছে। কারণ, মিলমালিকরা পাইকারী বিক্রির মুনাফা নিয়ে সন্তুষ্ট না থেকে খুচরা কারবারের মুনাফাও ভোগ করতে চাইছে। সরকারের সংগ্রহ পরিকল্পনাও কীভাবে সার্থক হবে বোঝা যায় না। সরকার উড়িষ্যা থেকে সংগ্রহ করার কথা বলেছেন। কিন্তু এবার উড়িষ্যায় উদ্বৃত্ত মোট ৪ লক্ষ টন চাল, এর থেকে কেন্দ্রীয় সরকার কিনবেন ২ লক্ষ টন, সূতরাং পশ্চিমবংগ সরকার যতই কিনুন, বাকী

২ লক্ষ টনের বেশী তাঁরা পাবেন না। কৃষকসভা পশ্চিমবংগ সরকারকে প্রস্তাব দিয়েছিল: (১) ধানের দর সর্বনিম্ন ১২ টাকা ও সর্বোচ্চ ১৩ টাকা ধার্য করার জন্য, (২) ৫ লক্ষ টন চাল মজুত করার জন্য, (৩) মিলমালিক ও আড়তদারদের পাইকারী মুনাফা নিয়ে সন্তুষ্ট থাকার নির্দেশ দেবার জন্য। কিন্তু সরকার এ সকল প্রস্তাবে কর্ণপাত করেন নি।

রাজ্যের ৫৫০টি চালকল যদি সরকারের নিয়ন্ত্রিত মূল্যে ব্যবসাদারদের চাল সরবরাহ করেন তাহলেই রাজ্যের ৫ হাজ্ঞার পাইকারী ব্যবসায়ী ও ২৫ হাজার খুচরো ব্যবসায়ী স্বচ্ছন্দে নির্দিষ্ট মূল্যে বাজারে চাল সরবরাহ করতে পারতেন (বসুমতী সম্পাদকীয় ১৭/১০/৫৯)। কিন্তু সে পরিবেশও সরকার সৃষ্টি করতে পারলেন না।

সরকারি নীতির অবশান্তাবী ফল দেখা দিল মূল্য নিয়ন্ত্রণনীতি ঘোষণার প্রায় প্রথম দিনেই। দৈনিক সংবাদপত্ত্রের শিরোনামগুলি উদ্ধৃত করলেই তা বোঝা যাবে। বসুমতী ৩/১/৫৯ : "শহরের অধিকাংশ আড়ত হইতে চাল উধাও।" বসুমতী ৪/১/৫৯ : "ধান ও চাউলের মূল্য নিয়ন্ত্রণ আদেশ ব্যর্থতায় পর্যবসিত।"

স্বাধীনতা ১/১/৫৯ ঃ "ধান চালের মূল্য নিয়ন্ত্রণ আদেশ চালু হবার আশঙ্কায় অধিকাংশ আড়ত হতে চাল উধাও।" স্বাধীনতা—২/১/৫৯ ঃ "সরকারি আশ্বাস সত্বেও চালের বাজারে সংকট। প্রথম দিনেই নিয়ন্ত্রণ মূল্য বানচাল।" যুগান্তর—২/১/৫৯ ঃ "নির্দিষ্ট দর চালু হওয়ার সঙ্গে সঙ্গের বাজার হইতে চাল উধাও।… ধান চাউলের সরকার নির্ধারিত মূল্য প্রবর্তিত হওয়ায় দ্বিতীয় দিনে শুক্রবার চাউলের খুচরা বাজার আরও স্তিমিত হইয়া পড়ে এবং খরিন্দারদের মধ্যে উদ্বেগের লক্ষণ প্রকাশ পায়। দৃষ্টির সম্মুখে আড়তদারদের যে সব গুদামে বস্তার সারি দেখা যাইত, অধিকাংশ ক্ষেত্রেই ঐগুলি এখন খালি।"

খাদ্যদ্রব্যের দুষ্প্রাপ্যতা সম্বন্ধে পশ্চিমবংগ বিধানসভায় বাক্ বিতণ্ডা শুরু হয় বিরোধীদলের শ্রীজ্যোতি বসু ও শ্রীসিদ্ধার্থ রায় মুলতুবী প্রস্তাব উত্থাপন করতে চান। কমিউনিষ্ট পার্টির কলকাতা জেলার সম্পাদকমণ্ডলী এক বিবৃতিতে জানান ঃ "পশ্চিমবংগ সরকারের অমার্জনীয় গাফিলতি ও তাহার মজুতদার তোষণ নীতির স্বাভাবিক পরিণতি হিসাবে কলিকাতায় চাউলের বাজারে নৃতন সংকট সৃষ্টি হইয়াছে। নিত্যপ্রয়োজনীয় দ্রব্য আইন চালু করার সঙ্গে বেসরকারি দোকান ইইতে চাউল উধাও হইতে শুরু করিয়াছে। অথচ সরকারি দোকানে উপযুক্ত পরিমাণে সরবরাহ নাই। ঠিক এই সংকটই কয়েকদিন ইইতে কেরোসিন তৈল সম্পর্কে দেখা দিয়াছে। বারবার সাবধান করিয়া দেওয়া সত্বেও সরকার সময়মত উপযুক্ত সক্র সংগ্রহ করেন নাই। উত্বন্থ চাউল তুলিয়া দিয়াছেন বড় বড় আড়তদার মজুতদারদের হাতে, কেরোসিনের সর্বময় কর্তৃত্ব ইঙ্গমার্কিন তৈল কোম্পানীদের হাতে। ইহারাই সরকারের দুর্বলতার সুযোগ লইয়া চাউল ও কেরোসিনের এই সংকট সৃষ্টি করিয়াছে। কলিকাতায় সাধারণ মানুষ বর্তমান অবস্থা কখনই মানিয়া লইতে পারেন না। সরকারের নিকট তাহাদের দাবি—দীর্ঘসূত্রতার অবসান কর, সরকারি আধা মুল্যের দোকানে অবিলম্বে উপযুক্ত পরিমাণে চাউল সরবরাহের ব্যবস্থা করিতে হইবে। ছোট মাঝারি দোকানদারদের উপযুক্ত সরবরাহ দেওয়া হউক। কলিকাতা শহরতলী ও গ্রাম অঞ্চলে যে সব বড় বড় আড়তদার চাউলের সকৈ গোপন করিয়া সংকটকে গভীরতর করিতেছে তাহাদের বিরুদ্ধে দ্রুত কঠোর ব্যবস্থা অবলম্বন করিতে হইবে। আমরা কলিকাতার সমস্ত নাগরিক, সমস্ত দল ও সংগঠনের নিকট এই সমস্ত দাবির ভিত্তিতে অবিলম্বে প্রচারপত্র, স্থানীয় সভা, পথসভা, খাদ্য দপ্তরে ডেপুটেশন ইত্যাদির মারফৎ ব্যাপক আন্দোলন শুরু করার আহান জানাইতেছি" (স্বাধীনতা ৩/১/৫৯)।

পশ্চিমবংগ সরকার যে অতি-মুনাফা নিরোধ বিল উত্থাপন করেছিলেন, বিধান পরিষদের অধিবেশনে সন্তোষ ভট্টাচার্য, নগেন্দ্র ভট্টাচার্য, সত্যপ্রিয় রায়, শশাঙ্ক সান্যাল, ডঃ জানকীবক্লভ ভট্টাচার্য প্রমুখ বিরোধী সদস্যরা এই বিলে আইন লঙ্খনকারীদের জন্য কারাদণ্ডের বিধান আবশ্যিক করার দাবি জানান। কিন্তু খাদ্যমন্ত্রী এই দাবি মেনে নিতে অসম্মতি জানান। সরকারি নীতি ও মুখ্যমন্ত্রী কর্তৃক পূর্ব-প্রতিশ্রুতি রক্ষিত হয়নি এই অভিযোগে পুনর্গঠিত রাজ্য খাদ্য ও রিলিফ উপদেষ্টা বোর্ডের প্রথম সভা থেকে জ্যোতি বসু সহ ৯ জন বিরোধী নেতা সভা কক্ষ ত্যাগ করেন। তাঁরা দাবি করেন যে, শুধু রাজ্যক্তরে নয়, সর্বস্তরেই সর্বদলীয় খাদ্য কমিটি গঠন করতে হবে। সর্বস্তরে সর্বদলীয় খাদ্য কমিটির দাবিতে মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি রাজ্যের মুখ্যমন্ত্রীর নিকট লিখিত এক পত্রে লেখেন—"সর্বস্তরে সর্বদলীয় খাদ্য উপদেষ্টা বোর্ড গঠনের প্রশ্নে দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির অন্তর্ভুক্ত বামপন্থী দলগুলির প্রতিনিধিদের রাজ্য খাদ্য উপদেষ্টা বোর্ডের গত ৩রা জানুযারী তারিখের বৈঠক ত্যাগ করিয়া চলিয়া আসিতে হয়। যদিও বৈঠকটি অত্যন্ত গুরুত্বপূর্ণ মুহুর্তে ডাকা হইয়াছিল

এবং অনেক গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হইতে পারিত, কিন্তু বোর্ডের কংগ্রেস সদস্যদের অসহযোগী ও আপোষ-বিরোধী মনোভাবের দরুণ সেদিকে কাজ অগ্রসর হইতে পারে নাই।" পূর্ব প্রতিশ্রুতি সত্ত্বেও সর্বস্তরে সর্বদলীয় খাদ্য কমিটির দাবি এবং অতি মুনাফা নিরোধক বিলে আইন লক্ষ্যনকারীদের জন্য কারাদণ্ডের বিধান আবশ্যিক করার দাবি গ্রহণ না করার মধ্যেই কংগ্রেস সরকারের শ্রেণীনীতির প্রতিফলন স্পষ্ট।

কিন্তু সবচেয়ে আশ্চর্যের বিষয় খাদ্যমন্ত্রীর প্রবল আত্মসন্তুষ্টি ও নির্মক্ত অভিভাষণ। মূল্য নিয়ন্ত্রণ নীতি ঘোষণার পর থেকে খাদ্যদ্রব্য যে দুষ্প্রাপ্য হয়ে উঠেছে, এই ঘটনা গত সত্যকে অস্বীকার করেই তিনি পর্যাপ্ত খাদ্য আছে এই মর্মে একের পর এক বিবৃতি দিয়ে গেলেন। জানুয়ারী মাসের ১২ই (যুগান্তর, ১৩/১/৫৯) খাদ্যমন্ত্রী সাংবাদিকদের নিকট ঘোষণা করলেন যে চাল পাওয়া যাছে না এরূপ অভিযোগ তিনি ক্রেতা বা বিক্রেতার নিকট হতে পান নি; খোলাবাজারে পর্যাপ্ত চাল আছে, রেশনকার্ডধারীদের সপ্তাহে দেড় সের চাল ও এক সের আটা দেওয়া হছে, তিনি মনে করেন যে এখন চাল না পাওয়ার অভিযোগ থাকার কোন কারণ নেই। "বৃহস্পতিবার (২২/১/৫৯) কলিকাতায় খাদ্যমন্ত্রী সাংবাদিকদের নিকট বলেন যে পয়লা জানুয়ারী দ্রব্যমূল্য নিয়ন্ত্রণাদেশ বলবৎ হবার পর থেকে সমগ্র পশ্চিমবাংলায় ধান চাল ব্যবসায়ের ক্ষেত্রে সুস্পষ্ট পরিবর্তনের সূচনা হয়েছে। তিনি মনে করেন রাজ্য সরকারের নয়া খাদ্যনীতির পরিণতিতে মধ্যবতী ব্যবসায়ীরা ক্রমশঃ কোনঠাসা হয়ে পড়ছেন, পাইকারী, বিক্রেতারা ও চালকলের মালিকরাই খুচরা বিক্রেতাদের ভূমিকা গ্রহণ করছেন" (যুগান্তর ২৩/১/৫৯)। পশ্চিমবংগের তৎকালীন রাজ্যপাল শ্রীমতী পদ্মজা নাইডুও এক বেতার বক্তৃতায় বলেছেন,—"এই বৎসর পশ্চিমবংগের খাদ্যাবস্থা সন্তোষজনক।" (যুগান্তর ২৮/১/৫৯) তাঁর মতে নিয়ন্ত্রণ নীতি গ্রহণ করার পর থেকে "মূল্য বৃদ্ধি শুধু রোধ হয় নাই, উহা হ্রাস পাইয়াছে।"

#### দ্বিতীয় পর্ব

সরকারি বিবৃতি যাই হোক, মূল্য নিয়ন্ত্রণ নীতি ঘোষণার পর থেকে একদিকে যেমন চালের দুষ্প্রাপ্যতা বাড়ল, অন্যদিকে সেই সুযোগে চলল কালোবাজারী। হুগলী, মূর্শিদাবাদ, মেদিনীপুর প্রভৃতি জেলায় বহু অঞ্চলে ২৮ টাকা থেকে ৩০ টাকা মন দরে চাল বিক্রির সংবাদ পাওয়া গেল। সরকারি দরে রসিদ লিখে মিল মালিকরা বেশী দামে ব্যবসায়ীদের নিকট চাল ছাড়তে শুরু করলেন।

কৈফিয়ৎ হিসেবে বড় বড় মিলমালিক ও আড়তদাররা বললেন, 'সরকারের খাদ্যদপ্তরই যদি মোটা চাল মিহি চালের দামে বিক্রি করে লাভ করতে পারেন তবে আমাদের আর অপরাধ কী?' চমৎকার কৈফিয়ৎ। সরকার কিন্তু এই চ্যালেঞ্জের উপযুক্ত জবাব দিতে পারেন নি। দেওয়া সম্ভবও ছিল না তাঁদের পক্ষে।

যেহেতু সরকারের পরোক্ষ সহায়তা ছিল এই কালোবাজারীর পৃশ্চাতে। সেজন্য এই চোরাকারবারের মূলে যে রাঘবোয়ালেরা রয়েছে তাদের সরকারি আইন বলে কোন শান্তি বিধান করা সরকারের পক্ষে সন্তব হয় নি। প্রমাণ না পাওয়া গেলেও যে সরকার সন্দেহক্রমে রাজনৈতিক বিরোধী পক্ষভুক্ত ব্যক্তিদের গ্রেপ্তার করতে দ্বিধা করেন না, সেই সরকার এই সকল সমাজ শক্রদের উপর নিরাপত্তা আইন প্রয়োগেও দ্বিধাগ্রস্ত হন। খাদ্য নিয়ে অতি মুনাফার লোভে যারা দেশের মানুষকে দুঃখকষ্টে ফেলতে চায় তাদের প্রতি কোন কঠোরতা না দেখিয়ে খাদ্যমন্ত্রী বললেন যে, কৃষকরা ধান ধরে রাখে বলেই যত মুদ্ধিল; খাদ্যমন্ত্রীর তাঁবেদার কিছু সংবাদপত্রেও লেখা হল যে, কৃষক নিয়ন্ত্রিত দরে ধান না বিক্রিকরলে চাল তো দুম্প্রাপ্য হবেই।

এই প্রসঙ্গে স্মরণ করা যায় তৎকালীন 'স্বাধীনতা' পত্রিকায় প্রকাশিত 'খাদ্য চোরদের শায়েস্তা করা হইবে না ?' শীর্বক সম্পাদকীয়টি — "পশ্চিম বাংলার খাদ্যাবস্থা প্রতিদিনই শোচনীয় হইয়া উঠিতেছে। নিবর্তনমূলক আটক আইন চালু আছে, আর মজুতদার ও মুনাফাখোররাও দেশে বিরাজ করিতেছে—কিন্তু কংগ্রেসী সরকার এ দুইটির কোনটির অক্তিত্ব যেন দেখিতেছেন না … আমাদের রাজ্য সরকার, বিশেষতঃ খাদ্যমন্ত্রী বলিয়া থাকেন—সরকারি কর্মচারীদের দিয়া কাজ চালানো খুবই মুশকিল, এই সব কর্মচারী অযোগ্য, তাই সরকার নিজে ধান চাউল ক্রয় করে না, মিলমালিক ও ব্যবসায়ীদের মারফং সরকার প্রয়োজনমত খাদ্যশস্য সংগ্রহ করিবেন। ঠিক এই কথাই লোকসভাতেও আলোচিত হইয়াছে। শ্রীমতী রেনু চক্রবর্তী এই প্রসঙ্গে বলিয়াছেন—মজার কথা এই যে কোন কিছু ঘটিলে অধঃন্তন কর্মচন্তরীদের উপর দোষ চাপানো হয়।…. রাজ্য

সরকার বিশেষতঃ খাদ্যমন্ত্রী শ্রীসেনের বৃহৎ ব্যবসায়ী ও বৃহৎ মিলমালিকদের তোষণনীতি বন্ধ না ইইলে দেশের মানুষ খাদ্য পাইতে পারে না। এই মূল প্রশাটির সমাধান করিতে না পারিলে কলিকাতা ও মফঃস্বল শহরাঞ্চলে চাউলের চোরাবাজার বন্ধ করার সাধ্য কাহারো নাই, চাউলের কৃত্রিম দুস্প্রাপ্যতা কেহই ঠেকাইতে পারিবে না" (স্বাধীনতা ২৫/২/৫৯)। ফেব্রুনারী মাসের প্রথম দিকে বিধানমণ্ডলীর বাজেট অধিবেশনে ১৫টি মূলতুবী প্রস্তাবের (এর মধ্যে ১০টি কমিউনিষ্ট সদস্যদের) মাধ্যমে বিরোধী সদস্যরা ঠিক এই অভিযোগই উত্থাপন করেছিলেন, "মুনাফাবিরোধী জরুরী আইন প্রবর্তনের পরেই সমগ্র পশ্চিমবাংলার গ্রাম ও শহরাঞ্চলে পাইকারী ও খুচরো বাজারে চাউল দুস্প্রাপ্য ও দুর্মূল্য হইয়া উঠিয়াছে। একদিকে খুচরা বিক্রেতাগণ পাইকারী ব্যবসায়ী ও মিলগুলির নিকট হইতে চাউল পাইতেছেন না, অন্যদিকে খুচরা ক্রেতাদের সরকারি নির্ধারিত দাম অপেক্ষা অনেক বেশী কালোবাজারী দামে চাউল ক্রয় করিতে হইতেছে। কৃষকদের উৎপাদন ব্যয় ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির দামের সহিত সরকার-নির্ধারিত বিক্রয়মূল্যের কোন সামঞ্জস্য নাই। সরকার একদিকে সরাসরি ক্রয় সামান্যই করিতেছেন, অন্যদিকে যথেষ্ট পরিমাণ চাউল সরবরাহে এবং নিয়ন্ত্রণাদেশ ভঙ্গকারী মূনাফাবাজ ব্যবসায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণে সম্পূর্ণ ব্যর্থ হইয়াছেন" (স্বাধীনতা ৪/২/৫৯)।

এই অবস্থায় আশু প্রয়োজন ছিল সর্বস্তারে সর্বদলীয় খাদ্য কমিটি গঠন। কিন্তু ১৯শে জানুয়ারীর খাদ্য উপদেষ্টা বোর্ডের সভাতেও কংগ্রেসী সদস্যদের পীড়াপীড়ির ফলে অন্যান্য স্তারে সর্বদলীয় খাদ্য কমিটি গঠনের বিরোধিতা করে সিদ্ধান্ত গৃহীত হয়।

সরকার শুধু বর্তমান মহকুমা কমিটিগুলিকে অভিপ্রেত ও প্রয়োজন মনে হলে দু জন সদস্য মনোনীত করে সদস্য সংখ্যা বৃদ্ধি করার সিদ্ধান্ত করেন, কিন্তু থানা ইউনিয়ন ও শহরাঞ্চল স্তরে কমিটি গঠনের ব্যাপারে অসম্মতি জানান। ইতিপূর্বে কিন্তু সৃদীর্ঘ বিস্তৃত আলোচনার মধ্য দিয়ে সরকার এই ধরণের কমিটি গঠনের ব্যাপারে মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির সদস্যদের সঙ্গে একমত হয়েছিলেন। ১৯শে জানুয়ারীর সভায় সরকার পূর্ব প্রতিশ্রুতি ভঙ্গ করলেন। মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি এক বিবৃতির মাধ্যমে সরকারি আচরণের প্রতিবাদ জানান।—"কমিটি সমস্ত ঘটনাবলী তীব্র ক্ষোভের সহিত লক্ষ্য করিতেছেন এবং তীব্র প্রতিবাদ ও ধিকার জানাইতেছেন।"

"সরকারের এই সাম্প্রতিকতম কার্যাবলীকে কমিটি পূর্বেকার যে সমস্ত কথা ছিল তাহার সুস্পষ্ট অস্বীকৃতি বলিয়া মনে করেন। খাদ্যের ন্যায় এক মৌলিক সমস্যার সম্মুখীন হওয়ার জন্য যে সহযোগিতা ও যৌথ প্রচেষ্টা এত প্রয়োজন, ইহা দ্বারা তাহাকেই খর্ব করা হইতেছে।"

খোলা বাজারে চালের দুষ্প্রাপ্যতা ক্রমশ অসহনীয় করে তুলল জনজীবন। প্রতিবাদ জানাতে শুরু করল মানুষ। ব্যারাকপুর, দমদম, কসবা, তিলজলা, করিমপুর, ময়নাপুলি, আন্দুল প্রভৃতি স্থানে সভা ও ডেপুটেশনের মাধ্যমে জনমত ঘোষিত হল। খাদ্যের ব্যাপারে খাদ্যমন্ত্রীর কোন সুস্পষ্ট প্রতিশ্রুতি না পাওয়ায় বিরোধীরা বিধানমণ্ডলীর সভা ত্যাগ করলেন। কমিউনিষ্ট পার্টির কলকাতা জেলা পরিষদ আয়োজন করলেন এক গণঅভিযানের। এদের দাবি ছিল (১) অবিলম্বে বাজার থেকে বিক্রয়যোগ্য চাল সংগ্রহ করে সরকারের হাতে স্থায়ী মজুত সৃষ্টি করতে হবে, (২) সরকারকে খুচরা ব্যবসায়ীদের নিকট চাল সরবরাহ করতে হবে, (৩) মূল্য নিয়ন্ত্রণাদেশ বানচালকারীদের বিরুদ্ধে কঠোর শাস্তি প্রয়োগ করতে হবে, (৪) প্রত্যেক ওয়ার্ডে জনপ্রিয় কমিটিকে স্বীকার করতে হবে। ১১ই ফ্বেন্সারী বৃহস্পতিবার বিধানমণ্ডলী অভিমুখে এই গণ-অভিযান পরিচালিত হয়। প্রতিনিধি দলে ছিলেন বিরোধী পক্ষের নেতা শ্রীজ্যোতি বসু। মিছিল যখন রাজভবনের দক্ষিণে উপস্থিত হয় তখন পুলিস মিছিলের গতিরোধ করে। বিধান পরিষদের অভ্যস্তরে কমিউনিস্ট সদস্যরা দাবি করেন যে, অধিবেশন কিছুক্ষণ বন্ধ রেখে খাদ্যমন্ত্রী বাহিরে মিছিসকারী মানুষের সঙ্গে সাক্ষাৎ করুন। কিন্তু সে দাবি প্রত্যাখ্যাত হয়। পরে মুখ্যমন্ত্রী জ্যোতি বসু সহ প্রতিনিধিদলের অন্যান্য নেতৃবৃন্দের সঙ্গে সাক্ষাৎ করে শহরে আঞ্চলিকভাবে নির্বাচিত খুচরা চালের দোকানগুলিতে সরকার সরাসরি চাল সরবরাহ করবেন বলে আশ্বাস দেন এবং এ জন্য তিনি বিরোধীপক্ষের নিকট খুচরা চালের দোকানের একটি তালিকা চান। শুধু কলকাতা নয়, সমসাময়িক সংবাদপত্র থেকে জানতে পারা যায় যে জনগণের ধুমায়িত বিক্ষোভ আন্দোলন রূপলাভ করছিল সারা রাজ্য জুড়ে। হাওড়ায় ৫ সহস্রাধিক নরনারীর জনসভায় খাদ্য সরবরাহের জন্য সুষ্ঠু ব্যবস্থার দাবি জানানো হয়েছিল। 'স্বাধীনতা' পত্রিকা খাদ্য সঙ্কটের কবলে নদীয়া জেলার এক মর্মান্তিক চিত্র তুলে ধরেছিল।

খাদ্য সংকটের আবর্তে নিমজ্জিত গ্রাম বাংলার কিছু তিত্র সংবাদপত্রের পাতা থেকে উদ্ধৃত করা যাক। "পশ্চিমবাংলায় বিভিন্ন অঞ্চল হইতে বিভিন্ন সূত্রে প্রাপ্ত খবরে জানা গেল যে, সর্বত্র, বিশেষ করিয়া গ্রামাঞ্চলে কোথাও কন্ট্রোল দরে চাউল মিলিতেছে না। রেশনের দোকান মারফং যদিও বা কোন কোন অঞ্চল যৎসামান্য চাউল মিলে, তাহাও মানুষের পাতে দেওয়ার মত নয়। তাহা ছাড়া রেশন কার্ড পাইতেও জনসাধারণের নানারকম ঝঞ্জাটের সম্মুখীন হইতে হইতেছে। সর্বত্র ক্রমশই চাউলের দাম বাডিয়া চলিয়াছে। ফলে চারিদিকে হাহাকার উঠিয়াছে" (বসুমতী, ১৫/২/৫৯)। শুধু কী তাই ং রেশন মারফং সরকার যে যংকিঞ্চিং চাল সরবরাহ করছেন তা-ও গ্রহণযোগ্য নয়। — "সুদূর গ্রামাঞ্চলে যাহা হইতেছে তাহাতে এখন আর ততটা তাজ্জব বনিয়া যাওয়ার কিছু নাই। কিন্তু খোদ কলিকাতা ও হাওড়া এবং ইহার পার্শ্ববতী অঞ্চলে চাউল লইয়া যে ধরণের ছিনিমিনি খেলা হইতেছে তাহাতে কোন লোকই তাজ্জব না বনিয়া পারে না। বিভিন্ন অঞ্চলে খোদ্ধ খবর লইয়া জানা গেল যে, ন্যায্যমূল্যের দোকান মারফং যে চাউল দেওয়া হয় তাহা মানুষের খাদ্যের উপযুক্ত নয়। প্রায় সর্বত্র বিভিন্ন ধরণের জিনিস ছাড়াও চাউলের সঙ্গে কালো বিচির ন্যায় এক প্রকার নৃতন ধরণের কাকরও পাওয়া গিয়াছে। রায়ার পরে ভাতের মধ্য হইতে যে ধরণের গন্ধ বাহির হয়, তাহার সহিত যে কোন ধরণের পচা জিনিসের্ব তুলনা চলে। দোকানে জিজ্ঞাসা করিলে বলে যে, সরকার বর্মাই চাউল সরবরাহ করিতেছেন। কালোবাজারে অবশ্য ভাল চাউল মিলে। যদিও তাহা বেআইনী" (বসুমতী ২৭/২/৫৯)।

কিন্তু সরকার নীরব ও বধির। রাজ্য সরকারের সঙ্গে কেন্দ্রীয় সরকারও পশ্চিমবংগে খাদ্য পরিস্থিতি সম্পর্কে আত্মতুষ্ট। 'স্বাধীনতা' পত্রিকা ছাড়াও আনন্দরাজার প্রমুখ ধনিক শ্রেণীর কাগজেই ৮০টি অনাহারে মৃত্যুর ঘটনা প্রকাশিত হয়েছিল। কিন্তু অনাহারে মৃত্যুর সরকারি ভাষ্য ছিল অন্যরূপ। খাদ্যমন্ত্রীর Food Relief and Supply Department-এর রিপোর্টে বলা হয়েছিল যে, গত এক বৎসরে সংবাদপত্রে অনাহারে মৃত্যুর যে সব খবর প্রকাশিত হয়েছে সেগুলি অসত্য। সরকারের দৃষ্টিতে 'অনাহারে' মৃত্যুর দৃষ্টান্ত ছিল না, হাা, ''অপুষ্টি'তে কেউ কেউ মরলেও মরতে পারে।

যাই হোক উপায়ান্তর না দেখে মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি রাজ্যব্যাপী জনমত সংগঠনের উদ্দেশ্যে একটি ব্যাপক কর্মসূচী গ্রহণ করলেন। এই অভিযানের প্রথম পর্যায়ে তাঁরা ১লা মার্চ থেকে কলকাতায় সর্বত্র পথসভা ও জনসভার আয়োজন শুরু করেন। ৪ঠা মার্চ রাজা সুবোধমল্লিক স্কোয়ারে শ্রীহেমন্ত বসু, এম এল এ-র সভাপতিত্বে এবং মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির উদ্যোগে এক বিরাট জনসভা হয়। সভায় বিভিন্ন বক্তা সরকারের অনুসৃত খাদ্যনীতির তীব্র সমালোচনা করে বলেন যে, সরকারের খাদ্যনীতির কবলে পড়ে বহু লোকের অন্নাভাব দেখা দিয়েছে। —"মজুতদারগণ দেশের সমস্ত ধান চাল মজুত করিয়া রাখিয়াছেন। সরকার তাহাদের বিরুদ্ধে কোনরূপ শান্তি প্রদান করিবার ব্যবস্থা করিতেছেন না। তাই আগামী ১১ই মার্চ পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা হইতে কৃষকগণ পদব্রজে কলিকাতায় পৌছিবে ও এক জনসমাবেশে মিলিত হইবে" (বসুমতী, ৫/৩/৫৯)।

# তৃতীয় পৰ্ব

পশ্চিমবংগ সরকার বড়মুখ করে বলেছিলেন যে, আভ্যন্তরীণ সংগ্রহতো তাঁরা করবেনই, বাকী যা ঘাটতি থাকবে তা কেন্দ্রীয় সরকারের মাধ্যমে আসবে উড়িষ্যা প্রভৃতি অন্যান্য প্রদেশ থেকে। কিন্তু এপ্রিল মাস পর্যন্ত বাহির থেকে আমদানীর হিসেব নিলে দেখা যায় : এ পর্যন্ত কেন্দ্রীয় সরকারের মাধ্যমে উড়িষ্যা থেকে এসেছে সাতান্তর হাজার টন চাল, মধ্যপ্রদেশ থেকে সতেরো হাজার টন ধান এবং রাজ্যের আভ্যন্তরীণ সংগ্রহ হল মোট ছত্রিশ হাজার টন চাল ও দুই হাজার টন ধান। অবস্থার সঙ্গে মোকাবিলা করার মত নয় এই সংগৃহীত মোট খাদ্যশস্য। বসুমতীর সম্পাদক ব্যঙ্গ করে লিখলেন : "সরকারের নীতির পরিচয় আমরা উড়িষ্যায় পশ্চিমবঙ্গের জন্য চাউল ক্রয়েই পাইয়াছি। যখন পশ্চিমবঙ্গে অনাহারে লোকের মৃত্যু সংবাদ প্রকাশিত হইতেছে আর ওদিকে উড়িষ্যা মৃতবৎসার স্তনে দুঞ্জের মত অতিরিক্ত চাউলের ভারে পীড়িত, তখন আমরা উড়িষ্যা হইতে চাউল আনিবার ব্যবস্থা করিতে বলিয়াছিলাম" (বসুমতী সম্পাদকীয়, ৯/৪/৫৯)। তা হলে উড়িষ্যার কৃষক কিছু অধিক মূল্য যেমন পেত, তেমনি পশ্চিমবংগে চাল হত সুলভ। কিন্তু সরকার সে ব্যবস্থা অবলম্বন না করে উড়িষ্যার কৃষকের যেমন ক্ষতি করেছেন তেমনি ক্ষতি করেছেন পশ্চিমবংগের মানুবের।

বার্থতাকে বার্থতা বলে স্বীকার করতে তাঁদের লজ্জা। বার্থতাকে ঢাকবার অপপ্রয়াসে তাঁরা তাই আত্মনিয়োগ করেন।

কলকাতা ও শহরতলীতে গোপন মজুত চালের সন্ধানে হঠাৎ হানা দিতে শুরু করল খাদ্য বিভাগের কর্মচারী ও এনফোর্সমেন্ট ব্রাঞ্চের পূলিস। ঘটনাটা শুনতে ভাল। কিন্তু প্রথম কয়েক দিনের অভিযানে মোট কত সংগৃহীত হল। কলকাতা ও হাওড়া জেলায় এই অভিযান থেকে সংগৃহীত হল মাত্র দুই হাজার সত্তর মণ চাল। মুখ্যমন্ত্রী জানালেন যে, খোলাবাজারে মূল্যবৃদ্ধির সংবাদতো তিনি ইতিপূর্বে পাননি, সেজন্য ইতিপূর্বে এহেন অভিযান সংগঠিত করেন নি। অভিযানের ব্যবস্থা আরো আগে করলেই যে অনেক বেশী চাল সংগৃহীত হত সে কথা মনে করা সঙ্গত নয়। কিন্তু এই অভিযানের মধ্য থেকে একটা সত্যই উদঘাটিত হয় যে, গোপন মজুত করা হয়েছে। বলাবাহল্য গোপন মজুত উদ্ধারের যে পন্থা অবলম্বিত হয়েছিল তা যথোপযুক্ত বা প্রকৃষ্ট পছা নয়। চালের মূল্যবৃদ্ধি, দুষ্পাপ্যতা প্রভৃতিকে কেন্দ্র করে মানুষের মনে যে বিক্ষোভ ধূমায়িত হয়ে উঠছে তাকে সাময়িক ভাবে চাপা দেবার জন্যই এই ব্যবস্থা। "বসুমতী" সম্পাদক লিখলেন : "গত শুক্রবার চাউল গম ও আটার গোপন মজুত এবং অতি মুনাফা নিরোধ আইনভঙ্গকারীদের বিরুদ্ধে খাদ্যবিভাগ এবং এনফোর্সমেন্ট পুলিসের युक्ड উদ্যোগে কলিকাতা ও হাওড়ায় যে ব্যাপক অভিযান চালানো হয়, তাহা যদি অনেকের মনে ১৯৪৩ সালে বাংলায় দুর্ভিক্ষের সময় সুরাবদী সাহেবের প্রত্যেক বাড়ীতে তক্তাপোষের নীচে চাউলের সন্ধান করার কথা স্মরণ কারাইয়া দেয়, তাহা হইলে বিস্ময়ের বিষয় হইবে না া—গত শুক্রবার অভিযানের উদ্দেশ্য ছিল, অঘোষিত ও গোপনে মজুত করা চাউলের সন্ধানে লাইসেন্সহীন গুদাম ও দোকান যেমন তল্লাসী করা হয়, তেমনি ব্যবসায়ীদের প্রয়োজনীয় লাইসেন্স আছে কিনা, নির্ধারিত মূল্যে বিক্রিত চাউলের রিটার্ণ দাখিল করা হয় কিনা এবং মজুত চাউলের পরিমাণ কি তাহা নির্ধারণ করা ছিল এই অভিধানের উদ্দেশ্য।—গোপন মজুত সম্বন্ধে সন্ধান করিবার পন্থা কি সে সম্বন্ধে কোন কথা বলিবার অধিকার আমাদের নাই। কিন্তু পুলিস বিভাগ পন্থা জানে বলিয়াই আমরা মনে করি" (বসুমতী ১১/৫/৫৯)। ঠিক কথা, পুলিস বিভাগ পন্থা জানতেন, কিন্তু তাকে প্রয়োগ করার ক্ষেত্রে ছিলেন অপারগ। "যুগান্তর" পত্রিকায় সমসাময়িক কালে মন্তব্য করা হয় : পশ্চিমবংগে চোরা কারবার দমনে স্বরাষ্ট্র দপ্তর ব্যর্থ—এটা হল দ্বিধাবিভক্ত পুলিশ শাসনের অনিবার্য পরিণতি (যুগান্তর >8/4/4>)1

এই রকম পরিস্থিতিতে দ্রব্যমূল্য ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির পক্ষ থেকে শ্রীজ্যোতি বসু, শ্রীহেমন্ত বসু, শ্রীনিরঞ্জন সেন, শ্রীমাখন পাল, শ্রীতারা দত্ত, শ্রীনীহার মুখার্জী প্রমুখরা এক বিবৃতিতে বললেন—"খোলাবাজারে চাউলের দুষ্প্রাপ্যতা, চাউলের ক্রমবর্দ্ধমান মূল্যবৃদ্ধি প্রভৃতির ফলে সারা রাজ্যে শস্যের ব্যাপারে যে সংকটজনক পরিস্থিতির উদ্ভব হইয়াছে তাহাতে দ্রব্যমূল্য বৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি উদ্বেগ প্রকাশ করিতেছে। খাদ্যাবস্থায় এইরূপ অবনতি ঘটায় শহর ও গ্রামাঞ্চলের মানুষের দুর্গতি বৃদ্ধি পাইয়াছে এবং উহা ক্রমশঃ ব্যাপক ও তীব্র আকার ধারণ করিতেছে। প্রসঙ্গত ইহা উল্লেখযোগ্য যে পশ্চিমবঙ্গ মূনাফা রোধ আইন ও ধান চাউলের মূল্য নিয়ন্ত্রণ আদেশ গত কয়েকমাস যাবৎ রাজ্যব্যাপী চালু ও বলবৎ রহিয়াছে। ইহা লক্ষণীয় বিষয় যে, ব্যবসায়ীরা এই সমস্ত আইন ও আদেশকে লঙ্ঘন ও ফাঁকি দিয়া তাহাদের অসাধু কার্যকলাপ চালাইয়া যাইতেছে এবং জনসাধারণকে অবর্ণনীয় দুঃখ দুর্দশার মধ্যে ঠেলিয়া দিয়াছে। কলিকাতা ও শিল্পাঞ্চলে চাউলের দাম মণ প্রতি গড়ে তিন-চার টাকা বৃদ্ধি পাইয়াছে এবং অন্যত্র আরো চড়া দামে বিক্রয় হইতেছে। বিভিন্ন জেলায় চাউলের দুষ্পাপ্যতা তীব্র আকার ধারণ করিয়াছে এবং অপর দিকে সংশোধিত রেশনিং ব্যবস্থা আদৌ নিয়মিত ও পর্যাপ্তভাবে চালু নহে। সাথে সাথে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি পাইয়াছে। এইরূপ এক অবস্থায় রাজ্য খাদ্যমন্ত্রী যে উদাসীন ও আত্মসন্তুষ্টির মনোভাব অনুসরণ করিতেছেন তাহা অতীব নিন্দনীয় ও পরিতাপের বিষয়। খাদ্যমন্ত্রী অবস্থার গুরুত্ব উপলব্ধি করিতে পারিতেছেন না। কমিটির ঘোরতর আশংকা রহিয়াছে যে, খাদ্যমন্ত্রীর এইরূপ হাদয়হীন মনোভাব ও বাজার বর্জিত নীতি রাজ্যের জনসাধারণকে এক শোচনীয় পরিস্থিতির মুখে ঠেলিয়া দিবে। দ্রব্যমূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি ও বিরোধী দলসমূহ বহু পূর্ব হইতে খাদ্যে বিপুল ঘাটতির দরুণ সংকটজনক পরিস্থিতির আশংকা করিয়া কিছু সুচিন্তিত মত যথা ঃ খোলা বাজারে চাউল সংগ্রহ, পাঁচ লক্ষ টন চাউলের স্টক রাখা, চাউল কলগুলির উপর শতকরা ৫০ ভাগ লেভি করা প্রভৃতি রাজ্য সরকার, বিধানসভা ও রাজ্য খাদ্য উপদেষ্টা বোর্ডের নিকট উপস্থিত করিয়াছিলেন। অপরদিকে কমিটি খাদ্য সমস্দর সুষ্ঠু ও সন্তোষজনক সমাধানের জন্য সর্বস্তরে সর্বদলীয় খাদ্য কমিটি গঠনের দাবি করেন। কিন্তু অতীব দুঃখের ও ক্ষোভের বিষয় যে, দলীয় রাজনীতির দ্বারা চালিত হইয়া সরকার এই সমস্ত বক্তব্যকে আমল দেওয়া প্রয়োজন মনে করেন নাই। সরকারের এইরূপ অসহযোগিতামূলক ও দলীয় মনোভাবের প্রতিবাদে কমিটি

খাদ্য উপদেষ্টা বোর্ডের সভা বর্জন করিতেছেন। কমিটির সুস্পষ্ট অভিমত বর্তমান খাদ্য পরিস্থিতির অবনতির জন্য সরকারি নীতি ও মনোভাব সম্পূর্ণরূপে দায়ী। সমস্ত অবস্থার গুরুত্ব বিবেচনা করিয়া কমিটি সরকারকে অনতিবিলম্বে খোলা বাজারে নিয়ন্ত্রিত মূল্যে চাউল সরবরাহের ও অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের দাবি জানাইতেছে। কমিটি সংশোধিত রেশনিং ব্যবস্থা ব্যাপক ও নিয়মিত ভাবে চালু করার দাবি জানাইতেছে। কমিটি সরকারের আচরণ ও কার্যপদ্ধতি সম্পর্কে যে তিক্ত অভিজ্ঞতা রহিয়াছে তাহা স্মরণ করিয়া জনসাধারণকে এই বিষয় সজাগ ও সতর্ক করিয়া দিতেছে এবং খাদ্যাবস্থার অবনতি রোধের জন্য এবং ন্যায্য দাবি দাওয়া আদায়ের জন্য রাজ্যব্যাপী প্রবল জনমত ও আন্দোলন গড়িয়া তুলিবার আহ্বান জানাইতেছে" (বসুমতী ১৩/৫/৫৯)।

২৭শে মে তারিখে মৃল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি আবার একটি বিবৃতি দেন। পূর্বোক্ত তেরোই মের বিবৃতিতে সামগ্রিকভাবে সমগ্র চিত্রটি তুলে ধরা ও সমগ্র রাজ্য জুড়ে এক প্রবল বিপর্যয়ের আশংকা করা সম্বেও রাজ্য সরকার খাদ্যাবস্থার অবনতিরোধে সুদৃঢ় কোন পদক্ষেপ গ্রহণ করতে উদ্যোগী হন নি। গোপন মজুত উদ্ধারের লোক দেখানো খেলা খেলে বাজীমাৎ করতে চাইছিলেন তাঁরা। স্বয়ং খাদ্যমন্ত্রী চোদ্দই মে আকস্মিকভাবে সতেরোটি সস্তা দঙ্গের দোকান পরিদর্শন করেছিলেন। এও ছিল স্টান্ট। যেহেতু মূল সমস্যাটি ছিল ভিন্ন, এবং স্বাভাবিকভাবেই স্বীয় শ্রেণীস্বার্থকে লব্দ্যন করে মূল সমস্যার সমাধানের জন্য তাঁরা উদ্যোগী হতে পারেন নি। যাই হোক ২৭শে মে পুনরায় মূল্য বৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি দৃংখ প্রকাশ করে আবার একটি বিবৃতি দিলেন। এই বিবৃতিতে তাঁরা সুস্পষ্টভাবে দাবি করলেন ঃ (এক) সংশোধিত রেশনিং মারফত রাজ্যব্যাপী সর্বস্তরের জনসাধারণকে সাড়ে সতের টাকা মণ দরে চাল সরবরাহ করতে হবে। (দুই) সংশোধিত রেশনিং ব্যবস্থা ব্যাপকভাবে চালু করতে হবে। (তিন) খুচরা দোকান মারফত খোলাবাজারে নিয়মিত নিয়ন্ত্রিত মূল্যে চাল সরবরাহ করতে হবে। (চার) চাল কলগুলির উপর শতকরা পঞ্চাশ ভাগ লেভি বসাতে হবে। (পাঁচ) পাঁচ লক্ষ টন খাদ্য মজুত করতে হবে। (ছয়) পর্যাপ্ত কেন্দ্রীয় সাহায্যের ব্যবস্থা করতে হবে। (সাত) ব্যাপকভাবে মাথাপিছু দৈনিক দেড় টাকা হাবে সপ্তাহব্যাপী টেস্ট রিলিফ চালু করতে হবে। (আট) দৃংস্থ ব্যক্তিদের খয়রাতি সাহায্য দিতে হবে। (নয়) সর্বস্তরে সর্বদলীয় কমিটি গঠন করতে হবে।

মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি এই দাবিগুলি উচ্চারণ করার সঙ্গে সক্ষে সুস্পষ্টভাবে এ কথাও জানিয়ে দিল যে, এই সব ব্যবস্থা যদি অবিলম্বে অবলম্বিত না হয় তবে ব্যাপকতর আন্দোলন করা হবে। বর্তমানে শুরু হবে প্রচার ও স্থানীয় ভিত্তিতে আন্দোলন। বলাবাছল্য, সরকারের নীরবতা যথাপূর্বং তথা পরং। জুন মাসের দুই তারিখে রাজ্য খাদ্য উপদেষ্টা বোর্ডের সভাতে খাদ্যমন্ত্রী বিরোধীদের সমস্ত দাবি অগ্রাহ্য করেন এবং—"গম খাবার উপদেশ দিয়ে বলেন যে তাহলেই চালের দাম কমবে" (স্বাধীনতা ৩/৬/৫৯)।

# চতুৰ্থ পৰ্ব :

খাদ্যমন্ত্রীর পরে এবার আসরে নামলেন স্বয়ং মুখ্যমন্ত্রী। রাজ্যের খাদ্য পরিস্থিতি সম্পর্কে এক বিবৃতিতে তিনি জানালেন—"এ যাবৎ চাউল কলগুলির নিকট হইতে উৎপন্ন চাউলের শতকরা পাঁচিশ ভাগ সংগ্রহের ব্যবস্থা চলিতেছিল। জেলা অফিসারদিগকেও বড় বড় মজুতদারদের নিকট হইতে চাউল ও ধান রিকুইজিশন করার নির্দেশ দেওয়া হইয়াছে, তাহা ছাড়া, কেন্দ্রীয় সরকার উড়িষ্যা ও মধ্যপ্রদেশ হইতে আমাদের জন্য ধান সংগ্রহ করিয়াছেন। পশ্চিমবংগে দশ হাজার সস্তা দরের দোকান আছে। এই সকল দোকানের মাধ্যমে প্রচুর চাউল সরবরাহ করা সত্তেও দর স্থিতিশীল হয় নাই। এ বৎসরের প্রথম তিন মাসে চাউলের দর দাঁড়াইয়াছিল একুশ টাকায় এবং মে মাসে দর বৃদ্ধি পাইয়া সমগ্র পশ্চিমবংগে বাইশ টাকা পাঁচান্তর পয়সা দাঁড়ায় বলিয়া খাদ্য বিভাগের হিসাবে জানানো হয়; অথচ গত বৎসর ঐ সময় চাউলের দর ছিল চব্দিশ টাকা ছেচল্লিশ পয়সায়। হিসাব পরীক্ষা করিয়া জানা গিয়াছে যে গত বৎসর ও বর্তমান বৎসরের দরের মধ্যে এই যে পার্থক্য তাহা সমস্ত জেলায় সমানভাবে দেখা যায় নাই। কাজেই দেখা যাইতেছে যে, যদিও পশ্চিমবংগে চাউলের গড়পড়তা দর এখনও গত বৎসরের তুলনায় কম, কিন্তু তাহা সত্তেও খাদ্য পরিস্থিতি যাহাতে খারাপ না হয় তজ্জন্য ব্যবস্থা অবলম্বন করা দরকার বলিয়া বোর্ড মনে করেন" (বসুমতী ৫/৬/৫৯)। মুখ্যমন্ত্রীর এই বিবৃতিটি চাতুর্যপূর্ণ। বর্তমান পরিস্থিতি সম্পর্কে এই বিবৃতিতে কোন তথ্যের উল্লেখ নেই। শুধু তাই নয়, সরকারি পরিসংখ্যানের কারসাজিতে চালের

মূল্য কম করেও দেখানো হয়েছিল। "খাদ্যের মূল্য নিয়ন্ত্রণের ব্যর্থতার জন্য জনসাধারণই দায়ী"—এই ছিল মুখ্যমন্ত্রী তথা পশ্চিমবংগ সরকারের মহামূল্যবান আবিদ্ধার (স্বাধীনতা ৪/৬/৫৯)। খাদ্য উপদেষ্টা কমিটির সভাতেও 'অবস্থা সংকটজনক'—খাদ্যমন্ত্রীর এই স্বীকৃতি সত্ত্বেও বিরোধী সদস্যদের প্রস্তাব গৃহীত হয়নি। প্রসঙ্গত উল্লেখযোগ্য যে বিরোধী সদস্যরা প্রায় তিন মাস খাদ্য ও ত্রাণ উপদেষ্টা কমিটি বয়কট করে ২রা জুনের সভায় যোগ দেন। বোর্ডের নিকট তাঁদের প্রথম প্রস্তাব ছিল চালকলগুলি থেকে উৎপন্ন চালের ২৫% নয়, ৫০% সংগৃহীত হোক; কিন্তু কংগ্রেসী সদস্য তথা মুখ্যমন্ত্রীর ধারণা, তা করলে —"বাজার দর বৃদ্ধি পাইতে পারে।" দ্বিতীয় প্রস্তাব : মজুত ধান চাল সংগ্রহের জন্য সর্বদলীয় কমিটি গঠন করা হোক, কিন্তু সরকার পক্ষের ধারণা, "জেলাগুলিতে ওইরূপ কমিটি সমস্যা সমাধানের খুব সহায়ক হইবে না।" সরকার পক্ষ কিন্তু "বিশেষ বিবেচনার যোগ" বলে যে প্রস্তাব গ্রহণ করেন তা ছিল অকিঞ্ছিৎকর। এক্ষেত্রে চালের বদলে গম ও গমজাত দ্রব্য ব্যবহারে মানুষকে অধিক অভ্যস্ত করার প্রসঙ্গ উত্থাপিত হয়েছিল। সোৎসাহে মুখমন্ত্রী বললেন, "লোকে যদি বেশী গম খায় তাহা হইলে চাউলের দাম হয়ত কমিয়া যাইবে।"

বাস্তব সত্যকে অস্বীকার করে খাদ্যমন্ত্রী, মুখ্যমন্ত্রী তথা পশ্চিমবংগ রাজ্য মন্ত্রীসভা অগ্রসর হতে চাইছিলেন। অবিলম্বেই ফলল সেই ভ্রান্ত নীতির ফল। "বিপর্যয়ের পটভূমিকা" শীর্ষক সম্পাদকীয়তে "যুগান্তর" পত্রিকা লিখলেন—"সরকারের খাদ্যনীতিতে এবং খাদ্যনীতি পরিচালনা ব্যবস্থায় আত্মঘাতী ক্রটি বিচ্যুতির জন্য পশ্চিমবাংলা রাজ্যে আবার একটা ভয়াবহ বিপর্যয়ের পটভূমিকা তৈরী হইতেছে। ভিক্ষার আশায় কলিকাতার পথে পথে নিরন্ন চাষীর ও ভূমিহীন দিনমজুরের ইহারই সুস্পষ্ট লক্ষণ। ১৯৪৩ সালে মন্বন্তরের প্রাক্কালেও এরকম দৃশ্য দেখা গিয়াছিল" (যুগান্তর, ১০/৬/৫৯)। গত শতাব্দীতে Famine Commission দুর্ভিক্ষের লক্ষণ প্রসঙ্গে বলেছিলেন ঃ

Any unusual or aimless wandering of men in search of food is a sure sign that famine has already begun. The wandering in masses or groups of people, who are not in the habit of migrating, is a certain sign that relief has been long delayed in the places from which they come.

অর্থাৎ যখন খাদ্যের অভাবে মানুষ স্থান থেকে স্থানান্তরে ঘুরে বেড়ায় তখন বুঝত হবে যে দেশে দুর্ভিক্ষ এসেছে। ১৯৫৯ সালের জুন মাসের মাঝামাঝি সময় থেকে কলকাতার রাজপথে দেখা যেতে লাগল এই চিত্র, এই বুভুক্ষু মানুষের ভিড়, তাঁদের করুণ আর্তনাদ। বিশেষতঃ এই মিছিলের মধ্যে বেশী ছিল রিক্তবিত্ত চবিবশ পরগণার কয়েক হাজার মানুষ। চবিবশ পরগণা জেলা কংগ্রেসের হিসাব মতে প্রতিদিন গড়ে তিন হাজার মানুষ 'অয়ের সন্ধানে' কলকাতা মুখী। "দুর্ভিক্ষের পদধ্বনি" শীর্ষক সম্পাদকীয়তে "বসুমতী" পত্রিকায় তীব্র বিদ্রুপের সঙ্গে দার্জিলিং প্রবাসী রাজ্য মন্ত্রীমণ্ডলীর নীরবতাকে বিদ্ধ করা হল। "অন্যের সন্ধানে" শীর্ষক সম্পাদকীয়তে "যুগান্তর" পত্রিকা সমবেদনার সঙ্গে মানুষের অসহায়তার চিত্র তুলে ধরলেন, "স্বাধীনতা" পত্রিকায় "অমার্জনীয় অপরাধ", "অন্য পথ নাই", "প্রতিরোধের ঝড় তুলুন" প্রভৃতি সম্পাদকীয়গুলির মধ্যে সরকারি নীতি ও প্রচেষ্টার অস্তঃসারশূন্যতার চিত্র তুলে ধরে মানুষকে প্রতিবাদে-প্রতিরোধে সামিল হবার আহান জানানো হল। মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটিও সংঘটিত করছিলেন প্রচার। বিপর্যয়ের পটভূমিকা যেমন তৈরী হচ্ছিল তেমনি অন্যদিকে শহর, শহরতলী ও গ্রামাঞ্চলে মানুষের প্রতিবাদের ভাষা মুখর হয়ে উঠছিল। ঠিক এই কারণেই দার্জিলিং প্রবাসী মন্ত্রীদের মধ্যে দেখা দিল গভীর উদ্বেগ। তড়িঘড়ি তাঁরা ফিরে এলেন কলকাতায়।

অতঃপর পশ্চিমবংগ সরকারের বিপর্যয়মুখীন খাদ্যনীতি কোন্ পথে সংশোধিত হবে সে সম্বন্ধে জুন মাসের তেরোই তারিখে রাইটার্স বিল্ডিং-এ এক উচ্চ পর্যায়ের বৈঠক আহুনে করলেন। কেন্দ্রীয় সরকারের প্রতিনিধি শ্রীবি. বি. ঘোষও এই সভায় উপস্থিত ছিলেন। প্রথম দিনের আলোচনায় ঠিক হল : নৃতন খাদ্যনীতিতে বন্টন ব্যবস্থার উপর জোর দেওয়া হবে ; স্বীকার করা হল—(ক) নায্য মূল্যের দোকান থেকে চাল আটা অদৃশ্য পথে কালোবাজারে মজুত হয়, (খ) কেন্দ্রীয় সরকার প্রতিশ্রুতি মত সাহায্য করলেও অবস্থার আশানুরূপ উন্নতি হয়নি, (গ) চবিশ পরগণার মত বীরভূমের অবস্থাও সঙ্গীন। দ্বিতীয় দিনের আলোচনায় কিন্তু কেন্দ্রীয় সরকারের প্রতিনিধির সঙ্গে রাজ্য সরকারের মুখপাত্রদের মতবিরোধ দেখা দিল—"কেন্দ্রীয় খাদ্যদপ্তর পশ্চিমবংগে চাউলের মূল্য নিয়ন্ত্রণাদেশ এবং বন্টন ব্যবস্থা কতটা শিথিল করিয়া দিয়া স্বাভাবিক বাণিজ্য ও কেনাবেচার পথ প্রস্তুত করার জন্য প্রস্তাব করিয়াছেন। অন্যদিকে রাজ্য সরকারে এই প্রস্তাবটি গ্রহণ করিতে অসম্মতি দেখাইতেছেন। কারণ, তাঁহাদের মতে এখন ওই নীতি পরিবর্তন ঘটাইলেই সরকারের দুর্বলতা তো দেখান হইবেই,

চাউল ব্যবসায়ীদের নিকট উহা গভর্ণমেন্টের পরাজ্ঞয়ের সামিল ইইবে"(যুগান্তর, ১৫/৬/৫৯)। কিন্ত এক এক করে পঞ্চম দিবসও অতিক্রান্ত হল। আলোচনা থেকে পৌঁছানো গেল না কোন সিদ্ধান্তে। খাদ্যমন্ত্রী উনিশে জুন এক সাংবাদিক সম্মেলনে বললেন যে, কতকণ্ডলি বিশেষ কারণের জ্বন্য বড় বড় মজুতদারদের চাল মজুত করার ক্ষমতা বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। খোলা বাজারে চালের দাম কোন কোন জেলায় আরো বৃদ্ধি পেয়েছে। খাদ্যমন্ত্রী জানান যে, কেন্দ্রীয় সরকারের প্রতিনিধি শ্রীবি. বি. ঘোষ গত ছয় দিন ধরে রাজ্যের খাদ্য পরিস্থিতি আলোচনার পর দিল্লী চলে গেছেন, তিনি রিপোর্ট পেশ করবেন এবং এরপর কেন্দ্রীয় সাহাযের পরিমাণ ঘোষিত হবে। শ্রীঘোষের রিপোর্টে কিন্ত পশ্চিমবংগের খাদ্য প্রশাসন ব্যবস্থার গভীর অসন্তোষ প্রকাশ করা হয়েছিল। যাই হোক, কেন্দ্রীয় সরকার পশ্চিমবংগকে আরো আড়াই লক্ষ টন খাদ্য দানে সম্মত হলেন।

পশ্চিমবংগ সরকার সাময়িকভাবে মূল্য নিয়ন্ত্রণাদেশ বাতিল করার সিদ্ধান্ত গ্রহণ করলেন। —"১৯৫৯ সালের পয়লা জানুয়ারী তারিখে পশ্চিমবংগে ধান চাউলের মূল্য নিয়ন্ত্রণ করিয়া এবং চাউল কলগুলির উপর শতকরা পঁচিশ ভাগ লেভি আরোপ করিয়া যে আদেশ জারী করা ইইয়াছিল পশ্চিমবংগ সরকার তাহা সাময়িকভাবে রদ করার সিদ্ধান্ত বংরিয়াছেন। মুখ্যমন্ত্রী ডাঃ রায় বলেন, চাউল কলগুলি হইতে লেভি করিয়া এবং মূল নিয়ন্ত্রণের আদেশ জারি করিয়া সরকারের হাতে যথেষ্ট পরিমাণ শস্যের সঞ্চয় গড়িয়া তোলা যায় নাই। তিনি বলেন, ইহা স্পষ্ট যে, সরকার বাধ্যতামূলকভাবে সামগ্রিক সংগ্রহ ও পুরোপুরি রেশনিং চালু না করিলে এই সব ব্যবস্থার দ্বারা খাদ্য সমস্যার সমাধান হইবে না" (যুগান্তর, ২৩/৬/৫৯)। সরকারের তরফ থেকে আহুত এক সাংবাদিক সম্মেলনে নিম্নলিখিত বিবৃতি দেওয়া হল। —"পশ্চিমবংগ সরকার বর্তমান খাদ্য পরিস্থিতিতে বিশেষ উদ্বিগ্ন ইইয়াছেন এবং কিছুকাল ধরিয়া সমগ্র বিষয়টিকে বিভিন্ন দৃষ্টিকাণ ইইতে পরীক্ষা করিয়া চলিয়াছেন। এখন তাঁহারা এই বিষয়ে ভারত সরকারের সঙ্গে সামগ্রিকভাবে আলোচনা করিবার সুযোগ পাইয়াছেন। অস্বাভাবিক অনাবৃষ্টির দরুণ এই বংসর দুর্ভাগ্যক্রমে পশ্চিমবংগে খাদ্যশস্য উৎপাদনে বৃদ্ধি পরিলক্ষিত হয় নাই। বাস্তবিক এই বংসর গত বংসর অপেক্ষাও উৎপাদন কম হইয়াছে। বংসরটি শুধু পশ্চিমবংগের পক্ষে নহে, সমগ্র ভারতের পক্ষেই দুর্বৎসর।"

চমৎকার বিবৃতি। স্বীয় অক্ষমতার সমৃহ দায় প্রকৃতির স্কন্ধে অর্পিত, যেহেতু মুক প্রকৃতি তো কখনো মুখর হবে না প্রতিবাদে মানুষের মতো। মূল্য নিয়ন্ত্রণ সম্পর্কে সরকারি নীতি সমালেচনায় যোগ সন্দেহ নাই। কিন্তু নিয়ন্ত্রণ নীতি ঘোষিত হবার ছয় মাস পরেই তা বাতিল করা হল কেন? এবং কোন অবস্থায় এই নিয়ন্ত্রণাদেশ বাতিল করা হল? বিরোধী দলের নেতা শ্রীজ্যোতি বসু সেদিন এই প্রশ্নটি উত্থাপন করেছিলেন। শ্রীবসু বলেছিলেন যে, খাদ্যশস্য যখন মজুতদার ও বড় বড় ব্যবসায়ীরা মজুত করে ফেলেছেন তখন অকস্মাৎ রাজ্য সরকার মূল্য নিয়ন্ত্রণ আদেশ সাময়িকভাবে প্রত্যাহার করলেন; এর দ্বারা মজুতদারদেরই সাহায্য করা হল। বলা বাছল্য, বিধানসভানা ডেকে, বিরোধীদলের সঙ্গে আলোচনা না করেই একতরফা ভাবে সরকারপক্ষ এই সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন।

সেদিন কংগ্রেস দলের একাংশও কিন্তু কংগ্রেস পরিষদীয় দলের সভাতে খাদ্য প্রসঙ্গে সরকারি ব্যর্থতার উল্লেখ করে, খাদ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করেছিলেন (যুগান্তর ২৩/৬/৫৯)।

#### পঞ্চম পর্ব

সরকারের জনস্বার্থ বিরোধী খাদ্যানীতির বিরুদ্ধে প্রজা সমাজতন্ত্রী দল ব্যতীত অন্য বামপন্থী দলগুলিকে নিয়ে গঠিত মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির আহানে পঁচিশে জুন বৃহস্পতিবার কলকাতা এবং শিল্পাঞ্চলগুলি সহ সমগ্র পশ্চিমবংগে স্বতস্ফুর্ত হরতাল পালিত হয়। এইদিন সকাল হয়টা থেকে বিকেল হয়টা পর্যন্ত সমস্ত প্রকার যানবাহন চলাচল, বাজার, দোকানপাট, শিক্ষায়তন, অফিস আদালত, কলকারখানা, কলকাতা ডক ও পোর্ট এলাকার কাজ, সিনেমা, হোটেল এমন কি চায়ের দোকান পর্যন্ত বন্ধ থাকে। সংবাদপত্রের রিপোর্টারের অভিমত—"সাম্প্রতিককালে এরূপ স্বতঃস্ফুর্ত হরতাল পালন বহুদিন নগরীতে পরিলক্ষিত হয় নাই। বাংলায় জাগ্রত জনগণ এই স্বতঃস্ফুর্ত হরতালের মধ্য দিয়া তাঁহাদের সুস্পন্ত অভিমত ও প্রতিবাদ জ্ঞাপন করেন। অধিকাংশ সওদাগরী ও বেসরকারি অফিসসমূহ সম্পূর্ণ বন্ধ থাকে। সরকারি অফিস ও আদালত সমূহ খোলা থাকিলেও অতি অল্পসংখ্যক কর্মচারী কাজে যোগদান করেন। পশ্চিমবংগের কয়েকজন

মন্ত্রীকে পুলিশের সাহায্য লইয়া রাইটার্স বিল্ডিংস-এ আসিতে হয় বলিয়া সংবাদ পাওয়া যায়। সামান্য কয়েকটি ব্যবসা প্রতিষ্ঠানে আংশিক ধর্মঘট হয়। এইসকল প্রতিষ্ঠানের শ্রমিক ইউনিয়নগুলি প্রজা সমাজতন্ত্রী দলের পরিচালনাধীন। এই দিনের হরতালের বৈশিষ্ট্য হইতেছে—কোথাও কোন পিকেট করিতে হয় নাই" (বসুমতী, ২৭/৭/৫৯)। পঁটিশে জুন হরতাল পালনের পর কলকাতার সুবোধ মল্লিক স্কোয়ারে শ্রীত্রিদিব চৌধুরী এম. পির সভাপতিত্বে মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির উদ্যোগে একটি জনসভা হয়। সভায় বিভিন্ন বামপন্থী নেতৃবর্গ এই মত ব্যক্ত করেন যে, সরকারকে জনস্বার্থবিরোধী খাদ্যনীতি পরিবর্তনে বাধ্য করবার জন্য তাঁরা যে সংগ্রাম শুরু করেছেন, হরতালেই তা শেষ হবে না। প্রয়োজন হলে আইন অমান্যের পথে সরকারকে অচল করে দেবার পথও তাঁরা গ্রহণ করতে পারেন।

জুন মাসের শেষ সপ্তাহে অনুষ্ঠিত কমিউনিষ্ট পার্টির পশ্চিমবংগ রাজ্য পরিষদের অধিবেশনেও বৃহত্তর সংগ্রামের প্রস্তাব গৃহীত হয়। এই অধিবেশনে কার্যনির্বাহক কমিটির সদস্যগণ ব্যতীত বিভিন্ন জেলার প্রতিনিধিরাও অংশগ্রহণ করেছিলেন। সভায় বিভিন্ন জেলার খাদ্য পরিস্থিতি এবং কৃষক-শ্রমিক-মধ্যবিত্ত জনসাধারণের বিভিন্ন অংশের চরম দুরাবস্থার কথা বিভিন্ন প্রতিনিধির রিপোর্টে আলোচিত হয়। সামগ্রিকভাবে পরিস্থিতির বিশ্লেষণের পর অধিবেশন থেকে সিদ্ধান্ত হয় যে সারা রাজ্যব্যাপী সংগ্রামের জন্য স্বেচ্ছাসেবক সংগ্রহ করতে হবে। অবিলম্বে শহরে ও গ্রামে কোর্ট কাছারী, বি ডি ও প্রভৃতি সরকারি অফিস এবং সরকারি প্রতিনিধিদের দপ্তরগুলির কাজকর্ম অচল করে দেবার জন্য পিকেটিং অবস্থান, ঘেরাও, মিছিল ও সমাবেশের জন্য প্রস্তুতি চালাতে হবে। খাদ্য চাই, দর কমাও, সকলকে আংশিক রেশনের খাদ্য নিয়মিতভাবে দাও, মজুত ধর প্রভৃতি দাবি পূরণ কর, নতুবা গদি ছাড় প্রভৃতি রণধ্বনিতে সংগ্রাম মুখর করে তুলতে হবে।

পয়লা জুলাই অনুষ্ঠিত মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির জরুরী সভাতে ও সরকারের জনস্বার্থবিরোধী খাদ্যনীতির বিরুদ্ধে রাজ্যব্যাপী আন্দোলনের অগ্রগতি সম্বন্ধে পর্যালোচনা করা হয় এবং আন্দোলনকে জোরদার করার জন্য সংগ্রামের বিভিন্ন ধাপ সম্পর্কেও বিবেচনা করা হয়। আলোচনান্তে সভা সঠিকভাবেই এই সিদ্ধান্তে উপনীত হয় যে, খাদ্য পরিস্থিতির আরও অবনতি হয়েছে এবং মূল্য নিয়ন্ত্রণাদেশ প্রত্যাহার করার অবশ্যম্ভাবী ফল হিসেবে চালের আরও মূল্যবৃদ্ধি হয়েছে। কমিটি লক্ষ্য করেছে যে খোলাবাজারে চাল আসার সঙ্গে সঙ্গে অসৎ কারবারীরা সরকারের "মজুতদারের নিকট আত্মসমর্পণে"র নীতির সুযোগ নিয়ে নিয়ন্ত্রণাদেশ প্রত্যাহারের পূর্বেকার দামের অনেক বেশী দামে চাল বিক্রি করছে। অন্যদিকে আংশিক রেশনিং ব্যবস্থাও মোটেই পর্যাপ্ত নয় এবং বিশেষ করে গ্রামাঞ্চলে রেশন সরবরাহ অনিয়মিত এবং সরকার সমগ্র রাজ্যে সমস্ত শ্রেণীর লোককে কমপক্ষে দেড় সের চাল ও এক সের আটা সরবরাহ গ্যারান্টি করাতে মোটেই প্রস্তুত নন। সঠিকভাবে কমিটি মনে করেছিলেন যে, "সরকার যতদিন মুনাফাকারীর সমর্থনকারী নীতি অনুসরণ করিবে এবং মুনাফাবাজ ও মজুতদারদের বাজারগুলিকে একচেটিয়া কর্তৃত্বাধীনে আনিতে দিবে ততদিন কেন্দ্রীয় সাহায্যের কোটা আরও বাড়াইলেও পরিস্থিতির কোন উন্নতি ঘটিবে না" (স্বাধীনতা ৩/৭/৫৯)। বলাবাছল্য, এই ক্রমবর্ধমান আন্দোলনকে পর্যুদ্ধন্ত করার জন্য প্রজা সোসালিস্ট পার্টির সঙ্গে কংগ্রেস বিভেদমূলক পন্থা অবলম্বন করেছিল, কিন্তু জাগ্রত গণচেতনা এই ষডযন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিল।

মূল্যবৃদ্ধি এবং দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির ছয়ই জুলাইয়ের সভাতে ভবিষ্যৎ আন্দোলনের রূপরেখা সম্বন্ধে আলোচনা হয়। তাঁদের মূল সিদ্ধান্ত হল ঃ "বৃহত্তর গণসংগ্রামের মাধ্যমে সরকারকে খাদ্য সম্পর্কে জনসাধারণের ন্যায্য দাবি মানিয়া লইতে বাধ্য করিতে হইবে" (স্বাধীনতা, ৭/৭/৫৯)। কারণ সাধারণ ধর্মঘট ও হরতালের মাধ্যমে জনসাধারণ তাঁদের ব্যাপক বিক্ষোভ ব্যক্ত করলেও সরকার তাঁর জনস্বার্থবিরোধী খাদ্যনীতি পরিবর্তনের কোন উদ্যোগ দেখান নি। সেইজন্যই সিদ্ধান্ত হয় যে, আগামী আগস্ট মাসে ব্যাপকভাবে গণ আইন অমান্য, প্রশাসনিক ক্ষেত্রে অচলাবস্থার সৃষ্টি, লাগাতার সাধারণ ধর্মঘট প্রস্তুতির মাধ্যমে বৃহত্তর সংগ্রাম পরিচালিত হবে। এই সকল কর্মসূচীকে কার্যকরী করার জন্য কেন্দ্রীয় ও স্থানীয় ভিত্তিতে অবিলম্বে কমিটি পঞ্চাশ হাজার স্বেছাসেবক সংগ্রহ করবেন। কমিটির অন্তর্ভুক্ত দলগুলি ও অধক্তন কমিটিগুলিকে এই পরিপ্রেক্ষিতে সম্ম্বেলন করার নির্দেশ দেওয়া হবে। ট্রেড ইউনিয়ন এবং অন্যান্য গণসংগঠনগুলি যাতে এই সংগ্রামে প্রত্যক্ষভাবে অংশগ্রহণ করে তাঁর জন্য কমিটি আলাপ আলোচনা চালাবে। কমিটি মনে করে যে, এই বৃহত্তর সংগ্রামের গুরুত্বপূর্ণ অঙ্ক হিসেবে মহকুমা ও অন্যান্য সরকারি দপ্তরের নিকট স্বারকলিগি পেশ, অবরোধ, ঘেরাও, অবস্থান ধর্মঘট প্রভৃতির মাধ্যমে স্থায়ীভাবে প্রত্যক্ষ সংগ্রাম চালিয়ে যেতে হবে। মজুত-বিরোধী অভিযান এবং মজুত খাদ্যশস্য উদ্ধার

করে সন্তা দরে বন্টন করা বর্তমান পর্যায়ের আন্দোলনে একটি বিশেষ স্থান অধিকার করবে। মৃল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির বৃহত্তর সংগ্রামের উক্ত সিদ্ধান্তকে সমর্থন করে তৎকালীন দৈনিক স্বাধীনতা পত্রিকার সম্পাদকীয় কলমে লেখা হল: "আর কোন উপায় নাই, তাই এই সংগ্রাম। আমাদের রাজ্যে খাদ্যাশাস্যের অভাব নাই, তথাপি তিরিশ হইতে তেত্রিশ টাকা মণ দরে গ্রাম ও শহরের মানুষকে চাউল কিনিতে হইতেছে। গ্রামাঞ্চলে রেশন সরবরাহ প্রায় বন্ধ। দুর্গত ও ঘাটতি এলাকায় খাদ্য নাই। কৃষক কৃষি ঋণ পাইতেছে না। গরীব খেতমজুর ও গ্রামীণ ও বেকারদের টেস্ট রিলিফের কাজ নাই। দুর্গত অঞ্চলের মানুষ অনাহারে মরিতেছে। গ্রামাঞ্চলের কৃষিকার্যে ঘোরতর সংকট দেখা দিয়াছে। কাজ নাই, ঘরে টাকা নাই। খাদ্যের দর বাড়িয়াই চলিয়াছে। গ্রাম ও শহরের মানুষ, কৃষক ও শ্রমিক, উচ্চ ও নিম্ন মধ্যবিত্ত সমাজের সমস্ত স্তরের মানুষ চরম খাদ্যসংকটে জর্জরিত। পশ্চিমবাংলার মানুষ ভাল করিয়াই জানে যে, এই দ্রাবস্থার জন্য দায়ী কংগ্রেস সরকার ও তাহার খাদ্যনীতি। তাহারা আরো জানে যে, আঘাতের পর আঘাত হানিয়াই এই সরকারকে অন্ততঃ কিছু কিছু করিয়া দাবি মানিতে বাধ্য করা যায়। খাদ্য সংকটের সমাধান ইহারা করিবে না। তবে ইহার কিঞ্চিৎ প্রশমন করিতে সরকারকে বাধ্য না করিলে মানুষ বাঁচিবে কি করিয়া? তাই এই সংগ্রাম ও তাহার জন্য প্রস্তুতি" (সংগ্রাম প্রস্তুতি, স্বাধীনতা, ৯/৭/৫৯)।

মৃল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির নেতৃত্বে প্রথম পর্যায়ের আন্দোলন শুরু হয় চৌদ্দই জুলাই থেকে। প্রথম পর্যায়ের এই আন্দোলন চলেছিল বিশে আগস্ট পর্যন্ত। এই সময়ের মধ্যে আইন অমান্য করে প্রায় ১,৬৩১ জন স্বেচ্ছাসেবক গ্রেপ্তার হন। সংগ্রামের প্রথম পর্যায় শুরু হয় মেদিনীপূর জেলা থেকে। কিছুদিন পূর্বে মেদিনীপুরের সন্তান এবং সেচমন্ত্রী শ্রীঅজয় মুখার্জী মেদিনীপুর শহরে এক বক্তৃতায় বলেছিলেন যে, ভারতের কোন রাজ্য যা করতে পারেনি, তাঁরা তাই করেছেন এবং সেই অভিনব জিনিসটি হল কন্ট্রোল না করে কন্ট্রোল। সম্ভবতঃ এই অভিনব জিনিসের ফলেই সমগ্র পশ্চিমবাংলা, বিশেষত মেদিনীপুরের কৃষক সমাজ ঘোরতর সংকটের আবর্তে নিমজ্জিত হয়েছিল। জেলার বিভিন্ন স্থান থেকেই অনাহার অর্ধাহারের সংবাদ পাওয়া যাচ্ছিল। খেজুরী, গড়বেতা, ভগবানপুর প্রভৃতি থানায় সংকট ভয়াবহ আকার ধারণ করেছিল। ঘাটাল, তমলুক ও সদর মহকুমার বিভিন্ন এলাকায় খাদ্য সংকটে জর্জরিত কৃষক রেশন ও রিলিফের অভাবে চরম দুর্গতি ভোগ করছিল। জমি, জায়গা, লাঙ্গল, গরু এবং তৈজসপত্র বিক্রির ঘটনাও বেড়ে চলেছিল। কিন্তু মেদিনীপুরবাসী এই অবস্থাকে মুখ বুজে সহ্য করতে রাজী হয় নি। সেইজন্যই বিভিন্ন এলাকায় শুরু হয় সংগ্রামের প্রস্তুতি। রাজ্যব্যাপী আসন্ন সংগ্রামের প্রথম মহড়া শুরু হয় মেদিনীপুরে। মেদিনীপুরবাসীকে অভিনন্দন জানিয়ে মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি এক বিবৃতিতে পশ্চিমবংগ সরকারকে সতর্ক করে দিয়ে বলে, তাঁহাদিগকে এই ব্যাপকতর গণসংগ্রামের মোকাবিলা করিতে হইবে। সরকারের জনস্বার্থ বিরোধী খাদ্যনীতির বিরুদ্ধে মেদিনীপুরের জনগণ ইতিমধ্যেই যে সংগ্রাম আরম্ভ করিয়াছেন সেজন্য কমিটি মেদিনীপুরবাসীকে আন্তরিক অভিনন্দন জানাইতেছেন (স্বাধীনতা, ১৫/৭/৫৯)।

এই পরিপ্রেক্ষিতে সাতাশে জুলাই অনুষ্ঠিত হয় রাজ্য খাদ্য উপদেষ্টা বোর্ডের সভা। মূল্যবৃদ্ধি এবং দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি সিদ্ধান্ত করে যে ঐ সাতাশে জুলাইয়ের সভাতে কমিটির সঙ্গে সংশ্লিষ্ট সদস্যগণ যোগদান করবেন এবং কমিটি কর্তৃক ঘোষিত এগার দফা দাবির স্বীকৃতির জন্য পূনর্বার সরকারের নিকট দাবি জানাবেন। কিন্তু সাতাশে জুলাইয়ের সভাতে সরকার পক্ষ শুধু যে বিরোধীদের দাবি অগ্রাহ্য করলেন তাই নয়, সরকার পক্ষ বিশেষতঃ খাদ্যমন্ত্রীর অসম্মানজনক মনোভাবে বিরোধীরা সভা ত্যাগ করতে বাধ্য হলেন। হিন্দু মহাসভার সদস্যরাও বিরোধীদের সঙ্গে এই সভাকক্ষ ত্যাগ করেন। সভায় সরকার পক্ষের সঙ্গে থেকে যান পি এস পি ও ফরওয়ার্ড ব্লুকের সদস্যরা। বলাবাচ্ন্যু, ফরওয়ার্ড ব্লুক তথন মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির সঙ্গে সংশ্লিষ্ট ছিল। সাংবাদিকদের নিকট সভাকক্ষ ত্যাগের কারণগুলি বিরোধী সদস্যরা ব্যাখ্যা করে বলেন যেঃ (এক) মূল্য নিয়ন্ত্রণ ও লেভী প্রত্যাহারে বিরোধী দলের কোন পরামর্শ গ্রহণ করা হয় নি, (দুই) টেস্ট রিলিফ, কৃষি ঋণ, রেশন, প্রভৃতি সম্পর্কে প্রতিশ্রুতি পালিত হয় নি, (তিন) মজুত শস্য উদ্ধারের জন্য জনগণের সহযোগিতা গ্রহণ করা হয়নি। (চার) সংশোধিত রেশন ও উচিত মূল্যের দোকানে চাল বিক্রয় সম্প্রসারিত হয় নি, এবং (পাঁচ) মন্ত্রীমগুলী, বিশেষতঃ খাদ্যমন্ত্রীর অপমানজনক মনোভাব প্রদর্শন।

# ষষ্ঠ পর্ব

আগস্ট মাসের শুরু থেকেই পশ্চিমবাংলার জেলায় জেলায় শুরু হয়ে গেল খাদ্য আন্দোলনের প্রন্তুতি। খাদ্য আন্দোলনের

এই রূপরেখাটি চোখের সামনে তুলে ধরার জন্য সমসাময়িক সংবাদপত্রের শিরোনামগুলির সাহায্য নেওয়া যাক ঃ আরামবাগ থানায় ছয় দিনের পদযাত্রা, কৃষক সমিতির উদ্যোগে বাঁকুড়ায় জনসভা, উত্তরপাড়া, কোয়গড়ে খাদ্য কনভেনশন, বীরভূমের নসিবপুরে ভূখা মিছিল, মহেশতলায় খাদ্য সন্দেলন, গঙ্গারামপুরে বি ডি ও ঘেরাও ও ভূখা মিছিল প্রভৃতি। খাদ্য আন্দোলনের গতিবেগ বৃদ্ধি হল আরো দুটি কারণে। সমসাময়িককালে কেন্দ্রীয় সরকার অত্যন্ত অগণতান্ত্রিক ভাবে উচ্ছেদ করল কেরলের কমিউনিষ্ট সরকারকে। এই জঘন্য প্রতিহিংসাপরায়ণতায় গণতন্ত্রপ্রিয় মানুষ ক্রোধে ক্লোভে উত্তাল হয়ে উঠল। দ্বিতীয় ঘটনা হলঃ জুলাই মাসের তিরিশ তারিখে কমিউনিষ্ট পার্টির পক্ষ থেকে শ্রীবদ্ধিম মুখাজী, শ্রীনিরঞ্জন সেন ও শ্রীমতী মিণকুন্তলা সেন গভর্গর ও রাষ্ট্রপতির নিকট পেশ করলেন বাহায় পৃষ্ঠা ব্যাপী এক স্মারকলিপি। সেই স্মারকলিপিতে পশ্চিমবংগে কংগ্রেস সরকার এক চরম দুংশাসন সৃষ্টি করছে এই মর্মে অভিযোগ করে সংবিধান অনুযায়ী উপযুক্ত ব্যবস্থা অবলম্বনের দাবি জানানো হয়েছিল। চাঞ্চল্যকর সেই সকল অভিযোগের মধ্যে ছিলঃ সরকারি যন্ত্রের অপব্যবহার, দুর্নীতি ও অর্থের অপচয়, ট্যাঙ্কি, লরি, ট্রাক, বাস এবং কন্ট্রাক্ট ও সমবায় ঋণ বিতরণে, স্বজনপোষণ, নির্বাচনে দলীয় স্বার্থে সরকারি নাসনযন্ত্রের অপব্যবহার, দলীয় স্বার্থে সরকারি রিলিফ কায়েমী স্বার্থকে পৃষ্ট করার জন্য জাতীয় স্বার্থবিরোধী কার্যকলাপ, পাবলিক সার্ভিস কমিশনকে পেটোয়া যন্ত্রে পরিণতকরণ, কল্যাণমূলক ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানের প্রতি শত্রুতা, স্থানীয় স্বায়ন্তশাসনসংস্থা সমূহে প্রপ্ত ব্যস্কদের ভোটাধিকার দানে অস্বীকৃতি, তদন্ত কমিটি সমূহের রিপোর্ট ধামাচাপা দেওয়া, বিধানসভায় সর্বসম্মত প্রস্তাবসমূহ অগ্রাহ্য করা, রাজনৈতিক বিরোধীদের নিশ্চিক্ত করার চেন্টা, মৌলিক অধিকার পদদলিত করার উদ্যোগ প্রভৃতি।

পশ্চিমবংগের চূড়ান্ত খাদ্য সংকটের প্রশ্ন লোকসভাতেও উত্থিত হল। পশ্চিমবংগের কমিউনিষ্ট সদস্যরা, শ্রীমতী রেণু চক্রবর্তীর মাধ্যমে অভিযোগ করেন : একমাত্র পশ্চিমবংগ ব্যতীত অন্যান্য রাজ্যের চালের মূল্যতালিকা কম। স্পীকার খাদ্যমন্ত্রীকে অবিলম্বে পশ্চিমবংগের চালের মূল্য তালিকা পেশ করার নির্দেশ দেন। কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী স্বীকার করেন যে, নিয়ন্ত্রণাদেশ প্রত্যাহারের পর পশ্চিমবংগে চালের মূল্য বৃদ্ধি হয়েছে। জনগণের প্রচণ্ড ক্রোধ ও বিক্ষোভের সম্মুখীন হয়ে বিভিন্ন জেলার মণ্ডল কংগ্রেস কমিটিও রাজ্য সরকারের খাদ্যনীতির সমালোচনা করেন। উত্তরবঙ্গের রায়গঞ্জ মণ্ডল কংগ্রেস কমিটির সভায় সিদ্ধান্ত করা হয় : "দ্বিধাগ্রস্ত দুর্বল খাদ্যনীতির দরুণ একাধারে মজুতদার ও মুনাফাবাজদের যদৃচ্ছ মুনাফার পূর্ণ সুযোগ দেওয়া হইতেছে, অন্যদিকে পদ্রী অঞ্চলের গরীব কৃষক ও উৎপাদক শ্রেণীকে বিশেষভাবে প্রতারিত করা হইতেছে (যুগাস্তর ৬/৮/৫৯)।

আটই আগস্ট দ্রব্যমূল্যবৃদ্ধি এবং দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির উদ্যোগে পূর্ব নির্দিষ্ট রাজ্যে খাদ্য সম্মেলন অনুষ্ঠিত হল। মোট সাতশ' কুড়ি জন প্রতিনিধি সম্মেলনে অংশগ্রহণ করেন, প্রতিনিধিদের মধ্যে একটি উল্লেখযোগ্য অংশ ছিল শ্রমিক ও কৃষক। পনেরোই জুন থেকে খাদ্য আন্দোলনে অংশগ্রহণ করার জন্য রাজ্যের জনগণকে অভিনন্দন জানানো হল। ইতিপূর্বে পরবর্তী আন্দোলনের জন্য যে পঞ্চাশ হাজার স্বেচ্ছাসেবক সংগ্রহের কথা বলা হয়েছিল, হাওড়া, বর্দ্ধমান, চব্বিশ পরগণা, মেদিনীপুর, হগলী, পুরুলিয়া, নদীয়া, কোচবিহার, জলপাইগুড়ি প্রভৃতি জেলার রিপোর্টের মাধ্যমে দেখা গেল যে, ইতিমধ্যে তিরিশ হাজার স্বেচ্ছাসেবক সংগৃহীত হয়েছে। সম্মেলনে অতীতের আন্দোলনের বিশ্লেষণ করে নৃতন কার্যক্রমের রূপরেখা নির্দিষ্ট করা হল। যে কুড়ি দফা দাবির ভিত্তিতে কমিটির নেতৃত্বে দ্বিতীয় পর্যায়ের আন্দোলন শুরু করার সিদ্ধান্ত হয় সেগুলি হল : সর্বশ্রেণীর মানুষকে সাডে সতেরো টাকা দরে চাল সরবরাহ, সমস্ত অঞ্চলে সংশোধিত রেশন চালু করে দেড় সের চাল ও এক সের গম সপ্তাহে দুই কিন্তিতে দেবার ব্যবস্থা, খোলাবাজারে বিশ বাইশ টাকা দরে চাল বিক্রয়ের নিশ্চয়তা সৃষ্টি, পাঁচ লক্ষ টন খাদ্য রিজার্ভ, কেন্দ্রকে সমস্ত ঘাটতি মেটানোর ভার নেওয়ার ব্যবস্থা, মাথাপিছু দেড় টাকা হারে ব্যাপকতর ভিত্তিতে টেস্ট রিলিফের ব্যবস্থা, ব্যাপক খয়রাতি সাহায্য দান, প্রচুর পরিমাণে কৃষিঋণ ও বলদ ক্রয় ঋণ দান, সর্বস্তরে খাদ্য উপদেষ্টা কমিটি গঠন, মজুত বিরোধী অভিযান চালিয়ে জনগণের সহযোগিতায় উদ্ধার করা ধানচাল বিক্রয়ের ব্যবস্থা—এই সকল আশু দাবি ব্যতিরেকে পৌনপুনিক খাদ্য সংকট সমাধানের জন্য জরুরী ব্যবস্থা হিসেবে সম্মেলনের মঞ্চ থেকে সরকারের নিকট ন্যস্ত জমি অবিলম্বে ভূমিহীন কৃষক ও ক্ষেতমজুরদের মধ্যে বিতরণ করতে হবে, বেআইনী হস্তান্তর অচল ঘোষণা করে অনুরূপ হস্তান্তরিত জমি বাজেয়াপ্ত করতে হবে, ভূমিহীন কৃষক ও ক্ষেত্তমজুরদের সঙ্গে স্থায়ী বন্দোবস্ত করতে হবে, কৃষক কর্তৃক দখলীকৃত জ্ঞাতদারের পতিত জমিতে কৃষকদের

অধিকার দিতে হবে, জমি থেকে উচ্ছেদ নিষিদ্ধ করতে হবে, এ বছর বকেয়া ঋণ ও খাজনা আদায় স্থগিত রাখতে হবে ও ক্রোক পরোয়ানা জারী বন্ধ করতে হবে, সেচের ব্যবস্থা এবং বীজ-সার সরবরাহ করতে হবে, নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির মূল্য জনগণের ক্রয় ক্ষমতার মধ্যে রাখতে হবে, খাদ্য ও কৃষি দপ্তর মিলিয়ে একটি দপ্তর করতে হবে, খাদ্যশস্যের পাইকারী ব্যবস্থা নিষিদ্ধ করে কেন্দ্রীয় ব্যবসা ও খুচরা দোকান মারফং নির্দিষ্ট দরে বন্টন ব্যবস্থা চালু রাখতে হবে।

আটই আগস্টের রাজ্য খাদ্য সন্মেলন পরবর্তী আন্দোলনের কার্যক্রম সম্পর্কে কিছু সংশোধনী সহ ডাঃ রণেন সেনের প্রস্তাবটি গৃহীত হয়। প্রসঙ্গত উল্লেখযোগ্য যে, এস ইউ সি দলের পক্ষ থেকে শ্রীসুবোধ বন্দ্যোপাধ্যায় অন্য একটি প্রস্তাব উত্থাপন করেছিলেন। সে প্রস্তাব গৃহীত হয় নি। তবে সন্মেলনে গৃহীত না হলেও তিনি উপস্থিত সকলকে এই মর্মে আশ্বাস দেন যে, "তাঁহার দল প্রতিরোধ কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সর্বান্তকরণে আন্দোলন করিবেন" (বসুমতী ৯/৮/৫৯)। দশই আগস্টে আছত এক সাংবাদিক সন্মেলনে মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি আন্দোলনের দ্বিতীয় পর্যায়ের কর্মসূচী বিশ্লেষণ করে বলেন, ব্যাপক আইন অমান্য, বিক্ষোভ ও পিকেটিং এই পর্যায়ের অন্তর্ভুক্ত। এই পর্যায়ের মূল রণধ্বনি হবেঃ খাদ্য সম্পর্কে হয় জনগণের দাবি গ্রহণ কর নচেৎ পদত্যাগ কর।

সম্মেলনের সিদ্ধান্ত অনুসারেই রাজ্য খাদ্য উপদেষ্টা বোর্ড থেকে কমিটির মোট বোলজন সদস্য পদত্যাগ করবেন বলে সিদ্ধান্ত করা হয়। তেরোই আগস্ট মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির পক্ষ থেকে শ্রীতারা দন্ত, সর্বশ্রী হেমন্ত বসু, অমর বসু, নিরঞ্জন সেনগুপ্ত, হরেকৃষ্ণ কোঙার, বরদা মুকুটমণি, প্রমোদ সিংহরায়, জ্যোতি বসু, যতীন চক্রবতী, সুবোধ ব্যানাজী, মণীন্দ্র চক্রবতী, বিমলেন্দু মুখাজী, অজিত সেন, অনিল চ্যাটাজীর যুক্ত পদত্যাগ পত্র পেশ করেন। সেই সঙ্গে বাকি তিন জন লোকসভা সদস্যকেও কমিটি পদত্যাগ করতে নির্দেশ দেন। বামপন্থী সদস্যদের সঙ্গে প্রায় একই সময়ে খাদ্য উপদেষ্টা বোর্ড থেকে শ্রীনির্মল ভট্টাচার্য এম এল সি-ও পদত্যাগ করেন।

ইতিপূর্বে আমরা খাদ্য আন্দোলনে বামপন্থী দল হিসেবে পরিচিতি পি এস পি-র কিছু কার্যক্রমের পরিচয় দিয়েছি। খাদ্য আন্দোলনে এই দলটি প্রথম থেকেই বিরোধীদের বিরোধী ভূমিকায় নেমেছিল। শাসক দলের সঙ্গে খাদ্য আন্দোলন দমন করার ষড়যন্ত্রে অংশগ্রহণ করেছিল। পনেরোই আগস্ট সংবাদপত্তে মুখ্যমন্ত্রী বিধানচন্দ্র রায় এবং পি এস পি নেতা ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষের একটি যুক্ত বিবৃতি প্রকাশিত হল। খাদ্য সমস্যা সমাধানের উপায় উদ্ভাবনের জন্য চোদ্দই আগস্ট থেকে ডঃ ঘোষ ও ডাঃ রায়ের মধ্যে আলোচনা শুরু হয়েছিল। ডাঃ ঘোষ ও ডঃ রায়ের যুক্ত বিবৃতিটি নিম্নরূপ ঃ পশ্চিমবংগের খাদ্যসমস্যা সম্পর্কে আমরা আলোচনা করিয়াছি। আলোচনার-সময় খাদ্য, সাহায্য ও সরবরাহ মন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন এবং কৃষি ও খাদ্যোৎপাদন মন্ত্রী শ্রীতরুণকান্তি ঘোষ উপস্থিত ছিলেন। বিশদ আলোচনার পরে আমরা নিম্নলিখিত সিদ্ধান্তসমূহে উপনীত হইয়াছি। (এক) প্রাপ্তবয়স্ক প্রতিটি লোকের কমপক্ষে বিশ আউন্স করিয়া তণ্ডুল জাতীয় খাদ্য শস্যের প্রয়োজন ধরিয়া লইয়া এই বৎসর পশ্চিমবংগে খাদ্যশৃস্যের প্রকৃত ঘাটতির পরিমাণ দাঁড়ায় পনেরো লক্ষ টন। পশ্চিমবংগের মোট লোকসংখ্যার শতকরা আশি ভাগ প্রাপ্ত বয়স্কের সংখ্যা হিসাব করা হইয়াছে। (দুই) কেন্দ্রীয় সরকার এ পর্যন্ত যে খাদ্য শস্য দিয়াছেন এবং ভবিষ্যতে যাহা দিবেন বলিয়া প্রতিশ্রুতি দিয়াছেন তাহার মোট পরিমাণ পনেরো লক্ষ টনের কম হইবে। পশ্চিমবংগের জন্য কেন্দ্রীয় খাদ্যশস্যের বরাদ্দ বৃদ্ধির চেষ্টা করা হইতেছে। (তিন) পল্লী অঞ্চলে সপ্তাহে একবারের পরিবর্তে দুইবার করিয়া রেশন দেওয়ার আদেশ দেওয়া হইয়াছে। (চার) পল্লী অঞ্চলে রেশন কার্ড হোল্ডারদের শ্রেণী বিন্যাসে প্রত্যেকের ইউনিয়নবোর্ড ট্যাক্সের ভিত্তির পরিবর্তে প্রত্যেকের জমির পরিমাণের ভিত্তিতে করাই অপেক্ষাকৃত ভাল উপায় বলিয়া স্থিরীকৃত হইয়াছে। (পাঁচ) যে সকল কৃষক মাত্র দুই একর পর্যন্ত জমির মালিক এবং যাহাদের জমি সেচ এলাকার মধ্যে পড়ে নাই, তাহাদিগকে এক বৎসরের রাজস্ব রেহাই দেওয়া হইবে। (ছয়) পশ্চিমবঙ্গে রেশনকার্ড প্রাপ্তদের মোট সংখ্যা বৃদ্ধি পাইয়া ১৪৮০০০০০ জন হইবে। পল্লী অঞ্চলে রেশনে চাউলের বরাদ্দ সপ্তাহে এক সের হইতে বৃদ্ধি করিয়া দেড় সের করা যায় কিনা তৎসম্পর্কে একটি প্রস্তাব আমরা আলোচনা করিয়াছি। বিষয়টি সম্পর্কে এখনও বিবেচনা করা হইতেছে" (যুগান্তর ১৫/৮/৫৯)। এই যুক্ত বিবৃতি ছিল প্রতারণামূলক। এতে মানুষের সুবিধার ব্যাপার ছিল একটাই। একমাত্র সুবিধা সেচবহির্ভৃত এলাকায় ছয় বিঘা পর্যন্ত জমির মালিকদের এই বৎসর খাজনা দিতে হবে না, এর ফলে প্রায় কুড়ি লক্ষ মানুষ উপকৃত হবেন, এটা ঠিক। "বিবৃতির বাকী অংশ পরিসংখ্যানের কারচুপি, ভূয়া প্রতিশ্রুতি ও ফাঁকা সদিচ্ছায় এবং কেন্দ্রীয় সরকারের সাহায্য কামনায় পূর্ণ" (স্বাধীনতা ১৬/৮/৫৯)। এই

যুগা বিবৃতির পর রাজ্যের মুখ্যমন্ত্রী আর একটি সুদীর্ঘ বিবৃতি পৃথকভাবে দেন। দ্রব্যমূল্য বৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি রাজ্য সন্মেলনের মঞ্চ থেকে যে সকল দাবি সরকারের নিকট উত্থাপন করেন সেগুলি যে অকিঞ্চিৎকর, মুখ্যমন্ত্রী তাঁর বিবৃতিতে তা প্রতিপন্ন করবার চেষ্টা করেন। মুখ্যমন্ত্রীর বিবৃতির নৃতন বৈশিষ্ট্য হল এই যে, তাতে ন্যায্য দাবি আদায়ের জন্য যাঁরা শান্তিপূর্ণ গণআন্দোলন সৃষ্টি করতে চান এমন সমস্ত ব্যক্তিদের উদ্দেশ্যে নির্লক্ষ্ক ও ক্ষমতাগর্বী হমকী দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রীর নিজের ভাষায় ব্যাপারটা এই রকম ঃ "আইন অমান্য দ্বারা রাজ্যে খাদ্য শস্য উৎপাদন ও সরবরাহ বৃদ্ধি পাইবে না। বরং ইহাতে লোকের স্বাভাবিক ব্যবসা ও কাজকর্ম বন্ধ হইয়া একটা বিশৃদ্ধলার সৃষ্টি হইবে। সরকার ইহা হইতে দিতে পারেন না, এবং পাইকারী হারে আইন অমান্য প্রতিরোধের জন্য সম্ভবপর সকল ব্যবস্থা গ্রহণ করিতে চেষ্টা করিবেন" (যুগান্তর ১৬/৮/৫৯)।

খাদ্য আন্দোলনের নেতা ও কর্মীদের উপর অদুর ভবিষ্যতে যে ব্যাপক দমননীতি চালানো হবে, মুখ্যমন্ত্রীর বিবৃতিতে তার আভাস ছিল। দমননীতি চালাবার পূর্বে বে-সরকারি প্রচারযন্ত্রগুলিকেও প্রস্তুত করা হয়েছিল। প্রতিক্রিয়াশীল শক্তির বাণীবাহক কয়েকটি দৈনিক পত্রিকায় সেই সুর বেজে উঠল। এই সকল পত্রিকার প্রতিপাদ্য বিষয় ছিল ঃ প্রথমতঃ মুখ্যমন্ত্রীর বক্তব্যের যৌক্তিকতা প্রমাণ, দ্বিতীয়তঃ আন্দোলনকারী বামপন্থী নেতাদের হেয় প্রতিপন্ন করা, এবং তৃতীয়তঃ পি এস পি তথা ডঃ প্রফুল ঘোষের উচ্ছুসিত প্রশংসা। হিন্দুস্থান স্ট্যান্ডার্ড পত্রিকার সম্পাদকীয়তে লেখা হল ঃ "আইন অমান্য আন্দোলন কর্তৃপক্ষের নিকট এমন এক চ্যালেঞ্জ যাহা কোন গভর্ণমেন্টই উপেক্ষা করিতে পারেন না। পরিকল্পিত ব্যাপক আইন অমান্যের নেতাদের প্রতি ডাঃ রায় যে সতর্কবাণী উচ্চারণ করিয়াছেন তাহার যুক্তিযুক্ততায় কোন সন্দেহ থাকিতে পারে না। ...জনসাধারণের অভাব অভিযোগ খাঁটি সন্দেহ নাই, কিন্তু খাদ্যকে রাজনৈতিক নেতাদের খোরাক বস্তু করিয়া তোলার অর্থ হয় না। ....মুখে যাহাই বলুন না কেন, বামপন্থী দল যে এ সপ্তাহে আন্দোলন সুরু করিতে যাইতেছেন তাহার উদ্দেশ্য খোলাখুলিভাবে রাজনৈতিক। এ ব্যাপারে অন্যান্য বিরোধী দলগুলির সহিত ডাঃ পি সি ঘোষের আচরণের পার্থক্য চোখে পরিবার মত" (১৭/৮/৫৯)।

#### সপ্তম পর্ব

বিপুল উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে দ্বিতীয় পর্যায়ের খাদ্য আন্দোলন শুরু হল। বিভিন্ন জেলায় সহস্র সহস্র নরনারী এতে অংশগ্রহণ করল। বিশে আগস্ট—প্রথম দিনেই মেদিনীপুর, চব্বিশ পরগণা, বর্ধমান, হুগলী, হাওড়া, নদীয়া, পুরুলিয়া, বীরভূম, পঃ দিনাজপুর প্রভৃতি জেলায় বিভিন্ন আদালত ও বি ডি ও অফিসে আইন অমান্য করে সাতাশ জন মহিলা সহ মোট ৪৭৯ জন স্বেছোসেবক গ্রেপ্তার বরণ করলেন। কলকাতায় পুলিস মন্ত্রী, খাদ্যমন্ত্রীর বাসভবনের সম্মুখে বিভোক্ষ কর্মসূচীতে সামিল হলেন হাজার হাজার মানুষ।

এই ব্যাপক আন্দোলনের মুখে দিশেহারা হয়ে গেলেন রাজ্য সরকার। সরকার তাঁদের অনুরাগী প্রজা সমাজতন্ত্রী দলের সঙ্গে কোয়ালিশন করার চেন্টা শুরু করলেন। তোড়জোড় শুরু করলেন পশ্চিমবংগে কমিউনিষ্ট বিরোধী ফ্রন্ট গঠনের জন্য। স্পীকার এবং দুইটি উপমন্ত্রীর পদ পি এস পি-কে দেবার প্রস্তাব করা হল। ডঃ প্রফুল্ল ঘোষকে উপ প্রধানমন্ত্রী করার জনশ্রুতি শোনা গেল। ডঃ প্রফুল্ল ঘোষের নেতৃত্বে শাসক শ্রেণীর সঙ্গে ষড়যন্ত্র বা সমঝোতায় যে পি এস পি দলের সকল সদস্য সম্মতি জানিয়েছিলেন তা নয়। তার প্রকৃষ্ট প্রমাণ দল থেকে শ্রীসুধীর রায়চৌধুরীর পদত্যাগ। সাংবাদিকদের নিকট প্রদন্ত বিবৃতিতে শ্রীরায়চৌধুরী তাঁর পদত্যাগের কারণ বিশ্লেষণ করে বললেন: "কল্পনাই করিতে পারি না, কেমন করিয়া বামপন্থী বলিয়া আত্মপরিচয়দানকারী কোনও পার্টির নেতা একটি একান্ত জনস্বার্থবিরোধী, প্রতিক্রিয়াশীল সরকারের প্রধান নায়কের সহিত যুক্তভাবে বিবৃতি দিতে পারেন। বিশেষতঃ যখন সেই বিবৃতির উদ্দেশ্য হইল মজুতদারদের রক্ষা করা, জনসাধারণকে ধোঁকা দেওয়া এবং বর্বর দমননীতির ক্ষেত্র প্রস্তুত করা। অতএব এই ধরণের পার্টি হইতে পদত্যাগ করা ছাড়া আমার গত্যন্তর ছিল না" (স্বাধীনতা ২২/৮/৫৯)।

আন্দোলনের মুখে দিশেহারা সরকার তাই গ্রহণ করলেন তাঁদের শেষ অস্ত্র ব্যাপক দমননীতি। শান্তিপূর্ণ খাদ্য আন্দোলনের কর্মসূচী ঘোষণার সঙ্গে সঙ্গে রাজ্যব্যাপী গ্রেপ্তার ও খানাতল্লাশী শুরু হল। পনোরই আগস্ট—স্বাধীনতা দিবসের পৃণ্যলগ্নে—মধ্যরাত্রি থেকে পি এস পি ছাড়া কলকাতা ও শহরতলীতে বিভিন্ন বামপন্থী দল ও গণসংগঠনের

অফিস খানাতল্পাশী হল। নিরঞ্জন সেন, যতীন চক্রবর্তী, সুবোধ ব্যানার্জী, তারা দত্ত, ডঃ রণেন সেন, বরদা মুকটমণি, ভবানী সেন, ইন্দ্রজিত গুপ্ত, মনোরঞ্জন রায়, গণেশ ঘোষ, বিনয় চৌধুরী, সমর মুখাজী, রবীন মুখাজী, অজিত গাঙ্গুলী, গোপাল বসু, শ্যামাপ্রসন্ন ভট্টাচার্য্য, তারাপদ দে, মনোরঞ্জন হাজরা, সুধীর ভাণ্ডারী, সরোজ রায়, বিশ্বনাথ মুখার্জী, গীতা মুখার্জী, প্রশান্ত শুর, শৈলেন বসু, প্রকৃতি মিত্র, রাধিকা ব্যানার্জী, নরেশ দাশগুপ্ত, অজিত বসু, প্রভাত মিত্র, নরেন ঘোষ প্রভৃতি নেতৃবৃন্দ গ্রেপ্তার হলেন। আসানসোল, মেদিনীপুর প্রভৃতি অঞ্চল থেকে আইন অমান্যকারী শান্তিপূর্ণ জনগণের উপর পুলিসের নির্মম লাঠিচার্জের সংবাদ শোনা গেল। সরকার যাঁদের গ্রেপ্তার করলেন তাঁদের রাজবন্দীর মর্যাদাও দিতে চাইলেন না। ১৯৪৯ সালে রাজ্যবন্দীরা সংগ্রামের মধ্য দিয়ে যে দাবি আদায় করেছিলেন, সরকার তা প্রত্যাহার করে নেবার জন্য সচেষ্ট হলেন। এই প্রসঙ্গে একটু পূর্ব প্রসঙ্গ স্মরণ করা যাক। ১৯৪৯ সালে জেলে রাজনৈতিক বন্দীদের অনশন ধর্মঘটের পর সরকার তাঁদের সঙ্গে যে চুক্তি করেন তাতে স্থির হয়েছিল যে, রাজনৈতিক আন্দোলন এবং শ্রমিক-কৃষক সহ সমস্ত গণতান্ত্রিক আন্দোলন উপলক্ষে ধৃত সমস্ত বন্দীদের (রাজবন্দী ও বিচারাধীন বন্দী) প্রথম শ্রেণীর বন্দী হিসেবে মর্যাদা দেওয়া হবে। সেই বংসর মে মাসে বঙ্গীয় জেল কোডে উল্লিখিত মর্মে এক সংশোধনও হয় এবং উক্ত কোড়ের ৯১০ (১) রুলে সন্নিবিষ্ট হয়। কিন্তু ১৯৫৯ সালে মূল্যবৃদ্ধি ও দূর্ভিক্ষ প্রতিরোধ কমিটি শান্তিপূর্ণ খাদ্য আন্দোলন ঘোষণা করার পর বঙ্গীয় জেল কোডের ৯১০ নং রুলের (১) নং সাব-রুলের পরিবর্তন করে চৌদ্দই আগস্ট এক সরকারি বিজ্ঞপ্তি প্রচারিত হয়। ফলে পরিবর্তিত অবস্থায় সেই ৯১০ (১) রুলটি এইরূপ দাঁড়ায় ঃ এখন থেকে বিচারাধীন বন্দীদের দুইটি শ্রেণীতে ভাগ করা হবে—অর্থাৎ, সামাজিক অবস্থান শিক্ষা ও জীবন ধারণের অভ্যাসের দ্বারা উন্নতর জীবন যাপনে অভ্যস্ত সমস্ত বিচারাধীন বন্দীকে প্রথম শ্রেণীর বন্দী হিসেবে গণ্য করা হবে এবং অন্য সমস্ত বিচারাধীন বন্দীদের দ্বিতীয় শ্রেণীর বিচারাধীন বন্দী হিসেবে গণ্য করা হবে। মৃল্যবৃদ্ধি কমিটির নেতৃত্বে খাদ্য আন্দোলনকে পথস্রস্ট ও পর্যুদন্ত করার জন্যই যে সরকার পূর্বপ্রতিশ্রুতি ভঙ্গ করে পূর্বতন আইনের সংশোধন করেছিলেন সে কথা সুস্পষ্ট। সংশোধিত আইনের প্রয়োগও শুরু করেছিলেন তাঁরা। নিরাপত্তা আইনে সতেরোই আগস্ট ধৃত শ্রীপ্রশান্ত শূর প্রমুখ নেতৃবৃন্দকে আলিপুর কোর্টে হাজির করা হলে এস. ডি. ও. তাঁদের প্রথম শ্রেণীর বন্দী হিসেবে গণ্য করতে অস্বীকার করেন। অবশ্য অবশেষে ধৃত বন্দীদের প্রবল বিক্ষোভের ফলে কর্তৃপক্ষ তাঁদের প্রথম শ্রেণীর বন্দীর মর্যাদা দিতে বাধ্য হন। কিন্তু আঠারোই আগস্ট আলিপুর কোর্টে ধৃত শ্রীসুধাবিন্দু ব্যানার্জী, শ্রীমাখন ভট্টাচার্য, জনাব লতেমন মোল্লা প্রমুখকে কোনক্রমেই প্রথম শ্রেণীর মর্যাদা দেওয়া হয় না। অন্যান্য বিভিন্ন স্থানেও অনুরূপ অবিচারের নজির সৃষ্টি হয়। এর ফলে বন্দীরা আন্দোলনে নামতে বাধ্য হন। আলীপুর কোর্টে শুরু হয় বন্দীদের অনশন। বন্দীদের আন্দোলনের ফলে সরকার তাঁদের সংশোধিত আইন—অর্থাৎ চৌচ্চই আগস্টের বিজ্ঞপ্তি স্থগিত রাখার সিদ্ধান্ত করতে বাধ্য হন (স্বাধীনতা ২২/৮/৫৯)।

আসন্ন আন্দোলনকে পথস্রষ্ট করার জন্য বড়যন্ত্র ও দমনপীড়নের সঙ্গে শুরু হয় অপপ্রচার। এই অপপ্রচারের গল্প-কাহিনী রচনায় সেদিন কংগ্রেস সরকারের প্রকৃষ্টতম হাতিয়ার হিসেবে কাজ করেছিল জনসেবক ও আনন্দবাজার পত্রিকা। আন্দোলনের মুখে এঁরা আবিদ্ধার করলেন যে, বামপন্থী শিবিরে ভীষণ মতানৈক্য সৃষ্টি হয়েছে—এমন অবস্থা, এই ভাঙ্গে কি ঐ ভাঙ্গে বামপন্থী শিবির। নিরপেক্ষ সাংবাদিকদের সংবাদভাষ্য শুনুন : "আন্দোলনের প্রকৃতি লইয়া দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির প্রধান অংশীদার কমিউনিষ্ট পার্টির সহিত অন্যান্য দলের অর্থাৎ আর এস পি, ফরোয়ার্ড ব্লক ইত্যাদির মতভেদ তীব্র হইয়া উঠিয়াছে। কমিউনিষ্ট পার্টির প্রভাব অধিক থাকায় গতকাল মতভেদ কার্যকরী হইতে পারে নাই। অর্থাৎ কমিউনিষ্ট পার্টির পরিকল্পনা অনুযায়ী গতকাল আন্দোলন হইয়াছে। এবং ইহা অনুমান করা কঠিন নহে যে, আগামী কয়দিনও কমিউনিষ্ট পার্টির নর্দেশমত আন্দোলন পরিচালিত হইবে। আন্দোলনের পূর্বে ঘোষণা করা হইয়াছিল যে, কেহ স্বেচ্ছায় গ্রেপ্তার হইবেন না। অর্থাৎ গ্রেপ্তার হওয়ার পূর্বে দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির স্বেচ্ছাসেবক পুলিশকে বাধা দিবেন। উক্ত কমিটির সর্বশেষ সাংবাদিক সম্মেলনে কমিউনিষ্ট এম এল এ ডাঃ রণেন সেন সরাসরি উক্ত কথা ঘোষণা করিয়াছিলেন। কিন্ত এখন অবস্থা ভিন্নরূপ উপলব্ধি করিয়া কমিউনিষ্ট পার্টি ব্যাপক সক্রিয় আইন জমান্যে প্রস্তুত নহে। এবং এই কারণেই উক্ত কমিটির অংশীদার রাজনৈতিক দলগুলির মধ্যে এখন মতভেদ তীব্র হইয়াছে। গত বুধবার দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির এক ঘরোয়া বৈঠক অনুষ্ঠিত হয় বলিয়া জানা গিয়াছে। প্রকাশ যে, সেই বৈঠকে কমিউনিষ্ট পার্টির সদস্যদের জানাইয়া দেন যে, তাঁহার পার্টি বাধাদান করিয়া ব্যাপকভাবে আইন অমান্য করিবেন না। কমিউনিষ্ট

পার্টির সর্বশেষ সিদ্ধান্ত শোনার পর নাকি উক্ত বৈঠকে তীব্র বাদানুবাদ হয়। প্রকাশ যে, আর. এস. পি সদস্য তীব্র প্রতিবাদ করিয়া বলেন যে, এতদিন বাধাদান না করিয়া কেহ গ্রেপ্তার হইবেন না এই মর্মে ঢাকঢোল পিটানোর পর অকস্মাৎ নৃতন সিদ্ধান্ত করা মোটেই বিধেয় নহে। ফরওয়ার্ড ব্লক, আর এস পি সদস্যদের বক্তব্য সমর্থন করেন বলিয়া জানা যায়। তৎসত্ত্বেও উক্ত বেঠকে কমিউনিষ্ট পার্টির নির্দেশ কার্যকরী করার সিদ্ধান্ত হয়" (জনসেবক ২১/১/৫৯) দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি বছ দলের সমর্থকদের সমন্বয়ে গঠিত। সেখানে মতানৈক্য বা মতপার্থক্য অস্বাভাবিক নয়। কিন্তু সরকারের পক্ষ অবলম্বন করে জনসেবক মানুষের দৃষ্টি একটি বিশেষ দিকে নিবদ্ধ করতে চেয়েছিল মতপার্থক্যের এমন স্বরূপ সে চিহ্নিত করেছিল যাতে মনে হওয়া বিচিত্র নয় যে, এই মতানৈক্যই বর্তমানে একমাত্র সত্য এবং ফলতঃ আসন্ধ আন্দোলন পরিচালনার এই কেন্দ্রটি অচিরেই বছধাবিভক্ত হয়ে যাবে। আর একটি কথা, জনসেবক স্বীকার করেছে কমিউনিষ্ট পার্টির শক্তির কথা ঃ কিন্তু সেইখানেই তো তার জ্বালা, তাই অন্যান্য বামপন্থী দলগুলি থেকে সে কমিউনিন্ট পার্টিকে বিচ্ছিন্ন করার চেষ্টাতেই আত্মনিয়োগ করেছিল। শ্রীহরেকৃষ্ণ কোণ্ডার [কমিউনিষ্ট], শ্রীবিভৃতি ঘোষ [ফরওয়ার্ড ব্লক], শ্রীমাখন পাল (আর এস পি], শ্রীসন্তোষ মুখার্জী [বলশেভিক], শ্রীঅমর বসু [মার্কসবাদী ফরওয়ার্ড ব্লক], শ্রীগৌরাঙ্গ সিংহ [আর সি পি আই], শ্রীহেমেন্দ্র মুখার্জী [ডেমোক্রাটিক ভ্যানগার্ড], শ্রীমাণিক মুখার্জী [এস ইউ সি], শ্রীকানাই পাল [আর ডব্লু পি] এবং সাধারণতন্ত্রী দল চব্বিশে আগস্টের এক বিবৃতিতে জানান যে, জনসেবক ও আনন্দবাজারের—"সংবাদের প্রতিটি অংশ এতই মিথ্যাপূর্ণ এবং বিভ্রান্তিকর যে, ইহাকে ইহার প্রাপ্য দিয়াই ঘৃণা করা উচিত। সরকার বিরাট সংখ্যার বামপন্থী নেতা ও কর্মীদের গ্রেপ্তার করা সত্ত্বেও এবং বর্বর দমননীতি চালানো সত্বেও খাদ্য আন্দোলনের ব্যাপকতায় আতঙ্কগ্রস্ত হইয়া এখন তাহারা আমাদের কমিটির অন্তর্গত দলগুলির মধ্যে মতভেদের মিথ্যা কাহিনী ফাঁদিয়া জনসাধারণকে বিভ্রান্ত করার চেষ্টা করিতেছে। কিন্তু আমরা এই পত্রিকা এবং উহার নিয়ন্ত্রকদের জানাইতে চাই যে, যদি তাঁহারা মনে করিয়া থাকেন যে, তাঁহাদের এই অপকৌশলে কোনও ফল হইবে, তবে তাঁহারা শোচনীয় ভুল করিয়াছেন। মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির অন্তর্গত দল—আমরা, গত দশই আগস্টের সাংবাদিক সম্মেলনে যে কর্মসূচী ঘোষিত হইয়াছিল, তাহার দৃঢ সমর্থনে দঢভাবে ঐক্যবদ্ধ আছি এবং সরকার যতদিন পর্যন্ত সাধারণের দাবি স্বীকার না করিতেছেন, ততদিন পর্যন্ত খাদ্যের জন্য শান্তিপূর্ণ গণআন্দোলন অব্যাহত থাকিবে" (স্বাধীনতা, ২৪/৮/৫৯)। সরকারের তাঁবেদার সংবাদপত্রগুলি অবশ্য পবিত্র ঋণ শোধ করার উদ্দেশ্য কিংবা সুগভীর কৃতজ্ঞতার স্বাক্ষর হিসেবে অব্যাহত রাখে অপপ্রচারের ধারা। পঁচিশে আগস্টের ''জনসেবকে'র সংবাদ শিরোণাম এইরূপ ঃ 'তথাকথিত খাদ্য আন্দোলনের টেকনিক লইয়া তীব্র মতানৈক্য অব্যাহত।" সাতাশে আগস্ট 'আনন্দবাজার" পত্রিকায় লেখা হচ্ছেঃ ''খাদ্য আন্দোলনের পদ্ধতি কি হইবে তাহা লইয়া মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির বিভিন্ন দলের সদস্যদের মধ্যে মতবিরোধ দেখা দিয়াছে বলিয়া বিশ্বস্তসূত্রে সংবাদ পাওয়া গিয়াছে।.... কমিউনিষ্টরা আইন বা শৃঙ্খলাভঙ্গের পক্ষপাতী না হওয়ায় অন্যান্য কয়েকটি দলের সদস্যগণ কমিউনিষ্টদের প্রতি বিরক্ত হইয়া উঠিয়াছেন। অকমিউনিষ্ট সদস্যগণ অপেক্ষাকৃত উগ্রতর পদ্থা অবলম্বনের কথা চিস্তা করিতেছেন। তাহাদের অনেকের মতে আন্দোলন এইরূপ 'নিরামিষভাবে' চালাইয়া গেলে ইহার দ্বারা জনসাধারণের মনে প্রভাব ফেলা যাইবে না। কিন্তু এই যুক্তিতে পশ্চিমবঙ্গের কমিউনিষ্টদের মন ভিজে নাই বলিয়া প্রকাশ।" মন না ভেজার আসল কারণটিও আনন্দবাজার আবিষ্কার করে ফেলেছিলেন—"কারণ তাঁহাদের চোখ পড়িয়া আছে কেরালার আগামী নির্বাচনের উপর।" প্রতারকের ছলের অভাব হয় না। কিন্তু এ ক্ষেত্রে, সংবাদ পরিবেশনের কৌশলেই প্রকাশ, প্রতারক বড দর্বল যক্তি উত্থাপন করে বেকায়দায় পড়ে গিয়েছেন। বামপন্থী শিবিরে মতভেদের সঙ্গে তাঁদের অর্বাচীন আবিষ্কার হল : তথাকথিত আইন বা শৃখলার প্রতি কমিউনিষ্টদের শ্রন্ধা। এমন কি, অন্যান্য দলে মনের কথাটি বুঝে ফেলে তাঁরা লিখলেন : ''তাঁহাদের অনেকের মনেই আজ এইরূপ সন্দেহ দেখা দিয়াছে, কমিউনিষ্টরা হয়তো মাঝপথে সরিয়া পড়িতে পারেন।" কিন্তু দুঃখের বিষয়, মাঝপথে সরে পড়ে কমিউনিষ্টরা আনন্দবাজ্ঞারের রাজনৈতিক জ্যোতিষীদের ভবিষ্যৎবাণী সার্থক করে তোলেননি। ইতিমধ্যে পদত্যাগ করলেন কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী শ্রীঅজিতপ্রসাদ জৈন। কৃষি সম্পর্কে কংগ্রেস পার্লামেন্টারী পার্টির

ইতিমধ্যে পদত্যাগ করলেন কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী শ্রীঅজিতপ্রসাদ জৈন। কৃষি সম্পর্কে কংগ্রেস পার্লামেন্টারী পার্টির স্ট্যান্ডিং কমিটির বৈঠকে শ্রীজৈন তাঁর মন্ত্রীপদ ত্যাগের সিদ্ধান্ত ঘোষণা করেন। পদত্যাগের পটভূমিতে আছে সুদীর্ঘ ব্যর্থতার ইতিহাস। আসাম ও ত্রিপুরায় সফররত বিধানসভার বিরোদী দলনেতা শ্রীজ্যোতি বসু কেন্দ্রীয় খাদ্যমন্ত্রীর পদত্যাগের সংবাদে সন্তোষ প্রকাশ করে এক বিবৃতিতে বলেছিলেন যে, এখন নিজেদের ব্যর্থতার যুক্তিসম্মত ধারা অনুসারেই কেন্দ্রীয় সরকারের

কর্তব্য হল পশ্চিমবংগের খাদ্য পরিস্থিতির তদন্ত করা, পশ্চিমবংগের খাদ্য আন্দোলনের দাবি মেনে নেওয়া এবং রাজ্যের খাদ্যমন্ত্রীকে অপসারিত করা। নানা কারণে শ্রীবসুর বিবৃতিটি উল্লেখযোগ্য। বিবৃতির পুরো বয়ান নিম্নরূপ ঃ "নিজেদেরই পলিসির ফলে রাজ্যে যে খাদ্য সমস্যা দেখা দিয়াছে তাহার সমাধানের চেষ্টা না করিয়া পশ্চিমবংগ সরকার মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির বিরুদ্ধে এবং যথেষ্ট খাদ্য সরবরাহের দাবিতে ও দ্রব্যমূল্যবৃদ্ধির বিরুদ্ধে আন্দোলনরত জনগণের উপর বর্বর দমননীতি চালাইতেছেন। যে সরকার বছরের পর বছর মজুতদার ও মুনাফাখোরদিগকে নির্বিবাদে সকল সরকারি নিয়ন্ত্রণাদেশ ভঙ্গ করিতে দিয়াছেন সেই সরকারই আজ গর্জন করিয়া উঠিয়াছেন যে, জনসাধারণের খাদ্য সুনিশ্চিত করিবার জন্য এবং অসাধু ব্যবসায়ীদের ঘৃণ্য আচরণ নিয়ন্ত্রিত করিবার জন্য সরকারকে ব্যবস্থা গ্রহণ করিতে বাধ্য করিবার উদ্দেশ্যে চালিত জনসাধারণের আন্দোলন তাঁহারা বরদাস্ত করিবেন না। পাইকারীহারে নিবর্তনমূলক আটক আইন, নিরাপত্তা, আইন, ফৌজদারী কার্যবিধি আইন প্রযুক্ত হইতেছে—শান্তিপূর্ণ গণ আন্দোলনকে ধ্বংস করিবার জন্য সমগ্র পূলিশ বাহিনীকে মোতায়েন করা হইয়াছে। কিন্তু ন্যায্যভাবে খাদ্যশস্য বিতরণের জন্য এমন কর্মোদ্যম করিতে কখনো দেখা যায় না। অর্ধাশনের বিরুদ্ধে প্রতিবাদ ও সংগ্রাম পরিচালনার যে অধিকার আমাদের আছে সরকার সর্বপ্রকার সন্ত্রাসবাদী কার্মকলাপ চালাইয়াও সেই অধিকার কাড়িয়া লইতে পারিবেন না। পশ্চিমবংগের জনগণ যেভাবে এক অভূতপূর্ব শান্তিপূর্ণ গণসংগ্রাম পরিচালনা করিতেছেন সেজন্য তাঁহাদিগকে সবিশেষ প্রশংসা করিতেছি। পশ্চিমবংগ মন্ত্রীসভায় মৃষ্টিমেয় একদল অত্যাচারী যেন আমাদিগকে ভীত সন্ত্ৰস্ত করিয়া আত্মসমর্পণ করাইতে সক্ষম না হয়। পশ্চিমবংগের জনগণ বিনা প্রতিবাদে ও স্বেচ্ছায় প্রায় দুর্ভিক্ষ পরিস্থিতি মানিয়া লইয়াছেন এই অপবাদ যেন শুনিতে না হয়। আমি যখন আসামে ও ত্রিপুরায় সফর করিতেছি তখন শুনিতেছি নাকি আমাকে বিনা বিচারে আটক করিবার জন্য গ্রেপ্তারী পরোয়ানা জারী করা হইয়াছে। অবশ্য আমি বারবার সরকারী নির্দেশ অমান্যকারী খাদ্যচোরদিগকে এবং উহাদের পৃষ্ঠপোষক মন্ত্রী শ্রীপ্রফুল্ল সেনকে গ্রেপ্তার করিবার আবেদন জানাইয়া বিফল হইয়াছি—কাজেই আমি অপরাধ করিয়াছি বৈকি। আমাদের এই পার্টি সংগ্রামের সম্মুখ সারিতেই আছেন এবং যতদিন বাহিরে থাকিব ততদিন আমি জনসাধারণের সেবাই করিব। তবে জনসাধারণ ইতিমধ্যেই প্রমাণ করিয়া দিয়াছেন যে, নেতাদিগকে গ্রেপ্তার করিলে আন্দোলন বন্ধ হয় না। গত কয়েকদিন যেখানেই গিয়াছি সেখানেই পশ্চিমবংগের খাদ্য আন্দোলনের সমর্থনে বড় বড় জনসভা হইয়াছে। লক্ষ লক্ষ লোককে অনশনে অর্দ্ধাশনে জর্জরিত করিবার পর কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী যে পদত্যাগ করিয়াছেন ইহা আশাজনক সংবাদ। কিন্তু আজও পশ্চিমবংগের অপরাধী খাদ্যমন্ত্রী সমস্ত লঙ্জাবোধ জলাঞ্জলি দিয়া গদি আঁকড়াইয়া বসিয়া আছেন। আমাদের সংগ্রাম, আত্মত্যাগ ও দুঃখবরণ বৃথা যাইবে না। আমি এ বিষয়ে নিশ্চিত যে, আমাদের এই সংগ্রামের মাধ্যমে আমরা জনসাধারণকে কিছুটা স্বস্তিলাভের সুযোগ করিয়া দিতে পারিব। আমি আশা করি যে, নিজেদের পলিসির ব্যর্থতা স্বীকৃত হইবার পর এখন কেন্দ্রীয় সরকার তদনুযায়ী পশ্চিমবংগের খাদ্য পরিস্থিতি সম্পর্কে তদন্ত করিবেন, আমাদের দাবিসমূহ মানিয়া লইবার ব্যবস্থা করিবেন এবং যাহার অপরাধ জঘন্য ধরনের পশ্চিমবংগের সেই খাদ্যমন্ত্রীকেও অপসারিত করা হইবে" (স্বাধীনতা ২৫/৮/৫৯)।

#### অষ্টম পর্ব

#### ৩১শে আগস্ট কলকাতা অভিযান।

কিন্তু তার পূর্বেই শুরু হল ব্যাপক দমনপীড়ন। মেদিনীপুর ও ডায়মগুহারবারে কৃষক মিছিলের উপর বেপরোয়া লাঠি চার্জ করল পূলিশ, কৃষ্ণনগর ও বর্ধমানে লাঠি চার্জে আহত হল মানুষ, সারারাজ্য জুড়ে এতাবৎ ৬০০ নারীসহ প্রায় ৭০০০ মানুষকে গ্রেপ্তার করে কারারুদ্ধ করা হল, কুখ্যাত আটক আইনের ব্যাপক প্রয়োগ করা হল। গ্রেপ্তার করা হল হেমন্ত বসু সহ দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির বছ নেতাকে। দমনপীড়নের বিরুদ্ধে দিকে দিকে আন্দোলনকারী মানুষের প্রতিবাদও ধ্বনিত হল। এই দমনপীড়নের, এই দুংশাসনের নায়ক খাদ্যমন্ত্রীর পদত্যাগের দাবিটি প্রত্যক্ষ দাবি হিসেবে উচ্চারিত হল মানুষের মুখে মুখে। খাদ্য আন্দোলনের কর্মসূচী ঘোষণার সঙ্গে সঙ্গে ভারতের প্রধানমন্ত্রী শ্রীজওহরলাল নেহরু পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়কে এক গোপন পত্র মারকৎ খাদ্যমন্ত্রীকে পদত্যাগ করতে বলেছিলেন। ডাঃ রায় প্রত্যুন্তরে জানিয়েছিলেন যে, আন্দোলনের মুখে খাদ্যমন্ত্রীকে সরানো চলে না। বলা বাছল্য, কংগ্রেসের একাংশও খাদ্যমন্ত্রীর অপসারণ প্রত্যাশা করেছিলেন। যেহেতু সেই সময় খাদ্যমন্ত্রীই তাঁর অবিবেচনা প্রসৃত ভাষণে ও বক্তব্যে সঙ্গত

কারণেই সাধারণ মানুষের ক্রোধের ও ক্ষোভের শিকার হয়েছিলেন। কংগ্রেসের একাংশ খাদ্যমন্ত্রীকে অপসারিত করে পুলিশমন্ত্রীকে খাদ্যমন্ত্রী হিসেবে কাজ চালানোর প্রস্তাবও করেছিলেন।

শ্রীজৈনের পদত্যাগের প্রসঙ্গ আমরা ইতিপূর্বেই আলোচনা করেছি। পদত্যাগের পর শ্রীজৈন যে বিবৃতি দেন তা বিশ্রান্তিকর হলেও তার মধ্যে প্রসঙ্গক্রমে সরকারের খাদ্যনীতি যে মারাদ্মক ক্রটিপূর্ণ ছিল সে কথা উচ্চারিত হয়েছিল। সমসাময়িককালে কৃষি—অর্থনৈতিক গবেষণা সংস্থার রিপোর্টেও পশ্চিমবংগের খাদ্যনীতির সমালোচনা করা হল। বলা বাছল্য এই সংস্থার রিপোর্ট যাতে সাধারণ মানুষের সামনে প্রকাশিত হতে না পারে সে সম্পর্কে সরকারি মহলে চেষ্টার ক্রটি ছিল না। কোন মন্ত্রীই তাঁদের বন্তৃতায় এই রিপোর্টের সম্পর্কে কোন উচ্চবাচ্য করেন নি। এই রিপোর্ট দাখিল করা হয়েছিল কেন্দ্রীয় সরকারের নিকট। অভাবের সময় মূল্য নিয়ন্ত্রণ বাতিল, লেভি ও মূল্য নিয়ন্ত্রণ কার্যকরী করার ক্ষেত্রে সময়োচিত ব্যবস্থা গ্রহণে উপযুক্ত উদ্যোগের অভাব, জোতদার ও চালকল মালিকদের খাদ্য সঙ্কট সৃষ্টিতে পরোক্ষ সাহায্য দান প্রভৃতি বিষয় সমালোচনা করে কৃষি অর্থনৈতিক গবেষণা সংস্থা তাঁদের রিপোর্ট দাখিল করেছিলেন। কিন্তু আরো অনেক ব্যাপারের মতোই এই রিপোর্ট ধামাচাপা পড়েছিল। এই রিপোর্টের মাধ্যমে বান্তব অবস্থা সম্পর্কে ওয়াকিবহাল হয়ে অবস্থানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়নি। বরং যা করা হয়েছে, তাতে বারংবার বিদ্নিত হয়েছে জনগণের স্বার্থ এবং বৃভূক্ক, রিক্ত জনগণকে সরকার ক্রমশঃই আরো ব্যাপক আন্দোলনের মধ্যে ঠেলে দিয়েছেন। হাা, সকল শ্রেণীস্বার্থভোগী সরকার যা করেন, অর্থাৎ আন্দোলনকে স্তব্ধ করার জন্য আরো ব্যাপক দমনপীড়ন অপপ্রচার প্রভৃতির মাধ্যমে পরোক্ষে আন্দোলনকে আরো ব্যাপক হতে সাহায্য করেন।

কী বললেন, দিল্লী থেকে আগত কংগ্রেসী এম পি রা! বললেন ঃ পঃ বঙ্গে খাদ্যাভাব নেই, রেশনে চালের অভিযোগও মিথো। চমৎকার। বামপন্থী এম. পি.-দের পশ্চিমবঙ্গ পরিদর্শনের পর কংগ্রেসী এম. পিরা নিজেদের কর্তব্য পালন করতে এলেন পশ্চিমবংগে। এলেন কেরলের কে. পি. কৃট্টি ও কঞ্চান সারায়, উত্তরপ্রদেশের তারকেশ্বর পাণ্ডে, মহীশুরের এন. কেশব, মধ্যপ্রদেশের এম. বি. উইদে, পাঞ্জাবের রণবীর সিংহ চৌধুরী, পশ্চিমবাংলার উপেন্দ্রনাথ বর্মণ এবং নিকুঞ্জ বিহারী মাইতি, বিহারের বিভূতি মিশ্র, অন্ধ্রের আকবর আলী খাঁ প্রমুখেরা। পরিদর্শনের পর এক সাংবাদিক সম্মেলনে এই ১২ জন কংগ্রেস এম পির পক্ষে উত্তরপ্রদেশের এম. পি. শ্রীমুনীশ্বর দত্ত উপাধ্যায় ঘোষণা করলেন : মূল্যবৃদ্ধি ও দূর্ভিক্ষ প্রতিরোধ কমিটির আন্দোলন হল রাজনৈতিক আন্দোলন। অন্যান্য রাজ্যের খাদ্য পরিস্থিতির সঙ্গে পশ্চিমবাংলার খাদ্য পরিস্থিতির কোন পার্থক্য নেই। তিনি বললেন—"এই রাজ্যে এমন কিছু খাদ্যাভাব নাই যাহাকে দুর্ভিক্ষ পরিস্থিতির সহিত তুলনা করা যাইতে পারে। এই অবস্থায় বৎসরের পর বৎসর দুর্ভিক্ষ প্রতিরোধের জন্য একটি কমিটিকে জিয়াইয়া রাখিবার কোন অর্থ থাকিতে পারে না। শ্রীউপাধ্যায় মজতদারদের নিকট খাদ্যশস্য মজত নাই ইহা স্বীকার করেন না। বারাসতে চাউলের জনৈক পাইকারী ব্যবসায়ীর নিকট ৭৮৭৪ বস্তা চাউল এবং ৯১৬ মন ধান্য আছে বলিয়া তিনি জানান। এই রাজ্যের খোলাবাজারে চাউলের যে মূল্য শ্রীউপাধ্যায় বলেন, ''অন্য কোন রাজ্যের তুলনায় তাহা অধিক নহে। কেরলের উল্লেখ করিয়া তিনি বলেন, পশ্চিমবংগের তুলনায় কেরলে যে কোন চাউলের মূল্য অধিক, সেখানে নিকৃষ্টতম চাউলের মূল্য ৩০/৩২ টাকা। শ্রীউপাধ্যায় বলেন, রেশন দোকানের চাউল খাইবার মত নহে, ইহা তাঁহাদের মনে হয় না। কাঁকর সম্পর্কে তিনি বলেন কিছু কাঁকর থাকিতে পারে, তবে ইহার পিছনে মুনাফামুলক মনোভাব আছে বলিয়া মনে হয় না। রেশনে যে চাউল দেওয়া হয় তাহাকে তিনি পর্যাপ্ত বলিয়া মনে করেন। মফঃস্বলে রেশন দোকানে আদৌ ভীড় থাকে না বলিয়া তিনি অভিমত প্রকাশ করেন" (বসুমতী ১/৯/৯৫)। এ যেন টেপ রেকর্ডের অপর পিঠ। পশ্চিমবংগের খাদ্যমন্ত্রীর বক্তব্যের সুরেই বেজে চলেছে। সংবাদে প্রকাশ যে এই ১২ জনের প্রতিনিধি দল নাকি কলকাতা, হাওড়া, ২৪ পরগণা ও নদীয়া জেলা পরিদর্শন করেছিলেন। কিন্তু কী তাঁরা পরিদর্শন করেছিলেন কে জানে। যুগান্তরের মত সংবাদপত্তের সম্পাদকীয়তেও এম. পিদের এই হাস্যকর বক্তব্যের অন্তঃসারশূন্যতা উদঘাটিত হল।—"পশ্চিমবাংলায় চাউলের দর ও সরবরাহের অবস্থা সম্পর্কে পার্লামেন্টে কংগ্রেসী সভ্যদের দ্বারা গঠিত প্রতিনিধি দলের বিবৃতি পড়িয়া জনসাধারণ স্বভাবতঃই বিস্মিত হইবে ৷—তাহাদের উক্তিটি ব্যাখ্যা করিলে ইহাই অর্থ হয় যে দর যতই চড়ক না কেন যতক্ষণ পর্যন্ত বাজারে চাউল মিলিবে, ততক্ষণ প্রকাশ্য বাজারে চাউলের অভাবের কথা উঠতে পারে না। এই যুক্তি মানিয়া ১৯৪৩-এর মন্বস্তরের সময়ও বাঙ্চলায় চাউলের কোন অভাব ছিল না।—পার্লামেন্টে কংগ্রেসী সভাদিগের প্রতিনিধি দলটি

পশ্চিমবাঙলায় খাদ্যের অবস্থা সম্পর্কে সত্যের সন্ধান করিতে আসিয়াছিলেন। কিন্তু গভীর দুঃখের সহিত লক্ষ্য করিতেছি যে, তাঁহারা অনেকটা ভূল ধারণা লইয়া ফিরিয়া গিয়াছেন।" (ভিক্ষার চাউল, সম্পাদকীয়, ১১/৯/৫৯)।

কী বললেন মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় তাঁর ২৮শে আগস্টের বিবৃতিতে। বললেন—"আমাদের কমিউনিষ্ট বন্ধুগণ ব্যবসায়ী অথবা মিলামালিকগণ মজুত করিতেছেন বলিয়া যে কোলাহল করিতেছেন তাহা ঠিক নহে। প্রকৃতপক্ষে সারা রাজ্যে বহুৎ ও ক্ষদ্র উৎপাদনকারীরাই বিভিন্ন কারণে মাল মজত করিতেছেন" (স্বাধীনতা, ২৯/৮/৫৯)। অর্থাৎ ক্ষকদের দোষী সাজাবার জন্যই কোমর বেঁধে আসরে নামলেন রাজ্যের মুখ্যমন্ত্রী স্বয়ং। অর্থাৎ মৃষ্টিমেয় মজুতদারের হাতে নয় রাজ্যের ৪ একরের উপর মালিকানাবিশিষ্ট ১৩ লক্ষ চাষী পরিবারের ঘরেই মজত ছিল ধান। লোকসভায় পর্যবেক্ষণকারী বিরোধী দলের এম. পি. বা পশ্চিমবংগের বিরোধীদলের কথা না হয় বাদ দিলাম, কিন্তু রাজ্য সরকার কেন্দ্রীয় সরকার কর্তক নিয়ক্ত কষি অর্থনৈতিক গবেষণা সংস্থার রিপোর্টকেই অস্বীকার করলেন। ২৮শে আগস্ট মুখ্যমন্ত্রীর বিবৃতি শুধু এ কারণেই উল্লেখযোগ্য নয়। এই বিবৃতিতে আসন্য আন্দোলনের উপর সরকারি দমননীতিরও ইঙ্গিত ছিল। কেরল সম্পর্কে শ্রীভূপেশ গুপ্তের বক্তৃতা উদ্ধৃত করে তিনি বলতে চাইলেন যে, দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির কার্যক্রম শ্রীগুপ্তের সংস্থা,অনুযায়ী বিদ্রোহ ছাড়া আর কী। মুখ্যমন্ত্রীর মতে শ্রীজ্যোতি বসুর 'শান্তি'র ধারণা ও শ্রীভূপেশ গুপ্তের 'শান্তি'র ধারণা এক নয়। সাবাস মুখ্যমন্ত্রী। আনন্দবাজার বা জনসেবক কোন মহৎ অনুপ্রেরণায় বামপন্থী দলে বিভেদ সৃষ্টির কাজের নামে এখন তা পরিষ্কার হয়ে গেল। আসলে, কুটকৌশলী মুখ্যমন্ত্রী কেরলের কমিউনিস্ট সরকার উচ্ছেদের জন্য সেক্রেটারিয়েট দখল এবং পশ্চিমবংগে খাদ্যের দাবি আদায়ের জন্য সেক্রেটারিয়েট ভবন অভিমুখে যাত্রাকে তিনি একজাতীয় জিনিস বলে গুলিয়ে দিতে চেয়েছিলেন। অথচ কী ছিল ৩১শে আগস্ট সম্পর্কে মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির ঘোষণা। "এই সকল শোভাযাত্রা ১৪৪ ধারার গণ্ডির বাহিরে যেখানে পূলিশ বাধা দিবে সেখানেই পথে বসিয়া পড়িবে। তাহারা সেখানে শৃংখলার সহিত দুই ঘণ্টাকাল অবস্থান করিবে। এবং কমিটির দাবিসমূহ অবিলম্বে পূরণ করিবার দাবি জানাইবে। যদি ইতিমধ্যে দাবি পুরণ করা না হয় তাহা হইলে জনগণ ৭টা ৩০মিনিটের সময় শান্তিপূর্ণভাবে এক একটি ব্যাচ করিয়া পলিশ কর্ডন ভঙ্গ করিতে বাধ্য হইবেন। যদি শোভাযাত্রাগুলিকে কলিকাতা ময়দানে যাইতে দেওয়া না হয়, তাহা হইলে যেখানে তাহাদিগকে বাধা দেওয়া হইবে সেখানে এক একটি ব্যাচ করিয়া তাঁহারা শান্তিপূর্ণভাবে পূলিশ কর্ডন ভঙ্গ করিবেন।" বোঝা যাচ্ছে, মূল্যবৃদ্ধি ও দূর্ভিক্ষ প্রতিরোধ কমিটির এই ঘোষণা পূর্বাহ্নে জানা সত্ত্বেও প্ররোচনা সৃষ্টির উদ্দেশ্যে সরকারের তরফ থেকে বিপরীত বক্তব্য পেশ করা হয়েছিল। লক্ষ্য করুন Statesman-এর একটি সংবাদ, তা হলে বোঝা যাবে যে জনগণের এই শান্তিপূর্ণ আন্দোলনের দমনের জন্য সরকার পূর্বেই কী রকম প্রস্তুতি গ্রহণের কথা চিস্তা করছিলেন।

"The cabinet is understood to have decided that the police would try to prevent demonstrators from districts coming to Calcutta with the intention of violating law on August 31." (Statesman 28/8/59)। সব জেনে শুনেও সরকার কী ধরে নিয়েছিলেন যে লক্ষ্ণ লক্ষ্ণ মান্য সমবেত হচ্ছে রাইটার্স বিশ্ডিংস দখল করতে ? তা না হলে, ৩১শে আগস্ট এমন সুরক্ষিত করে রাইটার্স বিন্ডিংস সাজানো হচ্ছে কেন ? বসুমতী দৈনিকের সংবাদদাতা জ্ঞানাচ্ছেন—"এই দিন পুলিস রাইটার্স বিন্ডিংসকে একটি সুরক্ষিত দুর্গে পরিণত করে। অপরাহ্ন হইতেই সশস্ত্র পুলিস রাইটার্স বিন্ডিংস-এর চতুর্দিকে কড়া বেষ্টনী সৃষ্টি করিয়া দাঁড়াইয়া থাকে। সমস্ত ফটকগুলি বন্ধ করিয়া দেওয়া হয় এবং ফটকের দ্বারদেশে দুই তিনজন পূলিশ ইনস্পেষ্টরসহ পূলিস প্রহরীগণ দাঁড়াইয়া থাকে। কাহাকেও ভিতরে প্রবেশ করিতে দেওয়া হয় নাই। রাইটার্স বিশ্ভিংসের কর্মমুখরিত ক্যানটিনও এইদিন অপরাহের আগেই বন্ধ করিয়া দেওয়া হয়। বেলা ৩টার আগেই রাইটার্স বিশ্ডিংস-এ প্রায় ছুটি হইয়া যায় এবং অপরাহ্ন ৫টার সময় খুব অক্সসংখ্যক কর্মচারী ছাড়া রাইটার্স বিশ্ভিংসের ভিতরে আর কেউ ছিলেন না। মন্ত্রীদের মধ্যেও কেহ কেহ বেলা ৪টা বাঞ্জিবার পূর্বেই বাড়ী চলিয়া যান। অবশ্য মুখ্যমন্ত্রী ডাঃ রায় রাত্রি ৮টা পর্যন্ত রাইটার্স বিল্ডিংসে ছিলেন। রাইটার্স বিল্ডিংসের সম্মুখভাগেও কড়া পুলিশ প্রহরা মোতায়েন করা হয়। প্রকাশ, পলিশের নিকট এই মর্মে নাকি সংবাদ আসে যে, বিক্ষোভকারীদের কেহ কেহ হয়তো অতর্কিতে রাইটার্স বিল্ডিংসে আসিয়া ভবনের শীর্ষে বামপন্থীদের পতাকা তুলিতে পারে। সেই কারণে উপরে যাহাতে কেহ না যাইতে পারে তজ্জন্য উপরে যাইবার সমস্ত সিঁড়ির ফটকগুলি চাবি দিয়া দেওয়া হয় এবং প্রত্যেক ফটকের বাহিরে পলিস প্রহরা রাখা হয়" (বসুমতী ১/৯/৫৯)। আসলে এ হল অপরাধীর মনক্তম। স্বসন্ত অপরাধবোধই তার মনে ক্ষণে ক্ষণে বিবিধ আতল্কেব জন্ম দেয়।

#### নবম পর্ব

বছ প্রতীক্ষিত একত্রিশে আগস্ট। বছ ঘোষিত একত্রিসে আগস্ট। সরকারি প্রচারযন্ত্র কর্তৃক বছ নিন্দিত একত্রিশে আগস্ট। মানুষ রালাল । সারাদিন বৃষ্টি পড়ছে টিপটিপ, প্রাকৃতিক দুর্যোগ উপেক্ষা করে সংলগ্ধ জেলাগুলি থেকে তবু এসেছে মানুষ। মানুষ মানুষ। মনুমেন্ট ময়দানে অসংখ্য অগণিত কালো মাথা। অভিজ্ঞ সাংবাদিকদের হিসেবমত একত্রিশে আগস্ট মনুমেন্ট ময়দানে সমবেত হয়েছে প্রায় তিন লক্ষাধিক মানুষ। সকাল থেকে ট্রেনে বাসে ট্রামে এসেছে মানুষ। পুলিস বাধা দিয়েছে, আটকে রেখেছে হাওড়া স্টেশনে, ব্যর্থ করতে চেয়েছে রাইটার্স বিল্ডিংস অভিযান, কিন্তু অবিরাম বৃষ্টিপাত ও সরকারের এই প্রচণ্ডতম অবরোধকে অগ্রাহ্য করে হাজার হাজার কৃষক এসেছে কলকাতায়। উত্তর ও দক্ষিণ শহরসীমার গ্রাম থেকে আগত কৃষকদের অভ্যর্থনার জন্য সে কী বিপুল উৎসাহ। পুলিসের সন্ধানী চোখকে ফাঁকি দিয়ে গ্রামের কৃষকের খাওয়া পরার স্বছন্দ ব্যবস্থা করে দেয় শহরের সমব্যথী মানুষ। ওদিকে তখন কিন্তু রাইটার্স বিল্ডিংসের মন্ত্রণা সভায় চলছিল জরুরী সভা, সিদ্ধান্ত হচ্ছিল ঃ আজ জনসাধারণকে সরকারের রুদ্রশক্তির কিছুটা পরিচয় দেওয়া প্রয়োজন। লাঠি, রাইফেল, টিয়ারগ্যাস সজ্জিত এবং ঘোড়সওয়ার বাহিনী সহ পাঁচ হাজার পুলিশ রণসাজে সজ্জিত হয়ে সুযোগের অপেক্ষায় প্রহর গোনে।

ক্ষকের পাশে এসে তখন দাঁডিয়েছে শ্রমিকের দল ও বিশ্ববিদ্যালয়ে সভার পর আট দশ হাজারের এক বিরাট ছাত্র মিছিলও সমবেত হল মনুমেন্ট ময়দানে। শ্রীঅমর বসুর সভাপতিত্বে মনুমেন্টের সংক্ষিপ্ত সভা, শ্রীমোহিত মৈত্র, শ্রীমতী মণিকন্তলা সেন, শ্রীরমেন ব্যানাজী, শ্রীচিন্ত বসু, শ্রীমাখন পাল, শ্রীগৌরাঙ্গ সিংহ প্রমুখ বামপন্থী নেতারা বক্তৃতা করেন। বিকেল ছয়টা বাজার দু মিনিট পরে মনুমেন্ট ময়দান থেকে বের হল সুবিশাল মিছিল রাইটার্স বিল্ডিংস অভিমুখে। ছয়টা দশ মিনিটের সময় মিছিলের অগ্রভাগ রাজভবনের পূর্বদ্বারের অনতিদুরে পৌঁছলেই পুলিশ বাহিনী গতিরোধ করে মিছিলের। পুলিশের অবরুদ্ধে মিছিলের মানুষেরা বসে পড়ল সেখানেই। ধ্বনি দিতে লাগল, বক্তুতা। সদ্ধ্যে সাতটা পঁটিশ মিনিটের সময় দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির নেতৃবৃন্দকে সামনে রেখে চল্লিশ পঞ্চাশ জনের একটি ক্ষুদ্র দল আইন অমান্য করে কারবরণ করে। দ্বিতীয় আর একটি দল আইন অমান্যের জন্য পুলিশ কর্ডনের ভিতর প্রবেশ করা মাত্র বিনা প্ররোচনায় অতর্কিতে পুলিশ তাদের উপর লাফিয়ে পড়ে। তারপর শুরু হয় নৃশংস বেপরোয়া দিগবিদিক ও জ্ঞানশূন্য পৈশাচিক লাঠি চার্জ। জনতা ছত্রভঙ্গ হয়ে যায়, যে যেদিকে পারে ছুটে পালাতে থাকে। নারী, শিশু, বৃদ্ধ কেউই বাদ যায় না। প্রত্যক্ষদর্শী রিপোর্টারের ভাষায়—"কেহ মাটিতে মুখ থুবড়াইয়া পড়িলেন, একজনের দেহের উপর আর একজন, তারপরে আরও একজনের দেহ লুটাইয়া পড়িল, কেহ প্রচণ্ড ভীড়ে পদদলিত পিষ্ট হইয়া গেলেন. কাহারও মাথা ফাটিল. কাহারও পা ভাঙ্গিল, রক্তাপ্পত অবস্থায় বছলোক রাস্তার উপর পড়িয়া গেলেন।" একত্রিশে আগস্টের ঘটনা সম্পর্কে সরকার পরদিন যে প্রেসনোট দিয়েছিলেন তার মূল কথা হল ঃ দোষ নেতারই, তারাই প্ররোচনা সৃষ্টি করেছিল। পুলিশ তার পবিত্র কর্তব্য পালন করেছে শুধু। —"জনতা সামনের দিকে আগাইয়া আসে এবং তাহাদের মধ্য হইতে কিছু লোক পুলিসের প্রতি ইট সোডার বোতল ও হাতবোমা নিক্ষেপ করিতে থাকে। ফলে পুলিশ লাঠিচার্জ করিতে বাধ্য হয়।" অথচ, সরকারের এই বক্তব্যের সঙ্গে সংবাদপত্তের রিপোর্টারদের বিবরণ মিলিয়ে দেখলে দেখা যাবে যে, এমন কি সরকারের অনুগত সংবাদসেবীরাও বিপরীত কথা বলেছেন। প্রত্যক্ষদর্শী সাংবাদিকদের বিবরণ থেকে নিম্নে তথ্যগুলি প্রমাণিত হয় : (এক) জনতা "পুলিসের প্রতি ইট, সোডার বোতল ও হাতবোমা নিক্ষেপ করিতে থাকে বলে পুলিস লাঠি চালিয়েছে—সরকারি প্রেসনোটের এই বক্তব্য সম্পূর্ণ মিথ্যা। লাঠি চালাবার সময় জনতা শান্তিপূর্ণ ছিল। (দৃই) জনতা শান্তিপূর্ণভাবে কয়েকটি দলে বিভক্ত হয়ে আইন অমান্য করবেন একথা বহু পূর্বে আন্দোলনের নেতারা ঘোষণা করেছিলেন এবং পূলিশও সেকথা জানত। (তিন) আইন অমান্যকারীরা যাতে অগুসর হয়ে গ্রেপ্তারবরণ করতে পারেন তারজন্য পুলিশ তাদের বেষ্টনীর মধ্যে একটি ফাঁকও রেখেছিল। "বসুমতীর" রিপোর্টার সঠিকভাবেই বলেছিলেন যে—ঐ ফাঁকই ছিল আসলে একটি ফাঁদ। জনতাকে অগ্রসর হতে প্রলব্ধ করার জন্যই ঐ ফাঁক রাখা হয়েছিল, যাতে সুযোগমত পুলিস তাদের পিটাতে পারে। লাঠিচার্জে হতাহত সম্পর্কে সরকারি প্রেসনোটে বলা হয়েছে—"কুড়িজন পুলিশ আহত হয়। পাঁচজনকে হাসপাতালে ভর্তি করা হয়। ইহার মধ্যে দুইজনের অবস্থা গুরুতর। লাঠির আঘাত, পায়ের তলায় অথবা ইট পাটকেলে মধ্য হইতে বারো জন আহত হইলে তাঁহাদের হাসপাতালে ভর্তি করা হয়।" অথচ স্টেটসম্যানের মতে আহতের সংখ্যা ৩৪০. আনন্দবাজার.

হিন্দুস্থান স্ট্যান্ডার্ডের মতে ৩৫০, যুগান্তর, অমৃতবাজারের মতে ৪০০। একব্রিশে আগস্ট মেদিনীপুর জেলার সদরে, তমলুকে ও ঘাটালে—এই তিন স্থানে এবং বর্জমান, বহরমপুর ও পশ্চিমদিনাজপুরের গঙ্গারামপুরে ও কোচবিহারে শান্তিপূর্ণ মিছিলের উপর হিংস্র লাঠিচার্জ হয় ও বহু মানুষ আহত হন। মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি সরকারি প্রেসনোটের নির্লজ্জ মিথ্যাভাষণকে নিন্দা করে সংগ্রামী জনগণকে অভিনন্দন জানিয়ে পরবর্তী কর্মসূচীতে অটল থাকার আহুান জানান। ৩১শে আগস্টের রক্তাক্ত ঘটনার পর পয়লা সেপ্টেম্বর পালিত হয় রাজ্যব্যাপী ছাত্র ধর্মঘট।

সফল ধর্মঘটের পর প্রায় দশ হাজারের এক ছাত্রজনতা বিশ্ববিদ্যালয়ের লনে সমবেত হয়। সেখানে পি এস ইউ-র শ্রীতৃষার কাঞ্জিলালের সভাপতিত্বে নাতিদীর্ঘ সভায় শ্রীনন্দদুলাল ভট্টাচার্য, শ্রীঅলোক ব্যানার্জী, শ্রীকৃষ্ণ চক্রবতী প্রমুখ ছাত্র নেতৃবৃন্দ বত্তৃতা করেন, অতঃপর বের হয় এক বিশাল ছাত্র মিছিল। ছাত্র নেতৃবৃন্দ ঘোষণা করেছিলেন যে, বিশ্ববিদ্যালয় লন থেকে এই মিছিল বের হয়ে বিভিন্ন রাস্তা পরিভ্রমণ করে লনেই পুনরায় ফিরে আসবে, তাঁরা ছাত্রসমাজের নিকট আবেদন জানান যে সমস্ত প্ররোচনা ও উস্কানী সত্তেও এই মিছিল শান্তিপূর্ণভাবে পরিচালনা করা হবে। বেলা সওয়া একটা নাগাদ মিছিল মুখ্যমন্ত্রী বিধানচন্দ্র রায়ের বাসভবনের সম্মুখে উপস্থিত হয়। এমন সময় সম্পূর্ণ অতর্কিঙে পুলিস বাহিনী ঝাঁপিয়ে পড়ে মিছিলের উপর। শুরু হয় প্রচণ্ড অমানুষিক লাঠিচার্জ। —''বহু ছাত্রছাত্রী আত্মরক্ষার্থে পার্শ্ববর্তী বাড়ী, দোকানঘর ও গলির মধ্যে ঢুকে পড়ল। লাঠিধারী পুলিশ বাহিনী গলিগুলির মধ্যে তাড়া করিয়া নির্বিচারে লাঠিপেটা করিয়া চলের মৃঠি ধরিয়া টানিয়া আনিতে থাকে। একটি দোকানঘরের মধ্যে কয়েকজন ছাত্র আশ্রয় লইয়াছিল। পুলিশ সেই দোকানের দরজা ভাঙ্গিয়া ঐ ছাত্রদের গ্রেপ্তার করিয়া টানিয়া হিচডাইয়া প্রিজন ভ্যানে লইয়া আসে। পুলিশের এই বারংবার প্ররোচনার পর কিছু ধৈর্যের বাঁধ ভাঙ্গিয়া যায়। তাছাড়া আত্মরক্ষার তাগিদও তাহাদের মধ্যে প্রবল হইয়া উঠে। ছাত্রদের মধ্য হইতেও পুলিশের উদ্দেশ্যে প্রচুর ঢিল পাটকেল নিক্ষিপ্ত হইতে থাকে। পুলিস—এমনকি পুলিশের উচ্চপদস্থ কর্মচারীদেরও সমানে ছাত্রদের উপর ইষ্টক বর্ষণ করিতে দেখা যায়। তখন শুরু হয় বড় বড় রাস্তায় ও প্রতিটি অলিতে গলিতে ছাত্র ও জনসাধারণের উপরে নির্বিচারে লাঠিচার্জ ও টিয়ার গ্যাস বর্ষণ। জনসাধারণের মধ্যেও তখন দারুণ বিক্ষোভের সঞ্চার হয়। পুলিশের চণ্ডনীতির বিরুদ্ধে আত্মরক্ষায় সকলে আগাইয়া আসে" (স্বাধীনতা ২/৯/৫৯)। সন্ধ্যার পর থেকে পুলিশী আক্রমণের তীব্রতা বৃদ্ধি পায়। উত্তর ও মধ্য কলকাতায় পুলিশী তাগুবের খবর ছড়িয়ে পড়ার পর দক্ষিণ কলকাতায় জণ্ডবাবুর বাজার থেকে হাজরা ধরে টালিগঞ্জ পর্যন্ত জনগণ ব্যাপক বিক্ষোভ প্রদর্শন করে। প্রতিবাদ ও বিক্ষোভ কর্মসূচীতে মানুষের এই স্বতস্ফুর্ত অংশগ্রহণে ক্ষিপ্ত হয়ে ওঠে সরকারের পুলিশ। লাঠি ও টিয়ার গ্যাসের সঙ্গে তারা এবার বন্দুকেরও ব্যবহার শুরু করে। পয়লা সেপ্টেম্বরের ঘটনা সম্পর্কে সরকারি প্রেসনোটে বলা হয় ঃ "আন্দাজ দুপুর একটার সময় ছাত্রদের একটি মিছিল নির্মলচন্দ্র স্ট্রীট ধরিয়া অগ্রসর হইবার কালে মুখ্যমন্ত্রীর বাসভবনের সামনে দাঁড়ায় এবং কিছুক্ষণ শ্লোগান চীৎকার করার পর মুখ্যমন্ত্রীর বাড়ীতে ইট পাথর ছুঁড়িতে আরম্ভ করে। তখন ঐ জনতাকে তাড়াইবার জন্য পুলিশকে কাঁদানে গ্যাসগোলা ছুঁড়িতে হয়।" অথচ প্রত্যক্ষদর্শী রিপোর্টারদের বিবরণ থেকে প্রমাণিত হয় যে ঃ (এক) ছাত্র মিটিলটি সম্পূর্ণ শান্তিপূর্ণ ছিল। কোনরূপ বিশৃষ্খলা যাহাতে না ঘটে তার জন্য ছাত্র স্বেচ্ছাসেবকগণ প্রথম হতেই সচেস্ট ছিলেন। মুখ্যমন্ত্রীর বাড়ীতে ইট পাথর ছোঁড়ায় কোন ঘটনা উপস্থিত রিপোর্টারগণ কেহই দেখেননি। বরং ছাত্রদের শান্তিরক্ষার জন্য উদ্বেগের প্রমাণ তাঁরা পেয়েছেন। (তিন) পুলিশ পিছন হতে অতর্কিতে শান্তিপূর্ণ মিছিলকে আক্রমণ করে। (চার) সরকারি প্রেসনোটে লাঠিচার্জের কথা বেমালুম চেপে যাওয়া হয়েছে। (পাঁচ) হিন্দুস্থান স্ট্যান্ডার্ডের ভাষায় "শান্তিপূর্ণ ছাত্র মিছিলের উপর লাঠিচার্জের ফলেই ঐ দিনের হাঙ্গামার সূত্রপাত হয়। সরকারি প্রেসনোটের মতে পয়লা তারিখের হতাহতের সংখ্যা ঃ নিহত ছয় জন এবং আহত একশ দশ জন। কিন্তু আনন্দবাজার প্রভৃতি পত্রিকার মতে নিহত সাত জন, আহত প্রায় এক হাজার জন। এই দিন মেদিনীপুর জেলার তমলুকে আদালতের সম্মুখে অবস্থানকারী পাঁচ হাজার ঘুমন্ত নরনারীর উপরও পুলিশ নৃশংশ লাঠিচার্জ করে, ফলে পঞ্চাশ জন আহত হয়, তন্মধ্যে আঠার জনের অবস্থা সংকটজনক। এযাবৎ গ্রেপ্তার হয় মোট ৭৭৭৬ জন, এঁদের মধ্যে ৬৯৮ জন মহিলা।

দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির কর্মসূচী অনুযায়ী তেসরা সেপ্টেম্বর সাধারণ ধর্মঘটের আহ্বান দেওয়া হয়েছিল। বলাবাছল্য দোসরা সেপ্টেম্বরও সরকারি দমননীতি চলে সমানে। এদিন সকাল হতে রাত্তি পর্যন্ত বিভিন্ন স্থানে কাঁদুনে গ্যাস ও লাঠিচার্জের ফলে চল্লিশ জন মানুষ আহত হয়। রাত্তি সাতটা হতে উত্তর ও দক্ষিণ কলকাতার বিভিন্ন নিষ্প্রদীপ অঞ্চলে পুলিশের গুলি চালনার সংবাদ পাওয়া যায়। দমদম জংশনের নিকট পুলিশের গুলি চালনার ফলে দুই জন আহত হয়। হাওড়া ময়দানের নিকটস্থ অঞ্চলে পুলিশ লাঠি চালনা করে ও কাঁদুনে গ্যাস প্রয়োগ করে। সবচেয়ে তাৎপর্যপূর্ণ খবর হল, দোসরা সেপ্টেম্বর কলকাতায় অবস্থিত সৈন্যবাহিনীর বিংশতি ডিভিসনের সৈন্য বোঝাই মিলিটারী ট্রাককে আজ সকাল দশটা হতে শহরের বিভিন্ন রাজপথে ঘুরতে দেখা যায়। এই মিলিটারী বোঝাই ট্রাক সমূহের সঙ্গে উচ্চপদস্থ পুলিশ অফিসাররাও ছিলেন।

তেসরা সেপ্টেম্বর পালিত হয় রাজ্যব্যাপী সাধারণ ধর্মঘট। ধর্মঘট অভূতপূর্ব সাফল্যলাভ করে।

শুধু কলকাতা শহর বা সংলগ্ন শহরতলীতে নয়, সুদূর জেলাগুলিতেও স্বাভাবিক জীবনযাত্রা স্তব্ধ হয়ে যায়। সারা রাজ্যব্যাপী হরতাল ও ধর্মঘটের সাফল্যে ক্ষিপ্ত সরকারের সশস্ত্র পুলিশ কলকাতা, হাওড়া ও চবিশ পরগণায় ব্যাপক গুলি চালায়। হাওড়ার শহরাঞ্চলে জারি করা হয় ১৪৪ ধারা, তলব করা হয় সৈন্যবাহিনী। বেলা সাড়ে এগারটা নাগাদ হাওড়ায় গুলি চলে। বেপরোয়া গুলি। বেলিলিয়াস রোড, পঞ্চাননতলা, জয়নারায়ণ সাঁতরা রোড, গোপাল গোবিন্দ বসু রোড প্রভৃতি রাস্তার মোড়ে গুলি বর্ষণ করা হয়। কলকাতার খিদিরপুর, শোভাবাজার, কৈলাস বসু স্ট্রীট, বীডন স্কোয়ার, গিরিশ পার্ক, চবিশ পরগণার বেহালা, বরানগর, বজবজ, দমদম, সোদপুর, পানিহাটি, খদড়ায় গুলি চলে। মাত্র এই একটি দিনেই পুলিশের গুলিতে মোট সাতাশ জনের মৃত্যু ঘটে। হাওড়ায় বারো জন নিহত হয়, চল্লিশ জন গুরুতরভাবে আহত হয়। তেসরা সেপ্টেম্বর বিভিন্নস্থানে গুলিবর্ষণের যে সংবাদ সংবাদপত্রে প্রকাশিত হয়েছে তা মিলিয়ে দেখলে দেখা যায় ঃ কলকাতায় সতেরোটি জাগায়, হাওড়ার মোট পাঁচটি জায়গায় গুলি বর্ষণ করেছে পুলিশ। আহতদের সংখ্যা যুগান্তরের মতে প্রায় একশ পঞ্চাশ জন, আনন্দবাজারের মতে একশ বাহাত্তর জন। পয়লা ও দোসরা সেপ্টেম্বর প্রচণ্ড দমননীতি চালিয়ে সরকার তেসরা সেপ্টেম্বরের সাধারণ ধর্মঘট বানচাল করতে চেয়েছিলেন, বলাবাহুল্য তাঁদের প্রচেষ্টা ব্যর্থ হয়েছিল শোচনীয়ভাবেই। সফল হয়েছিল সাধারণ ধর্মঘট। এবং তারই মূল্যস্বরূপ সাতাশটি তাজা প্রাণের রক্ত ঝরেছিল সেদিন। কিন্তু শুধু কী আহত? এই তিনদিনে নিখোঁজ হয়েছিল প্রায় একশ কুড়ি জন মানুষ। প্রমাণ পাওয়া যাচ্ছিল, হত্যা করার পর মৃতদেহগুলিকে পুলিশ সরিয়ে ফেলেছিল অন্যত্র। একত্রিশে আগস্টেই ময়দান অঞ্চল থেকে বাইশটি মৃতদেহ সরানো হয়েছিল। নিখোঁজ ব্যক্তির আত্মীয়েরা সংবাদপত্রের রিপোর্টারদের নিকট কিছু সঙ্গত প্রশ্ন উত্থাপন করেছিলেন। যেমন (এক) পুলিশ নিহত ব্যক্তিদের সনাক্তকরণের জন্য সাংবাদিকদের ফটো তুলতে দিয়ে সংবাদপত্তে প্রকাশের সুযোগ দেন না কেন? (দৃই) পুলিশ নিজের ফটোগ্রাফার দিয়ে ফটো তুলিয়ে তা সনাক্তকরণের জন্য টাঙ্গিয়ে দেন না কেন? (তিন) যে সব ক্ষেত্রে নাম ঠিকানা জানা গিয়েছে সেইক্ষেত্রেও আত্মীয় স্বজনের হাতে মৃতদেহ দেওয়া হয়নি কেন ? (চার) সংবাদপত্রে নিখোঁজের তালিকা বের হচ্ছে তা আকাশবাণী হতে প্রচার করার বিশেষ ব্যবস্থা কেন হচ্ছে না? এই সব সঙ্গত প্রশ্নের জবাব সেদিন সরকার দেন নি।

কিন্ত এই দমনপীড়ন কী ভেঙে দিতে পারলো মানুষের মনোবল? না, পারলো না। বরং আরো অদম্য উৎসাহে মানুষ সমবেত হল, সংহত হল।

## দশম পর্ব

বিখ্যাত হিটলারী কৌশলের কথা ইতিহাস পাঠক মাত্রই অবগত আছেন। আক্রমণে, অত্যাচারে পঙ্গু ও পর্যুদন্ত করে দিচ্ছে একের পর একটি দেশ; কিন্তু সেই সঙ্গে তারস্বরে চীৎকার: বন্ধুগণ, আমরা শান্তির পক্ষে, আমরা শান্তি স্থাপন করতে চাই। হিটলারী চক্রের তাত্ত্বিক মধ্যমণি ডঃ গোয়েবলসের নিভীক নির্লজ্ঞ স্বীকারোক্তির কথাও নিশ্চয়ই মনে আছে ইতিহাসের পাঠকদের: একটা মিথ্যে কথা বার বার বলতে বলতে সেটাই পরিণত হয় সত্যে। ১৯৫৯ সালের একত্রিশে আগস্ট ও পয়লা থেকে তেসরা সেপ্টেম্বরের অকথ্য পুলিশী নির্যাতনের পর সরকার পক্ষের উক্তি বা বিবৃতিগুলি হিটলারী কৌশলের সঙ্গে সৌসাদৃশ্যের কথা মনে পড়িয়ে দেয়। দিল্লী থেকে নৃতন খাদ্যমন্ত্রী শ্রীএস. কে. পাতিল বললেন যে সময় খাদ্য সমস্যা সমাধান হতে যাচ্ছে সেই সময়েই বামপন্থী নেতারা আন্দোলন থেঁদে বসলেন, তাই এ আন্দোলন রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় তেসরা সেপ্টেম্বর সন্ধ্যাবেলা এক সাংবাদিক বৈঠকে বললেন,

"হাওড়ার হাঙ্গামাকারীগণ কর্তৃক গাদা বন্দুক, মারাত্মক অস্ত্রশস্ত্র ও বোমা পটকা ব্যবহার করা হইতেই প্রমাণিত হয় যে, দ্রব্যমূল্য বৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির খাদ্য আন্দোলনের নেতৃত্ব আজ তাঁহাদের হস্ত হইতে গুণ্ডাদের হাতে চলিয়া গিয়াছে। তিনি বলেন যে হাওড়া ও কলিকাতা শহরে যে অরাজকতা ও বিশৃত্বলা সৃষ্টির চেষ্টা চলিতেছে তাহা গুণ্ডা ও দুঙ্কৃতকারীদের কার্য ব্যতীত অন্য কিছু নহে" (বসুমতী, ৪/৯/৫৯)। শুধু তাই নয়, তার দিন দুই পরে আবার এক সাংবাদিক বৈঠকে ডাঃ রায় বিগত তিন চার দিনের ঘটনার পর্যালোচনা প্রসঙ্গে বলেছিলেন যে, ঐ সময়ে কলকাতার সাতটি পুলিশ ফাঁড়ি এবং হাওড়া পুলিশের কন্ট্রোলক্রম আক্রান্ত হয়, সোদপুরের পুলিশ ফাঁড়িটি সম্পূর্ণভাবে দখল করে ফেলে; এবং—"অবস্থা এমন দাঁড়ায় যে, থানা হইতে আর কিছু করা সন্তব ছিল না।" অর্থাৎ পশ্চিমবংগের মাননীয় মুখ্যমন্ত্রীর বন্ধব্য বিশ্লেষণ করলে মোদ্দা কথা যা বেরিয়ে আসে তা হলঃ বামপন্থীরা গুণ্ডাদের সাহায্যে সশস্ত্র অভিযান শুরু করতে চেয়েছিল। সাংবাদিক বৈঠকে সেদিন সাংবাদিকরা হতভন্ব হয়ে গিয়েছিলেন কিনা জানিনা, কিন্তু সংবাদপত্রে প্রকাশের পর সাধারণ মানুষ স্তন্তিত হয়েছিলেন এই ভয়ঙ্কর মিথ্যা ভাষণ শুনে। কেরলে কংগ্রেস পক্ষের লোকেরা যা করতে চেয়েছিলেন, পশ্চিমবংগে 'সাধারণ মানুষের উপর সেই ঘটনা চাপিয়ে দেবার চেন্টা হয়েছিল। মুসলিম ইনস্টিট্যুটের সভায় ঐ দলের সম্পাদক শ্রীঅজিত রায় বললেন, খাদ্য আন্দোলনে মানুষ আসেনি, এসেছে গুণ্ডা। জনতা এই আন্দোলনে সাডা দেয়নি আদৌ; তাঁর মতে প্রকৃত গণ-আন্দোলন হয়েছে আসানসোলে, পি. এস. পির নেতত্বে।

কংগ্রেস সরকারের সমর্থনে সেদিন এগিয়ে এসেছিলেন বৃদ্ধিজীবীদের একাংশ। তেসরা সেপ্টেম্বরের হরতালের প্রতিবাদ জানিয়ে খ্রীতারাশংকর বন্দ্যোপাধ্যায়, ডঃ কালিদাস নাগ, ডঃ নীহার রায় প্রমুখ বৃদ্ধিজীবীরা একটি বিবৃতিতে বলেছিলেন, এই আন্দোলনের পশ্চাতে গণসমর্থন নেই, এই আন্দোলন "কয়েকজন" রিফিউজি আর কতকগুলি "গরীবলোকের"। লক্ষ্য করুন মাননীয় গুণী ব্যক্তিদের ভাষা প্রয়োগের বহর! ক্ষমতাসীন দলের পক্ষ সমর্থন করতে গিয়ে মানুষকে সম্মান দিতেও এঁরা ভুলে গিয়েছিলেন। মানুষ সম্পর্কে "কতকগুলি" শব্দ প্রয়োগ কী শালীনতা ও সুরুচি সম্মত? এবং শুধু কী কয়েকজন রিফিউজি আর গরীবলোকের এই আন্দোলন? মাননীয় লেখকরা বলেছিলেন, হরতাল পালন করে সমস্যার সমাধান হয় না। ঠিক, মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির নেতারা তা জানেন; হরতাল একটা ধাপ, সংগ্রামের একটা পদক্ষেপ। একথা জানা সত্ত্বেও মাননীয় তারাশংকরবাবুরা না জানা, না বোঝার ভান করছিলেন। খ্যাতনামা প্রবীণ চিকিৎসক ডঃ নলিনী সেনগুপ্ত পাঁচই সেপ্টেম্বরের অমৃতবাজার পত্রিকায় লিখলেন একটি সুদীর্ঘ প্রবন্ধ নাম ঃ "শেম অ্যাস্টাউন্ডিং" অর্থাৎ কী ভয়ানক লজ্জার কথা। ডঃ সেনগুপ্ত মহাশয় তাঁর প্রবন্ধে মূল যে বিষয়গুলি উত্থাপন করেছিলেন সেগুলি হল ঃ (এক) হিংসাত্মক পন্থা প্রথম যে সরকারই গ্রহণ করেন সে কথা ঠিক নয়, (দুই) এ গণ-অভ্যুত্থান নয়, গুণ্ডা অভ্যুত্থান, (তিন) এ শুধু সরকার বিরোধীপক্ষের নেতাদের কাছে লজ্জার কথা নয়, জনসাধারণের পক্ষেও লজ্জাজনক—যেহেতু গুণ্ডাদের প্রতিরোধ করেন নি তাঁরা, (চার) মাত্র একটি সংবাদপত্র ব্যতিরেকে অন্য সবগুলি এই গুণ্ডামির ইন্ধন জুণিয়েছে।

গণ অভ্যুত্থানকে গুণ্ডা অভ্যুত্থান বলে চালানোর এই সকল জ্ঞানপাপীসুলভ অপপ্রয়াসের বিরুদ্ধে মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি বিবৃতি দিয়েছিলেন। সেই বিবৃতির উল্লেখ নিষ্প্রয়োজন, সেহেতু সচেতন ও প্রসারিতদৃষ্টি পাঠক এতাবৎকাল আন্দোলনের রূপরেথার সঙ্গে পরিচিত হয়ে বুঝেছেন যে দেশ জোড়া মানুষের উত্তাল ক্রোধ ও ক্ষোভের সম্মুখে দাঁড়ানোর সাহস সরকারের সেদিন ছিল না। সরকার ও সরকারের অনুগ্রহভাজন মহাশয়েরা তাই হিটলারী কৌশলের প্রয়োগ ঘটাতে চেয়েছিলেন।

কিন্তু তা-ও সম্ভব হয়নি।

वृक्षिकीवीरमत এकारम्यत कथा वरलिছ, এवात अन्य अर्मत कथा अनुन।

একত্রিশে আগস্ট থেকে তেসরা সেপ্টেম্বর পর্যন্ত পশ্চিমবংগ সরকার যে "বর্বর দমননীতি" চালিয়েছেন তার প্রতিবাদে বিবেকবান বৃদ্ধিজীবীরা সোচার হলেন। অধ্যাপক নির্মল ভট্টাচার্য, পশ্চিমবংগ গণতান্ত্রিক আইনজীবী সঙ্গম, পশ্চিমবংগ প্রাথমিক শিক্ষক সমিতি, জাতীয় মহিলা ফেডারেশন, তমলুক বার অ্যাসোসিয়েশন এক বিবৃতিতে এই হত্যাকাণ্ডের তীর নিন্দা করে অবিলম্বে বর্বর দমন নীতি বন্ধ করার আবেদন জানালেন। অবিভক্ত-বাংলার মন্ত্রী ও প্রখ্যাত ব্যবহারজীবী

শ্রীবরদাপ্রসন্ন পাইন সুস্পষ্টভাবে কংগ্রেস সরকারকে অপরাধী হিসেবে চিহ্নিত করে বললেন, "পশ্চিমবংগ সরকারের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল করার পরই সরকার যে একটি সরাসরি সংঘর্ষ বাঁধাইবার জন্য উদ্যত হইয়াছিলেন ইহা মনে করিলে অন্যায় হইবে না। আন্দোলনের নেতারা এই অশান্তির দায়িত্ব অস্বীকার করিতে পারেন কারণ তাঁহাদের পর্বেই ব্যাপকভাবে গ্রেপ্তার করা ইইয়াছিল। কিন্তু সরকারের দায়িত্ব এড়াইবার উপায় নাই। বৃটিশ আমলে পুলিশ গুলি বর্ষণ করিলে কংগ্রেস নেতারা জীবন বিপন্ন করিয়া দুর্গতদের সেবা করিত, অগ্রসর হইতেন, আর এখন কংগ্রেস সরকারের পুলিশ গুলি বর্ষণ করিয়া নিহত ও আহত নরনারীদের রাস্তায় ফেলিয়া রাখিলে কেহ যদি তাহাদের রক্ষা করিতে অগ্রসর হয় তবে তাহাদের 'কমিউনিষ্ট' অথবা 'হবু কমিউনিষ্ট' বলিয়া আখ্যাত করা হয়।" বিশিষ্ট ব্যবহারজীবী ও পণ্ডিত শ্রীঅতুলচন্দ্র গুপ্ত, ঐতিহাসিক শ্রীসুরেন্দ্রনাথ সেন এবং অধ্যাপক শ্রীত্রিপুরারী চক্রবর্তী এক যুক্ত বিবৃতিতে কলকাতা ও হাওড়ার "নৃশংস ঘটনাবলী" সম্পর্কে প্রকাশ্য তদন্তের দাবি জানালেন। হাওড়ার কয়েকজন বিশিষ্ট আইনজীবী শান্তি ও শৃঙ্খলা রক্ষার নামে পূলিশ এবং জেলা কর্তৃপক্ষের যে-আইনী ও প্রতিহিংসামূলক কার্যকলাপ এবং ধৃত ব্যক্তিদের থানায় নিয়ে গিয়ে নির্যাতন চালানোর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানালেন। অধ্যাপক শ্রীজানকীবল্লভ ভট্টাচার্য মথমন্ত্রীর নিকট লিখিত পত্রে বললেন যে, দেশের নাগরিকগণ মনে করেন কিছু জনসম্পত্তির ক্ষতি দুঃখজনক বিষয় হলেও পুলিশের কার্যকলাপই এই পরিস্থিতির সৃষ্টির জন্য দায়ী ; শান্তিপূর্ণ খাদ্য আন্দোলনকারীদের উপর এবং নাগরিক সাধারণের উপর পুলিসের এই অভাবনীয় আক্রমণের কোন যুক্তিসঙ্গত কারণ ছিল না। শ্রীভট্টাচার্য মুখ্যমন্ত্রীকে অবিলম্বে মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির সঙ্গে যুক্তিসংগত মীমাংসা আলোচনা করার অনুরোধ জানান। কলকাতা বিশ্ববিদ্যালয়, বালীগঞ্জ বিজ্ঞান কলেজ, সুরেন্দ্রনাথ কলেজ, বিদ্যাসাগর কলেজ, সি. টি. কলেজ, যাদবপুর বিশ্ববিদ্যালয় প্রভৃতি প্রতিষ্ঠানের দুশো পনের জন অধ্যাপক ও অধ্যাপিকার এক বিবৃতিতেও দ্রুত মীমাংসায় উপনীত হওয়ার অনুরোধ জানানো হল। "—কলিকাতার বিভিন্ন কলেজের ও বিশ্ববিদ্যালয়ের নিম্নস্বাক্ষরকারী অধ্যাপকবৃন্দ আমরা কলিকাতার বর্তমান অস্বাভাবিক অবস্থার জন্য গভীর উদ্বেগ প্রকাশ করিতেছি। আমরা বিশেষভাবে ব্যথিত যে, আমাদের কয়েকজন ছাত্র নিহত হইয়াছে, এবং বহু সংখ্যায় তাহারা হাসপাতাল বা জেলে আছে। ফলে ছাত্রসমাজ খুবই বিচলিত হইয়া আছে এবং শিক্ষাব্যবস্থা প্রায় অচল হইয়া পড়িয়াছে। আমাদের অভিমত এই যে, এই অবস্থায় কেহই উপকৃত হইতেছে না বরং গুরুতর পরিণতির সম্ভাবনা রহিয়াছে। সূতরাং আমরা সরকারের প্রতি আবেদন জানাইতেছি যে শহরের স্বাভাবিক অবস্থা ফিরাইয়া আনিবার পদক্ষেপ হিসাবে সকলপ্রকার দমননীতি বন্ধ করুন, সকল রাজনৈতিক বন্দীকে মুক্তি দিন, খাদ্য আন্দোলনের নেতাদের সঙ্গে আলোচনা করুন এবং দ্রুত একটি মীমাংসায় আসুন।"

কিন্তু মীমাংসার সূত্র কী?

পশ্চিমবংগের অবস্থা পর্যবেক্ষণের পর লোকসভার ছয়জন বামপন্থী সদস্য রাজ্যসরকারের নিকট খাদ্য আন্দোলন প্রত্যাহারের ন্যুনতম শর্ত হিসাবে উল্লেখ করেছিলেন ঃ (এক) সরকার পাঁচ লক্ষ টন খাদ্য মজুত করবেন, (দুই) রেশন শপে সাড়ে উনিশ টাকা মণ চালের মূল্য কমিয়ে সাড়ে সতেরো টাকা মণ করতে হবে, (তিন) খ ও গ শ্রেণীর কার্ডে চালের পরিমাণ বৃদ্ধি করতে হবে, (চার) সর্বদলীয় খাদ্য কমিটি গঠন করতে হবে, এবং সেই সঙ্গে ছিল নির্যাতন বন্ধ ও বন্দীমুক্তির প্রসঙ্গ। কমিউনিষ্ট নেতা শ্রীভূপেশ গুপ্ত প্রধানমন্ত্রীকে পশ্চিমবংগ পরিদর্শনের আহ্বান জানিয়েছিল। তার উত্তরে শ্রীনেহরু বলেছিলেন, "আমি সকলের সহিত আলোচনা করিতে প্রস্তুত আছি। কিন্তু কলিকাতায় যাহা ঘটিতেছে তাহা ঘটিতে থাকিলে কোন পরিস্থিতি লইয়া আলোচনা হইবে কিরুপে।" অর্থাৎ আগে আন্দোলন প্রত্যাহার করতে হবে, তারপর অন্য কথা। চৌঠা সেপ্টেম্বরের আলোচনায় শ্রীনেহরু সেই কথাটা আরো স্পষ্ট করে বলে ফেললেন। সেই টেপ রেকর্ডের সুরই অতএব বেজে উঠল পশ্চিমবংগের মুখ্যমন্ত্রীর গলায়। অধ্যাপক শ্রীনির্মল ভট্টাচার্যের পত্রের উত্তরে ডাঃ রায় সাফ কথা বলে দিলেন যে, আগে গুণ্ডামির নিন্দা করতে হবে এবং আন্দোলন প্রত্যাহার করতে হবে।—সমস্যার সমাধানের জন্য বর্তমান পরিস্থিতি সম্পর্কে খাদ্য আন্দোলনের নেতাদের সহিত আলোচনা প্রস্তাবের উত্তরে ডাঃ রায় বলিয়াছেন যে, "আপনি শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ের সহিত যুক্ত পত্রে যাহা পূর্বে বলিয়াছিলেন, তাহারই পুনরুক্লেখ করিয়াছেন। আমাদের এই বিষয় বিবেচনা করিতেই হইবে। কিন্তু প্রধানমন্ত্রী চৌঠা সেপ্টেম্বর লোকসভায় যে প্রস্তাব করিয়াছেন, তদনুযায়ী নেতাদের গুণ্ডা করিতে ইইবেতা অবলম্বনের নিন্দা করিতে ইইবেও আন্দোলন প্রত্যহার করিতে ইইবে" (বসুমতী

৭/৫/৫৯)। সরকারের এই আচরণ থেকে এ কথা সুস্পষ্ট হয়ে যায় যে, সরকার আপোষ আলোচনার গুরুত্ব গুরুতরভাবে অনুভব করতে চান নি। তা না হলে, প্রথমে আন্দোলন প্রত্যাহারের প্রশ্ন তাঁরা তোলেন কেন? কেনইবা পুলিশী গুণ্ডামিকে জনগণের গুণ্ডামি বলে গুলিয়ে দিতে চান? আর যদি, ডাঃ রায়ের কথামত স্বীকার করে নেওয়া যায় যে গুণ্ডামি হয়েছে, তা হলে ডাঃ রায় প্রকাশ্য তদন্তের দবিই বা মেনে নিলেন না কেন? শ্রীঅতুলচন্দ্র গুপ্ত প্রমুখ গুণীজনেরা তো প্রকাশ্যে তদন্তের দাবি তুলেছিলেন, সে দাবি ডাঃ রায় কেন মেনে নিলেন না? কোথায় দুর্বলতা ছিল?

পঁচান্তর বংসর বয়স্ক শহীদ রসায়নবিদ চুণিলাল দন্তের পুত্রবধূ শ্রীমতী তপতী দন্ত অশুরুদ্ধ কঠে সাংবাদিকদের নিকট প্রশ্ন তুলেছেন, "এত বড় অন্যায় সইবে?" এ প্রশ্ন তো শুধূ শ্রীমতী তপতী দন্তের নয়, পশ্চিমবাংলার মনুষ্যত্বের নিকট এই প্রশ্ন সেদিন ছিল আশীটি শহীদ পরিবারের। ডাঃ রায় সহ কংগ্রেসী সদস্যরা যদি দৃঢ়ভাবে মনে করতেন যে, এ রাজ্যে গুণারাই খাদ্য আন্দোলনের নেতা তা হলে প্রকাশ্য তদন্তের মাধ্যমে তা প্রমাণ তাঁরা কেন করে দিত পারলেন না?

না, প্রকাশ্য তদন্ত নয়, তাতে ওদেরই স্বরূপ উন্মোচিত হত সেদিন।

প্রকাশ্য তদন্ত নয়, "শাসন বিভাগীয় তদন্ত"। পুলিশমন্ত্রী শ্রীকালীপদ মুখার্জী দশই সেপ্টেম্বর সাংবাদিকদের নিকট ঘোষণা করলেন যে, কলকাতা হাওড়ায় পুলিশের গুলি চালনা সম্পর্কে শাসন বিভাগীয় তদন্ত করা হচ্ছে; ম্যাজিস্ট্রেট পর্যায়ের কোন কোন পদস্থ অফিসারদের উপর এই তদন্তের দায়িত্ব দেওয়া হয়েছে। আসলে, এই বিটিত্র "শাসন বিভাগীয় তদন্ত" ছিল একটি রমণীয় টোপ, এতে জনসাধারণকে ধোঁকা দেওয়া যেত, এবং প্রকৃত সত্য কোনদিনই উদ্ঘাটিত হত না। এই ফাঁক বুদ্ধিমান মানুষ ধরে ফেলেছিল। পশ্চিমবংগ গণতান্ত্রিক আইনজীবী সম্প্র তাই আটই সেপ্টেম্বরের কার্যনির্বাহক কমিটির সভায় নিম্ন ব্যক্তিদের নিয়ে একটি বেসরকারি তদন্ত কমিটি গঠন করার সিদ্ধান্ত করেন হ (এক) শ্রীএন আর দাশগুপ্ত, ব্যারিস্টার; (দৃই) এইচ এন দাশগুপ্ত, এ্যাডভোকেট; (তিন) শ্রীবরদাপ্রসন্ন পাইন, ঐ; (চার) শ্রীবি সি নাগ, ঐ; (গাঁচ) শ্রীঅজিতকুমার দন্ত, ঐ। প্রকৃত তথ্য উদ্ঘাটনের জন্য কমিটি রাজ্যের নাগরিক ও সরকারকে অনুরোধ জানিয়েছিলেন।

খাদ্য আন্দোলন প্রত্যাহার করার ক্ষেত্রে ন্যূনতম যে শর্ত দেওয়া হয়েছিল সরকার তাও যখন স্বীকার করে নিলেন না, তখন নৃতন করে আন্দোলন শুরু করা ছাড়া অন্য পথ রইল না। মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি দশই সেপ্টেম্বর রাজ্য ব্যাপী শহীদ দিবস পালনের মধ্য দিয়ে তৃতীয় পর্যায়ের খাদ্য আন্দোলন শুরু করলেন। তৃতীয় পর্যায়ের কর্মসূচী ছিল এইরূপ :

- (এক) (ক) মফঃস্বল এলাকার আইন অমান্যের কর্মসূচীকে আরও প্রবলতর করা—
  - (খ) কলকাতায় ও শহরতলীতে নিম্নোক্ত দাবি পূরণের জন্য জনগণকে অবিলম্বে স্কোয়াড প্রচার করার আহান—
  - (অ) মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির দাবিসমূহ—
  - (আ) সামরিক বাহিনী ও ১৪৪ ধারা প্রত্যাহার—
  - (ই) সমস্ত বন্দীর মুক্তিদান—
  - (ঈ) গুলিবর্ষণ এবং একত্রিশে থেকে ঘটিত সমস্ত ঘটনার তদন্ত—
  - (উ) নিহত ও পঙ্গু ব্যক্তির পরিবারকে সরকারি সাহায্য দান—
  - (গ) দশই সেপ্টেম্বর সমগ্র পশ্চিমবঙ্গে শহীদ দিবস পালন—
  - (ঘ) এগারোই সেপ্টেম্বর কলকাতার নির্দিষ্ট স্থানে জনসভা—
- (দুই) স্থানীয় কমিটিগুলিকে শক্তিশালী করে খাদ্য আন্দোলনকে অব্যাহত রাখা।

কংগ্রেস সরকার অনুসৃত নৃশংস দমননীতির বিরুদ্ধে দেশব্যাপী প্রবল গণ বিক্ষোভের মুখে এবং মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির আন্দোলনের নৃতন কর্মসূচী ঘোষণার পর সরকার অবশেষে অন্ততঃ একটি প্রশ্নে নতিস্বীকার করতে বাধ্য হলেন। এগারোই সেপ্টেম্বর সদ্ধ্যায় এক প্রেসনোটে তাঁরা ঘোষণা করলেন, খাদ্য আন্দোলন সম্পর্কে "হিংসাত্মক" বা আদালত অবমাননা ইত্যাদির দায়ে দণ্ডিতদের ব্যতিরেকে সমস্ত বিনা বিচারে আটক, ধৃত ও শান্তিপ্রাপ্ত ব্যক্তিদের মুক্তি দেওয়া হবে। সেদিন টেলিফোনে "স্বাধীনতা"র রিপোর্টারের প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী ডাঃ রায় বললেন, যাঁদের বিরুদ্ধে বিনা বিচারে আটক করার ওয়ারেন্ট জ্ঞারি করা হয়েছিল তাঁদের উপর হতে ঐ ওয়ারেন্ট প্রত্যাহার করা হয়েছে এবং সরকার কলকাতা ও হাওড়া হতে ১৪৪ ধারা প্রত্যাহার করেছেন। এই নতি স্বীকারের গ্লানিকে ঢাকার জন্য সরকার অবশ্য

ঐ প্রেসনোটে নানা প্রকার সদস্ক উক্তি করেছিলেন, পূলিশী নৃশংসতার যথারীতি সাফাই গেয়েছিলেন এবং এমন হাস্যকর কথাও বলেছিলেন যে, সরকারের অবলম্বিত ব্যবস্থাগুলির ফলেই নাকি বন্দীদের মুক্তি দেবার মত অবস্থা সৃষ্টি হয়েছিল। সরকার ভেবেছিলেন, এই টোপেই তাঁরা বাজীমাৎ করবেন। বন্দীদের মুক্তি দেবার সরকারি ঘোষণাকে স্থাগত জানিয়ে মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি ঘোষণা করলেন যে, সরকার মাত্র একটি দাবি স্বীকার করেছেন, অন্য অনেক গুরুতর দাবি সম্পর্কে এখনো তাঁরা নীরব। তাই আন্দোলন অব্যাহত থাকবে।

#### একাদশ পর্ব

তবে কী চৈতন্যোদয় হল আনন্দবাজ্ঞার পত্রিকার! তা না হলে আঠারই সেপ্টেম্বর এমন গরম সম্পাদকীয় লেখা বেরুল কেমন করে? যে আনন্দবাজার স্তাবকতায় এত পারদর্শী, যে আনন্দবাজারে ছয়ই সেপ্টেম্বর সম্পাদকীয় কলমে লেখা হয়েছিল একত্রিশে আগস্ট থেকে তেসরা সেপ্টেম্বরের ঘটনা হল—''রাজনীতি ও গুণ্ডানীতির মধ্যে অশুভ পরিণয়''—সেই আনন্দবাজারে আঠারই সেপ্টেম্বর "তদন্ত প্রয়োজন" শীর্ষক সম্পাদকীয়তে লেখা হল, 'ইহা নিশ্চিত যে, মাত্র পাঁচ দিনে কলিকাতা ও পাশ্ববতী অঞ্চলে পুলিশী অত্যাচারে নিহতের অসাধারন স্ফীতকায় সংখ্যাটি অনেকের নিকটে ভীতিপ্রদ হইয়াছে....মামূলী প্রশাসনিক তদন্তের ভরসা দিবার কোন সদর্থই খুঁজিয়া পাওয়া যায় না। জেলা ম্যাজিস্ট্রেট ও প্রেসিডেন্সী বিভাগের কমিশনার কর্তৃক লাল ফিতা দূরস্ত তদন্তে মন্ত্রীগণের মুখরক্ষা হইতে পারে, জনমত তাহাতে সম্ভুষ্ট হইবে না।" একত্রিশে আগস্ট থেকে তেসরা সেপ্টেম্বর পর্যন্ত ঘটনার তদন্ত সত্যই প্রয়োজন ছিল। মূল্যবৃদ্ধি ও দূর্ভিক্ষ প্রতিরোধ কমিটি সহ বহু প্রগতিশীল সংগঠন এবং বিবেকমান মানুষ তদন্তের দাবি জানিয়ে সরকারের নিকট আপন আপন বক্তব্য পেশ করেছিলেন। সরকার লোক দেখানো একটা তদন্তের আয়োজন করার উদ্যোগ দেখাচ্ছিলেন। তার প্রতিবাদ করে মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির পক্ষ থেকে বলা হয়েছিল—'কলিকাতা, হাওড়া ও চব্বিশ পরগণায় সম্প্রতি যে গুলিচালনা হইয়াছে সে সম্পর্কে পুলিশ রেগুলেশন অনুযায়ী পশ্চিমবংগ সরকার কার্যকরী বিভাগের তদন্ত করিবার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন বলিয়া সংবাদ প্রকাশ করা হইয়াছে। শান্তিপূর্ণ জনসাধারণকে লাঠি গুলি দ্বারা শিক্ষা দেওয়ার জন্য সরকারের যে কার্য্যকরী বিভাগ ষড়যন্ত্র করিয়াছে, তাহারাই সীমাবদ্ধভাবে প্রহসনসম এক তদন্ত করার সিদ্ধান্ত করিয়াছেন। সরকারের এই শয়তানী সিদ্ধান্তকে প্রতিরোধ কমিটি গুরুতর অপমানসূচক মনে করে এবং ইহাকে ধিক্কৃত করিতেছে'' (স্বাধীনতা, ১৮/৫/৫৯)। কিন্তু এ'ত গেল সরকারের ভাষায় "কমিউনিষ্ট" অথবা "কমিউনিষ্ট সুলভ" লোকেদের কথা। অবশেষে ব্রুটাস তুমিও ! আনন্দবাজারও অবশেষে তদন্তের দাবি জানাল ! আসলে জনতার রুদ্ররোষে আনন্দবাজার সেদিন ভবিষ্যতে অস্তিত্বের ব্যাপারটি সম্পর্কে সচেতন হতে চেয়েছিল।

কিন্তু অচল অনড় পশ্চিমবংগ সরকার।

স্বাধীনতা-উত্তরকালে সম্ভবতঃ এই প্রথম এত ব্যাপকভাবে মানুষের রক্তের স্বাদ পাওয়া সম্ভব হল তার পক্ষে। নিরন্ত বৃভুক্ষু মানুষের তাজা রক্ত। তার আলাদা আকর্ষণ, আলাদা উন্মাদনা। তাই দেখা গেল, খাদ্য আন্দোলনের নেতাদের সঙ্গে আলোচনায় সরকারের প্রবল অনীহা। কোন রকম মীমাংসার সূত্র অনুসন্ধানে তার আগ্রহ নেই বিন্দুমাত্র। তাই ব্যর্থ হয়ে গেল অধ্যাপক, লেখক ও শিল্পীদের সদিচ্ছা ও আবেদন, ব্যর্থ হল শ্রীত্রিদিব চৌধুরী প্রমুখের দৌত্য। "আগে আন্দোলন প্রত্যাহার করতে হবে"—এই হল সরকারের নবতম কৌশল। অতঃপর তারা বিবেচনা করবেন খাদ্য সম্পর্কিত দাবি, সঙ্গত না অসঙ্গত। কোন বৃদ্ধিমান মানুষের পক্ষে এ কথা হদয়ঙ্গম করা অসন্ধব নয় যে, উক্ত কৌশলের পশ্চাতেই সুপরিকল্পিত দুর্রভিসন্ধি। তা না হলে উনিশে সেপ্টেম্বরের সরকারি প্রেসনোটেও কেন সরকার তাঁর পুলিশ ও প্রশাসনের কৃতকর্ম সম্পর্কে নুনতম সত্যভাষণের সততা দেখালেন না? উনিশে সেপ্টেম্বরের সরকারি প্রেসনোটে সেপ্টেম্বর মাসের গোড়ার দিককার ঘটনা সম্পর্কে "নির্জ্বলা নির্ভুল তথ্য" প্রকাশিত হল। পশ্চিমবংগ সরকারের হিসাবে কলিকাতায় পুলিশের আঘাতে নিহতের সংখ্যা সতেরো জন এবং জনতার হিংসাত্মক কার্যের ফলে নিহতের সংখ্যা তিন জন। পরে হাসপাতালে যাহাদের মৃত্যু হইয়াছে এই হিসাবে তাঁহাদেরও ধরা হইয়াছে। পনেরো জনের মৃতদেহ তাঁহাদের আত্মীয়ের নিকট দেওয়া হইয়াছে। তিন জনের মৃতদেহ সনাক্ত করা যায় নাই এবং দুই জনের মৃতদেহ সনাক্ত করা হইলেও তাঁহাদের আত্মীয়স্বন্ধনেরা মৃতদেহ সম্পর্কে কোন দাবি করেন নাই। এই পাঁচজনের মৃতদেহ হিন্দু সংকার সমিতি মারফৎ দাহ করা হয়।" বিকৃত তথ্য অশালীন

উপস্থাপনা এবং সর্বোপরি মৃতের প্রতি ন্যুনতম সম্মানবোধের নজির ব্যতীত সরকারী মনোভাবকে যথার্থভাবেই প্রতিফলিত করেছে। শুধু কী তাই ? যে "স্বাধীনতা" পত্রিকায় খাদ্য-আন্দোলনের প্রকৃত বিবরণ প্রকাশ করা হচ্ছিল সেই স্বাধীনতা পত্রিকার উপরেও নেমে এল আক্রমণ। বিশে সেপ্টেম্বর উক্ত পত্রিকায় প্রকাশিত খাদ্য আন্দোলনের রিপোর্ট সম্পর্কিত মূল দলিল ও ব্লকের সন্ধানে পূলিশ পত্রিকা দপ্তরে চালাল খানাতল্লাশী। তল্লাশী পরোয়ানায় দেখা গেল যে, তেরোই সেপ্টেম্বর স্বাধীনতা পত্রিকায় "দাশনগরে হত্যাকাণ্ডের জন্য দায়ী কে" শীর্ষক একটি পত্রের জন্য শ্রীআলামোহন দাশের পুত্র শ্রীপ্রভাত কুমার দাশের অভিযোগক্রমেই পূলিশ এই পবিত্র কর্তব্যে উৎসাহিত হয়েছে। প্রসঙ্গত উল্লেখযোগ্য যে, সমসাময়িককালে এ ছাড়াও স্বাধীনতা পত্রিকার বিরুদ্ধে আরও তিনটি মানহানির মামলা দায়ের করা হয়েছিল। কংগ্রেস পার্লামেন্টারী পার্টির বৈঠকে মুখ্যমন্ত্রী সদস্যদের বলেছিলেন যে, কলকাতা চব্বিশ পরগণা ও হাওড়ায় পুলিশ নিতান্ত অনিছার সঙ্গেই গুলি চালায়; বিভিন্ন স্থানে আক্রান্ত হতে থাকলে অবস্থার চাপেই তারা গুলি চালায়। শুধু তাই নয়, এতাবৎকাল পর্যন্ত মুখ্যমন্ত্রীর অভিযোগ ছিল যে, পশ্চিমবংগের অধিবাসীরা শুধু ভাত খান, রুটি খেতে চান না; কংগ্রেস পার্লামেন্টারী পার্টির বৈঠকে তিনি জানালেন যে অবাঙ্গালীরা অর্থাৎ রুটিভোজীরাও এখন আবার আটা অপেক্ষা ভাতই বেশী পছন্দ করছেন। দত্যই তো খুবই সমস্যার কথা। সকলেই যদি ভাত খেতে চান, তাহলে এত চাল সরকার যোগাবে কী করে।

এই সকল মিথ্যাভাষণ আর অপপ্রচার সরকারের "আপোষহীন" মনোভাবকেই প্রতিফলিত করছিল। না, কোনরকম আলোচনায় আসতে তাঁরা রাজী নন। এদিকে আবার খোলাবাজারে চালের দাম বাড়তে শুরু করেছিল। আগস্ট মাসের শেষদিকে আন্দোলনের গতিবেগ বাড়তে থাকে বলেই চালের দামও কমের দিকে যায়। দোসরা সেপ্টেম্বর চালের সর্বনিদ্ন দাম এসে দাঁড়ায় মণ প্রতি চবিবশ টাকায়। কলকাতা ও সংলগ্ন জেলায় হত্যাকাশ্তের পর একচেটিয়া চাল ব্যবসায়ীরা আবার ধাপে ধাপে চালের দাম বাড়াতে শুরু করে। অবশ্য তাদের মুখে ছিল "প্রবল বর্ষার" অজুহাত। সেপ্টেম্বরের তৃতীয় সপ্তাহের শুরুতেই দেখা গেল ঃ ইতিমধ্যে মণপ্রতি মোটা চালের দাম হয়েছে আঠাশ-উনত্রিশ টাকা, মিহি বা মাঝারি চাল তিরিশ-একত্রিশ টাকা এবং অতিমিহি চাল চৌতিরিশ টাকা।

ফলতঃ এরূপ পরিস্থিতিতে আন্দোলন অব্যাহত রাখা ছাডা অন্য পথ ছিল না।

তাই আন্দোলন অব্যাহত রাখার সিদ্ধান্তই গ্রহণ করেছিলেন মূলবৃদ্ধি এবং দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি। প্রতিরোধ কমিটির কোন কোন ছন্মহিতৈবী অবশ্য সুকৌশলে তাঁদের পথস্রন্ধ করার কাজে নেমেছিলেন। মৃদুস্বরে তাঁরা মন্ত্রণা দিচ্ছিলেন যে এখন আন্দোলন স্থাগিত রাখাই উচিত। কারণ, (এক) "রাজ্যসরকার নাকি ধীরে জনমতের নিকট আসিতেছেন, কারণ তাঁহারা কলিকাতা ও হাওড়া হইতে ১৪৪ ধারার নিষেধাজ্ঞা প্রত্যাহার করিয়াছেন, আটক ব্যক্তিদের মুক্তিদান করিতেছেন ইত্যাদি, (দুই) যখন বিধানসভায় অধিবেশন শুরু হইতে যাইতেছে তখন বিধানসভার বাহিরে সংগ্রাম বন্ধ করিয়া বিধানসভাকেই অভিযোগ, অসন্তোষ ও ক্ষোভ প্রকাশের ক্ষেত্র করাই কর্তব্য। 'কিন্তু এই ছন্মহিতৈষণার স্বরূপ বোঝা প্রতিরোধ কর্মিটির নেতাদের নিকট কঠিন ছিল না। এসব পরামর্শ সঙ্গতভাবে প্রত্যাখান করে তারা তৃতীয় পর্যায়ের আন্দোলনের নিম্ন কর্মসূচী ঘোষণা করলেন ঃ পনেরোই সেপ্টেম্বর শিয়ালদহে আইন অমান্য, যোলই—ময়দানে গণসমাবেশ, উনিশে—খিদিরপুরে কেন্দ্রীয় সমাবেশ, বিশে—হাওড়ায় গণসভা, একুশে—বিধানসভায় গণঅভিযান (ঐ দিন পুলিশ বাধা দিলে তারা পথে বসে পড়বে, ১৪৪ ধারা অমান্য করবে না), বাইশে—বিধানসভার সম্মুখে গণমিছিল (১৪৪ ধারা ভঙ্গ করে আইন অমান্য), ছাবিশে—কলকাতার কোন এক স্থানে শহীদবেদীর ভিত্তি স্থাপন। এক বিবৃতির মাধ্যমে তারা জানালেন,—"শুভেছা থাকিলে মীমাংসায় উপনীত হওয়ার জন্য সরকার কমিটির ন্যায্য দাবিসমূহ অবিলম্বে মানিয়া লইতে পারেন। কিন্তু সরকার মিথ্যা মর্যাদাবোধকে আঁকড়াইয়া থাকায় তাহাদের দাবি আদায়ের জন্য কমিটির পক্ষে আন্দোলন চালাইয়া যাওয়া ছাড়া গত্যন্তর নাই" (স্বাধীতা, ১৬/১/৫৯)। এই বিবৃতিতে পুনরায় পূর্বতন দাবিসমূহ উল্লিখিত হয়েছিল।

সেপ্টেম্বর মাসের তৃতীয় সপ্তাহে শুরু হল বিধানসভার অধিবেশন। অধিবেশনের প্রথম দিনেই প্রমাণিত হয়ে গেল খাদ্য আন্দোলন সম্পর্কে সরকার কোন রকম মীমাংসায় আসতে রাজী নন। সভাকক্ষে খাদ্য আন্দোলনের শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদনের জন্য এক মিনিট দণ্ডায়মান থেকে নীরবতা পালনের প্রস্তাব তাঁরা অগ্রাহ্য করলেন, বিরোধী নেতদের 'শুণ্ডা' আখ্যায় ভূষিত করা হল এমন কি পি. এস. পি. কর্তৃক বিচারবিভাগীয় তদন্তের দাবিও মুখ্যমন্ত্রী কর্তৃক উপেক্ষিত

হল। পুলিশ মন্ত্রী শ্রীকালিপদ মুখাজী যখন পুলিসের লাঠি-গুলিতে হতাহতদের জন্য বিন্দুমাত্র দুঃখপ্রকাশ না করে সরাসরি জনসাধারণের উপর দোষ চাপিয়ে, কটুক্তি করে বন্ধৃতা শুরু করলেন তখন বিরোধীদের পক্ষে আর ধৈর্য সংবরণ করা সম্ভব হল না। তাঁরা বিক্ষোভে ফেটে পড়লেন এবং পুলিসমন্ত্রীকে ক্রমাগত বাধা দিতে লাগলেন। অতঃপর সুরু হল এক দক্ষয়জ্ঞ কাশু। রিপোর্টারের ভাষায়—"এই সময় কংগ্রেস দলের পিছনের সারি হইতে কতিপয় সদস্যকে বিরোধীপক্ষের দিকে ধাবিত হইতে দেখা যায় এবং হট্টগোলের মধ্যে অকস্মাৎ উভয়পক্ষ হইতে জুতা ছোঁড়া-ছুঁড়ি শুরু হইয়া যায়। পুলিশমন্ত্রীর উপর কয়েক পাটি জুতা পড়িতে দেখা যায় এবং মন্ত্রী মহাশয়কেও বিরোধীপক্ষের প্রতি জুতা ছুঁড়িতে ও সামনের মাইকটি মুচাড়াইয়া ভাঙ্গিয়া দিবার চেষ্টা করিতে দেখা যায়। হট্টগোলের মধ্যে জুতা ছাড়াও খাতাপত্র, মাইকের ডাণ্ডাও নিক্ষিপ্ত হইতে দেখা যায়। পশ্চিমবংগ বিধানসভায় অনুরূপ ঘটনা এই প্রথম" (স্বাধীনতা ২২/৯/৫৯)। এদিকে প্রতিরোধ কমিটির আহানে রাজভবনের দক্ষিণদ্বারে তখন পাঁচিশ হাজার নরনারী সমাবেশে সামিল হয়েছেন খাদের দাবিতে। উদ্দীপনাময়ী ভাষণে এ, কে, গাপালন বলে চলেছেন, "জনতার শক্তিই চুড়ান্ত শক্তি এবং এই শক্তির জয় অনিবার্য।"

বিধানসভার অধিবেশনের প্রথম দিনই সরকারের পক্ষ হতে সদস্যদের মধ্যে খাদ্য সম্পর্কে একটি মুদ্রিত বিবৃতি প্রচার করা হয়। বলাবাহুল্য এর মধ্যে নুতন কোন বক্তব্য ছিল না। এতে প্রতিরোধ কমিটির সব কটি দাবিই কোন-না-কোন কারণে অগ্রাহ্য করা হয়েছিল। বিবৃতির মূল কতকণ্ডলি বিষয় উল্লেখযোগ্য ঃ (এক) প্রথমে দেখা গিয়েছিল যে রাজ্যে খাদ্যের ঘাটতি নয় লক্ষ টন, এখন দেখা যাচেছ তা হল ষোল লক্ষ টন, (দুই) কেন্দ্রীয় সরকারের উদার সাহায্য (১২.৬ লক্ষ টন) সত্ত্বেও ঘাটতির তুলনায় সাহায্য অনেক কম, (তিন) উনিশশো উনষাট সালের মাঝামাঝি খোলাবাজারে চালের (আমন) মূল্য মণ প্রতি পঁচিশ টাকা বিরানব্বৃই পয়সা, (চার) আভ্যন্তরীণ সংগৃহীত বেঙ্গল ফাইন ও সুপারফাইন চালের দাম উনষাট সালের চোদ্দই হতে মণ প্রতি দু টাকা বৃদ্ধি পেয়েছে, (পাঁচ) ধানের দর বারো-তেরো টাকার মধ্যে ধার্য করার প্রস্তাব সম্পর্কে বলা হয়েছে যে, এটি কেন্দ্রীয় সরকারের অর্থনীতির সঙ্গে জড়িত, (ছয়) সংশোধিত রেশনে চালের পরিমাণ এক সের থেকে দেড় সের করার প্রস্তাব গ্রহণ করা সম্ভব নয় ইত্যাদি। ঐ দিন বিধানসভায় খাদ্যমন্ত্রী খাদ্যসংকটের স্ব-উদ্ভাবিত কারণ সমূহের অপরূপ ব্যাখ্যা করে বলেন যে, হঠাৎ লোকসংখ্যা বৃদ্ধি, পাটচাষের জমি বৃদ্ধি, সরকারি নানা উন্নয়নমূলক কাজের ফলে মুদ্রাস্ফীতি, অবাঙ্গালীদর রুটির বদলে ভাত বেশী খাওয়া, ধানের দর বৃদ্ধির ফলে উদ্বন্ত ফসল উৎপাদনকারী কৃষকদের ধান চাল ধরে রাখার ক্ষমতা বৃদ্ধি—ইত্যাদি কারণের জন্যই খাদ্যসংকট। এই বিবৃতিকে সঙ্গতভাবেই পরের দিন বিধানসভার কমিউনিষ্ট নেতা শ্রীহরেকৃষ্ণ কোঙার মজুতদারের বক্তব্য প্রকাশকারী নীতি বলে উল্লেখ করেন। তিনি বলেন ঃ "রক্তস্মানে পশ্চিমবাংলাকে রঞ্জিত করিবার পর পশ্চিমবংগ সরকারের খাদ্য বিবৃতি এখন হইতে শেষ পর্যন্ত অসত্য বিকৃত ও বানানো তথ্যে পূর্ণ। ইহাতে সুপরিকল্পিতভাবে মজুতদারদের স্বার্থরক্ষা করা, তাহাকেই সুন্দর করিয়া দেখাইবার অপচেষ্টা করা হইয়াছে। বলা হইয়াছে সরকারি নীতি চমৎকার, দায়ী শুধু লোকের ভাল অবস্থা, ভাল খাইতে চাওয়া ইহাকে মজুতদারের দালালী ছাড়া আর কী বলা যায়?"

অভিযুক্তরাই অভিযোগ করতে শুরু করল। অভিযোগ শুরু নয়, সামান্যতম সৌজন্যবোধও সেদিন বিলুপ্ত হয়েছিল তাদের। মৃত মানুষকে শ্রন্ধা জানাতেও তাঁরা অন্ততঃ বাহিরের দিক থেকেও উৎসাহ প্রকাশ করেন নি। অতঃপর বিরোধীদের পক্ষে ক্ষোভ সংবরণ করা সম্ভব হয়নি। স্বাভাবিকভাবেই তা হয় নি। অথচ প্রধানমন্ত্রী নেহরু সহ নিখিল ভারত কংগ্রেস কমিটি কিন্তু বিধানসভায় বিপর্যয়ের সমূহ দায় কমিউনিষ্ট সদস্যদের উপর চাপিয়ে দিলেন।

তেইশে সেপ্টেম্বর বিধানসভায় মন্ত্রিসভার বিরুদ্ধে দৃটি অনাস্থা প্রস্তাব উত্থাপনের অনুমতি চাওয়া হয়। একটি অনাস্থা উত্থাপন করেন প্রীজ্যোতি বসু সহ বিরোধী সদস্যরা, অন্যটি উত্থাপন করেন পি. এস. পি. সদস্য শ্রীশিশির দাস। নির্ধারিত দিন অনুযায়ী—আঠাশে সেপ্টেম্বর মন্ত্রিমণ্ডলীর বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব উত্থাপন করে বিরোধী নেতা জ্যোতি বসু সংযত ধীরভাবে কিন্তু স্পষ্ট দৃঢ় কঠে প্রতিটি শব্দ উচ্চারণ করে বলেন যে, 'গত দু মাস ধরে রাজ্যব্যাপী খাদ্য আন্দোলনে, দৃদৃটি সাধারণ ধর্মঘটে, সহস্র সহস্র মানুষের বিক্ষোভ ও আইন অমান্যে হাজারে হাজারে গ্রেপ্তারের মধ্য দিয়ে সমগ্র পশ্চিমবাংলার সাধারণ মানুষ নিঃসন্ধিন্ধাভাবে এই মন্ত্রিমমণ্ডলীর বিরুদ্ধে তাঁদের অনাস্থা ঘোষণা করেছেন। বিধানসভার মধ্যে আমরা তাঁহাদেরও প্রতিনিধি, সেই জনগণেরই কঠম্বরকে প্রতিধ্বনিত করে আমরা এই কলঙ্কিত মন্ত্রিসভার বিরুদ্ধে একবাক্যে অনাস্থা ঘোষণা করছি।" কিন্তু কোন আলোচনায় অংশগ্রহণ নয় আত্মসমালোচনা নয়, নয় যুক্তির ক্রমঅনুসরণ—কংগ্রেসী

সদস্যরা একজোটে, সংখ্যাগরিষ্ঠতার জোরে এই প্রস্তাবকে অগ্রাহ্য করলেন ৬৫—১৫৭ ভোটে। বলাবাহল্য পি এস পি বিরত ছিল ভোটদানে। এবং শ্রীশিশির দাস উত্থাপিত অনাস্থা প্রস্তাবও ৮৩—১৫৬ ভোটে অগ্রাহ্য হয়।

পাঁচিশে সেপ্টেম্বর বিধানসভায় সাম্প্রতিক হত্যালীলা সম্পর্কে তদন্তের দাবিতে সোচ্চার হন বিরোধীরা এবং সেদিন বিধানসভায় দাবি করেছিলেন (এক) জনসাধারণের আস্থাভাজন বিশিষ্ট ব্যক্তিদের নিয়ে সরকারি আচরণের প্রকাশ্য তদন্তের ব্যবস্থা করতে হবে। তদন্তের অন্যতম সুনির্দিষ্ট বিষয় হবে ঘটনাবলীতে মন্ত্রিসভার আচরণ, মুখ্যমন্ত্রী ও পুলিশমন্ত্রীর আচরণ, সংশ্লিষ্ট অফিসার—পুলিশ ও মিলিটারীর আচরণ। (দুই) অভিযোগ নির্বিশেষে খাদ্য আন্দোলন সম্পর্কে ধৃত সমস্ত ব্যক্তিকে মুক্তি দিতে হবে। (তিন) লাঠি, কাঁদানে গ্যাস ও গুলিতে হতাহত ব্যক্তিদের পরিবারবর্গকে যথোপযুক্ত ক্ষতিপূরণ দিতে হবে। কিন্তু এই দাবিও অগ্রাহ্য হয়। ১৩৩—৭১ ভোটে পাশ হয়ে যায় কংগ্রেসী প্রস্তাব। এবং তাহলে এই হল কংগ্রেসীদের আকাংথিত নিয়মতান্ত্রিক আন্দোলনের ফল।

বিধানসভায় খাদ্য পরিস্থিতি সম্পর্কে বিতর্কের দ্বিতীয় দিন—চবিশে সেপ্টেম্বর—বিরোধী নেতারা খাদ্যনীতির তীব্র সমালোচনা করে খাদ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করেন। কিন্তু পঁয়তাল্লিশ মিটিনব্যাপী বন্ধৃতার শেষে মুখ্যমন্ত্রী বিরোধীদের সাফ কথা বলে দিলেন—''যতদিন প্রয়োজনবোধ করিব ততদিন শ্রীপ্রফুল্ল সেনকে আমি রাখিব। তাঁহাকে দশ বৎসর পূর্বে আমি বাছাই করিয়াছিলাম। ইতিমধ্যে কেন্দ্রীয় সরকারের ছয় জন খাদ্যমন্ত্রী বিদায় হইয়াছেন। কিন্তু এই ব্যক্তি গোলমাল ও অসুবিধার মধ্যে একটানা দুইটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দপ্তরের ভার বহন করিয়াছেন।" এবং এই ব্যক্তি উনত্রিশে সেপ্টেম্বর বিধান পরিষদে অপরিসীম দন্তের সঙ্গে ঘোষণা করেন ঃ ১৯৫১ সালে কোচবিহারে খাদ্য আন্দোলনের সময় জনতার উপর গুলি বর্ষণ করিবার পর কংগ্রেস প্রার্থীরা অধিকতর ভোট পাইয়া পরবর্তী নির্বাচনে জয়লাভ করিয়াছে।—এই কথা ঘোষণা করিয়া তিনি বলেন, জনতার আস্থায় গদীতে সমাসীন। তাই আমরা পদত্যাগ করিব না।" সরকারের এই অবিচল অমানুষিক গোঁয়াতুমির মুখে দাঁড়িয়ে মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি দ্বিধাগ্রস্ত হলেন।

একথা ঠিক যে এই খাদ্য আন্দোলন সমগ্র বাংলাদেশে সৃষ্টি করেছিল ব্যাপক গণজাগরণের জোয়ার, পার্শ্ববতী রাজ্য বিহারেও। এরই প্রস্তাবে অনুরূপ আন্দোলন বিকশিত হয়ে উঠেছিল, মানসিকভাবে সরকার নতিও স্বীকার করেছিল, কিন্তু এখন সেপ্টেম্বরের শেষদিকে উপস্থিত হয়ে সরকারের "অবিচল দৃঢ়তার" সম্মুখীন হয়ে চিন্তা করতে হল এইরূপে এই আন্দোলনকে কতদুর এবং কতদিন অব্যাহত রাখা যাবে।

তাছাড়া ইতিমধ্যে পশ্চিমবংগের কয়েকটি জেলা বিধ্বস্ত হয়েছে বন্যায়। প্রাণসংশয় উপস্থিত হয়েছে হাজার হাজার মানুষের। আন্দোলনের দিকে দৃষ্টি নিবদ্ধ রাখতে গেলে বন্যার্ড মানুষের প্রতি অবহেলা করা হবে। তাদের আশু প্রয়োজন যে সামান্য সাহায্যটুকু তার দাবি মেটানোই ছিল তখনকার জরুরী কাজ।

এইসব পরিস্থিতির সম্মুখীন হয়েই সম্ভবতঃ মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি বহমান-রূপে আন্দোলন অব্যাহত না রাখা সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করলেন। অবশ্য পূজাবকাশে প্রচার আন্দোলন অব্যাহত ছিল। জনসাধারণকে পবিত্র পূজা উৎসব কলঙ্কিত না করার অনুরোধ জানিয়ে তাঁরা এক বিবৃতিতে জানালেন, কংগ্রেসী অপশাসনের সঙ্গে সংযুক্ত এই ঘৃণ্য হত্যার নায়করা যেন উক্ত অনুষ্ঠানে স্থান না পান।—"পূজার উৎসব উপলক্ষে জনসাধারণের বিভিন্ন অনুষ্ঠানে মন্ত্রী বা কংগ্রেস নেতাদের যেন অংশগ্রহণ করিতে না দেওয়া হয়। পূলিশের উদ্যোগে যে সকল তথাকথিত কোঅর্ডিনেশন কমিটি গঠিত হইবে তাহাতেও কোনরূপ অংশগ্রহণ করা উচিত হইবে না।" এছাড়া পূজা উৎসবে শহীদবেদী নির্মাণ, চিত্র প্রদর্শনী, দমনমূলক নীতির প্রতিবাদ জানিয়ে গণস্বাক্ষর সংগ্রহ প্রভৃতি কর্মসূচীও গ্রহণ করতে তাঁরা অনুরোধ করলেন জনগণকে। রাষ্ট্রপতির নিকট মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির পক্ষ থেকে একটি মুক্রিত খোলা চিঠিতে গণস্বাক্ষর সংগ্রহের পরিকল্পনা করা হয়। পূর্ব নির্ধারিত কর্মসূচী অনুযায়ী ছাবিশে সেপ্টেম্বর শনিবার বিকাল চারটা পঞ্চাশ মিনিটের সময় রাজা সুবোধ মন্লিক স্কোয়ারে ভাবগন্তীর পরিবেশে খাদ্য আন্দোলনের নিহত শহীদদের স্মরণে এক শহীদ স্তন্তের ভিত্তি প্রস্তুর স্থাপন করা হয়। বলা বাছল্য, এখনো উক্ত স্থানে ঐ স্তন্তটি স্থায়ী স্তন্তরূপে বিদ্যমান রয়েছে।

# **PART-VII**

# FOOD MOVEMENT IN CONTEMPORARY LITERATURE

# ভয়ঙ্কর সেই রাতের কিছু স্মৃতি

[গণশক্তি, ৩১ আগস্ট, ১৯৯৬]

## বলাই সাঁবুই

প্রথমেই ৩১শে আগস্ট ১৯৫৯ সালে ঐতিহাসিক খাদ্য আন্দোলনের শহীদদের প্রতি শ্রদ্ধা জানাচ্ছি।

৩১শে আগস্টের খাদ্য আন্দোলনের স্মৃতি স্মরণ করে লিখতে বসে বার বার মন বেদনায় ভারাক্রান্ত হয়ে ওঠে। কংগ্রেস ও পুলিশের সেই বর্বর তাণ্ডব আজও ভূলতে পারি না।

৩৭ বৎসর আগের খাদ্য আন্দোলন এবং কলকাতা শহরে বুভুক্ষু, ক্ষুধার্ড মানুষদের ইতিহাস মনে করে লিখতে গিয়ে কিছু কিছু ক্ষেত্রে অপূর্ণতা থেকে যেতে পারে। যতটা স্মৃতির মধ্যে আনতে পারছি সেটাই পাঠকদের কাছে উপস্থিত করছি। ১৯৫৯ সালে চরম খাদ্য সংকট ছিল। দেশে যেটুকু খাদ্যদ্রব্য উৎপাদন হয়েছে তার একটা বড় অংশ গ্রামের জমিদার, জোতদার, মজুতদার, কালোবাজারীদের হাতে মজুত। ১টাকা সের চাল তাও বাজারে খুবই অভাব।

এ মানুষের সৃষ্টি খাদ্যাভাব। আইনের কোন প্রতিবিধান ছিল না। জমিদার ও মজুতদারদের স্বার্থরক্ষা করার জন্যই কংগ্রেস সরকার প্রতিশ্রুতিবদ্ধ। গ্রাম-বাংলার দুর্ভিক্ষপীড়িত মানুষ একমুঠো ভাত একটু ফ্যানের জন্য শহরে এসে হন্যে হয়ে ঘুরেছে। অসংখ্য মানুষ প্রাণে বেঁচে থাকার জন্য শহরে রাজপথে, স্টেশনে অলিতে-গলিতে ভিক্ষাবৃত্তিতে তখন নামতে বাধ্য হয়েছিল। দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির নেতৃত্বে ঐতিহাসিক খাদ্য আন্দোলন শুরু হলো। ১৯৫৯ সালে গোটা আগস্ট মাসব্যাপী প্রথমে ব্লক স্তরে, মহকুমা স্তরে, জেলান্তরে তারপর ৩১শে আগস্ট রাজ্যন্তরে আইন অমান্য আন্দোলনের কর্মসূচী ঘোষিত হলো। সারা মাসব্যাপী এই গণ-আন্দোলনে হাজার হাজার মানুষ বামপন্থী দলগুলির কর্মী ও নেতারা কারাবরণ করেন। অবশেষে ৩১শে আগস্ট এলো। সে দিনের রাত আমার কাছে আজও বীভৎস ভয়ঙ্কর। এই আন্দোলনের আমি একজন সক্রিয় কর্মী ছিলাম। প্রথমদিকে জেলার নেতৃত্বের বড় অংশ আইন অমান্য করে জেলে চলে যায়। শেষের দিকে ব্লক এবং মহকুমান্তর পর্যন্ত আন্দোলন সংগঠিত করা ও আইন অমান্যর নেতৃত্বের দায়িত্ব বর্তায় আমাদের মতো কয়েকজনের উপরে।

৩১শে আগস্ট কলকাতার মহামিছিলে যোগ দেবার জন্য সিঙ্গুর, হুগলী থেকে একটি মিছিল সংগঠিত করে কলকাতার দিকে রওনা হইল। হাওড়ায় নেমে কারও দাঁড়াবার সুযোগ ছিল না। হাওড়া, মেদিনীপুর, হুগলী, বর্ধমান জেলা থেকে হাজারে হাজারে মানুষ জনস্রোতের মতো কলকাতায় আছড়ে পড়েছিল। রাইটার্স বিল্ডিংস অভিমুখে তাঁরা দ্রুতপদে অগুসর হচ্ছিলেন। গ্রামের অভুক্ত মানুষ শীর্ণকায়, কিন্তু চলার ভঙ্গি চোখে মুখের দৃপ্তভাব দেখে মনে হচ্ছিল জীবন সংগ্রামে ওরা জয়ী। দৃঢ় মুষ্টিবদ্ধ হাত তুলে স্লোগান দিচ্ছেন, "সন্তা দরে খাদ্য দাও" "খেয়ে পড়ে বাঁচতে দাও"—এ যেন জীবনজয়ের অভিযান। চলমান মিছিলে আমাদের মিছিলকে কিছুটা পৃথক করে রাখার চেষ্টা করলেও বড় বাজারের মোড়ে জনস্রোতের চাপে তা ছিন্ন বিচ্ছিন্ন হয়ে গেল। স্ট্র্যান্ড রোড ধরে আউটরাম ঘাটের দিকে এগিয়ে চলছি। কিন্তু সঙ্গীদের মহামিছিলের মধ্যে খুঁজে পাওয়া গেল না।

আকাশবাণীর কাছে দেখা হয়ে গেল আমাদেরই মিছিলের একজন কর্মী বৃন্দাবন গুছাইতের সঙ্গে একেবারে সামনের দিকে দু জনেই এগিয়ে চলেছি নেতৃত্বের আইন-অমান্য দেখার জন্য। সমস্ত এলাকাটি জন-অরণ্য। কোথাও পা বাড়াবার স্থান নেই। ঠিক রাজভবনের গেটের সামনে গৌরীশঙ্কর মুখার্জির সঙ্গে দেখা। সাহস বেড়ে গেল। দুজনেই একেবারে গ্রেট ইস্টার্ন হোটেলের কাছে চলে গেছি, যেখানে পুলিস প্রতিরোধ করে দাঁড়িয়ে আছে আইন-অমান্যকারীদের। বামফ্রন্টের নেতৃবৃন্দ বসে আছেন রাজপথের উপর। এই অবস্থার এক অভিনব দৃশ্য লক্ষ্য করলাম। নেপালী অথবা গারোয়ালী

রক্ষীবাহিনী লাঠি হাতে জমায়েতটাক ঘিরে পাশাপাশি জায়গা করে নিচ্ছে। আরও লক্ষ্য করলাম কাঁধে একরকমের বাক্স
ঝুলিয়ে ছোট ছোট বন্দুকের মতন হাতিয়ার নিয়ে ইতন্তত মিছিলের মধ্যে ঢুকে পড়ছে। গৌরীশঙ্কর মুখার্জির কাছে জানলাম
ওরা টিয়ার গ্যাস বাহিনী। কি ভেবে আমরা দু'জনে ভিড় ঠেলে ঠেলে ঠিক রাজভবনের গেটের কাছে এসেছি, ঠিক সেই
সময় শোনা গেল অসংখ্য হাততালি ও জয়ধ্বনি। সব কিছু বোঝার আগেই মুহুর্তের মধ্যে রাজপথের সমস্ত আলো নিভে
গেল, তারপর যা ঘটল, ভয়ঙ্কর বীভৎস ঘটনা মুহুর্মুছ টিয়ার গ্যাস ফাটানোর শব্দ আর উন্মন্তের মতো পুলিশী
লেঠেলবাহিনীর বেপরোয়া লাঠি চার্জ। মানুবের আর্তনাদ ও প্রাণ বাঁচাতে অর্ধ-উলঙ্গ মানুবদের ছুটে পালানো। ঠিক এই
সময়ে চোখে পড়ল স্বাধীনতার ফটোগ্রাফার শস্ত্ববাবু লাইট পোস্টের উপর উঠে ছবি নিচ্ছে। ধোঁয়ায় আর কিছু দেখা
গেল না। গৌরীদা হাত ধরে টানতে টানতে ময়দানের তারের বেড়া ডিঙিয়ে ছুটে পালানোর চেষ্টা করলে আমি ধাক্কা
খেয়ে পড়ে যাই। হাঁটুতে বেশ চোট লেগে রক্তে কাপড়ের কিছুটা অংশ ভিজে যায়। এই সময় দেখতে পাই রাজভবনের
সামনে ফুটপাতের পাশের ড্রেনে পড়ে হাত পা ছুঁড়ছে বৃন্দাবনদা। কিন্তু এত মানুবের ভিড়ের চাপে তখন আর কিছুই
করার ছিল না কারণ তখন ভিড়ের চাপে পড়ে গেছেন।

গৌরীদার কলকাতার পথঘাট অনেকটাই জানা ছিল। মেট্রো সিনেমার পাশ দিয়ে আমাকে এরকম টানতে টানতে রাজ্য পার্টি অফিসে উপস্থিত হয়। তখনোও শোনা যাছিল টিয়ার গ্যাস সেল ফাটানোর শব্দ। আর কিছু ভাবতে পারছি না। রাজ্য পার্টি অফিসে এসে দেখি এরই মধ্যে বহু আহত মানুষকে পুরাতন বাড়ির নিচের ঘরে নিয়ে আসা হয়েছে। শুনতে পাওয়া যাছে গোঙানি ও আর্তনাদ। কয়েকজন ডাক্টার চিকিৎসায় ব্যস্ত। আমার আর হাঁটুর ক্ষতস্থান দেখানো হলে। না। তারপর লক্ষ্য করে দেখি একটি ঠেলাগাড়ি করে একদল আধ্যরা মানুষকে রাজ্য পার্টি অফিসের সামনে নামানো হছে। আমার বেশ মনে আছে পার্কসার্কাস-এর কবরের স্থানের পাশ দিয়ে গৌরীদা একটা বাড়িতে আমাকে নিয়ে এলো। দেবীশঙ্কর মুখার্জি গৌরীদার দাদা। বৌদি কিছুটা নার্সিং-এর কাজ জানতেন বলে মনে হলো। পায়ের ক্ষত জায়গাটা তিনিই ব্যবস্থা করে দিলেন। সে রাতে কিছু খাওয়ার ইচ্ছে হলো না। বাড়ির সকলে রাত জেগে কাটলো। চাপা উত্তেজনা, রাতে কিনা ঘটেছে জানার জন্য। ভোরে সংবাদপত্রে ছবি দেখে স্তম্ভিত হয়ে যাই সকলে। কলকাতায় বীভৎস হত্যাকাণ্ড ইতস্তত পড়ে আছে বুভুক্ষু ৮০জন নিশ্চল মানুষের দেহ। লাঠি দিয়ে মাথাণ্ডলো থেঁথলানো। দেখলে চেনা যায় না। পুলিশ কর্তৃক এই বীভৎস হত্যাকাণ্ড কঙ্কনা করা যায় না। চারিদিকে চাপা আলোচনা, কলকাতার সবাই জেনে ফেলেছে, গৌরীদা অসুস্থ। কলকাতায় থেকে গেল। ওর দাদা দেবুদা আপার-সার্কুলার রোডে আমাকে পৌঁছে দিয়ে যান।

১লা সেপ্টেম্বর একরকম খুঁড়িয়ে খুঁড়িয়ে শিয়ালদহের দিকে এগুচ্ছ। সি. আই. টি রোডের চৌমাথার কাছে এসে আর এগোতে পারা গেল না। জনতার সঙ্গে পুলিশের সংঘর্ষ চলছে। কোনোরকমে শিয়ালদহ এসে দেখি সুরেন্দ্রনাথ কলেজের কাছাকাছি ছাত্র-পুলিশের সংঘর্ষ চলছে। ১লা সেপ্টেম্বর ছাত্র ধর্মঘট ঘোষণা হয়েছে। ঘুরে ঘুরে কোনোরকমে হাওড়া স্টেশনে এলাম। তখন সকাল ১০টা।

গণহত্যার প্রতিবাদে সারা পশ্চিমবংগ উন্তাল হয়ে উঠছে। হাওড়া স্টেশনের আশেপাশে থমথমে অবস্থা। তখনও স্টেশনে মিছিলের পর ঘরে ফেরা মানুষ চত্বরের মধ্যে ট্রেনের জন্য অপেক্ষা করছেন। তাঁদেরও অবস্থা খুবই করুণ। ট্রেন ছাড়ছে অনিয়মিত। একরাশ দুশ্চিন্তা নিয়ে সিঙ্গুরে নামলাম। যাঁরা মিছিলে গিয়েছিলেন তাঁরা সকলে ফিরেছে কিনা এই ভাবনা উদ্বেল করে তুলছিল। প্রথমেই মনে পড়ল বৃন্দাবনদার কথা। বাবুর ভেড়ি গ্রামে ফিরে গিয়ে খবর পেলাম সকলে ফিরেছে, কিন্তু বৃন্দাবনদার অবস্থা ভালো নয়। অপেক্ষা না করে বৃন্দাবনদার বাড়ি গিয়ে দেখি মাথা-হাত-পায়ে ব্যান্ডেজ করা অবস্থায় শুয়ে আছে। আমাকে দেখেই জড়িয়ে ধরলেন।

১লা সেপ্টেম্বর ছাত্র ধর্মঘট পালিত হচ্ছে। কংগ্রেসের ঘাতকবাহিনী দমন-পীড়নের পথ ধরেছে। কলকাতা, হাওড়া, নদীয়া, ২৪ পরগণার ছাত্রদের লক্ষ্য করে গুলি চলেছে। রক্তাক্ত অবস্থা ধীরাজ, অভিমন্যু, তারকেশ্বরসহ অনেক ছাত্র পুলিশের গুলিতে নিহত হয়। প্রতিবাদে পঃ বঙ্গ গর্জে উঠে। সাধারণ ধর্মঘট-এর ডাক দেওয়া হয়। সর্বত্র ধিক্কার মিছিল পালিত হয়।

## ৩১শে আগস্ট প্রত্যক্ষদর্শীর বিবরণ

[ডঃ দিলীপ মজুমদার, পশ্চিমবংগ গণ আন্দোলন ও খাদ্য আন্দোলন, কলকাতা ১৯৯১, পৃ. ৮২-৮৮]

মনে পড়ছে সেই বিকাল বেলাটি। মাঝে মাঝে বৃষ্টি ধারা এসে সিক্ত করে দিয়ে যাচ্ছে আমাদের দেহ। তবুও নড়িনি এক পা'ও। সবাই দাঁড়িয়ে আছে! সারা মাঠে কাদা, আকাশ জুড়ে কালো মেঘ, তবুও লোকের অভাব হয়নি জয়গানে। তখনও ওরা আসছে চারিদিক থেকে হাজারে হাজারে। শেষে এক বিশাল জনসমুদ্রে পরিণত হল ময়দান। উচ্চ মঞ্চ হইতে মন্ত্রিত হল বক্তার কঠস্বর। আজকের জমায়েতের কারণ হল বিশ্লেষণ। বক্তার পর বক্তা তত্ত্ব-তথ্য দ্বারা বুঝিয়ে দিলেন "সরকারের সর্বনাশা খাদানীতি।"

বিশাল জনতা, স্তব্ধ জনতা তাদের সমর্থন সূচক ধ্বনিতে বুঝিয়ে দিল তাদের রায় ; বক্তা ও শ্রোতা হল এক, অভিন্ন। সন্ধ্যা নামল মাঠে ; দক্ষিণে, বামে দূর দিগন্ত জুড়ে। সূর্যদেব বিদায় নিলেন নৃতন প্রভাতের দেশে......

হাজারো আলোর আর ফুরিসেট মার্কারির চোখ ঝলসানো আলোয় চৌরঙ্গি পাড়াকে, ভুল হতে লাগল পদে পদে। তারপর ময়দান হতে সেই বিশাল জনতা বেরিয়ে পড়ল। সেই বিরাট জনতা রূপ নিল একটা সুসংবদ্ধ মিছিলে, সেই বিরাট মিছিল, জমাট মিছিল বেরিয়ে এল ময়দান হতে। ওদের মুখে দেখা গেল দৃঢ়তার ছাপ। কণ্ঠে এক বানী : "সস্তাদরে খাদ্য দাও।"

শুধু দুটি ক্ষুধার অন্ন! ওদের দেখবার জন্য পথের ধারে ধারে জানালায় জানালায় কালো কালো মাথার ভীড় দেখা গেল। জানিয়ে দিল ওদের সমর্থন।

মিছিলের লোকগুলোর হৃৎপিতে দেখা দিল নৃতন রক্তের জোয়ার? উৎসাহে ওরা এগিয়ে চলল।

বিরাট মিছিল আর এগোল না। পথ ওদের রুদ্ধ হল। কুদ্ধ শাসক রুদ্ধ করেছে সে পথ। মিছিলের লোকগুলো বসে পডলো রুদ্ধ পথের পরে। বসে বসে আওয়াজ তুললো প্রতিবাদ জানালো সরকারের সর্বনাশা খাদ্যনীতির।

ওদের লক্ষ ধ্বনি প্রতিধ্বনিত হয়ে ফিরে গেল কোটি কোটি ধ্বনি হয়ে, কিন্তু সেই ধ্বনি আর যেই শুনুক না শুনল তারা যারা আজ ওদেরই ভোটে জমাট বাঁধানো কংক্রিটের ঘরে বসে আছে।

সেই বিশাল জনসমূদ্রের কণ্ঠস্বর শুনে আমার মনে হয়েছিল ভারত মহাসাগরের কুদ্ধ ঢেউগুলি বুঝি কলিকাতার ফুটপাথে আছড়ে পড়ছে।

সময় যেতে লাগল। সরকার ওদের ঐ সামান্য দাবিটুকু মানল না। জনতা এবার ঠিক করল জেলে যাবে। একে একে বিভক্ত হয়ে, বহু দলে পেটে ওদের ভাত নেই। সেখানে আগুণ জ্বলছে দাউ দাউ করে। তাই ওরা খাদ্য চায়। তাইতো এসেছে ওরা এসেছে গ্রাম থেকে গ্রামান্তরে শিশুপুত্র কন্যার হাত ধরে।

এবার অবাক বিশ্বয়ের পালা। বিরাট মিছিলকে সাদর সম্ভাষণ করার জন্য তৈয়ারী ছিল সরকারের এক "মজবুত" বাহিনী। তারা এগিয়ে এল। লাঠির আলিঙ্গনে মিছিলের লোকগুলোকে জানালো এক অদ্ভুত মিষ্টি সম্ভাষণ। চারিদিক ঘিরে ছুটে এল কতকগুলো বর্বর, শান্ত জনতার উপর, বর্বরতায় তারা সিদ্ধহস্ত। শান্ত জনতা এবার পিছু হঠল। কারণ নিঃসহায় তারা। অহিংসার পূজারীর লাঠি যে সহ-অবস্থান নীতিতে বিশ্বাসী নয় বেশ বোঝা গেল। লাঠির আঘাতে ধরাশায়ী হল জনতা। কিছু কিছু আশ্রয় নিল এ জগৎ হতে অন্য জগতে। ভেবেছিল হয়তো ক্ষুধার অন্ন মিলবে সেখানে। জানি না, মিলেছে কিনা ? ওরা "টিয়ারগ্যাস" ছুঁড়ে জনতার চোখে জল আনাবার চেষ্টা করল। (বোধ হয় আহতদের সমবেদনার জন্য নৃতন উপায়!)

দুর্ভাগ্য সরকারের এত করেও জনসাধারণ কাঁদল না। কিন্তু মনে মনে সমবেদনা জানালো সাথীদের জন্য, তাদের দিকে চেয়ে প্রতিজ্ঞা নিল আগামী দিনের জন্য, এক বৃহৎ সংগ্রামের জন্য। পরদিন সকালে সরকারের স্নেহসিক্ত কোন খবরের কাগজে সংবাদ বেরোলো "পুলিশের মৃদু লাঠি চালনা। জনতা কর্তৃক ইট-পাটকেল নিক্ষেপ।"

সত্যই কাগজটি সত্যবাদী। গান্ধীবাদে বিশ্বাসী কিনা! তাই ওদের সবই "সত্যমেব জয়তে।" কিন্তু লোকে বলেছিল অসত্যমেব জয়তে। বোধ হয় দ্বিতীয়টাই ঠিক। সেই রাব্রে মাথা ফাটা আর হাড় ভাঙা মানুষের স্ত্রপ যারা দেখেছিল তারা বলেছিল: ধিক! ধিক! এ কি রকম সাংবাদিকতা? এ প্রশ্নের জবাব ওরা দেয়নি, কারণ লক্ষা ওরা পায়না।

এবার ১লা সেপ্টেম্বর। সেদিন উদ্বেল ছাত্রসমাজ ভেঙে পড়েছিল ইউনিভারসিটি লনে। তারা জানিয়ে দিল এ অত্যাচার চালবে না। সস্তা দরে খাদ্য দিতে হবে। তাই এক বিরাট মিছিল করে তারা এগিয়ে চলল, "মিছিলের শহর" কোলকাতায়। ("মিছিলের শহর" ওটা না কি একটা ডিগ্রী, প্রধানমন্ত্রীর দেওয়া)। প্রতিবাদের ঝড় তুলে ছাত্রসমাজ এগিয়ে চলল। এই ছাত্র সমাজই একদিন বুকের রক্ত ঢেলে দিয়ে এনেছিল দেশের স্বাধীনতা। ওদের প্রতিবাদের ধ্বনিতে কেঁপে উঠল ওয়েলিংটনের ঐ সাদা বাড়িটা। (ওটা আবার মুখ্যমন্ত্রীর বাসভবন কিনা)।

মুখ্যমন্ত্রী প্রস্তুত ছিলেন। অবশ্য খাদ্য দেবার জন্য নয়, খাদ্য নেবার জন্য। তাই ছাত্রকে বধ করা হল পুলিশের গুলিতে, আহত করা হল লাঠির আঘাতে আঘাতে (সত্য সেলুকাস, কি বিচিত্র এই দেশে!)

> —সলিল<sup>1</sup>সিংহ (ছাত্র, মনীন্দ্র নন্দী কলেজ, নৈশ বিভাগ)

#### দাশনগরে পুলিসী অত্যাচার

আমরা তিনজন চিকিৎসক স্ব স্ব বাড়িতে অনবরত টেলিফোনের রিং শুনে হাওড়ার কয়েকটি বিপন্ন অঞ্চলের এ কদিন আহত মুমূর্বুদের সেবা করতে উদ্যত হই। সর্বক্ষেত্রেই লক্ষ্য করেছি আহত বা নিহতদের বেশিরভাগই কপালে বা বুকে বুলেট লেগেছে। ইহার দ্বারা পরিষ্কার বোঝা যায় সরকার শান্তিপূর্ণ জনতাকে নির্মমভাবে হত্য করবারই আদেশ দিয়েছেন। আমরা অনেক ক্ষেত্রে মিলিটারী পুলিশ কর্তৃক বাধাপ্রাপ্ত হই (যদিও আমাদের গাড়ীতে Doctor বা + এই চিহ্নগুলি উজ্জ্বলভাবে লেখা ছিল)। মুহুর্তেই ভেবেছিলাম সরকার কতখানি নির্মম হয়েছে—বোধ হয় তাহারা জনসাধারণের সঙ্গে যুদ্ধ ঘোষণা করেছে, গত বৃহস্পতিবারের ঘটনাকে কেন্দ্র করে এখনও হাওড়ার বিভিন্ন স্থানে ব্যাপক ও বেপরোয়া ধরপাকড় হছে। আবাল-বৃদ্ধ-বিণিতা কেহই এই অত্যাচার থেকে বাদ যাছে না। কোথায় গেল মহাত্মা গান্ধীর "অহিংস নীতি"—যা নিয়ে আজ কংগ্রেস সরকার বড়াই করছে।

গতকাল আমরা দাশনগর থেকে যখন কদমতলার দিকে ফিরছিলাম হঠাৎ এক স্ত্রীলোকের করুণ আর্তনাদে আকৃষ্ট হই। গাড়ী থেকে নেমে গিয়ে দেখি একটি রেল-লাইনের ধারে স্ত্রীলোকটির দেহের চারিদিক থেকে প্রচুর রক্তপাত হচ্ছে। তার বয়স আনুমানিক ২৫। তার কাছ থেকে আরও জানলাম যে, মিলিটারী পুলিশ কর্তৃক ধর্ষিতা হয়েছে। সে আরও জানালো তার অন্যান্য বোনেদের দূরবর্তী জঙ্গলে নিয়ে গিয়ে বলাৎকারও করা হয়েছে।

এরপর যখন তাকে আমাদের গাড়িতে তুলতে যাছিলাম তখন দেখি কয়েকজন সশস্ত্র সৈন্য আমাদের দিকে এগিয়ে আসে এবং আমাদের সেখান থেকে চলে যেতে বলে। প্রাণের ভয়ে আমরা ঐ স্থান পরিত্যাগ করতে বাধ্য হই। জানিনা ঐ মহিলার কি দুর্দশা হবে। মনে হয়েছে সমস্ত দাশনগরেই বোধ হয় সরকারের সন্ত্রাসের রাজত্ব চলছে। দাশনগর, শানপুর, ইচ্ছাপুর ও সদর বন্ধী লেনে নরনারীর উপর অকথ্য নির্যাতন চলেছে। সদর বন্ধী লেনে এক সাত মাসের সন্তান সন্তবার বুকের উপর সশস্ত্র সৈন্য লাথি মারে এবং সঙ্গে সঙ্গে ঐ অসহায়া প্রাণ হারায়। আজ ঐ সব অঞ্চলে কোনও রুগ্ম শিশুর জীবনই নিরাপদ নয়—কারণ তারা চিকিৎসকের কাছেই যেতে পারছে না। মা-বোনের স্তনকে পর্যন্ত ঐসব অঞ্চলে দলিত করা হয়েছে। পুলিশী ও মিলিটারী বর্বরতা ছাডা একে কি বলব?

মা-বোনের ইচ্ছাত বাঁচাতে হলেও আজ বাঙালীকে আবার জাগতে হবে, কারণ এই কংগ্রেসী শাসকদের আমলে দেখছি আমাদের মা-বোনের ইচ্ছাত বৃটিশ আমলের তুলনায়ও অধিকতর বিপন্ন।

আমরা নিশ্চয়ই দুংখিত যে কয়েকজন দুষ্কৃতকারী এ্যাম্বলেপ পুড়িয়ে অসভ্যতার পরিচয় দিয়েছে। তার মূলে কে আছে? আমাদের মনে হয় বর্তমান সরকার নিজেই। কেন তারা গত ৩১শে আগস্ট হাজার বৃদ্ধ লোক ও অসহায়া নারীকে উলঙ্গ করে বেত্রাঘাত করেছে? যে দেশ এই বর্বরতার আশ্রয় নেয় সে আবার কোন গণতান্ত্রিক রাষ্ট্র? এক্ষণে বর্তমান সরকার পদত্যাগ করে গণতন্ত্রের সুমহান আদর্শ রক্ষা করুন। ইতি—ডাঃ পূর্বাচল মুখোপাধ্যায়, ডাঃ অমিয় কুমার দত্ত, ডাঃ (মিসেস্) করুণা মুখোপাধ্যায়, শিবপুর (হাওড়া) ৭/৫/৫৯

#### দাশনগরে হত্যাকাণ্ডের জন্য দায়ী কে?

গত ৩রা সেপ্টেম্বর বিজ্ঞাপিত হরতাল পালনের উদ্দেশ্যে এক শোভাযাত্রা মাকড়দহ রোড ধরিয়া হাওড়া অভিমুখে আসাকালীন পথিমধ্যে ভারত জুট মিল চালু অবস্থায় দেখে এবং উক্ত মিল বন্ধের অনুরোধ জানাইলে জনতার মধ্য ইইতে দুইজনকে মিলের মধ্যে ডাকিয়া লইয়া যাওয়া হয় (পরবতীকালে ঐ দুইজনকে জীবিত বা মৃত অবস্থায় কোনও রূপ সন্ধান পাওয়া যায় নাই) তারপর অতর্কিত মিলের গেট খুলিয়া যায় ও দারোয়ান লক্ষ্মণ সিং এর পরিচালনায় বর্শা ও লাঠিধারী মিল আশ্রিত গুণা বাহির হইয়া জনতার উপর লাঠি ও বর্শার সাহায্যে আক্রমণ করে। ফলে কয়েকজন গুরুতররূপে আহত হয়। ঐ সময় নিকটেই একটি পুলিশ ভ্যান দেখা যায়। ঐ পুলিশের সাহায্য চাইলে উহারা সাহায্য না করিয়া ঐ স্থান পরিত্যাগ করে। পুলিশ বা এম্বলেন্দের কোনওরূপ সাহায্য না পাইয়া জনতা অর্ধ্বযুত আহতদের লইয়া যাইবার বন্দোবস্ত করে। পূর্বে ধৃত ব্যক্তিদের উদ্ধারের জন্য হাওড়া জেলা শাসকের নিকট এবং কণ্ট্রোলরুমে ফোন করিয়া সাহায্য চাওয়া হয়, কিন্তু শেষ পর্যন্ত কোনওরূপ সাহায্যই পাওয়া যায় নাই।

নিরীহ জনতার উপর এই পাশবিক অত্যাচারের কাহিনী শহর ও পল্লী অঞ্চলে ছড়াইয়া পড়ে। দূর দূরান্তর হইতে বহু ব্যক্তি সমবেত হইয়া ধৃত ব্যক্তিদ্বয়কে ছাড়াইবার জন্য পুনরায় মিল অভিমুখে শোভাযাত্রা সহকারে রওনা হয়। কিন্তু দুর্ভাগ্য—পথিমধ্যে মিল তথা আলামোহন দাশের সাহায্যপৃষ্ট গুণ্ডারা এই বিরাট জনতার উপর আক্রমণ করে। পূর্বোক্ত লক্ষ্মণ সিং এবং আলামোহন দাশের মেজ ছেলে জনতার উপর প্রকাশ্যে বন্দুক ব্যবহার করে। বহুলোক ইহাতে আহত ও নিহত হয়। আহতদের স্থানান্তরিত করার ব্যবস্থা জনতাই করে।

এই সংবাদ ছড়াইয়া পড়িলে জনতা বিরাটতর ও বিক্ষিপ্ত হইয়া ওঠে। এবং পুলিশের কোনওরূপ সাহায্য না পাইয়া ঐ গুণামির বিরুদ্ধে দাঁড়ায়। মালিকের গুণার গুলি ও লাঠির দ্বারা বছব্যক্তি হতাহত হয়।

তারপর অবস্থা আয়ন্তে আনিতে সামরিক বাহিনীর আমদানী হয়। বড়ই আশ্চর্য্যের বিষয় যে সামরিক বাহিনী ঐ লক্ষ্মণ সিং এবং মালিকপক্ষের গুণ্ডার সাহায্যে স্থানীয় নাগরিকদের ব্যাপক ধরপাকড় ও নিগৃহীত করিতে থাকে। সাথে সাথে সাম্প্রদায়িকতার বিষ ছড়াইতে থাকে। আমরা বিশ্বাস করি যে, সামরিক বাহিনীর নিকটও ঐরূপ ব্যাখ্যা করা হয়। সামরিক বাহিনীর সকলেই ভিন্ন সম্প্রদায়ের ছিল সুতরাং তাহারাও উত্তেজিত হয় এবং নিরীহ স্থানীয় অধিবাসীদের উপর মারপিট সহ আটক করিতে থাকে। ঘুমন্ত অবস্থায় গৃহ হইতে স্ত্রী, পুরুষ নির্বিশেষে সকলকেই ভীষণভাবে মারপিট করে। আতঙ্কে বহু গ্রামবাসী গৃহত্যাগে বাধ্য হয়। এই পাশবিক অত্যাচার এখনও স্থাণিত হয় নাই। এই অত্যাচারের বিরুদ্ধে নিরীহ গ্রামবাসী কাহার নিকট প্রতিবাদ জানাইবে—কে এমন আছে যে নিরপেক্ষভাবে এর প্রতিবিধান করিবে বর্তমান সরকারের উপর ইহার প্রতিকারের আশা করা যায় কি? নিম্নের প্রশ্নগুলির সমাধান চাই—

- (১) আলামোহন দাশের যত দাগী আসামী গুণ্ডাদের নিয়োগ এবং শোষণ করার উদ্দেশ্য কি?
- (২) অক্ষম ও অপটু পুলিশ বাহিনী যাহারা প্রকৃত দোষী তাহাদের ধরিতে না পারিয়া নিরীহ গ্রামবাসীদের উপর জুলুম ও অত্যাচার করে তাহাদের জনগণের অর্থে পোষার প্রয়োজন কি?
- (৩) জনতা পুলিশের সাহায্য চাহিলে, তাহাদের সাহায্য না করিয়া পরিবর্তে জনতার উপর লাঠি চার্জ করে—এর অর্থ তাহারা সরকারের নির্দেশে এইরূপ করিতেছে অথবা মিল তথা আলামোহন দাশের নিকট হইতে কোনরূপ নিয়মিত গোপন ভাতা পায়—কি বুঝিব?
  - (৪) সৈন্যবাহিনীর মধ্যে এই সাম্প্রদায়িকতার বিষ ছড়ান—এর ফল কি এবং এর জন্য দায়ী কে?
- (৫) জনসাধারণের ব্যাপারে এই সৈন্যবাহিনী নিয়োগ এবং যার ফলে তাহাদের মধ্যে সামাজিক নানা বিষ ছড়িয়ে পড়ে—ইহা কি কল্যাণকর?

পরিশেষে আমরা দাবি করিতেছি যে:---

- (১) হাওড়া হইতে অবিলম্বে ১৪৪ ধারা প্রত্যাহার করা হোক—
- (২) অবিলম্বে এই সম্পর্কে ধৃত সকল বন্দীর মুক্তি দেওয়া হোক—
- (৩) দাশনগরে এই নৃশংস হত্যাকাণ্ডেরও প্রকাশ্য তদন্ত করিয়া প্রকৃত অপরাধীদের শান্তি দেওয়া হোক—
- (৪) এই ব্যাপারে ক্ষতিগ্রস্ত পরিবারকে ক্ষতিপূরণ দেওয়া হোক—
  - —স্থানীয় নিগৃহীত অধিবাসীদের পক্ষ হইতে—মায়া দাস

#### তাঁরা কোথায়

মাননীয় মহাশয়,

পশ্চিম বাংলার বর্তমান শান্তিপূর্ণ খাদ্য আন্দোলনকে দমন করার জন্য কংগ্রেস সরকারের পুলিশ গত ৩১শে আগস্ট হইতে অদ্যাবধি যে, পাশবিক তাশুবনৃত্য শুরু করিয়াছে, তাহা 'ভায়ারের' অত্যাচারকে স্মরণ করাইয়া দেয়। বিশেষ করিয়া গত ৩১শে আগস্ট সন্ধ্যা ৭-২০ মিঃ হইতে ১লা সেপ্টেম্বর রাত ৮-৩০ পর্যান্ত ভাঃ বিধান রায়ের পুলিশী অভিযানের যে রূপ প্রত্যক্ষ করিলাম তাহা ভাষায় বর্ণনা করা দুরূহ! পুঁথি-পত্রে হিটলারী অত্যাচারের কাহিনী পড়িয়াছি। কিন্তু নিরস্ত্র জনতার উপর আমাদের "স্বদেশী" পুলিশের এই বিজয় অভিযান (?) সাফাই হিসাবে কংগ্রেসের "প্রসাদধন্য" সাহিত্যিক তারাশংকরের ওকালতীর কারণ বুঝি। কিন্তু দুঃখের বিষয় সেইসব বুদ্ধিজীবীরা একদা 'নজের" ঘটনা ও প্যান্তারনাকের জন্য যাঁদের "হিউমেন ব্লাড" টগবগ করিয়া ফুটিত, আজ কলকাতার এই পুলিশী বর্বরতায় তাঁরা নীরব কেন? তাঁরা এখন কোথায় ? আপনাদের পত্রিকা মারফৎ জানতে চাই।

—ইতি
আন্তরিক নমস্কারসহ
(ত্রিলোচন বৈরাগী, কলি-৩)
[স্বাধীনতা ৬/৯/৫৯]

# মানুষ বুঝতে পেরেছিলেন বামপন্থীরা তাঁদের সঙ্গে আছেন

[গণশক্তি, ৩১ আগস্ট ১৯৯৬]

## তপনকুমার বস্

১৯৫৯ সালের খাদ্য আন্দোলন আমাদের সামনে হাজির করে এক রক্তান্ত স্মৃতি। সেই সঙ্গে মেলে ধরে পশ্চিমবাংলায় গণ-আন্দোলনের দুর্বার অধ্যায়গুলিকে। স্বাধীনতার পরবর্তীকালে সাধারণ মানুষ তাঁদের প্রত্যাশা অনুযায়ী খাদ্য-বন্ধ-চিকিৎসা-শিক্ষার কোন গ্যারান্টি পাননি। অভাব অনটনে মানুবের জীবন জর্জরিত হয়েছে। তাঁরা শুধু অভ্যন্ত হয়েছেন কংগ্রেসী ধোঁকা ও ফাঁকাবুলির সঙ্গে। কিন্তু তাঁরা তো এই স্বাধীনতা চাননি। আরেকদিকে দেশভাগের জ্বালা বুকের মধ্যে তাই ক্ষোভবিক্ষোভ, বঞ্চনা বোধ ধিকিধিকি করে জ্বলছে। তাঁরা বাঁচবার রাস্তা খুঁজছেন। বামপন্থীরা বিশেষ করে কমিউনিস্ট পার্টি তাঁদের পাশে দাঁড়িয়েছিল। ধারাবাহিক আন্দোলনের পথ বেয়েই পশ্চিমবঙ্গে প্রতিষ্ঠিত বামফ্রন্ট সরকার ভূমিসংস্কার, পঞ্চায়েত রাজ, ক্ষমতার বিকেন্দ্রীকরণ, উন্নত দৃষ্টিভঙ্গির ফলে রাজ্যের মানুবের অর্থনৈতিক উন্নতি ঘটেছে, মানুবের আত্মবিশ্বাস বেড়েছে; এখন খাদ্য আন্দোলনের ইতিহাসের নিধপত্র ঘাঁটলে উদঘাটিত হবে কংগ্রেসের জনবিরোধী নীতি ও দৃষ্টিভঙ্গি।

দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি সেদিন রাজ্যের কংগ্রেসী সরকারের কাছে ভূমিসংস্কার ও কৃষককে চাষবাসে যথোপযুক্ত সাহায্য করার দাবি জানানো হয়েছিল। পাটির তরফে সেদিন বলা হয়েছিল—সরকার কৃষককে প্রয়োজনীয় প্রকৃত সাহায্য করার ব্যবস্থা করুক। জমির নিশ্চয়তা দিক, পর্যাপ্ত ধান, সার ইত্যাদির গ্যারান্টি দিক, কৃষকও বিনিময়ে সরকারের কাছে ধান চাল বিক্রি করবেনই। অবশ্য এই প্রসঙ্গে আরও একটি দিক আছে। সরকারের প্রকৃত ভূমিসংস্কার কার্যকর না করার ফলে কৃষকের মেহনতে তৈরি ফসলের বিপূল অংশ আজও অকৃষক বড় জোতদারের গোলায় চলে যায়। এর প্রতিষেধক হিসাবে সরকার প্রকৃত ভূমিসংস্কার করে কৃষককে জমি দিক।

দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি সেদিন খাদ্যের অভাবের মোকাবিলার জন্য খাদ্য সঞ্চয় তৈরির প্রস্তাব দিয়েছিল। কারণ এই খাদ্য রিজার্ভ তৈরি হলে তা চোরাকারবারীদের হাতে না গিয়ে ন্যায্যমূলের দোকান মারফত সাধারণ মানুবের কাছে পৌঁছে দেওয়া সম্ভব। খাওয়ার যোগ্য চাল সাধারণ মানুবের কাছে পৌঁছে দেবার বন্দোবস্ত সবসময় থাকলে মজুতদাররা কৃত্রিম অভাব তৈরি করতে উৎসাহ পাবে না।

কিন্তু তৎকালীন কংগ্রেসী সরকার দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির দাবিগুলি খারিজ করে দিয়ে মজুতদার ও অসাধু পাইকারদের প্রতি তাদের অনুরাগের দিকটিই প্রমাণ করেছিল। তাদের অর্থনীতি ছিল মজুতদার মুনাফাখোরদের অর্থনীতি।

অথচ এই ভয়ন্ধর পরিস্থিতি সম্পর্কে ভারতের কমিউনিস্ট পার্টি কিন্তু অনেক আগেই ইশিয়ারি দিয়েছিল। কিন্তু তৎকালীন কংগ্রেসী সরকার তাতে আদৌ কর্ণপাত করেনি। কমিউনিষ্ট পার্টি ১৯৫৯ সালের ১৬ই ফেব্রুয়ারি এক বিবৃতিতে বলেছিল—আমরা মনে করি এখনও সময় আছে। এখনও সর্বনাশ ঠেকানো যায় কারণ, বাজারে বিক্রয়যোগ্য উদ্বন্ত ধান চাউল এখনও পুরাপুরি বড় বড় মিল মালিকদের, পাইকার ও মজুতদারদের হাতে চলিয়া যায় নাই।(১) ৫ লক্ষ টন মজুত; (২) কেন্দ্র হইতে সম্পূর্ণ ঘাটতি পূরণ;(৩) সর্বত্ত ন্যায্য মূল্যের দোকান ও দোকান মারফত খাইবার যোগ্য চাউল সরবরাহ; (৪) খুচরা বিক্রেতাদের জন্য চাউলের ব্যবস্থা; (৫) মিল মালিক ও পাইকারদের খুচরা বিক্রয়ের লাইসেন্স বাতিল এবং তাহাদের খুচরা দোকানদারদের চাউল সরবরাহ করিতে বাধ্য করা। এই ব্যবস্থাণ্ডলি অবিলম্বে গ্রহণ করা হউক।....

কিন্তু সেদিনের কংগ্রেস সরকার সে কথা শোনেনি। কারণ তারা জোতদার মহাজনদের স্বার্থ দেখতেই ব্যস্ত ছিল। তখন সরকার প্রকারান্তরে স্বীকার করেছিল যে, কৃত্রিমভাবে বাজারে চাল আসতে দেওয়া হচ্ছে না। কিন্তু প্রশ্ন উঠবে, কারা এই সম্কটের জন্য দায়ী? উত্তর একটাই। তাহলো বৃহৎ জোতদার, ব্যবসায়ী, আড়ৎদাররূপী মজুতদারেরা। জনসংযোগ

অনুসারে ন্যায্যমৃল্যের দোকানের অপ্রতুলতা, সরকারী সরবরাহে অনিয়মিত ও অনিশ্চিত অবস্থা, সরকারের হাতে অন্ততপক্ষে খাওয়ার যোগ্য চালের মজুতের অভাব ইত্যাদি কারণে মজুতদারেরা ও অসাধু ব্যবসায়ীরা কৃত্রিম অভাবের অবস্থা তৈরি করে ফাটকাবাজিতে উৎসাহিত হয়। সরকারের হাতে যদি উপযুক্ত মজুত ভাণ্ডার থাকতো এবং ন্যায্যমৃল্যে পৌঁছে দেবার ব্যবস্থা থাকলে মজুতদারেরা কৃত্রিম অভাব সৃষ্টি করার উৎসাহ পেত না।

শহীদদের রক্ত ব্যর্থ হয়নি। পশ্চিমবংগের মানুষ অত্যাচার শোষণের অবসান ঘটানোর লড়াইয়ে আরও ঐক্যবদ্ধ হয়েছেন। ১৯৫৯ সালের খাদ্য আন্দোলনের পর পশ্চিমবংগে বামপন্থী আন্দোলন আরও গতিশীল দুর্বার হয়ে ওঠে। মানুষ বুঝতে পেরেছিলেন বামপন্থীরা তাঁদের সঙ্গেই আছেন। খাদ্য আন্দোলনের সময় ভারতের কমিউনিস্ট পার্টির পশ্চিমবংগ রাজ্য পরিষদ তাদের বিবৃতিতে (১৫/৯/৫৯) তৎকালীন আন্দোলনের বৈশিষ্টগুলির উল্লেখ করেছিল। সেই বিবৃতির কিছু অংশ এখানে উদ্ধৃত করা হলোঃ

জয়ের নবদিগন্তঃ ৩১শে আগস্ট হইতে ৩রা সেপ্টেম্বর—মাত্র এই চারদিনের মধ্যে পশ্চিমবাংলার খাদ্যসংগ্রামে আশিটির অধিক মানুষ শহীদ হইয়াছেন। এইসব শহীদের রক্তে রঞ্জিত পশ্চিমবাংলায় জনসাধারণের খাদ্যসংগ্রামের তৃতীয় পর্যায়ের উদ্বোধন হইয়াছে।

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার শান্তিপূর্ণ খাদ্যসংগ্রামকে রীতিমত সাম্রাজ্যবাদী পদ্ধতিতে রক্তের বন্যায় ডুবাইয়া দিবার চক্রান্ত করিয়াছিলেন।

কুখ্যাত নিবর্তনমূলক আটক আইন, নিরাপত্তা আইন ইত্যাদি প্রয়োগ করিয়ে প্রথমেই দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির এবং বামপন্থী নেতৃবৃন্দকে ও শ্রেষ্ঠ সংগঠকদের নির্বিচারভাবে গ্রেপ্তার করা হয়। এইসব কাজে সরকারের মতলব খুব স্পষ্ট ছিল; তাঁহারা চাহিয়াছিলেন আন্দোলনকে নেতৃত্বহীন করিয়া জনসাধারণকে ছত্রভঙ্গ করিয়া দিতে। কিন্তু তাঁহাদের সেই অপচেষ্টা পরাস্ত হয়। নির্দিষ্ট দিন হইতে প্রতিটি জেলায় নির্দিষ্ট কর্মসূচী অনুযায়ী শান্তিপূর্ণ সৃশৃদ্খল সংগ্রাম অগ্রসর হইয়া চলে এবং সর্বত্র কার্যসূচীর প্রতিটি দফা বাস্তবে রূপায়িত করা হয়। জনসাধারণ আইন অমান্যের নৃতন নৃতন কার্যক্রম গ্রহণ করিয়া সংগ্রামকে করিয়া তোলেন আরও ব্যাপক আরও গভীর।

প্রাথমিক পরাজয়ে ক্ষিপ্ত সরকার পরাজয়ের গ্লানি ঢাকিতে চাহিলেন রক্তাক্ত প্রতিশোধ গ্রহণ করিয়া। তাঁহারা ৩১শে আগস্ট ও তাহার পরের দিনগুলিতে যাহা কিছু অনুষ্ঠিত করিলেন, তাহা এদেশে ব্রিটিশ আমলের জালিয়ানওয়ালাবাগ ও রিসিদ আলি দিবসের স্মৃতিই সকলকে স্মরণ করাইয়া দেয়। কিন্তু এসব সত্ত্বেও খাদ্য সংগ্রামের দৃঢ় সংকল্প তৃতীয় পর্যায়ের উদ্বোধন নবদিগন্তেরই সংকেত।

এবং দেশব্যাপী প্রবল গণ-বিক্ষোভের মুখে আরও পরাজয়ের গ্লানি বহন করিয়া সরকারকে নতি স্বীকার করিতে হইয়াছে। কলকাতা ও হাওড়া হইতে ১৪৪ ধারা প্রত্যাহার করিতে হইয়াছে, আটক আইন, নিরাপত্তা আইন, ও বিভিন্ন ধারায় বন্দী ও ধৃত ও শান্তিপ্রাপ্ত আরও বহু বন্দীর মুক্তির আদেশ দিতে হইয়াছে। ওয়ারেন্ট ইত্যাদি প্রত্যাহার করিতে হইয়াছে।

কিন্তু সরকার এখনও হিংসাত্মক কাজে অভিযুক্ত ইত্যাদি বুলি আওড়াইয়া খাদ্য সংগ্রামের বছ বন্দীকে মুক্তি দিতে অস্বীকার করিতেছেন, তাঁহারা ৩১শে আগস্ট ও পরবর্তী দিনগুলিতে অনুষ্ঠিত পুলিসী দুষ্কৃতিগুলির প্রকাশ্য তদন্তে স্বীকৃত হন নাই।

সংশোধিত রেশনিংয়ের সম্প্রসারণ ও গ্রামাঞ্চলের জন্য তথাকথিত ক, খ, গ শ্রেণী বিভাগের বিলোপ সাধন ও ৪ একরের কম জমিসম্পন্ন প্রত্যেকের জন্য সংশোধিত রেশনিংয়ের সুযোগ উন্মুক্ত রাখার কথা—

এইগুলি কিছুটা অগ্রগতি কিন্তু খাদ্য সংকটের স্থায়ী সমাধানের ব্যবস্থা কোনক্রমেই নহে। বিশেষভাবে আগামী ফসলের সময় খাদ্যসংগ্রহ করার এবং উহার সাফল্যের জন্য সর্বস্তরে জনগণের কমিটির সহযোগিতা গ্রহণের নীতি সম্পর্কে এখনও তাহারা আশ্চর্য নীরবতা বজায় রাখিয়াছেন।

দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির নেতৃবৃন্দের সঙ্গে মীমাংসা আলোচনায় বসিবার সদিচ্ছার কোন প্রকাশ নাই।

রাজ্য সরকার জনসাধারণের খাদ্য লইয়া সুদীর্ঘ এগার বৎসরকাল যে মিথ্যাচার চালাইয়া আসিয়াছেন তাহার ক্লেদাক্ত ইতিহাস মানুষের ভূলিবার কোন উপায় নেই।

খাদ্য সংগ্রামের দাবিসমূহ ঃ

- (क) রাজ্যব্যাপী সর্বস্তরের মানুষকে ১৭.৫০ টাকা মণ দরে খাদ্যোপযোগী চাউল সরবরাহ করিতে হইবে।
- (খ) সংশোধিত রেশনিং ব্যবস্থা রাজব্যাপী সম্প্রসারিত করিতে হইবে এবং সর্বস্তরের মানুষকে মাথাপিছু দেড় সের চাল ও ১ সের গম নিয়মিতভাবে সরবরাহ করিতে হইবে।
- (গ) খোলা বাজারে খুচরা দোকান মারফত পর্যাপ্ত পরিমাণে ও নিয়মিতভাবে ২০ হইতে ২২ টাকা মণ দরে চাল সরবরাহ করিতে হইবে।
  - (ঘ) চাল কলগুলির উপর শতকরা ৫০ ভাগ লেভি বসাইতে হইবে।
  - (ঙ) রাজ্য হইতে সংগৃহীত পরিমাণ হিসাবে ৫ লক্ষ টন খাদ্য মজুত করিতে হইবে।
  - (চ) রাজ্যের ঘাটতি সম্পূর্ণভাবে কেন্দ্রীয় সাহায্যের মাধ্যমে পুরণ করিতে হইবে।
  - (ছ) টেস্ট রিলিফ ব্যাপকভাবে সপ্তাহব্যাপী মাথাপিছু দৈনিক দেড় টাকা হারে চালু করিতে হইবে।
  - (জ) খয়রাতি সাহায্য সমস্ত দুঃস্থ ব্যক্তিদের দিতে হইবে।
  - (ঝ) অবিলম্বে পর্যাপ্ত পরিমাণ কৃষি ঋণ বণ্টন করিতে হইবে।
  - (ঞ) সর্বস্তরে সর্বদলীয় খাদ্য কমিটি গঠন করিতে হইবে।
- (ট) অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ ও স্থানীয় জনসাধারণের সহযোগিতায় মজুতদারীর বিরুদ্ধে তীব্র অভিযান চালাইতে হইবে। উদ্ধারপ্রাপ্ত খাদ্যশস্য সস্তাদরে জনসাধারণের সহযোগিতায় বণ্টন করিতে হইবে।
  - (ঠ) খাদ্যমন্ত্রী প্রফু**ল** সেনের অপসারণ চাই।
  - थाम् आत्मानात आँठक ममञ्ज तकम वन्मीत्मत मुक्कि ठाँ ।
  - নিহত ও আহতদের উপযুক্ত ক্ষতিপূরণ চাই।
  - পুলিস ও মিলিটারি কর্তৃক হত্যাকাণ্ডের ও জুলুমের প্রকাশ্য তদন্ত ও বিচার চাই।
  - নিখোঁজ ব্যক্তিগণের সন্ধান চাই।

## খাদ্য আন্দোলনের কবিতা

#### রক্তমেঘ

[স্বাধীনতা, ১৩ সেপ্টেম্বর ১৯৫৯]

#### বিমলচন্দ্র ঘোষ

কেঁদোনা ! চোখের জল ফেলোনা শহীদ জননীরা। হাজার হাজার বছর অনেক কেঁদেছ আকাশ উপুড় করা কান্নার নায়েগ্রা প্রপাতে। জন্মদিন থেকে আমরা কেঁদেছি দেশ জোডা কান্নার গঙ্গা যনুমায় শত শত শহীদের মড়া ভাসিয়ে: কুল থেকে কুলে যার একটানা দীর্ঘাবিলম্বিত হাহাকার নিরাশ্রিত নিমায়িক! বাঘের নথে ক্ষত বিক্ষত---শিয়ালের কামড় বিষাক্ত---কুকুরের তাড়া খাওয়া অরণ্য পথে দিশাহারা মহাজীবন রাত্রিদিন কেঁদেছে অনন্ত কান্নায় ঘেবা আমাদের অভিশপ্ত জন্মভূমির গ্রাম গ্রামান্তরে। কেঁদোনা কোলকাতা! কেঁদোনা মাতৃরক্তে পিতৃরক্তে শিশুরক্তে ছাত্ররক্তে শ্রমিক কৃষক রক্তে রঞ্জিত রাজপথ, কেঁদোনা ! সমস্ত ঐতিহাসিক কাল্লা. শোষিত লাঞ্চিত, নির্যাতীত সমস্ত জীবনযন্ত্রণার দীর্ঘশ্বাস. জমাট বেঁধে আজ অগ্নিগর্ভ! চেয়ে দ্যাখো মা, চেয়ে দ্যাখো, মেঘ জমেছে কালান্তরের আকাশে। কিংশুক পলাশ কৃষ্ণচুড়ার কেতু উডছে শ্রমিক চেতনার চৈতালি—হাওয়ায়। রক্তটৈত্র কালবোশেখের মৃদঙ্গে বাজাবে ত্রিকালজয়ের চৌতাল! कालात्मराचत याँ शि युं है मानी विद्यु स्मर्भिनी নাচাবে রক্তচন্দন মাখা ফনা

বেগবান বাতাস চেরা ঝড়ের বাঁশী গুণে। আর কান্না নয়! ক্ষমাহীন ইতিহাসের থমথমে রক্তমুখ দ্যাখো।

## বন্ধ করো এ মৃত্যুর পাঁচসালা

[স্বাধীনতা, ১৩ সেপ্টেম্বর ১৯৫৯]

### মুহম্মদ ইশাক

থামাও থামাও এই উপহাস। বন্ধ কর এ মৃত্যুর পাঁচসালা। মানুষের মুখ ভরবে না এতে—তাও-কি জানোনা? মানুষের বুকে দেবতার মন্ত্রণা বেয়নেটে তাকে বিদ্ধ কর না—জ্বালিও না এই 'জালি নাবাগের শান্তির পাঠশালা। রক্ত দিয়েই লিখনা এমন রক্তের ইতিহাস। কান পেতে শোনো—ভূখা রক্তের কী যে যন্ত্রণা, কী সে দুঃসহ দ্বালা! থামাও তোমার ঐ আরণ্য-উল্লাস। এক মুঠো ভাত—কয়েক টুকরো রুটিরই তো প্রার্থনা, ক্ষুধা, কী যে ক্ষুধা! বিনিময়ে তার এ কী উপহার পাঠালে বলো না—হে আমার দেশ, হে আজাদী সরকার! রক্তের রঙে ভিজে গেছে হাত—বিবর্ণ দুটি প্রার্থিত হাত, উপচানো হৃৎপিণ্ডের স্বাদ লবন—ঝরানো ঠোটে— শেষ ক্ষুধা নিয়ে ঘুমিয়ে গিয়েছে! .....তবু মরে নাই—জীবনেরা জেগে আছে াজার মৃত্যু ক্ষুধা নিয়ে তারা ছোটে—ঐ ক্ষুধা তোমার মিটাতে হবেই। শাসনের নামে শোষণের অপঘাত সইবেনা কেউ। হাজার ঢেউয়ের জন-সমুদ্র উদ্দাম হয়ে ওঠে। জীবনকে তুমি কি দামে কিনবে? বন্দুকে বেয়নেটে কত গুলি আছে? কত সৈন্যের উদ্যত পদাঘাত তোমাকে বাঁচাবে? উন্মাদ নীরো, ভুলে গ্যাছ ইতিহাসে! হে প্রমিথিউস-যৌবন! তবে হাতে হাতে দাও তোমার আগুন ব্যারিকেড বাঁধো বুকে বুকে — এই নিরপরাধের খুন তোমাকে জ্বালাক-জীবন-উৎসে-ক্ষমা করনাকো ষড়যন্ত্রীর তুণ। —এই পৈশাচী স্পর্দ্ধিত পরিহাস স্তব্ধ কর হে শান্তির সেনা।—বাজাও তোমার শক্তি শংখ একটি শিবিরে ডেকে আনো সব—বল, "মানুষের সম্মান লুষ্ঠিত", বল, "মানুষের ক্ষুধা পদানত"। বিদ্রোহ আজ বেদনায় স্পন্দিত। আহারে। এখনো মানুষেরে যদি ভালবাসা ওরা দিত।

## मिनीश मख

[স্বাধীনতা, ১৩ সেপ্টেম্বর ১৯৫৯]

কলকাতায় দারুণ বিক্ষোভ। বিক্ষৰ জনতা রাজ্ঞা-ঘাটে একত্রিশে আগস্টের ডাক— পৌঁছে গেছে শহরে ও গ্রামে। বুভূক্ষার মিছিল আসে দূর-দূরান্তর হতে---নর-নারী হাজার হাজার কৃষকবধ্ শিশু কোলে ছুটে চলে কলকাতার দিকে पृष् পদক্ষেপে। ক্লান্তি নামে বিবর্ণ মুখে ঘুমন্ত শিশু ঢলে পড়ে স্নেহভরা আঁচলে। তবু আসে মায়ের দল দাবির পতাকা তুলে খাদ্যচাই সম্ভাদরে ধ্বনি ওঠে অজস্র জনতার। সূর্য ডোবে পশ্চিম কোণে বর্ষার আকাশ ভেঙে পড়ে কলকাতা শহরে। বুভুক্ষু জনতা শান্ত, অটল। মিলিত ঝন্ধার গর্জে ওঠে----রাইটার্স বিশ্ভিং ঘেরাও নিরন্ন জনতা চারিদিকে। পুলিস আর মিলিটারী লাঠি ও বন্দুক কাঁধে সামনে ও পেছনে। জনতা ওদের ব্যুহে গর্জে ওঠে শত শত বন্দুক মুহুর্তে একটি মাত্র আদেশে। লাঠি চলে বেপরোয়া— শিশু মরে, নারী কাঁদে পুলিসের নৃশংস অত্যাচারে। ডালহৌসী স্কোয়ার কাঁপে নড়ে ওঠে কার্জন পার্ক ; আর্দ্র জনতার বেদনা-চীৎকারে।

পুত্র আহত, মাতা উলঙ্গপ্রায় श्रुमित्र माठी চामाग्र বুলেট উত্তর দেয় ; এখানে খুন, ওখানে জখম গড়ে ওঠে মৃতের পাহাড়। ভীত নয় ছাত্রসমাজ। অবিচল শান্ত, স্থির। ওদের শিরায় বীরের রক্ত ওরাই মরেছে অতীতে---বিয়াল্লিশের আগস্ট বিপ্লবে সেদিনের ট্রাম-আন্দোলনে শিক্ষক-সত্যাগ্রহে। কলকাতায় দারুণ বিক্ষোভ। শহীদের রক্তে রঞ্জিত রাজপথ জনতার চোখে তীব্র আগুন এখনো কি বসে থাকবে চুপ করে? দুর্ভিক্ষ কেন শহরে ও গ্রামে? জি**জ্ঞাসার দাবি মুখে মুখে ফেরে**। জবাব মেলে না কথায় বুলেট ছোটে আবার ক্ষ্ধিত মানুষ মরে দোসরা সেপ্টেম্বরের সন্ধ্যার আবার **অন্ধকারে**। কলকাতা অশাস্ত চঞ্চল। তেসরা সেপ্টেম্বর! সাধারণ ধর্মঘট রাজ্যের প্রতিটি শহরে ও গ্রামে। নীরব কর্মহীন মৃচ্ছিত শহর ট্রাম নেই, বাস নেই মাঝে মাঝে কাঁপে কালো পথ। পুলিস—লরীর সশব্ধ গর্জন তীব টহল। মোড়ে মোড়ে সৈনিক মোতায়ন। সদর্প আক্রোশে কতো আর করিব বর্ণনা এখনো বাকী অত্যাচারের ছোট বড় বছ নিদর্শন। বিক্ষুৰ বিচলিত আমি— বিস্মিত হতবাক। হৃৎপিতে রক্তের তোলপাড় কলম স্তব্ধ স্থির।

নিরন্ন জনতাকে পিষে মারে আমার দেশের অক্ষম সরকার। সন্ধ্যা নামে কলকাতায় অন্ধকারে আবৃত শহর। একত্রিশে আগস্ট বিদায় নেয় সামনে সেপ্টেম্বর। আগামী দিনের অসম্পূর্ণ কাজ অর্পিত তার ওপর। রাত্রি গভীর। কলকাতার চোখ মেলা বিনিদ্র রজনী কাটে भारि तरे जानामग्री वृत्क। তাই শুনে অবিরাম কলকাতা প্রতীক্ষা করে সেপ্টেম্বরের তাজা সকালের। সেপ্টেম্বর! একত্রিশে আগস্টের স্বাগত অতিথি। কলকাতার তন্ত্রা ভাঙ্গে. ছাত্রসমাজ জেগে ওঠে স্কুল-কলেজ সব খালি রাস্তা-ঘাটে প্রতিবাদ মিছিল মুখ্যমন্ত্রী বাড়ী ঘেরাও কৈফিয়ৎ চাই সব অত্যাচারের।

# PART-VIII APPENDIX

# Essential Commodities Act, West Bengal Act No. X of 1955

An Act to provide, in the interests of the general Public, for the control of the production, supply & distribution of trade & commerce in certain commodities.

BE it enacted by Parliament in the Sixth year of the republic of India as follows: -

- 1. (1) This Act may be called the Essential Commodities Act 1955.
- (2) It extends to the whole of India expect the state of Jammu & Kashmir.
- 2. In this Act, unless the context otherwise requires.
- (a) 'Essential commodity' meant any of the following classes of commodities:-
- (I) Cattle fodder, including oil cakes & other concentrates,
- (II) Coal including coke & other derivatives
- (III) Component Parts & accessories of automobiles
- (IV) Cotton & Woolen textiles;
- (V) Foodstuffs, including manufactured Products of iron, steel
- VI) Paper including newsprint, paperboard & straw board;
- VII) Petroleum & Petroleum Products
- VIII) Raw cotton, whether ginned or unginned & cotton seed;
- IX) Raw Jute.
- X) any other class of commodity which the central govt. may by notified order declare to be an essential commodities for purpose of this Act, being a commodity with respect to which Parliament has power to make laws by virtue of entry 33 in list III in the seventh Schedule to the constitution;
- b) 'Food crops' includes crops of sugarcane;
- c) Notified order means an order notified in the official Gazette;
- d) State govt. in relation to a under territory means the administrator thereof.
- 3. (1) If the central govt. is of opinion that it is necessary or expedient so to do for maintaining or increasing supplies of essential commodities or for securing their equitable distribution & availability at fair prices it may by order provide or regularly or prohibiting the production, supply & distribution thereof & trade & commence therein.
- (2) Without prejudice to the generality of the powers conferred by subsection (1) an order made thereunder may provide -
- a) for regulating by licenses, permits or otherwise the production or manufacture of any essential commodity.
- b) for bringing under cultivation any waste or unable land, whether appurtenant to a building or not, for the growing thereon of food crops generally, or of specified food crops;
- c) for controlling the price at which any essential commodity may be bought or sold.
- d) for regulating by licences, permits or otherwise the storage transport, distribution disposal, acquisition use or consumption of any essential commodity.
- e) for prohibiting the withholding in stock any essential commodity ordinary kept for sale.
- f) for requiring any person holding in stock any essential commodity to sell the whole or a specified

part of the stock to such person or class of persons & in such circumstances as maybe specified in the order.

- g) for regulating or prohibiting any class of commercial or financial transaction relating to food stuffs or cotton textiles which in the opinion of the authority making the order, are or if unregulated are likely to be detrimental to the public interest;
- h) for collecting any information or statistics with a view to regulating or prohibiting any of the aforesaid matters;
- i) for requiring person engaged in the production supply or distribution of trade & commerce in any essential commodity to maintain & produce for inspection such books, accounts & records relating thereto, as may be specified in the order;
- j) for any incidental & supplementary matter including in particular the entering & search of premises; vehicles, vessels & aircraft, the seizure by a person authorised to make such search of any articles in respect of which such person has reason to believe that a contravention of the order has been, is being or is about to be committed the grant or issue of licences, permits or other documents & the charging of fees thereof.
- 3. Where any person sells any essential commodity in compliance with an order made with reference to clause (f) of subscription (2) there shall be paid to him the price therefor as herein after provided:
- (a) Where the price are, consistently with the controlled price if any fixed under this section, be agreed upon the agreed price.
- b) where no such agreement can be reached, the price calculated with reference to the controlled price if any.
- c) where neither clause (a) nor clause (b) applies, the price calculated at the market rate prevailing in the locality at the date of sale.
- [3A] (I) If the central govt, is of option that it is necessary to do for controlling the rise in prices or preventing the hoarding, of any food stuff in any locality, it may by notification in the official Gazette, direct that not withstanding any contained in subsection (3) the price at which the food stuff shall be sold in the locality in compliance with an order made with reference tool clause (f) of subsection (2) shall be regulated in accordance with the positions of these subsections.
- (II) Any notification issued under these subsection shall be made in force such periods not exceeding three months as may be specified in notification.
- (III) Where, after the issue of a notification under these subsection, any person sells food stuffs of the kind specified there in & in the locality so specified in compliance with an order made with reference to clause (f) subsection (2) there shall be paid to the seller as the price therefore.
- (a) Where the price can consistently with the controlled price of the food stuff, if any fixed under this section be agreed upon, the agreed price.
- (b) Where no such agreement can be reached the price calculated with reference to the controlled price if any;
- (c) Where neither clause (a) nor clause (b) applies the price calculated with reference to the average market rate prevailing in the locality during the period of three months immediately preceding the date of the notification.
- (iv) For the purposes of sub-clause (c) of clause (iii) the average market rate prevailing market rates for which published figures are available in respect of the locality or of a neighbouring locality & the average market rate so determined shall be final & shall not be called in question in any court.
- (v) If the central govt. is of opinion that it is necessary to do so for maintaining or increasing the production and supply of an essential commodity, it may by order, authorised any person (here in after) referred to as an authorised (controller) to exercise with respect to the whole or any part of any

such undertaking engaged in the production and supply of the commodity as may be specified in the order such function of control as may be provided therein and so long as such order is in force with respect to any undertaking or part thereof

- (a) The authorised controller shall exercise his functions in accordance any instructions given to him by the central govt. So however that he shall not have any power to give any direction in consistent with the provisions of any enactment or any instrument to determining the functions of the persons in charge of the management of the undertaking except in the so far as may be specifically provided by the order; and
- (b) The undertaking or part shall be carried on in accordance with any directions given by the authorised controller under the provisions of the management in relation to the undertaking or part shall comply with any such directions.
- (v) An order made under in these section -
- (a) In the case of an order general nature or affecting a class of persons be notified in the official Gazette; and
- (b) In the case of an order directed to specify individual be served on such individual
- (i) By delivering or tendering it to that individual or
- (ii) If it can't be so delivered or tendered by affixing it on the outer door or some other conspicuous part of the premises in which that individual lives & a written report thereof prepared and witnessed by 2 persons living in the neighbourhood.
- (c) Every order made in this section by the Central Govt. or nay officer or authority of Central Govt. shall be laid before both Houses of Parliament, as soon as may be after it is made.
- (iv) An order made under section III may confer power & imposed duties upon the Central Govt. or state govt. or officers & authorities of the Central Govt. or State Govt. & may contain directions to any state govt. or two officers & authorities thereof as to exercise of any such powers or the discharge of any such duties.
- (v) The Central govt. may notified order direct that the power to make orders under section III shall in relation to such matter & subject to such conditions if any as may be specified in the directions be exercisable also by -
- (a) Such officer or authority subordinate to the central govt. or
- (b) Such state govt. or such officer or authority subordinate to a state govt., as may be specified in the direction.
- (vi) Any order made under section III shall effect not withstanding anything inconsistent therewith in any enactment other this Act or any instrument having effect by virtue of any enactment this Act.
- (vii) (i) If any person contravenes any order made under penalty section-III
- (a) He shall be punishable.
- (i) In the case of an order made with reference to clause (h) or clause (i) of subsection
- (ii) Of that section with imprisonment for a term which may extend to one year & shall also be liable to fine &
- (ii) In the case of any order, with imprisonment for a term which may be extended to three years & shall be liable to fine:

Provided that if the court is of opinion that sentenced of fine only will meet the ends the justice, it may for reason to be recorded, refrain from imposing a sentence of imprisonment;

æ

(b) Any property in respect of which the order has been contravened or such part thereof as to the court may seem fit shall be forfeited to the govt. Provided that if the Court is of opinion that it is not necessary to direct forfeiture in respect of the whole or as the case may be any part of the property,

it may for reason to be recorded refrained from doing so.

- (ii) If any person to whom a direction is given under clause(b) of subsection (iv) of section III fails to comply with direction he shall be punishable with imprisonment for a term which may be extended to three years or with fine or with both.
- (8) Any person who attempts to contravene, or abets a contravention of any order made under section III shall be deemed to have contravened that order.
- (9) If any person-
- (i) When required by any order made section III to make any statement or furnishes any information makes any statement or furnishes any information which is false in any material particular & which he knows or has reasonable cause to believe to be false, or does not believe to be true or
- (ii) Makes any such statement as aforesaid in any book, account, record declaration return or document which he is required by any such order to maintain or furnish shall be punishable with imprisonment for a term which may extend to three years or with fine, or with both.
- (10) (i) If the person contravene an order made under section III is a company, every person who at the time the contravention was committed, was in charge of & was responsible to, the company for the conduct of the business of the company as well as the company, shall be deemed to be guilty of the contravention and shall be liable to be proceeded against and punished accordingly:

Provided that nothing contained in this sub-section shall render any such person liable to any punishment if he proves that the contravention took place without his knowledge or that he exercised all due diligence to prevent such contravention.

(ii) Notwithstanding anything contained in sub-section (1), where an offence under this Act has been committed by a company and it is proved that the offence has been committed by a company and it is proved that the offence under this Act has been committed with the consent or connivance of, or is attributable to any neglect on the part of any director, manager, secretary or other officer of the company, such director, manager, secretary or other officer shall also be deemed to be guilty of that offence and shall be liable to be proceeded against and punished accordingly.

Explanation. - For the purposes of this section, -

- (a) "Company" means any body corporate, and includes a firm or other association of individuals; and
- (b) "Director" in relation to a firm means a partner in the firm.
- 11. No court shall take cognizance of any offence punishable under this Act except on a report in writing of the facts constituting of offences, such offence made by a person who is a public servant as defined in section 21 of the Indian Penal code.
- 12. Notwithstanding anything contained in section 32 of the code of Criminal Procedure, 1898, it shall be lawful for any magistrate of the first class specially empowered by the State Government in this behalf and for any presidency magistrate to pass a sentence of fine exceeding one thousand rupees on any person convicted of contravening any order made under section 3.
- 13. Where an order purports to have been made and signed by an authority in exercise of any power conferred by or under this Act, a Court shall presume that such order was so made by that authority within the meaning of the Indian Evidence Act, 1872.
- 14. Where a person is prosecuted for contravening any order made under section 3 which prohibits him from doing any act or being in possession of a thing without lawful authority or without a permit, license or other document shall be on him.
- 15. (1) No suit, prosecution or other legal proceeding shall lie against any person for anything which is in good faith done or intended to be done in pursuance of any order made under section 3.
- (2) No suit or other legal proceeding shall lie against the Government for any damage caused or

likely to be caused by anything which is in good faith done or intended to be done in pursuance of any order made under section 3.

- 16. (1) The following laws are hereby repeated:-
- (a) The Essential Commodities Ordinance, 1955;
- (b) Any other law in force in any State immediately before the commencement of this Act in so far as such law controls or authorises the control of the production, supply and distribution of, and trade and commerce in, any essential commodity.
- (2) Notwithstanding such repeal, any order made or deemed to be made by any authority whatsoever, under any law repealed hereby and in force immediately before the commencement of this Act, shall, in so far as such order may be made under this Act, be deemed to be made under this Act and continue in force, and accordingly any appointment made, licence or permit granted or direction issued under any such order and in force immediately before such commencement shall continue in force until and unless it is superseded by any appointment made, licence or permit granted or direction issued under this Act.
- (3) The provisions of sub-section (2) shall be without prejudice to the provisions contained in section 6 of the General Clauses Act, 1897, which shall also apply to the repeal of the Ordinance or other law referred to in sub-section (1) as if such Ordinance or other law had been an enactment.

## West Bengal Act XXIV of 1958 The West Bengal Anti-Profiteering Act, 1958

An Act to prevent profiteering in cetain articles in daily use;

WHEREAS it is expedient in the public interest to prevent profiteering in certain articles in daily use;

extent.

short title and It is hereby enacted in the Ninth Year of the Republic of India, by the Legislative of West Bengal, as follows:-

**Definitions** 

- 1. (1) This Act may be called the West Bengal Anti-profiteering Act, 1958.
- (2) It extends to the whole of West Bengal.
- 2. In this Act, unless there is anything repugnant in the subject or context,-
- (a) "dealer" means any person carrying on the business of selling any scheduled article, and includes a producer, importer, wholesaler or retailer;
- (b) "importer" means any prson who brings any scheduled article into the State of West Bengal from any place outside the State for the purpose of sale in the State;
- (c) "producer" means a person engaged in the production, manufacture or processing of any scheduled article;
- (d) "profiteering, with its grammatical variations and cognate expressions, means the sale by a dealer of any scheduled article at a price or rate higher than that fixed under
- (e) "retailer means a person who sells any scheduled article to a consumer not being a dealer:
- (f) "scheduled article" means an article specified in the First Schedule; and
- (g) "wholesaler" means a dealer who sells any scheduled article to any other dealer, and includes a broker, commission agent or any other agent having authority to sell any scheduled article belonging to his principal.

Fixation of maximum and minimum prices or rates for scheduled articles

- 3. (1) The State Government may, by order notified in the Official Gazette, fix in respect of any scheduled article the maximum price or rate which may be charged by a dealer or the minimum price which is to be paid by a purchaser.
- (2) Any order made under sub-section (1) may fix the maximum prices or rates or the minimum price to be paid by the purchaser for the same description of scheduled articles differently in different localities or for different classes of dealers.

Offence of profiteering

4. Any dealer who profiteers in any scheduled article shall be punishable with rigorous imprisonment which may extend to two years or with fine or with both, and any scheduled article in respect of which the offence has been committed or such part thereof as to the court may seem fit shall be forfeited to the Government.

Offence of refusal to sell and

- 5. (1) Any dealer who, without reasonable excuse, -
- (a) refuses to sell any scheduled article, or
- (b) refuses to sell any scheduled article at the price or rate fixed in respect thereof under purchasing at price less than section 3, shall be punishable with rigorous imprisonment which may extend to two the minimum years or with fine or with both.

Explanation, - The possibility or expectation of obtaining a higher price for a scheduled article at a later date shall not be deemed to be a reasonable excuse for the purposes of this section.

- (2) Any purchaser who purchases any scheduled article at any price less than the minimum price fixed therefor under section 3 shall be punishable with rigorous imprisonment which may extend to two years or with fine or with both.
- 6. (1) Every dealer shall on requisition by an officer duly authorised in this behalf by the State Government by order notified in the Official Gazette, submit to him in the form specified in the second schedule by such date and relating to such period as may be mentioned in the requisition, returns of stocks of any scheduled article required, held or sold by him.
- (2) Every dealer, unless exempted by an order made in this behalf, shall -
- (a) keep in the form specified in the Third Schedule a true account of any scheduled article acquired, held or sold by him after the commencement of this Act;
- (b) display in his place of business in a prominent manner so as to be open
- to public view, a list of those scheduled articles intended for sale the prices or rates of which have been fixed under section 3 in respect of such dealer, with the prices or rates, so fixed in respect thereof;
- (c) furnish to any officer referred to in sub-section (1), or any police officer referred to in sub-section (2) of section 9, any information in respect of the acquisition or sale by him of any scheduled article mentioned in clause (b);
- (d) make available to any officer mentioned in clause (c) for his inspection such accounts, registers, vouchers or other documents relating to the import, production, purchase or sale of any scheduled article mentioned in clause (b) or matters connected therewith as may be required by him.
- 7. When any police officer not below the rank of Sub-Inspector of Police has reasonable grounds for believing that there has been a contravention of any of the provisions of this Act, such officer may, after recording in writing grounds on his belief, at all reasonable hours enter and search any place where a dealer keeps, or is for the time being keeping, any scheduled article, accounts, registers, vouchers or other documents referred to in clause (d) of sub-section (2) of section 6 and if necessary inspect, seize or retain all or any of them for so long as they may be required for any investigation into any offence under this Act.

8. Any dealer who fails to comply with any of the provisions of section 6 or with a requisition issued thereunder or obstructs any officer in the exercise of his powers under section 7 shall be punishable with rigorous imprisonment which may extend to six months or with fine or with both.

- 9. (1) All offences punishable under this Act shall be cognizable.
- (2) Any police officer not below the rank of a Sub-Inspector of Police may arrest without warrant any person against whom a reasonable complaint has been made or credible information has been received of his having been concrned in any of the offences punishable under this Act.
- 10. No suit, prosecution or other legal proceeding shall lie against any public servant for anything which is in good faith done or intended to be done under this Act or any order made thereunder.

Dealer to submit returns, maintain accounts, furnish information, etc.

Power to search and seize

Penalty for contravention of section 6 or section 7

Cognizance of offences and arrest without warrant.

Indemnity

Power to add to the First Schedule.

11. The State Government may, with the previous approval of the Central Government, by order notified in the Official Gazette, add to the First Schedule any othre article of daily use, and thereupon that Schedule shall be deemed to be amended accordingly and the article so added shall be deemed to be a scheduled article within the meaning of this Act.


Effect of orders inconsistent with the Essential Commodities Act, 1955, or orders thereunder.

- 12. If any order controlling the price of any essential commodity within the meaning of the Essential commodities Act X of 1955 has been made before the commencement of this Act or is made after such commencement and such essential commodity bis a scheduled article within the meaning of this Act and the order so made extends to the State of West Bengal or any part thereof, that order shall have effect in the State or part thereof, as the case may be, notwithstanding anything inconsistent therewith contained in this Act or any order made thereunder.
- 13. (1) The West Bengal Anti-profiteering Ordinance IX of 1958 is hereby repealed.

Repeal and Savings

(2) Anything done or any action taken under the West Bengal Anti-profiteering Ordinance, 1958 shall be deemed to haver been done or taken under this Act as if this Act had commenced on the 22nd day of October, 1958.

CANTELLE CONTROL OF SERVICE STREET SERVICE STREET SERVICE STREET SERVICE STREET SERVICE STREET STREET SERVICE STREET SERVICE STREET STREET STREET STREET SERVICE STREET STREET



চিত্র (১) ২৫শে জ্বনেব কলিকাতা [জনবহুল ও যানবাহনবহুল হাওড়া স্টেশন ও কলিকাতার সংযোগস্থলে পুলেব দৃশ্য ]



চিত্র (২) ২১শে জুলাই ওমলুক মহকুমা আদালত প্রাঙ্গণে আইন অমান্য



চিত্র (৩) ১৮ই জুলাই বাটা-নুঙ্গি অঞ্চলে খাদ্যের দাবিতে মিছিল



চিত্র (৪) ১৪ই জুলাই কৃষক সভার নেতৃত্বে খাদোব দাবিতে মেদিনীপুব জিলা অদালত অভিমুখে মিছিল



চিত্র (৫) ২৭শে জুলাই চুঁচুডায জেলা শাসকেব দপ্তবেব সন্মুখে পুলিশেব আইন অমান্যকাৰীদেব বাধাদানেব দৃশ্য



চিত্র (৬) ৩০শে জ্বলাই ''দ্রব্যমূল্য বৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিবোধ কমিটিব'' নেড়ত্বে মুখ্যমন্ত্রীব বাড়ীব সম্মুখে খাদ্যের দাবিতে জনসাধাবণেব বিক্ষোভ প্রদর্শন



চিত্র (৭) বর্ধমানে মহিলা সতাগ্রহীদল



চিত্র (৮) আলিপুরে ২৪ পরগনার কৃষক মায়েদের কারাবরণের দৃশ্য



চিত্র (৯) বসিরহাটে সম্ভানক্রোড়ে মায়েদের মিছিল



চিত্র (১০) বর্ণমান কোটে আইন অমান্যের জন্য মিছিলের একাংশ



চিত্র (১১) ৬ায়মণ্ডহাববাব মহকুমা আদালতের সম্মুখে বিক্ষোভ প্রদর্শন ও আইন এমান্য



চিত্র (১২) ২৫শে আগষ্ট শ্রীবামপুরকোর্টে আইন অমান্যকারীদের উপর পুলিশ লাঠি চালায় ও টিয়ার গ্যাস নিক্ষেপ কবে



চিত্র (১৩) ১০ই আগষ্ট আলিপুব কোর্টের সম্মুখে জনতাব আইন অমান্য



চিত্র (১৪) ১৭ই আগষ্ট আলিপুব মহকুমা শাসকেব দপ্তবেব সম্মুখে আইন অমান্য ও বিক্ষোভ প্রদর্শন



চিত্র (১৫) ১৭ই আগষ্ট খাদোর দাবিতে কলিকাতায সেচমন্ত্রী অজয় মুখাজীব গৃহের সম্মুখে বিক্ষোভ



চিএ (১৬ ) কলিকাতাব বেশনেব দোকানে 'উৎকৃষ্ট' চাউলেব নামে মাঝে মাঝে যে অখাদা পচা চাউল দেওয়া হয় তাহাব নমুনা



চিত্র (১৭) ১৮ ই আগষ্ট খাদ্যের দাবিতে পুলিশ মন্ত্রী কালীপদ মুখার্জীর গৃহের সম্মুখে বিক্ষোভ



চিত্র (১৮ ) ২০শে আগষ্ট খাদ্যমন্ত্রী প্রফুল্ল সেনের গৃহাভিমুখী জনতার বিক্ষোভ মিছিলকে পুলিশ আটক করিয়াছে



চিত্র (১৯ ) ক্যানিং থানার কাঁকডদহ গ্রামেব ৭৫ বছর বয়স্ক ক্ষেতমজুর শ্রীমনিকান্ত দাস সপরিবারে ২১শে আগষ্ট গ্রেপ্তার হন



চিত্র (২০) ২৮শে আগষ্ট কৃষ্ণনগর আদালতে আইন অমান্যকারী জনসাধাবণ



চিত্র (২১) ২১ শে আগষ্ট শিযালদহ কোর্টে আইন অমান্য




চিত্র (২২ ) ২০শে আগস্ট ব্যাংকশাল কোর্টে খাদ্য আন্দোলনেব স্বেচ্ছাসেবকদেব গ্রেপ্তাবের দৃশ্য



চিত্র (২৩ ) ৩১শে আগস্টেব সমাবেশে আগত একজন কৃষক



চিত্র (২৪ ) ২৪ শে আগষ্ট মনুমেন্ট ময়দানে খাদ্যের দাবিতে ও লোকসভার বামপন্থী প্রতিনিধি সদস্যদের খাদ্যাবস্থা পবিদর্শনের আগমন উপলক্ষে বিরাট জনসমাবেশ



চিত্র (২৫) সমাজ বিবোধী মজুতদাবদেব চাউলের গুদাম পাহাবায কংগ্রেস সবকারেব পুলিশবাহিনী



চিত্র (২৬ ) ৩১শে আগষ্ট সমাবেশের পব রাইটার্স বিল্ডিং অভিমুখে শাস্তিপূর্ণভাবে মিছিল অগ্রসর ইইতেছে





চিত্র (২৭ ) দূব দূব জেলাগুলি হইতে খাদোৰ দাবিতে আগত কৃষকদেব কলিকাতাৰ জনসাধাৰণ আহার্য ও বিশ্রামেৰ স্থান সংগ্রহ কবিয়া দিতেছেন



চিত্র (২৮) লালবাজাবেব কন্ট্রোলকম, যেখান থেকে নবমেধ যঞ্জের চক্রান্ত কবা হযেছিল।




চিত্র (২৯) লালবাজাবে পুলিশী প্রস্তুতিব দৃশ্য


চিত্র (৩০) - চিত্র (৩৪) রাত্রির অন্ধকারে - শান্তিপূর্ণ বৃদ্ধ-শিশু-নারী-যুবা নির্বিশেষে অভিযাত্রীদের উপর পূলিশের নির্মম প্রাণঘাতী হামলা






) চিত্ৰ (৩১)









চিত্র (৩৫) একটি ষ্ট্রেচারে ২জন আহতকে বহন করা হইতেছে







চিত্র (৩৭) - চিত্র (৪১) প্রথমে টিয়ার গ্যাস - পরে বৃাহ বচনা করিয়া হত্যার উদ্দ্যেশে মাথা ও কোমর লক্ষ্য করিয়া লাঠিচার্জ




চিত্র (৪২) পুলিশের হিংস্র আক্রমণে ভীত সম্ভ্রন্থ একটি কৃষক সম্ভান তাঁহাব পিতাকে জড়াইযা ধবিয়াছে



চিত্র (৪৩) এই কিশোরকে চোযাল ও নাকে আঘাও করিয়া মাবাত্মক জখম কবা হইয়াছে




চিত্র (৪৪) ৩১শে আগষ্ট পুলিশ এই আদিবাসী মাতা ও পুত্রকেও রেহাই দেয় নাই



চিত্র (৪৫) ১লা সেপ্টেম্বব ছাত্র ধর্মঘটেব পর ওয়েলিংটন স্কোয়াব অভিমুখে ছাত্রদেব শান্তিপূর্ণ শোভাযাত্রা।



চিত্র (৪৬) ছাত্রদের উপর নির্মম লাঠি, টিয়ার গ্যাস ও গুলি চালনা করা হয়



## চিত্র (৪৭) - চিত্র (৪৯) ১লা সেপ্টেম্বর - ছাত্র-নির্যাতনেব নানারূপ



চিত্ৰ (৪৮)



্চিএ (৫০) পুলিশ ছাত্রদেব উপব প্রস্তব নিক্ষেপ কবিতেছে



চিত্র (৫২) এলোপাথাড়ী ভাবে গুলি ছোড়া ইইতেছে






চিত্র (৫১) সাদা পোষাকেব লাঠিধাবী পুলিশ কর্তৃক পথচাবী প্রহাত



চিত্র (৫৩) পুলিশ টিয়ার গ্যাস ছুড়িতেছে



চিত্র (৫৪) মার্কিন মূলুকের তৈরী টিয়ারগ্যাস ব্যবহৃত হইতেছে





চিত্র (৫৫) নিবীহ পথচাবীব শবিবে বুলেটেব আঘাত

চিত্র (৫৬) ৩বা সেপ্টেম্বব হবতালেব দিন কলিকাতার বড়বাজার অঞ্চলেব দৃশ্য



চিত্র (৫৭) ৩বা সেপ্টেম্বর খিদিবপুরে পূর্ণ ধর্মঘট পা লনেব পব সকালে পুলিশ গুলি চালায়। গুলি চালনার পব বিষ্ণুৰ্ব্ধ জনতাকে দেখা যাইতেছে



চিত্র (৫৮) বর্ধমান শহরের বাজার অঞ্চলে হরতালের দৃশ্য



চিত্র (৫৯) শ্রীবামপুর শহরে পূর্ণ হরতাল




চিত্র (৬০) পূর্ণ হবতালের পর নবদ্বীপ শহরের পোডামাতলায় অনুষ্ঠিত জনসভা



চিত্ৰ (৬১) ৩বা সেপ্টেম্বৰ শাস্তিপ্ৰিয় লোকালয়ে টিয়াৰগ্যাস



চিত্র (৬২) ৩বা সেপ্টেম্বর সাধাবণ ধর্মঘটের দিন সশস্ত্র পুলিশপ্রহবী বেষ্টিত হাওডার প্রধান বাজপথ



চিত্র (৬৩) পুলিশের সাহায্যেব জন্য ৩বা সেপ্টেম্বব হাওড়ায় মিলিটাবী তলব



চিত্র (৬৪ ) হাওড়ায় বাড়ী বাড়ী ঢুকিয়া সশস্ত্র পূলিশ কর্তৃক নাবী-শিশু-বৃদ্ধ নির্বিশেষে অকথ্য নির্যাতন।



চিত্র (৬৫ ) সন্ত্রাসের বাজত্ব



চিত্ৰ (৬৮) শহীদ সরোজ কুর্মার দাস। বয়স ১৪



চিত্ৰ (৬৬) গৰ্ভবতী নাবী শ্রীমতী চন্দ্রাবতী ঘোষকে পুলিশ সবুট লাথি মাবে



চিত্ৰ (৬৭)



চিত্র (৭০) শহীদ চুনীলাল দত্ত। বয়স ৭৫



চিত্র (৭১) শহীদ গোবর্ধন দাস। বয়স ২৫

চিত্ৰ (৬৯) শ্ৰীমতী সুভদ্ৰা

ঘুমন্ত অবস্থায় প্রহারেব পব ধবিয়া লইয়া যায





চিত্র (৭৪) শহীদ বিভৃতি ভূষণ বাযটৌধুরী। বযস ২৬



চিত্র (৭৬) শহীদ মহম্মদ বসীর। বয়স ৩৫



চিত্র (৭৮) শহীদ কানন ঘোষ। বয়স ২০



চিত্র (৭৩) শহীদ অভিমন্যু সাছ। বযস ১৯

'শ ছিল



চিত্র (৭৫) শহীদ ধীরেন দাসগুপ্ত। ব্যস ২৫



চিত্র (৭৭) শহীদ অংশুশেখর সামস্ত। বয়স ২৩



চিত্র (৭৯) শহীদ ধীবাজ গুহ। বযস ২০



চিত্র (৮০ ) শহীদ বল:াম দাস। বযস ২৬



চিত্র (৮১) শহীদ হবিপদ গুপ্তে। বয়স ২০



চিত্র (৮২) শহীদ প্রকাশচন্দ্র রায। বয়স ২০



চিত্র (৮৩) শহীদ বনমালী সরকার। বয়স ২২



চিত্র (৮৪) শহীদ পূর্ণচন্দ্র প্রামাণিক। বয়স ২ ৭



চিত্র (৮৫) নিখোঁজ মধ্সৃদন দত্ত (বংশী)। বয়স ২৩




চিত্ৰ (৮৬)



চিত্র (৮৭) পুলিসেব গুলিতে নিহত অজ্ঞাত শহীদ



চিএ (৮৮) গও ৩বা সেপ্টেম্বব কেওডাঙলাব বৈদ্যুতিক চুল্লীর পাশে পুলিশ কোন কৃষক বমণীব এই গলিও মৃতদেহটি ফেলিয়া চলিয়া গিয়াছিল



চিত্র (৮৯) গত ১৩ই সেপ্টেম্বৰ এই মৃতদেহটি বোটানিকাল গার্ডেনেব পূর্বদিকে গপ্তাব পাড়ে পডিয়া থাকিতে দেখা যায়। মৃত দেহটিব দেহেব বিভিন্ন অংশে আঘাতের বহু চিক্র ছিল



চিত্র (৯০) শহীদ ধীরাজ গুহ'র শোকাতুরা কগ্নজননী আজ শযাাশায়ী



চিত্র (৯১ ) হাওড়ার শহীদ পূর্ণ প্রামানিকেব গর্ভবতী স্ত্রী। তাঁহার অজাত শিশুর প্রশ্ন-''এই হত্যাব জন্য দায়ী কে?''




চিত্র (৯২) এত বড় অন্যায়, সইবে? ছেলেকে বলছেন শ্রীমতী তপতী দত্ত, শহীদ চুণীলাল দত্তের পুত্রবধৃ I সাত বছরের দীপক থমথমে চোখে তাকিয়ে থাকে



চিত্র (৯৩) বঙ্গবাসী কলেজে ছাএবৃন্দসহ অধ্যক্ষ শ্রী প্রশান্ত বসু শহীদস্তত্তে মাল্যদান করিতেছেন



চিত্র (৯৪) শহীদ বলরামের পিতা অপ্রকৃতিস্থ চোখে দেখলেন



চিত্র (৯৫) শহীদ শ্মরণে সিটি কলেজ। ৮ই সেপ্টেম্বব ১৯৫৯



তিত্র (৯৬) যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ডাঃ ব্রিশুণা সেন কৃষ্ণ পতাকা উত্তলন করেন। এবং শহীদ স্মরণে ২ মিনিট নীরবতা অবলম্বন করেন। ৮ই সেপ্টেম্বর ১৯৫৯



চিত্র (৯৭ ) শহীদ স্মরনে বিদ্যাসাগর কলেজ। ৮ই সেপ্টেম্বর ১৯৫৯



চিত্র (৯৮) কলিকাতা শ্যামবাজার পাঁচমাথার মোডে মৌন শোক মিছিলের অগ্রগমনের দৃশ্য



চিত্র (৯৯ ) হাওড়াব তাঁতী পাড়া ও চাববাগানের মোড়ে শহীদ বলবাম দাসেব বাড়ীর সন্ধিকটে শহীদস্তন্তেব সন্মুখে নাগরিকদের শ্রদ্ধার্থ্য (বামে)। শহীদবেদীর সন্মুখে বার্ণশ্রমিক ও কর্মচাবিদের শ্রদ্ধাঞ্জলি(দক্ষিণে)



চিত্র (১০০) ১০ই সেপ্টেম্বর কলিকাতায় বিভিন্ন অফিসে ও কারখানায় শ্রমিক-কর্মচারীবা শহীদ দিবস পালন করেন। (বামে) কালো ব্যাজ পরিহিত ডালহৌসির সেন্ট্রাল ব্যাঙ্ক কর্মচারীবৃন্দের একাংশ। (ডাইনে) রাইফেল রোডস্থ একটি ইঞ্জিনিয়ারিং কারখানার অভ্যন্তরে নির্মিত শহীদ বেদীতে শ্রমিকদের



চিত্র (১০১ ) মৌণ মিছিল শহীদের প্রতিকৃতি লইখা অগ্রসর হইতেছে



চিত্র (১০২ ) মৌন মিছিলের মুখব ভাষা ঃ পোস্টার লিখিত রবীন্দ্রনাথেব কবিতা মিছিলে বহন করা হইতেছে





চিত্র (১০৩ ) ১৫ ই সেপ্টেম্বব গুলিচালনার প্রতিবাদে ও প্রকাশ্য তদম্ভেব দাবিতে ইউনিভার্সিটি হলে কলিকাতার নাগরিকদেব জনসভা



চিত্র (১০৪) ''এরকম নির্বিচারে গুলিবর্ষণ বোধহয় বৃটিশ আমলেও হয়নি। আমি চাই এর তদস্ত হোক। যে কোন আদালতের সম্মুথে আমি সাক্ষ্য দিতে প্রস্তুত' প্রায় চিৎকার করে বলতে থাকেন বছবাজার ক্লীটের ব্যবসায়ী ও অধিবাসী শ্রীপ্রহ্লাদ মজুমদার




চিত্র (১০৫) ২২শে সেপ্টেম্বর শহীদ বেদীতে মাল্যদানের পর ছাত্র সত্যাগ্রহী দল আইন অমান্য করিতেছেন। রাজভবনের সম্মুখে সত্যাগ্রহীদের গ্রেপ্তার করার সময় সমবেত ছাত্র ও জনসাধারণ তাঁহাদের বিদায় অভিনন্দন জানাইতেছেন



চিত্র (১০৬) ২২শে সেপ্টেম্বব কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে কংক্রীট নির্মিত ছাত্র শহীদ-শুভ নির্মাণ ও স্থাপনেব পব বঙ্গীয় প্রাদেশিক ছাত্র ফেডাবেশনেব পঞ্চ ২ইতে মাল্য দান কবা হইতেছে



চিত্র (১০৭ ) ২৫শে সেপ্টেম্বর খাদ্যের দাবিতে শ্রমিক সত্যাগ্রহীগণ আইন-অমান্য কবিতে অগ্রসর হইতেছেন



চিত্র (১০৮) ২৪শে সেপ্টেম্বর উদ্বাস্ত্র জনসাধারণ খাদ্যের দাবিতে আইন অমান্য করেন। ছবিতে গ্রেপ্তারের পর পুলিশেব গাড়ীতে তাঁহাদের দেখা যাইতেছে



32603

চিত্র (১০৯) ২৬শে সেপ্টেম্বর সুরোধ মল্লিক স্নোয়ারে খাদ্য আন্দোলনের শহাদদের উদ্দেশ্যে নির্মিত ও প্রতিষ্ঠিত স্বায়ী শহাদ বেদীতে জনসাধারণের শ্রদ্ধাঞ্জলি

